হে নরদেব! পূর্ব্বে ব্রহ্মের যে অবস্থাকে ঈশ্বর বলিয়া জানাইয়াছি, সেই বিভু এই সত্বশক্তিমতী প্রকৃতি ও তদ্ভোগকর্ত্তা জীব রূপী পুরুষকে আপনার কাল নামক চেষ্টা শক্তির দ্বারা কর্ম্মী করিয়া, তাঁহাকেই সকল কার্য্যের ও বৈষম্য ভাবের আশ্রয় স্বরূপ করেন। ৭। ১। ১১

ব্যাখ্যা। নবমশ্লোকে বলা হইল যে কাল সংযোগে প্রকৃতির স্বভাব সমস্তই জগতে প্রকাশ পায়। ইহাতে এমন সন্দেহ হইতে পারে, যে মায়া প্রপঞ্চই সৃষ্টা, আর কালই যদি তাহাদের চেতয়িতা ও প্রকাশয়িতা হয়, তাহা হইলে কালই বিভু; তদতীত সত্বার প্রয়োজন কি? তন্নিরাস বুঝাইতে দশম শ্লোকে বলা হইল:— প্রকৃতিতে সৃষ্টির উপাদান লাভ হয়, কালে তাহাদের সংযোজন, বর্দ্ধন ও হরণাদি ঘটে, কিন্তু জীবের ভোগার্থ এই সকল ক্রিয়া নির্ব্বাহার্থ একটী স্বতন্ত্র ইচ্ছা দেখা যায়। সেই সর্ব্বজ্ঞ ইচ্ছা হইতেই মনুষ্য হইতে তৃণাদির জীব ব্যবহারোপযোগী দেহের গঠন প্রণালী প্রকাশ হইয়াছে। সেই ইচ্ছাটী সকল সৃষ্টির মূল কারণ। এস্থলে জীব ভোগ কর্ত্তা। সত্বাদি মায়া ভাবে তাহার ভোগ শক্তি ও ভোগ্য প্রকাশ হয়, কাল তাহাতে সংযোজক হইয়া আছেন। সেই ইচ্ছা শক্তি ক্রমে কালের আশ্রয়ে মায়ার রজোভাবে ভোগ শরীরের কৌশল নির্ম্মান হয়, সত্ত্বে ভোগ শক্তি সমূহের নির্ম্মাণ হয়; তমোভাবে ঐ পুরীর আবরণ ও ক্ষয়ের হেতু স্বরূপ ভূত সংযোজন হইয়া থাকে। এ বিষয়ে শাস্ত্র বলিয়াছেন:—

"তমঃ প্রধান প্রকৃতেস্তদ্ভোগায়েশ্বরাজ্ঞয়া।
বিয়ৎপবন তেজোম্বুভুবো ভূতানি জজ্ঞিরে।

সত্ত্বাংশৈঃ পঞ্চভিস্তেষাং ক্রমাদ্ধীন্দ্রিয় পঞ্চকং
শ্রোত্রত্বগক্ষি রসনঘ্রাণাখ্যমুপজায়তে।
তৈরন্তঃকরণং সর্ব্বৈর্বৃত্তি ভেদেন তদ্দ্বিধা।
মনো বিমর্ষরূপং স্যাৎ বুদ্ধিঃ স্যান্নিশ্চয়াত্মিকা।
রজোংশৈঃ পঞ্চভিস্তেষাং ক্রমাৎ কর্ম্মেন্দ্রিয়াণিতু।
বাক্ পাণিপাদ পায়ূপস্থাভিধানানি জজ্ঞিরে।

ঈশ্বরের আজ্ঞায় বা ইচ্ছায় সেই জীবের ভোগের জন্য যে পুরী নির্ম্মাণ হইবে, তাহার আয়োজন হেতু প্রকৃতির তমো অংশ হইতে পঞ্চভূত প্রকাশ হয়। প্রকৃতির সত্ত্বাংশ হইতে পাঁচটী জ্ঞানেন্দ্রিয়ের প্রকাশ হয়, ঐ পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ই অন্তঃকরণের বৃত্তি স্বরূপ। উহারা আবার সংশয় ভাবে মন ও নিশ্চয় ভাবে বুদ্ধি ভাবে পরিণত হইয়া থাকে। ঐ প্রকৃতির রজো অংশ হইতে পাঁচটী কর্ম্মেন্দ্রিয়ের প্রকাশ হয়। ইহাতে বিশেষরূপে দেখান হইল জ্ঞানেন্দ্রিয়ের কর্ম্মেন্দ্রিয়ের এবং ঐ রজোশক্তি জাত পঞ্চপ্রাণ, মন ও বুদ্ধি যোগে সপ্তদশ ভোগশক্তি রূপে শরীর বা লিঙ্গ শরীর প্রকাশ করে। এক্ষণে দশম শ্লোকের কথাতে বুঝা গেল যে, জীবের ভোগ পুরীর মধ্যে তমো ভাবে ভৌতিক উপাদান সংগৃহীত হয়, ঐ ভৌতিক উপাদানেরই ক্ষয় হয়, উহার ক্ষয়েই দেহপাত হইয়া থাকে। এইজন্য তমোগুণে দেহের ভূতক্ষয় ঘটিয়া থাকে। যদি কর্ম্মেন্দ্রিয়াদি ও প্রাণের কার্য্য ঐ ভূতের উপরে এক নিমিষের জন্য না থাকে তাহা হইলে তৎক্ষণাৎ ভূতের বিচ্ছেদ হয়। এইজন্য বিশেষ বিচারে জানা যায় যে ভূতই দেহবিচ্ছেদের কর্ত্তা, তমোগুণ হইতে সংহার শক্তির আবির্ভাব ইহা প্রমাণিত হইল। রজোশক্তি সাহায্যে কর্ম্মেন্দ্রিয় ও প্রাণ বর্দ্ধন এবং সত্ত্ব সম্ভূত অন্তঃকরণ বৃত্তির দ্বারা কর্ম্ম ও প্রাণের পালনার্থ ভোগ্যগ্রহণাদি ঘটে। ইহাতে সত্ত্বের পালন, রজোর কার্য্য করণ ও তমের হরণ বুঝান হইল। জীবে ঐ প্রকৃতি লইয়া কালের সাহায্যে ঈশ্বরের ইচ্ছাসংগৃহীত দেহের ভোগ কেবল কালের বশে করিয়া থাকে, ইহাই বুঝান হইল।

পরে একাদশ শ্লোকে বলা হইল ঈশ্বর এইঃ—কাল, ইচ্ছা, প্রকৃতি এবং জীবের নিয়ন্তা বটেন; তাহাতে জীবের জন্মমতে প্রকৃতি লাভ হয়, সেই প্রকৃতি অনুসারে কাল তাহাকে ভোগ প্রদান করে। যদি জীবে কর্ম্মদ্বারা বাসনার মলিনত্ব সংগ্রহ করে কাল তদুপযুক্ত ভোগই আনিয়া দেয়, অর্থাৎ ভোগকালে যে গুণের আধিক্য ভোগ হইবে, জীবের সংস্কার ও সেই ভোগানুযায়ী হইবে। অর্থাৎ সত্ত্ব কখন রজে মিলিবে না, রজ কখন সত্ত্ব তমে মিলিবে না। সকল গুণই স্বভাবতঃ পরস্পরের বিরোধী। আত্মা সকলের আশ্রয় বলিয়া গুণের বিরোধ ভাবে তাঁহাকে বিরোধী বলিয়া বিবেচনা হয়, কিন্তু বাস্তবিক ঈশ্বর

বিরুদ্ধ স্বভাবী নহেন। তবে সৃষ্টিতে বৈষম্য ক্রিয়া দেখাবার কেন? তাহা পরে বলা হইতেছে।

হে মহারাজ! স্বভাববশে সেই কাল শক্তিই সত্ত্বগুণকে যখন বর্দ্ধিত করেন, তখন ঈশ্বর সত্ত্বের অধীন হইয়া সত্ত্বস্বভাবী দেবতাগণকে বর্দ্ধন করেন, সেই কালবশেই বহুকীর্ত্তিমান, ও সুবর্প্রশ্ন ভগবান রজো ও তমো স্বভাবীদের প্রতিকূলাচারী অসুরগণকে হীনতেজ করেন ৭।১।১২

ব্যাখ্যা। কাল দ্বারা সত্ত্বাদি প্রাকৃতিক স্বভাবের স্ফুরণ এবং আত্মা ভাবে এক ঈশ্বরই সর্ব্বত্র বর্ত্তমান আছেন ইহা পূর্ব্বে প্রমাণীকৃত হইয়াছে, তাহাতে ঈশ্বরের সমদর্শী ভাবই প্রমাণ হইল,তবে অসুরেরর তেজোহরণ এবং দেবগণের তেজোবৃদ্ধি ভগবান কর্ত্তৃক কেন হয় তদ্বিষয়ে বলা হইয়াছে, কালক্রমে যখন সাত্ত্বিক শক্তির বৃদ্ধি হয়, তখন ঈশ্বর সেই ভাবকে বর্দ্ধিত করিয়া অসুরভাবকে নাশ করেন। একের বৃদ্ধি ও অপরের হ্রাস প্রয়োজন কি? সত্ত্বস্বভাবই আত্মার হিতকর অবস্থা, সেই অবস্থাতে দেবগণ বা ইন্দ্রিয়শক্তিগণ সুখী থাকে, অধ্যাত্ম রাজ্যে সেই শক্তির প্রকাশ হইলে ঈশ্বর স্বভাবতঃ তাহাদের প্রিয় হয়েন। ভগবানও সত্ত্বাকর্ষণে তাহাদের সন্নিহিত করেন ও দেখেন। অসুরেরা অর্থাৎ যাহাদের অধ্যাত্ম অংশ তমোভাবে বা জড় ভাবে পূর্ণ সেই সকল জীবে আপনাদের স্বভাবদোষে সাধুভাবের হিংসা চেষ্টা করে কিন্তু বলীর সম্মুখে যেমন দুর্ব্বলের ক্ষয় হয়, তদ্রূপ তাহারা স্বভাবতঃ ক্ষয় পায়। বাস্তবিক ভগবান তাহাদের তমো অংশকে হ্রাস করেন, তাহাদের অন্তরস্থ জীব ও ভগবান এক বস্তু বিধায়ে কখন আপনি আপনার হিংসা ঘটাইতে পারেন না। এই যে মন্দমতি ও সাধুমতি রূপী পুরাণে দেবতা ও অসুরগণের কথা বলা হইল। তাহার মীমাংসা এইস্থলে সমাপ্ত করিয়া উপাখ্যানযোগে পরে ঐ সত্ত্বগুণে ঈশ্বরের প্রীতি ও তমোগুণে অপ্রীতি কিরূপে আকর্ষিত হয় তাহা বলা হইবে।

হে মহারাজ! আমি, এই যে ঈশ্বরের প্রতি বৈষম্য ভাবনাই কেবল জীবের স্বভাব দোষে বৈষম্য বলিয়া বোধ হয়, প্রমাণ করিলাম। একথা পূর্ব্বে ধর্ম্মরাজ যুধিষ্ঠির রাজসূয় যজ্ঞকালে মহামুনি নারদকে জিজ্ঞাসা করিয়াছিলেন। তাহা আমি এক্ষণে বলিতেছি শ্রবণ করুন। ৭।১।১৩

" হে রাজন্! রাজসূয় মহাযজ্ঞে কৃষ্ণনিন্দুক শিশুপালের, ভগবান বাসুদেবে অঙ্গে সাযুজ্য মুক্তি ঘটিত দেখিয়া, ধর্ম্মরাজ যুধিষ্ঠির এই অদ্ভুত কার্য্যে অত্যন্ত বিস্মিত হইয়া, তত্রাসীন নারদমুনি এবং অপরাপর মুনিগণের সমক্ষে আশ্চর্য্যের সহিত এই কথা জিজ্ঞাসা করিলেন :—৭। ১। ১৪

সকলকে সম্বোধন করিয়া শ্রীযুধিষ্ঠির কহিলেন :—

হায়! হায়! এ কি আশ্চর্য্য ঘটনা অদ্য দেখিলাম! হে মুনিগণ! ভগবানে যাঁহারা একান্ত প্রণত ও সমাহিত যোগী, তাঁহাদের পক্ষে যাহা দুর্ল্লভ, সেই পরমতত্ত্ব বাসুদেবে সাযুজ্য মুক্তি, চিরবিদ্বেষ্টা শিশুপাল কিরূপে লাভ করিল? ৭। ১। ১৫

আমি শুনিয়াছি পুরাকালে, ভগবানকে নিন্দা করাতে মহীপতি বেণ সমস্ত ব্রাহ্মণ মণ্ডলীর অভিশাপে নরকে পতিত হইয়াছিল; কিন্তু এই শিশুপালও নিন্দুক সত্বে কি জন্য মুক্ত হইল। এই কথা আমি সকল মুনিজনের নিকটে জানিতে ইচ্ছা করিতেছি। ৭।১ ১৬

হে মুনিগণ! এই দমঘোষ তনয় শিশুপালের যেদিন হইতে বাক্‌শক্তি স্ফূর্ত্তি হইয়াছিল, তদবধি অদ্য পর্য্যন্ত ভগবান কৃষ্ণের উপরে ক্রোধী হইয়া সে মহাপাপাশ্রয় করিয়াছিল। উহার সহিত দন্তবক্র ও কৃষ্ণনিন্দা করিয়া আপনার মতিকে দূষিত করিয়াছে। ৭। ১। ১৭

যিনি ভগবান বিষ্ণু, পরম অব্যয় ব্রহ্ম, তাঁহাকে এইরূপে নিন্দা করাতে তাহাদের জিহ্বায় এখনো কুষ্ঠ হইল না, তাহারা এখনো ঘোরপাপময় অন্ধতম নরকে প্রবেশ করিল না; ইহাই আশ্চর্য্য! ৭। ১। ১৮

ভগবানের যে অবস্থাটী যোগীতেও লাভ করিতে সক্ষম না হয়, সেই সাযুজ্যমুক্তি অদ্য সকল লোকের সম্মুখে, অতি সহজে, শিশুপাল লাভ করিল! ইহা কি সামান্য বিস্ময়ের কথা! ৭। ১। ১৯

হে মুনিগণ, হে ভগবান্ নারদ! বায়ুযোগে দীপ শিখা যেমন কখন ম্লান কখন উজ্জ্বল হয়, তদ্রূপ আমার বুদ্ধি সংসার বায়ুতে কম্পিত ও চঞ্চল হইয়াছে, এই অদ্ভুত ঘটনার কারণ কি, আপনারা আমাকে এক্ষণে বলুন। ৭। ১। ২০

পূর্ব্ব কথা প্রকাশ করিয়া শ্রীশুকদেব কহিলেন :—

হে রাজন্! ধর্ম্মরাজের কথা শ্রবণ করিয়া ভগবান নারদঋষি, অতিশয় সন্তুষ্ট হইয়া, তাঁহাকে অভ্যর্থনা করতঃ সকল সভ্যগণের সম্মুখে, সেই তত্ত্ব কথা আরম্ভ করিলেন। ৭। ১। ২১

সকলকে সম্বোধন করিয়া শ্রীনারদ কহিলেন :—

হে মহারাজ! প্রকৃতি আর পুরুষের (জীবের) অবিবেক বশতঃ যে কলেবর কল্পিত হইয়া থাকে, সেই কলেবরেই নিন্দা, স্তব, সৎকার এবং তিরস্কারাদি অনুভব হয় বুঝিবেন। ৭। ১। ২২

ব্যাখ্যা। ঈশ্বরের দেহ নাই স্তব স্তুতির বোধও নাই। ইহা প্রতিপাদনার্থ এই নারদোক্তি প্রকাশ হইতেছে। আর্য্যতত্ত্বজ্ঞেরা কহেন, জীবের যতদিন বিবেকের উদয় বা তত্ত্বজ্ঞানের উদয়ে কর্ম্মফলের ক্ষয় না হয়, ততদিন অবিবেক জাত কর্ম্মে তাহার দেহ লাভ, জন্ম ও মৃত্যু লাভ হইয়া থাকে, বুঝিতে হইবে। সেই কলেবরের কার্য্য কি?—না বৈষম্য ভাব বোধ করা ও প্রকাশ করা।

হে ধর্ম্মরাজ! ইহসংসারে পার্থিব প্রাণীগণে, আমি, আমার, নামক অভিমানে ক্রমে বিষম ভাব প্রাপ্ত হইয়া থাকে, সেই অভিমান হইতেই স্বার্থ নিশ্চয় রাখিতে, নিন্দা ও তিরস্কার এবং দণ্ডাদির প্রয়োজন হয়। এই অভিমান যুক্ত স্বার্থ নিশ্চয় রাখিতে যে দণ্ড ও তিরস্কাদি করা যায় তাহাকেই হিংসা কহে। ৭। ১। ২৩

যে দেহের সংসর্গে অভিমানের উদয়, সেই অভিমান নিশ্চয় রাখিতে অপরের অভিমানী দেহ নাশ করিলে তাহাকে বধ বলা যায়। কিন্তু ঈশ্বরের অদ্বিতীয়ত্ব হেতু অভিমানের সম্ভব হইতে পারে না, দেহের সংযোগ নাই বলিয়া, স্তব তিরস্কারাদির বোধও হইতে পারে না। তিনি যখন অখিলের আত্মা, তখন কিরূপে তাঁহাতে বৈষম্য ভাবের উদয় হইতে পারে। তবে তিনি যে কর্ম্মফল তৎশোধনার্থ দণ্ড বিধান করেন, তাহাকে কথনই হিংসা বলা যাইতে পারে না। ৭। ১। ২৪

ব্যাখ্যা। দেহ হইতেই যখন স্তব তিরস্কারের বোধ হয়, এবং দেহের অভিমান নিশ্চয় রাখিতেই যখন হিংসার উদয় হয়। অধিকন্তু হিংসা দ্বারা স্বার্থ স্থির রাখিতে হইলে যখন বধাদি কার্য্য ঘটে, তখন ঈশ্বরে এসকল কি উপায়ে সম্ভব হইতে পারে? কারণ তাঁহার দ্বিতীয় প্রতিদ্বন্দ্বী নাই যে তাহার বিপক্ষে স্বার্থ নিশ্চয় রাখিতে অভিমানী হইতে হইবে, অভিমান নিশ্চয় রাখিতে হিংসা করিতে হইবে, হিংসা পূর্ণ করিতে বধাদি করিতে হইবে। বিশেষতঃ দেহও নাই যে স্তবাদি বৈষম্য বোধে অনুগ্রহ ও ক্রোধ প্রকাশ হইবে। পরে অপর প্রমাণ প্রকাশ হইতেছে।

হে মহারাজ! অতএব যাঁহার বৈষম্য বোধ হইবার উপায় নাই, তাঁহাতে কি বৈরভাবে, কি প্রণত বা ভক্তি ভাবে, কি ভীতভাবে, কি স্নেহভাবে, কি কামভাবে, যে কোন ভাবে, মনঃসংযোগ করিলে তাঁহার নিকটে কখনই পৃথক বোধক হইতে পারে না। ৭। ১। ২

ব্যাখ্যা। এস্থলে শ্রীনারদের সিদ্ধান্তে বলা হইল, ঈশ্বরের বৈষম্য বোধ হয় না, তখন তাঁহা হইতে হিংসাদি প্রচার হইবার উপায় নাই, কেবল একান্ত মনের অনুরাগই ভগবানের বোধক হইয়া থাকে। মনের একান্ত অনুরাগ দ্বারা হৃদয়ের তামস আবরণ ছিন্ন হওয়াতে, তাহাই পরমেশ্বরের কৃপাকর্ষণ করিতে সক্ষম হইয়া থাকে। পূর্ব্বে বলা হইয়াছে প্রতি জীবদেহের অন্তরে ব্রহ্মকমল হইতে হৃদয় পর্য্যন্ত ঈশ্বর চৈতন্য বর্ত্তমান আছেন, তিনিই কোন অংশে জীব, কোন অংশে ঈশ্বর হইয়া কৃপা বিতরণ করেন। মনের যে কোন একান্ত অনুরাগ উপস্থিত হইলেই হৃদয়ের অন্তস্থল পর্য্যন্ত বোধক হইয়া থাকে। তাহাতে দ্বেষ প্রভৃতি ভাবে ঈশ্বর ভাব আকর্ষিত হইলেও ভগবানের বিজ্ঞানশক্তি সেই দ্বেষ ভাবাদি নাশ করিয়া আত্মভাব দিয়া থাকেন। যেমন আলোকের সন্নিধানে সকল প্রকার অন্ধকার নাশ হইয়া থাকে, সেইরূপ যে কোন ভাবে ঈশ্বরে মনোনিবেশ করিলে, সেই ভাবের একাগ্রতা বশতঃ কর্ত্তা আত্মদর্শনের উপযোগী হইয়া থাকে। কারণ একাগ্রতাই আত্মবোধক। দ্বেষাদি ভাব সমূহ আবরণ মাত্র।

হে ধর্ম্মরাজ! ভগবানে শত্রুতা স্থাপন করিয়া মর্ত্ত্যজনে যত শীঘ্র তন্ময়তা লাভ করিয়া থাকে, আমি নিশ্চয় বলিতেছি ভক্তিযোগে তত শীঘ্র কখনই ভক্তে ভগবদ্দর্শন লাভ করিতে পারে না। ৭। ১। ২৬

যেমন গহ্বরের অভ্যন্তরস্থ ভ্রমরকীট কর্ত্তৃক তৈলপায়ীকীট আক্রান্ত হইয়া দ্বেষ ও প্রাণ ভয়ে সেই ভ্রমরকে নিজ শত্রুরূপে ভাবনা করিয়া ক্রমে ভ্রমরের স্বরূপতা লাভ করিয়া থাকে, তদ্রূপ, যিনি কৃষ্ণ,ভগবান, মায়ামনুষ্য ও ঈশ্বর হইতেছেন,জীবে তাঁহাতে বৈরভাবে সতত একান্ত চিন্তা সহযোগে মনোনিবেশ করিয়া, পাপ হইতে নিষ্কৃতি ও তৎসাযুজ্য লাভ করিতে পারিবে, ইহার আর আশ্চর্য্য কি! ৭। ১ ২৭। ২৮

ব্যাখ্যা। শ্রীনারদ কহিলেন, পূর্ব্বে বলা হইয়াছে অভিমানী দেহের প্রতিকুলাচরণ যে করে তাহারাই পরস্পরে পরস্পরের শত্রুমধ্যে গণ্য হয়। আমার বিষয়, আমার প্রিয়বস্তু আর একজন অধিকার করিতে আসিলেই,উভয়েই পরস্পরে পরস্পরের শত্রু বলিয়া গণ্য হয়। এস্থলে ঈশ্বরের স্বভাব সাত্ত্বিকতায় পূর্ণ, তাঁহার আনুগত্যে বিষয়স্পৃহা ভোগ ইত্যাদি ক্ষয় হয়, অহংকার রাজসিকতাদি নাশ প্রাপ্ত হইয়া থাকে। যাঁহারা ঘোর বিষয়াসক্ত,তাঁহারাই বৈরাগ্য পথকে ঘৃণা করিয়া ঈশ্বরে অশ্রদ্ধাদি করিয়া, থাকে। ঐ অশ্রদ্ধা ক্রমে প্রবল হইলে ঈশ্বরে দ্বেষ হিংসাদি উপস্থিত হইয়া থাকে। ঐ হিংসাদি মনের একান্ত

একাগ্রতা সম্পাদন করিয়া ভগবদ্বিষয়ে স্থাপিত হইলে সেই ভাবই ক্রমে সাধকের চিত্তকর হইয়া থাকে। শাস্ত্রকারেরা কহেন, যে কোন বস্তুর অভিনিবেশে তৎস্বরূপতা লাভ হইয়া থাকে। কামের অভিনিবেশে কামুকতা, ক্রোধের অভিনিবেশে ক্রোধী, দ্বেষের অভিনিবেশে মহাদ্বেষ্টা হওয়া যায়। কেন হওয়া যায়? না—যে বস্তুর উপরে ঐ সকল কামাদি ভাব সংযুক্ত করা হয়, তাহারা কামাদি অবস্থায় মণ্ডিত। কিন্তু সেই বস্তু সকল যদি কামাদি ধর্ম্মী না হইত, তাহা হইলে অভিনিবেশকর্ত্তা তদ্ভাব লাভ করিতে পারিত না। যেমন একজন সতী ধার্ম্মিকা রমণীর উপরে যদি কেহ কামাভিনিবেশ করে, তাহা হইলে সেই সতীর ধর্ম্মগুণে ঐ কামুকের ধর্ম্মভাব লাভ হইয়া থাকে। কোন লোককে শত্রু ভাবিয়া তাহার উপরে ক্রোধী হইলে, সেই ব্যক্তি যদি ধার্ম্মিক ও উদার প্রকৃতিমান হয়; তাহা হইলে কখনই ক্রোধাভিনিবেশকর্ত্তার ক্রোধ থাকে না। এই নিয়মে দার্শনিকেরা কহিয়াছেন ঃ—অভিনিবেশাযুক্ত বস্তুর ধর্ম্ম অভিনিবেষ্টা প্রাপ্ত হইয়া থাকে। যেমন তৈলপায়ী কীট ভয়ে ও হিংসায় ভ্রমরকে শত্রু ভাবিয়া, তাহা কর্ত্তৃক ধৃত হইলে, তদ্ভাবাপন্ন হইয়া থাকে। সেইরূপ যিনি কৃষ্ণ অর্থাৎ সকলের সন্নিধি মাত্রে পাপ আকর্ষণ করেন। যিনি জ্ঞান বলবীর্য্যাদি ঐশ্বর্য্যের অধীশ্বর, যিনি মায়াতে মনুষ্য রূপে থাকেন, বলিয়া ঈশ্বর হইয়াছেন। ইহার অর্থ এই ঃ—প্রকৃতির অন্তর্গত ব্রহ্মসত্ত্বা যা উপস্থিত হইলে কাল কর্ত্তৃক এই জগৎকার্য্য চালিত হয় না। ঐ প্রকৃতির যে অংশে ঈশ্বর স্বাধীন, সেই অংশকে মায়া কহে, তদন্তর্গত ব্রহ্মকে ঈশ্বর কহে। পরে প্রকৃতির যে অংশে ব্রহ্মের প্রতিবিম্ব পতিত হইয়া থাকে, সেই প্রতিবিম্বকে জীব ও প্রকৃতির সেই অংশকে অবিদ্যা কহে। এস্থলে ব্রহ্মের যে অংশ মায়াতে বিম্বিত, সেই অংশকে মায়া মনুষ্য কহে। মনুষ্য বলিতে মনন পূর্ব্বক সংজ্ঞাত। অর্থাৎ আপন ইচ্ছায় জাত বুঝিতে হইবে।

যে ঈশ্বর পদার্থে এই গুণ তাঁহাতে জীবে যে কোন ভাবে অভিনিবেশ করিলে পূর্ব্বোক্ত যুক্তি মতে ঈশ্বরত্ব বা ঈশ্বর সত্ত্বা সামর্থ্য কেন না জীবে প্রাপ্ত হইবে?

হে যুধিষ্ঠির! ইহলোকে জনগণে কাম হইতে, দ্বেষ হইতে ভয় ও স্নেহ হইতে, অভিনিবেশে মনকে ঈশ্বরে সংযোগ করিতে পারিলে, ঐ সকল বিরুদ্ধ ভাবনা জনিত পাপ হইতে উদ্ধার পাইয়া থাকে। বহু বহু মর্ত্ত্যজনে ঐরূপ ভাবনাতে পাপনাশে ভগবদ্‌গতি প্রাপ্ত হইয়াছে। হে রাজন্ তাহার প্রমাণ দেখুন ঃ—

কামচেষ্টায় গোপীগণ, ভয়চেষ্টায় কংসাসুর, দ্বেষভাবে শিশুপালাদি রাজা সম্বন্ধ হইতে বৃষ্ণিবংশ, স্নেহ ও বাৎসল্যে আপনারা এবং আমরা সকল ঋষিগণে এক মাত্র ভক্তি হইতেই উদ্ধার হইয়াছি। ৭।১।২৯

ব্যাখ্যা। কামচেষ্টার বলিতে কোন রূপ কামনা করিয়া অর্থাৎ সকামভাবে যজ্ঞ তপস্যা, ব্রত ইত্যাদিতে বুঝিতে হইবে। এস্থলে নারদ কহিলেন, কাম, ভয়, দ্বেষ, সম্বন্ধ, স্নেহ ও ভক্তি এসমস্তই ঈশ্বর প্রাপক উপায় বটে, কিন্তু উহারাও মলিনতা। যে পূর্ণ বিশুদ্ধ মনের প্রয়োজন, তাহার সন্নিহিত মাত্র উহারা করিতে পারে, কিন্তু জ্ঞান ভক্তি কামনা প্রভৃতি কেহই সেই পূর্ণ অবস্থার মিত্র নহে ; এইজন্য পূর্ণাধিকারীর পক্ষে উহারা অপ্রশ্রেয় :—সমাধি বা ঈশ্বর সাযুজ্য লাভের পূর্ব্বাবস্থা বর্ণনা করিতে শাস্ত্র বলিতেছেন :—

"অনাদাবিহ সংসার সঞ্চিতাঃ কর্ম্মকোটয়ঃ।
অনেন বিলয়ং যান্তি শুদ্ধো ধর্ম্মো বিবর্দ্ধতে ॥
ধর্ম্মমেঘমিমং প্রাহুঃ সমাধিং যোগবিত্তমাঃ।
বর্ষত্যেব যতো ধর্ম্মামৃতধারাঃ সহস্রঃ ॥
অমুনা বাসনাজালে নিঃশেষং প্রবিলাপিতে।
সমূলোন্মূলিতে পুণ্যপাপাখ্যে কর্ম্ম সঞ্চয়ে ॥
বাক্যমপ্রতিবদ্ধং সৎ প্রাক্ পরোক্ষাবভাসিতে।
করামলকবদ্ বোধমপরোক্ষং প্রসূয়তে।"

জীব অনাদি সংসারে কর্ম্ম করিয়া কোটী কোটী কর্ম্ম ফল যাহা সঞ্চয় করে, এক মাত্র ব্রহ্ম সমাধি মাত্রে তাহা ক্ষয় প্রাপ্ত হয়, পরে ক্রমে শুদ্ধধর্ম্ম যাহা ব্রহ্মজ্ঞাপক অবস্থা, তাহা প্রকাশ হয়। এই সমাহিত অবস্থাকে এইজন্য ব্রহ্মদর্শীগণ ধর্ম্মমেঘ কহেন। কারণ ঐ অবস্থা হইতে সহস্র সহস্র ব্রহ্মজ্ঞাপক অন্তঃকরণ বৃত্তিধারা জীবের হৃদয়ে বর্ষিত বা প্রকাশিত হইয়া থাকে। ঐ সমাধির অভ্যাস হইতে কর্ম্মজন্য বাসনা জাল নষ্ট হইলে এবং পুণ্যপাপাখ্য বহুতর কর্ম্ম সঞ্চার অন্তর হইতে ক্ষীণ হইলে, তবে তত্ত্বমস্যাদি বাক্যের অতীত, ইন্দ্রিয়াতীত, সত্যস্বরূপ অপরোক্ষ জ্ঞানদৃশ্য ব্রহ্মবোধ জীবের পক্ষে করামলকবৎ হইয়া থাকে।

ইহাতে যে সমাধির কথা বলা হইল তাহাই কর্ম্মীগণের একান্ত ঈশ্বরে ভাব সংস্থান বুঝিতে হইবে হইবে। ব্রতাদিতে, দ্বেষাদিতে স্নেহ ও কামাদি ভাবে ঈশ্বর বস্তুতে একাগ্রতা স্থাপন করাতে তৎকর্ম্মে কর্ম্মীর পুণ্যপাপাদিগত কোন সঞ্চিত ফল বা অভ্যাস ক্ষয় হইয়া যায়, তবে ব্রহ্মবোধ হইয়া থাকে। এইজন্য নারদ বলিলেন :—স্নেহ, ভক্তি, বাসনা, ভয় প্রভৃতি যে কোন একান্তচেষ্টা ঈশ্বর প্রাপক অবস্থা পর্য্যন্ত উপস্থিত করিতে পারে। পরে সেই অবস্থা স্বভাবতঃ বর্দ্ধিত হইয়া আপনিই ব্রহ্মপ্রাপ্তি করায়। এইজন্য এস্থলে উচ্চাধিকারীর পক্ষে ভক্তি প্রভৃতির সমস্ত কার্য্যই ঈশ্বরলাভ পক্ষে সহকারী হইলেও কিঞ্চিৎ আসক্তি থাকাতে উহারা পূর্ণাবস্থায় ত্যজ্য এবং ঘৃণার্হ বলা হইল। কিন্তু ঐ সকল কামাদিই পাপীর উদ্ধার পক্ষে সহকারী বলিতে হইবে।

হে রাজন্! আমি পূর্বে যে পঞ্চপ্রকার ঈশ্বর ভাব পক্ষীয় পুরুষের কথা কহিলাম, নৃপতি বেণ উহাদের মধ্যে কোন উপায়ই অবলম্বন করেন নাই। সেই জন্য কোন উপায়েই ভগবান কৃষ্ণে মন নিবিষ্ট না হওয়াতে অন্তে উদ্ধারও প্রাপ্ত হন নাই। ৭। ১। ৩০

ব্যাখ্যা। পূর্বে বলা হইয়াছে, যে—ভক্তি, কাম, ও সম্বন্ধই ঈশ্বর ভজন পক্ষে অনুকূল হইতেছে, আর ভয় দ্বেষই প্রতিকূল হইতেছে। এই উভয় ভাবই অন্তে ঈশ্বর প্রাপক হয়। ঐ পঞ্চবিধ অনুকূল ও প্রতিকূল ভক্তেই ভাবভেদে কেহ শক্তির সহিত কেহ দ্বেষের সহিত ঈশ্বরময় হইয়া থাকে। কিন্তু এই পঞ্চ ভাবাতীত কোন ভাবই নাই, যাহা ব্রহ্মজ্ঞানের সান্নিধ্য লাভ করিতে পারে। মহীপতি বেণ নাস্তিক ছিলেন, ঈশ্বরে কোন ভাবেই মনোনিবেশ করেন নাই, এইজন্য উদ্ধার পায়েন নাই।

হে পাণ্ডব! এই যে চেদিপতি ও দন্তবক্রের কথা আমাকে জিজ্ঞাসা করিতেছেন, ইহারা আপনার মাতৃস্বসার পুত্র হইতেছে। ইহারা প্রথম জন্মের আদিতে ভগবান বিষ্ণুর বৈকুণ্ঠ পার্ষদ ছিল। ব্রাহ্মণের অভিশাপে ইহারা সেইপদ হইতে চ্যুত হইয়া, এই অসুরত্ব লাভ করিয়াছে। ৭। ১। ৩১

শ্রীযুধিষ্ঠির শ্রীনারদের মীমাংসা শ্রবণে আশ্চর্য্য হইয়া কহিলেন :—

হে দেব! আপনি একি কথা কহিলেন! যে ব্যক্তি একবার ভগবানের দাস হইয়া থাকেন পুনরায় তাহার বৈকুণ্ঠপদ ক্ষয়ে জন্ম হয়! শাপাদিতে ভয় থাকে! একথা আমার পক্ষে যেন অশ্রদ্ধেয় বলিয়া বোধ হইতেছে। হে ঋষে! যাঁহারা হরির একান্ত অনুগত তাঁহাদের কিরূপে ব্রহ্মশাপ অভিশপ্ত হইল? কিরূপেই বা তাঁহারা পুনরায় জন্ম লাভ করিলেন? ৭। ১। ৩২

দেখুন ঋষে! আমি শুনিয়াছি, যাঁহারা বৈকুণ্ঠপুরে বাস করেন, তাঁহাদের দেহ, ইন্দ্রিয়, কিম্বা প্রাণ সমূহের সম্ভব থাকে না। তবে ব্রহ্মশাপে পুনরায় তাঁহারা প্রাকৃত দেহ কিরূপে লাভ করিলেন? তাহা বলুন।

ব্যাখ্যা। পূর্বে অনেক স্থলে বলা হইয়াছে, স্থূল, সূক্ষ্ম ও কারণ এই ত্রিবিধ শরীরই

প্রত্যেক জীবের আছে। তমোগুণ হইতে যে স্থূল ভূতাংশ থাকে, তাহাতেই স্থূল দেহের গঠন হইয়া থাকে। ইন্দ্রিয়, প্রাণাদি সপ্তদশ অবয়ব বিশিষ্ট লিঙ্গশরীরকে সূক্ষ্ম দেহ কহে। আর জ্ঞান চৈতন্য মণ্ডিত জীবভাবকে কারণ কহে। এই কারণটী তুরীয়াবস্থায় অনুভব হয়, আনন্দময়কোষের মধ্যে ইহার বাস। ইনিই সৎ ও অসৎফলের সাক্ষী ও অনুভব কর্ত্তা। মুক্ত অবস্থায় ইনিই ব্রহ্মানন্দ অনুভব করেন। নরকের অবস্থায় ইনিই ঘোর নরক যন্ত্রণা অনুভব করেন। কিন্তু নরকের অবস্থায় লিঙ্গ শরীরের সংযোগ থাকাতে নিত্য নিত্য জন্ম গ্রহণ করিতে হয় এবং ফল ভোগ করিতে হয়। মুক্ত অবস্থা জন্ম ও মৃত্যুর উপযুক্ত বা বীজস্বরূপ লিঙ্গ শরীরের অভাবে জন্মাদির অভাব হয়, তখন পরমানন্দের অনুভব হইয়া থাকে। ঐ পরমানন্দ ভোগের উপযুক্ত কারণ শরীরাত্মক জীব ভাবই—ইন্দ্রিয় দেহ ও প্রাণবিহীন শুদ্ধসত্ত্বাবস্থা হইতেছেন। এই অবস্থায় কথন জন্মাদি বা সুখাদি অনুভবের উপায় নাই। এইজন্য শ্রীযুধিষ্ঠির কহিলেন, বৈষ্ণবী অক্ষয় পদ লাভ করিয়া ব্রহ্মশাপ লাভ করিবার কার্য্য ঘটিল কিরূপে? তাহাদের বৈষম্য বোধ কিরূপে হইল এবং প্রাকৃত দেহ অভাবেই বা তাহাদের পুনর্ব্বার জন্মাদি লাভ কিরূপে হইল? তাহা বলুন। রাজার প্রশ্নে বাসনার তারতম্যে উন্নতি ও অবনতি জীবের কিরূপে ঘটে, তাহা পরে প্রকাশ হইতেছে।

রাজার কথা শ্রবণ করিয়া শ্রীনারদ কহিলেন :—

হে মহারাজ! একদা সনন্দাদি ব্রহ্মার মানসপুত্রগণ, ত্রিভুবন পর্য্যটন করিতে করিতে, যদৃচ্ছাক্রমে বিষ্ণুলোকে গিয়া উপস্থিত হয়েন। ৭। ১ ৩৩

তাঁহারা সকলেই মরীচ্যাদি ব্রহ্মনন্দনগণ অপেক্ষা প্রবীন হইলেও পঞ্চ বা ষট্ বর্ষীয় শিশুগণের ন্যায় উদার প্রকৃতিমান ও সরল ছিলেন। উলঙ্গ বেশে শিশুভাবে তাঁহারা বৈকুণ্ঠ দ্বারে উপস্থিত হইলে, শিশু ভাবিয়া পুরদ্বারীগণ তাঁহাদের প্রবেশ নিষেধ করিলেন। ৭। ১। ৩৪

যিনি মধুসূদন হইতেছেন, তাঁহার পদমূলের সমীপে রজো বা তমো স্বভাব কথনই উপস্থিত থাকিতে পারে না; এই কথা নিষেধকারীগণের সমীপে বলিয়া তাঁহারা কিঞ্চিৎ কোপ ভাবে দ্বারীগণকে কহিলেন :—তোমরা আর বিষ্ণু পদমূলে থাকিবার যোগ্য নহ। তোমরা এক্ষণই পাপিষ্ঠা আসুরীযোনী লাভ কর। ৭। ১। ৩৫, ৩৬

ব্যাখ্যা। পূর্বে বলা হইয়াছে যাহাদের কারণ শরীরের সহিত দেহ, প্রাণেন্দ্রিয়াদির সংযোগ নাই, সেই সকল কেবলানন্দময় মুক্ত পুরুষেরাই বিষ্ণুলোক দর্শন করিতে পারেন। ইহাতে বিশেষরূপে বলা হইল যে, জীবের নিত্যাংশই সেই অবস্থায় থাকে, তাহার বিলয় নাই, জন্মমৃত্যু নাই, বৈষম্য বোধ নাই। এই অবস্থায় সিদ্ধগণ থাকেন বলিয়া, কি দেবতা, কি ঋষি, কাহারো মৃত্যু ঘটে না। এই কথা শাস্ত্রে ও লোক প্রসিদ্ধতে আছে বুঝিতে হইবে। এই নিয়মে বিষ্ণুলোকস্থ দ্বারী বা ত্রৈলোক্যিদ্রষ্টা কাহারো স্থূল বা সূক্ষ্ম দেহ সংযোগ নাই বুঝিতে হইবে। পুরাণে, গোলোক ও বিষ্ণুলোকাদির এইরূপ বর্ণনা করিয়া থাকে ঃ

"জ্যোতিঃ সমূহং প্রলয়ে পুরাসীৎ কেবলং দ্বিজ।
সূর্য্যকোটীপ্রভং নিত্যমসংখ্যবিশ্বকারণং ॥
স্বেচ্ছাময়স্য চ বিভোস্তজ্জ্যোতিরুজ্জ্বলং মহৎ।
জ্যোতিরভ্যন্তরে লোকত্রয়মেব মনোহরং ॥
তেষামুপরি গোলকং নিত্যমীশ্বরবাঞ্ছিতং।
ত্রিকোটী যোজনায়াম বিস্তীর্ণং মণ্ডলাকৃতি ॥
তেজঃ স্বরূপং সুমহদ্রত্নভূমিময়ং পরং।
অদৃশ্যং যোগিভিঃ স্বপ্নে দৃশ্যং গম্যঞ্চ বৈষ্ণবৈঃ ॥
যোগেন ধৃতমীশেন চান্তরীক্ষ স্থিতং বরং।
আধিব্যাধি জরা মৃত্যু শোকভীতি বিবর্জ্জিতং ॥
তদধোদক্ষিণে সব্যে পঞ্চাশৎকোটী যোজনাৎ।
বৈকুণ্ঠং শিবলোকঞ্চ তৎসমং সুমনোহরং।
কোটী যোজন বিস্তীর্ণং বৈকুণ্ঠং মণ্ডলাকৃতি ॥
লয়ে শূন্যঞ্চ সৃষ্টৌ চ লক্ষ্মীনারায়ণান্বিতং।
চতুর্ভুজৈঃ পার্ষদৈশ্চ জরামৃত্যাদি বর্জ্জিতং ॥"

সূতগোস্বামী সৌনকাদিকে সম্বোধন করিয়া বলিতেছেন ঃ—হে দ্বিজ, পুরাকালে যে সময়ে প্রলয় ঘটে, সেই সময়ে কোটী সূর্য্যপ্রভ, বিশ্বের কারণ স্বরূপ, অসংখ্য জ্যোতির্ম্মালা বর্ত্তমান ছিল। পরব্রহ্মের অঙ্গ হইতে বিশ্বের কারণ রূপে সেই জ্যোতিসমূহ বর্ত্তমান ছিল। তাহার অন্তরেই সূক্ষ্মভাবে স্বর্গাদি লোকত্রয় ছিল। এই ত্রিলোকের সর্বোচ্চে ঈশ্বরের ক্ষমতাবান অর্থাৎ সৃষ্টির ইচ্ছাপূর্ণ গোলকপুরী আছে। সেই পুরী তিনকোটী যোজন (অসংখ্যযোজন) বিস্তীর্ণ মণ্ডলাকৃতি হইতেছে। অসংখ্য রত্নভূমিময়, তেজোময়,

যোগীগণের জাগরণস্বপ্নে বা নিদ্রায় অদৃশ্য, তুরীয়াবস্থায় দৃশ্য, বৈষ্ণবগণের সকল অবস্থা-তেই দৃশ্য, ব্রহ্মকর্ত্তৃক স্তুত ও সকলের অন্তরীক্ষে (দৃষ্টির অতীতে স্থিত), আধিব্যাধি জরা-মৃত্যু ও শোকভয় বিবর্জ্জিত হইয়া, সেই ব্রহ্মপুরী বর্ত্তমান। তাহার অধোদেশে কোটী যোজন, অর্থাৎ গোলোকের ব্যাপ্তি অপেক্ষা ন্যূন বৈকুণ্ঠ ও শিব লোক আছে। এই বৈকুণ্ঠাদির শোভাও সেই গোলেকের সমতুল্য অর্থাৎ জ্যোতির্ম্ময়; তবে প্রভেদ এই— সৃষ্টিকালে ঈশ্বর প্রকৃতি পুরুষাত্মক লক্ষ্মীনারায়ণ মূর্ত্তিতে মুক্তজনের সহিত এই স্থানে থাকেন, প্রলয়ে গোলোকে নিশ্চিন্ত হয়েন। এস্থানটীও কোটী যোজন বিস্তীর্ণ এবং মণ্ডলাকার, এস্থলে ভগবদ্‌পার্ষদেরা জরামৃত্যু প্রভৃতি বর্জ্জিত, আর চতুর্ভুজ হইতেছেন।

এই যে গোলোক ও বৈকুণ্ঠের পৌরাণিক তত্ত্ব কথা বলা হইল, ইহাকে কোন স্থান বা পদার্থ বলিয়া স্থির হয় না, ব্রহ্মের অবস্থাকে গোলক বলা হইল; মায়া বিশ্রিত ঈশ্বরা-বস্থাকে বৈকুণ্ঠ বলা হইল। এই বৈকুণ্ঠে যাঁহারা থাকেন, তাঁহারা ঈশ্বরের সারূপ্য প্রাপ্ত হয়েন বলিয়া চতুর্ভুজাদির কথা বলা হইল, উহার ব্যাখ্যা দশম স্কন্ধে এবং পূর্ব স্কন্ধে বলা হইয়াছে।

এই বৈকুণ্ঠে শনকাদি ব্রহ্মমানসপুত্রগণে উপস্থিত হইলে; দুইটী দ্বারী তাঁহাদের শিশু ভাবিয়া অবহেলা করাতে তাহারা অভিশপ্ত হইল। ইহার প্রকৃত তাৎপর্য্য এই— বাসনার তারতম্যে জীবের যতদূর সিদ্ধি লাভ হউক না কেন, উহা ক্ষয় বা উন্নতি প্রাপ্ত হয়। ঐ দুই দ্বারী বিষ্ণুপার্ষদ হইয়া, স্থূল বিবর্জ্জিত হইয়া, পরমা সিদ্ধি লাভ করিয়াও, নিজ বাসনার কিঞ্চিৎ বৈষম্য হ্রাস করিতে না পারিয়া, অভিশপ্ত হইল। কারণ সাধু অবহেলায়, আমি বৈষ্ণবী পদের অধিকারী, অপরে নহে এইরূপ অভিমানের উদয় বাসনাতে হইয়াছিল। এস্থলে জিজ্ঞাসা থাকিতে পারে, দেহাভাবে বাসনার উপস্থিতি ও অভিমানের সম্ভব কিরূপে হইল, তাহা তৃতীয় স্কন্ধে প্রকাশ করা হইয়াছে। তথায় জয় বিজয়োপাখ্যানে দ্রষ্টব্য। নির্লেপ অবস্থায় অনুভবের শক্তি থাকে। তাহা হইলে বিশুদ্ধ ভাবে বাসনা থাকা সম্ভব। সেই বিশুদ্ধ অবস্থাতেও যদি কিঞ্চিৎ বৈষম্য বোধ হয়, তাহা হইলেই তাহার রজো ও তমো স্বভাব তৎক্ষণাৎ লাভ হয়, যেমন অমৃতোপম কলস প্রমাণ দুগ্ধে এক বিন্দু গোমূত্র পাতে, সমস্ত দুগ্ধ অতি ত্বরায় নষ্ট হয়। এইরূপে উভয় পার্ষদের অভি-মানোদয়ে সাধুগণের প্রীতি লাভ করিয়া কিরূপ দুর্দ্দশা প্রাপ্ত হইল, তাহা পরে বলা হইতেছে।

হে রাজন্! সাধুগণের অভিশাপ মাত্রেই সেই অভিমান বিশিষ্ট দ্বারীদ্বয় বৈকুণ্ঠ হইতে চ্যুত হইল। তাহাদের বিচ্যুত ও শরণাগত দেখিয়া, সেই সময়ে সেই কৃপালু মুনিগণ

কহিলেন, তোমরা জন্মত্রয়ান্তে পুনরায় এই বিষ্ণুলোকে আসিতে পারিবে। হে ধর্মরাজ—তাহারা পতিত হইয়া প্রথম জন্মে দিতিদেবীর গর্ভে দুইটিঘোর অভিমানী, দৈত্যদানব পূজিত সন্তান হইয়া প্রকাশ হয়। ৭। ১। ৩৭

হে যুধিষ্ঠির। যখন ভগবান হরি ধরার উদ্ধার হেতু শূকর রূপ ধারণ করিয়া পৃথিবী উদ্ধার করিতেছিলেন, সেই সময়ে তাঁহার প্রতিকূলাচরণে জ্যেষ্ঠ হিরণ্যাক্ষ ভগবানের হস্তে নিহত হইল। কনিষ্ঠ হিরণ্যকশিপুও প্রতিকূলাচরণে সিংহরূপী ভগবানের হস্তে হত হইয়াছিল। ৭। ১। ৩৮

হে রাজন্! হিরণ্যকশিপু আপন পুত্র প্রহ্লাদকে কেশবপ্রিয় দেখিয়া, তাঁহাকে হরি বিদ্বেষী করিতে বহুবিধ যাতনা দিয়াছিল, সেই যাতনাই তাহার মৃত্যুর হেতু হইয়াছিল। তাহার পুত্র প্রহ্লাদ সকল ভূতের সহিত আত্মার ঐক্য দেখিয়া, রাগদ্বেষাদি পরিবর্জ্জিত হওয়াতে সর্বভূতে সমদর্শী ছিল। আত্মদর্শী হওয়াতে সেই পরম ভক্ত ভগবানের ব্রহ্মতেজে আবৃত থাকাতে, সেই অসুর হিরণ্যকশিপু, নানা শাস্ত্র ও উদ্যোগে পুত্রকে বধ করিতে সক্ষম হয় নাই। ৭। ১। ৩৯। ৪০

এই জন্মে অত্যন্ত অভিমানে ও ভগবৎশ্রদ্ধাবিহীনে পরজন্মে বিশ্রবসা রাক্ষসের ঔরসে কেশিনীর গর্ভে রাবণ ও কুম্ভকর্ণ নামে সর্বলোকতাপন রাক্ষস হইয়া জন্মগ্রহণ করে। সেই সময়ে ভগবান রাম মূর্ত্তিতে অবতীর্ণ হইয়া, ঐ দুই ব্যক্তির শাপ বিমোচন হেতু উহাদের বধ করেন। হে রাজন্! এইরামরূপী ভগবচ্চরিত্র মহর্ষি মার্কণ্ডেয়ের মুখে আপনি ইত্যপর শ্রবণ করিবেন। ৭। ১। ৪১। ৪২

ঐ রাক্ষস জন্মে ভগবানের সৌম্যমূর্ত্তি দেখিয়া কিঞ্চিৎ আন্তরিক বিশুদ্ধি ঘটিলে, পর জন্মে তাহারা উভয়ে ক্ষত্রিয়ত্ব লাভ করিয়া, তোমার মাতৃস্বসার পুত্র শিশুপাল ও দন্তবক্র নামে প্রকাশ হইয়াছিল। এই জন্মে ভগবানে বৈরানুবন্ধে তীব্রধ্যানে পাপ ক্ষালিত হইয়া, ভগবান কৃষ্ণের চক্রে শাপনির্ম্মুক্ত হইয়া অচ্যুতসাযুজ্য লাভ করিল। এক্ষণে শাপনাশে অন্তর বিশুদ্ধি হেতু উহারা পুনরায় বিষ্ণুলোকে গমন করিয়া, পুনরায় ভগবৎ পার্শ্বচর হইল। ৭। ১। ৪৩

নারদের কথা শ্রবণ করিয়া শ্রীযুধিষ্ঠির কহিলেন :

হে ভগবন! ঐ দুষ্টগণের প্রথম জন্মে হিরণ্যকশিপু নামে দৈত্যত্বলাভ হইলে, নিজ মহাত্মা পুত্রের উপরে কেন এত বিদ্বেষ ঘটিল এবং দৈত্যপুত্র হইয়া প্রহ্লাদেরই বা কি রূপে ভগবৎ প্রসন্নতা ঘটিল, সেই কথা এক্ষণে, হে ভগবন, অনুগ্রহ পূর্বক আমাকে বলুন। ৭। ১। ৪৪

ইতি শ্রীভাগবতে সপ্তম স্কন্ধে প্রথমাধ্যায়ে
উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। আর্য্য শাস্ত্রকারেরা কহেন অভিমানের কিঞ্চিৎ উদয় হইলেই বাসনা ও অবিদ্যাগত তামসাদি গুণময় হইয়া থাকে। প্রথমে ঘোর তামস ভাবে পরিণত থাকে। পরে রজো গুণের ও তমো ভাবের মিশ্রন স্বভাব লাভ হয়। পরে রজো, তমো এবং সত্বের মিশ্রন ঘটে। এই অবস্থায় ঈশ্বরাভিনিবেশ ঘটিলে তাহার পূর্ণ সাত্বিকতাই উপস্থিত হইয়া থাকে। ঐ বাসনার তারতম্যে জীবকে পালন করিতে ভগবানও মূর্ত্তিত্রয় ধারণ করেন। প্রথমে অত্যন্ত ভীষন, দ্বিতীয়ে বীর্য্যবান, তৃতীয়ে মায়াময়। এই তিন ভাবে জীব ঈশ্বর সংসর্গ লাভ করিয়া যদি পূর্ব্বোক্ত পঞ্চ উপায়ের মধ্যে কামাদি দ্বেষাদি কোন উপায়েও ঈশ্বরধ্যান করিতে পারে, তাহা হইলে পবিত্র ও মুক্ত হইতে পারে। ইহাই তাৎপর্য্য। হিরণ্যকশিপু অবস্থায় ঘোর তমো বাসনায় ভগবান— অতি ভীষন নৃসিংহাদি মূর্ত্তি ধারন করেন। এই নৃসিংহ মূর্ত্তির কথা নৃসিংহ তাপনীয় উপনিষেদে বিবৃত আছে। ব্রহ্মের জগৎ পালনার্থে ভীষন ভাবই নৃসিংহভাব, তথায় দ্রষ্টব্য। দ্বিতীয়ে রাবণাদি অবস্থায় বুদ্ধিসংযুক্ত ঘোর অহংকারাবস্থা প্রকাশ হয়, সেই অবস্থায় ঈশ্বর নিজবীর্য্য দেখাইয়া পাপীকে বশীভুত করেন। সেই বীর্য্যবতী মূর্ত্তিই রামরূপ বুঝিতে হইবে। তৃতীয়ে পাপী, সাত্বিকাদি গুণ মিশ্রনে অশ্রদ্ধাদি আসুর ভাবে সংযুক্ত থাকে, তাহাকে বিশুদ্ধ করিতে ভগবান ঐশ্বর্য্যময়ী মূর্ত্তিতে দেখা দেন। এই জন্য রাজসূয় স্থলে সর্বপূজ্য হইয়া কৃষ্ণভাবে ভগবান শিশুপালকে বধ অর্থাৎ শাপে মুক্ত করেন। ভগবানের এই ত্রিবিধ ভাব, জীবের বাসনার তারতম্যে প্রকাশ হয় বলিয়া শ্রীযুধিষ্ঠির প্রথমে ভীষন ভাবের তত্ত্ব জানিতে ইচ্ছা করিলেন। পরে তাহা প্রকাশ হইবে।

ইতি শ্রীভাগবতে সপ্তম স্কন্ধে প্রথমাধ্যায়ে
উপেন্দ্র কৃতাধ্যায় ব্যাখ্যা সমাপ্ত।

অথ দ্বিতীয় অধ্যায়।

রাজা যুধিষ্ঠিরের কথা শ্রবন করিয়া শ্রীনারদ কহিলেন :

হে ধর্ম্মরাজ! যখন ভগবান শূকর মূর্ত্তির সহিত সংগ্রামে দিতির প্রথম পুত্র হিরণ্যাক্ষ

বিনষ্ট হইল, এই সংবাদ কনিষ্ঠ হিরণ্য কশিপু প্রাপ্ত হইয়া ভগবানের প্রতি অত্যন্ত ক্রোধী হইয়া ভ্রাতৃশোকে অত্যন্ত পরিতাপ করিতে থাকিল। ৭। ২। ১

সেই সময়ে তাহার ক্রোধ পূর্ণভাবে ভগবানে আকর্ষিত হইল, সেই অবস্থায় সে দন্তে দন্তঘর্ষণ করিতে থাকিল, কোপাগ্নিতে উভয় চক্ষু জ্বলিতে থাকিল; কোপে ক্ষেণে চারিদিক্ ধূমের ন্যায় ধূম্রবর্ণ দেখিল। তখন দংষ্ট্রা বাদান করিয়া দুষ্প্রেক্ষ্য ভ্রুকুটী সংযুক্ত ভীষণ দৃষ্টিপূর্ণ মুখে; হস্তে শূল উত্তোলন পূর্ব্বক, দানবগণকে সম্বোধন করিয়া সে বলিতে থাকিল।

ওহে দ্বিমূর্দ্ধ, ত্র্যক্ষ, শম্বর, শতবাহু, হয়গ্রীব, নমুচি, পাক, ইল্বল, বিপ্রচিত্তি, পুলোমা, শকুন, প্রভৃতি দৈত্য ও দানব অনুচরগণ, আমার কথা শ্রবণ পূর্ব্বক ত্বরায় ইহার প্রতিবিধান কর। ৭। ২। ৩

হে অনুচরগণ, তোমারা কি শ্রবণ কর নাই, আমার প্রাণতুল্য ভ্রাতা, আমার বিপদকালের বন্ধু, হিরণ্যাক্ষ মহাশয়, সামান্য দেবশত্রুগণের হস্তে বিনষ্ট হইয়াছেন! যিনি সমদর্শী আখ্যাতে কেবল আখ্যাত মাত্র, কার্য্যে তাঁহার বিপরীত ভাবাবলম্বন করিয়া থাকেন, সেই হরিই তাঁহার বধ কার্য্যে সাহায্য করিয়াছিল। ৭। ২। ৪

আমি জানিতাম শ্রীহরির পূর্ব্বে সমদর্শীতা ছিল, এক্ষণে আপন মায়াতে ঘৃণিত শূকর দেহ ধারণ করিয়া সেই শুদ্ধসত্ত্বভাব ত্যাগ করিয়াছে। আর বালকের ন্যায় অস্থিরচিত্ত হইয়া, যে ভজন করে বা তাঁহাকে সমাদর করে, তাহারই প্রিয়াচরণ করিতে নিযুক্ত রহিয়াছে। ৭। ২। ৫

দেখ দানবগণ! আমার ভ্রাতা যেমন দেবতার রুধির তৃপ্ত হইতেন, আমি এক্ষণে এই ভীষণ শূল দ্বারা তাহাদের গ্রীবা ছেদন করিয়া, সেই হরি ও দেবতার রক্তে, ভ্রাতার তর্পণ করিব, এরূপ কার্য্য না করিলে আমি ভ্রাতৃশোক ভুলিতে পারিতেছি না। ৭। ২। ৬

আমি জানি দেবতাগণ সকলেই বিষ্ণুগত প্রাণ হইতেছে, হরির সত্ত্বাই তাহাদের জীবন হইতেছে। যেমন বৃক্ষের মূল ছেদন করিলে, তাহার শাখা প্রশাখাদি ক্রমে আপনিই শুষ্ক হইয়া যায়, সেইরূপ, হরির নিধন হইলে প্রাণ বিয়োগে দেবাদির মৃত্যু বা অদর্শন ঘটিবে। ৭। ২। ৭

ব্যাখ্যা। পূর্ব্বে বলা হইয়াছে যে বাসনাতে অভিমানের উপস্থিতি হইলেই, তমোগুণের আধিক্য উপস্থিত হয় এবং তমোগুণের প্রাধান্যে জীবে অহংকার ও দ্বেষ হিংসাদি স্বভাব লাভ করে। সেই বৈজ্ঞানিক নিয়ম প্রমাণ করিবার জন্য শ্রীব্যাস দেখাইলেন, সংসারের

কথা দূরে থাকুক বিষ্ণুলোকেও যদি মুক্তজনের বাসনাতে কিঞ্চিৎ অভিমানের উদয় হয়, তাহা হইলেও ঘোর অহংকার উপস্থিত হইয়া থাকে। সেই অহংকার ও অভিমানই ভগবৎ প্রদ্ধার নাশক হইতেছে। ইহার প্রকৃত তাৎপর্য্য এই যে:—সপ্তম স্কন্ধে বাসনার তারতম্যে, জীবের ভোগ তারতম্য দেখানই উদ্দেশ্য। তজ্জন্য দেখান হইতেছে যে, মুক্ত জনের অন্তরে যদি অণেও অভিমানের উদয় হয়, তাহা হইলেও যখন বাসনা তমোভাবাপন্না হয়, তখন সংসারে ভোগব্যাপ্তির মধ্যস্থলে বাসনার বিশুদ্ধি ঘটা বড় সহজ কথা নহে। বাসনার শুদ্ধি বিশুদ্ধি অনুসারেই জীবে ভগবদনুগ্রহ ও নিগ্রহ লাভ করিয়া থাকে। এই জন্য দেখান হইতেছে যে—পাপিষ্ঠ দৈত্যকুলেও প্রহ্লাদ, বাসনার বিশুদ্ধি হেতু হরিপ্রীতি লাভ করিতে পারিল। সলিলে, অনলে, গরলে, পর্ব্বতে, সর্ব্বত্রই ভগবৎকৃপা প্রাপ্ত হইল। কিন্তু বিষ্ণুলোক প্রাপ্ত সিদ্ধ বাসনাও সামান্য অভিমানে একেবারে পতিত ও আসুরযোনী লাভ করিল। এই বাসনার তারতম্যে অভিমানী হইলে হরিভক্তি কিরূপে নষ্ট হয়, তাহা বুঝা-ইতে বলা হইল: হিরণ্যকশিপু ভগবানকে ভক্তি করিত কিন্তু তাহার প্রিয় ভ্রাতার বিনাশনে সে অসন্তুষ্ট হইল, অর্থাৎ তাহার বাসনায় প্রিয় ও আশ্রয় স্বরূপ ভ্রাতার নিধনে বিবেকাভাবে হৃদয়ে অহংকার হেতু বৈরভাব উপস্থিত হইল। ভোগীর ভোগ ক্ষয় হইলে স্বভাবতঃই ঈশ্বরে অশ্রদ্ধা আসিয়া উপস্থিত হয়, পঞ্চম শ্লোকে বলিল: ঈশ্ব-রের আর প্রবীণ ভাব নাই। বালককে যেমন আদর করিলে, সে যেমন আদরকারীর প্রিয়াচরণ করে, ভয় দেখাইলেই অপ্রিয়াচরণ করিয়া থাকে, সেই রূপ হরির ভজনা যে করে, তিনি তাহার সাহায্য করেন, আর অভজনকারীকে শত্রু ভাবেন এ কার্য্যতো সমদর্শীর নহে। অতএব একটু দোষ করিলে তিনি যখন আমাদের দোষ মার্জ্জনা না করিয়া দেবতাদের হইয়া আমাদের শাসন করেন, তখন আর আমরা কেন তাঁহার বশবর্ত্তী হইব। তাঁহাকে বধ করিয়া নিশ্চিন্তমনে থাকিব। এই রূপ চিন্তাই অভিমানযুক্ত অহংকারের কার্য্য। এই অহংকার হইতে অশ্রদ্ধা প্রকাশ হওয়াতে ক্রমে ঘোর তামসী ভাব জীবকে অধিকার করে। সেই ভাব পরে প্রকাশ হইবে, উপাখ্যান সৌকার্য্যার্থে বাসনার কলু-ষিতাবস্থা ভেদে অভিমানী মন স্বরূপ হিরণ্যকশিপুর সহচর দানবগণকেও বিকলাঙ্গ দেখান হইল। কারণ দ্বিমূর্দ্ধা বলিতে দুইটী মস্তক, ত্র্যক্ষ বলিতে তিনচক্ষু ইত্যাদি। পরে অদৃশ্য ভগবানের বধ কিরূপে সম্ভবে, তাহা ক্রমে প্রকাশ হইতেছে।

অতএব হে অসুরগণ! যদি আমার ও আপনাদের হিতেচ্ছা কর, তাহা হইলে এই ক্ষণেই তোমরা ব্রহ্মযজ্ঞাদিতে পূর্ণ মর্ত্ত্যধামে গমন কর। তথায় গিয়া যে সকল লোকে তপস্যা, যজ্ঞ, বেদপাঠ ও ব্রতদানাদি কার্য্য করিতেছে, তাহাদের নাশ কর। ৭। ২। ৮

(যদি বল যে, তাহারা কিসে অপরাধী তদ্বিষয় শ্রবণ কর।) যে বিষ্ণু আমাদের শত্রু, সে ব্রাহ্মণগণের নিত্য নৈমিত্তিক ক্রিয়ার মূল স্বরূপ, যজ্ঞের আধার স্বরূপ, বিশেষতঃ সে ধর্ম্মেতে আবৃত পুরুষ হইতেছে। দেবতা, ঋষি, পিতৃ ও প্রাণীগণের এবং ধর্ম্মের প্রধান সত্ত্বাই সেই হরি হইতেছে। তোমরা জানিবে, যেখানে ব্রাহ্মণ থাকে, গো ও বেদ থাকে, বর্ণাশ্রম জন্য নিত্য নৈমিত্তিকাদি ক্রিয়া হয়। সেই সেই জনপদে তোমরা গমন করিয়া, তাহাদের বধ করিয়া ফেল, ছেদন করিবার যোগ্য হইলে জনপদ বাসীগণকেও ছেদন করিয়া ফেল। দানবগণে আপনাদের মহীপতির নির্দেশ তৎক্ষণেই শিরোধার্য্য করিয়া পরম উৎসাহে, মর্ত্ত্যধামে গমন করিয়া, প্রজাগণকে ভয়ানক পীড়া বিধান করিতে আরম্ভ করিল। ৭।২।১০

তাহারা মর্ত্ত্যভূমে প্রবেশ করিয়া প্রথমে পুর, গ্রাম, ব্রজ, উদ্যান, ক্ষেত্র, আরাম, আশ্রম, আকর, খেট, খর্বট, ঘোষ প্রভৃতিকে অগ্নিতে দগ্ধ করিয়া ফেলিল। ৭।২।১১

কেহ কেহ খনিত্র যন্ত্র লইয়া, নদীর সেতু, প্রাসাদের প্রাকার ও গোপুর সমূহ ভগ্ন করিয়া ফেলিল। কেহ কেহ পরশু হস্তে করিয়া মানবের প্রয়োজনীয় বৃক্ষ সমূহকে একে একে ছেদন করিয়া ফেলিল। ৭।২।১২

কোন কোন দানব জ্বলন্ত কাষ্ঠ ও অগ্নি লইয়া প্রজাগণের তৃণাচ্ছাদিত গৃহাদি দগ্ধ করিয়া ফেলিল। ৭।২।১২

হে মহারাজ! দৈত্যেন্দ্র হিরণ্যকশিপুর অনুচরগণের উৎপীড়নে চতুর্দ্দিকে হাহাকার উঠিল। সকলে প্রাণ লইয়া ব্যস্ত হইল, যজ্ঞাদি অনুষ্ঠান কেহ করিতে পারিল না; যজ্ঞাদি না হওয়াতে দেবতাগণে আশ্চর্য্য হইয়া মর্ত্ত্যভূমির দুর্দ্দশা দেখিতে অলক্ষ্যভাবে ভূতলে বিচরণ করিতে থাকিলেন। ৭।২।১৪

ব্যাখ্যা। অসাধু বৃত্তি বা বাসনা রূপে হিরণ্যকশিপু আপন কামাদি অনুচরগণকে সত্ত্বগুণ পরিপূর্ণ সংসার অধিকার করিতে বলিল। ইহার প্রকৃত ভাব এই, অসাধু বাসনা কখনই সাধুভাবের বিনাশক নহে। পূর্ব্বে বলা হইয়াছে, সাধু বাসনার অন্তরেই ভগবান লক্ষিত হয়েন, গো, বিপ্র, যজ্ঞ, ব্রাহ্মণাদিতে সাধুভাবের সমাবেশ থাকাতে উহাদের অন্তরে বা সাহায্যে ভগবদ্ভাব উদ্দীপিত হয় বলিয়া, কুবাসনা অগ্রে সাধুভাবের উদ্দীপক ভাব সমূহকে আক্রমণ করে।

অসাধুভাবানুচর স্বরূপ কামাদি দৈত্যেরা মর্ত্ত্যভূমে আসিয়া মানবের স্থূল আশ্রয় সমস্ত ধ্বংশ করিতে থাকিল। অর্থাৎ যে খানে মানবে সুখে বাস করে, সেই সকল আশ্রয় ও আধার প্রথমে অধিকার করিতে থাকিল। লৌকিক ভাবে গ্রাম পুর খেট খর্বটাদি, গৃহ, গোপুর প্রাকারাদি দাহন ও খননাদির কথা বলা হইল, বাস্তবিক উহারা স্থূলদেহের সাধুভাবাপন্ন গঠনাংশ বুঝিতে হইবে। যেমন পুর বলিতে হট্টাদি সংযুক্ত জনপদ।

হট্টা বলিতে যে স্থানে নানাস্থানের দ্রব্যাদি ক্রয় বিক্রয় হয়। মনোপুরে প্রবৃত্তি নিবৃত্তি গত বনিকগণ বুদ্ধ্যাদি মহাজনগণের নিকট হইতে প্রয়োজনীয় ভাবরূপী দ্রব্যাদি ক্রয় বিক্রয়াদি করিয়া সুখে বাস করেন। গ্রাম বলিতে যেখানে বুদ্ধ্যাদির সদস ভাব ক্রয় বিক্রয়াদি ব্যতীত কেবল গ্রাম্য সুখ বা মোহ থাকে। কারণ হট্টাদি শূন্য স্থানকেই গ্রাম কহে। গোচারণ স্থানকে ব্রজ কহে। ইন্দ্রিয় বিহার স্থলই বিষয়পঙ্ক রূপে ব্রজ নির্দ্দিষ্যমান। উদ্যান বলিতে ইচ্ছামতে সজ্জিত ফলময় বৃক্ষ সজ্জিত ভূমি, এস্থলে সুফল প্রসব কারী যজ্ঞাদিকে উদ্যান কহে। সাধনা স্থলকে ক্ষেত্র কহে, এই রূপে দেহের মধ্যে মর্ত্তাভূমে বা স্থূল দেহে যে সকল সাধুসংস্কার ছিল, কুবাসনার বৃত্তি সমূহ রূপে হিরণ্যকশিপুর অনুচরেরা আসিয়া তাহা দাহাদি করিয়া বিকৃতি ভাবাপন্ন করিতে থাকিল। উহাতে সাধুবৃত্তির অভাবে যজ্ঞাদি কার্য্য নির্ব্বাহ না হওয়াতে সাধুভাবের প্রকাশক দেবতাগণ অলক্ষ্যে মর্ত্তাভূমে থাকিলেন, অর্থাৎ তাঁহাদের এমন ক্ষমতা হইল না যে, তাঁহারা দৈত্যবৃত্তি নাশ করেন। এইরূপে কুবাসনা কর্ত্তৃক জীবগণের বিকৃতি প্রকাশ হইল।

হে যুধিষ্ঠির! প্রথমে দানববর হিরণ্যকশিপু ভ্রাতৃশোকে অন্ধ হইয়া বিষ্ণুকে উৎপীড়িত করিতে তাঁহার আবাস স্বরূপ মর্ত্তাভূমির সাধুস্থান সমূহের উৎপীড়ন করিয়া, পরে আপনার ভ্রাতার শ্রাদ্ধাদি পরলোক ক্রিয়া সমাপন করিল। শেষে শকুনি, শম্বর, ধৃষ্টি, ভূতসন্তাপন, বৃক, কালনাভ, মহানাভ, হরিশ্মশ্রু, উৎকচ প্রভৃতি ভ্রাতুষ্পুত্র এবং ভ্রাতৃবধূ ভানু ও জননী দিতিকে সান্ত্বনা করিতে দেশ কালজ্ঞ দৈত্যরাজেশ্বর হিরণ্যকশিপু এই সকল কথা তাঁহাদের বলিল। ৭। ২ ।১৫

হিরণ্যকশিপু কহিল ঃ—

হে অম্ব! আপনি বীর কন্যা, হে বধূ আপনিও বীরপত্নি, হে পুত্রগণ! তোমরাও বীর নন্দন মহাবীর হইতেছ; আমার ভ্রাতা, স্বয়ং মহাবীর্য্য দেখাইয়া বীরোচিত শত্রু অভিমুখে সমর করিয়া পরমপূজ্য ও বীরগণের আকাঙ্ক্ষিত গতি প্রাপ্ত হইয়াছেন। তাঁহার জন্য দুঃখকরা উচিত হয় হয় না। ৭। ২। ১৬

হে জননি! আপনি শোক পরিত্যাগ করুন, যেমন ভিন্ন ভিন্ন উদ্দেশে পথিকগণ পথে চলিতে চলিতে এক পান্থশালায় উপস্থিত হইয়া শেষে আপনাপন উদ্দেশ্য সাধিয়া চলিয়া যায়, তদ্রূপ ইহসংসার পান্থশালার স্বরূপ, এই স্থানে প্রাণীগণ আপনাপন কর্ম্মগতে সংযোগ হইয়া কিছুকাল কার্য্য করে, পরে দৈবকর্ত্তৃক কর্ম্মফল ক্ষয়ে পুনরায় পথিকগণের ন্যায় বিয়োজিত হইয়া থাকে। ৭। ২। ১৭

ব্যাখ্যা। হিরণ্যকশিপুকে সাধু বুদ্ধির ন্যায় সাজাইয়া বিষয়প্রিয় সাধারণ ব্যক্তিগণ যে সকল যুক্তি দ্বারা আপনাদের বিশ্বাসকে মূলীভূত করিয়া সংসারে বিহার করে, এস্থলে তাহাই প্রকাশ করিতে হিরণ্যকশিপুর উক্তিতে, পূর্ব্ব কথিত দুইটী শ্লোক দ্বারা লৌকিক যুক্তিতে শোক নাশের চেষ্টা দেখান হইল। এই সকল লৌকিক যুক্তিতে সাধারণ বুদ্ধিতে কেহ ঈশ্বরের লীলা বা বশ্য বলিয়া স্বীকার করে না। দৈবের বা অবশ্যম্ভাবী ঘটনা বলিয়া স্বীকার করে। পরে তত্ত্বযুক্তি বলা হইবে।

হে জননি! আত্মা যিনি, তিনি নিত্য, জন্ম মৃত্যুশূন্য; কোন প্রকার ক্ষয় বিহীন, মায়া বা অজ্ঞান মলিনতা হইতে নির্ম্মল, সর্ব্বজ্ঞ ও সর্বগত হইতেছেন। সেই আত্মা আপনার মায়াস্থ অবিদ্যাংশকে আশ্রয় করিয়া সত্ত্বরজোতমো গুণাদির কার্য্য সৃজন করিয়া ভোগার্থে এই বর্ত্তমান শরীর গ্রহণ করিয়া থাকেন মাত্র। অতএব গুণ ভোগার্থ শরীর ক্ষয় হইলে, ভোগ কর্ত্তার নাশ কখনই স্বীকার্য্য নহে। ৭। ২। ১৮

হে জননি! দেখুন, যেমন জল কম্পিত হইলে, তাহাতে প্রতিবিম্বিত তরুকেও কম্পিত বলিয়া বোধ হয়। যেমন চক্ষুর ভ্রম উপস্থিত হইলে, ভূভাগকে ঘুরিতে দেখা যায় কিন্তু বাস্তবিক বৃক্ষ বা ভূমি কেহই কম্পিত বা ঘূর্ণিত নহে, কেবল জল ও চক্ষুরূপী উপাধির ঘূর্ণন ও কম্পনে ঐরূপ দেখায় বুঝিতে হয়। তদ্রূপ আত্মার উপাধি মাত্র ভৌতিক গুণময় দেহ ক্ষয়ে, আত্মার নাশ হইল বোধ হয় মাত্র, বাস্তবিক আত্মার ক্ষয় নাই। আত্মারূপী পুরুষ অপক্ষয় শূন্য ও পরিপূর্ণ হইতেছেন, যখন জীবের মন অবিদ্যাগত গুণে যেভাবে মগ্ন হয়, শরীর হইতে অতীত হইলেও আত্মা শরীর উপাধির অন্তর্গত বলিয়া, সেই মনের ভাবানুসারে আত্মাকে তদ্ভাবাপন্ন বলিয়া বোধ হয়; যেন মনের আনন্দে আত্মা আনন্দিত, যেন মনের দুঃখে আত্মা দুঃখিত, বোধ হয় মাত্র। বাস্তবিক আত্মা সুখী বা দুঃখী নহেন। ৭। ২। ১৯। ২০

পরিপূর্ণ আত্মার প্রতি শরীরারোপ করিয়া, তাঁহাকে শরীরী বলিয়া ভাবিলে জীবের হৃদয়ে ভীষণ অজ্ঞান ভ্রান্তির উদয় হইয়া থাকে। এই অকিঞ্চিৎকর ভাবনা হইতেই জীবে ক্রমে উন্নত ও মঙ্গল পথ হইতে বিচ্যুত হয়, অমঙ্গলকর পথ সতত প্রাপ্ত হইয়া থাকে। ইহা হইতেই অজ্ঞান সংস্কার হেতু জীবের জন্ম ও মৃত্যু জনিত কর্ম্মানুসারে নানাযোনী ও সংসার লাভ হয়। ৭। ২। ২১

হে জননি! ইহ সংসারে কেবল এক মাত্রই আত্মার অনিশ্চয় বুদ্ধি নিবন্ধনই অজ্ঞানের সঞ্চার হয়, সেই অবিবেকতা হইতেই জীবের সংশয়াশ্রিত অবিবেক, ঘোর চিন্তা, জন্ম, মৃত্যু ও শোকাদি বিবিধ দুঃখ উপস্থিত, নিশ্চয়ই হইয়া থাকে। ৭। ২। ২২

হে জননি! আপনার শোকাপনোদের হেতু একটী প্রাচীন উপাখ্যান বলিতেছি, প্রাচীনগণে সেই উপাখ্যান সতত কহিয়া থাকেন। তাহাতে কোন এক মৃতব্যক্তির আত্মীয় সহিত যমদেবের সংবাদ বর্ণিত আছে। আপনি শ্রবণ করুন। ৭।২।২৩

দেখুন মাত! পুরাকালে উশীনর দেশে সুযজ্ঞ নামে এক প্রবল পরাক্রান্ত রাজা ছিলেন। কোন যুদ্ধে তিনি শত্রুগণের হস্তে জীবের ন্যায় সমরে মৃত হয়েন। তাঁহার মৃত্যু ঘটিলে জ্ঞাতিগণ তাঁহাকে বেষ্টন করিয়া থাকিল। সেই সময়ে তাঁহার রত্ন কবচ বিশীর্ণ হইয়াছিল; মাল্যাভরণাদি অঙ্গ হইতে বিভ্রষ্ট হইয়াছিল। হৃদয়দেশ তীক্ষ্ণশরে নির্ভিন্ন হইয়াছিল, তিনি সেই অবস্থায় শোণিতলিপ্ত কলেবরে ভূমে পতিত ছিলেন। ৭।২।২৪।২৫

সেই মৃত অবস্থায় কেশ সমূহ ইতস্ততঃ বিকীর্ণ হইয়াছিল। চক্ষুদ্বয়ের জ্যোতিঃ হ্রাস হইয়াছিল। মৃত্যুর পূর্ব্বে ক্রোধান্বিত ছিলেন বলিয়া ক্রোধাবেগ বশতঃ দন্তে অধর ধারণ করিয়া ছিলেন। মুখকমল রণাঙ্গন ধূলিতে আচ্ছন্ন হইয়াছিল। যুদ্ধে সমস্ত অস্ত্রের সহিত হস্তও ছিন্ন হইয়াছিল। ৭।২।২৬

হে জননি! সেই উশী-নরেন্দ্রের মহিষীগণ নিজস্বামীকে, বিধির বিপাক বশতঃ সেই অবস্থায় মৃত ও পতিত দেখিয়া একেবারে শোকে আকুল ও দুঃখিত হইলেন। অন্তঃপুর সকলেই হায় নাথ, হত হইয়াছেন, এই কথা বলিয়া বক্ষে করাঘাত ও উচ্চৈঃস্বরে রোদন করিতে করিতে সেই মৃত স্বামীর পদমূলে পতিত হইলেন, তাঁহাদের করুণ ক্রন্দনে নয়নের অশ্রুবেগ গণ্ডদেশ বহিয়া বক্ষঃস্থ কুচ সংলগ্ন কুঙ্কুমকে ধৌত করিয়া সেই মৃত স্বামীর পাদপদ্মে পতিত হইতে থাকিল। সেই সময়ে তাঁহাদের কেশ ও আভরণ সমূহ বিস্রস্ত হইতেছিল, তাঁহারা জীবন শোকাকুলা হইয়া সকল লোকের মনে শোকবেগ উথলিয়া উচ্চৈঃস্বরে বিলাপ করিতে থাকিলেন। ৭।২।২৭

হে জননি! সেই মহিষীগণে ক্রন্দন করিতে করিতে কহিলেন:—

হে বিধাতঃ, তুমি কি নির্দ্দয়! আমাদের যে পতি উশীনর রাজ্যের অধিপতি এবং অসংখ্য প্রজার অন্নদাতা ছিলেন, তুমি তাঁহার এইরূপ শোক বিবর্দ্ধনকারী দশা ঘটাইলে? হে স্বামিন্, অকরুণ বিধাতা আপনার যে দশা ঘটাইয়াছেন, আমরা আর তাহা দেখিয়া সহ্য করিতে পারিতেছিনা। ৭।২।২৮

হে মহীপতে! হে সুহৃত্তম! আপনার ন্যায় কৃতজ্ঞ স্বামী বিহনে আমরা কেমন করিয়া এবং কোন সুখে জীবিত থাকিব। আমরা চিরকাল আপনার ন্যায় জীবের পদসেবায় অভিলাষী হইতেছি, আপনার বিরহ আমরা ক্ষণমাত্র সহ্য করিতে পারিব না। আপনি যেদিকে যাইবেন আমরাও সেই দিকে আপনার পশ্চাৎ পশ্চাৎ গমন করিব। ৭।২।২৯

হে জননি! সেই মৃতপতিকে ক্রোড়ে করিয়া মহিষীগণ অত্যন্ত বিলাপ করিতে

থাকিলেন, পতির মৃত দেহকে সংকার করিতে তাঁহাদের ইচ্ছা হইল না। এই ভাবে সারাদিন অবসান হইয়া আসিল, ভগবান তপন দেবও অস্তে গমন করিলেন। ৭।২।৩০

সেই মৃত মহীপতির বন্ধুগণের করুণ ধ্বনি ক্রমে যমপুরে প্রবেশ করিলে, ভগবান যম তাহা শ্রবণ করিলেন। তজ্জন্যে তিনি বালকভাবে সেই রণভূমিতে আসিয়া মহিষী-গণকে সম্বোধন করিয়া, তাঁহাদের প্রবোধচ্ছলে এই সকল কথা কহিতে থাকিলেন। ৭।২।৩১

মহাত্মা যম, নারীগণের সম্মুখে আসিয়া কহিলেন :—

হায়! হায়! কি আশ্চর্য্য! আমরা বালক যাহা বুঝি, ইহারা বয়সে জ্যেষ্ঠা হইয়াও তাহা বুঝিতে পারে না। প্রাণীমাত্রেরই চিরকাল জন্ম মৃত্যু হইয়া থাকে, ইহা নিত্য দেখিয়াও ইহারা কেন শোক করিতেছে, বুঝিতে পারি না। মনুষ্য যে স্থান হইতে আসিয়াছিল, সেই স্থানেই পরিণত হইল এবং সকল মানবেই জন্ম ও মৃত্যুধর্ম্মী হই-তেছে, ইহা বুঝিয়াও তবে কেন বৃথা শোক করিতেছে। ৭।২।৩২

ব্যাখ্যা। যমদেব পরলোকের বক্তা বলিয়া তাঁহার উক্তিতে পরলোকের কথা শ্রীব্যাস কৌশলে হিরণ্যকশিপুর উক্তিতে প্রকাশ করিতেছেন, ইহাতে শ্রীব্যাসের মীমাং-সার পারলৌকিক সত্যতত্ত্বই প্রকাশ হইবে। প্রাণীমাত্রই নিত্যস্বভাবে বা সূক্ষ্মভাবে পরিণত হইলেই স্থূল হইতে অতীত ও অদৃশ্য হয়, ইহাকেই মৃত্যু কহে এবং প্রাণীগণ যখন স্থূল গঠন যুক্ত হইয়া সংসারে প্রকাশ হয়, তখনই তাহার জন্ম হইতেছে। এবিষয়ে গীতা বলিতেছেন :

অব্যক্তাদীনি ভূতানি ব্যক্তমধ্যানি ভারত।
অব্যক্তনিধনান্যেব তত্র কা পরিদেবনাঃ।

অস্যার্থ : প্রতি প্রাণীরই অব্যক্ত বা সূক্ষ্ম এবং ব্যক্ত বা স্থূল অবস্থা আছে, যখন প্রাণী অব্যক্ত অবস্থায় পরিণত ও ভূত বিচ্ছেদ প্রাপ্ত হয়, তখনই তাহার পক্ষে মৃত্যু। যখন প্রাণীর ভূতসংযোগে স্থূল পরিবর্ত্তন ঘটে, তখনই তাহার জন্ম হয়। অতএব হে ভারত! জন্ম বা মৃত্যুতে আনন্দ বা দুঃখের প্রয়োজন কি?

শ্রীযমের উক্তিতে শ্রীব্যাস মহিষীগণের প্রবোধচ্ছলে তাহাই প্রকাশ করিতেছেন; পরে অপর কথা বলা হইতেছে।

একণে আমি দেখিতেছি আমাদের ন্যায় অবস্থাপন্ন বালকেরাই ধন্য, কারণ আমরা পিতা মাতা কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া একদিনের জন্যও আপনাদের ভবিষ্যৎ ভাবিতে চেষ্টাও করি নাই। আমরা দুর্ব্বল বলিয়া হিংস্র ব্যাঘ্রাদিগণেও আমাদের আহার করে নাই। কারণ, যিনি আমাদের গর্ভে রক্ষা করিয়াছেন, তিনিই আমাদের সংসারের রক্ষা কর্ত্তা হইতেছেন; তিনি আমাদের চিরকাল রক্ষা করিয়া থাকেন। ৭। ২। ৩৩

ব্যাখ্যা। পূর্ব্ব শ্লোকে জন্ম ও মৃত্যুকে প্রাণীগণের স্বধর্ম্ম বুঝাইয়া তাহাতে শোক কার্য্য অনুচিত ইহা বলা হইয়াছে। একণে বলা হইতেছে; মাতা পিতা এবং স্বামী প্রভৃতি সকলেই পত্নী পুত্রাদির রক্ষা কর্ত্তা হইতেছেন। তাঁহাদের নিকটে রক্ষিত হইলে তবে নিরাপদে জীবিত থাকা যায়। অতএব রক্ষা কর্ত্তা বলিয়া তাঁহাদের মৃত্যুতে শোক করা উচিত। এইরূপ যুক্তিকে খণ্ডন করিতে এই শ্লোকে বলা হইল, মাতা পিতা বা স্বামী রক্ষাকার্য্যের পক্ষে গৌন কারণ আর স্বয়ং সর্ব্বরক্ষক ঈশ্বরই মুখ্য কারণ হইতেছেন। কার্য্যতঃ দেখা যায় স্তনের দুগ্ধ, পুত্রের রক্ষার্থে চেষ্টায় উৎপাদক স্নেহ; এ সমস্তই ঈশ্বর শক্তি হইতে জাত; স্বামীর প্রণয়ও এইরূপ প্রেমীভাবের পরিচারক হইতেছে বিশেষ রূপে বিবেচনা করিলে দেখা যায় যে একেতো জীবের ধ্বংশশূন্য স্থূলের পরিবর্ত্তন মৃত্যু, তখন মৃতের জন্য শোক কর্ত্তব্য নহে। দ্বিতীয়তঃ গৌন রক্ষা কর্ত্তা পিতা, মাতা বা স্বামী প্রভৃতির জন্য যদি এত শোক উপস্থিত ও তাহাদের বিরহ বোধ হয় তাহা হইলে মুখ্য রক্ষাকারী ঈশ্বরের জন্য অধিক পরিমাণে বিরহ ভোগ করা উচিত, কারণ মৃতের ন্যায়, তিনিতো চিরকাল অদৃশ্য রহিয়াছেন। পরে ঈশ্বর কার্য্য বলা হইতেছে।

হে নারীগণ! সেই ঈশ্বর আপন ইচ্ছাতেই যেমন এই বিশ্বের সৃজন করেন, ইহার রক্ষা করেন, এবং ইচ্ছা হইলেই যেমন ইহার সংহার করেন; সেই রূপ চরাচরের প্রাণীগণের জন্মমৃত্যুর পক্ষে তিনিই কর্ত্তা হইতেছেন। এসকল কার্য্যই তাঁহার পক্ষে ক্রীড় মাত্র। এই কথা প্রাচীনগণে কহিয়া থাকেন। ৭। ২। ৩৪

হে নারীগণ! আরো দেখ, দৈব কর্ত্তৃক রক্ষিত হইলে, জীব অনাথ ভাবে পথে পতিত থাকিলেও রক্ষা পায়। আর ঈশ্বর কর্ত্তৃক নিধনের কাল উপস্থিত হইলে, উত্তম রূপে গৃহে রক্ষিত হইলেও মৃত হইয়া থাকে। ইহাতে দেখা যাইতেছে দৈবের ইচ্ছায় যে প্রাণী জীবিত থাকিবে, সে গৃহ দূরে থাকুক অনাথ ভাবে পথে পতিত থাকিলেও বাঁচিয়া থাকে

আর যে ব্যক্তি ঈশ্বরেচ্ছায় মৃত্যু প্রাপ্ত হইবার উপযুক্ত হয়, সে গৃহে উত্তম রূপে পিতা মাতাদির সাহায্যে রক্ষিত হইলেও নিশ্চয় মৃত হয়। (অতএব রক্ষা ও মৃত্যু সমস্তই ঈশ্বরাধীন বুঝিয়া তাঁহাকে ভক্তি করা উচিত। ৭।২।৩৫

হে নারীগণ! ঈশ্বরের ইচ্ছায় জন্ম ও মৃত্যু এবং রক্ষা প্রাণীগণের ঘটে বলিয়া, তাহাদের আত্মার জন্মাদি ঘটে না বুঝিবে। কারণ স্থূল দেহের বিনাশকেই মৃত্যু কহে। প্রাণীগণের লিঙ্গ শরীরের (মনোময় দেহের) কর্ম্মগতে জীবে যোনী লাভ করিয়া সেই যোনী অনুসারে দেহ প্রাপ্ত হয় এবং কর্ম্মবশেই সেই স্থূল দেহকেও ক্ষয় করিয়া মৃতও হইয়া থাকে। প্রকৃতির অতীত যিনি আত্মা হইতেছেন, অতএব তাঁহাতে জন্ম মৃত্যুরূপী দেহ ধর্ম্ম সংযুক্ত হইতে পারে না, তিনি কখনই জন্মেন না, মৃতও হয়েন না। ৭।২।৩৬

হে নারীগণ! এই দেহ, যাহা আত্মার পক্ষে একবস্তু বলিয়া বোধ হয়, তাহা পৃথক ভৌতিক বস্তু হইতেছে, আত্মার ভৌতিক আবরণ বা গৃহ বটে, তৎসমধর্ম্মী বস্তু নহে। তবে যে দেহের কৃশত্বাদি ও পীড়াদিতে আত্মার পীড়া অনুভব হয়, সে কেবল জীবাত্মার মায়াবিলাস জনিত ভ্রান্তি হইতে ঘটে। বাস্তবিক জীবের তত্ত্ববোধ হইলে দেহাদিতে মমতা থাকিতে পারে না। যেমন জলের বুদ্ বুদ্, যেমন মৃত্তিকার ঘটাদি, যেমন স্বর্ণাদি হইতে কুণ্ডলাদি রূপান্তরিত হইয়া আবার কালক্রমে সেই পূর্ব কারণ রূপী জলে, মৃত্তিকার ও স্বর্ণাদিতে মিলিত হয়, তদ্রূপ কালক্রমে এই দেহ ভূতাংশ হইতে প্রস্তুত হইয়া, আত্মার প্রয়োজন সাধন যতদিন করিতে পারে, ততদিনই জীবিত থাকে, পরে কালক্রমে দেহের ক্ষয় হইলে উহা পূর্ব কারণ স্বরূপ পঞ্চভাবেই মিলিত হইয়া থাকে বুঝিতে হইবে। ৭।২।৩৭

ব্যাখ্যা। আত্মার সহিত দেহধর্ম্ম দেখাইতে বলা হইল; জীবে যে দেহের কষ্ট অনুভব করে, সেটী কেবল তাহার তত্ত্বজ্ঞানাভাবে বুঝিতে হইবে। পূর্বে বলা হইয়াছে যে পরমাত্মার যে স্বভাবটী প্রকৃতির মায়াভাগে বিম্বিত হয়েন, সেই স্বভাবটী প্রাকৃতিক গুণ হইতে স্বাধীন, কিন্তু ঐ বিম্বিত ভাগের একটী প্রভা যাহা মায়ার অবিদ্যাংশে প্রতিবিম্বিত হয়, তাহাই অবিদ্যাধীন জীব হইতেছে। যে বস্তু আত্ম ধর্ম্ম প্রকাশ করিতে না পারিয়া অপর বস্তুধর্ম্মের আবরণে আবৃত হইয়া থাকে, তাহাকে অধীন কহে। যেমন শ্বেত-জ্যোতিকে রক্ত পীতাদি বর্ণের অধীনে দেখিলে ঐ শ্বেতবর্ণকে রক্তপীত বর্ণ বলিয়া বোধ হয়, তদ্রূপ অবিদ্যাভাবের অধীন জীবাত্মাকে অবিদ্যাধীন বলিয়া বোধ হইয়া থাকে। বিবেক শক্তি দ্বারা ঐ জীবে এমন স্বভাব প্রকাশ হয় যাহা ঈশ্বরের ন্যায় জীবকেও মায়া হইতে স্বাধীন করে, ঐ বিবেক চেষ্টার দ্বারা জীবাত্মাকে অবিদ্যাতীত প্রযোজন করিলে

ভার অবিদ্যা রূপী মোহ নষ্ট করে। যেমন প্রস্তরগত কিম্বা কাষ্ঠগত অগ্নিতেজ ঘর্ষণাদিতে অপর তেজের সাহায্য ব্যতীত প্রকাশ হইতে পারে না, বর্দ্ধিত তেজ না হইলে সেই লুপ্ত অগ্নি যেমন কাষ্ঠ প্রস্তরাদিকে ভস্ম করিতে পারে না, তদ্রূপ জীবাত্মা আপনার স্বরূপতেজে অবিদ্যাতে আবৃত থাকেন, পরে তত্ত্বজ্ঞানরূপী ঐশী শক্তির সাহায্য পাইলেই আত্মস্বভাব বর্দ্ধিত করিয়া অবিদ্যাকে ধ্বংশ করতঃ স্বাধীন হইয়া থাকে। ইহাতে বিশেষ বুঝান হইল যে, কেবল বিবেক জ্ঞানাভাবে জীব নিজের ঐশী স্বভাব হারাইয়া দেহ ভোগ করে, কিন্তু কোন উপায়ে সেই জীব ঐশী শক্তি প্রাপ্ত হইলেই অবিদ্যা হইতে অতীত হইয়া যায়। জীব যদি এরূপ স্বাধীনে ও পরাধীন হইলেন, তবে দেহ কিউপায়ে গঠিত ও ক্ষয় হয়, তদ্বিষয়ে বলা হইল, মায়া বা অবিদ্যা আত্মার প্রয়োজন সাধানের জন্য কাল ক্রমে এই দেহ পঞ্চভূত সংযোগে প্রস্তুত করেন, এবং কাল ক্রমে উহার ক্ষয় হইয়া থাকে। যেমন বুদ্ বুদ্, ঘট ও ও কুণ্ডলাদি পরিণাম প্রাপ্ত হইয়া থাকে। পরে আত্মার অবস্থা দেখান হইতেছে।

যেমন কাষ্ঠের অন্তঃস্থিত অগ্নি কাষ্ঠময় প্রতীত হইলে কি হইবে, প্রকাশাবস্থায় পৃথক বোধ হয়, যেমন শরীরাভ্যন্তরস্থ প্রাণাদি বায়ু, দেহাভ্যান্তরে থাকিয়া পৃথক কার্য্য ও স্বভাব প্রকাশ করে, যেমন আকাশ সকলের অন্তরে অন্তরে প্রবিষ্ট থাকিয়াও কোন বস্তুধর্ম্ম লাভ করিতে পারে না, সেইরূপ আত্মারূপী দেহপুরবাসী সত্ত্বা, ইন্দ্রিয় ও দেহ ধর্ম্মের অন্তর্গত থাকিয়াও পৃথক হইতেছেন। ৭। ২। ৩৮

হে মূঢ়া কামিনীগণ! স্বামীর দেহকেই তোমরা দেখিয়া, তদালিঙ্গনে পরমানন্দিত হইয়া বিমুগ্ধ হইয়া থাক, সেই দেহতো তোমাদের সম্মুখে শায়িত রহিয়াছে; তোমাদের সুযজ্ঞ নামধারী স্বামীর দেহ সম্মুখে শায়িত থাকিতে এত শোক কেন করিতেছ? যদি বল উনি এক্ষণে তোমাদের কথা শ্রবণ করিতে পারিতেছেন না, কিম্বা তোমাদের সহিত কথোপকথন করিতেছেন না; সেই জন্য শোক করিতেছ; এটী তোমাদের মহাভ্রম হইতেছে, কারণ ঐ দেহের মধ্যে যাহার সত্ত্বায় কথন শ্রবণাদি কার্য্য হইত; সে বস্তুকেতো তোমরা কখনই দেখিতে পাও নাই, এবং কেহও কখন দেখিতে পায় নাই। অতএব যে বস্তু দর্শনাদি হয় নাই তাহাতে প্রীতিও হইতে পারে না, এবং তদ্বিরহে শোকাদিও উপস্থিত হইতে পারে না। ৭। ২। ৩৯

হে মূর্খ কামিনীগণ! যদি তোমরা বল প্রাণ ছিল বলিয়া স্বামী কথা কহিতেন, সেই প্রাণ বায়ু তোমারা পূর্ব্বে দেখিতে ও অনুভব করিতে, এক্ষণে তদভাবে মৃত ভাবিয়া অনুতাপ করিতেছ। এভাবনাও মিথ্যা, কারণ প্রাণ ইন্দ্রিয়গণের চেষ্টা মাত্র দিয়া থাকেন,

এই জন্য মাননীয়, কিন্তু কখন শ্রবণে প্রাণের ক্ষমতা নাই, কারণ সে অচেতন বস্তু হইতেছে। এই দেহের মধ্যে ইন্দ্রিয় ও প্রাণাদিকে যে সত্তা কার্য্য করাইয়া থাকেন, যিনি প্রাণদেহাদি অচেতন স্বভাবের চেতয়িতা, তিনিই অদৃশ্য, অপরিণামী, অজ, অব্যয় ও আত্মা হইতেছেন, অতএব চিরজীবন্ত সত্তাকে মৃত ভাবিয়া শোক করা অনুচিত হইতেছে। ৭। ২। ৪০

হে নারীগণ! তোমরা যদি বল আত্মা দেহাতীত এবং চৈতন্যস্বরূপ হইলে দেহের সহিত যদি তাঁহার কোন সম্বন্ধই নাই, তবে তাঁহার দেহাভিমান উপস্থিত হয় কেন? তাহার প্রমাণ শ্রবণ কর:-

সেই আত্মা যখন দেহের অন্তর্যামী হইয়া সংসারে ঈশ্বরের নিয়োগে প্রকাশ হয়েন, তখন তিনি ভূতেন্দ্রিয় ও মনোময় হইয়া উহাদের স্বভাবের অন্তর্গত হয়েন বলিয়া, সঙ্গহেতু তাদৃশ অনুভব হয়। আবার যখন আত্মজ্যোতিকা লাভ করিতে পারেন, তখনই তিনি মায়াসঙ্গ ত্যাগ করিয়া স্বাধীন হইতে পারেন। ৭। ২। ৪১

ব্যাখ্যা। পূর্ব্বে বলা হইয়াছে অগ্নি যেমন প্রাকৃতিক নিয়মে কাষ্ঠের মধ্যে কাষ্ঠধর্ম্ম প্রাপ্ত হইয়া থাকে, বায়ি যেমন মৃত্তিকায় মিশ্রিত হইয়া মৃত্তিকাধর্ম্ম লাভ করিয়া থাকে বা মলিন থাকে। আলোক যেমন বর্ণের স্বভাবানুসারে বিবিধ দেখায়, তদ্রূপ আত্মা বায়ু ও বিশুদ্ধ বস্তু ও দেহ, ভূত, ইন্দ্রিয় ও মনের অন্তর্যামী হইয়া উহাদের স্বভাবে আবৃত ও তৎকালে পরিণত হইয়া থাকেন। তাহাতেই সূর্য্যকিরণে বাহ্যশরীরের উত্তাপ যাতনা উপস্থিত হইলে, স্পর্শশক্তির ক্ষমতায় সেই যাতনা মনের বোধক হয়; পরে মনের অনুভবে বুদ্ধির সাক্ষী আত্মাও তাহা অনুভব করেন। যেমন ঘ্রাণ শক্তি যখন যে গন্ধ পায় সেই গন্ধের অস্তিত্বকাল পর্য্যন্ত তাহার অনুভব করে, পরে অপর গন্ধের স্বভাব পাইলে তাহা ভোগ করে। ইহাতে বেশ বুঝা যায়, নাসার বোধ শক্তি গন্ধ পাইলেই ঘ্রাণ করিয়া তদ্গন্ধ স্বভাব ভেদে বোধ করিতে পারে, গন্ধের সত্তা অভাবে আর তাহার গন্ধবোধ হয় না। এই নিয়মে আত্মাও ভূতেন্দ্রিয় মনোময় দেহের অন্তর্গত যতক্ষণ থাকেন, ততক্ষণই দেহ ধর্ম্ম, কর্ম্ম স্বভাবাদি ভোগ করেন, দেহ ধর্ম্মাতীত হইলে আর ভোগ করেন না। মৃত্যুতে কেবল ভৌতিকাংশের বিনাশ ঘটে, ইন্দ্রিয় মনোময় অংশের বিচ্ছেদ ঘটেনা, এইজন্য মৃত্যুতে আত্মার দেহভোগ ক্ষয় পায় না। তবে কি উপায়ে তাহা ক্ষয় পায়, তজ্জন্য বলা হইল আত্মা আপনার তেজকে যখন প্রকাশ করিতে পারেন, তখন কাষ্ঠ প্রকাশ্য অগ্নির ন্যায় ভূতেন্দ্রিয় মনকে ত্যাগ করিতে পারেন। ইহাতে দেহ সম্বন্ধ ও মুক্তির কথা বলা হইল। পরে সংসারের কথা বলা হইতেছে।

হে কামিনীগণ! যদি তোমরা বল যে এই আত্মা এমন বিশুদ্ধ বস্তু হইয়া, বিবেক স্বভাবী হইয়া পুনরায় দেহধর্ম্ম কিরূপে প্রাপ্ত হইলেন—তাহা শ্রবণ কর :-

সৃষ্টির ইচ্ছায় আত্মা জীবধর্ম্ম প্রাপ্ত হইলেই ভূতেন্দ্রিয় মনোস্বভাবে তিনি যতদিন জন্ম মৃত্যু গত হইয়া আবৃত থাকেন, ততদিনই তাঁহাকে কর্ম্মে প্রবৃত্তিমান থাকিতে হয়। মায়াশক্তির ক্ষমতায় সেই কর্ম্মে প্রবৃত্তিমান থাকিলেই দেহ ধর্ম্ম স্বভাবতঃ তাঁহাতে আরোপিত হয়। দেহ স্বভাব ভোগ করিতে করিতে প্রকৃতির ক্ষমতায় তাঁহাতে ক্রমে ক্লেশের আবির্ভাব হয়। আত্মাতে এই অবিদ্যা স্বভাব সমূহের আরোপ কল্পনা মাত্র বুঝিতে হইবে। ৭। ২। ৪২

ব্যাখ্যা। সৃষ্টির ইচ্ছায় ঈশ্বর প্রতিবিম্ব জীব ভাবাপন্ন হইলেই, ভূতেন্দ্রিয় মনের অন্তর্যামী হয়েন। অন্তর্যামী হইয়া দেহভাব অর্থাৎ সুখ দুঃখাদি অবিদ্যাভাব কিরূপে লাভ করেন ?—তদ্বিষয়ে বলা হইল :—ভূতের,ইন্দ্রিয়ের ও মনের চেতয়িতা হইয়া, জীব ভূতাদির অভাব শক্তিবলে পূরণ করিয়া থাকেন। অর্থাৎ দেহের যে অংশ ক্ষয় হয় তাহা পূরণ করেন, যে অংশ পূর্ণ থাকে তাহার ক্ষয় করেন। এই কার্য্য হেতু ক্ষুধা তৃষ্ণা ও নিদ্রা জাগরণাদির প্রকাশ হয়। দেহজন্য চেতয়িতার এই সকল কার্য্য করিতে করিতে, আত্মা সেই সকল কার্য্যে আবদ্ধ হইয়া পড়েন অর্থাৎ ক্ষুধার ও তৃষ্ণার স্বভাবে মত্ত হইয়া থাকেন, এই ক্ষুধা তৃষ্ণার আশক্তি হইতেই ক্রমে ভৌতিক প্রাণ, ইন্দ্রিয় ও মনো স্বভাবের অধীন হইলে তাঁহার পূর্ববিবেক হ্রাস প্রাপ্ত হয় বা বিপর্য্যয় ঘটে। মায়ার স্বভাববশে বিপর্য্যয় ঘটিলে কাষ্ঠগত অগ্নির ন্যায় দেহভাবেই অন্তর্যামী থাকেন, এবং দেহভাব ভোগ করেন। ঐ দেহভাব ভোগ করিতে অবিদ্যার রিপু স্বভাব ভোগ হয়। দেহস্বভাব বলিতে শ্রবণ, দর্শন, আঘ্রাণ, স্পর্শন, আস্বাদন, গমন, গ্রহণ, কথন, মৈথুন, মেহনাদি এবং আহার, নিদ্রা, ভয়, ক্রোধাদি বুঝিতে হইবে। এই সকল মায়াশক্তির সংযোগ ও ভোগ হইতে ক্রমে আমি দুঃখী আমি সুখী এইরূপ অনুভব জাত অভিমান জন্মে। সেই অভিমান ও রিপুভোগ করিতে করিতে একটী ঘোর তামস সংস্কার আত্মায় ভোগার্থ আবির্ভাব হয়, তাহাকেই ক্লেশ কহে। এই ক্লেশের উদয়ে বিবেক শক্তি একেবারে বিলীন হইয়া থাকে। রাগ, দ্বেষ, অভিনিবেশ, মোহ মোহ মহাশক্তিকে ক্লেশপঞ্চক কহে। এই অভিমান বন্ধন এবং ক্লেশ ভোগই জীবভাবের সুখ দুঃখময় সংসার ভোগ হইতেছে। ইহাতে সংসার ও তদীয় ক্লেশাদি ও অভিমানাদি ভোগ সমস্তই কাল্পনিক। কেবল এক আত্মাকেই সত্য বলা হইল।

হে কামিনীগণ! তোমরা যদি বল, সত্য যে বস্তু নহে, তাহার অনুভব কিরূপে ঘটিতে পারে, অতএব সংসারের ক্লেশাদি বা সুখ দুঃখ মিথ্যা কিরূপে হইবে? ইহার বিচার শ্রবণকর ;—

সত্ত্বাদি প্রাকৃতিক ধর্ম্ম বা শব্দ স্পর্শাদি বিষয় পঞ্চকে ভোগ জন্য তাহাদের অনুভব করিতে করিতে তাহাদের কার্য্যস্বরূপ সুখ ও দুঃখাদি সত্য বোধ হয় মাত্র, বাস্তবিক তাহাদের সত্ত্বা অলীক মাত্র। গুণসমূহে অভিনিবেশ জন্য এরূপ ঘটিয়া থাকে। যেমন স্বপ্নের ঘটনা সমস্তই ইন্দ্রিয়ে অনুভূত হয়, কিন্তু সে অনুভব সমস্তই মিথ্যা বুঝা যায়। ৭। ২। ৪৩

হে কামিনীগণ! আরো দেখ, যেসকল ব্যক্তি এই দেহের অনিত্যতা এবং আত্মার নিত্যতা জানেন, ইহসংসারে জন্ম মৃত্যু হেতু তাঁহারা কেহই শোক করেন না, অতএব তোমরা দেহাত্মার বিষয় না জানিয়া বৃথা শোক ত্যাগ কর। যদি বল এমন বহুতর বিজ্ঞ লোককেও দেখা যায়, যাঁহারা আত্মীয়াদির বিরহে শোক করিয়া থাকেন; তাহার কারণ আর কিছুই নহে, যে সকল বিজ্ঞ, বিবেক শক্তিকে হৃদয়ে একেবারে দৃঢ়তর রূপে ধারণ করিতে না পারিয়াছেন, তাঁহারাই শোক মোহাদি অবিদ্যা স্বভাবে অন্যথা করিতে সক্ষম হয়েন না, এইজন্য কখন কখন শোক করেন মাত্র, কিন্তু শোক কার্য্য যে বৃথা ইহা তাঁহারা জানেন। ৭। ২ ৪৪

হে সুন্দরীগণ, তোমরাও মরণধর্ম্মা হইয়া তোমাদের স্বামীর মৃত্যুতে শোক করিয়া শেষে তোমাদেরও কিরূপ বিপদে পতিত হইবে, এবিষয়ে একটী উপাখ্যান বলিতেছি, তোমরা শ্রবণ কর :--

পক্ষীগণের অন্তক রূপে অবিদ্যা স্বভাব নির্ম্মিত এক কঠিনপ্রাণ ব্যাধ, বনে বনে বিচরণ করিয়া, পক্ষীসমূহ ধরিবার জন্য সতত তাহাদের আহারের প্রলোভন দেখাইয়া, জাল বিস্তার করিয়া থাকিত। ৭। ২। ৪৫

একদিন সে বিচরণ করিতে করিতে কোন বনে একমিথুন কুলিঙ্গ পক্ষীকে বিচরণ করিতে দেখিল। হে মহিষীগণ! উহাদের মধ্যে সেই স্ত্রী কুলিঙ্গ পক্ষী, কালরূপী ব্যাধের কৌশলে বিস্তারিত আহারের প্রলোভনে ধাবিত হইয়া, তদুপরি বিস্তীর্ণ জালসূত্রে আবদ্ধ হইল। ৭। ২। ৪৬

হে নারীগণ! তাহার স্বামী কুলিঙ্গ, পত্নীকে এবম্বিধ বিপদাপন্ন দেখিয়া অত্যন্ত কাতর ও দুঃখিত হইয়া, স্নেহের ও প্রেমের বিরহে একেবারে আকুল হইয়া, পত্নীর জন্য এইরূপে বিলাপ করিতে থাকিল। ৭। ২। ৪৭

হায়! হায়! আমি শুনিয়াছি বিধাতা সর্ব্বতোভাবে সকল বস্তুতে করুণাময় হইতেছেন, এই জালে পতিতা বিপদাপন্না আমার পত্নী আত্মকর্ম্মার্থ আমাকে জানাইয়া এই রোদন ও করুণা প্রকাশ করিতেছে, ইহাকে এরূপ কষ্টদিয়া বিধাতার কি লাভ হইবে। আর তিনি ইহাকে লইয়া কি করিবেন? ৭। ২। ৪৮

হায়! হায়! পুরুষের পক্ষে পত্নী তাহার অর্দ্ধাঙ্গ স্বরূপ হইতেছে, এক্ষণে পত্নীরূপী অর্দ্ধাঙ্গ যদি বিধাতার কৌশলে এরূপ যাতনা ও চিরদুঃখী হইল; তখন সে পত্নী বিরহে অর্দ্ধাঙ্গ লইয়া চিরকষ্টে দিন যাপন করার প্রয়োজন কি? এবিরহ দুঃখে আমিও এজীবন রাখিতে ইচ্ছা করি না। ৭। ২। ৪৯

হায়! হায়! আমার স্ত্রীর গর্ভজাত অজাতপক্ষ সন্তানগণ নীড়ে রহিয়াছে; তাহারা এক্ষণে মাতৃহীন হইল, আমি সেই মাতৃহীন সন্তানগণকে কেমন করিয়া ভরণ পোষণ করিব। আহা! সেই মন্দভাগ্য সন্তানগণ ক্ষুধায় তৃষ্ণায় আকুল হইয়া এতক্ষণ তাহারা জননীর জন্য প্রতীক্ষা করিতেছে। ৭। ২। ৫০

হে সুন্দরীগণ! পত্নীর কষ্টে ও পুত্রগণের কষ্ট বুঝিয়া সেই কুলিঙ্গ পক্ষী জালবদ্ধা নারীর সমীপে থাকিয়া যখন অসতর্ক ভাবে এই রূপে শোক করিতেছিল, তখন সেই কাল স্বরূপ ব্যাধ অবসর পাইয়া, আপনার সুতীক্ষ্ণবাণে তাহাকে লক্ষ্য করিলে, সে শরে বিদ্ধ হইয়া মৃতপ্রায় হইল। ৭। ২। ৫১

হে কামিনীগণ! শোককারী পক্ষী যেমন আপনার উদ্ধারের উপায় না করিয়া বিপন্না স্ত্রীর জন্য শোককাতরে জ্ঞান হারাইয়া কালগ্রহে পতিত হইল, তদ্রূপ তোমরাও আপনাদের হিতকর উপায় ত্যাগ করিয়া, আপনাদের মৃত্যু হইতে রক্ষা পাইবার উপায়ান্বেষণ না করিয়া, এই মৃত পতির জন্য, যদি শতবৎসর পর্য্যন্ত শোক কর, তাহা হইলে এই পতিকেও পাইবে না এবং আপনাদের উদ্ধারের উপায়ও পাইবে না। ৭। ২। ৫২

পূর্ব্ব কথা সমাপ্ত করিয়া জননীকে সম্বোধন করত হিরণ্যকশিপু কহিলেন, হে মাতঃ! সেই প্রচ্ছন্ন বালবেশধারী যমের মুখে নারীগণ এইরূপ তত্ত্বকথা শ্রবণ করিয়া, সকলেই বিস্মিতচিত্তা হইলেন। সেই মৃতরাজার জ্ঞাতিগণও সংসার সম্বন্ধকে মিথ্যা বোধ করিলেন। ৭। ২। ৫৩

যমদেব এইরূপ উপদেশ দিয়া তৎক্ষণাৎ সেইস্থানে অন্তর্হিত হইলে। অনন্তর প্রবুদ্ধ জ্ঞাতিগণ রাজা সুযজ্ঞের মৃতদেহের সংকারাদি প্রেতকার্য্য সাধন ও সম্পাদন করিলেন। ৭। ২। ৫৪

অতএব হে জননি, হে বধূ, হে ভ্রাতৃপুত্রগণ তোমার জ্যেষ্ঠ মহাশয়ের মৃত্যুতে শোক করিও না, কারণ এপর্য্যন্ত কোনটী পর এবং কোনটী আপনার ইহা কেহই জানিতে পার নাই। আরো দেখ, আত্মা কে এবং পরই বা কে, ইহা না জানিয়া শোক করা অতিশয় দুঃখের বিষয় বলিতে হইবে। ৭। ২। ৫৫

দেখ জননি! এটী আমার পর এইটী আপনার এইরূপ অভিনিবেশই অজ্ঞানের প্রকাশক; অজ্ঞানী না হইলে এরূপ আত্মপর বোধ হয় না। ৭। ২। ৫৬

শ্রীনারদ পূর্ব্বোক্ত কথা রাজা যুধিষ্ঠিরকে শ্রবণ করাইয়া কহিলেন:—

হে ধর্ম্মরাজ! পুত্রবধূর সহিত দিতিদেবী হিরণ্যকশিপুর মুখে এইরূপ প্রবোধ বাক্য শ্রবণ করিয়া তৎক্ষণাৎ পুত্রশোক ভুলিলেন এবং তত্ত্বজ্ঞান চিত্তে ধারণা করিতে থাকিলেন। ৭।২।৫৭

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে দ্বিতীয়াধ্যায়ে
উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। ষট্‌পঞ্চাশত্ত শ্লোকে হিরণ্য কশিপুর উক্তিতে শ্রীব্যাস অজ্ঞানের বা বাসনার কলুষ ভাব কিরূপে হয় এবং তাহার ফল কি, তাহাই মীমাংসা সমাধান করিলেন। ঐ স্থানে বলা হইল আত্মীয় ও পর বিবেচনা করাই অভিনিবেশের কারণ, সেই তামস অভিনিবেশ হইতেই দেহীগণের অজ্ঞান প্রকাশ হয় অর্থাৎ বিবেক শক্তির হ্রাস হইয়া থাকে। নিজে-ইন্দ্রিয় চরিতার্থ করিতে সদা সর্বদা যে স্বার্থ ভাবনা, তাহাকে তামস অভিনিবেশ কহে। ঐ তামস অভিনিবেশ হইতে আত্মার বিবেকবৃত্তি চালিত না হওয়ায় ম্লান হইয়া যায়। সেই বিবেক ম্লান অবস্থাই জীবের জ্ঞানহীন অবস্থা বুঝিতে হইবে। অজ্ঞান হইলেই শোকমোহাদি জন্য জীবের বাসনা কলুষিত ও ভোগাশা বর্দ্ধিত হয় এই জন্য নিত্য নিত্য জন্ম মৃত্যু ঘটিয়া থাকে। পরাধ্যায়ে সাত্ত্বিক অভিনিবেশের কথা বলা হইবে।

ইতি শ্রীভাগবতে সপ্তম স্কন্ধে দ্বিতীয়াধ্যায়ে
উপেন্দ্রকৃতাধ্যাত্ম ব্যাখ্যা সমাপ্ত।

অথ তৃতীয় অধ্যায়।

পূর্ব কথা সমাপ্ত করিয়া শ্রীনারদ রাজা যুধিষ্ঠিরকে কহিলেন :—

হে মহারাজ! অনন্তর দৈত্যেশ্বর হিরণ্য কশিপু আপনাকে, অজর, অমর ও ত্রিলোকের একমাত্র অধিপতি করিবার ইচ্ছা করিয়াছিল। ৭।৩।১

সে আপনার ইচ্ছাকে সফল করিবার জন্য মন্দর পর্বতের দ্রোণীমধ্যে গমন করিয়া পরম দুষ্কর তপস্যা আরম্ভ করিল, সেই ঘোর তপস্যায় সে দুই বাহুকে ঊর্দ্ধে রাখিয়াছিল, কেবল আকশের প্রতি দৃষ্টি রাখিয়াছিল, পৃথিবীতে পাদাঙ্গুষ্টই আশ্রিত ছিল। ৭।৩।২

হে রাজন্ সেই দৈত্যেশ্বরের তপোবলে জটা সমূহ হইতে এত উজ্জ্বল জ্যোতিঃ প্রকাশ হইতেছিল, যে সেই কিরণ মালাকে দেখিয়া প্রলয় কালিন্ উজ্জ্বল সূর্য্য কিরণের ন্যায় বোধ হইতেছিল। যখন সেই অসুর সংসারে বিহার করিত, তখন তাহার ভয়ে দেবতাগণে ইতস্ততঃ বিহার করিতে ছিলেন,এক্ষণে তাহাকে তপোমগ্ন দেখিয়া, দেবতাগণে আপনাপন স্বর্গরাজ্য প্রাপ্ত হইয়া কিছুকাল নির্ভয়ে বাস করিলেন। ৭।৩।৩

ব্যাখ্যা। এই অধ্যায়ে হিরণ্যকশিপু স্বভাবের প্রভাব বর্ণনা করা হইতেছে, এবং তপস্যার ফল দেখান হইতেছে। শ্রীনারদ রাজা যুধিষ্ঠিরকে কহিলেন—হে রাজন! হিরণ্য কশিপু আপনার ভোগ বাসনাকে অত্যন্ত প্রবল করিয়াছিল, ক্রমে তাহার ভোগ-বাসনা এত প্রবল হইল যে ত্রিলোকের ঐশ্বর্য্য ভোগে তাহার ইচ্ছা হইল। ইহাতে বলা হইল যে বিষ্ণুভক্তি বৈরাগ্যকে আশ্রয় করে আর আত্মার প্রতিকূলাচারী হইলে সংসার-নিষ্ঠা আসিয়া উপস্থিত হয়, তাহা হইতে ভোগশক্তির বৃদ্ধিই হইয়া থাকে, এত ভোগাশা বর্দ্ধিত হয়, যে, ত্রিলোকের ঐশ্বর্য্য ভোগ করিলেও তাহারা সন্তুষ্টি হয় না। বিষয় ভোগের আশা যত প্রবল হয়, ততই তাহার ভগদ্ভক্তি দূরীভূত হয়, অজ্ঞান, হিংসা, দ্বেষের বৃদ্ধি হইয়া থাকে। ক্রমে ভোগশক্তি মধ্যে তাহার দেহাভিমান দৃঢ়ীভূত হইয়া থাকে বুঝিতে হইবে। দেহাভিমানী হইলে পর স্বার্থপর ও অমরতার ইচ্ছা হইয়া থাকে। অর্থাৎ তাহার স মান কেহ ভোগী থাকিতে পারিবে না,এবং তাহার মৃত্যু হইবে না। এই ইচ্ছা তাহার বশবর্তী হইয়া থাকে বুঝিতে হইবে। এই আশার বশবর্তী বুঝাইতেই প্রথম শ্লোকে অজেয়, অজর অমর, এবং একাধিপতি হইবার ইচ্ছা প্রকাশ হইল। পরে বলা হইল যে, কি ভোগ, কি বৈরাগ্য তপস্যার উভয়ই লাভ হয়, আন্তরিক চেষ্টার নামই তপস্যা, ভোগী বৈরাগ্য জন্য তপস্যা না করিয়া ভোগের জন্য তপস্যা করিলে তপস্যার গুণে ত্রিভুবনের ঐশ্বর্য্য ও ভোগ করিতে পাইয়া থাকে। লৌকিক তপস্যার ক্ষমতা ও ভোগের প্রাবল্য হেতু অজ্ঞানের বিকাশ বুঝান হইল; কিন্তু ইহার অধ্যাত্ম তাৎপর্য্য অতিসুন্দর। হিরণ্য কশিপু রূপী অজ্ঞান প্রকাশক ভোগ বৃত্তি যখন প্রথমে দেহ রাজ্যে প্রকাশ হয়, তখন তাহার ভয়ে সাত্ত্বিক বৃত্তিরূপী দেবতাগণে স্বকার্য্য করিতে অক্ষম হইয়া, ঈশ্বরের অন্তরে ইতস্ততঃ গুপ্ত ছিলেন, পরে যখন ভোগবৃত্তি আপনার বৃদ্ধির জন্য স্থির হইয়া চেষ্টা আরম্ভ করিল, তখন তাঁহারা দেহরাজ্যে অপ্রকাশ থাকিয়া আপনাদের সূক্ষ্মবৃত্তি স্বরূপী স্বর্গে

স্থির হইলেন। অর্থাৎ ভোগের প্রকাশ হইলে, জ্ঞানধর্ম্ম, দয়া, শ্রদ্ধাদি দেববৃত্তি সমূহ চিত্ত রূপী স্বর্গে সূক্ষ্মাবস্থায় রক্ষিত হইলেন। এইরূপে উভয় অবস্থায় ভোগের প্রাবল্য দেখাইয়া পরে ভোগীর সাত্ত্বিক বৃত্তিও একেবারে লুপ্ত হইয়া যায়, সেই ভাবটী পরে প্রকাশ হইতেছে।

হে রাজন্! ক্রমে হিরণ্যকশিপুর তপস্যা এত ঘোরতর হইয়া উঠিল, যে তাহার শিরোদেশ হইতে তপোময় সধূম অগ্নি প্রকাশ হইতে থাকিল। সেই সধূম অগ্নিতেজ ঊর্দ্ধ, অধঃ এবং তির্য্যক ভাবে সর্বত্র বিস্তৃত হইয়া, ত্রিলোক বাসী সকল প্রাণীকে পরিতাপিত করিয়া ফেলিল। ৭। ৩। ৪

সেই তপোতেজ ভীষণ প্রবল হইলে সাগরের সহিত নদনদীকে কম্পিত, পৃথিবীর সহিত দ্বীপ পর্বতাদি বিচলিত হইতে থাকিল। গ্রহগণের সহিত তারা সমূহ আকাশের স্থান চ্যুত হইতে থাকিল, সেই তপস্যা জনিত অগ্নিপ্রভায় দশদিক দগ্ধ হইতে থাকিল। এইরূপে ত্রিলোকের উৎপীড়ন উপস্থিত হইলে, সেই তেজের উত্তাপে দেবতাগণ স্বর্গ ত্যাগ করিয়া ব্রহ্মলোকে গমন করিলেন।

তথায় গমন করিয়া দেবাদিদেব জগৎপতি ব্রহ্মাকে তাঁহারা আপনাদের মনোবেদনা জ্ঞাপন করিলেন, দৈত্যেন্দ্রের তপস্যায় উৎপীড়িত হইয়া, তাঁহারা কহিলেন, হে জগৎ-পতি দৈত্যপতি হিরণ্য কশিপুর তপস্যার প্রভাবে আমাদের স্বর্গলোক এত উত্তপ্ত হই-য়াছে যে আমরা আর তথায় থাকিতে পারিলাম না। হে ভূমন্! যাহাতে তাহার তপ-স্যার শান্তি হয় এমন উপায় আপনি বিধান করুন। ৭। ৩। ৫

হে সর্বাধিপতে, দেখুন হিরণ্যকশিপুর তপস্যায়, যজ্ঞাদি বলী প্রদানকারী ত্রিলোকের জীব সমূহ প্রায় দগ্ধ হয়, আর বিলম্ব করিবেন না, যাহাতে তাহারা আর দগ্ধ না হয়, এমন উপায় বিধান করুন। ৭। ৩। ৬

ব্যাখ্যা। লৌকিক পক্ষে বলা হইল যে তপস্যার এত ক্ষমতা যে ভোগীও আপনার ভোগ সিদ্ধির জন্য তপস্যা করিলে দেবতাগণের ভোগ হইতে পাতাল পুরের ভোগ পর্য্যন্ত অধিকার করিতে পারে। অর্থাৎ ভোগাশা যত ইচ্ছা বৃদ্ধি করা যায় বুঝিতে হইবে। ইহার অধ্যাত্ম তাৎপর্য্য এই—জীবের অন্তরে ভোগার্থ ইচ্ছা রূপী তপস্যা যত বর্দ্ধিত হয়, ততই বিষয়াভিনিবেশজাত তেজস্তাপে চৈতন্য বৃত্তি প্রকাশক হৃদয়ের সাত্ত্বিক অবস্থা নামক স্বর্গাবধি মহাপাপময় পাতাল বা রসাতল পর্য্যন্ত অধিকার করিয়া থাকে। ভোগবাসনা

প্রবল হইলে পুণ্যবৃত্তি সমস্ত লোপ হয় সুখ ও দুঃখ সমস্তই তাহার ভোগ হইয়া থাকে। এই ভাবটী বুঝাইতে হিরণ্যকশিপুর তপস্যায় স্বর্গ ত্যাগ করিয়া দেবতাগণে ব্রহ্মলোকে ব্রহ্মার সমীপে গমন করিলেন। দেহের মধ্যে বুদ্ধিই ব্রহ্মা। সেই বিবেক শক্তিমান বুদ্ধিস্থলে জ্ঞানাদি দেবতাগণ ইন্দ্রিয় শক্তি স্থলরূপী স্বর্গ ত্যাগ করিয়া গমন করিলে তাহা তাহাদের পীড়নের অবস্থা বুদ্ধির জ্ঞাপক হয়। সেই বিজ্ঞাত ভাবই ব্রহ্মাকে জানান হইল বলিয়া পুরাণে প্রকাশ করা হইয়াছে। দেবপক্ষে ত্রিলোকের প্রজা বলিতে জ্ঞান কর্ম্মেন্দ্রিয় সমূহ, উহা পূর্বে সাত্ত্বিক হ্রস্তপর হইয়া যজ্ঞাদি উপচার কার্য্যে নিরত থাকিত, এক্ষণে ভোগবাসনা তাহাদের দেহভোগ কার্য্যে লিপ্ত করিয়া অবিদ্যা কর্ম্মে সংলগ্ন অভ্যাস করাইতেছেন, ইহাতে তাহাদের বিষয় ভোগ সংস্কার জন্মাইলে সাত্ত্বিকতা নাশ পাইবে, ইহাই প্রজাপীড়ন করা পরে অপর কথা বলা হইতেছে।

হে ভগবান্! সেই দৈত্যপতি কোন সংকল্পে তপস্যা করিতেছে, তাহা বোধ হয় আপনি জ্ঞাত আছেন, তথাপি পুনরায় স্মরণের জন্য আমরা আপনাকে বলিতেছি, আপনি শ্রবণ করুন। ৭।৩।৭

এই ব্রহ্মলোক গ্রহণেই তাহার অভিলাষ হইয়াছে, সে মনে মনে এই যুক্তি করিয়াছে যে, তপস্যার প্রভাবে, যোগের ও সমাধির প্রভাবেই, ত্রিলোকের অধীশ্বর হইয়া ভগবান ব্রহ্মা এই চরাচরের স্রষ্টা হইয়া, পরম পরমেষ্ঠিরূপে আপনার ব্রহ্মলোকে অধ্যাসীন হইয়া আছেন। যদিও আমি ক্ষীণায়ু তথাপি কাল ও আত্মা অবিনশ্বর হইতেছে, আমি যতবার মৃত হইয়া পুনরায় জন্মাইব, ততবারই তপোযোগ সমাধির বর্দ্ধন করিয়া আমি কালের ও আত্মার সাহায্যে ব্রহ্মাধিপত্য সাধন করিব। ৭।৩।৮

যদি তপস্যাদি করিয়া বহু জন্ম সাধনেও ব্রহ্মার আধিপত্য লাভ করিতে না পারি তাহা হইলে ইহসংসারে যত পুণ্য আছে, তাহা নিজবলে পাপে পরিণত করিব। আর যদি সাধন কার্য্যে সক্ষম হই তাহা হইলে ধ্রুবাদি বৈষ্ণবগণে যে সকল লোক লাভ করিয়াছে, সে সকলে আমার প্রয়োজন নাই, কারণ তাহা প্রলয়ে ক্ষয় হয়। কেবল একমাত্র সত্য লোকই প্রলয়ে অবিনশ্বর হইতেছে; আমি সাধন বলে তাহাই গ্রহণ করিব। ৭।৩।৯

হে ভগবন্, তপস্যায় অধ্যাসীন হিরণ্যকশিপুর এই অভিপ্রায় আমরা শুনিয়াছি, দেখুন ভগবন্ আপনি ত্রিভুবনের অধীশ্বর হইতেছেন, আপনার স্থান যদি সে গ্রহণ করে, তাহা হইলে ত্রিভুবনের ঘোর অমঙ্গল ঘটিবার সম্ভাবনা। ৭।৩।১০

হে জগৎপতে, আপনি বিবেচনা করিয়া দেখুন, আপনার এই পারমেষ্ঠ্য পদই গো ব্রাহ্মণগণের উৎপাদনের, সুখের, ঐশ্বর্য্যের, পালনের এবং উন্নতি বিধানের মূল হইতেছে,

অতএব যাহাতে সেই অসুর তপস্যাবলে আপনার স্থানাধিকার করিতে না পারে, এমন বিধান করুন।

হে ধর্ম্মরাজ! দেবতাগণের মুখে ভগবান স্বয়ম্ভু, পূর্বোক্ত কথা শ্রবণ করিয়া ভৃগু ও দক্ষাদি প্রজাপতিগণে পরিবৃত হইয়া, সেই দৈত্যেশ্বর হিরণ্যকশিপুর মন্দর পর্বতীয় আশ্রমে গমন করিলেন। ৭। ৩। ১১

তাঁহারা মন্দরাশ্রমে গমন করিয়া, সেই তপস্বী দৈত্যের দেহ, বল্মীক, তৃণ ও কীচকাদিতে আচ্ছন্ন থাকায় প্রথমে তাহাকে দেখিতে পাইলেন না, শেষে দেখিলেন যে ঘোর সমাহিত দৈত্যেশ্বরের ত্বক, মাংস ও শোণিতাদি পিপীলিকা প্রভৃতি আহার করিতেছে। ৭।৩।১২

যেমন তপন মেঘে আচ্ছাদিত থাকিলে, আবৃত তেজের বোধ হয়, তদ্রূপ তপোবলে পরিতপ্ত হিরণ্য কশিপুর দেহ, তৃণ বল্মীকাদিতে আচ্ছন্ন থাকিলেও তাহার গুপ্ত তেজে ত্রিলোক উত্তপ্ত হইতেছিল। ভগবান ব্রহ্মা ইহা দেখিয়া পরম বিস্মিত চিত্তে হাসিতে হাসিতে তাঁহাকে এই কথা কহিলেন।

ব্রহ্মা কহিলেন:—

হে কশ্যপ নন্দন, তোমার মঙ্গল হউক, তুমি তপস্যায় এক্ষণে সিদ্ধি প্রাপ্ত হইয়াছ, এক্ষণে বাহ্যসংজ্ঞা গ্রহণ করিয়া উত্তিষ্ঠ হও। দেখ চাহিয়া দেখ, আমি বরদাতা তোমার সম্মুখে আসিয়াছি, তোমার যে বর ইচ্ছা আমার নিকটে গ্রহণ কর। ৭। ৩। ১৩

হে দৈত্যেশ্বর, তোমার সমাধিজনিত ধৈর্য্য দেখিয়া আমি অত্যন্ত আশ্চর্য্য হইয়াছি, কারণ দংশমক্ষিকা কীট পিপীলিকাদিতে তোমার শরীরের মেদমাংসাদি শোণিতাদি ভক্ষণ করিয়াছে, ইহাতে তুমি কাতর না হইয়া প্রাণ মাত্র লইয়া অস্থিময় দেহে উপবিষ্ট রহিয়াছ, ইহাতে আমি সুখী হইয়াছি। ৭। ৩। ১৪

দেখ বৎস, তুমি যেরূপ কঠোর তপস্যা করিয়াছ, এমন সাধনা পূর্বকালে কোন ঋষি করিতে পারেন নাই এবং পরেও যে কেহ করিবেন, তাহা বিবেচনা হয় না। কারণ অম্বু পর্য্যন্ত পান না করিয়া দেবতাগণের শত বৎসর কেহ কখন প্রাণ ধারণ করিতে পারেন নাই। ৭। ৩। ১৫

হে দৈত্যপতি, যাহা মহামুনিগণে আচরণ করিতে পারেন না, এক্ষণে তুমি সেই দুষ্কর তপস্যা আচরণ করিয়া যে সিদ্ধি লাভ করিয়াছ, তোমার সেই একান্ত চেষ্টা জনিত যত্নে অধিক কি আমি তোমার নিকট বশীভূত ও পরাভূত হইয়াছি। হে দিতি নন্দন, তোমার নিষ্ঠাবলে আমি তোমার নিকটে নিশ্চয়ই বশীভূত হইয়াছি। ৭। ৩। ১৬

হে অসুর শ্রেষ্ঠ, আমি অমর্ত্ত্য এবং মর্ত্ত্যের অদৃশ্য হইলেও তোমার যত্নে যখন তোমাকে দেখা দিয়াছি, তখনই তোমাকে সকল আশীর্বাদ প্রদান করিয়াছি, কারণ যাঁহারা আমার দর্শন লাভ করেন, তাহাদের কামনা কখন নিষ্ফল হয় না। ৭। ৩। ১৭

ব্যাখ্যা। এই স্থলে দেখান হইল যে, সাধনায় বলে ভোগে আসক্তি হইলে বুদ্ধিও ভোগের পরবশ হইয়া ভোগের উন্নতি বিধান করিয়া থাকে। এইটুকু বুঝাইতেই বলা হইল সাত্ত্বিক বৃত্তি স্বরূপ দেবতাগণে দেহীকে ভোগের চেষ্টায় তপস্যারূপীও একনিষ্ঠ দেখিয়া বুদ্ধিকে জানাইল। কারণ বাসনার চেষ্টা অগ্রে মনোরূপী ইন্দ্র বোধ করেন, পরে, সেই মনের সহিত ইন্দ্রিয় সমূহ বুদ্ধির জ্ঞাপক হয়। বুদ্ধি রূপী ব্রহ্মা দেহীর ভোগজন্য একান্ত সংস্কার দেখিয়া তদ্বিষয়ে উপায় স্থির করিতে তাহার বৃত্তির অধীন হইলেন। আর্য্য বৈজ্ঞানিকেরা কহিয়াছেন যে, জীবের বৃত্তি অনুসারে বুদ্ধিও সদসৎ ভাবাপন্ন হইয়া থাকে। এস্থলে বুদ্ধি হিরণ্যকশিপুর একান্ত চেষ্টারূপী তপস্যার অধীন হইয়া ভৃগু প্রভৃতি অপর বিজ্ঞানবৃত্তির সহিত তাহার সহচরী হইলেন। বুদ্ধি হিরণ্য-কশিপুর চেষ্টার অধীন হইল বলিয়া, পুরাণে তাহাকেই বর বলিয়া বর্ণনা করা হইল। অভীষ্ট প্রদানের নাম বর, এস্থলে কশিপুর অজরামরত্বাদি ভোগাভিষ্ট বুদ্ধি নির্দ্ধারণ করিতে চেষ্টিত হইলে ইহাই তাহার পক্ষে বর। এস্থলে অনেকে সংশয় করিতে পারেন, ব্রহ্মা জগতের পতি, এস্থলে জীবের অধীন কিরূপে হইলে? তাহার উত্তর এই :—যেমন এক আত্মা বাসনা ও মায়া ভেদে বিবিধ জীবের অন্তরে থাকেন, তদ্রূপ জ্ঞান, বুদ্ধি, অহংকারাদিও এক বৃত্তি বটে, কিন্তু মায়া ও অবিদ্যার অন্তর্গত হইয়া কখন জীব কখন ঈশ্বর হইয়া থাকে। পুরাণে বিশ্বপক্ষে ব্রহ্মাকে ঈশ্বর বুদ্ধি কহে, আর জীব পক্ষীয় ব্রহ্মাকে জীব বুদ্ধি কহে। সাধনাক্রমে ঈশ্বরভাবীয় বৃত্তি সমূহ যখন জীবে প্রতি ফলিত হয় তখনই তাহারা জীববৃত্তি বলিয়া গণ্য। জীবে প্রতি ফলিত হইলে ঈশ্বরত্বের ক্ষয় হয় না, যেমন কোটী কোটী ঘটে সূর্য্যকিরণ প্রতিভাত হইলে কখনই সূর্য্য কিরণের ক্ষয় বা বৃদ্ধি হয় না। ভোগৈশ্বর্য্যের অন্তর্গত হইয়া বুদ্ধি কশিপুকে কি উপায় বিধান করিলেন, তাহা পরে বলা হইতেছে।

পূর্ব্বোক্ত কথা শ্রবণ করিয়া শ্রীনারদ কহিলেন :--

হে ধর্ম্মরাজ! ভগবান আদি পুরুষ ব্রহ্মা এই রূপে হিরণ্য কশিপুকে সম্বোধন করিয়া তাহাকে সচেতন করিতে অমৃত বীর্য্যময়ী, ব্রহ্মলোকের বারি নিজ কমণ্ডলু হইতে গ্রহণ করিয়া, সেই পিপীলিকাদিতে ভক্ষিতাঙ্গ ও বাল্মীকাদিতে পরিণত কশিপুর দেহে সিঞ্চন করিলেন। ৭।৩।১৮

বারিপর্শ মাত্রেই সেই জল কীচক ও বল্মীকাদিতে পরিণত কশিপুর দেহ সর্ব্বাঙ্গ সম্পন্ন হইল, বজ্রধ্বংশ করিতে পারে এমন দৃঢ় ও সহ ওজোবলাদি সমন্বিত হইল। বয়সও কিশোরভাব প্রাপ্ত হইল। ৭।৩।১৯

এইরূপ তপরূপায় সর্ব্ব সুদৃশ্যাঙ্গ লাভ করিয়া যখন যে তৃণাদিতে আচ্ছাদিত অবস্থা

হইতে উত্থিত হইল, তখন কাষ্ঠ রাশি হইতে উত্থিত অগ্নিশিখার ন্যায় তাহাকে তেজঃপুঞ্জময় বলিয়া বোধ হইল। ৭। ৩। ২০

ব্যাখ্যা। আন্তরিক চেষ্টাকে পুরাণে ঘোর তপস্যা বলা হইয়াছে, এই জন্য পর্ব্বত গুহাতে তৃণ বল্মীকাদিকে পরিবৃত অবস্থার কথা বলা হইয়াছে বুঝিতে হইবে। পরে ভোগ বুদ্ধি উপস্থিত হইলে অঙ্গ সৌন্দর্য্য, কিশোর বয়স ও সুদৃশ্য দাবড় প্রধান প্রয়োজন, তাহাই বুদ্ধির প্রথম কৃপা কৌশল স্বরূপ কৃপাবারি স্পর্শে লাভ হইল। ভোগের দেহ পাইয়া ভোগ কিরূপ হইল তাহা পরে বলা হইতেছে।

হে মহারাজ! অঙ্গ ও চেতনা লাভ করিয়া যখন সেই মহাসুর আকাশতলে হংসবাহন ভগবান ব্রহ্মাকে দেখিতে পাইল, তখন তাহার হৃদয়ে আনন্দের আর অবধি রহিল না। তখন সে একেবারে আনন্দিত হইয়া বিনয়মস্তক ভূমিতে স্পৃষ্ট করিয়া প্রণাম করিল। ৭। ৩। ২১

তদনন্তর অসুরপ্রবর প্রেমদৃষ্টিতে দর্শনকারী ভগবানকে প্রণাম করিয়া উত্থান পূর্ব্বক অঞ্জলি বদ্ধ করে, পুলক কম্পিত স্বরে ও হর্ষাশ্রুভরে গদগদ ভাবে এই সকল কথা তাঁহাকে উদ্দেশ করিয়া কহিতে থাকিল। ৭। ৩। ২২

হিরণ্যকশিপু কহিল:—

যখন কাল কর্ত্তৃক কল্পান্ত উপস্থিত হইল, তখন এই বিশ্ব ঘোর অন্ধকারে আবৃত ছিল, যিনি আত্মস্বরূপস্থ প্রবল জ্যোতিঃ সহযোগে সেই অন্ধকার নাশ করিয়া, এই জগতকে প্রকাশ করেন। যিনি আপনার স্বাভাবিক গুণত্রয় হইতে এই জগৎকে সৃজন, পালন ও হরণ করেন। যদি সত্ত্ব, রজো, ও তমোগুণের আশ্রয় হইতেছেন, সেই সর্ব্বশ্রেষ্ঠ ঈশ্বর যিনি ব্রহ্মা রূপে আমার সম্মুখে উপস্থিত আছেন, আমি কায়োমনে তাঁহাকে নমস্কার করি। ৭। ৩। ২৩

ব্যাখ্যা। এই শ্লোকে ব্রহ্মাকেই সর্ব্বশ্রেষ্ঠ বলা হইল। তাহার কারণ এই—ভোগ বিলাসীরা ভোগদাতাকেই সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া স্বীকার করে। অসুর আশাবাদী ঈশ্বর ভাব যাহা ব্রহ্মারূপে পুরাণে কথিত, তাঁহাকেই অসুর আপনার ভোগদাতা সর্ব্বেশ্বর ভাবিয়া স্তব করিতেছে। তবে সে ব্রহ্মাকে ত্রিগুণের আশ্রয় ও সৃষ্টি প্রকাশকর্ত্তা বলিল।

সেই স্তবে বলা হইল যে পালন, হরণ ও সৃজনাদি কার্য্য যাঁহা হইতে, যিনি সর্বশ্রেষ্ঠ ঈশ্বর, তাঁহাকে নমস্কার করি। এই স্তবে ব্রহ্মা অপেক্ষা আর উচ্চ কর্ত্তৃত্ব আছে, একথা হিরণ্যকশিপু স্বীকার করিল না, ভোগকারী লোকে ভোগবিধাতাকে এইরূপই ভাবিয়া থাকে। ইহার অধ্যাত্ম তাৎপর্য্য এই—যখন হৃদয়াকাশে ভোগের তীব্রধ্যানকারী ভোগদাত্রী বুদ্ধির সাক্ষাৎ পাইল, তখন ভোগের সুকৌশল সমস্ত ক্রমে তাহার হৃদয়ে স্ফূর্ত্তি পাইতে আরম্ভ করাতে, সেই বুদ্ধির বশীভূত হইয়া পড়িল। ইহা স্বাভাবিক, যেমন কামচেষ্টান্বিত ব্যক্তি কামিনীর এবং কাম ভাবের অধীন হয়, যেমন অত্যন্ত ক্ষুধিত, আহারীর ভাবের ও আহারের অধীন হয়। সেইরূপ জীবের মন অত্যন্ত অভাব বোধ করিলে অভাব পূরণ-কারী বুদ্ধির অধীন স্বভাবতঃ হইয়া থাকে। এই ভোগাধীন হওয়াই হিরণ্যকশিপুর পক্ষে ব্রহ্মার বশীভূত হওন বুঝিতে হইবে।

যিনি জগতের আদি অবস্থা, যিনি জগতের বীজ, যিনি জগতের পক্ষে জ্ঞান ও বিজ্ঞান মূর্ত্তি; যিনি প্রাণ, ইন্দ্রিয়, মনোবুদ্ধ্যাদি বিকারের দ্বারা জগতের মূর্ত্তি প্রকাশ করিয়া, থাকেন, সেই ভগবানকে আমি নমস্কার করি। ৭। ৩। ২৪

ব্যাখ্যা। ঈশ্বরের যে ছয়টী অলৌকিক ঐশ্বর্য্য আছে, তাহার উল্লেখ করিয়া সে সমস্তই বিষ্ণুতে আরোপ না করিয়া ব্রহ্মাতেই অসুর বুদ্ধি হিরণ্যকশিপু আরোপ করিতেছে বুঝিতে হইবে। স্বপ্রকাশত্ব, জগৎপ্রকাশত্ব, জগতের কারণত্ব, জগতের অন্তর্ত্ব, মায়ার মধ্যগত শক্তিত্ব ও মায়াতীত পরমত্ব এই ছয়টীই ঈশ্বরের অলৌকিক ঐশ্বর্য্য হইতেছে। এস্থলে ঐ শক্তি সমূহকে অসুর ব্রহ্মাতেই আরোপ করিয়া কহিলেন—যিনি জগতের আদি অবস্থা হইতেছেন এবং জগতের বীজ বা প্রকাশের কারণ হইতেছেন, সেই ভগবানকে নমস্কার করি। শাস্ত্রকারেরা প্রলয়ের অবস্থাটীকে সৃষ্টির মূর্ত্তিশূন্য অবস্থা বলিয়া প্রমাণ করিয়াছেন। তাঁহারা বলেন কালবশে জীবসমূহের সহিত কার্য্য করিতে করিতে যখন মায়ার কার্য্য শক্তি একেবারে হ্রাস হইয়া যায়, তাহাকেই প্রলয় বলে। যেমন একখানি বস্ত্রে মসী মাখাইয়া তাহাতে নানাবিধ চিত্র করিলে। সেই চিত্র পটখানি যতক্ষণ বিস্তারিত থাকে ততক্ষণই চিত্র দেখা যায়; পরে চিত্র পটখানিকে সংকোচন করিলে যেমন চিত্রাদি সমস্তই পটের অন্তরে থাকিল বটে কিন্তু আর দেখা যায় না, সেইরূপ ওতঃ প্রোত সূত্রজাত বস্ত্রের ন্যায় বিশ্বব্যাপী ঈশ্বর চৈতন্য। তাহাতে মসীলেপ সেই মায়া এবং চিত্রগুলিই সৃষ্টি হইতেছে। পটের প্রসারণে যেমন চিত্রের প্রকাশ ও পটসংকোচনে যেমন চিত্রের

অপ্রকাশ ঘটে। সেইরূপ কাল সহকারে ঈশ্বরের কার্য্য বিস্তার ঘটিলেই সৃষ্টি প্রকাশ হয়, আর কালবশে ঈশ্বরের কার্য্য হ্রাস হইলেই প্রলয় ঘটে। এই যে কার্য্য হ্রাসাবস্থা ও পটের সঙ্কোচাবস্থা এইটিই বিশ্বের আদি অবস্থা। এই অবস্থায় ঈশ্বর স্বপ্রকাশ ভাবে আপনার অলৌকিকতা সম্পাদন করেন। এবিষয়ে শাস্ত্র বলিতেছেন :—

"জগদ্যোনির্ভবেদেষ প্রভবাপ্যয়কৃৎ যতঃ।
আবির্ভাবতিরোভাবাবুৎপত্তি প্রলয়ৌ মতৌ॥
আবির্ভাবয়তি স্বস্মিন্ বিলীনং সকলং জগৎ।
প্রাণি কর্ম্মবশাদেষ পটোযদ্বৎ প্রসারিতঃ॥
পুনস্তিরোভাবয়তি স্বাত্মন্যেবাখিলং জগৎ।
প্রাণি কর্ম্মক্ষয়বশাৎ সঙ্কোচিত পটো যথা॥
রাত্রিদিবসৌ সুপ্তিবোধাবুন্মীলন নিমীলনে।
তুষ্ণীম্ভাব মনোরাজ্যে ইব সৃষ্টিলয়াবিমৌ॥"

অস্যার্থ। সেই ভগবানেই জগতের যোনীস্বরূপ হইতেছে, তাঁহার পক্ষে তৎশক্তির আবির্ভাবকেই সৃষ্টি কহা যায়, আর তচ্ছক্তির তিরোভাবকেই প্রলয় বলা যায়। যিনি আপনাতেই আপনার স্বভাববশে আপনাতে বিলীন সমস্ত জগতের উপাদান করেন। যেমন পট প্রসারিত হইলে সমস্ত চিত্র দেখা যায় তদ্রূপ সৃষ্টি শক্তির আবির্ভাব কালে কর্ম্মবশে নানাবিধ গঠনে প্রাণীসমূহও আবির্ভূত হইয়া থাকে। পুনশ্চ নিজস্বভাব শক্তির তিরোভাবেই যিনি আপনাতেই এই অখিল জগৎ তিরোহিতও করিয়া থাকেন, যেমন পট সঙ্কোচিত হইলে আর চিত্রসমূহ দেখা যায় না, তদ্রূপ প্রাণীগণের কর্ম্মক্ষয়ে তাহারা ঈশ্বরেই তিরোহিত হইয়া থাকে। যেমন দিবাতে প্রকাশ এবং রাত্রিতে অপ্রকাশ ঘটে। যেমন সুপ্তিকালে কর্ম্মের লয় এবং জাগরণে উহার প্রকাশ ঘটে, যেমন উন্মীলনে চক্ষুর দর্শন এবং নীমিলনে আবরণ ঘটে। যেমন মনোরাজ্যের তুষ্ণীভাবে কোন কল্পনার উপস্থিত হয় না, সেইরূপে সৃষ্টি ও প্রলয় ঈশ্বর কার্য্যের প্রকাশাপ্রকাশ ভেদে ঘটিয়া থাকে।

এই নিয়মে অপ্রকাশ ও কেবল চেতনাবস্থাই জগতের পক্ষে আদি অবস্থা। তাহাই মায়াময় ঈশ্বরের মূর্ত্তি বুঝিতে হইবে, এই প্রমাণে বিষ্ণুকে এরূপ অলৌকিক ভাবময় না বলিয়া নিজভোগ দাতা ব্রহ্মাকেই অসুর এরূপ কহিল বুঝিতে হইবে। পরে অপারাপার অলৌকিকত্ব একে একে দেখান হইতেছে। যিনি জগতের জ্ঞান বিজ্ঞানের মূর্ত্তি স্বরূপ। জীবের অন্তরে যে সকল বুদ্ধি চিত্তাদি চৈতন্য বৃত্তি সমূহ আছে তাহাই ঈশ্বরের জ্ঞান বিজ্ঞানের মূর্ত্তি হইতেছে। পরে ঈশ্বরের সৃষ্টি ভাব প্রকাশ করিতে বলা হইল যে; ইন্দ্রিয় প্রাণমনাদি বিকার শক্তি দ্বারাই নানাবিধ জীব মূর্ত্তি প্রকাশ হইয়া থাকে।

হে ব্রহ্মন্! আপনিই স্থাবর ও জঙ্গমাত্মক প্রাণীগণের নিয়ন্তা হইতেছেন, আপনি প্রাণরূপী প্রধানা সূত্রক্রিয়া প্রাণগণের পতি হইতেছেন। আপনি সমস্ত প্রাণীগণের চিত্তের, মনের ইন্দ্রিয়গণের চেতনা দাতা এবং প্রতিপাতা হইতেছেন, আপনি মহাভূতগণের, শব্দাদি তদ্বিষয়গণের এং সকল বাসনার স্রষ্টা হইতেছেন। এই সকল কারণে আপনাকে সৃষ্টির কর্ত্তা বলিয়া বুঝা যায়। অতএব আপনাকে নমস্কার করি। ৭।৩।২৫

আপনি অনিমিষ কাল রূপে প্রতি লবে লবে জীবগণের আয়ুক্ষয় করিয়া থাকেন, আয়ুর সহিত অবয়বও ক্ষয় করিয়া থাকেন। আপনিই সকলের অন্তর্যামী মায়াতীত ঈশ্বর, আত্মা এবং পরমাত্মা হইতেছেন। আপনি অজ ও অপরিচ্ছিন্ন হইয়াও জীব ও ত্রিলোকের ভোক্তারূপী আত্মা বা নিয়ন্তাও হইতেছেন। ৭।৩।২৬

আপনি বেদত্রয় মূর্ত্তি ধারণ করিয়া সপ্তযজ্ঞরূপী সপ্ততন্তু বিকাশ করিয়া চাতুর্হোত্রা ও মন্ত্রাদি প্রকাশ করিয়া থাকেন। আপনিই সচেতন জীবের একমাত্র আত্মা, আপনি অনাদি আপনি অনন্ত, দেশ কালাদিতে আপনার পরিচ্ছেদ হয় না, আপনি সর্বজ্ঞ ও সর্বান্তর্যামী হইতেছেন। ৭।৩।২৭

ব্যাখ্যা। এই শ্লোকে সৃষ্টির পালন ও উন্নতি বিধান করণের বিষয় বলা হইতেছে। যেমন লুতা আপনার বশে দংশ মক্ষিকাকে ধারণ করিবে বলিয়া আপনা হইতেই তন্তু প্রকাশ করিয়া জাল বিস্তার করে; সেইরূপ ঈশ্বর বেদত্রয় ভাবে ত্রিমূর্ত্তি ধারণ করিয়া মানবগণকে পরিশুদ্ধান্তঃকরণ করতঃ আত্মবশে আনয়ন করিতে তিনি সপ্তযজ্ঞ রূপী সপ্ত তন্তু যোগে জাল বিস্তার করিয়া চাতুর্হোত্রাদি কর্ম্ম ও মন্ত্রাদি রূপী বিদ্যা যোগে সকলকে সেই জালে ফেলিয়া আকর্ষণ করিতে চেষ্টিত আছেন। তিনিই পরমেষ্ঠি, পরম কল্যাণদাতা ঈশ্বর হইতেছেন। এই স্তবও ব্রহ্মাকে আরোপিত হইতে পারে না; কশিপু কেবল ব্রহ্মাকে সম্মান করিতেই এরূপ স্তব করিতেছে বুঝিতে হইবে। পরে ব্রহ্মাকে জগৎপালক রূপে বর্ণনা করিতে বলা হইল, আপনিই জীবের অন্তর্যামী আত্মা, আপনার সত্ত্বাতেই সকল জীব সজীব রহিয়াছে। এইরূপে ষড়্‌বিংশ শ্লোকে পালনকর্ত্তৃত্ব দেখাইয়া সপ্তবিংশতি শ্লোকে কালরূপে সংহার কর্ত্তৃত্ব দেখান হইল, পরে নির্লেপ ব্রহ্মভাবীয় বলিয়াও স্তব করা হইল।

হে ভগবন্! আপনা ব্যতিরিক্ত জগতের কোন কার্য্যের কোন কারণই বর্ত্তমান নাই।

আপনিই কি স্থাবর, কি জঙ্গম, সকলের নিয়ন্তা স্রষ্টা ও কারণ হইতেছেন। বেদোপ-বেদাদি বিজ্ঞান, এবং বেদাঙ্গাদিই আপনার অবয়ব হইতেছে। শাস্ত্র মধ্যে এইরূপে আছেন। আবার সৃষ্টির মধ্যে হিরণ্যগর্ভরূপে আছেন। আপনি ত্রিগুণাত্মিকা প্রকৃতির উপরে সর্বাতীত ব্রহ্মরূপে আছেন, অতএব আপনা ব্যতীত আমি আর কিছুই শ্রেষ্ঠ বলি না, আপনাকে নমস্কার করি। ৭।৩।২৮

হে ঈশ্বর! আপনি নির্গুণ ব্রহ্ম এবং স্থূলসৃষ্টির মধ্যে পুরুষরূপী অন্তর্যামী হইতেছেন, আপনি জগৎরূপে ব্যক্ত আছেন, ইহাতে আপনি ইন্দ্রিয় প্রাণমনাদি সূক্ষ্মা শক্তি ও সত্ত্বাদি গুণ রূপেও সকলের ভোক্তা পুরুষ রূপে আছেন। কিন্তু এভাবে থাকিয়াও আপনি অব্যক্ত পরমৈশ্বর্য্যে ঐশ্বর্য্যান্বিত হইয়া পুরাণ পুরুষ রূপে পরমেষ্ঠীভাবেও বর্ত্তমান আছেন। আপনাকে নমস্কার করি। ৭।৩।২৯

হে ভগবন্! যিনি অনন্ত ও দাতৃশাসনাতীত রূপে এই অখিল জগতে ব্যাপ্ত আছেন; আপনি সেই ব্রহ্মরূপী হইতেছেন আপনাকে প্রণাম করি। যিনি আপনার চিৎশক্তি ও মায়া শক্তির সংযোগে এই বিশ্বের পালন সৃষ্টি কার্য্যে পুরুষ রূপী হয়েন, সেই ভগবান আপনিই হইতেছেন; আপনাকে আমি নমস্কার করি। সেই সর্ব্বশ্রেষ্ঠ মহাত্মা যদি আপনি আমাকে অভিমত বর প্রদান করেন; তাহতে আমি এইবর প্রার্থনা করি, যেন আপনার সৃষ্ট কোন প্রাণী হইতে আমার কখন মৃত্যু না ঘটে। ৭।৩।৩০

আমি ইহসংসারের অন্তরে বা বাহিরে যেন না মরি, আমি রাত্রি দিবসের মধ্যে কোন সময়েও যেন না মৃত হই, আমি কোন শস্ত্রে বা অস্ত্রে যেন হত না হই, যেন আমি ভূমিতে বা আকাশে মৃত না হই, যেন কখন কোন মানব বা কোন পশুও আমাকে নিধন করিতে সক্ষম না হয়। আমি যেন কখন কোন অপ্রাণ পর্বত বজ্রাদিতে কিম্বা চেতন বস্তুতে মৃত না হই। কোন দেবতা কোন অসুর, কিম্বা কোন প্রাণী যেন আমাকে নিহত না করিতে পারে। ৭।৩।৩১।৩২

হে ভগবন্! আমি যুদ্ধে যেন কাহারো নিকটে পরাস্ত না হই, সর্ব্বদা সর্ববিজয়ী থাকি, আমি যেন সকল দেহীর উপরে একাধিপত্য স্থাপন করি, আপনার সকল লোকপালের উপরে যেমন অক্ষুণ্ণ প্রভুত্ব বর্ত্তমান আছে, আমিও যেন সেইরূপোবত্তর সহগুণ লাভ করিতে পারি। এতদ্ব্যতীত আমার শেষ ভিক্ষা এই যে, এপর্য্যন্ত আমি তপস্যা করিয়া তপো-যোগ প্রভাবে যত অণিমাদি ঐশ্বর্য্য লাভ করিয়াছি, কোন কালেও যেন সেই সকল সিদ্ধি আমার বিনাশ না হয়। ৭।৩।৩৩

ইতি শ্রীভাগবতে সপ্তম স্কন্ধে তৃতীয়াধ্যায়ে

উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

—০:০:০—

ব্যাখ্যা। পূর্ব্বে ব্রহ্মাকেই কর্ম্মফল দাতা ভাবিয়া হিরণ্যকশিপু বিষ্ণুর সম্মান প্রভৃতি করিয়া বিষ্ণুদ্বেষে তাঁহাতেই ব্রহ্মত্ব আরোপ করিয়া স্তব করিল। সেই স্তবে কশিপুর ভোগাশার বর্দ্ধনই বুঝাইল। ভোগদাতার স্তবে তাঁহাকেই সর্বশ্রেষ্ঠ করাতে ভগবৎ প্রেম হইতে সে স্খলিত হইল। এই ভাবে ভোগদাতাকেই সর্ব প্রাধান্য দান করিয়া সে যে বর প্রার্থনা করিল, তাহাতে পূর্ণ স্বার্থপরতা প্রকাশ হইল। ভোগীর প্রথম ভিক্ষা মৃত্যুকে জয় করা, দ্বিতীয় আশা সর্বস্থানে সম্মান প্রচারে ভীষণ অভিমানী হওয়া। তৃতীয় ইচ্ছা, ভোগের ক্ষমতা চিরকাল অক্ষয় ভাবে রাখা। এই তিন ইচ্ছায় বর গ্রহণাভিলাষ রূপে কশিপুর উক্তিতে প্রকাশ হইল। প্রথমে মৃত্যু হইতে রক্ষা পাইবার জন্য অসুর;— সময়, স্থান, অস্ত্র ও শত্রুর নির্দ্দেশ যেরূপ করিল তাহাতে কি সংসারে কি স্বর্গে পাতালে, কোথাও তাহার মৃত্যু সম্ভাবনা নাই। কোন অস্ত্রে স্থাবর জঙ্গমে কিম্বা নরদেবতা পশু ও সর্পাদিতেও তাহার মৃত্যু হইবে না। কৌশলে অমরত্ব ভিক্ষা করা হইল। দ্বিতীয় ইচ্ছা নিজ সম্মান বিস্তারার্থ ঘোর অভিমানী হওয়া, সেই বিষয় বুঝাইতে হিরণ্যকশিপু বিধাতার নিকটে যুদ্ধে অজেয়, দেহীগণের কাছে সর্বাধিপতিত্ব এবং ত্রিলোকের মধ্যে বিধাতার ন্যায় পরম পূজ্য হইতে চাহিল। তৃতীয় ইচ্ছা চিরশান্ত ও সুস্থ থাকা—তাহা বুঝাইতে সকল অবস্থায় পাপে ও পুণ্যে অনিমাদি ঐশ্বর্য্যের অক্ষয়ত্ব ভিক্ষা করা হইল। এইরূপে কৌশলে ভোগী অসুর; অমর, অজেয় ও অজর হইতে ইচ্ছা প্রকাশ করিল। পরে সাধনা ক্রমে কশিপু কি লাভ করিল তাহা বর্ণিত হইতেছে। এই শেষ শ্লোকের অধ্যাত্ম তাৎপর্য্যও প্রকাশ রহিয়াছে, কারণ ভোগজাত অজ্ঞান সর্বদেহীর উপরে অধিকার পাইতে ইচ্ছা করিল, ইহাতে জীবের হৃদয়ে অজ্ঞান ভাবই হিরণ্যরূপে প্রকাশ পাইয়া রহিল, বুঝিতে হইবে।

ইতি শ্রীভাগবতে সপ্তম স্কন্ধে তৃতীয়াধ্যায়ে
উপেন্দ্রকৃতাত্ম ব্যাখ্যা সমাপ্ত।

অথ চতুর্থ অধ্যায়।

পূর্ব কথা সমাপ্ত করিয়া শ্রীনারদ রাজা যুধিষ্ঠিরকে সম্বোধন করিয়া কহিলেন ঃ-
হে মহারাজ! হিরণ্যকশিপুর মনে কোন কৌশল বর্দ্ধমান থাকিলেও সে সে ঘো

তপস্যা করিয়াছিল, তাহাতেই ব্রহ্মা প্রীত হইয়া, যে সকল বর ত্রিলোকের মধ্যে দুর্লভ, সেই সকল বর তাহাকে প্রদান করিলেন। ৭। ৪। ১

ব্যাখ্যা। পূর্ব্বে বলা হইয়াছে যে, সাধনার অসত্য কিছু নাই, জীব সাধনার ফল ভোগেই জীবে ভোগ করুক বা মুক্তিতেই ভোগ করুক ঈশ্বর কখনই সাধককে বঞ্চিত করেন না। যদি কেহ বলেন যে ঈশ্বর সর্ব্বান্তর্যামী, তিনি অসুরের ভবিষ্যৎ অত্যাচারের ইচ্ছা অবশ্য জ্ঞাতও ছিলেন, তবে তিনি কেন এমন দুর্লভ বর তাহাকে দিলেন? তাহার মীমাংসা শ্রীনারদ এই শ্লোকে বলিলেন—ভগবান বিধাতা সর্ব্বজ্ঞ বটেন, হিরণ্য কশিপুর অন্তরে দুষ্ট কৌশলে থাকিলেও তাহা কর্ম্মে এখন প্রকাশ পায় নাই, এইজন্য মন্দ ফল লাভ হইল না, এক্ষণে অসুর তপস্যাতে সিদ্ধি লাভ করিয়াছিল, ইহা দেখিয়াই বিধাতা প্রীত হইয়া উপস্থিত সাধনা জন্য দুর্লভ ফল দিলেন। ইহাতে বিশেষ রূপে বলা হইল যে জীব যেরূপ কর্ম্ম করিবে, বিধাতা অক্ষুন্ন ভাবে সেই কর্ম্মজন্য ফল দিয়া থাকেন। সাধু-কার্য্য করিয়া পরে অসাধু কার্য্য করিলে, প্রথমে সাধুভাব জন্য ফল ভোগ হয়, পরে মন্দ কর্ম্ম জন্য ফল ভোগ হইয়া থাকে বুঝিতে হইবে। সেই নিয়মে এস্থলে মহাভোগী কশিপু প্রথমে সাধন জন্য দুর্লভ অমরত্বাদি ফল প্রাপ্ত হইল, পরে দুষ্কার্য্য করিলে তৎফল প্রাপ্ত হইবে। ইহাতে বলা হইল যে বাসনার যখন যে বিকৃতি বা সুকৃতি উপস্থিত হয় জীব তাহাই ভোগ করে, পক্ষপাত বিহীন ঈশ্বর সেই বাসনানুসারেই যথাযৎ ফল কর্ম্মগতে দিয়া থাকেন বুঝিতে হইবে। এই প্রকৃত কর্ম্মে এই উপাখ্যান প্রকাশ করিয়া এক্ষণে নারদোক্তিতে শ্রীব্যাস অপর কথা বলিতেছেন।

হে ধর্ম্মরাজ, ভগবান ব্রহ্মা কশিপুকে সম্বোধন করিয়া কহিলেন,— হে বৎস, তুমি আমার নিকটে যে সকল বর প্রার্থনা করিয়াছ, এই সকল ইহসংসারে পুরুষের পক্ষে অত্যন্ত দুর্লভ হইতেছে। তথাপি তোমার সাধনায় প্রীত হইয়া সেই সকল দুর্লভ বর আমি তোমাকে প্রদান করিলাম। ৭। ৪। ২

হে যুধিষ্ঠির, এইরূপে সেই অমোঘ অনুগ্রহবিধাতা বিধি, অসুরবর হিরণ্যকশিপুর নিকটে বিশেষ স্তুত ও পূজিত হইলেন, শেষে মহচর ভৃগ্বাদি প্রজাপতিগণের নিকটেও পূজিত হইয়া স্বধামে গমন করিলেন। ৭। ৪। ৩

হে রাজন্, ভগবানের কৃপায় যে দণ্ডে দৈত্যবর বর প্রাপ্ত হইলেন, সেই কালেই তাঁহার সর্ব্বাঙ্গ হেমময় ও উজ্জ্বল হইল। কিন্তু পরক্ষণেই ভ্রাতৃবধ কথা তাঁহার স্মরণ

হওয়াতে, ভগবানের প্রতি ঘোর দ্বেষের ভাব প্রকাশ হইল। অনন্তর মহাসুর ক্রমে ক্রমে ত্রিলোকের সহিত দশদিক বিজয় করিল। বিজয় কালে যে স্থানে যত দেবতা, অসুর ও মনুষ্য প্রাপ্ত হইল সকলকেই জয় করিল, শেষে ইন্দ্রকে, গন্ধর্ব্ব সমূহকে, মহাবীর গরুড়কে জয় করিল; ক্রমে সিদ্ধ, চারণ, বিদ্যাধর, ঋষি, পিতৃ, মনুসমূহ, যক্ষ, রক্ষ, পিশাচ-প্রভৃতির এবং ভূত প্রেত প্রভৃতি পতিগণকে যুদ্ধে জয় করিয়া ফেলিল। ৭। ৪। ৪

হে মহারাজ, ক্রমে ক্রমে সেই অসুর, বিশ্বিজয়ী হইয়া যেখানে যে সকল প্রাণীগণের অধিপতি ছিল, সকলকেই নিজবলে পরাভূত করিয়া আত্মবশে আনয়ন করিল, আপনার মহাতেজে সমস্ত লোকপালগণের স্থান অধিকার করিল। ৭। ৪। ৫

ব্যাখ্যা। পূর্ব্বে পঞ্চম স্কন্ধে বলা হইয়াছে যে জীবজগতে সুমেরুরূপী মেরুদণ্ডের শিরোদেশে দিক্‌পালগণের অবস্থান। ইন্দ্রচন্দ্র, বায়ু, বরুণাদি অষ্ট দিকপাল এবং ঊর্দ্ধ ও অধোদেশের উভয় দিকপাল একত্রে দশদিকপাল বা লোকপালকে অসুর নিজের মহতেজে বশ করিল। মনোজগতে তিনটীতেজ কর্ম্মীর কর্ম্মজগতে প্রকাশ পায়, তন্মধ্যে মহতেজটী কার্য্য সম্পাদনার্থে অধ্যবসায় রূপে বা একান্ত চেষ্টা রূপে বর্ত্তমান থাকে। তেজো শক্তি জ্ঞান বুদ্ধির গাম্ভীর্য্যের অন্তর্গত হইয়া প্রকাশ পায়, বলশক্তি ভৌতিক শক্তি হইতে প্রকাশ পায়। ইহার প্রকাশক প্রাণ; এই ত্রিবিধ শক্তির মধ্যে ইন্দ্রিয়গণের সাত্ত্বিক বৃত্তি সমূহকে কর্ম্মপর ও অভ্যাসপর করিতে অধ্যবসায় বা মহশক্তির প্রয়োজন। পুরা-ণের লোকপাল সমূহ তাহাই, একথা পঞ্চম স্কন্ধে ভূবিবরণ স্থলে বিচার করা হইয়াছে। সুমেরুরূপী মেরুদণ্ডের শিরোদেশে ও সর্ব্বাঙ্গে বায়ু, বরুণ ইন্দ্র চন্দ্র প্রভৃতি দশদিকপালের স্থিতি। উহারাই ইন্দ্রিয় শক্তি রূপে দেহজগতের পালন কর্ত্তা বুঝিতে হইবে। অসুর রূপী সংসার ভোগী আপন ইচ্ছা বা বাসনার অধ্যবসায়ে সমস্ত বৃত্তিগুলিকে বাসনাপর করিয়া ফেলিল। বৃত্তিগুলি ইন্দ্রিয় শক্তি বা স্থান বিশেষ, কিন্তু উহাদের সত্তারূপী দেবতাগণে বশীভূত হয় নাই। কখনই হয় না; এইজন্য দুঃখবোধ হয়, সুখও বোধ হয়। শত্রুর মৃত্যুতেও কিঞ্চিৎ শোকের উদয় হয়। এই যে হিতাহিত বোধ ইহা একেবারে ভোগীর বিনষ্ট হয় না, তবে ভোগাভ্যাসে পাশব বৃত্তি সমূহ ঐ সকল বৃত্তি বা স্থানকে অধিকার করাতে, উহাদের সত্তাসমূহ লুপ্ত ভাবে দেহে অবস্থান করেন। এসংসারে দেহ রাজ্য অধিকার করাই হিরণ্যকশিপুর পক্ষে বিশ্ববিজয় বুঝিতে হইবে। ঐ সকল দেবপুরীর মধ্যে মনের বাসস্থান স্বরূপ ইন্দ্রপুরীই সর্ব্ব প্রধান। অসুর ভাব, মনকে নিজ ভোগীকর করিতে কিরূপ চেষ্টা করে, তাহাই পরে বিবৃত হইতেছে।

যে স্বর্গভূমি, নন্দন কাননের শোভায় চিরশোভিত, তন্মধ্যে যে মহেন্দ্রপুরী সাক্ষাৎ বিশ্বকর্ম্মার সুকৌশলে নির্ম্মিত হইয়া ত্রিলোকে সকল শোভার ও সমৃদ্ধির আধার হইয়াছিল, অসুরবর তাহা অধিকার করিয়া তথায় বাস করিতে থাকিল। ৭।।৪।৬

সেই মহেন্দ্র ভবনের শোভার উপমা নাই, তথাকার ভূমিভাগ মনিমরকতাদিতে শোভিত, সোপান সমূহে প্রবাল রঞ্জিত। ভিত্তি সকল স্ফটিকে খচিত, বৈদুর্য্যমণিতে স্তম্ভপংক্তি গঠিত; সুন্দর রত্নে ও পদ্মরাগাদিতে বিতান সমূহ সজ্জিত; শয্যাসমূহ দুগ্ধ ফেণের ন্যায় শুভ্র এবং তথায় মুক্তাদামে অলংকৃত পরিচ্ছদ সমূহ রহিয়াছে ৭।৪।৭।৮

হে মহারাজ! সেই ইন্দ্রপুরীর প্রতি রত্নময় বেদী সমূহের চতুর্দ্দিকে দেব সুন্দরীগণ স্বর্ণনূপুরযুক্ত পদে নৃত্য করিয়া চারিদিক হইতে মনোহর ধ্বনি উত্থান করেন এবং বেদীর উজ্জ্বলতায় আপনাদের মুখের সৌন্দর্য্য দেখিয়া সতত আনন্দিত থাকেন। ৭।৪।৯

ব্যাখ্যা। সপ্তদশ অবয়ব বিশিষ্ট মনোময় লিঙ্গদেহকে ইন্দ্রপুরী কহে। তথায় সত্ত্বগুণাপন্ন মনই ইন্দ্র, সাত্ত্বিক বাসনাই শচী, একথা পরে প্রকাশ হইবে। বিশ্বকর্ম্মা ঈশ্বর কর্ত্তৃক স্বভাবতই জগতের সকল কৌশলের সামঞ্জস্যে সেই সপ্তদশ অবয়ব বিশিষ্ট পুরী নির্ম্মিত হইয়াছে, লৌকিকে ঐ নির্ম্মাণের মনোহারীত্ব বুঝাইতেই নানাবিধ মণিসংযুক্ত শোভা বলা হইল; পরে হৃদয়রূপী রত্নবেদীর নিকটে সমস্ত সাত্ত্বিকী বৃত্তি সমূহ উপস্থিত হইয়া, আপনাদের কৃতকর্ম্মের ফল অনুভব করেন। ঐ অনুভবই রত্নবেদীতে মুখ সন্দর্শনের কথা বলা হইল বুঝিতে হইবে। পরে অপর কথা বলা হইতেছে।

হে রাজন্! সেই মহাবলী ও মহামনা হিরণ্যকশিপু আপনার যোগ রূপী বাহুবলে ত্রিভুবন বিজয় করিয়া একেশ্বর হইল। একাধিপত্য স্থাপন করিয়া ত্রিলোকপূজিত মহেন্দ্রভবনে গমন করিয়া তথায় আনন্দে বাস করিতে থাকিল। মহাপ্রতাপী অসুর এমন প্রচণ্ড শাসন বিধিতে ত্রিলোক শাসিত করিল যে দেবতাগণও তাহার প্রতাপে বশীভূত হইয়া যুগল পদ সেবা করিতে থাকিলেন। ৭।৪।১০

ব্যাখ্যা। শ্রদ্ধাবিহীন জ্ঞানী বা যোগীর ন্যায় অসুর ভাবাপন্ন হিরণ্যকশিপুর যে ভাবের ভোগ হইল তাহা প্রকাশ হইল। শাস্ত্রকারেরা কহেন, যাহার অন্তরে জ্ঞানের বিকাশ হয় না, যাহার হৃদয়ে ভক্তির উদয় হয় না, সে ব্যক্তি পৃথিবীর আধিপত্য লাভ

করিয়াও আপনার শান্তি ভোগ করিতে পারে না, পরিণামে বিষয়দে ঘোর অত্যাচারী হইয়া থাকে। পূর্ব জন্মে অসুরবরের সাধুকে অবিশ্বাস ও ভগবানে শ্রদ্ধা বিহীন সিদ্ধি ক্ষয় রূপী যে অদৃষ্ট লাভ হইয়াছিল, সেই সঞ্চিত কর্ম্মফল এই অসুর ভাবে মহাবিষয়ের অধিপতি হইয়া ভোগ করিতে থাকিল তাহাই তাৎপর্য্য। অসুর ত্রিভুবনের অধিপতি হইয়া মর্ত্তভোগ হইতে শ্রেষ্ঠ স্বর্গ ভোগ পর্য্যন্ত করিল। তাহাতেও সন্তুষ্ট না হইতে পারিয়া দেবতাদি অর্থাৎ সাধু ও ঈশ্বর সত্তাদিকে অবহেলা করিতে থাকিল। এই অশ্রদ্ধার প্রভাবই শাসন বুঝিতে হইবে। অধার্ম্মিকের ও অজ্ঞানের নিকটে সাধুভাব পরাজিত নিন্দিত হইয়া থাকে, তাহা বুঝাইতেই অসুরের নিকটে দেবতাগণের বশ্যতা স্বীকার বলা হইয়াছে।

হে মহারাজ! সেই মহাসুর ত্রিভুবনের ঐশ্বর্য্য ভোগকালে সেই অসুর স্বর্গ সিংহাসনে উপবিষ্ট থাকিয়া সতত মধুপানে উন্মত্ত থাকিত, সেই মধুর উগ্রগন্ধে স্বর্গপুরী অপবিত্র করিত, সেই মধুর মাদকতায় সতত উভয় চক্ষুকে রক্তবর্ণ করিয়া রাখিত, তাহার এইরূপ ভীষণ দর্পে এবং যোগবীর্য্যে কেবল ব্রহ্মা বিষ্ণু ও মহেশ্বর ব্যতীত সকল লোকপালেই বিনীত ভাবে তাঁহার উপাসনা করিতে থাকিলেন। ৭। ৪। ১১

ব্যাখ্যা। অশ্রদ্ধাপূর্ণ বৃত্তির ভীষণ ভোগে কিরূপ অবস্থায় উপস্থিতি হয় তাহাই এই শ্লোকে কিছু বুঝান হইল। বিষয় মধুপানে উন্মত্ত থাকাতে, অজ্ঞান রক্তিমে তাহার জ্ঞাননেত্র রঞ্জিত হইয়াছিল আর মদ্যাদিগন্ধে সমস্ত স্বর্গপুরী অর্থাৎ সত্ত্ব ভাব দূষিত হইয়াছিল। এমন ভীষণ ভোগকারী ও সদা দুরা সর্বত্রদেবতা পুরুষকে দেহ পুরী রূপী ক্ষুদ্র ব্রহ্মাণ্ডের ইন্দ্রিয়াদি রূপী দেবতাগণ ও লোকপালগণে পূজা করিতে থাকিলেন, আর ব্রহ্মাদি নিয়ন্তাগণে মায়াতে বশীভূত কেন এই জন্য অসুরবৃত্তির বশীভূত হইলেন না। অর্থাৎ এমন সত্ত্বগুণময় দেবরাজকে একা বিষয় ভোগ ও মদ্যদ্রব্যের সহিত অজ্ঞানাধিকার করিলে ইন্দ্রিয় শক্তিগণ তদ্ভাবাপন্ন মনের অধীন হইয়া থাকে, ইহাই তাৎপর্য্য।

হে মহারাজ, সেই অসুরের তেজ যখন সর্বত্র চালিত হইল, তখন গন্ধর্ব, সিদ্ধ, ঋষি, বিদ্যাধর অপ্সরাগণও তাঁহার স্তব করিতে থাকিলেন। যে ভাবে অসুর ত্রিলোক জয়

করিল, যেভাবে স্বর্গপুরী জয় করিয়া ইন্দ্রসিংহাসনে আরোহণ করিল, সেই সকল কীর্ত্তি, তাহার তুষ্টি উৎপাদন করিতে; বিশ্বাবসু, তুম্বুরু, নারদ, গন্ধর্ব্ব, সিদ্ধ, ঋষি, বিদ্যাধর ও অপ্সরাগণ মুহুর্মুহু গান করিতে থাকিলেন। ক্রমে বর্ণাশ্রমীগণ অসুরের ভয়ে ভগবদ্ভক্তি বিস্মৃত হইয়া তাহাকেই ভূরি দক্ষিণাযুক্ত যজ্ঞাদিতে পূজা করিতে থাকিল, সেই অসুরও আপনার অহংকারের তেজে সেই যজ্ঞভাগ গ্রহণ করিতে থাকিল। তাহার প্রতাপে ধরাদেবী ভীতা হইয়া অল্প কর্ষণে বহুশস্য দান করিতে থাকিলেন। যেন কামদুঘা হইয়া উঠিলেন এবং আকাশতল যেন নিত্য নিত্য নানা শোভায় শোভিত হইতে থাকিল। ৭। ৪। ১২

ব্যাখ্যা। সকলে কিভাবে তাহার বশীভূত হইল, তাহাই কিঞ্চিৎ প্রকাশ হইতেছে। যে বিশ্বাবসু নারদাদি ভাগবত কীর্ত্তনে জগৎকে ভগবৎপ্রেম উন্মত্ত করিয়া থাকেন, তাঁহারা অসুরের তেজে বশীভূত হইয়া তাহার গর্ব্বাদি মিশ্রিত স্বর্গরূপী বিষয় ভোগের মাহাত্ম্য গান করিতে থাকিলেন। গৃহস্থাদি বর্ণাশ্রমী মানবগণে পূর্ব্বে দেবভক্তি বশতঃ ভগবানের উদ্দেশেই যজ্ঞাদির অনুষ্ঠান করিয়া ভগবানের তুষ্টি উৎপাদন করিতেন এবং দেবতাগণের তুষ্টিতে ধরা শস্যশালিনী হইতেন, আকাশ শুভগ্রহ সম্পন্ন হইতেন। এক্ষণে দেহ ব্রহ্মাণ্ডে অজ্ঞানের প্রভুত্ব উপস্থিত হওয়াতে জ্ঞান বুদ্ধি স্মৃতিরূপী ঋষি সাধু ও বিদ্যাধরপ্সরাগণ ভোগ বীর্য্যের অধীন হইয়া ভোগের গুণ কীর্ত্তনই আরম্ভ করিলেন; অর্থাৎ তাঁহারাও অজ্ঞানে আবৃত থাকিলেন। আবার সত্ত্ব ভাবের বিকাশে তাঁহারা সাত্ত্বিক ভাবে পূর্ণ হইবেন। অজ্ঞানের প্রচারে ক্রমে সমাজ বিশৃংখলা হইয়া থাকে এবং ভগবদ্ভক্তি বিনষ্ট হয়। ধনীর সেবা ও বীর্য্যবানের সেবা বা পূজা হইয়া থাকে, এস্থলে তাহাই হইল। যে অবস্থা উপস্থিত হইল, ধরানাম্নি পালনী শক্তি ও আকাশ নামক আধার শক্তিও সেই সকল ভোগের অনুকূলতা প্রদর্শন উপস্থিত করিল। অর্থাৎ কেহই ভোগ বিরোধী হইল না।

হে পাণ্ডব! লবণ, ইক্ষু, ঘৃত, সুরা, দধি, ক্ষীর, ও অমৃতময়ী সপ্ত সাগর তাহাদের নদীসম পত্নীগণের সহিত ভারে ভারে রত্ন ও উপহার আপনাদের ঊর্ম্মিরূপী বাহুযোগে আনিয়া অসুরকে উপহার দিতে থাকিল। ৭। ৪। ১৩

হে রাজন, মহাশৈলের শ্রেণী সমূহ সেই অসুরের ক্রীড়া ভূমি ছিল বলিয়া তাঁহাকার মহাদ্রুম সকল, ঋতুমতে ফল ফুলে সতত শোভিত থাকিত। এইরূপে সেই মহা-

সুর আপনার তেজে সকল লোকপালের ক্ষমতা স্বয়ং লাভ করিয়া প্রয়োজনানুসারে বর্ষণ, শোষণ, ও দহনাদি কার্য্য করিয়া ক্ষেত্র ও কামমাদিকে সজীব রাখিত। ৭। ৪। ১৪

ব্যাখ্যা। সকল প্রকার ভোগ্য লাভ বুঝাইতেই উপাখ্যানচ্ছলে সাগর ও নদীগণের সাহায্যে, রত্নভার প্রদানাদির কথা বলা হইল। আর সকল প্রকার ভোগ ক্ষমতা বুঝাইতেই ইন্দ্রাদি লোকপালের ন্যায় বর্ষণাদি ক্ষমতাও অসুরে দেখান হইল। অজ্ঞানে এমন ক্ষমতার উপস্থিত হইল যে সংসারের সকল ভোগ্য যে আহরণ করিল এবং তাহা ভোগ করিল। এরূপ ভোগে পরিণামে তাহার কি হইল তাহা পরে প্রকাশ হইবে।

হে মহারাজ, সেই মহাবলী অসুর আপনার বীর্য্যবলে ত্রিলোক বিজয় করিয়া আপনার অভিমত বিষয় ভোগ করিতে থাকিল, সকলের উপরে একাধিপত্য স্থাপন করিল, এত বীর্য্য ও এত ভোগ করিয়াও অজিতেন্দ্রিয় ছিল বলিয়া কোন প্রকারে সম্যক্ তৃপ্তি লাভ করিতে পারিল না। সর্ব্বদা নূতন ভোগ, নূতন অশ্রদ্ধা ও অজ্ঞানের ক্রীড়া করিতে উন্মত্ত থাকিত। এইরূপে শাস্ত্রমর্য্যাদা নাশকারী, ঐশ্বর্য্যমদে উন্মত্ত মহাভীষণ দৈত্যের বিষয় ভোগের বহুকাল অতীত হইল। ভগবদ্ভক্ত সনকাদি ঋষিদত্ত শাপ ভোগ কাল উপস্থিত হইল। কিন্তু ক্রমে তাহার কঠোর শাসনে লোকপালগণের সহিত জীবগণ এত কাতর হইয়া উঠিল যে আর তাহারা অধর্ম্ম পীড়ন সহ্য করিতে না পারিয়া, ত্রিভুবনে আর কাহাকেও তাহার উপস্থিত বিপদের আশ্রয় দাতা না দেখিয়া, যিনি সর্ব্বাশ্রয় দাতা, অচ্যুত, তাঁহার সমীপে গমন করিল। যিনি সদা বর্ত্তমান সেই আত্মরূপী হরি যে স্থানে ঈশ্বর বা সর্ব্বান্তর্যামী রূপে বর্ত্তমান, যাঁহার উদ্দেশে কর্ম্ম সমূহকে ত্যাগ করিয়া, হৃদয়কে বিশুদ্ধ করিয়া একবার গমন করিতে পারিলে আর মায়াসংসারে আসিতে হয় না, চিরশান্তি লাভ হয়; সেই বিশ্বনিয়ন্তার স্থিতির উদ্দেশে সংযতভাবে, সমাহিতচিত্তে, মনোমলহীন হইয়া; বায়ু মাত্র ভোজনে নিরত হইয়া, আলস্য নিদ্রাদি ত্যাগ করিয়া, সর্ব্ব হৃদয়বাসী হরির উপাসনা করিতে, তাঁহাকে সকলে প্রণাম ও স্তব করিতে থাকিলেন। ৭। ৪। ১৫

ব্যাখ্যা। এই স্থলে শ্রীব্যাস কশিপুচরিত্রের প্রকৃত কথা প্রকাশ করিলেন।

শ্লোকে বলা হইল যে সেই অসুর বা অজ্ঞানাক্রান্ত ও ভোগের অধীন ত্রিভুবনের সমস্ত ভোগ্য ভোগ করিতে পাইয়াও তৃপ্ত হইতে পারিল না, নিত্য তাহার নূতন ভোগপর আশা বৃদ্ধি পাইতে থাকিল, সেই ভোগ্য আহরণ করিতে সে নিত্য নূতন উৎপীড়ন জগতে প্রকাশ প্রকাশ করিতে থাকিল, কিন্তু কোন মতে তৃপ্ত সাধন করিতে পারিল না। ইহার কারণ কি? যে ইন্দ্রিয় জয় করিতে পারে নাই, দেহ জগতের জ্ঞানবুদ্ধি ও ইন্দ্রিয় শক্তি সমস্তকে আপনার অভ্যাস ও সাধনা প্রভাবে বশ করা যাইলেও যদি ইন্দ্রিয় সমূহকে বশীভূত না করা যায় তাহা হইলে ভোক্তা ভোগের দাস হইয়া পড়ে। ভোগের অধীন যে হয়, তাহার পক্ষে কশিপুর ন্যায় ত্রিভুবনের ন্যায় অনন্ত ঐশ্বর্য্যের ভোগ হইলেও শান্তিলাভ হয় না, বরং নিত্য নিত্য ভোগাশা বৃদ্ধি হইয়া থাকে।

শাস্ত্রকারেরা কহেন, জীবের হৃদয় যখন ঘোর অজ্ঞানে আচ্ছন্ন যখন সাত্ত্বিক বৃত্তি সমূহের ক্রিয়া একেবারে লোপ হয়, তখনই সেই বৃত্তিসমূহ পরিতাপ প্রকাশ করিয়া থাকে। সেই পরিতাপ ও মর্ম্মবেদনা উপস্থিত হইলে তজ্জ্বালার ইচ্ছা তাহারাই প্রকাশ করে। শান্তির চেষ্টাই ভগবানের শরণাপন্ন হওন বুঝিতে হইবে। ঐ ভাব উপস্থিত হইলেই জীবের সত্ত্বতেজ ব্রহ্মতেজ আকর্ষণ করিয়া জ্ঞানাদি বৃত্তির বল বৃদ্ধি করিয়া অজ্ঞান বিনাশ করেন। এই ভাবটী বুঝাইতেই বলা হইল যে, হিরণ্যের পীড়নে পীড়িত হইয়া যখন সাধুগণে অত্যন্ত কষ্টানুভব করিলেন; তখন তাঁহারা অগতির গতি হরির স্মরণ করিয়া শান্তির ইচ্ছা করিলেন। পূর্ব্বে জ্ঞানাদির বিকাশ এবং জীবের ব্রহ্মতেজ কীর্ত্তন উপায়ই উপাখ্যানাকারে এরূপে লিখিত হইল বুঝিতে হইবে। এমন প্রকাশ হইতেছে।

হে রাজন্! পবিত্র সাধুগণে যখন অত্যন্ত কাতর হইয়া সমাহিত চিত্তে ভগবানের স্মরণ করিতে থাকিলেন সেই সময়ে তাঁহার অভয় প্রদান করিবার জন্য মেঘগম্ভীর স্বরে এক অরূপা বাণী প্রকাশ হইল, তাহার শব্দে চতুর্দ্দিক কম্পিত হইতে থাকিল। ৭। ৪। ১৬

সেই বাণীতে এই সকল কথা ছিল:—ভগবান যেন সেই বাণীতে কহিলেন:—হে বিবুধশ্রেষ্ঠগণ! আর শঙ্কিত হইবেন না, আমি আপনাদের যাহাতে কল্যাণ সাধন হয় তাহা করিব। দেখুন সাধুগণ! সকল প্রাণীর পক্ষে আমার সত্ত্বাব প্রত্যক্ষই সকল কল্যাণের আকর হইতেছে। (আমি কালক্রমে আপনাদের দেখা দিব,) এক্ষণে আমি দুষ্ট অসুরের দৌরাত্ম্যের বিষয় সমস্তই অবগত হইয়াছি। আপনারা উপযুক্ত কাল পর্য্যন্ত অপেক্ষা করুন, আমার আবির্ভাবের সময় উপস্থিত হইলেই, আমি শান্তি বিধান করিব।

দেখুন সাধুগণ, যে ব্যক্তি দেবতা, বেদ, গাভী, বিপ্র, সাধু, ধর্ম্ম এবং আমাতে বিদ্বেষ করিয়া থাকে, সে আপনার কর্ম্মদোষে আপনিই আমার অলংঘ্যনিয়মে বিনাশ পাইয়া থাকে। ৭। ৪। ১৭

সেই মহাসুর এক্ষণে ব্রহ্মার বরে বলীয়ান্, যখন সে আপনার প্রহ্লাদনামক মহাত্মা, চিরনির্বৈর ও প্রশান্ত ভক্তপুত্রকে বিদ্বেষ পূর্বক যাতনা প্রদান করিবে, সেই সময়ে আমি তাহাকে বধ করিব। ৭। ৪। ১৮

ব্যাখ্যা। যখন অন্তরে ভীষণ অজ্ঞানের অধিকার উপস্থিত হয়, তখনই পরিতাপ ও গ্লানি উপস্থিত হইয়া থাকে। সেই পরিতাপই সাত্ত্বিক বৃত্তির লক্ষণ হইতেছে, যেহেতু যখন ভীষণ অজ্ঞানের ক্রিয়া হয়, তখনই সাত্ত্বিক বৃত্তি সমূহ পরিতাপিত হইয়া আত্মতেজ আকর্ষণ করিয়া থাকে। সেই আত্মতেজই অভয় তত্ত্ব। যে তত্ত্বশক্তির আবির্ভাবে জীবের অজ্ঞানভয় নিবারণ হয়; তাহাকেই ঈশ্বরের কৃপাবীর্য্য কহে। সেই কৃপাবীর্য্য রূপী জ্ঞান, শান্তি প্রভৃতি শক্তি সমূহ ঐ সত্ত্ববৃত্তি সমূহকে রক্ষা করে। এই ভাবটীই অভয়বাণীরূপে প্রকাশ করা হইল। পরে পূর্ণ অভয় কিসে লাভ হয়, তাহাতে বলা হইল,—"ভগবদ্দর্শনই" পূর্ণ অভয় স্বরূপ হইতেছে যখন অত্যাচারের পরাকাষ্ঠা অশ্রদ্ধা ও অজ্ঞানের বিশেষ ব্যাপ্তি প্রকাশ হইবে, সেই সময়েই ভগবদাবির্ভাব হয়। অর্থাৎ পরিতাপের ক্ষমতায় জ্ঞানালোকের প্রকাশ হয়। তাহার উপায়ের স্বরূপ সপ্তদশ শ্লোকে বলা হইবে। হিরণ্যের পূর্ণাত্যাচার বুঝাইতেই অষ্টাদশ শ্লোক বলা হইল।

পূর্বকথা সমাপ্ত করিয়া শ্রীনারদ রাজা যুধিষ্ঠিরকে সম্বোধন করিয়া কহিলেন :—

হে মহারাজ ! যখন সর্বলোক হিতকারী ভগবান পূর্বকথা কহিলেন, তখন স্বর্গবাসী দেবগণ এবং সাধু মুনিগণে উদ্বেগশূন্য হইয়া তাঁহাকে উদ্দেশে প্রণাম করিলেন এবং অল্পদিনের মধ্যে মহাসুর বিনষ্ট হইবে, এই কথা স্থির করিয়া তাঁহারা উদ্বেগশূন্য হইয়া আপনাপন স্থানে গমন করিলেন। ৭। ৪। ১৯

এদিকে সেই মহাদৈত্য হিরণ্যকশিপুর চারটী পরম সদ্গুণের আকর স্বরূপ আশ্চর্য্য পুত্র ছিল, তন্মধ্যে প্রহ্লাদ নামক কুমার ভগবান হরির উপাসক হইয়া, সর্বাপেক্ষা মহত্ত্ব স্থাপন করিতে পারিয়াছিলেন। ৭। ৪। ২০

হে রাজন্, সেই প্রহ্লাদ নামক কুমারের সাধুচরিত্রের কথা আর কি বলিব—তিনি ব্রাহ্মণের ন্যায় অন্তরে ব্রহ্মচর্য্যধারী ছিলেন। সদাচারী ছিলেন। জিতেন্দ্রিয় ও সত্য

প্রতিজ্ঞও ছিলেন। এমন কি আপনার ন্যায় সমান ভাবে সকল প্রাণীকে প্রিয় ভাবিতেন বলিয়া তিনি সকল জীবের বন্ধুও ছিলেন। ৭।৪।২১

ভৃত্য যেমন প্রভুর পদসেবা করে, প্রহ্লাদ সেইরূপে গুরুজনের সেবা করিতেন। পিতা যেমন সন্তানগণকে পালন করেন, তিনি সেই ভাবে দীন ও বিপন্ন জনকে প্রতিপালন করিতেন। পরস্পর সহোদরে যেমন প্রেমভাব সংবদ্ধ হয়, সেইরূপ তিনি সমান বয়সীগণকে সমভাবে দেখিতেন এবং পিতা, মাতা, ও শিক্ষাদাতা এবং ইষ্টমন্ত্রদাতাদি গুরুগণকে ঈশ্বরের ন্যায় ভাবিতেন। তিনি বিদ্যাতে অদ্বিতীয়, ঐশ্বর্য্যে অদ্বিতীয়, রূপ ও সদ্বংশে জন্ম লাভ করিয়াছিলেন বলিয়া কখনও অভিমান বা অহংকার করেন নাই। ৭।৪।২২

তিনি বিপদে কখন অধীর হইতেন না, শ্রুত, দৃষ্ট যত কিছু গুণময় পদার্থ দেখিতেন, সে সমস্তকে মায়াপ্রসূত অলীক ভাবিয়া তাহাতেও কখন মুগ্ধ হইতেন না, কিছুতে স্পৃহা করিতেন না। তিনি আপনার ক্ষমতায় ইন্দ্রিয়, প্রাণ এবং দেহাদি উপাধিকে জয় করিয়াছিলেন। সর্ব্বদা শান্তির কামনা করিতেন। অসুরবংশে জন্মিলে কি হইবে? তাঁহাতে অসুরভাব কিছুই কখন লক্ষিত হয় নাই। ৭।৪।২৩

ব্যাখ্যা এই অধ্যায়ের আদিভাগে বলা হইয়াছে যে শুদ্ধাশুদ্ধ বাসনানুসারে জীব ইহসংসারে কর্ম্ম করিয়া ফল ভোগ করে। সেই ফলে নিকৃষ্ট উৎকৃষ্ট যোনী, দুঃখী ঐশ্বর্য্যবান এবং সাধু ও অসাধু হওয়া যায়। এস্থলে শ্রীশুক দুই চরিত্র দেখাইলেন:— এক চরিত্র হিরণ্যকশিপু, যে আপনার দুষ্কর্ম্মজন্য দৌর্ভাগ্য লাভ করিয়াছিল বলিয়া ভগবানে অশ্রদ্ধা ও অবিশ্বাস স্থাপন করিয়াছিল। সেই অশ্রদ্ধাদি হইতে তাহার ভোগবৃত্তি এত প্রবল ও অজ্ঞানময় হইয়াছিল, যে তাহার কিছুতেই তৃপ্তি সাধন হয় নাই; এমন কি শেষে তাহার গর্ব্বে তেজে ও স্বেচ্ছাপরতায় লোকে এত কষ্ট বোধ করিয়াছিল, যে ভগবানকে সকলে মনোভাব জানাইয়া তাহার নিধনের চেষ্টা করিল। ইহাই দুর্ব্বাসনার ফল হইতেছে। আর তাহারি পুত্র, সেই অসুর বংশে জন্মিয়া, প্রহ্লাদের ঈশ্বর ভক্তি ও প্রেম থাকাতে বাসনা বিশুদ্ধা হইয়াছিল, এইজন্য বৈষ্ণবের যে সকল সদ্গুণ তাহা স্বভাবতঃ তাহাতে দেখা গিয়াছিল। ইহাতে বুঝান হইল যে, অশুদ্ধা বাসনাটি সত্য নহে, তাহাতে সুখ বা শান্তিলাভ হয় না। পবিত্রা বাসনা চিরস্থায়ী, তাহাতে ভগবৎকৃপা লাভ হইয়া থাকে। যে কুলে যে বংশেই হউক না কেন, বাসনা বিশুদ্ধ হইলেই ভগবৎকৃপা লাভ হইয়া থাকে এবং সেই পবিত্র জনে সকল সাধু গুণ প্রকাশ হয়। যেমন শুভ্রহীরকাদিতে রক্তপীতাদি বর্ণ প্রতিভা লাভ হইলে তাহাকে তদ্বর্ণময়

বলিয়া বোধ হয়, যদি সেই বর্ণ তাহা হইতে তিরোহিত করা যায়, তাহা হইলে হীরক যেমন নিজ ভাব ধারণ করে, সেইরূপ বাসনাটীর প্রকৃত স্বভাব পবিত্র, কেবল কর্ম্মরূপী তমো প্রভৃতি ভাবে রঞ্জিত হইলেই উহাকে দুষ্কর্ম্মান্বিত দেখা যায়। এই বিষয়ের প্রমাণ দেখা-ইতে পরে বলা হইবে—যে বিপদে সম্পদে, মায়া প্রলোভনে, কোন উপায়েই প্রহ্লাদের বাসনা কলুষিত হইবে না, একমাত্র ভগবদ্বিশ্বাসে, তিনি অচল ও অটল ভাবে থাকিবেন, কিন্তু হিরণ্যের পরিতাপ ও ভগবদ্ভীতি উপস্থিত হইলেই আপনার তমোগুণে রঞ্জিত বাসনার মন্দাংশ পরিবর্ত্তিত হইবে। ঐ ভগবদ্ভীতিই নৃসিংহাবতারের তাৎপর্য্য হই-তেছে একথা নৃসিংহতাপনীয় উপনিষদে দ্রষ্টব্য। এই স্থলে যে ভাবে উভয় বাস-নার মীমাংসা করা হইল, পরে শ্রীব্যাস নারদোক্তিতে তাহাই বলিবেন।

হে মহারাজ! যেমন ভগবানের গুণসমূহ কখন ক্ষয় পায়না, তদ্রূপ ভগবদ্ভক্ত জনের মহৎগুণ সমূহও কখন ক্ষয় পায়না। দেখুন অদ্যাপি মহা মহা কবিগণ সেই পরম সাধু প্রহ্লাদের চরিত্র কীর্ত্তন করিয়া তাঁহার মহদ্গুণ সমূহকে সজীব রাখিয়াছেন। (অত-এব সাধুভাবই অবিনাশী।) ৭। ৪। ২৪

হে মহারাজ, সাধুভাবের কেহ বিদ্বেষ্টা নাই, দেখুন অসুরগণ দেবতাগণের শত্রু হইলেও প্রহ্লাদের সাধুচরিত্রের কথা, আপনাদের পবিত্র সভায় বর্ণনা করিয়া ও প্রীত হইয়া থাকেন, অতএব আপনার ও আমার ন্যায় লোকে, যে সেই সাধুপুরুষের প্রশংসা করিব, ইহার আর আশ্চর্য্য কি। ৭। ৪। ২৫

হে ধর্ম্মরাজ, সেই সাধুপুরুষের অসংখ্য সাধুভাব মাহাত্ম্য কেহ কখনই স্থির করিতে পারেন নাই। এমন কি, অসুরবর সেই প্রহ্লাদের ভগবান বাসুদেবে নিষ্কাম ভক্তির আবির্ভাব হইয়াছিল। ৭। ৪। ২৬

ব্যাখ্যা। অসাধুবংশে সাধুবাসনার প্রকাশ হইলে তাহার প্রকৃত পারমার্থিকী উন্নতি অতি সুলভ হয়। ইহা প্রমাণ করিতে অতি সংক্ষেপে প্রহ্লাদের সম্পূর্ণ সিদ্ধির কথা শ্রীব্যাস নারদোক্তিতে এইস্থানে বর্ণনা করিলেন। পবিত্র বাসনা যেমন অক্ষয়, তদ্রূপ তজ্জাত গুণ সমূহও অক্ষয়; এবং সেই সাধুভাব সমূহ দেবগণের অর্থাৎ পবিত্রা জীবেরও উপজীব্য হইয়া থাকে। অতএব সাধু বাসনা হইতে ভাবের পবিত্রতা এত উচ্চ-তর হয় যে ভগবৎ সাযুজ্যাদি লাভও হইয়া থাকে। এই কথা প্রমাণ করিবার জন্য বলা হইল যে, প্রহ্লাদের এতদূর আধ্যাত্মিক উন্নতি হইয়াছিল যে, ঈশ্বরে তাহার নিষ্কাম

রতির আবির্ভাব হইয়াছিল। বাসনার চরিতার্থ করিতে করিতে অন্তরে যে সুখের বিকাশ হয়, সেই সুখেচ্ছাকেই রতি কহে। ভগবৎসেবা রূপে বাসনার চরিতার্থ করিতে করিতে, তাহাতে যে অনুরাগের সঞ্চার ক্রমে হয়, সেই একান্ত অনুরাগের নামই নিষ্কাম রতি হইতেছে। প্রহ্লাদের বাসনার বিশুদ্ধিহেতু ভগবানে তাঁহার সেবাদি ভাব নিশ্চয় হইয়াছিল, ক্রমে তাহা হইতে নিষ্কাম রতির সঞ্চার হইয়াছিল বুঝিতে হইবে। নিষ্কাম রতির লক্ষণ পরে বলা হইতেছে। এইভাবে রতির আবির্ভাব হইয়াছিল। মনের চেষ্টা ঈশ্বর পরতায় নিরত হইতে হইতে তাঁহাতে যে স্বাভাবিকী আশক্তির উদয় হয়; সেই আশক্তি যখন ক্রমে রতিতে পরিণত হইয়া সংসার নাশ করে; বাসনা ক্ষয় করে, তাহাকেই স্বাভাবিকী নিষ্কাম রতি কহে। এই রতিই ব্রহ্মানুরাগের এক মাত্র উপায় হইতেছে। শ্রীনারদ প্রহ্লাদের সেই রতি উপস্থিত হইয়াছিল, ইহা ধর্ম্মরাজকে বুঝাইয়া দিলেন। পরে তাহার মীমাংসা প্রকাশ হইবে।

হে ধর্ম্মরাজ! (প্রহ্লাদের স্বভাবতঃ কি উপায়ে ভগবানে স্বাভাবিকী নিষ্কামরতির আবির্ভাব হইয়াছিল তাহা শ্রবণ করুন।):—

তিনি যখন বালক ছিলেন, সেই কালে তিনি বিষয়পক্ষে একেবারে অক্ষম থাকায় এবং জগতের জন্মমৃত্যুজনিত এইরূপ ভাব জ্ঞাত না থাকায়, তাঁহার সেই কোমল মন কৃষ্ণমূর্ত্তি একান্তভাবে সেবা করিয়া, তাহাকেই ক্রীড়া স্বরূপ ভাবিতেন, ক্রীড়াচ্ছলে ভগবৎসেবা ব্যতীত আর কোন ক্রীড়া তিনি করিতেন না। ৭। ৪। ২৭

তিনি গোবিন্দসেবায় একান্ত অনুরত থাকিয়া ক্রমে ক্রমে এত উন্মত্ত হইয়াছিলেন, যে, শিশুকালেও উপযুক্ত আসনে অবস্থান, উপযুক্ত স্থানে কোন কার্য্যানুরোধে পর্য্যটন, ক্ষুধা বা তৃষ্ণায় আহার পানীয় জন্য ব্যাকুল হওন, কিম্বা অন্যথা কোন প্রকার কথনাদির কখনই চেষ্টা করিতেন না, এবং ঐ সকল ভাব তাঁহাতে সহজে আবির্ভাবও হইত না। ৭। ৪। ২৮

হে রাজন্! (সেই বালককালেই এইরূপ আচরণে তাঁহার অন্তর এতদূর সাত্ত্বিক ভাবে পরিপূর্ণ হইয়াছিল যে)—বৈকুণ্ঠ চিন্তা করিতে করিতে কখন কখন তাঁহার চেতনা বাহ্য হইতে এত ক্ষুভিত হইত যে তিনি ক্রন্দন করিয়া ফেলিতেন, কখন ভগবানের প্রেমরসে এতদূর আনন্দিত হইতেন যে সময়ে সময়ে হাসিতেন, সময়ে সময়ে আহ্লাদে উচ্চ-গুণ গান করিতেন। কখন বা প্রেমোৎকণ্ঠায় ভগবৎবিরহে তাঁহার নামে চীৎকার করিতেন, কখন বা এমন বাহ্যজ্ঞান শূন্য হইতেন যে প্রেমে আনন্দিত হইয়া নৃত্য করিতেন। কখন কখন তদ্ভাবনায় এতদূর তন্ময় হইয়া পড়িতেন, যে ভগবদ্ভাব সকলের অনুকরণ করিয়া চরিতার্থ হইতেন। ৭। ৪। ২৯। ৩০

কখন কখন পুলকে এতদূর অন্তর্ভাবনায় উন্মত্ত হইতেন, যে তখন তাঁহার বাহ্যজ্ঞান নষ্ট হইত, সে সময়ে বাহ্যস্পর্শনাদি শক্তি পর্য্যন্ত তাঁহার নাশ হইত, তিনি সে সময়ে তূষ্ণীভাবালম্বন করিয়া থাকিতেন। কখন কখন তিনি অন্তরে প্রণয়ানন্দ এতদূর ভোগ করিতেন, যে, সেই সময়ে স্থির ও বিস্ফারিত নেত্রে বিশ্বের প্রতি পলকহীন হইয়া চাহিয়া থাকিতেন, তখন তাঁহার নেত্র হইতে প্রেমের অশ্রু প্রবাহিত হইত। ৭।৪।৩১

হে রাজন্! প্রহ্লাদ এই ভাবে সেই উত্তমশ্লোকপদারবিন্দ সেবা করিয়া এবং তাঁহাতে নিষ্কাম ভক্তি উদ্ভব করিয়া এমন পরম নির্বৃতি বা পরমাবস্থা লাভ করিয়াছিলেন, যে আপনি তাহাতে সংসার মুক্ত হইয়াও যে সকল অসুর ও দুর্জ্জনের সহিত আলাপ করিতেন, সেই দুর্ভাগ্যগণকেও তিনি পবিত্র করিতেন। ৭।৪।৩২

ব্যাখ্যা। এই ছয় শ্লোকে শ্রীব্যাস নারদোক্তিতে প্রহ্লাদের ভগবদনুরক্তির কথা প্রকাশ করিলেন। যে সকল শক্তি স্বভাবতঃ ইন্দ্রিয়াদি প্রকাশের সহিত প্রকাশ হয়, তাহাদের স্বাভাবিকী শক্তি কহে। ঐ স্বাভাবিকী শক্তি প্রকাশের বিবিধ চেষ্টা শাস্ত্রকারেরা নির্দ্দেশ করিয়াছেন, আন্তরিক ও বাহ্যিক। যে চেষ্টা দেহ বৃদ্ধির সহিত অন্তর হইতে প্রকাশ হয় তাহাকে আন্তরিক চেষ্টা কহে। যেমন শৈশবে গ্রহণ, গমন ও কথনাদির চেষ্টা। আর যে চেষ্টা বাহ্য অনুকরণ ও ইঙ্গিতশিক্ষা দ্বারা অন্তরের শক্তি প্রকাশ করিয়া দেয়, তাহাকে বাহ্যচেষ্টা কহে। যেমন বিদ্যা ও কর্ম্মাদি শিক্ষা। জীবের অন্তরে যে স্বাভাবিক বৃত্তি সমূহ লুপ্ত ভাবে আছে, তাহা ঐ উভয়বিধ চেষ্টা হইতেই প্রকাশ হইয়া থাকে; বর্দ্ধিত এবং হ্রাসও হইয়া যায়।

ঐ নিয়মে উপদেশ বা পাঠাদি বিদ্যা বাহ্য হইতে অন্তরে অভ্যাস করিলে স্বাভাবিক জ্ঞান শক্তির আবির্ভাব হয়। যদি সেই জ্ঞান তত্ত্ববিদ্যাতে উজ্জ্বল করা যায়, তাহা হইলে মানব মুক্ত হইতে পারে। এ স্থলে প্রহ্লাদের স্বাভাবিক ঈশ্বরানুরাগের কথা বলা হইতেছে। প্রহ্লাদ শিশুকাল হইতে কৃষ্ণ সেবা অনুকৃত ক্রীড়া করিতেন, এইজন্য তাহার ক্রমে ভক্তি সংস্কৃত জ্ঞানের আবির্ভাব হইয়াছিল। ভক্তি সংস্কৃত জ্ঞান প্রকাশ হইলে তাহার লক্ষণ কি? তাহা বলিতে বলা হইল যেঃ—তাহাতে কৃষ্ণগন্ধ ব্যতীত বাহ্য বিষয়ভোগে কখন অনুরাগ উপস্থিত হয় না; এমন কি, বাহ্য কার্য্যার্থ উত্তম স্থানে উপবেশন, পর্য্যটন, উত্তম ভোজন প্রভৃতিতেও ভক্তের আশক্তি থাকে না। এইভাবে আচরণ করিতে করিতে সংসারে অনাশক্তি ক্রমে স্থির হইয়া, ঈশ্বরে প্রগাঢ় আশক্তি সহযোগে স্বাভাবিকী রতির উদয় হয়; এই স্বাভাবিকী রতিতে সেই প্রেমের বস্তুস্বরূপ ঈশ্বরজন্য ভক্ত কখন বিরহান্বিত, কখন আনন্দিত হইয়া থাকেন। বিরহকালে কখন ক্রন্দন, কখন নাদ, কখন উৎকণ্ঠা, কখন তূষ্ণী, কখন প্রেমাশ্রু বিসর্জ্জন হয়। আবার

আনন্দকালে তদ্ভাবে হাস্য, গীত, নৃত্য, তন্ময় হওনাদি ঘটিয়া থাকে। বিরহ সংপর্কে যখন ধ্যানের ভগবান হৃদয় হইতে ভক্তের অন্তরে আবৃত ভাবে থাকেন, তখনই ভক্তের বিরহাবস্থা উপস্থিত হয়। আর যখন ধ্যানে অন্তর্ভোগ উপস্থিত হয়, তখনই আনন্দ। এ সকল কথা ভক্তি দার্শনিকেরা বিশেষ রূপে প্রকাশ করিয়াছেন। ভক্তের এইরূপ বাহ্যাদি হইতে সাত্ত্বিক অনুষ্ঠানে সাত্ত্বিক ভাবের উদয় হইলে, যখন তিনি পরম প্রেমময় হয়েন, সেই সময়ে তাঁহার ক্ষমতায় ও আলাপে দুর্জ্জনের দৌর্জ্জন্য ও দৌর্ভাগ্য নাশ হইয়া থাকে। প্রহ্লাদের চরিত্রে শ্রীব্যাস ইহাই প্রমাণ করিলেন।

হে মহারাজ! এমন মহাভাগবত এবং পরম সৌভাগ্যবান মহাত্মা পুত্রের প্রতি, তাঁহার পিতা হিরণ্যকশিপু ঘোর প্রতিকূলাচরণ এবং বিদ্রোহাচরণ করিয়াছিল। ৭। ৪। ৩৩

পূর্ব্ব কথা শ্রবণ পূর্ব্বক রাজা যুধিষ্ঠির কহিলেন ঃ—

হে সুব্রত! হে দেবর্ষে! আপনি যে কহিলেন ঃ—প্রহ্লাদের ন্যায় সাধু ও বিশুদ্ধ আত্মজের প্রতি তাঁহার পিতা ভীষণ প্রতিকূলাচরণ করিয়াছিল; আমি সেই সকল কথা শ্রবণ করিতে ইচ্ছা করি, অনুগ্রহ করিয়া আমাকে বলুন।—৭। ৪। ৩৪

হে ঋষে, সাধু পুত্রের কথা দূরে থাকুক; যদি পুত্র মন্দমতিমান্ হয়, তাহাদের প্রতি পিতা নিরত পুত্রবৎসল থাকেন, তবে যে তিরস্কারাদি করেন, তাহা কেবল শিক্ষার্থ মাত্র; কখনই শত্রুর ন্যায় ব্যবহার করিতে পারেন না। অতএব এমন গুরুদেবতাতে ভক্তিমান্, পিতার অনুগত প্রহ্লাদের ন্যায় সাধু পুত্রকে পিতা হইয়া কেহ কি কখন উৎপীড়ন করিতে পারে? ৭। ৪। ৩৫। ৩৬

হে ব্রহ্মন্, হে প্রভো, পিতা এরূপ পুত্রের উপরে এমন দ্বেষ করিল, যাহাতে পুত্রের মৃত্যু চেষ্টা পর্য্যন্ত কল্পিত হইয়াছিল, এই কথায় আমার অত্যন্ত কুতূহল উপস্থিত হইয়াছে, আপনি সেই আখ্যান প্রকাশ করিয়া আমাকে কৃতার্থ করুন। ৭। ৪। ৩৭

ইতি শ্রীভাগবত সপ্তমস্কন্ধে চতুর্থ অধ্যায়ে
উপেন্দ্র কৃত অনুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা পূর্ব্বে দ্বাত্রিংশতি শ্লোকে বলা হইয়াছে যে তিনি দুর্জ্জন ও দুর্ভাগা কৃষ্ণদ্বেষী জনের মধ্যে থাকিয়া, তাহাদের নিজগুণে পবিত্র করিলেন। সেই কৃষ্ণদ্বেষ বিশেষ রূপে বুঝাইতে বলা হইল যে কৃষ্ণদ্বেষী যে হয়, তাহার পুত্রের সাধুতাতেও ঘোর দ্বেষ উপস্থিত হইয়া থাকে। পুত্রকে যে হিংসা করিতে পারে, তাহার ন্যায় দুর্জ্জন ও স্নেহহীন জগতে আর কে হইতে পারিবে। এক্ষণে যুধিষ্ঠিরের প্রশ্নক্রমে শ্রীনারদ পরাধ্যায় হইতে প্রহ্লাদের সাধুতা এবং তৎপিতার বিদ্রোহাচরণ প্রকাশ করিবেন। বিশে—

যতঃ প্রহ্লাদের সংস্পর্শে অধিকাংশ দৈত্যই আপন দুরাদৃষ্ট নাশে সাধু হইয়া যাইবে, এমন কি মুক্ত পর্য্যন্ত হইবে।

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে চতুর্থ অধ্যায়ে
উপেন্দ্র কৃতান্বয়ব্যাখ্যা সমাপ্ত।

অথ পঞ্চম অধ্যায়

ধর্ম্মরাজ প্রশ্ন করিয়া শ্রীনারদ কহিলেন ঃ—

হে ধর্ম্মরাজ, অসুরগণ ভগবান শুক্রাচার্য্যকে অতি যত্নে পৌরহিত্যে বরণ করিবার পর হইতে, অসুর রাজের রাজপ্রসাদের সমীপে আচার্য্যের শণ্ড ও অমর্ক নামে দুই গুণবান পুত্র থাকিতেন। ৭।৫।১

দৈত্যপতি সেই আচার্য্য কুমারদ্বয়কে অসুর বালকগণের দণ্ডনীতি প্রভৃতি আসুরী শাস্ত্র শিক্ষার্থ অনুজ্ঞা করেন, পরে আপনার সুবুদ্ধিমান্ প্রহ্লাদ কুমারকেও শিক্ষার্থে তাঁহাদের হস্তে অর্পণ করেন। ৭।৫।২

হে রাজন্, গুরুগণ প্রহ্লাদকে যে সকল শিক্ষা দিতেন, প্রহ্লাদ তাহা শ্রবণ মাত্রেই পাঠ করিতে পারিতেন, কিন্তু সেই পাঠে আত্মীয় ও পর ইত্যাদি ভেদ বোধক শিক্ষা থাকাতে, তাহাকে অসদ্ বলিয়া, আপন মনে প্রীতির সহিত গ্রহণ করিতেন না।

একদা পুত্রের শিক্ষা পরীক্ষার্থেঃ—পিতা দৈত্যপতি তাঁহাকে আপন সন্নিকটে আনাইয়া জিজ্ঞাসা করিল, হে বৎস তুমি যাহা উত্তম শিক্ষা করিয়াছ তাহা আমাকে বল? ৭।৫।৩

পিতার কথা শ্রবণে প্রহ্লাদ কহিলেন :—

হে অসুরবর, দেহীগণ, ইহা আমার, ইহা পরের এইরূপ মিথ্যাভিনিবেশে যাহাতে সতত উদ্বিগ্ন না হয়; এইরূপ ভাবনায় যাহাতে আপনাদের অধোগতি আপনারাই না করে, এমন ইচ্ছায় যদি সংসাররূপী অন্ধকূপ ত্যাগ করিয়া নির্জ্জন অরণ্যে যাইয়া, সেই হরির আশ্রয় গ্রহণ করে, তাহা হইলে আমি সেই ভগবদাশ্রয় গ্রহণ শিক্ষাকে উত্তম শিক্ষা বলি। ৭।৫।৪

যুধিষ্ঠিরকে সম্বোধন করিয়া শ্রীনারদ কহিলেন :—

হে রাজন্, পুত্রের মুখে আপনার শত্রু ভগবানের প্রশংসা ও তাঁহাতে অনুরাগ সঞ্চারের কথা শ্রবণ করিয়া, প্রথমতঃ অভ্যাস দোষে শিশুমতি কলুষিত হইয়াছে, ইহা ভাবিয়া উপহাসচ্ছলে হিরণ্যকশিপু একটু হাস্য করিল। পরে বলিতে থাকিল, বোধ হয় কোন শত্রু বৈষ্ণব ইহাকে এরূপ শিক্ষা দিয়াছে ; ইহা ভাবিয়া অসুরপতি কহিল :—পুনরায় এই বালককে গুরুগৃহে পাঠান হউক, তথায় অসুরাচার্য্যেরা যেন যত্নের সহিত ইহাকে রক্ষণাবেক্ষণ ও শিক্ষা প্রদান করেন, যেন গোপনে কোন বিরুপক্ষীয় লোক আসিয়া বালকের কোমলমতি বিষ্ণু ভক্তিতে পূর্ণ না করে। ৭ । ৫ । ৫ । ৬

বালকাগমনে দৈত্যাচার্য্যেরা প্রহ্লাদকে পুনরায় পাঠগৃহে আনয়ন করিয়া, অতি মিষ্টভাবে, সান্ত্বনা করিয়া কহিলেন :—হে বৎস প্রহ্লাদ, দেখ আমাদের সমীপে মিথ্যা কহিও না, আমাদের সমীপে সত্য বল, তোমার কুশল হইবে। দেখ, এই যে অসুর বালকেরা আমাদের নিকটে শিক্ষা করিতেছে, ইহাদের তো এরূপ বুদ্ধিবিপর্য্যয় উপস্থিত হয় নাই ; অতএব তোমার এরূপ পরবুদ্ধি কিরূপে উপস্থিত হইল। তুমি আপনিই এইভাবে বৈষ্ণববুদ্ধি লাভ করিয়াছ ? না—কোন বৈষ্ণব তোমাকে শিক্ষা দিয়াছে। দেখ তুমি বংশের তিলক, আমাদের শুনিতে অত্যন্ত ইচ্ছা হইয়াছে, আমাদের গুরু জানিয়া সমস্ত কথা বল। ৭ । ৫ । ৭ । ৮

গুরুগণের কথা শ্রবণে প্রহ্লাদ কহিলেন :—

দেখুন, এই যে বিষ্ণুকে পর এবং ঐশ্বর্য্যভোগকে আপনার, এইরূপ ভেদবুদ্ধি যাহা পুরুষে দেখা যায়, তাহা কেবল মহামায়ার বিমোহনে বুঝিতে হইবে। আপনাদের ন্যায় মায়াবিমোহিতগণকে কৃপা করিয়া যেন দেখা দিয়া মোহ নাশ করেন, এই ইচ্ছায় সেই ভগবানকে আমি প্রণাম করিতেছি। ৭ । ৫ ৯

হে মহাশয়গণ ! ঈশ্বর অন্য, নিজব্যতিরেকে সমস্ত জীববিষয়াদি আমা হইতে পৃথক বস্তু, এবং আমি স্বতন্ত্র ভোক্তা পুরুষ ; যে সকল পুরুষের এইরূপ ভেদবুদ্ধি উপস্থিত হয়, তাহাদের পশুভাবাপন্ন কহে। যদি সেই ব্যক্তিগণ ঈশ্বরে অনুরক্ত হয়েন, তাহা হইলে হরি তাঁহাদের উপরে কৃপা প্রকাশ করিবামাত্র তাঁহাদের পশুবুদ্ধি নাশ হইয়া, সাধুবুদ্ধি উপস্থিত হইয়া থাকে। ৭ । ৫ । ১০

যে ভগবান আত্মা রূপে সর্ব্বত্র বিরাজিত। যিনি আপনার ও পর ইত্যাদি ভেদবাদীগণের পক্ষে দুর্নিরূপনীয় হইতেছেন। ব্রহ্মা হইতে সমস্ত বেদবাদী ঋষিগণও যাঁহার মহিমা ও দর্শনলাভ জনিত উপায়ে মুগ্ধ হইয়া থাকেন। সেই সকলের দুর্লক্ষ্য আত্মাই আমার মতিকে বিষয় হইতে উপরত করিয়াছেন। ৭ । ৫ ১১

হে গুরো ! আমি জানি না আমার চিত্ত কি উপায়ে ভগবৎপর হইল ; কিন্তু এখন বুঝিতে পারিয়াছি যে,যেমন চুম্বকের আকর্ষণে লৌহ আপনি তাহাতে আকর্ষিত ও সন্নি-

হিত থাকে, তদ্রূপ সেই চক্রপাণির আকর্ষণ চক্রই আমার চিত্তকে, সতত এইরূপ বিষয় হইতে উপরত করিয়া রাখিয়াছে। ৭।৫।১২

ব্যাখ্যা। পূর্বে নারদ শ্রীযুধিষ্ঠিরকে বলিয়াছিলেন যে প্রহ্লাদের স্বাভাবিকী রতি উপস্থিত হইয়াছিল, এই কয় শ্লোক তাহাই প্রকাশ করা হইল বুঝিতে হইবে। গুরুগণের প্রশ্নে বালক আপনার হৃদয়ের শিক্ষা প্রকাশ করিলেন। উক্ত রতিতে সর্বসমদর্শীত্ব উপস্থিত হইয়া থাকে, প্রহ্লাদের তাহাই উক্তিতে প্রকাশ হইল। এবং তিনি বলিলেন যে যতই কেন বুদ্ধি ভ্রান্ত হউক না, ভেদ ভাবে সংস্কারাবদ্ধ হউক না, তাহার যদি চিত্ত একবার সেই ভগবানে নিরত হয়, তাহা হইলে সেই ভগবৎকৃপা স্বয়ং তাহার বুদ্ধিকে পবিত্র করিয়া থাকেন। এস্থলে বুদ্ধি ও চিত্তের অবস্থার কথা কিছু বুঝা চাই। জীব পূর্ব দৃষ্ট কর্ম্মবশতঃ এমন একটী সঞ্চিত কর্ম্ম প্রকাশার্থ সংজ্ঞা প্রাপ্ত হয়েন, যাহা জীবাত্মার সন্নিধি মাত্রেই এই ইন্দ্রিয় ও দেহের কার্য্য প্রকাশ করিয়া থাকে। এই সংজ্ঞাকেই বুদ্ধি কহে। ইহা সকল জীবেই প্রায় দেখা যায়। চিত্তটী চৈতন্য বা বিজ্ঞান ক্রিয়ায় প্রকাশক। বুদ্ধি যখন কর্ম্ম করিয়া ক্রমে উজ্জ্বল হয়, তখন সেই পবিত্রতা হইতে যে সংজ্ঞা জন্মে, তাহাকে হিতাহিত বোধক উপায় কহে। ঐ উপায়টী ক্রমে প্রকাশ হইতে হইতে যে শক্তির দ্বারা পুষ্ট হয়, তাহাকে চিত্ত কহে, চৈতন্য শক্তির ক্রিয়া প্রকাশক অবস্থা কহে। ঐ চিত্তকে যদি ভগবদারাধনে বা কোন পবিত্র উপায়ে নিত্য সংস্কৃত রাখা যায়, তাহা হইলে তাহা হইতে জ্ঞানের পূর্ণ প্রকাশ হয়, সেই চৈতন্যপূর্ণ জ্ঞানে এত হিতাহিত বোধ হয় যে, সমস্তভোগকে অহিতকর এবং মোক্ষকে হিতকর বলিয়া বোধ হয়। এই যে মোক্ষনিষ্ঠা ও ভগবৎসেবা, ইহাই চিত্তের ঈশ্বর সান্নিধ্য বুঝিতে হইবে। এই অবস্থা উপস্থিত হইলে জীববুদ্ধি আত্মার পূর্ণ চৈতন্যময় থাকাতে সংসারে একেবারে উপরত হইয়া থাকে। এই চৈতন্য সন্নিধি হওনকেই প্রহ্লাদ দ্বাদশ শ্লোকে স্বভাবতঃ চক্রপাণির চক্রে চুম্বকের সন্নিহিত লৌহের ন্যায় অবস্থানের পরিচয় দিলেন।

এই যে ভক্তমনাকর্ষণ জনিত ভগবানের ক্রিয়া, ইহাতে মুক্ত পুরুষেরা পর্য্যন্ত বিস্মিত হয়েন, অতএব ভেদবুদ্ধিমানেরা যে কিছুই আস্বাদন করিতে সমর্থ হইবে না, ইহাতে আর সংশয় কি। পরে শ্রীনারদ অপর পরিচয় দিতেছেন।

পূর্বকথা কহিয়া শ্রীনারদ রাজা যুধিষ্ঠিরকে কহিলেন :—

হে রাজন্! যখন উক্ত ব্রাহ্মণকে প্রহ্লাদ আত্ম পরিচয় প্রদান এবং করিলেন, প্রেমাকুল চিত্তে বিরত হইলেন; তখন সেই দুর্ব্বুদ্ধি রাজপুরোহিতগণ এতে ভেদবুদ্ধিমান

ছিলেন, তাহাতে আবার রাজসেবক থাকাতে, কুমারের এ প্রকার বিষ্ণুভক্তি দেখিয়া একেবারে কুপিত হইলে, শেষে বিশেষ রূপে ভর্ৎসনা করিয়া কহিলেন :—৭। ৫। ১৩

আর শিষ্যগণ! এই দুষ্ট রাজকুমার আমাদের কুযশঃ প্রচার করিতেছে, অতএব শীঘ্র একটা বেত্র আনয়ন কর; এই দণ্ডেই এই কুলাঙ্গার ও দুর্বুদ্ধিকে আমরা দণ্ড বিধান করিব। ৭। ৫। ১৪

ওরে! এই বালকটী দৈত্যবংশরূপী চন্দনবনে কণ্টকবৃক্ষ রূপে জন্মাইয়াছে, দৈত্য বনের দৈত্য স্বরূপ চন্দন বৃক্ষমূলের উন্মূলনকারী একমাত্র বিষ্ণুই পরশু রূপে আছে, আর এই বালকটী সেই পরশুর কাষ্ঠদণ্ড বা নাল রূপে জন্মাইয়াছে। ৭। ৫। ১৫

ব্যাখ্যা। এই তিরস্কারচ্ছলে আচার্য্যপুত্রগণ হিত ও অহিত উভয় কথাই বলিলেন। বিষ্ণু বা বিষ্ণুভক্তিই দৈত্যবংশোচ্ছেদকারী, আর যে ব্যক্তি সেই বিষ্ণু আশ্রিত হইবেন, তিনিও দৈত্যবংশোচ্ছেদ করিবেন। অতএব তোমাদের দৈত্যগুরু তাহাতে বিরক্ত হইতে, এবং তোমাদের প্রহ্লাদের মন যাহাতে নিযুক্ত হয় এমন চেষ্টা ও তাড়না করিয়াছিলেন। ইহাতে আরো প্রকাশ হইল যে ভোগরূপী দৈত্যপতি ও তদনুবর্ত্তিসকল বৈরাগ্যের শত্রু। ইহার বিশেষ মীমাংসা পরে প্রকাশ হইবে।

হে ধর্ম্মরাজ! সেই শণ্ড ও অমর্ক আচার্য্যগণ প্রহ্লাদকে তিরস্কার ও বেত্রদ্বারা ভয় দেখাইয়া, অতি যত্নে ধর্ম্ম, অর্থ ও কাম প্রতিপাদক পাঠ সমুহ শিক্ষা করাইতে থাকিলেন। ক্রমে শিখাইতে শিখাইতে যখন তাঁহারা বুঝিলেন যে রাজকুমার দৈত্যগণের ও রাজকুমারের মত; সাম, দান, ভেদ ও দণ্ড প্রভৃতি নীতিচতুষ্টয়ে এবং ধর্ম্মাদি (সংসার ধর্ম্ম) ভোগে বিশেষ রূপে শিক্ষিত হইয়াছেন; তখন তাঁহারা কুমারকে রাজসদনে লইয়া গেলেন। তথায় কুমারের জননী পুত্রকে সমাদরে গ্রহণ করিয়া স্নানাহার ও উত্তমালঙ্কারে ভুষিত করিয়া রাজসদনে প্রেরণ করিলেন। প্রহ্লাদ আচার্য্যের সহিত পিতার সমীপে আসিয়া, পিতৃপদে পতিত হইয়া নমস্কার করিলেন। অসুরপতি পুত্রকে আশীর্বাদ করিয়া উভয়করে ধারণ পূর্ব্বক মস্তকাঘ্রাণ ও আলিঙ্গনাদি করিয়া পরম সুখী হইল। শেষে স্নেহাশ্রু বিসর্জ্জন করিতে করিতে কুমারের মস্তকাঘ্রাণ করিয়া, সাদরে তাহাকে অঙ্কে বসাইয়া প্রফুল্ল বদনে কুমারকে জিজ্ঞাসা করিল। হে প্রহ্লাদ, হে তাত, তুমি বৎস, এতদিন গুরুগৃহে থাকিয়া যাহা শিক্ষা করিয়াছ, তন্মধ্যে তোমার উত্তম শিক্ষা কি হইয়াছে, আমাকে বল। ৭। ৫। ১৬। ১৭

পিতার কথা শ্রবণে শ্রীপ্রহ্লাদ প্রেমাক্রান্ত চিত্তে কহিলেন :—

হে পিতঃ। বিষ্ণুমহিমা শ্রবণ, কীর্ত্তন, শ্রীবিষ্ণু স্মরণ, তৎপাদ সেবন, তদর্চ্চন, বন্দন; তাঁহাতে দাস্য সখ্য এবং আত্ম নিবেদন, এই নবভক্তি ভাবে যে পুরুষ সেই বিষ্ণুতে চিত্তার্পণ করিতে পারেন। আমার মতে এসংসারে সেই পুরুষেরই সর্ব্বোত্তম শিক্ষা বলিয়া বোধ হয়।

প্রহ্লাদের মুখে পুনরায় সেই ভগবদ্ভক্তির কথা অসুরপতি হিরণ্যকশিপু শ্রবণ করিয়া রোষে প্রস্ফুরিতাধর হইয়া গুরুপুত্র শণ্ডামর্ককে কহিল:—ওরে দুষ্টগণ! তোরা ব্রাহ্মণাধম হইতেছিস। তোরা অন্তরে অন্তরে অসাধুর ন্যায় আমার বিপক্ষ বিষ্ণুর আশ্রয় গ্রহণ করিয়াছিস। আমাকে সর্ব্ববিপত্তি জানিয়া, আমাকে অনাদর করিয়া, আমার শিশুকুমারকে অসারবস্তু শিক্ষা দিয়াছিস। ৭।৫।১৮ ১৯

ব্যাখ্যা। পূর্ব্বে শ্রীপ্রহ্লাদের মুখে যে নবধা ভক্তির কথা শ্রীব্যাস প্রকাশ করিলেন, এই নবধা ভক্তি, অনুষ্ঠান ভক্তি বা গৌণ ভাব। ঐ সকল ভক্তির মধ্যে যদি একটীরও সতত কেহ অভ্যাস করেন, তাহা হইলে সেই অভ্যাস হইতে পরাভক্তি বা জ্ঞানের বিকাশ হইয়া থাকে। মহর্ষি শাণ্ডিল্য এই সকল সাধনভাবকে পাপী জীবের প্রায়শ্চিত্ত রূপে বিচার করিয়া গিয়াছেন; তিনি বলেন:—

"স্মৃতিকীর্ত্ত্যোঃ কথাদেশ্চার্ত্তৌ প্রায়শ্চিত্তভাবাৎ"

অস্যার্থ:—যাঁহারা নিজ পাপক্ষয়ার্থে এবং ভগবদাশ্রয় লাভার্থে একান্ত আর্ত্ত বা অনুতাপিত হয়েন, তাঁহাদের পক্ষে স্মরণ কীর্ত্তনাদি ও কথনাদি জনিত আর্ত্তভাব প্রায়শ্চিত্ত স্বরূপে গণ্য হয়। এবিষয় বিষ্ণুপুরাণে প্রমাণ করা হইয়াছে যথা:—

"পাপে গুরূণি গুরূণি লঘূনি চ লঘূন্যপি।
প্রায়শ্চিত্তানি মৈত্রেয় জগুঃ স্বায়ম্ভুবাদয়ঃ।
প্রায়শ্চিত্তান্যশেষাণি তপঃকর্ম্মাত্মকানি বৈ।
যানি তেষামশেষাণাং কৃষ্ণানুস্মরণং পরম্।

অস্যার্থ:—হে মৈত্রেয়, জীবের গুরু হইতে গুরুতম এবং লঘু হইতে লঘুতম সমস্ত পাপের প্রায়শ্চিত্তাদিই মন্বাদি মহাত্মাগণ বলিয়াছেন; তপস্যা ব্রতাদি যতকিছু প্রায়শ্চিত্ত তাঁহারা বলিয়াছেন, সকলের মধ্যে একমাত্র কৃষ্ণানুস্মরণই প্রধান প্রায়শ্চিত্ত বলিয়া গণ্য, অতএব শ্রবণ কীর্ত্তনাদি ভাব যে কলুষ বিশুদ্ধির হেতু, ইহা সকল শাস্ত্রই প্রকাশ করিয়াছেন, ঐ অবস্থা হইতে ক্রমে পরাভক্তি বা স্বাভাবিক তত্ত্বজ্ঞান উপস্থিত হইয়া থাকে। ঐ তত্ত্বজ্ঞানই মুক্তির কারণ; এক্ষণে শ্রবণাদি কাহাকে বলে তাহা শাস্ত্রানুসারে বলা হইতেছে।

শ্রবণং নামচরিতগুণাদীনাং শ্রুতির্ভবেৎ। ভগবন্নাম চরিত ও গুণাদি শ্রবণে অন্তরকে তন্ময় করার নাম শ্রবণ ভক্তি।

নামলীলাগুণাদীনামুচ্চৈর্ভাষাতু কীর্ত্তনং। ভগবন্নাম, চরিত্র (লীলা) ও গুণাদি স্বয়ং অনুভব করিতে করিতে উচ্চৈঃস্বরে অন্তরের বেগ প্রকাশকে কীর্ত্তন কহে।

যথা কথঞ্চিৎ মনসা সম্বন্ধঃ স্মৃতিরুচ্যতে। যে কোন প্রকারে ঐ নামাদি ভাবাত্মক ভগবানকে মনের সহিত সম্বন্ধীভূত করিয়া তন্ময় হওনের চেষ্টার নাম স্মরণ।

পরিচর্য্যাতু সেবোপকরণাদি পরিক্রিয়া। ভগবানকে আপন জীবনমরণাত্মক দেহের রাজা ইহা ভাবিয়া, ছত্র চামর বাদ্য ও নৈবেদ্যাদি সহযোগে যাহাতে তাঁহার উত্তম পূজা হয়, এই সকল আয়োজনে নিত্য নিযুক্ত হওনের নাম পরিচর্য্যা বা পাদসেবা। ইহাতে ক্রমে অনুরাগ বর্দ্ধিত হয়।

শুদ্ধিন্যাসাদি পূর্ব্বকাঙ্গ নির্ব্বাহ পূর্ব্বকং।
অর্চ্চনং তূপচারাণাং স্যান্মন্ত্রেণোপপাদকং॥

অস্যার্থঃ—সাধক ভূতশুদ্ধি, অঙ্গন্যাস করণ্যাসাদি সহযোগে ভগবন্ময় হইয়া, মন্ত্র যোগে উপচারাদির সহিত, ভগবানের আরাধনা করিলে তাহাকে পূজা বলে। এই ভগবন্ময় হওয়াই পূজার উদ্দেশ্য।

নাম রূপ গুণ ও চরিত্রাদি যাহা দ্বারা সাধুগণ ভগবানকে সজ্জিত করিয়াছেন, সেই সকল ভাব দ্বারা নিজের হৃদয়ভাব সংযুক্ত করতঃ যে ভাষা সাধকে ভগবনের স্তবার্থে প্রকাশ করেন, তাহাকেই বন্দনা কহে।

দাস্যং কর্ম্মার্পণং তস্য কৈঙ্কর্য্যমপি সর্ব্বথা। ভগবানকে সকল কর্ম্মেসাক্ষী ভাবিয়া এবং আমরা তাঁহারি অনুগত দাস রূপে সংসারে তাঁহার কর্ম্ম করিতেছি, আমরা সর্ব্বতোভাবে তাঁহার অধীন বা কিঙ্কর রূপী ইহা ভাবিয়া, হৃদয়ে যে সাধক ঈশ্বর ভাবনা করেন, তাহাকে দাস্য ভাব কহে।

একান্ত বিশ্বাস সহযোগে ভগবানকে প্রেম করার নাম সখ্য ভাব।

সমস্ত ভোগের সহিত কি স্থূল দেহ কি সূক্ষ্ম দেহ উভয়কেই ভগবানে অর্পন অর্থাৎ ঈশ্বরের অধীন, ইহা ভাবিয়া নিরহঙ্কারী হইয়া, সাত্ত্বিক ভাবে কেবল ঈশ্বর সেবায় তাহাদের ব্যবহারের নাম আত্মনিবেদন।

এই যে নয়টী পাপনাশী অনুষ্ঠানের কথা বলা হইল, ইহাই বিশুদ্ধ হইবার একমাত্র উপায়। ইহার এক একটী আশ্রয় করিলেই জীবের সঞ্চিত ও ক্রিয়মান্ পাপ ক্ষয় হয়। বিশুদ্ধ জ্ঞানের প্রকাশ হয় বুঝিতে হইবে। ভক্তি শাস্ত্রে ইহার বিশেষ বিচার আছে, কারণ ইহার বিচার করিতে হইলে ঈশ্বরের সাকারত্ব সম্পাদন কেন হইল, নাম রূপ ও লীলাদি বা গুণের প্রকাশ কেন হইল, এ সকল বুঝান চাই। বিস্তার ভয়ে সংক্ষেপে

করিলাম। শাস্ত্র দ্রষ্টব্য। এই সকল কথাতে ভগবদ্‌প্রেম ভাব প্রকাশ হইল,ইহা বিরোধী হিরণ্য কশিপু শ্রবণ করিয়া অহংকারে উন্মত্ত হইয়া যে সকল কার্য্য করিল, তাহা পরে বলা হইবে।

এখন আমি বুঝিয়াছি, যে দুষ্ট মিত্র যাহারা হয়, তাহারা ছদ্মবেশে বন্ধুর সর্ব-নাশ করিতেই নিরত থাকে। কালক্রমে কার্য্যে তাহাদের দৌর্জ্জন্য প্রকাশ পায়। যেমন মহাপাতকীগণের লুপ্ত রোগ কালবশে প্রকাশ পায়। ৭।৫।১০

দৈত্যপতি হিরণ্যকশিপুর এই রূপ ক্রোধ দেখিয়া, উভয় শিক্ষক ব্রাহ্মণে অত্যন্ত ভীত হইয়া কহিলেন ঃ—হে মহারাজ! রাজকুমার যে শিক্ষার পরিচয় আপনার নিকটে দিলেন, ঐ শিক্ষা আমরা কখন শিখাই নাই এবং আমাদের আলয়ে আর কেহও শিক্ষা দেয় নাই ; হে রাজন্, আপনি ইন্দ্রের শত্রু হইয়া, আমাদের ন্যায় দুর্বল ব্রাহ্মণের উপরে বৃথা ক্রোধ করিবেন না। আপনার পুত্রের ঐরূপ বিষ্ণুভক্তি স্বভাবতঃ উপস্থিত হই-য়াছে, আমরা বুঝিতে পারিয়াছি। ৭।৫।১১

ব্যাখ্যা। শ্রীব্যাস এইস্থানে উভয় তর্কের মীমাংসা করিতেছেন। একপক্ষ বিষ্ণু-বিরোধী, আর এক পক্ষ বৈষ্ণব। রাজা ঈশ্বর প্রীতি বিহনে, ঘোর ভোগ বা অহংকারে উন্মত্ত, তাহার মতে বাহ্য শিক্ষা হইতেই লোকের একটা বাল্য কাল হইতে ঈশ্বর বলিয়া সংস্কার হয় মাত্র ; ঈশ্বর বলিয়া প্রত্যক্ষ কোন বস্তু নাই। এই জন্য দৈত্যপতি গুরুকে বলিতেছেন তোমরা আমার কুমারকে ঈশ্বর বিষয় শিক্ষা দিয়া এরূপ সংস্কারাবদ্ধ করিয়া দিয়াছ। এই সংশয়ে কর্ম্মভক্তিমান্ ব্রাহ্মণ বেদাদি পাঠে সমস্ত জ্ঞাত থাকাতে এবং পূর্বে প্রহ্লাদের শ্রীমুখাৎ শ্রুত থাকাতে, সিদ্ধান্ত করিতেছেন, যে এই বিষ্ণুপ্রীতি রাজকুমারের স্বাভাবিক, কাহারো নিকটে শিক্ষিত নহে। যখন নৃপ রূপী বিরুদ্ধবাদী শ্রবণ করিল, যে ঈশ্বর প্রীতি অনিত সংস্কার স্বভাবতঃ উদয় হইতে পারে, এ কথায় সে সংশয়ান্বিত হইয়া প্রহ্লাদ দ্বারা অর্থাৎ প্রীতি ভোগকারী দ্বারা তাহার মীমাংসা জানিতে তাহাকেই কারণ জিজ্ঞাসা করিল। একথা এবং মীমাংসা পরে প্রকাশ হইতেছে।

শ্রীনারদ কহিলেন ঃ—হে ধর্ম্মরাজ! হিরণ্যকশিপু ব্রাহ্মণগণের মুখে ভক্তির স্বাভা-বাবির্ভাবের কথা শ্রবণ করিয়া পরম বিস্ময়ে পুত্রকে পুনরায় জিজ্ঞাসা করিল ঃ—

হে পুত্র; তুমি এই শিক্ষা কোথায় শিখিয়াছ, তোমাকে গুরুগণ যদি শিক্ষা না দিয়া থাকেন, তবে রে অভদ্র এই কুৎসিত ভগবম্মতি কোথা হইতে লাভ করিয়াছ। ৭।৫।২২

শ্রীপ্রহ্লাদ কহিলেন:—

হে মহাবাহো! যে সকল ব্যক্তি গৃহাশ্রমে থাকিয়া সংসারকেই ব্রত স্বরূপ ভাবিয়া থাকে, তাহাদের পক্ষে, ভগবান শ্রীকৃষ্ণে মতি কথনই অপরের শিক্ষায় বা স্বভাবতঃ উপস্থিত হইতে পারে না। কারণ সংসারে থাকিয়া যাঁহারা আপনাপন ইন্দ্রিয়কে বশীভূত করিতে পারেন নাই, তাঁহারা সেই ইন্দ্রিয় পর হইয়া নিত্য নিত্য বিষয় ভোগই করেন এবং সেই ভোগ ফল হইতে বারম্বার এই সংসারান্ধকারে জন্ম লইয়া থাকেন। ৭।৫।২৩

যাঁহাদের বাসনা কেবল বিষয়ে আশক্ত থাকাতে, যাঁহারা স্বার্থপর এবং বাহ্যাভিমানী হইয়াছেন, তাঁহারাও কথন কৃষ্ণতত্ত্ব অবগত নহেন। এক অন্ধ যেমন অপর অন্ধকে পথ দেখাইলে উভয়েই পথিমধ্যস্থ গহ্বরে পতিত হইয়া প্রাণ হারাইয়া থাকে, তদ্রূপ যাঁহারা বেদগত কর্ম্মরজ্জুতে আবদ্ধ থাকিয়া ভগবন্মায়ায় বিমোহিত, তাঁহারা ভগবদ্‌শিক্ষা দিতে কথনই সমর্থ নহেন। ৭।৫।২৪

ব্যাখ্যা। পূর্ব্বে দৈত্যপতি স্বরূপ বিপক্ষবাদী প্রহ্লাদের ন্যায় বৈষ্ণবকে স্বপক্ষ সমর্থন করিতে যে প্রশ্ন করেন, তাহার ভাব এই যে:—কৃষ্ণ রতি স্বভাবতঃ বা শিক্ষা হেতু তুমি লাভ করিয়াছ, অর্থাৎ জীবে লাভ করে। তদুত্তরে ত্রয়োবিংশতি শ্লোকে শ্রীপ্রহ্লাদ কহিতেছেন:—যাঁহারা গৃহব্রতী তাঁহাদের কৃষ্ণরতি কথনই স্বভাবতঃ বা শিক্ষা হেতু উপস্থিত হইতে পারে না। গৃহব্রতী কাহাদের বলে, তদ্ব্যাখ্যায় বলা হইল যে, যে সকল সংসারীর ইন্দ্রিয় সমূহ কেবল বিষয় ভোগেই উন্মত্ত, তাহাদের জ্ঞান বিকাশ হয় না, তাঁহারা জন্মমৃত্যুর অধীন, এই সকল জীবই গৃহব্রতী হইতেছেন। যাঁহারা সংসারে আশক্ত না হইয়া প্রয়োজন ভাবিয়া বিষয় ভোগ করেন এবং অন্তরকে পরমার্থে নিযুক্ত রাখেন; যেমন দুশ্চরিত্রা নারী স্বামীকে সেবা করে বটে, কিন্তু তাহার অনুরক্তি একমাত্র সেই উপপতিতে থাকে। সেই ভাবে গৃহাশ্রমে থাকিয়া অন্তরকে ঈশ্বরে নিয়োজিত করিলে তাহাকে গৃহব্রতী হইতে হয় না, তাহার ভগবদ্রতির আবির্ভাব হয়।

ইহাতে বলা হইল যে হে নৃপ, আপনি প্রশ্নকর্ত্তা হইলে কি হইবে আপনি মহাভোগময় ও অবিজিতেন্দ্রিয়, আপনার পক্ষে স্বাভাবিক রতি বোধগম্য হইতে পারে না এবং লাভও হয় না। এবং যে সকল শিক্ষক আমাকে শিক্ষা দিয়াছেন, তাঁহারা কর্ম্মবাদী ব্রাহ্মণ; বেদার্থ না বুঝিয়া কর্ম্মমতি হইয়া, ভগবন্মায়ায় বিমোহিত থাকায়, পরমাত্মতত্ত্ব আপনারাই অবগত নহেন, অতএব অপরকে শিক্ষা কিরূপে দিবেন। ইহাতে বলা হইল যে সংসারী—

ব্যক্তি শিক্ষা দিতে বা শিক্ষা করিতে অনুপযুক্ত থাকায়—আমি কোন সংসারীর কাছে শিখি নাই, অতএব স্বাভাবিক বলিয়া বুঝিতে হইবে। পরে সংসারীজনে কিরূপে তল্লাভ করে, তাহা পরে প্রকাশ হইতেছে।

হে পিতঃ! অধিক কি বলিব, যতদিন না সংসারাভিমানী ব্যক্তি ভগবত্তত্ত্বজ্ঞ নিষ্কামী সাধুগণের পদরজঃ মস্তকে ধারণ করেন, ততদিন কোন ক্রমেই বেদাদি হইতে বহুতর ভগবদ্বিষয় শিক্ষা লাভ করিলেও সেই সর্ব্বান্তর্যামী ভগবানের পাদপদ্ম স্পর্শনে তাহাদের মতি উপযুক্ত হইতে পারে না। ৭। ৫। ২৫

ব্যাখ্যা। সংসারাভিমানী ব্যক্তির কেন শিক্ষাতে তত্ত্বলাভ না হয়? কারণ, সকল শাস্ত্রই ঈশ্বরকে সর্বান্তর্যামী ও সর্ববেদ্য বলিয়া স্বীকার করেন। এই মীমাংসা হেতু প্রহ্লাদ পিতাকে বলিলেন:—বিষয়াভিমানীর কলুষিত বাসনা সংযুক্তচিত্ত যতদিন না সাধু-সেবায় অর্থাৎ উপযুক্ত ব্রহ্মজ্ঞ গুরুসেবায় বিশুদ্ধ না হয়, ততদিন ভগবত্তত্ত্ব জানিতে সে কোনক্রমেই সক্ষম হয় না; এমন কি তাহার ক্ষমতাও হয় না। যেমন আবরণ উন্মুক্ত না হইলে কিছু দেখা যায় না, সেইরূপ সংসারাবরণ উন্মুক্ত হওয়া চাই। ব্রহ্মজ্ঞ গুরুর উপদেশ ও তৎসেবায় জ্ঞানের বিকাশ করা চাই; তবে স্বভাবতঃ ভগবদ্দর্শন লাভ হয়। এই মীমাংসা দ্বারা বিপক্ষ দৈত্যকে বুঝান হইল যে তোমার ভোগাশক্তি থাকিতে কখনই ব্রহ্মতত্ত্ব অবগত হইতে পারিবে না, আর কেহও পারে না।

পূর্ব্বোক্ত কথা প্রকাশ করিয়া শ্রীপ্রহ্লাদ উপরত হইলে, তৎপিতা হিরণ্যকশিপু বিষ্ণু-দ্বেষে একেবারে উন্মত্ত হইয়া, মায়া স্নেহাদির প্রতি অন্ধ হইয়া, আপনার অঙ্ক হইতে কুমারকে ভূমিতে নিক্ষেপ করিল। ৭। ৫। ২৬

পরে সকল দৈত্যগণকে আহ্বান করিয়া; হরিদ্বেষে অন্তরে দগ্ধ হইয়া ক্রোধে আরক্তনয়ন করিয়া বলিল; ওহে দৈত্যগণ, শীঘ্র শীঘ্র এই দুষ্ট পুত্রকে বধ কর এবং আমার সম্মুখ হইতে বাহিরে লইয়া যাও। ৭। ৫। ২৭

যে বিষ্ণু আমাদের চিরশত্রু এবং বিশেষতঃ আমার ভ্রাতৃহন্তা; এই দুষ্ট পুত্র আত্মীয় মঙ্গল ত্যাগ করিয়া, সেই পিতৃব্যহন্তা চিরশত্রু বিষ্ণুর পদ দাসের ন্যায় অর্চ্চনা করি-তেছে। ৭। ৫। ২৮

ব্যাখ্যা। এই কয় শ্লোকে বিষ্ণুদ্বেষের ফল দেখান হইতেছে। যে ব্যক্তি বিষ্ণুদ্বেষী হয় তাহার সংসারেও কুশল হয় না। আসি—শ্রেষ্ঠ এই অভিমানজনিত অভিনিবেশকে বোধ করে। যে ব্যক্তি দ্বেষের আশ্রয় গ্রহণ করে, সংসারে তাহার কাহাকেও বিশ্বাস হয় না, কিছুতেই প্রীতি হয় না। বিশ্বাস ও প্রীতি সংস্থাপিত না হইলে, হৃদয়ে কখনও স্নেহাদি রসের আবির্ভাব হয় না। এই দ্বেষভাব যখন ভোগপর জীব ভগবানে সংযোগ করে, তখনই ঘোর নাস্তিক হইয়া পড়ে। দৈবের ভয় না থাকাতে, সে সকলকে অবিশ্বাস করাতে ঘোর নিষ্ঠুর হইয়া থাকে। এই নিষ্ঠুর ভাবটী শ্রীব্যাস বিষ্ণুদ্বেষের ফল, হিরণ্য কশিপুতে আরোপ করিয়া দেখাইলেন, যে, দৈত্যপতি পুত্রকেও অবিশ্বাস করিয়া; পুত্রবাৎসল চ্যুত হইয়া তাহাদের বধ করিতে বলিল। এরূপ বিপক্ষভাব কেন উপস্থিত হইল, তাহাতে একপক্ষে দৈত্যপতির নৈতিক প্রমাণ দেখাইয়া বলা হইতেছে, যে ব্যক্তি আত্মীয় বিনাশ কারী এবং চিরকাল অমঙ্গল কামনা করে—সে শত্রু। শত্রুর পক্ষাবলম্বন করিলে, সে যে—কেহই হৌক না কেন, বধ্য হইতেছে। এই নৈতিক প্রমাণে দৈত্যপতি প্রহ্লাদকে বধ্য বলিয়া স্থির করিল। অপর পক্ষে শ্রীব্যাস দেখাইলেন:—প্রহ্লাদ যথার্থই ভগবদ্ভক্ত, কারণ দুস্ত্যজ আত্মীয়ের অবিদ্যাগ্রস্ত বুঝিয়া, সর্বত্যাগী হইয়া, ঈশ্বরে আত্মসমর্পন করিয়াছিলেন, কিন্তু ইহা বলিয়া তিনি পুত্রোচিত পিতৃমাত সম্মান কখনই বিস্মৃত হয়েন নাই। ইহাতে দেখান হইল যে প্রহ্লাদ সংসারে থাকিয়াও অন্তরকে পরমাত্মাতে আশ্রিত করিতে পারিয়া ছিলেন।

দেখ দৈত্যগণ! যে দুষ্ট পঞ্চবৎসর মাত্র বয়ঃক্রমে দুস্ত্যজ যে মাতৃপিতৃ স্নেহত্যাগ করিতে পারিয়াছে, সেই অবিশ্বাসী বালকে সেই বিষ্ণুই বা কিরূপে বিশ্বাস স্থাপন করিবে। ৭। ৫। ২৯

হে অসুরগণ! যদি বল যে পুত্রকে কখন বধ করা যায়না। কিন্তু তোমরা বুঝিয়া দেখ, পর হইলেও তাহাকে পুত্রের ন্যায় স্নেহ করা যায় যদি সে যথার্থ ঔষধের ন্যায় হিতকারী হয়; স্বদেহজ রোগের ন্যায় অহিতকারী পুত্র, দেহজ হইলেও তাহাকে বধ করা উচিত। যদি বল অতি প্রিয় বস্তুসম সন্তানকে বধ করা যায় না, সে কথাও মিথ্যা, আপনার দেহের কর চরণাদি তুল্য প্রিয়তম আর জগতে কে আছে, যদি উহাদের কোনটীতে ব্যাধি উপস্থিত হয়, তাহা হইলে তাহাকে ছেদন করিতে নিশ্চয়ই হইয়া থাকে। এমন কি সেই রুগ্ন হস্ত পদাদিকে নাশ করিলে তবে সুখে থাকা যায়। ৭। ৫। ৩০

হে অসুরগণ! যেমন ইন্দ্রিয়গণ বশীভূত না হইলে মুনিগণের শত্রু হয়, তদ্রূপ এই আত্মীয় মূর্তিধর কুমার আমার পরম শত্রু হইতেছে; তোমরা ভোজন, শয়ন, আসন, যে সময়ে যে উপায়ে পার, ইহাকে ত্বরায় বধ করিও। ৭। ৫। ৩১

ব্যাখ্যা। উনত্রিংশতি শ্লোকে একপক্ষে প্রহ্লাদকে অবিশ্বাসী বলা হইল, অন্য পক্ষে শিশুতে স্বাভাবিক বৃত্তির কথা বলা হইল। কারণ অতি শিশুকালে স্নেহাদি ত্যাগ করিয়া বৈরাগ্য অবলম্বন কেন করিবে। এইস্থানে আর একটী প্রয়োজনীয় বিষয়ের কথা বলা হইতেছে। অনেকে হিরণ্য কশিপুর উক্তিতে এই পঞ্চহায়ন শব্দটী পাইয়া, প্রহ্লাদকে পাঁচবৎসরের মনে করিয়া কাব্য উপাখ্যানাদি লিখিয়া থাকেন। এস্থলে পঞ্চহায়ন বলিতে বালকত্ব মাত্র বুঝায়; কিম্বা পূর্ণ যে বন হয় নাই বুঝায়; কারণ পিতা মাতা পুত্রকে বয়োধিক বলিয়া বিবেচনা করেন না। যেমন বিষ্ণুর সহস্রশির বলিতে অনন্তশির বুঝায়, সেইরূপ পিতৃমুখে পঞ্চবৎসরের বয়স ধরিলে কেহ এই বয়সে কখনই রাজা হইতে পারে না আর পূর্ব্বে বলা হইয়াছে শৈশব কালে কৃষ্ণক্রীড়া প্রহ্লাদ করিতেন, তখন পাঠাভ্যাস করেন নাই। পঞ্চবৎসরকেই শৈশবাবস্থা কহে। এতদ্ব্যতীত অনেক শুকাদির ন্যায় প্রহ্লাদ একজন ধর্ম্মবক্তা। শিশুর সংসারকে তুচ্ছ বোধ করা অসম্ভব এবং হৃদয়ের ভাব প্রকাশাসম্ভব; এইরূপ বিবেচনায় সদ্গুরূপদেশ মতে প্রহ্লাদকে শিশু না ভাবিয়া যৌবনের প্রাগাবস্থাপন্ন বলিয়া বুঝা উচিত। পরে যে সকল যুক্তি দ্বারা পুত্রকে বধ্য বলিয়া দৈত্য-পতি স্থির করিল। তাহা কেবল বিপক্ষবাদীগণের দ্বেষ মীমাংসক বুঝিতে হইবে। উহাতে শ্রীব্যাস আর এক কৌশল রক্ষা করিলেন :—প্রহ্লাদের ভক্তি দেখিয়া তৎসঙ্গে পাছে দেহাভিমানী দৈত্যের ভোগ ক্ষয় হয়, এই ভয়ে সে তাঁহাকে অবিশ্বাস করিল, নচেৎ অলক্ষ্যে রাখিলেই চলিত; কিন্তু দৈত্যপতি তাহা না করিয়া একেবারে সমূলে উৎপাটন ইচ্ছা করিল।

হে ধর্ম্মরাজ! সেই দুষ্ট দৈত্যপতি প্রহ্লাদের ভগবদানুগত্য দর্শন ও শ্রবণ করিয়া ক্রোধান্ধ হইয়া যেমন দৈত্যানুচরগণকে পুত্রবধার্থে আদেশ করিল; অমনি সেই ঘোর-দর্শন তীক্ষ্ণদংষ্ট্রাবান্, তাম্রবর্ণ শ্মশ্রুকেশধারী অসুরানুচরগণ, কুমারকে বধ করিবার জন্য ভীষণ হুঙ্কার করিয়া, শূল হস্তে আসিয়া, কুমারের প্রতি মর্ম্মে আঘাত করিতে থাকিল; এবং মার মার শব্দে ঘোর চীৎকার করিতে থাকিল। ৭। ৫। ৩২

হে রাজন্! যিনি বিষয়াতীত, তিনি নিরতিশয় ঐশ্বর্য্যশালী, যিনি এই বিশ্বের ও শাস্ত্রের নিয়ন্তা, সেই পরব্রহ্মে কুমারের হৃদয় সমাহিত থাকাতে; অপুণ্যব্যক্তির যেমন সাধুকার্য্য নিস্ফল হইয়া থাকে, তদ্রূপ দৈত্যগণের প্রহার, প্রহ্লাদের নিকটে নিস্ফল হইয়া গেল। কোনরূপ ঘোর প্রহারেও কুমারের মৃত্যু ঘটিল না দেখিয়া, দৈত্যপতি হৃদয়ে শঙ্কিত হইল, পরে যে উপায়ে সেই পুত্রের নিধন হয়, তাহার যুক্তি স্থির করিতে থাকিল। ৭। ৫। ৩৩

ব্যাখ্যা। দৈত্যের প্রতিকুলতা এবং প্রহ্লাদের অনুকুলতা, উভয়ের ফল প্রত্যক্ষ বুঝাইবার জন্য শ্রীব্যাস এই উপাখ্যানের এই অংশ প্রকাশ করিলেন। দৈত্যপতির আদেশে তদনুচরেরা প্রহ্লাদের যাহাতে কৃষ্ণভাবনায় বিস্মৃতি ঘটে এই জন্য শরীরের মর্ম্মে মর্ম্মে আঘাৎ করিল। কারণ বিষয়ী পুরুষ স্থূল দেহকেই নিত্য স্বীকার করে এবং স্থূল দেহের প্রতি মর্ম্মের সহিত মনের ঘোর সম্বন্ধ আছে, ইহাও তাহাদের ধারণা। মর্ম্ম স্থানে আঘাৎ করিলে, বা বেদনা উপস্থিত হইলে, মন বিচলিত ও পীড়িত হয়। মন পীড়িত হইলে কোন ক্রমেই কৃষ্ণানুস্মরণ থাকিতে পারে না। এই ইচ্ছায় মর্ম্মাঘাতের কথা বলা হইল। কিন্তু ভক্তের হৃদয় যে স্থূল দেহাতীত ইহা বুঝাইতে বলা হইল, প্রহ্লাদের হৃদয় ভগবানে সমাহিত থাকায় তাঁহার মনের লয় ঘটিয়াছিল। অতএব মর্ম্মাঘাতে বা স্থূলের পীড়নে তাঁহার পীড়ন বা যন্ত্রনা বোধ হইল না। এই অবস্থাটীকে বুঝাইতে বলা হইল, যেমন অপুন্য অর্থাৎ অকৃত প্রায়শ্চিত্ত বা অবিশুদ্ধ হৃদয় পাপী শক্তি দান যজ্ঞাদি করিলে কখনই তাহা হইতে সৎফল লাভ যেমন হয় না, তদ্রূপ দৈত্যপতি মনে করিল যে প্রহ্লাদের ন্যায় শত্রুকে বধ করা তাহাদের বংশের হিতকর বটে, কিন্তু বধকার্য্যে বাহ্যিক আঘাতে সফল হইতে পারিল না। এই যে বাহ্যাতীত অবস্থান ও জীবন মর্ম্মাঘাতে জীবিত থাকা, ইহাতে দৈত্যপতি শঙ্কিত হইল, অর্থাৎ স্থূলতীত কোন শক্তি যদি থাকে, তাহা হইলে নিজ অমঙ্গল ঘটিতে পারে—এই প্রতিকূল অনুস্মরণ রূপী শঙ্কা উপস্থিত হইল। এই স্থানে স্থূলাতীত সত্ত্বার পরিচয় দিতে বলা হইল. প্রহ্লাদ সূক্ষ্মাতীত সূক্ষ্মে সমাহিত ছিলেন, এই জন্য বাহ্য আতনায় তাঁহার আতনা ঘটিল না। সেই অবস্থাটী কি?—না—অনির্দ্দেশ্য,স্থূলাতীত ; বিষয়াতীত। ভগবান অর্থাৎ সৃষ্টিস্থ সকল ঐশ্বর্য্যের অধিকারী এবং সকলের চৈতন্যদাতা—নিয়ন্তা আত্মা রূপে যাঁহার কার্য্য প্রকাশ হয়, সেই শক্তির অবস্থা হইতে পর অর্থাৎ নিষ্কাম যে ব্রহ্মাবস্থা আছে, তাহাতে কুমার হৃদয় সংযোগ করিয়া মনোচিন্তাদিকে তন্ময় করিয়াছিলেন। দৈত্যপতি শঙ্কিত হইয়া প্রতিকুল ভাবে পরীক্ষা করিতে যে কোন উপায়ে জীবের মৃত্যু ঘটে সেই সকল উপায় অবলম্বন করিতে থাকিল। এই পরীক্ষাতেই ভগবদস্তিত্ব ও ভক্তের তন্ময়তা প্রমাণ হইবে।

হে রাজন্! কুমারকে বধ করিবার জন্য সেই দৈত্যপতি মত্তহস্তী, ভীষণ ভীষণ বিষধর সর্প, গিরিশৃঙ্গাদি হইতে নিপাত, ইন্দ্রজালাদি উপায়ে উৎপীড়ন, বিষদান; অন-

শনে রক্ষা; অতি শীতে স্থাপন, অতি বায়ু ও অগ্নি সলিলে বন্ধন এবং পর্ব্বত হইতে ভূমে পাতনাদি বিবিধ উপায় সহযোগে কুমারকে বধের প্রয়াস পাইল। ৭।৫।৩৪

হে ধর্ম্মরাজ! যখন অসুররাজ সেই বিশুদ্ধ হৃদয় কুমারকে কোন উপায়ে বধ করিতে অক্ষম হইল, তখন ঘোর চিন্তায় আক্রান্ত হইয়া পড়িল। চিন্তা করিতে করিতে স্বগত ভাবে বলিল:—একি হইল! আমি কুমারকে কতই দুর্ব্বাক্য কহিলাম, কত প্রকার বধোপায়ই প্রয়োগ করিলাম, আমার যতেক অহিত চেষ্টা এবং অধর্ম্ম সংযুক্ত বধোপায়; এই পুত্র আপনার কোন অদ্ভুত তেজে বিফল করিয়া স্বয়ং বর্ত্তমান রহিয়াছে? ৭।৫।৩৫।৩৬

ইহাপেক্ষা পুত্রে আমি আরো অদ্ভুত ইহা দেখিতেছি, যে, আমার ন্যায় বিশ্ববিজেতার সম্মুখে থাকিয়া, মনে ভয়ের সঞ্চার দূরে যাউক, এক নিমেষের জন্য ও চিত্তকে বিচলিত করিল না, যেমন কুকুরের পুচ্ছ কখন বক্রতা ত্যাগ করে না, তদ্রূপ এই কুমার আমার এত অত্যাচারেও ভগবচ্চিন্তা বিস্মৃত হইল না। ৭।৫।৩৭

কি আশ্চর্য্য! প্রহ্লাদের ভগবদনুভবের তুলনা হয় না, কারণ কুমার কোন চেষ্টাতেই ভীত হয় না, এই অনুভব গুণেই অমর হইয়াছে। যাহা হউক ইহার সহিত ঘোর বিরোধ করিয়া আমারই মৃত্যু ঘটিবে না কি?

হে রাজন্, দুষ্ট দৈত্যপতি এইরূপে পুত্র হইতে আপনার অমঙ্গল চিন্তা করিয়া অধোমুখে থাকিল এবং তাঁহার স্বাভাবিকী স্ফূর্ত্তি মলিন হইয়া আসিল। তখন শুক্রাচার্য্যনন্দন শণ্ড ও অমর্ক নামক নীতিজ্ঞ আচার্য্যগণ নির্জ্জনে মহারাজকে সম্বোধন করিয়া এই সকল কথা কহিলেন। ৭।৫।৩৮।৩৯

হে দৈত্যপতি, আপনার একমাত্র ভ্রুকটাক্ষে ত্রিলোকের সকল অধীশ্বরই ভীত ও কম্পিত হয়, আপনি কটাক্ষ মাত্রেই ত্রিসংসার বিজয় করিয়াছেন, আমরা আপনার ন্যায় মহাবীর্য্যবানের ভয় বা চিন্তার কারণ কিছুই দেখিতেছিনা। আর বালকের গুণ বা দোষ জ্ঞানী ব্যক্তি কখনই কাতর হয়েন না। ৭।৫।৪০

হে অসুরবর, যদি পুত্রের অদ্ভুত ক্ষমতায় আপনার ভয় উপস্থিত হইয়া থাকে, তাহা হইলে উহাকে বরুণ পাশে আবদ্ধ করিয়া রাখুন। দেখুন, বালকের বুদ্ধি বৃদ্ধগণের সেবায় আপনার বয়োবিকাসহ প্রবীণতা প্রাপ্ত হইয়া থাকে, আমরা এই জন্য বলিতেছি যে, যে পর্য্যন্ত না গুরু শুক্রাচার্য্য আগমন করেন তদবধি কুমার আবদ্ধ থাকুন। ৭।৫।৪১

হিরণ্যকশিপু গুরু পুত্রগণের কথা শ্রবণে আশ্বস্ত হইয়া কহিলেন:—

আপনারা যাহা বিবেচনা করিয়াছেন তাহাই করুন:—ইহাকে আপনাদের আশ্রমে লইয়া রাখুন, এবং তথায় গার্হস্থ্যাশ্রমী রাজাগণের কর্ত্তব্য নীতি শিক্ষা প্রদান করুন। ৭।৫।৪২

শ্রীনারদ রাজা যুধিষ্ঠিরকে সম্বোধন করিয়া কহিলেন:—

হে ধর্ম্মরাজ! সেই ভগবদ্ভাবে আশ্রিত এবং সর্ব্বসমীপে অবনত প্রহ্লাদকে শণ্ডামর্ক

গুরুগণ তদনন্তর গৃহে লইয়া একে একে ধর্ম্ম (সংসার ধর্ম্ম), অর্থ ও কামনীতি শিক্ষা দিতে থাকিলেন। ৭। ৫। ৪৩

রাজকুমার একে একে গুরুসমীপে সংসার ধর্ম্মের, রাজনীতি প্রভৃতিগত বিচারের এবং কামনীতি জনিত ভোগের রহস্য উপলব্ধি বিশেষ রূপেই করিলেন। কিন্তু ঐ সমস্ত শিক্ষার্থে স্বার্থজনিত কৌশল থাকায়, রাগ দ্বেষাদি চিত্ত মালিন্যে পূর্ণ বিবেচনা করিয়া, কোন ক্রমেই তিনি সেই শিক্ষাকে উত্তম বলিয়া গ্রহণ করিলেন না। ৭। ৫। ৪৪

হে রাজন! ঐ শিক্ষাকালে, যে দণ্ডে গুরুগণ সংসারীয় কার্য্যানুরোধে কোন স্থানান্তরে গমন করিতেন, তিনি সেই কালকে অবসর বিবেচনা করিতেন। পাঠশালাস্থ আপনার বয়স্যগণ ও অপরাপর সমপাঠী বালকগণ সেই সময়ে তাঁহাকে আপনাদের সহিত ক্রীড়ার্থ আহ্বান করিত। ৭। ৫। ৪৫

রাজকুমার আহূত হইয়া, সেই বালকদের বৃথা ক্রীড়ায় নিষ্ঠা দেখিয়া এবং তন্নিষ্ঠার নিত্য অমঙ্গলাদি লাভ হইবে ইহা বিবেচনা করিয়া, নিজ পরমবুদ্ধিমত্তে হাসিতে হাসিতে তাঁহাদের মধুর ভাবে তত্ত্ব কথা সকল বলিতেন। ৭। ৫। ৪৬

হে মহারাজ! একে সেই বালকেরা কোমল ও সরল স্বভাববান্ ছিল, তাহাতে রাজকুমার কর্ত্তৃক তত্ত্বোপদিষ্ট হইয়া সকলের মনোমালিন্য একেবারে দূর হইল। তাহারা সেই সময় হইতে বৃথা ক্রীড়া এবং সুখভোগার্থ বাহ্যপরিচ্ছদ সেই দিন হইতে ত্যাগ করিয়া, সংসারের জন্ম মরণ ও রাগ দ্বেষাদি চিত্ত মালিন্য হইতে উদ্ধার প্রাপ্ত হইল। আর গুরুগণের স্বার্থমূলক উপদেশে তাঁহাদের মতি দূষিত হইতে পারিল না। ৭। ৫। ৪৭

হে রাজেন্দ্র যুধিষ্ঠির, প্রহ্লাদের মহিমার কথা কি বলিব, তাঁহার মুখে উপদিষ্ট হইয়া বালকগণ এরূপ বিশুদ্ধ হইল, যে, সেই রাজকুমারকেই আপনাদের হৃদয় ও দৃষ্টি সমর্পণ করিয়া তাঁহারই উপাসনা সকলে করিতে থাকিল। ইহা দেখিয়া করুণাময় ও বিশ্বমিত্র মহাভাগবত প্রহ্লাদ তাঁহাদের নিত্য উপদেশ দিতে থাকিলেন। ৭। ৫। ৪৮

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে পঞ্চমাধ্যায়ে
উপেন্দ্র কৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। পূর্ব্বে প্রহ্লাদের বিষ্ণুভক্তি বিনাশের জন্য হিরণ্যকশিপুর ন্যায় ত্রিলোকবিজয়ী পুরুষে সক্ষম না হইয়া ঈশ্বরপরতাকে একটী সংস্কার বলিয়া স্বীকার করিয়াছিল। সেই মীমাংসাকে সিদ্ধান্ত করিতে অর্থাৎ ভক্তিটী স্বাভাবিক কিম্বা সংস্কার মাত্র ইহা বুঝাইতে, প্রহ্লাদকে বিশেষরূপে সংসারনীতি শিক্ষা দেওয়া হইল, কিন্তু স্বাভাবিকী রতি

জনিত জ্ঞানের নিকটে, অন্ধকার যেমন রবিপ্রভায় নষ্ট হয়, তদ্রূপ সংসার শিক্ষা প্রহ্লাদের মনে স্থান পাইল না। ইহাতেই ভক্তিকে স্বাভাবিক বলিয়া প্রমাণ করিয়া, শেষে ভক্তের মহিমা বর্ণনা করিতে বলা হইল যে, প্রহ্লাদ কাহারো সহিত বৃথাগোষে উন্মত্ত হইতেন না; কিন্তু বালকেরা তাঁহাকে ক্রীড়ার্থ আহ্বান করিলে, তিনি ক্রীড়াচ্ছলে তাঁহাদের সদুপদেশ দিতেন; সেই উপদেশ এবং আপনার দয়াময়, উদার প্রকৃতিতে বালকেরা বিশুদ্ধ হইয়া, তাঁহাকেই পূজা পর্য্যন্ত করিতে প্রস্তুত হইল এবং চিত্তের বিশুদ্ধি বশতঃ ভক্তি লাভ করিয়া সংসার ভোগকেও তুচ্ছ বোধ করিল। এই স্থানে সপ্ত চত্বারিংশতি শ্লোকে বলা হইল যে, যদি বালকাবস্থা হইতে তত্ত্বোপদেশ দেওয়া হয় তাহা হইলে চিত্তের বিশুদ্ধি ত্বরায় ঘটিয়া থাকে। এইরূপে বৈষ্ণব মহিমা প্রচার করিয়া শেষে কিরূপ উপদেশে ভক্তিনিষ্ঠা লাভ হয়; তাহাই পরে বলা হইতেছে।

ইতি শ্রীভাগবতে সপ্তম স্কন্ধে পঞ্চমাধ্যায়ে
উপেন্দ্রকৃতাধ্যাত্ম ব্যাখ্যা সমাপ্ত।

অথ ষষ্ঠ অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া শ্রীনারদ যুধিষ্ঠিরকে কহিলেনঃ—হে ধর্ম্মরাজ, প্রহ্লাদের উপদেশ কথা শ্রবণ করুনঃ—

শ্রীপ্রহ্লাদ বালকগণকে তত্ত্বোপদেশ কালে কহিলেনঃ—

হে কুমারগণ, এই যে মনুষ্য জন্ম তোমরা সকলে লাভ করিয়াছ, ইহা সকল জীব জন্মের মধ্যে দুর্লভ হইতেছে। এই জন্মটীই সকল জীবভাবাপেক্ষা মুক্তি রূপী অর্থ দিতে পারে। বিশেষতঃ এই জন্মে কুমার স্বভাবটী অত্যন্ত সরল, এবং উহাও অত্যন্ত অস্থির হইতেছে, এইজন্য মানব সকলের উচিত যে, এই কুমারাবস্থায় অন্য কার্য্য ভাব সমূহ শিক্ষা না করিয়া যাহা নিষ্কাম ভাগবতভাব তাহাই আচরণ করে। ৭।৬।১

ব্যাখ্যা। হিরণ্যকশিপু লইয়া পুরাণে যে একটী দৈত্যচিত্র অঙ্কিত হইয়াছে, এই

শ্লোকে তাহার যথার্থ শ্রীব্যাস ইঙ্গিত করিলেন। প্রহ্লাদের মুখে বলা হইল যে মনুষ্য জন্মই দুর্লভ, উহার মধ্যে কুমার অবস্থাটী দুর্লভ, ঐ অবস্থায় কাম্য শিক্ষা না লইয়া নিষ্কাম ভাগবত ধর্ম্ম শিক্ষা করিলে জন্মের যথার্থ উন্নতি হইয়া থাকে। দৈত্যবংশ বলিয়া যদি কোন একটী বংশ থাকিত; তাহা হইলে প্রহ্লাদ মনুষ্য জন্মের কুমারাবস্থাকেই কেবল ধর্ম্মাচরণের উপযোগী বলিতেন না। ইহাতে বিশেষ বলা হইল যে অহংকারাদি সংযোগে সকাম ভোগে উন্মত্ত রিপু পরবশ জীবই দৈত্যরূপে গণ্য। দৈত্যটী বিশেষ জাতি নহে, মনুষ্যের একটী অবনত অবস্থা মাত্র। কুমারাবস্থায় প্রকৃতির সহিত অদৃষ্টের বিশেষ সংযোগ না হওয়াতে, চিত্তের মালিন্য অধিকতর না হওয়াতে, ঐ অবস্থার শিক্ষাই জ্ঞানোদয়ের কারণ; এইজন্য নিষ্কাম জ্ঞানের উপযোগী শিক্ষা ঐ অবস্থায় প্রয়োজনীয় ইহা প্রহ্লাদ মুখে শ্রীব্যাস সিদ্ধান্ত করিয়া কিরূপ শিক্ষা উচিত তাহা পরে বলিতেছেন।

হে বালকগণ! যিনি সকল জীবের প্রিয়, আত্মা এবং বন্ধু হইতেছেন, এই মানবজন্মে সেই বিষ্ণুর পদসেবা করাই প্রথমতঃ সকল ফলের উপযোগী হইতেছে। ৭।৬।২

হে বন্ধুগণ! যে সকল ইন্দ্রিয় সুখ ও দুঃখ দেহীগণ নিত্য সংসারে ভোগ করিয়া থাকে, তাহা যেকোন পশ্বাদি জন্মে দেহসংযোগ মাত্রেই স্বভাবতঃ লাভ হয়। কিন্তু এই দুর্লভ দেহটী দৈবাৎ লাভ হয়। অতএব এই দুর্লভ জন্মে যাহাতে বৃথা আয়ুক্ষয় হয়, এমন কার্য্য করা বা তাহার চেষ্টা করাও নিতান্ত অনুচিত হইতেছে। কারণ এই দেহে মুকুন্দ চরণাম্বুজ ভজনা করিলে জীবে যত আনন্দ লাভ করিতে পারে; সেরূপ আনন্দ কখনই ইন্দ্রিয়সুখে লাভ হইতে পারে না। ৭।৬।৩।৪

ব্যাখ্যা। কুমার অবস্থা হইতে কিরূপ অভ্যাসে ভক্তির আবির্ভাব স্বভাবতঃ হয়, তাহা শ্রীব্যাস প্রহ্লাদোক্তিতে বলিবার পূর্ব্বে; প্রথমে ভক্ত্যাবির্ভাবের প্রয়োজনীয়তা কি, তাহা বলিতেছেন ঃ—প্রথমে বলা হইল ভগবৎসেবা উচিত, ভগবৎসেবাটী গৌণ ভক্তির বা ভক্তি আবির্ভাবের গৌণ উপায় হইতেছে, একথা এই স্কন্ধের পঞ্চমাধ্যায়ে প্রকাশ করিয়াছি তথায় দ্রষ্টব্য। এ জন্মে বাহ্য সুখ ত্যাগ করিবার কথা কেন বলা হইল, তাহা প্রমাণার্থে, ইহা প্রকাশ হইতেছে যে, পশ্বাদি হইতে মানবজন্মাবধি জীবে কেবল ইন্দ্রিয়ের স্বাভাবিক সুখ ও দুঃখ ভোগ করিয়া থাকে। ইহার প্রকৃত ভাব এই ঃ—মনুষ্য জন্মে ইন্দ্রিয়াদি বৃত্তি হইতে চিত্ত জ্ঞানাদি বৃত্তির অত্যন্ত প্রকাশ হয়। অতএব চিত্ত জ্ঞানাদি বৃত্তির উৎকর্ষে যে নিত্য আনন্দের উদয় হয়, তাহা করিলে ইন্দ্রিয়সুখদুঃখকে স্বভাবতই তুচ্ছ বোধ হইয়া থাকে। সেই নিত্য আনন্দ ত্যাগ করিয়া যদি পশ্বাদি

জন্মের ভোগ ইন্দ্রিয় জনিত সুখকেই মানব জন্মে সার ভাবা যায়, তাহা হইলে এই দুর্লভ জন্মের আয়ুকে বৃথা ব্যয় করা হয়। পরে সেই আনন্দ কিসে লাভ হয় তাহা বুঝাইতে বলা হইল ;—মানব জীবনে কুমারাবস্থা হইতে মুকুন্দ চরণাম্বুজ ভজনায় তাহা লাভ হইয়া থাকে। এস্থলে গৌণ ভক্তিতে সাকার ভাব উপাসনীয় এইজন্য তত্ত্ববিচারাদির কথা এস্থলে প্রশস্ত বলা হইল না।

এস্থলে সুখ ও আনন্দের তারতম্য প্রকাশ করা হইল। ইন্দ্রিয় বৃত্তিগুলি বাহ্য বিষয় ভোগে নির্ব্বাধে নিরত থাকিতে পারিলেই মনের যে কথঞ্চিৎ স্ফূর্ত্তি উপস্থিত হয়, তাহাকে সুখ কহে, আর ব্যাধি ক্ষুধাতৃষ্ণাদি যোগে মনের স্ফূর্ত্তি নষ্ট হইলেই দুঃখ ভোগ হইয়া থাকে। কিন্তু আনন্দ তাহা নহে ; যে অবস্থাটী সমস্ত অধ্যাত্ম বৃত্তির চরিতার্থ ও উৎকর্ষহেতু জীব হৃদয়ে শান্তিরূপে আবির্ভূত হয়, তাহাকেই আনন্দ কহে। প্রহ্লাদ মানব জন্মে সমস্ত অধ্যাত্ম বৃত্তির সাত্ত্বিক স্ফূর্ত্তির হেতু বলিয়া গৌণ ভক্তির অধিকার প্রমাণ করিবার জন্য একমাত্র ভগবৎসেবাকেই শ্রেষ্ঠ কহিলেন। অতএব যদি কেহ মানব জীবনের সফলতার প্রয়োজন বোধ করেন, তাঁহার পক্ষে ভগবৎসেবাই উচিত। বিশেষতঃ বালককাল হইতে তদভ্যাসে অধিক ফল ইহা বলিলেন। পরে বৈরাগ্য উদয়ার্থ ভোগকে তুচ্ছ প্রমাণ করা হইতেছে।

হে দৈত্যকুমারগণ, এই কমলসম কোমল ও স্ফূর্ত্তিমৎ পুরুষ দেহ যতদিন না বিনাশ হয়, ততদিন আপনাপন কুশল ও নিত্য মঙ্গলের জন্য চেষ্টা করা উচিত হইতেছে। ৭।৬।৫

দেখ বন্ধুগণ, এই আয়ুকে ভোগী জীবে কিরূপে বৃথা ব্যবহার করিয়া থাকে ; যদিও মানব জীবনে জীবে শতবর্ষ পরমায়ু লাভ করিল, কিন্তু—অজিতাত্মা হইয়া ঐ আয়ুর অর্দ্ধেক নিশাকালে নিশ্চেষ্ট নিদ্রায় ক্ষয় করিয়া অজ্ঞানকে সঞ্চয় করিল। পরে বাল্যাবস্থায় ক্রীড়ায় মুগ্ধ, বিষয়ে ও রতিতে মুগ্ধ হইয়া অবশিষ্ট অর্দ্ধ পরমায়ুর বিংশতি বর্ষ ক্ষয় করিল। এরূপ অব্যবস্থিত মানবের অপর বিংশতি বর্ষ জরাদি অক্ষম অবস্থাতে ক্ষয় হইয়া থাকে। ৭।৬।৬।৭

হে বন্ধুগণ ! এইরূপে বাল্য কৈশোরে যে জীবন বৃথা নষ্ট করা হইল এবং অজ্ঞান সঞ্চয় করা হইল, উহাতে চিত্তাদিকে গৃহাশক্ত ও বুদ্ধিকে প্রমত্ত করাতে অবশিষ্ট পরমায়ু কেবল বিষয় ভোগ কামনার জন্য লালায়িত হইয়া অতি বলবান মোহে মুগ্ধ হইয়া থাকে। ৭।৬।৮

হে কুমারগণ ! আমি কুমারাবস্থা হইতে সাবধান হইতে কেন বলিতেছি, তাহা

শ্রবণ কর ঃ— ঐরূপে বিষয় ভোগে অভ্যস্থ হইয়া যে জীব নিজ ইন্দ্রিয়াদিকে তৎপর করতঃ আপনাকে সেই ভোগাধীন করিয়া থাকে এবং সেই ভোগ হইতে স্নেহ মোহপাশে যে একেবার আবদ্ধ হইয়া পড়ে; এমন জীব কে আছে যে এই আবদ্ধ অবস্থা হইতে আপনাকে মুক্ত করিবার জন্য উৎসাহান্বিত হইয়া মুক্তিলাভে সক্ষম হয়। ৭।৬।৯

যে অর্থ জন্য তস্করাদি রাজদণ্ডে প্রাণ ও মান হানি এবং বণিকেরা জল যাত্রায়—প্রাণ হানি পর্য্যন্ত স্বীকার করে। সাধারণ ব্যক্তিগণ একবার—যদি বিষয়ীগণের প্রাণাপেক্ষা প্রিয়তম অর্থ লালসায় উন্মত্ত হয়; আর কি সে ব্যক্তি অর্থতৃষ্ণা ত্যাগ করিতে পারে। ৭।৬ ১০

একবার কামিনীর মধুর আলাপে, রতি জনিত আসঙ্গে এবং তাহাদের আশক্তি জনিত চাতুরীময় মন্ত্রে উন্মত্ত হইলে এমন কেহই নাই যে সে আশক্তি হইতে উদ্ধার হইতে পারে? একবার আত্মীয় বন্ধুগণের মোহাক্রান্ত স্নেহাদিতে যে ব্যক্তি মুগ্ধ হয়, আর কি সে মোহ-রজ্জু ত্যাগে সমর্থ হইতে পারে? একবার মধুর রস সংযুক্ত শিশুগণের কলধ্বনিতে যে ব্যক্তি চিত্তকে উন্মত্ত করিয়া ফেলে; আর কি সে সহজে চিত্তকে বিশুদ্ধ করিতে সক্ষম হয়। ৭।৬।১১

উক্ত ভাবে মুগ্ধ হইলে মানবে, কখন পুত্রের স্মরণ, কখন বিবাহিতা দুহিতার কুশলাকুশল চিন্তা, কখন ভ্রাতা ভগ্নী এবং দুঃখী পিতা মাতার হিতচিন্তা, কখন নিজনির্ম্মিত গৃহাশক্তি, কখন মনোহর বিবিধ সংসারীয় পরিচ্ছদ ভাবনা, কখন বা লৌকিক বৃত্তি সমূহের অভ্যাস ও আচরণ, কখন গবাদি পশু ও ভৃত্যবর্গের কুশল চিন্তা করিতে সতত নিরত থাকিয়া (পরমার্থচিন্তা বিস্মৃত হইয়া থাকে।) ৭।৬।১২

হে বন্ধুগণ! কোষকারী কীট যেমন আপনার গৃহ প্রস্তুত করিয়া নির্গমনের পথ পর্য্যন্ত আবদ্ধ করিয়া রাখে, তদ্রূপ সংসারে একান্ত অনুরত ব্যক্তি লোভাদি বশতঃ ভোগে অপরিতৃপ্ত থাকিয়া, উপস্থও রসনাদিগত রতি ও রসাদি ভোগকেই অতি সুখকর বিবেচনা করিয়া, বিষয় হইতে যে একমাত্র উদ্ধারের উপায় বৈরাগ্য, তাহা ত্যাগ করিয়া থাকে। বিরক্তিত্যাগে জীবন মোহ উপস্থিত হওয়াতে তাহা হইতে কোনক্রমেই বিরত হইবার উপায় দেখিতে পায় না। ৭।৬।১৩

ব্যাখ্যা। মানব জীবনে প্রথমে ভোগকাল নির্ণয় করিয়া ভোগী জীবে যে ভাবে বৃথাভোগে সেই আয়ুভাগ নষ্ট করে, তাহা দেখাইয়া শ্রীব্যাস প্রহ্লাদ মুখে দশমাদি শ্লোক হইতে সংসারে জীবের কিরূপ সংসারাশক্তি জনিত মহামোহ ঘটে, তাহাই প্রকাশ করিতে থাকিলেন। অর্থতৃষ্ণা, কামিনীর প্রণয়াশক্তি, আত্মীয় বন্ধুর স্নেহ মমতা, পুত্রাদির মিষ্টভাষা, এই কয়টী উপায়ে যে মনোবিকার উপস্থিত হয়, তাহাকেই চিত্ত বিকার

ঘটে। পূর্ব্বে বলা হইয়াছে, ইন্দ্রিয়াতীত চিত্ত, বুদ্ধি ও মনাদি সংযুক্ত অধ্যাত্ম বৃত্তি সমূহ মানব জীবনে উৎকর্ষতা প্রাপ্ত হইয়া থাকে। ঐ চিত্ত দিকে যদি নিজকর্ম্মে অপকর্ষান্বিত করা যায়, তাহা হইলেই মানবজীবনে মোহ ঘটে, আর ঐ সকল বৃত্তিকে সত্ত্বভাবপর করিতে পারিলেই, উহাদের উৎকর্ষ হয়, সেই অবস্থায় জ্ঞানের বিকাশ হইয়া থাকে। এক্ষণে চিত্তাদির হীনভাব যোগ কিসে হয় তাহা বুঝাইতেই বলা হইল যে :—অর্থতৃষ্ণা, রমণীর আসঙ্গ লিপ্সা আত্মীয়ের আনুগত্য ও পুত্রাদির হাব ভাবে মুগ্ধ হইলে চিত্ত বিকৃত হইয়া থাকে। এস্থলে ধনাদি তৃষ্ণা, স্ত্রী সম্ভোগ, আত্মীয়ানুরাগ ও পুত্রাদি স্নেহকে মন্দ বলা হইল না, উহাদের ভাবে মুগ্ধ হওয়াকে চিত্তের বিকার রূপে বর্ণনা করা হইল বুঝিতে হইবে পরে স্মৃতি নামক অধ্যাত্ম শক্তির—বিকার যে ভাবে ঘটে, তাহাতে বলা হইল; পুত্রের, কন্যার, ভ্রাতা, ভগ্নী, মাতা, পিতা, গৃহ, পরিচ্ছদ, কুলাচার ও গবাদি পশু ভৃত্যাদিতে একান্ত আশক্তিই স্মৃতি বিকৃতির কারণ। একান্ত আশক্তি বলিতে উহাদের যত্ন সম্মান, কর্ত্তব্য ও পালন নহে। একান্ত আশক্তিতে যত্নাদির হ্রাসই হইয়া থাকে। যেমন কোন সম্মানী ব্যক্তির সহিত একান্ত বন্ধুত্ব হইলে তাহাকে পূর্ব্ব সম্মান দেওয়া হয় না, সেইরূপ পুত্রাদিতে, মাতা পিতাদিতে একান্ত আশক্ত হইলে তাহাদের ক্রীড়ামৃগ হওয়া যায়, নিজের কর্ত্তব্যগত যত্ন সম্মানের অপলাপ হইয়া থাকে। এই সকল বিষয় রামায়ণে বিশেষ বিচিত্র আছে; শ্রীরাম পিতৃসত্য পালন করিবার কালে ভ্রাতার, অনুগত পত্নীর প্রেম বিস্মৃত হয়েন নাই এবং পিতার আদেশে অরণ্যে যাইয়া পত্নী বিচ্ছেদাদিতে উন্মত্ত হইয়াও তৎপ্রতিকারের সহিত পিতাতে অশ্রদ্ধা বা বিমাতাতে অশ্রদ্ধা প্রকাশ করেন নাই; অপর সীতাভ্রাতা পিতামাতাকে বিস্মৃত হইয়া আত্মকর্ত্তব্য যে বিষ্ণুলোকে গমন, তাহা ভুলেন নাই। যদি পিতাদিতে রাম একান্ত আশক্ত হইতেন, তাহা হইলে গৃহ ত্যাগ করিয়া পিতার অদর্শন সহ্য করিতে পারিতেন না এবং পিতৃসত্য রক্ষা করিয়া পিতৃসম্মান রক্ষাও করিতে পারিতেন না। শ্রীরামের চিত্রটীই মানব জীবনের ভোগ, বৈরাগ্য এবং সামাজিক কর্ত্তব্যের আদর্শ স্থল। এইজন্য প্রহ্লাদের চরিত্রে পিতার উৎপীড়নেও বালক পিতৃসম্মান ত্যাগ করিতে পারেন নাই পুরাণে প্রকাশ আছে। পরে ত্রয়োদশ শ্লোকে বাসনা নামক অধ্যাত্ম তেজের বিকার কিসে ঘটে, তাহাই প্রমাণ করা হইয়াছে। স্তুতি ক্রিয়া ও রসাস্বাদনে নিতান্ত আশক্তি এবং মনের ও চিত্তের বিকার জনিত অবস্থা যখন মানব জীবনে সংস্কারাবদ্ধ হয়; সেই সংস্কারই বাসনার মালিন্য ঘটাইয়া থাকে। বাসনার মালিন্য ঘটিলেই আশক্তির বৃদ্ধি হয়। তাহাতে লোভ উপস্থিত হয়; লোভ বিচ্ছেদে ক্রোধের হয়; এইরূপে বাসনার বিকারে রিপু সমূহের আবির্ভাবে এবং কর্ম্মের সংস্কারে উন্নতি পথে ভীষণ আবরণ ঘটে; সেই আবরণটীর নামই মোহ। সেই মোহ আবদ্ধ হইলে জীবের উন্নতীপথ কোষকার কীটের ন্যায় আবদ্ধ থাকে।

দেখ বন্ধুগণ, মানবগণে যখন আত্মীয় প্রতিপালনে উন্মত্ত হইয়া তাহাদের স্নেহ মমতাদির অধীন হইয়া থাকে, তখন সে সংসারে এমন প্রমত্ত হয় যে, তাহার দুর্লভ আয়ু সেই বৃথা কর্ম্মে ক্ষয় হইতেছে ইহা বুঝিতে পারে না, অতএব স্বভাবতই পুরুষার্থ বোধ করিতে অক্ষম হইয়া থাকে। ক্রমে তাহার রতি কুটুম্বগণের উপরে অনুরক্ত হওয়াতে সে ব্যক্তি সংসারে এত আশক্তচিত্ত হয় যে, নিত্য নিত্য তাপত্রয়ে কাতর হইয়াও সেই ঘোর যাতনা সে অনুভব করিতে পারে না। ৭। ৬। ১৪

ব্যাখ্যা। এইস্থানে এই কথা বলিবার তাৎপর্য্য এই ঃ—যদি কেহ বলেন যে, যদি ঈশ্বর ভক্তি স্বভাবতই মানবের উদয় হয় এবং সেই অনুরাগে সংসার বিস্মৃতি ঘটিয়া থাকে। বিশেষতঃ তাহাতে এত আনন্দের অনুভব হয় যে, সংসারীয় ঐশ্বর্য্য ভোগকেও তুচ্ছ বোধ হইয়া থাকে; তবে সকলের সে আনন্দ স্বভাবতঃ অনুভব না হয় কেন? এবং মহাভোগ হইতে যে ভীষণ কষ্ট সমূহ লাভ হয় তাহাই বা সংসারী ব্যক্তি বুঝিয়াও ভোগ কেন করে? এই উভয় প্রশ্নের উত্তর এইস্থানে দেওয়া হইতেছে ঃ—মানবের পক্ষে যে আয়ুর ব্যয়ে পুরুষার্থ পর্য্যন্ত লাভ হয়, সেই আয়ু আত্মীয় স্বজনের স্নেহাদিতে আকৃষ্ট হইয়া তাহাদের সেবায় ব্যয় করিলে যে অবস্থায় উদয় হয় তাহাকে প্রমত্তাবস্থা কহে, এই প্রমত্তাবস্থাকে অভিনিবেশ কহে। অভিনিবেশ উপস্থিত হইলে চিত্তের ঘোর আবরণ ঘটিয়া উঠে। চিত্তের স্বচ্ছতায় জ্ঞানের বিকাশ হয়, কিন্তু অভিনিবেশে চিত্ত ম্লান থাকিলে জ্ঞানের অপ্রকাশ হওয়াতে, আয়ু ব্যবহারের কর্ত্তব্য, মানবে বিস্মৃত হইয়া পুরুষার্থের প্রতি দৃষ্টি রাখিতে বিস্মৃত হয়। এই সংসারানুরাগ জনিত বিস্মৃতি, ক্রমে বদ্ধমূল হইলে ঐ অভিনিবেশ এত প্রগাঢ় হয় যে; তাহার রতি ও মতি সংসার সেবা ও তদ্ভোগেই নিরত হইয়া পড়ে; এই ঘোর অভিনিবেশ হইতে বুদ্ধিশক্তি পর্য্যন্ত এত স্থূল হয় যে, সংসারে ক্ষুধা তৃষ্ণা, ব্যাধি ও জরামৃত্যু জনিত তাপত্রয় নিত্য ভোগ করিয়াও সে যাতনাকে উপেক্ষা করিয়া সমাজে কুক্কুরাদি পশুর ন্যায় পশুভাবাপন্ন হইয়া থাকে। ইহাতে বলা হইল যে ঃ—সংসারে অভিনিবেশে ঘোর দুঃখ উপস্থিত হয়, কিন্তু অজ্ঞান হেতু সেই দুঃখ মানবে তাদৃশ অনুভব করিতে অক্ষম হইয়া থাকে। অতএব উপরতি লাভে ইচ্ছা হয় না। উপরতি লাভে ইচ্ছা না হইলে, ভক্তি প্রভৃতির আবেশ না হওয়াতে, মানবে পরমানন্দ দর্শন স্বাভাবিক হইলেও চেষ্টা বিহীনে তাহা লাভ করিতে পারে না। অভিনিবেশের ঘোরাবস্থা উপস্থিত হইলে, পশুর ন্যায় মনুষ্য নিজ স্বার্থভোগে কিরূপ উন্মত্ত হয় এবং তদুন্মত্তে তাহারা কি ফল লাভ করে তাহা পরে প্রকাশ হইতেছে।

হে বৎসগণ! ঘোর অভিনিবেশ মানবের চিত্তাধিকার করিলে, মানব কিরূপ হিতাহিত চিন্তাশূন্য হয়, তাহা শ্রবণ কর :—

মানবের যখন ধন জন্য চিত্তে ঘোর অভিনিবেশ উপস্থিত হয়, তখন সে লোভাদির প্রাবল্য বশতঃ যৎকিঞ্চিত অর্থলাভে অশান্ত হইয়া, কুটুম্ব পোষণে অভাব উপস্থিত হইলে, পর বিত্তহরণকে ঘোর দোষ জানিয়া এবং হরণ কার্য্য হেতু ইহসংসারে বাধ্যদণ্ড, পরলোকে ঘোর নরক যন্ত্রণা ইহা মনে মনে বুঝিয়াও হরণ করিয়া থাকে। ৭। ৬। ১৫

হে শিষ্যগণ, যদি তোমরা এ কথা বল যে অজ্ঞব্যক্তিরই ঐরূপ দুর্দ্দশা ঘটিয়া থাকে, সংসারে থাকিয়া নানা শাস্ত্রপাঠী বিদ্বান ব্যক্তি, আপনার হিতাহিত চিন্তা করিয়া, নিজ হিত সাধনে যত্ন করিতে পারে;—তাহাদের যত্ন কেন উপস্থিত হয় না তাহা শ্রবণ কর :—

হে দানবকুমারগণ! মানবের মধ্যে যাঁহারা শিক্ষা প্রভাবে; কর্ত্তব্য বিহীন হইয়া কুটুম্বপোষণে ঘোর অনর্থ উপস্থিত হয়, ইহা বুঝিয়া থাকেন; তাঁহারা যদি সংসারী হয়েন, তাহা হইলে কখনই আপনাদের উদ্ধারের হেতু যে বৈরাগ্য, তাহার আশ্রয় গ্রহণ করিতে পারেন না। কারণ সংসার ভোগে তাঁহাদের অন্তরে এটী আমার ওটী পরের এইরূপ স্বার্থের উদয় হওয়াতে সেই স্বার্থজন্য ক্রমে পূর্ব্বোক্ত মূর্খ ব্যক্তির ন্যায় ঘোর অভিনিবেশে তাঁহাদের চিত্ত আচ্ছন্ন হইয়া পড়ে; তখন তাঁহারা আর উদ্ধারের উপায় অবলম্বন করিতে পারেন না। ৭। ৬। ১৬

এইরূপে সেই বিদ্বান ব্যক্তি ভোগাভিনিবিষ্ট হইলে, তিনি ক্রমে কামদৃষ্টিপূর্ণা রমণীর বিহারমৃগ হইয়া, তৎসম্ভোগে যে পুত্রাদির সৃষ্টি করেন, তাহাই মায়ামমতাদি নিগড় স্বরূপ হওয়াতে সেই শৃংখলে আবদ্ধ হইয়া পড়েন। তখন আর তাঁহাদের সংসারে কোথাও অর্থাৎ লোকালয়ে বা অরণ্যে কিম্বা কোন প্রকার যাগ যজ্ঞাদি উপায়ে আপনাদের উদ্ধারের উপায় দেখা যায় না; তখন তাঁহারা ঘোর লম্পট সংসারী বা বিষয়ী হইয়া পড়েন। ৭। ৬। ১৭

ব্যাখ্যা। এই কয় শ্লোকে ইহা বলা হইল যে; মূর্খ ও বিদ্বান যে কেহই হউক না কেন, মানব জন্মের স্বভাববশে সকলের আপনার হিতাহিত অনুভব করিতে পারেন, কিন্তু সংসারে অভিনিবেশ উপস্থিত হইলে হিতাহিত বোধ ক্ষয় হওয়াতে আত্মবিমোচনে সকলেই অক্ষম হয়েন। তবে মূর্খ স্বার্থাভিনিবেশে অতি দুষ্কর্ম্মকারী হয়, বিদ্বান ব্যক্তি স্বার্থাভিনিবেশে হরণ মরণাদি গত অত্যন্ত দুষ্ক্রিয়া না করিয়া, মায়া মমতাতেই উন্মত্ত হইয়া থাকেন। আত্ম বিমোচন পক্ষে উভয়েই সমান অজ্ঞ বুঝিতে হইবে। এস্থলে কুটুম্ব আত্মীয় বলিতে মাতা পিতা হইতে পরিজন বুঝিতে হইবে। কর্ত্তব্য জ্ঞান যাহা পূর্ব্বে ব্যাখ্যা করিয়াছি, যাহা রামাদির চরিত্রে প্রকাশিত হইয়াছে, সেটী ত্যাগ করিয়া সংসারে

আশক্ত হইলে এইরূপ দুঃখ হয়। এই দুঃখ নাশের জন্য সংসারে অশান্ত হইতে না হইতে কুমারাবস্থায় যদি ভক্তিচর্য্যা করা যায়, তাহা হইলে ভোগাশক্তি আর সে মানবকে অধিকার করিতে পারে না। ভক্তিশাস্ত্রকারেরা যেরূপে উপদেশ দিয়া থাকেন, তাহা প্রহ্লাদমুখে পরে প্রকাশ হইতেছে।

হে কুমারগণ! সেই জন্য আমি বলিতেছি যে; দ্বৈত স্বরূপ সংসার বিষয়ের সঙ্গ এখনো তোমাদের হয় নাই, এই বেলা কুমার অবস্থাতেই তাহা ত্যাগের অনুষ্ঠান কর। তোমরা আদিদেব নারায়ণের আশ্রয় গ্রহণ করিয়া বিষয়াত্মক দ্বৈত সঙ্গ হইতে মুক্ত হইয়া, মানবজন্মের অভীপ্সিত মুক্তি লাভ কর। ৭। ৬। ১৮

হে অসুর নন্দনগণ! আমাদের কুমারাবস্থায় সেই নারায়ণ সেবাকে বহু আয়াস সাধ্য ইহা বিবেচনা করিও না, কারণ তিনি সকল ভূতের আত্মা রূপে সর্ব্বত্র বিরাজ করিতেছেন; এই জন্য তাঁহার প্রীতি আকর্ষণ ইহ সংসারে, ইহজন্মেই অত্যন্ত সুলভ বলিয়া সিদ্ধ হইতেছে। ৭। ৬। ১৯

হে বন্ধুগণ! সেই ভগবান কিরূপে সর্ব্বাত্মা হইয়া বিরাজ করেন, তাহার কিছু বিবরণ শ্রবণ কর:—ইহ ব্রহ্মাণ্ডে ব্রহ্মা হইতে স্থাবর প্রাণী পর্য্যন্ত যত চেতনাচেতন জীব দেখিতে পাওয়া যায়; সেই জীবগণের ও জগতের উপাদান স্বরূপ যে সকল ভূত, অহংকারাদি বিকার এবং মহত্তত্ত্বাদি দেখিতে পাওয়া যায়, সমস্তের সত্ত্বাই সেই এক ব্রহ্ম হইতেছেন; তিনিই নিরন্তাভাবে ঈশ্বর, ঐশ্বর্য্যে ভগবান এবং চৈতন্যে আত্মা হইতেছেন। পুনশ্চ সকলের পরিণামে অব্যয় রূপেই বর্ত্তমান থাকেন। ৭। ৬। ২০

হে সখাগণ, এস্থলে তোমরা যদি বল যে সেই সত্ত্বা ব্রহ্মরূপে ব্রহ্মাণ্ডের একই হইলেন, তবে সৃষ্টিতে কেহ দ্রষ্টা, কেহ দৃশ্য, কেহ ভোগ কেহ ভোক্তারূপ এ ভাবের ভেদ দেখা যায় কেন? তাহার উত্তর শ্রবণ কর:—

সেই ব্রহ্ম পদার্থ যথার্থই অনির্দ্দেশ্য এবং অবিকল্পিত হইতেছেন, কিন্তু মায়াতে সংযুক্ত থাকিয়া যেন সকলের প্রত্যক্ষ হইয়া থাকেন। যখন তিনি আত্মা রূপে বিরাজ করেন, তখন তিনি দ্রষ্টা ও ভোক্তা হইয়া সর্ব্বব্যাপকতা দেখাইয়া থাকেন। যখন তিনি দৃশ্য অর্থাৎ উপাদান কারণ ও দেহাদি রূপী ভোগ্য ভাব ধারণ করেন, তখন তাঁহাকে ব্যাপ্য ও নির্দ্দিষ্ট বলিয়া প্রত্যক্ষ হইয়া থাকে।

সেই পরমেশ্বর—ভক্তগণের পক্ষে ঐ সকল তত্ত্বভাবের মধ্যে অনুভবজনিত পরমানন্দ স্বরূপ হইতেছেন। কিন্তু এই গুণময় সংসার সৃষ্টিতে তাঁহার কার্য্য প্রকাশকারিণী মায়া তাঁহার ঐশ্বর্য্যসমূহকে বিলুপ্ত রাখায় সংসারীজনে তাঁহাকে অনুভব করিতে পারে না। ৭। ৬। ২১

ব্যাখ্যা। পূর্ব্বে শ্রীপ্রহ্লাদমুখে কৌমার কাল হইতে ভগবৎ শিক্ষার উপায় শ্রীব্যাস প্রকাশ করিতে আরম্ভ করিয়া বৈরাগ্যোৎপাদনের আবশ্যকতা দেখাইয়া, এক্ষণে ভগবৎবোধের উপায় প্রকাশ করিতেছেন। যে বস্তুকে অন্তরে আয়ত্ত করিতে হইবে, উনবিংশতি শ্লোকে তাহার উপক্রম করা হইল। তথায় বলা হইল যে ব্রহ্মানুভব এই মানবজন্মেই লাভ হয়; এবং তৎবোধ হেতু যে সাধনা, তাহা একান্ত ভক্তের পক্ষে গুরুতর ব্যাপার নহে, কারণ সেই বস্তু সর্বত্র এমন কি নিজ হৃদয়েও লভ্য। ভগবানের সর্বব্যাপকতা বুঝাইতে বিংশতি শ্লোকে তৎপরিচয় দেওয়া হইল। পরে সর্বব্যাপক হইয়া জীবের প্রত্যক্ষ কিরূপে হইবেন, তাহা প্রমাণ করিতে বলা হইল :—যে বস্তু বা অবস্থা অত্যন্ত বিশুদ্ধ, গুণাতীত, অব্যয় ব্রহ্ম স্বরূপ তাঁহার প্রত্যক্ষ কখনই হইতে পারে না। যেমন মেঘবিহীন বিশুদ্ধ ও পরিষ্কৃত আকাশের সত্তা উপলব্ধি হয় না, সেইরূপ ইহজগতে কোনও সত্তার বিশুদ্ধ অবস্থার প্রত্যক্ষ হইবার উপায় নাই। যেমন মেঘাবির্ভাবে আকাশের সত্তা বোধ হয়, শীতোষ্ণ প্রবাহে বায়ুর অবস্থা বোধ হয়, সেই ভাবে মায়াশক্তির আবর্ত্তনে ব্রহ্ম বস্তু মিশ্রিত হইয়া জগত ও জীবভাবে পরিণত হইলে সেই বিশুদ্ধ সত্তার উপলব্ধি কেন না হইবে। সেই বিশুদ্ধ সত্তা মায়াতে সংযুক্ত হইয়া দুইভাগে বিভক্ত হয়েন। এক ভাগে নিজের লীলা নিজে ভোগ করেন; আর এক ভাগে ভোগ্য হয়েন। জগতের উপাদান ও জীবের দেহ অর্থাৎ সূর্য্যাদি হইতে পুষ্পের শোভা পর্য্যন্ত সমস্ত দৃশ্য পদার্থ ই উপাদান বা ভোগ্য এবং সকলের অন্তর্গত চৈতন্য সত্ব ই ভোগাচারী। উপাদান অবস্থাটী ঈশ্বর সত্তায় মায়াতে গুণসংলগ্ন প্রকাশ থাকায়; উহার সত্তা বিশুদ্ধ হইলেও মায়াগুণ সংযোগে, সকল জীবেরই ভোগ্য হইয়াছে। ভোগ্য সকল জীবকেই ভোগ করিতে হয়, তখন আর মায়াম্বিত ব্রহ্ম অলক্ষ্য কিরূপে হইলেন। যদি কেহ এরূপ কথা বলেন যে :—ব্রহ্ম সত্তার মায়া সংযোগে বিভিন্ন পদার্থের ও জীবের প্রকাশ; উহাদের মধ্যে সকলের সত্তা ও উপাদান এক কিরূপে হইল। তদুত্তরে বলা হইল :—বিশুদ্ধ সত্তাটি অবিশুদ্ধ যে কোন অবস্থায় থাকেন, সে অবস্থাটী সকল সৃষ্টিতে এক বলিতে হইবে, কারণ সকল উপাদানের বা দৃশ্যের একই স্বভাব। সকলই ক্ষয় বর্দ্ধন প্রকাশনাদি স্বভাবের অন্তর্গত স্বভাবে এক হইলে, তাহার সত্তার ঐক্যত্ব সকলেই স্বীকার করেন। এই অবস্থাটিকে ব্যাপ্য কহে অর্থাৎ ভোক্তা যে আত্মা ও অবিনাশী জীবভাব তাহাকে ব্যাপিয়া বর্ত্তমান আছে। ভোক্তা বা আত্মা অবিনাশীত্বাদি গুণযোগেও এক বলিয়া প্রমাণীকৃত হইয়া ব্যাপক ও নির্দ্দিষ্ট হইয়া বর্ত্তমান আছেন। যদি কেহ বলেন যে ব্যাপক বস্তুর সত্তা বোধ করিলেই যদি তদ্গুণময় হওয়া যায়, তাহা হইলে জীবের অন্তরে সকলাবস্থাতেই আত্মা আছেন, কেন আত্মপর সকলেই না হয়েন। তদুত্তরে বলা

হইতেছে, সৃষ্টি অর্থাৎ ভোগ সমূহ গুণময় হওয়াতে ভোগকর্ত্তা জীব, গুণ ভোগই করেন, ভগবান মায়ার অবস্থা, যাহাতে ঈশ্বরৈশ্বর্য্য লুপ্ত থাকায়, মায়াভোগে মায়াময়ই জীবই হয়েন; ভগবদ্ভোগ বা অনুভব করিতে পারেন না। ভগবদ্ভোগ করিলে তবে কেবল অনুভব জনিত ঈশ্বরস্বরূপানন্দ জীবে ভোগ করিতে পারেন। এইরূপে ব্রহ্মভাবনাকে সুলভ বুঝাইয়া ভবদুঃখের উপায় পরে প্রকাশ করিতেছেন ঃ—

হে সুহৃদ্‌গণ! সকল প্রাণীতেই সেই বিশুদ্ধ ব্রহ্মসত্তার—বর্ত্তমানতা থাকায় যাহাদের উপরে দয়া কর্ত্তব্য তাহাদের উপরে দয়া করা উচিত; যাহাদের সহিত মিত্রতা আবশ্যক তাহাদের সহিত মিত্রতা করিবে। এই সকল বাহ্য উপায়ে আপনাপন অসুর ভাব ত্যাগ করিয়া এমন কার্য্য কর, যাহাতে ইন্দ্রিয়াতীত ভগবানের প্রীতি আকর্ষণ করা যায়। ৭।৬।২২

হে মিত্রবৃন্দ! যাঁহারা নিজকর্ম্মে ভগবৎপ্রীতি আকর্ষণ করিতে পারিয়াছেন তাঁহাদের পক্ষে ইহসংসারে অলভ্য আর কি রহিল! যাঁহারা গুণ সমূহ ভোগ করিতে করিতে দৈবাৎ সেই অনন্ত ও আদি পুরুষের ঐশ্বর্য্য বর্ণন করিতে পারেন, তাঁহাদের পক্ষেই বা কি অলভ্য রহিল! যাঁহারা আমাদের ন্যায় সেই—ভগবানের শ্রীচরণ কমলে নিত্য নিত্য সংকীর্ত্তন করিয়া ইহসংসারের অসার ভোগ পরিহার করিতে পারেন; যাঁহারা সেই নির্গুণ ব্রহ্ম সাযুজ্যাদি মুক্তিলাভের বাসনাও রাখেন না, তাহাদের পক্ষে ধর্ম্মার্থ কামাদি অসার বিষয় ও তৎভোগী আত্মীয়াদিতেই প্রয়োজন কি। ৭।৬।২৩

হে বন্ধুগণ, এই যে ধর্ম্মার্থ কামাদি, ইহা বেদ প্রতিপাদ্য বেদ—ঈশ্বর বাক্য, যদি ঐ সকল কার্য্য পরিহার করা যায় তাহাতে ঈশ্বরের আজ্ঞাবহেলা করা হয়, এমন কথা যদি তোমরা বল; এ সংশয় তোমাদের ভ্রমাত্মক, উহার তাৎপর্য্য শ্রবণ কর ঃ-

বেদমধ্যে ধর্ম্মার্থ কামাদি যে ত্রিবর্গের কথা ও তৎপ্রতিপাদ্য অনুজ্ঞা, তাহা কেবল জীবিকা পরিপালনার্থে বা প্রবৃত্তি কালের উপদেশার্থে বিহিত বুঝিতে হইবে, উহা এবং রাজধর্ম্মার্থে তর্ক, দণ্ড ও নীতি প্রভৃতি উপদেশ, সমস্তই পরমার্থ পক্ষে অকিঞ্চিৎকর হইয়াছে। আমি বলি; যে সকল বেদ বিহিত উপায়ে একমাত্র আত্মসুহৃদ পরম পুরুষ ভগবানে আত্মসমর্পণ করা যায়, তাহাই বেদাদির একমাত্র সত্য ও প্রয়োজনীয় অর্থ হইতেছে। ৭।৬।২৪

হে কুমারগণ! আমি যে তত্ত্বজ্ঞানের কথা কহিলাম ইহা অত্যন্ত গুরুভাব সংযুক্ত হওয়ায়, আমি কোথা হইতে শিক্ষা করিলাম এরূপ সন্দেহ করিও না এবং এইভাবে তত্ত্বজ্ঞান যোগে ভগবৎপ্রীতি আকর্ষণ করিবার উপায়ই যে ত্রিবর্গ হইতে বেদের সত্য

অর্থ এবিষয়েও সন্দেহ করিওনা, কারণ এই :—বিশুদ্ধ জ্ঞান দুর্লক্ষ্য হইলেও ভক্তগণকে কৃপা করিতে, সেই মানবের পরম সখা নারায়ণ স্বয়ং দেবর্ষি নারদকে বলিয়াছিলেন : তোমরা একথায় এমন সন্দেহ করিও না যে, যে উপদেশে নারদের ন্যায় দেবর্ষির অধিকার আছে, তাহাতে আমাদের ন্যায় বালকগণের অধিকার কিভাবে ঘটিতে পারে :—যে সকল ব্যক্তি সংসারের সকল ভোগ হইতে উপরত হইয়া অকিঞ্চন ও একান্ত ভক্ত হইয়াছেন, তাঁহাদের পদধূলিতে যে সকল দেহী আপনাপন দেহ আপ্লুত করেন ; তাঁহাদের পক্ষেও ঐরূপ ভগবৎজ্ঞান সুলভ হইয়া থাকে।

অতএব পূর্ব্বোক্ত বিশিষ্ট তত্ত্বযুক্ত জ্ঞান, যাহাকে আচার্য্যগণ বিশুদ্ধ ভাগবত ধর্ম্ম কহেন, তাহা আমি দেবকল্প শ্রীনারদের মুখে পূর্ব্বে শ্রবণ করিয়াছিলাম। (এই হেতু অভ্রান্ত জ্ঞানে তোমাদের নিকটে প্রকাশ করিলাম ; সকলে ইহার অনুসারী হও।) ৭।৬।২৫।২৬

ব্যাখ্যা। পুনশ্চ দ্বাবিংশতি শ্লোকে দৈত্যত্ব বা অসুরত্বের তাৎপর্য্য শ্রীব্যাস প্রকাশ করিলেন। ঐ শ্লোকে প্রহ্লাদ মুখে বলা হইল যে ভগবানের প্রীতি আকর্ষণ জন্য অসুর ভাব ত্যাগ কর। অসুর বলিয়া যদি জাতি থাকিত, তাহাহইলে, ভাব ত্যাগে প্রকৃত মনুষ্য হইবার কথা কখন শ্রীব্যাস বলিতেন না। অসুর ভাবটী কি ? তাহা পরে বলা হইল :— ধর্ম্ম (সংসার ধর্ম্ম), যজ্ঞাদি অর্থ (শাম দান ভেদ দণ্ড ও বিদ্যাদি), কাম—ভোগাদি, এই ত্রিবর্গকে বেদের প্রকৃত উপদেশ মানিয়া যাহারা পরমার্থ বিস্মৃত হইয়া কেবল ভোগে আপনার অধোগতি সাধন করে, এবং সাত্ত্বিক বৃত্তি সমূহের প্রতিকূলাচারী হইয়া প্রহ্লাদের ন্যায় সত্ত্বগুণের উৎপীড়ন করে, তাহারা অসুর ভাবযুক্ত। পরে বিশুদ্ধ জ্ঞানের সত্যতা ষড়বিংশ শ্লোকে প্রমাণ করিয়া প্রহ্লাদ উপদেশের উপসংহার করিলেন।

প্রহ্লাদের সমস্ত উপদেশ শ্রবণ করিয়া দৈত্যকুমারগণ বিস্ময়ে আকুলিত হইয়া তাঁহাকে কহিল :—

হে প্রহ্লাদ! এই বিদ্যালয়ে তোমার সহিত আমরা বাল্যকাল হইতে শিক্ষা করিতেছি, এই গুরু শুক্রাচার্য্য পুত্রদ্বয় ব্যতীত এস্থানে আর কাহাকেতো কখন প্রবেশ করিতে দেখি নাই। আর এই বাল্যাবস্থার পূর্ব্বেও কোন উপদেশ লাভের সম্ভাবনা নাই, কারণ, যখন অন্তঃপুরে শিশুভাবে থাকিতে,তখন কিরূপে মহৎসঙ্গের সম্ভব হইতে পারে !! অতএব

তোমার উপদেশ আমাদের যাহাতে বিশ্বাস হয়, এবং আমাদের ঘোর সংশয় যাহাতে লোপ হয়, এমন কথা শীঘ্র বল। ৭। ৬। ২৭।২৮

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে ষষ্ঠাধ্যায়ে
উপেন্দ্র কৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। ষড়্‌বিংশতি শ্লোকে প্রহ্লাদমুখ শ্রীব্যাস কহিলেন, ভাগবত বিশুদ্ধজ্ঞান, একান্তভক্তের সেবা ও উপদেশে সকলেই সমান ভাবে লাভ করিতে পারেন। দৈত্য-বালকেরা প্রহ্লাদের সাধুসংস্কার কিরূপে ও কোথায় হইল তাহা জানিতে চাহিতেছেন, ইহাতে কিরূপে ও কত উপায়ে সংসার ভাব বিশুদ্ধ হয়, তাহাই প্রকাশ হইবে। যুধি-ষ্ঠিরকে শ্রীনারদ এইকথা বলিয়া অধ্যায়ের উপসংহার করিলেন।

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে ষষ্ঠাধ্যায়ে
উপেন্দ্রকৃতাধ্যাত্ম ব্যাখ্যা সমাপ্ত।

অথ সপ্তম অধ্যায়।

শুকদেব রাজা পরীক্ষিৎকে বলিলেন ঃ—হে মহারাজ ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে শ্রীনারদ সম্বোধন করিয়া কহিলেন ঃ—হে রাজন্—

সেই মহাভাগবত অসুরপ্রবর দৈত্যসুতগণ কর্ত্তৃক আত্মবৃত্তান্ত বিষয়ে জিজ্ঞাসিত হইয়া অতীব আনন্দিত হইয়া, মৎকর্ত্তৃক পূর্বোপদিষ্ট ভাগবত কথা স্মরণ করিয়া তাহা-দের কহিতে থাকিলেন। ৭। ৭। ১

শ্রীপ্রহ্লাদ কহিলেন ঃ—

হে কুমারগণ! পূর্বকালে যখন আমাদের পিতা হিরণ্যকশিপু তপস্যা করিতে মন্দরাচলে গমন করেন ; তখন ঘোর সমাধিকালে তাঁহার সর্বাঙ্গ পিপিলিকায় আহার করিয়াছিল, ইহা দেখিয়া বাসবাদি দেবগণ মনে করিলেন, যেমন বিষাক্ত পিপিলিকায়

নিকটে মহাসর্প আক্রান্ত হইয়া প্রাণত্যাগ করে, তদ্রূপ সর্বলোক পীড়নকারী এই দৈত্য-পতি নিরপায়ে পিপীলিকা কর্ত্তৃক ভক্ষিত হইল; ইহা বিবেচনা করিয়া তাঁহারা দৈত্য-গণের বিপক্ষে ঘোর সমরের উদ্যোগ করিলেন।

দেবগণের ভীষণ সমরোদ্যোগ শ্রবণ করিয়া, অসুরগণ উৎসাহদাতা নৃপতি বিহনে, পাছে নিহত হয় এই কারণে যুদ্ধের পূর্বেই ইতস্ততঃ পলায়ন করিতে থাকিল। পলায়নকালে তাহারা আপনাপন প্রাণ লইয়াই সসব্যস্ত হইয়াছিল, আপ-নাদের পত্নী, পুত্র, ধন, গৃহ, আত্মীয়, পশু ও পরিচ্ছদাদির রক্ষার্থে তাহারা কিছুমাত্র প্রয়াস পাইল না। ৭। ৭ ২

ইহা দেখিয়া দেবসেনাগণ জয়াকাঙ্ক্ষা করিয়া একেবারে অসুরপুরী ভেদ করতঃ প্রথমে আমাদের রাজভবন লুণ্ঠন করিতে আরম্ভ করিল। সেই সময়ে আমার জননীকে অসহায়া দেখিয়া, তাঁহারা আমার সহিত, যূথভ্রষ্টা ও ব্যাঘ্রধৃতা কুররীর ন্যায় ক্রন্দন-কারিণী ভয়োদ্বিগ্না জননীকে বন্দিনী করিয়া যখন লইয়া যান, সেই সময়ে যদৃচ্ছা ক্রমে দেবর্ষি নারদ পথিমধ্যে আগমন করিয়া আমাদের দুর্দশা অবলোকন করিলেন। ৭। ৭। ৩

আমার জননীর দুরবস্থা দেখিয়া দেবর্ষি সুরপতিকে কহিলেন:—

হে ইন্দ্র! একি করিয়াছ! এই কামিনী পর কর্ত্তৃক বিবাহিতা ও সাধ্বী হইতেছে, হে মহাভাগ, এই নিষ্পাপিনী ও অপরাধবিহীনাকে বন্দিনী করা তোমার উচিত হয় নাই; এই ক্ষণেই ইহাকে পরিত্যাগ কর। ৭। ৭। ৪

দেবর্ষির কথা শ্রবণ করিয়া শ্রীইন্দ্র কহিলেন:—

হে ঋষে! ইহার গর্ভে দেবদ্বেষী হিরণ্যকশিপুর বীর্য্য রহিয়াছে, যে পর্য্যন্ত এই কামিনী প্রসূতা না হয়েন, তদবধি আমার কাছে বন্দিনী থাকুন, পরে আমি সন্তানটী লইয়া ইঁহাকে মুক্ত করিয়া দিব। ৭। ৭। ৫

দেবরাজের কথা শ্রবণ করিয়া দেবর্ষি কহিলেন:—

হে সুরপতে! এই কামিনীর গর্ভে যে সন্তান আছে, তাহা হইতে তোমাদের কোন ভয় নাই এবং তাহার মৃত্যুও নাই; এই সন্তান অতি পবিত্র এবং মহাভাগবত হইবে, অন্তে ভগবান অনন্তের সহচর হইবে। ৭। ৭। ৬

দেবর্ষির মুখে এই কথা শ্রবণ করিয়া সুরপতি যখন জানিলেন যে অসুরমহিষীর গর্ভে অনন্তের প্রিয় ভক্ত বাস করিতেছেন, তখন তিনি দেবর্ষীর আজ্ঞানুসারে তাঁহার হস্তে মহিষীকে প্রদান করিয়া এবং সেই গর্ভের সম্মানার্থ তাঁহাকে প্রদক্ষিণ করিয়া স্বর্গে গমন করিলেন। ৭। ৭। ৭

ব্যাখ্যা। পূর্বে বলা হইয়াছে যে শ্রীব্যাস দৈত্যদিকে পাপাবস্থা রূপে বর্ণনা করি-

য়াছেন, এস্থলে দেবাসুরের যুদ্ধে এবং গর্ভের কথায় যেন ভ্রান্তি বলিয়া বোধ হয়; এ কথা অনেকে সংশয় করিতে পারেন। এরূপ জাতি বা শ্রেণী বিশেষ বর্ণনার তাৎপর্য্য এই ঃ—পুরাণের যে স্থানে উপাখ্যান যোগে তাহা প্রকাশ করা হয়, সে স্থলে নায়ক নায়িকা রূপে চিত্র না করিলে ভাবস্ফূর্ত্তি হয় না, এইজন্য এরূপ করা হইয়াছে। নচেৎ প্রকৃত পক্ষে হিরণ্যকশিপু অহংকার বা মহাভোগী, প্রহ্লাদ ভগবৎস্মৃতি। কয়াধু বা প্রহ্লাদের জননী পুণ্য শক্তি। এই নায়কাদি ভাবে দেখান হইল যে, অহংকার হিরণ্যকশিপু যখন কাম্য ভোগার্থে ও তপস্যা অর্থাৎ সাত্ত্বিক চেষ্টা করিতে প্রস্থান করে; সেই সময়ে রিপু ও বিষয়পর ইন্দ্রিয় বৃন্দ সংযুক্ত জীব সমূহ যাহারা দৈত্য ভাবাপন্ন, তাহারা সুখশান্তির সাত্ত্বিক আচারে তমোবলহীন হয় বলিয়া, দেবগণের বা জ্ঞানবৃত্তিগণের যুদ্ধোদ্যম মাত্রেই আপনারা তিরোহিত হইয়া থাকে। সেই জ্ঞানবৃত্তিগণ অসুরের অজ্ঞানাবাস নষ্ট করিয়া পুণ্যশক্তি-কেই নিজস্থানে লইয়া যায়, কারণ তাহার অন্তরে তমোমিশ্রণে যদি পুনরায় তমোর প্রকাশ হয়, তাহা হইলে সংসারে ঘোর অনর্থের সম্ভাবনা।

যখন জ্ঞান বৃত্তিসমূহ, বিশুদ্ধাত্মজ্ঞান রূপী নারদের মুখে পুণ্যের অন্তরে ভগবৎ-ভক্তের অস্তিত্ব বুঝিলেন, তখন তাহাকে নিষ্কাম ভোগার্থে স্বর্গরাজ্যে না রাখিয়া ভক্তি রাজ্যে ত্যাগ করিয়া গেলেন। ইহাই প্রকৃত তাৎপর্য্য হইতেছে। এই তাৎপর্য্যকে এরূপে উপাখ্যানাকারে দেখাইয়া শ্রীব্যাস ভগবতস্মৃতি কিরূপে সমুদিত হয়, তাহাই প্রকাশ করিবেন। সে কথা পরে প্রকাশ হইবে।

হে কুমারগণ! ইন্দ্র পরিত্যাগ করিলে, আমার জননীকে দেবর্ষি নিজাশ্রমে লইয়া আসিলেন। এবং তাঁহাকে আশ্বাস প্রদান করিয়া কহিলেন ঃ—হে বৎস, যে পর্য্যন্ত না তোমার ভর্ত্তার আগমন হয়, তদবধি তুমি আমার নিকটে নির্ভয়ে অবস্থান কর। ৭। ৭। ৮

দেবর্ষির অনুজ্ঞাক্রমে নির্ভয়ে আমার জননী স্বামীর আগমনাবধি তথায় থাকিলেন, ইহা বলিয়া তাঁহার সম্মুখে অবস্থান করিতে থাকিলেন। ৭। ৭। ৯

হে কুমারগণ! তদবধি আমার জননী নিজগর্ভের অর্থাৎ আমার মঙ্গলেচ্ছায় যত-দিন না প্রসব করেন, ততদিন পরমা ভক্তিতে সেই দেবর্ষির সেবা করিতে থাকিলেন, সেইকালে, সেই দয়ানন্দ ঋষি, জননীকে শ্রদ্ধাবতী দেখিয়া, ধর্ম্মের যে প্রকৃত তত্ত্ব এবং মুক্তি প্রদানকারী যে অমল জ্ঞান; এতদুভয় উপদেশ আমাকে উদ্দেশ করিয়া শিক্ষা দিতে থাকিলেন। নারী জাতির অস্থির মতিত্ব হেতু এবং বহুকাল অতিক্রান্ত হইয়াছে বলিয়া, আমার জননী সেই দেবর্ষির শিক্ষা মহাভোগে বিস্মৃত হইয়াছেন; কিন্তু তাঁহার অনুগ্রহে সেই গর্ভাবস্থা হইতে অদ্যাপিও আমার ভগবৎস্মৃতি তিরোহিত হয় নাই। ৭। ৭। ১১

হে কুমারগণ! সেই সাধু নারদের উপদেশে ও শাস্ত্রবাক্যে বিশ্বাস করিয়া আশৈশব ভগবচ্চিন্তা করিতে পারিলে, কি বালক কি স্ত্রী সকলেরই বিবেকবুদ্ধি উপস্থিত হইতে পারে। অতএব তোমরা যদি আমার কথাতে শ্রদ্ধা প্রকাশ কর, তাহা হইলে অচিরাৎ বিবেকবুদ্ধি প্রাপ্ত হইয়া আমার ন্যায় ভগবদানন্দ লাভ করিবে। ৭। ৭। ১২

ব্যাখ্যা। এই কয় শ্লোকে শ্রীব্যাসদেব প্রহ্লাদোক্তিতে আশৈশব ভগবচ্চিন্তা করিলে বিবেক বুদ্ধি উপস্থিত স্বভাবতই হয় ইহা বুঝাইলেন। কোনটী আত্মবস্তু কোনটী অনাত্ম বস্তু ইহা সম্যক প্রকারে যে জ্ঞানের দ্বারা বুঝা যায়, তাহাকেই বিবেক বুদ্ধি কহে। এস্থলে যদি কেহ সন্দেহ করেন, যাঁহারা বিদ্বান, শাস্ত্রাদি পাঠে সমর্থ তাঁহাদের ভগবচ্চিন্তা উপস্থিত হইলে ক্রমে বিবেক উপস্থিত হওয়া সম্ভব; যাহারা বালক বা নারী ও মূর্খ তাহাদের কি উপায়ে বিবেক উপস্থিত হইবে তদুত্তরে শ্রীব্যাস বলিলেন:—শাস্ত্রে ও উপদেশে শ্রদ্ধা করিলে তদ্ভাব স্বভাবতই লাভ হয়। গুরু ও বেদান্তাদি নিষ্কাম শাস্ত্রে বিশেষ করিয়া তদ্ভাবনাকে শ্রদ্ধা কহে। কারণ:—ভগবান মনু স্বয়ং বলিয়া গিয়াছেন:—

"অর্থ কামেষ্বশক্তানাং ধর্ম্মজ্ঞানং বিধীয়তে।"

অস্যার্থ:—যাহাদের চিত্ত বিষয় ও তৎকামনায় একান্ত অনাশক্ত হইয়াছে, তাঁহাদের নিকটে নিষ্কাম ধর্ম্মের তত্ত্ব প্রকাশ কর্ত্তব্য।

এস্থলে প্রহ্লাদোক্তিতে বলা হইল যে:—গুরু ও শাস্ত্র বাক্যে বিশ্বাস করিলে স্বয়ং সংসারাশক্তি হ্রাস হয়, সেই ভগবদ্ভক্তির বৃদ্ধি ও সংসারাশক্তি যাহাদের হ্রাস হয় তাহাদের বিবেকশক্তির লাভ হইয়া থাকে। অতএব বালক ও স্ত্রীজাতি গুরূপদেশে বিশ্বাস করিয়া তচ্চিন্তাক্রমে স্বভাবতঃ বিবেক লাভ করিতে পারে। সেই বিবেকই অজ্ঞান জনিত অহংকার নাশ করিয়া থাকে। বিবেক বুদ্ধি উপস্থিত হইলে আত্মরতি ও অনাত্মা অর্থাৎ দেহাদির সহ তদ্যোগে বিরাগ জন্মায়। দেহাদি যে অনাত্মা এবং আত্ম বস্তুই যে নিত্য, তাহা পরে বলা হইতেছে।

হে কুমারগণ! সেই বিবেক উপস্থিত হইলে তোমরা দেখিতে পাইবে যে:—জন্মান, বর্ত্তমান থাকা, বৃদ্ধি হওয়া, পরিণত হওয়া, ক্ষয় হওয়া এবং নাশ হওয়া এই ছয়টী বিকার যাহা সকল পদার্থেই দৃষ্ট হয়, উহা পদার্থের দেহে বা ভৌতিকাংশে ঘটিয়া থাকে, পদার্থের সত্ত্বা যে আত্মা তাহাতে ঘটে না। যেমন ফলটী বৃক্ষের অংশ হইলেও বৃক্ষে থাকিয়া ও কালে বিকৃত হয়, তদ্রূপ সেই কালমূর্ত্তিধারী ভগবান কর্ত্তৃকই প্রতি দেহে এই রূপ বিকার ঘটিয়া থাকে। ৭। ৭। ১৩

হে কুমারগণ। আত্মাকে এই ভাবে বুঝিতে হয়ঃ—তিনি নিত্য, অব্যয়, শুদ্ধ এবং ক্ষেত্রজ্ঞ, আশ্রয়, অবিক্রিয়, স্বদৃক্‌, হেতু, ব্যাপক, অসঙ্গ ও অনাবৃত হইতেছেন। ৭। ৭। ১৪

হে বন্ধুগণ। বিদ্বান্‌ব্যক্তি এই দ্বাদশ লক্ষণ দ্বারা আত্মার অস্তিত্ব উপলব্ধি করিয়া, বিকারসম্পন্ন দেহের প্রতি অহংমমকারভাব ত্যাগ করিয়া, ইহসংসারে মোহশূন্য হয়েন। ৭। ৭। ১৫

ব্যাখ্যা। শ্রীপ্রহ্লাদ দ্বাদশ শ্লোকে বলিয়াছিলেন যে, হে কুমারগণ, যদি তোমরা আমার কথাতে শ্রদ্ধা করিয়া নিত্য কি, অনিত্য কি? আমার নিকটে শিক্ষা কর, তাহা হইলে অবশ্যই ভগবদানন্দ লাভ হইবেই হইবে। এক্ষণে যে উপায়ে ভগবত্তত্ত্ব জানা যায়, তাহা বলিতেছেন। এস্থলে প্রহ্লাদকে উপলক্ষ মাত্র ভাবিয়া আর তাঁহার বন্ধু অসুরবালকগণকে জগতের কুমতি সম্পন্ন জীব ভাবিয়া এই সকল কথা কৌশলক্রমে বলা হইতেছে মাত্র। উপদেশের মধ্যে প্রথমে অনিত্য ভাব দেখাইয়া পরে নিত্যভাব দেখাইতে হয়। সেই নিয়মে প্রহ্লাদ ত্রয়োদশ শ্লোকে দেহের ছয়টী বিকার ভাব দেখাইলেন। পরে আত্মার নিত্যভাব চতুর্দ্দশ শ্লোকে দেখান হইল। আত্মার দ্বাদশটী নিত্যভাবের তাৎপর্য্য এইঃ—নিত্য বলিতে যাহা অবিনাশী, কোন উপায়ে বিকৃত হয়না। অব্যয় বলিতে অপক্ষয় শূন্য। শুদ্ধ বলিতে নিরঞ্জন অর্থাৎ কোন অপবিত্রতা যাহাতে নাই। এক বলিতে অদ্বিতীয়। ক্ষেত্রজ্ঞ বলিতেঃ—দেহের অন্তর্যামী জীব। আশ্রয় বলিতে তৃণ হইতে ব্রহ্মাণ্ডের চেতয়িতা। অবিক্রিয় বলিতে মায়ার অধীন নহেন। স্বদৃক্‌ বলিতে আপনি আপনার শক্তিতে বিভাসিত। হেতু বলিতে সৃষ্টি স্থিতি সংহারের কারণ। ব্যাপক বলিতে অসীম আধার। অসঙ্গ বলিতে প্রিয়াপ্রিয় ভাববর্জ্জিত মুক্ত। অনাবৃত বলিতে মায়া বা অবিদ্যাস্রোতে যাহার শক্তি আবৃত বা ক্ষীণ না হয়।

এই দ্বাদশ লক্ষণ দ্বারা যে বস্তুর সত্ত্বাকে নিত্য বলিয়া বোধ হয়, তাহাই আত্মা বা পরমেশ্বর নামে অভিহিত। তিনিই উপাস্য। ইহাই শাস্ত্রের বচন। তত্ত্ববিৎ ব্যক্তি এই সকল লক্ষণ দ্বারা বুদ্ধিকে তত্ত্ববোধে উদ্যোগী করিলে, সেই নিত্যবস্তুতে অনুরাগ জন্মায়। দেহের উপরে অনাশক্ত ও শোকামোহাদিতে আচ্ছন্ন হয় না।

হে বন্ধুগণ। যেমন আকরস্থলে স্বর্ণকণা মৃত্তিকা ও প্রস্তর খণ্ডে মিশ্রিত থাকে, কিন্তু যে হেমকার স্বর্ণ গ্রহণের উপায় জ্ঞাত থাকে, সে যেমন মৃণ্ময় স্বর্ণকণাকে অগ্নি ও জলযোগে পৃথক করিয়া গ্রহণ করিতে পারে, তদ্রূপ অনন্ত মায়াময় ব্রহ্মাণ্ডের এবং স্থাবর জঙ্গমাত্মক সমস্ত অনিত্য দেহের অন্তরেই অন্তর্যামী রূপে আত্মা আছেন। যে সাধক

আধ্যাত্ম যোগ অর্থাৎ আত্মবিবেক সম্পন্ন হয়েন, তিনিই অনাত্মা জীব ও ব্রহ্মাণ্ড দেহের অন্তরস্থ নিত্য আত্মবস্তুকে লাভ করিয়া মুক্তিরূপী ব্রহ্মগতি প্রাপ্ত হয়েন। ৭।৭।১৬

হে বয়স্যগণ! যে উপায়ে আত্মতত্ত্বালোচনা করা যায় তাহা শ্রবণ কর:—ব্রহ্মের আটটী প্রকৃতি আছে। প্রতি প্রকৃতির সত্ত্ব রজ তমোভেদে তিনটী গুণ আছে। ঐ প্রকৃতি সমূহ কার্য্যে বিকৃত হইয়া ষোড়শ ভাগে বিভক্ত হইয়াছে। এই মূলা অষ্ট প্রকৃতি ও তদীয়া ষোড়শ বিকার একত্রে সৃষ্টি পক্ষে যে চতুর্ব্বিংশতি তত্ত্ব বা উপাদান প্রকাশ হইল, ইহার মধ্যে একমাত্র আত্মাই পুরুষ রূপে সংযুক্ত থাকিয়া সকলকে নিজ নিজ কার্য্যপর করিয়াছেন। এ কথা প্রাচীন কাল হইতে কপিলাদি ব্রহ্মবিদ্ আচার্য্যগণ কহিয়াছেন। ৭।৭।১৭

ব্যাখ্যা। আত্ম তত্ত্বালোচনা করিতে হইলে প্রথমে অনাত্ম বোধ হওয়া চাই। সেই অনাত্ম বস্তুকে সচেতন দেখিয়াও পাছে তাহাদের স্বাধীন বলিয়া সৃষ্টি কার্য্যে ভ্রম হয়, ইহা বুঝাইতে শাস্ত্রকারেরা বলিয়াছেন; এই সৃষ্টবিশ্বে জীবদেহ হইতে ব্রহ্মাণ্ড পর্য্যন্ত যত উপাদান বা গঠন দেখা যায়, উহাদের মধ্যে এই চতুর্ব্বিংশতিটি সূক্ষ্ম শক্তির বা তত্ত্বের আভাস মাত্র পাওয়া যায়। উহারাই কাল ও আত্মা এবং অদৃষ্ট আশ্রয়ে নানা মূর্ত্তিতে, নানা ভাবে ও নানাক্রিয়ায় জগতে প্রতীয়মান হইয়া থাকে। ঐ চতুর্ব্বিংশতি চেতন উপাদান মধ্যে প্রধান আটটি। মূল প্রকৃতি, মহত্তত্ত্ব অহংকার এবং পঞ্চতন্মাত্রা। এই আটটিই প্রধান ও অবিকৃত। মূল প্রকৃতি বলিতে মায়া বুঝায় বা যাহার অন্তরে জগতের সমস্ত ছবি নিহিত আছে। মহত্তত্ত্ব বলিতে সেই ছবি প্রকাশ হইতে হইলে যে সূক্ষ্ম মনাদি এবং স্থূল ভূতাদিতত্ত্বের প্রকাশ হয়। অহঙ্কার বলিতে প্রতি জীবের আপনাপন কর্ত্তব্য বোধক আমিত্ব সংযুক্ত চেতনা। শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ নামক প্রকৃতিই পঞ্চতন্মাত্রা। উহারাই ভোগরূপে সংসারে বা ব্রহ্মাণ্ডে প্রকাশিত। প্রতি প্রকৃতির মধ্যে সত্ত্ব রজো ও তমোভাব আছে, বিকাশ, কার্য্য ও লয় আছে। ঐ আটটি কার্য্যে পরিণত হইলে:—মন নামে দেহের ভোগকর্ত্তা, পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও পঞ্চ কর্ম্মেন্দ্রিয় নামে ভোগ সম্পাদয়িতা, আর পঞ্চভূত নামে দেহের স্থূল গঠন প্রকাশক ষোড়শ অবস্থা প্রকাশ হয়। এই চতুর্ব্বিংশতি তত্ত্বেই জীবভাব গঠিত হইতে দেখা যায়। উহাদের সকলকে চালিত করিতে, যে নিত্য অবস্থা চৈতন্য দান করেন তাঁহারই নাম আত্মা। তিনি ঐ [illegible] পুরীতে অন্তর্য্যামীভাবে স্থিত বলিয়া আচার্য্যেরা পুরুষ নামে তাঁহাকে আখ্যাত করেন। সাংখ্যাদি দর্শনে ইহা বিশেষ ভাবে মীমাংসিত হইয়া আছে।

এই তত্ত্বালোচনা করিলে বিং [illegible] বোধ হইবে যে, জীবজগতে আত্মা ব্যতীত আর

সমস্ত উপাদানেরই কার্য্যকরণ শক্তি আছে। তবে আত্মা নিয়ন্তা না থাকিলে কেহ নিজ নিজ স্বভাব প্রকাশ করিতে পারে না। এই নিয়মে দার্শনিকেরা আত্মার অস্তিত্ব মাত্র দেহাদিতে স্বীকার করেন, কর্তৃত্ব স্বীকার করেন না। এ কথা অদৃষ্ট ও কাল শক্তি বোধ হইলে সকল বুদ্ধিমানেই বুঝিতে পারিবেন। শ্রীপ্রহ্লাদোক্তিতে পরে এই তত্ত্ব সংমিশ্রিত অবস্থার উপরে আসক্ত হওয়া দোষের কারণ কেন? তাহা প্রকাশিত হইবে।

হে সখাগণ! যে পুরুষের সমন্বয়ে এই দেহের ছয় বিকার পরিবর্জ্জিত হইয়া থাকে, সেই নিত্য বস্তু যে পুরুষ, তাহাকেই অন্বেষণ করা কর্ত্তব্য। দেখ ভাই সকল, এই দেহ ইহ ব্রহ্মাণ্ডে দুই ভাগে বিভক্ত, সমস্ত ভূত প্রপঞ্চের মিলনে এক শ্রেণীর দেহ স্থাবর নামে বিখ্যাত, অপর শ্রেণীর দেহ জঙ্গম বা গতিশীল নামে বিখ্যাত হইয়াছে। এই উভয়বিধ দেহের অন্তরেই সেই পুরুষকে অন্বেষণ করা উচিত। এই দেহে অনিত্য বস্তু ত্যাগ করিয়া বিচার করিতে করিতে ক্রমে সেই নিত্যপুরুষের অনুভব হইয়া থাকে ৭। ৭। ১৮

দেখ ভাই সকল! এই দেহশ্রেণীকে কি রূপে বিচার করিতে হইবে তাহা শ্রবণ কর ঃ—অন্বয় ও ব্যতিরেক ন্যায় ঘটিত নিয়মে নিত্য ও অনিত্য বস্তুকে বুদ্ধিতে বিচার করিতে হইবে। ঐ রূপ বিচার করিতে করিতে মন বিশুদ্ধ হইলে যে বিবেক শক্তির উদয় হইবে; তৎসহযোগে ধীরে ধীরে সকল অনিত্য পদার্থের সৃষ্টি স্থিতি ও সংহারের কারণ অবগত হইতে চেষ্টা করিবে। ৭। ৭। ১৯

ব্যাখ্যা। অষ্টাদশ শ্লোকে শ্রীপ্রহ্লাদোক্তিতে শ্রীব্যাস জানাইলেন যে, দেহতত্ত্বানুগতি না হইলে কখনই আত্মদর্শী বা মুক্ত হওয়া যায় না। পরে উনবিংশ শ্লোকে বলা হইল যে, সেই দেহতত্ত্ব কিরূপে বিচার করা যাইবে? অন্বয় ও ব্যতিরেক নিয়মে। দার্শনিকেরা এই দুই নিয়মে পদার্থের নিত্যানিত্যত্ব স্থির করিয়া থাকেন। একত্রে সমস্ত কারণগুলির অনিত্যত্ব স্থির করিতে হইলে যে নিয়মের প্রয়োজন হয়, তাহাকে অন্বয় নিয়ম কহে। যেমন মণির মালা পদার্থটির তত্ত্ব নির্দ্দেশ করিতে হইলে, বহু মণির সমাবেশে একটী মালা হয়। এস্থলে বহু মণিখণ্ড কখন একত্রে মালারূপে থাকিতে পারে না, ইহার মালাকারের অস্তিত্ব বিচারে দেখা যায় যে, সূত্রই বহুমণিগুলিকে মালা রূপে আবদ্ধ রাখিয়াছে। সেই রূপ আত্মার সত্তাতেই জগতের ও দেহের সমস্ত কার্য্য ও কারণ সংবদ্ধ রহিয়াছে; এই রূপ পদার্থ সমষ্টির অন্তর হইতে নির্দ্দিষ্ট কর্ত্তার সম্বন্ধ স্থির করাকে অন্বয় ন্যায় বলে। ঐ মণি সমূহের অন্তরস্থ সূত্র মণিধর্ম্ম প্রাপ্ত

হয় কি না, এই বিচার করাতে সূত্রকে যেমন ভিন্ন বলিয়া অনুভূত হয়, তদ্রূপ আত্ম বস্তুকে দেহধর্ম্ম হইতে অতীত বিবেচনা করা উচিত। এইরূপ সম্বন্ধ ভেদ যে নিয়মে বিচারিকৃত হয়, তাহাকে ব্যতিরেক নিয়ম কহে।

এই রূপ সম্বন্ধ ও স্বতন্ত্রতা নিত্যানিত্য পদার্থের স্থির করিতে করিতে বুদ্ধি হইতে যত বিবেক অর্থাৎ সূক্ষ্ম ও অভ্রান্ত বিচার শক্তির আবির্ভাব হয়, ততই মন বিষয় হইতে বিশুদ্ধ হইয়া থাকে। মন বিশুদ্ধ হইলে এবং বিবেক শক্তির উদয় হইলে, তখন ধীরে ধীরে সকল পদার্থের সৃষ্টি স্থিতি ও সংহারের কারণ বোধ হইয়া থাকে। বুদ্ধির এই অবস্থা উপস্থিত হইলে কিরূপে পুরুষের অনুভব হয়, তাহা পরে বলিতেছেন।

হে সখাগণ। এখন তোমরা সকলেই বুদ্ধির ধর্ম্মকেই আত্মধর্ম্ম মনে করিয়া ভ্রান্ত হইয়া রহিয়াছ। মন বিশুদ্ধ হইলে কি রূপ অনুভব হয়, তাহা শ্রবণ কর :—এই যে জাগ্রত অবস্থা, স্বপ্নাবস্থা ও নিদ্রাবস্থা, এই অবস্থাত্রয় বুদ্ধিরই স্বভাব বা বৃত্তি হইতেছে ; মন বিশুদ্ধ হইলে অনুভব করিতে করিতে যখন জানিবে যে বুদ্ধির অতীত সাক্ষী এক বস্তুই আছেন, তিনিই এই অবস্থাত্রয় অনুভব মাত্র করেন, এ গুলি তাহার স্বভাবধর্ম্ম নহে; সেই পরম অনুভব কর্ত্তাই পুরুষ; তখন মন তাঁহাকে অনুভব করিতে পারিবে। ৭। ৭। ২০

ব্যাখ্যা। জাগরণাবস্থা বলিতে সমস্ত সক্রিয়াবস্থা; স্বপ্ন বলিতে ইন্দ্রিয়চেষ্টা ব্যতীত মনের সংকল্পাবস্থা। নিদ্রা বলিতে মনের ও ইন্দ্রিয় সমূহের একান্ত নিক্রিয়াবস্থা। এই স্বভাবত্রয় জঙ্গম দেহীতে বিশেষ অনুভব হয়, স্থাবর দেহেও ঘটে, এ কথা দার্শনিকেরা স্বীকার করেন, প্রত্যক্ষ অনুভব হয় না। এই স্বভাবত্রয়কে সুখে ভোগ করাই সকল প্রাণীর উদ্দেশ্য ও শিক্ষা। উহাতে উন্মত্ত হইলে ঐ অবস্থাত্রয়ের কর্ত্তাকেই প্রধান ভাবিয়া জীবে তাহারই সেবা করে, তাহাকেই অনুভব করে, কাযেই আত্মদর্শন বা তত্ত্ববোধ হয় না। এই জন্য দার্শনিকেরা ভূয়ো ভূয়ো কহিয়াছেন যে, মন জন্মাবধি ঐ অবস্থাত্রয় ভোগ করিতে থাকে, তদ্ধেতু বুদ্ধিকেই প্রধান বলিয়া তাহার সংস্কার হয়, কারণ যাহা সেবা করিবে, মন সেই ধর্ম্মই প্রাপ্ত হইবে, ইহা উহার স্বভাব। অন্বয় ব্যতিরেক বিচার করিতে করিতে মন বিশুদ্ধ হইলে, যে অবস্থাত্রয়কে সে প্রধান ভাবে ভাবিয়াছিল, তাহাকে সামান্য বলিয়া বোধ হয়; সেই বুদ্ধির অতীত অনুভবকর্ত্তা এক পুরুষ আছেন, তখন তাহার বোধ হয়। শ্রেষ্ঠ বোধ করিলে নিকৃষ্ট হইতে মনের গতি সেই দিকে স্বভাবতই ধাবিত হয়, ইহা প্রাকৃতিক ধর্ম্ম। পরে আত্ম ও বুদ্ধির পার্থক্য কি রূপে বোধ হয় তাহা বলিতেছেন।

হে বন্ধুগণ। ঐ সকল বৃত্তি বুদ্ধির কি না, স্থির করিয়া তদতীত আত্মতত্ত্ব পর্য্যালোচনা এই রূপে করিতে হয়,মায়ার যে সত্বরজো ও তমো নামক গুণত্রয়, তাহা হইতেই ইহ সংসারে জীবের উত্তমাধম কর্ম্ম স্বভাব প্রকাশ হইয়া থাকে। কিন্তু জাগ-রণাদি অবস্থা হইতে কর্ম্ম সমূহের প্রকাশ। বুদ্ধিরই সেই সকল বৃত্তি ইহা নিশ্চয় করিতে পারিলে, বুদ্ধিকে গুণময় ও কর্ম্মময় বলিয়া বোধ হয়। যেমন পুষ্পের সৌরভ বায়ুতে মিশ্রিত হইলে গন্ধযুক্ত বায়ু হয়, বাস্তবিক বায়ুতে গন্ধ নাই ও চিরকাল থাকে না, তদ্রূপ বুদ্ধির অন্তর্যামী পুরুষ থাকাতে তিনি বুদ্ধির জাগরণাদি বৃত্তির অনুভব কর্ত্তা মাত্র হয়েন, ঐ সকল বৃত্তিমান্ নহেন। ৭। ৭। ২১

ব্যাখ্যা। দার্শনিকেরা কহেন, ক্রিয়াশক্তি মূলশক্তি হইতেই প্রকাশ পায়। সত্বার সত্বায় যদিও ক্রিয়া, কিন্তু বাস্তবিক শক্তিরই কার্য্য। সেই নিয়মে মায়াই ব্রহ্মসত্বার ক্রিয়া শক্তি। ইহদেহে বুদ্ধিই সমস্ত সংকল্প ও স্বভাবাদির প্রকাশক। অতএব বুদ্ধিই সক্রিয়াবস্থা। মায়া হইতে যখন সকল ক্রিয়ার প্রকাশ, তখন বুদ্ধি ও সেই মায়ার একটী অবস্থা মাত্র। মায়া ত্রিগুণাত্মিকা। এই নিয়মে বুদ্ধিতেই স্বভাবভেদে, বিশুদ্ধি অবিশুদ্ধিভেদে গুণত্রয়ানুসারী কার্য্য প্রকাশ হয়। এই জাগরণাদি কর্ম্মাবস্থায় বুদ্ধির গুণানুসারেই কার্য্য প্রকাশ হইয়া থাকে। যেমন মায়ার অন্তর্যামী ব্রহ্মসত্বা তেমনি বুদ্ধির অন্তরে পুরুষরূপে আত্মসত্বা আছেন। তিনি সাক্ষী বা অন্তর্যামী থাকিয়া অনুভব করেন। কর্ম্মজন্য ফলভোগ করেন না। যেমন পুষ্পের সৌরভ যতক্ষণ বায়ুতে মিশ্রিত থাকে, ততক্ষণই বায়ু সৌরভময়, সৌরভের অবর্ত্তমানে বায়ু স্বতন্ত্র; সেই রূপ আত্মাও যতক্ষণ বুদ্ধির সংস্পর্শে জীবদেহে আছেন, ততক্ষণ বুদ্ধি জন্য কর্ম্মের অনুভবকর্ত্তা। বুদ্ধি বিচ্ছেদে নহে। এই বুদ্ধির শুদ্ধি অবিশুদ্ধিই মোক্ষ ও বন্ধ।

হে বয়স্যগণ। এই যে বুদ্ধির কথা কহিলাম; উহার জাগ্রতাদি অবস্থাজনিত গুণও কর্ম্মই সংসারের কারণ হইতেছে। সংসার জনিত এই যে অজ্ঞান, ইহা পুরুষের পক্ষে স্বপ্নের ন্যায় অনুভূত হইয়া থাকে। ৭। ৭। ২২

ব্যাখ্যা। পূর্ব্বের কথায় বলা হইয়াছে যে যতক্ষণ বায়ুতে পুষ্পগন্ধরেণু মিশ্রিত থাকে ততক্ষণই বায়ুকে গন্ধময় বলিয়া বোধ হয়; ততক্ষণ পৃথক বায়ু অনুভব করিতে পারা যায় না। সেইরূপ আত্মাতে যদি ঐ বুদ্ধি, অবস্থা, গুণ ও কর্ম্মজনিত সংসারা-জ্ঞান সংযুক্ত থাকে, তাহা হইলে লৌকিকে আত্মাকে বা পুরুষকে বিশুদ্ধ জ্ঞান কিরূপে

হইবে। যেমন বায়ু হইতে গন্ধরেণু অপসৃত হইলে গন্ধহীন ও স্বতন্ত্র বলিয়া বোধ হয়, তদ্রূপ উপাসনাদি কার্য্য দ্বারা পুরুষত্বকে বিশুদ্ধ করিতে না পারিলে অর্থাৎ গুণ ও তমোগুণময় কর্ম্মস্বভাব জনিত অজ্ঞান সংস্কার বিশুদ্ধ করিতে না পারিলে পুরুষকে স্বতন্ত্র বলিয়া বোধ হয় না। কারণ বুদ্ধির ক্ষমতাতেই বোধ ও দৃষ্টি। সেই বুদ্ধিশক্তি যদি জাগ্রতাদি অবস্থা এবং গুণ কর্ম্মাদিতে ম্লান থাকে, তবে আত্মবোধ কে করিবে। চক্ষুরোগ থাকিতে চক্ষু কখনই স্বরূপ দৃষ্টিশক্তি প্রকাশ করিতে পারে না। এইরূপে আত্মা বা পুরুষত্বের স্বতন্ত্রতা প্রতিপাদন করিয়া, সেই অবস্থা অনুভবের উপকারিতা ও উপায় কহিতেছেন।

অতএব হে বন্ধুগণ! ত্রিগুণাত্মক কর্ম্ম সমূহের বীজরূপী অজ্ঞান যাহাতে দগ্ধ হয়; এবং বুদ্ধির জাগ্রতাদি প্রবাহ যাহাতে উপরমিত হয়, এমন যোগানুষ্ঠানকে তোমরা কর্ত্তব্য বলিয়া স্থির কর। ৭। ৭। ২৩

ব্যাখ্যা। মায়া বা অবিদ্যা শক্তিই বুদ্ধির সহিত মিলিত থাকিয়া সাত্ত্বিকাদি গুণময় কর্ম্মসমূহ জীবের ইন্দ্রিয় মার্গে প্রকাশ করে। এই জন্য অবিদ্যা বা অজ্ঞানকে কর্ম্মশক্তি কহে। বীজ বলিতে বৃক্ষত্ব যে অবস্থায় সূক্ষ্মভাবে থাকে। পরে ক্ষেত্র পাইলেই এবং ভৌতিক শক্তির আশ্রয় পাইলেই অঙ্কুরাদি ভাবে ক্রমে প্রকাশ পাইয়া থাকে, তদ্রূপ বুদ্ধিতে মায়াগুণ সংমিশ্রণ হেতু জন্ম জন্মান্তরের স্বভাব সঞ্চিত থাকে। সেই সকল সংস্কার বুদ্ধিতে সঞ্চিত ও সূক্ষ্ম ভাবে থাকে বলিয়া বুদ্ধিই কর্ম্মের বীজ। জীবদেহ রূপী ক্ষেত্র ও অবিদ্যা রূপী শক্তির আশ্রয়ে বুদ্ধিরূপী বীজ ক্রমে অঙ্কুরিত হইয়া গুণকর্ম্মময় কর্ম্মাদি স্বভাব প্রকাশ করিয়া থাকে। যেমন দগ্ধবীজে ভৌতিক শক্তি ও ক্ষেত্র থাকিলেও অঙ্কুর হয় না, তদ্রূপ জাগ্রতাদি বাহ্যশক্তি জনিত প্রবাহ এবং মায়া সম্বন্ধ নাশ করিতে পারিলে বুদ্ধিপ্রবাহ বা কর্ম্মস্বভাব নাশ করা যায়। উহা ক্ষয় হইলেই চক্ষু রোগ নাশে যেমন চক্ষু দৃষ্টিশক্তি পাইয়া দর্শনীয় বস্তু অনুভব করে তদ্রূপ বুদ্ধিও অজ্ঞান রোগ নাশে জ্ঞান পাইয়া মন পুরুষত্ব অনুভব করিতে পারে। ইহাই মানবজন্মের কর্ত্তব্য। এই শ্লোকে উপকারিতা দেখাইয়া পরে অনুষ্ঠান বা তল্লাভের উপায় বলা হইতেছে।

হে সখাগণ! সেই দেহীর অন্তর্যামী ভগবানে বা মহাপুরুষে যাহাতে বিশুদ্ধা রতি উপস্থিত হয়, এমন সহস্র সহস্র অনুষ্ঠান স্বয়ং ভগবান শাস্ত্রাদিতে কহিয়াছেন। (তন্মধ্যে) তোমাদের কয়েকটী সহজ উপায় বলিতেছি শ্রবণ কর)। ৭] ৭। ২৪

প্রথমে ভক্তির সহিত উপদেষ্টা গুরুর সেবা করা উচিত। আয়াস বা অনায়াসে

লব্ধ সমস্ত বস্তুই তাঁহাকে অর্পণ করা উচিত। সর্ব্বদা ঈশ্বরারাধনা করা উচিত, সর্ব্বদা সাধু ও ভক্তগণের সঙ্গ করা উচিত। ৭। ৭। ২৫

শ্রদ্ধা সহযোগে সতত সেই ভগবানের গুণ ও কর্ম্ম এবং লীলা কথা শ্রবণ ও কীর্ত্তন করা উচিত। সতত সেই ভগবানের পদাম্বুজ হৃদয়ে ধ্যান ও তাঁহার বিবিধ ভাব-ব্যঞ্জক মূর্ত্তি দর্শন করা উচিত।

সেই সর্ব্বদুঃখহারী ও সর্ব্বদ্রষ্টা ভগবান সর্ব্বভূতের অন্তরে পুরুষরূপে সাক্ষী আছেন। ইহা কায়বাক্যে ও মনে ভাবা উচিত ও সকলকেই হিতকারী ভাবা উচিত। ৭। ৭। ২৬

হে সখাগণ! এই রূপে ঈশ্বরে ভক্তি স্থাপন করিতে করিতে কাম ক্রোধাদি ছয় বর্গ রিপু হইতে জীব উদ্ধার প্রাপ্ত হইলে, তবে যে অবস্থা উপস্থিত হয়, সেই অবস্থা হইতে সর্ব্বান্তর্যামী ভগবানে স্বাভাবিকী রতির আবির্ভাব হইয়া থাকে। ৭।৭।২৭

ব্যাখ্যা। প্রথমে সাধকের ভক্তি সাধনের অঙ্গ বিবৃত করিয়া ক্রমে তাহাদের রতি যেরূপে উপস্থিত হয়, তাহাই এই চারি শ্লোকে বলা হইল। ভক্তি দার্শনিকেরা কহিয়াছেনঃ—সাধক প্রথমে শ্রদ্ধা উপার্জ্জন করিবে, পরে ভক্তি লাভ করিয়া সেই অবস্থায় সংসার রতি হইতে পরমার্থরতি লাভ করিবে। এই কথাই শ্রীপ্রহ্লাদোক্তিতে ব্যাসদেব বুঝাইতেছেন। গুরু ও বেদান্ত বাক্যে বিশ্বাস স্থাপন করাতে হৃদয়ের যে সংস্কার হয় তাহাকে শ্রদ্ধা কহে, ইহা বুঝাইতেই পঞ্চবিংশতি শ্লোকে গুরুর সেবা বলা হইয়াছে। পরমার্থ উপদেষ্টা গুরুর সেবা বলিতে ভৃত্যাদিভাব ধারণ করা নহে। আয়াস অর্থাৎ অতি যত্নে যে সকল বসন ভূষণ ও আহার্য্য আহরণ করা হয়। অনায়াস বলিতে শারিরিক ক্ষমতায় অর্থাৎ পাদসেবা, আজ্ঞা রক্ষা করা, ভিক্ষা ইত্যাদি। এ সমস্ত দ্বারা গুরুকে সন্তুষ্ট করিলে, গুরুতে ও শিষ্যতে এত প্রেম হয় যে, শিষ্য শ্রদ্ধা হেতু সমস্ত শাস্ত্রে শীঘ্র জ্ঞান লাভ করে। ইহাই সেবা ধর্ম্ম। ঐ সেবা করিতে যে সকল অনুষ্ঠান উপদিষ্ট হয়, সেই সকল অনুষ্ঠান বুঝাইতে প্রথমে ঈশ্বরারাধনা করা উচিত বলা হইল। পরে আরাধনার অঙ্গ বুঝাইতে বলা হইল সাধু ও ভক্তের সঙ্গ ও শ্রুতি শাস্ত্রানুমোদিত ভগবানের গুণ—কর্ম্ম—লীলাদি কথা শ্রবণ ও অপরের নিকটে কীর্ত্তন, তাঁহার পদাম্বুজ ধ্যান, পুরাণাদিতে কল্পিত শ্রীমূর্ত্তি গঠিয়া তদ্দর্শন, সর্ব্ব জীবে তৎসত্তা-স্ফুর্ত্তির অনুভব, সর্ব্বপ্রাণীতে সুহৃদ্ভাব স্থাপনাদিই ঈশ্বরারাধনার অঙ্গস্বরূপ হইতেছে। এইরূপে শ্রদ্ধা ও ঈশ্বরারাধনা একান্ত ভক্তিতে অনুষ্ঠান করিলে, যে বিশুদ্ধ অবস্থার উদয় হয়, তাহাকে রতি কহে। ঐ রতির লক্ষণ পরে প্রকাশ হইবে।

হে সখাগণ! পূর্ব্বে আমি যে ভগবানের গুণ কর্ম্ম ও লীলাদি কথা শ্রবণ কীর্ত্তনের কথা বলিয়াছিলাম, তাহাতে উপকার কি এরূপে শ্রবণ কর:—

অমিতবল অনন্ত লীলা, অসীম গুণ সর্ব্বহিতকর কর্ম্ম প্রভৃতি ভগবান স্বয়ং অবতার রূপে সকলকে আত্মপর করিতে যাহা দেখাইয়াছেন, এই সকল ভাব শ্রবণ করিতেং যখনই সাধকের হৃদয়ে হর্ষের উদয় হইবে, পুলকে শরীর রোমাঞ্চ হইবে, চক্ষে বারিধারা প্রকাশ হইবে, কণ্ঠের স্বররুদ্ধ বা গদ্ গদ্ ভাব ধারণ করিবে, কখন গান করিবে, কখন ক্রন্দন করিবে, কখন নৃত্য করিবে। দৈবগ্রহগ্রস্থ উন্মাদ ব্যক্তি যেমন বাহ্য চেষ্টার অসাবধানতা দেখায়, সেইরূপে যখন সাধক অন্তর সাধনায় বাহ্যে কখন হাসিবে, কখন ক্রন্দন করিবে, কখন ধ্যান করিবে, কখন সেই বস্তুকে আনিয়া দিবার জন্য লোকের উপাসনা করিবে, কখন থাকিয়া ২ দীর্ঘশ্বাস ক্ষেপণ করিয়া হে হরে, হে জগৎপতে, হে নারায়ণ, এই কথা বলিয়া আপনার দুঃখ যেন আত্মাকে জানাইবে; এই রূপ ভাব উপস্থিত হইলে সাধকের আত্মমতি বা রতি সম্যক উদয় হইবে। ৭। ৭। ২৮

ব্যাখ্যা। মনুষ্য মাত্রেরই রতি আছে; স্বভাবতঃ বিষয়াসঙ্গে লোকে বিষয় রতিই লাভ করিয়া থাকে। সেই রতিময় অবস্থা উপস্থিত হইলে, লোকে যেমন সুখে প্রণয়াশক্ত হয়, পরে তদ্বিচ্ছেদে দুঃখ অনুভব করে। কোন প্রণয়িনীতে একান্ত অনুরঞ্জিত হইলে অনুরাগের কালে প্রণয়ী যেমন প্রণয়িনীর কথা রূপ ও গুণ সর্ব্বদা দর্শন শ্রবণ স্মরণ ও কীর্ত্তনাদি করিয়া হৃষ্ট পুলকিত ও আনন্দিত হয়, এমন কি সেই আনন্দের প্রগাঢ়তা যখন উপস্থিত হয়, তখন যেমন সে হাস্য ও নৃত্য করে এবং প্রণয়িনী অভিমান করিলে ক্রন্দন করে। পুনশ্চ সেই প্রণয়িনীর মৃত্যু বিচ্ছেদে তাহাকে ধ্যান করিয়া উন্মত্তভাবে চীৎকার করে, যেন পরলোকে যাইয়া তাহার সহিত মিলিত হইতে বাধা দিতেছে, এই রূপ বোধ হয়। কোন লোক আসিলে সে যেন প্রণয়িনীর সংবাদ আনিয়াছে বলিয়া, পরম অনুরাগে তৎসংবাদ জানিতে তাহার উপাসনা বন্দনা যে প্রণয়ী করে; সেইরূপ পরমার্থ বিষয়েও সাধনা ও শ্রদ্ধা সহযোগে আরাধনার অনুষ্ঠান ভক্তিযোগে যতই অভ্যাস করা যায়, ততই পরমার্থ রতি লাভ হয়। সেই অবস্থায় সংসারী প্রণয়ীর ন্যায় যতক্ষণ শাস্ত্রাদিতে শ্রবণ কীর্ত্তন হয় ততক্ষণ পাইব বলিয়া হর্ষ; কখন বা ভাবাবেশে পুলকিত, কখন বা করুণ রসে অশ্রু ও গদ্ গদ্ ভাবান্বিত হইতে হয়। ক্রমে ঐ রতি যত গাঢ় হয়, ততই সংসারকে বিষবৎ বোধ হয়, যেন সংসার ও অজ্ঞানই আমাকে সেই পরম ধন পাইতে দিতেছেনা, যেন সম্মুখের বস্তুকে আলিঙ্গন করিতে দিতেছে না, যেন হৃদয়ের বস্তুকে ভাল করিয়া দেখিতে দেখিতেছে না বলিয়া

বোধ হয়। এইরূপ বিচ্ছেদ বোধ হইলেই সেই সাধক কখন ধ্যান, কখন ক্রন্দন, কখন সাধুজনের বন্দনা, কখন বা সর্ব্বভূতে তাঁহাকে অনুভব করিয়া [illegible] অজ্ঞান ও পূর্ব্ব জন্মসংস্কারই সেই প্রেমচ্ছবি দেখিবার একান্ত বিরো[illegible] উপস্থিত হয়, তখন দীর্ঘশ্বাসে কতক্ষণে তাঁহাকে পাইব, কতক্ষণে এই বিরহ যাইবে, ইহা ভাবিয়া কখন হে আর্ত্তহারী হরি বলে। কখন সাধক তাঁহাতে জগতের স্বামী হইলেও আমার স্বামী, এই সম্বন্ধ নির্ণয় করিয়া থাকে। কখন নারায়ণ অর্থাৎ সৃষ্টি স্থিতি প্রলয়কর্তা ভাবিয়া আপনার সমস্ত তাঁহাতে অর্পণ করিয়া আত্মমতি ভাবে থাকে। ইহাই রতির লক্ষণ। মহর্ষি ভরত ও আধুনিক পরম রসজ্ঞ শ্রীচৈতন্যদেবাদি এই ভাবের বিশেষ বিচার করিয়াছেন, দশমস্কন্ধে কিছু বিবৃত হইবে।

হে সখাগণ। যখন সাধকের হৃদয়ে ভগবদ্রতি উপস্থিত হইবে, তখন তাঁহার কি মন কি শরীর, সমস্তেই সেই ভগবদ্ভাবের আবেশ লক্ষিত হয়, তখনই সেই দেহস্থ পুরুষের সমস্ত মায়াবন্ধন উন্মুক্ত হইয়া যায়। একান্ত ভক্তিযোগের ক্ষমতায় তাঁহার বুদ্ধিস্থ অজ্ঞান বীজ সহ বাসনা তখন একেবারে দগ্ধ হইয়া যায়। সেই অবস্থায় তিনি সর্ব্বান্তর্যামী ভগবানকে প্রাপ্ত হইয়া থাকেন। ৭।৭।২৯

ব্যাখ্যা। বৈজ্ঞানিকেরা কহেন, মনের যেরূপ সংকল্প হয়, ইন্দ্রিয়াদিও সেই সকল ভাবেই পরিণত হইয়া থাকে। যেমন এক ব্যক্তির মনে দান সংকল্প হইলে তাহার ইন্দ্রিয়াদি দানাদি কার্য্যেরই উপযোগী হয়; আবার এক ব্যক্তির কামসংকল্প হইলে ইন্দ্রিয়াদিও সেই ভাবে পরিণত হয়। কিন্তু ভগবৎ সাধনায় ঠিক সেইরূপ ভাব সমূহের কল্পনা হয় না। এ অবস্থায় মনের মধ্যে ভক্তিশক্তির সহিত রতি নামক ভাবের যখন আবেশ হয়, তখন সাধকের মনের পার্থিব বাসনানুসারী কার্য্য একেবারে ভুলিয়া যায়; বিষয়ভোগ করিলেও তাহার আশক্তিতে আশক্ত হয় না। [illegible] যেমন তৈলাক্ত বস্ত্রে জল মিশ্রিত হইতে সহজে পায় না, সেইরূপ ভগবৎপ্রীতিময় মনেও বিষয়বিষ মিশ্রিত হইতে পারে না। মন তৎপর হইল বলিয়া ইন্দ্রিয়াদিও তদাকারে পরিণত হয়। অতএব সাধকের সংকল্প ও ভোগ যদি বিশুদ্ধ হইল, ইচ্ছানুসারী বাসনার সেই দিকে গতি হইল; কারণ বিজ্ঞানতেজে বাসনা, অজ্ঞানাদির [illegible] বাসনা, মন, ইন্দ্রিয় বিশুদ্ধ হইলে বুদ্ধির অজ্ঞান সংস্কার বা বীজ দগ্ধ হইয়া গেল। এই চিদানন্দময় অবস্থায় জীবরূপী স্বতন্ত্র পুরুষ আর বিষয়ভোগ ভোগ করেন না, নিত্যানন্দ নিজে ভোগ করেন। এই যে নিত্যানন্দভোগাবস্থা ইহাই জীবন্মুক্ত অবস্থা

এবং দেহান্তে মুক্তাবস্থা। আত্মার বিষয় ভোগ ত্যাগে নিত্যানন্দ ভোগই ভগবৎ সম্মিলন মু[illegible]।

হে সখাগণ! এইরূপ সাধনায় যে ফল লাভ হয়, তাহা বর্ণনাতীত হইতেছে। কারণ মনের অনুভব শক্তি দ্বারা আপনার অন্তর্যামী ঈশ্বরকে অনুভব করাই শরীরীগণের সংসারচক্র বিনাশের এক মাত্র উপায় হইতেছে। ব্রহ্মবিদ্ ব্যক্তিগণ এই ব্রহ্মানুভব সুখকে ব্রহ্মনির্ব্বাণ বা মোক্ষ কহেন। অতএব তোমরা সকলে সেই হৃদয় রাজ্যের অধীশ্বরকে আপনাপন হৃদয়ে ভজনা কর। ৭।৭।৩০

হে অসুর বালকগণ! যিনি জীবের বন্ধু, সমস্ত দেহীর অন্তর্যামী, যিনি আকাশের ন্যায় সকল হৃদয়েই বর্তমান আছেন; সেই হরির উপাসনা অতি পরিশ্রমের কার্য্য বলিয়া ভাবিও না। এমন সুখের আকর ত্যাগ করিয়া, যাহারা বিষয়ভোগে আশক্ত হয়, তাহাদের ন্যায় গর্হিত ব্যক্তি আর কে আছে! ৭।৭।৩১

ব্যাখ্যা। ত্রিংশতি শ্লোকে মুক্তি কাহাকে বলে, ইহার প্রকৃততত্ত্ব শ্রীব্যাসদেব প্রহ্লাদেব উক্তিতে বলিলেন। ব্রহ্মানুভব সুখই মুক্তি। সেই অনুভবে সংকল্প ক্ষয় হয় বলিয়া আর জন্মাদি বা বুদ্ধির জাগ্রতাদি অবস্থা ঘটে না। এই সকল তত্ত্ব উত্তর মীমাংসাদর্শনে বিশেষ বিচারীকৃত হইয়াছে। এই পর্য্যন্ত সহজে স্মরণ থাকা উচিত যে, মুক্তি বলিতে লীন হওয়া নহে, ব্রহ্মতা বা স্বাধীনতা প্রাপ্তি বুঝিতে হইবে। পরে একত্রিংশতি শ্লোক হইতে বিষয়নিন্দা ও পরমার্থস্তুতি বলা হইতেছে।

হে বন্ধুগণ! ধন, পত্নী, গবাদি পশু, পুত্র কন্যাদি, গৃহ প্রাসাদাদি, রাজ্য, হস্তী, প্রভূত অর্থ সঞ্চয় প্রভৃতি যত কিছু ভোগের উপযুক্ত সামগ্রী আছে, এ সমস্তও যেমন ক্ষণস্থায়ী, মানবের আয়ুও তেমনি ক্ষণভঙ্গুর। অতএব মর্ত্ত্যব্যক্তি কিরূপে ক্ষণভঙ্গুর আয়ুকে চিরজীবী না করিয়া, ক্ষণস্থায়ী বিষয়কে প্রিয় ভাবেন? ৭।৭।৩২।

হে বালকগণ! ইহলোকে জীবে বহু যজ্ঞাদি সহযোগে পুণ্য সঞ্চয় করিয়া থাকে, কিন্তু যে শ্রুতি ঐ যজ্ঞাদিকে পুণ্যের ও সুখের বা স্বর্গের আস্পদ বলিয়াছেন, পরক্ষণেই আবার সেই শ্রুতি পুণ্যক্ষয়ে স্বর্গক্ষয়ের কথাও বলিয়াছেন। অতএব পুণ্য সঞ্চয়ও যে বিশেষ হিতকর বা বিশুদ্ধ প্রথা তাহা বলা যায় না। ভগবানে ভক্তি স্থাপন করা বা আত্মসমর্পণ করাতে যে ফল লাভ হয়, ঐ ফল যে কখন ক্ষয় হয় বা উহাতে কোন দোষ আছে, এ কথা কোন শ্রুতি বা শাস্ত্রে শ্রবণ করা যায় নাই, কোন

ভক্তের জীবনে লক্ষিতও হয় না। অতএব অক্ষয় ফল হেতু পূর্ব্বোক্ত ভক্তিযোগ লাভ করিতে এবং আত্মানুভব করিয়া মুক্ত হইতে সেই ভগবানের [illegible]। ৭। ৭। ৩৩

এই সকল শাস্ত্রের নিগূঢ়ার্থ না জানিয়া যে সকল বিদ্বান্ ব্যক্তি কেবল ইহজীবনের সুখলাভার্থ কর্ম্মানুষ্ঠান করেন; তাঁহারা পরিণামে বিজ্ঞানভাব না পাইয়া, নিশ্চয় দুঃখ পাইয়া থাকেন। কারণ দুঃখ মোচনের ইচ্ছায় সকল কর্ম্মীই সমস্ত কাম্য কর্ম্মের অনুষ্ঠান করেন বটে, কিন্তু যে সকল পূর্ব্বোক্ত নিষ্কাম অনুষ্ঠানে আত্যন্তিক সুখের উদয় হয়, তদভ্যাস না করাতে, অন্তে সদা সর্ব্বদা দুঃখই লাভ হইয়া থাকে। ৭। ৭। ৩৪। ৩৫

সকামী পুরুষগণ কেবল দেহের সুখেচ্ছাতেই যত কিছু কামনা করেন। কিন্তু সেই দেহ যে ক্ষণভঙ্গুর ও নশ্বর, ইহা তাঁহারা একবারও ভাবেন না। ক্ষণভঙ্গুর বস্তুর যত্ন তাহার সহিত ফুরাইয়া যায়, এই জন্যই সকামীগণের আত্মোন্নতি হয় না। ৭। ৭। ৩৬

অতএব বন্ধুগণ পুত্র, দারা, গৃহ, ধন, রাজ্য, প্রভৃত অর্থ, হস্তী, অমাত্য, ভৃত্য, এবং মমতাস্পদ আত্মীয় স্বজনাদি, দেহের সহিতই সম্পর্ক; যতক্ষণ দেহ, ততক্ষণ উঁহাদের উপকারী বলিয়া বোধ হয়, কিন্তু কার্য্যতঃ উঁহারা অনর্থই ঘটাইয়া থাকে; অতএব নিত্যানন্দরসের সাগর স্বরূপ আত্মার পক্ষে এই সকল ঐশ্বর্য্য কোন প্রয়োজনে আসিবে? ৭। ৭। ৩৭। ৩৮

ব্যাখ্যা। লোকে হটাৎ মনে করিতে পারেন, শ্রুতি কখন সকাম যজ্ঞাদি ও কাম্য কর্ম্ম জনিত পুণ্যার্জ্জনাদিকে প্রশংসা করিয়াছেন, কখন উহাকে দোষ দিয়া মুক্তিকেই শ্রেয়ঃ বলিয়াছেন; ইহাতে সংশয় হইতে পারে। সেই সন্দেহ নিরসনার্থে শ্রীব্যাস প্রহ্লাদোক্তিতে কহিলেন, প্রবৃত্তি ও নিবৃত্তি মার্গ ভেদে বৈদিক উপদেশ। ঐ প্রবৃত্তি মার্গ মধ্যে যে স্থানে দেহের সুখ স্বচ্ছন্দতা উপদেশ দিয়াছেন, সেই স্থানে পুণ্যার্জ্জন ও দারা, পুত্রধনাদিকে উপযুক্ত বলিয়াছেন। ঐ কাম্যানুষ্ঠানাদি দেহের সুখের জন্য। দেহ বলিতে যাহা চিরকাল দগ্ধ হয়, জীবদ্দশায় অধ্যাত্মিকাদি ত্রিতাপে এবং অন্তে অগ্নিতে দগ্ধ হয়। এই দেহের অন্ত কেবল সমস্ত হওয়াতে, সেই বস্তু জনিত [illegible] দেহের ক্ষয়ে জীর্ণ হইয়া যায়। কিন্তু জীবভাবের প্রকৃত উন্নতি আত্মানুভব ব্যতীত হয় না। সেই আত্মানুভব কখনই দেহ সুখ স্পৃহা থাকিতে সহজে লাভ হয় না। এই কথাতে কাম্যভাব কেবল নিন্দাই তাহা বুঝাইয়া পরমার্থের শ্রেষ্ঠত্ব দেখাইতেছেন।

হে অসুর বংশজগণ। গর্ভে নিষেকাদি অবস্থা হইতে গঠিত হইয়া যে দেহ পূর্ব্ব জন্মের কর্ম্মের জন্য কষ্ট পাইতে থাকে, তখন তাহার পক্ষে ইহ জন্মে যে সকল কর্ম্ম করা

হয়, সেই সকল কাম্য কর্ম্ম যে দেহীর পক্ষে পরজন্মেও গর্ভবাসাদি কষ্ট প্রদান করিবে, ইহা নিশ্চিত। অতএব তোমরা যাহাতে দেহের সহিত আত্মার কল্যাণ সাধন হয়, এমন পুরুষার্থের নিরূপণ কর। ৭। ৭। ৩৯

ব্যাখ্যা। যদি কেহ বলেন, আত্মার সুখের জন্য বা মুক্তির জন্য উপাসনাদি কার্য্য যেমন উপকারী, তেমনি কাম্য কর্ম্মাদি বা পুণ্যাদি ও পুত্র বিত্তাদি দেহের উপকারী। অতএব প্রাপ্তদেহের উপকারার্থে তদনুষ্ঠান কেন না করা হয়। এই সন্দেহ নিবারণার্থে এই শ্লোকে বলা হইল যে, কি পুণ্য ও ভোগ এ সমস্তই কর্ম্ম মধ্যে গণ্য, দেহের সহিত ইহাদের সুখের সম্বন্ধ। যখন পুণ্য ক্ষয় হইবে, তখনি পুনরায় জন্ম ও ভোগ আসিবে। ইহাতে বলা হইল যে, পুণ্যাদি কর্ম্ম দেহের পক্ষে চিরসুখদায়ী নহে, সামান্য কালের জন্য। কিন্তু পুনরায় যখন জন্মাদিজনিত সমস্ত কষ্টই তাহাকে ভোগ করিতে হয়, তখন পুণ্য বা পাপজন্য কর্ম্মের পরিণাম একই হইল। কেবল বর্ত্তমানে তারতম্য আছে। অতএব সামান্য সুখ ও অনন্ত দুঃখের জন্য কেবল পুণ্যার্জ্জন না করিয়া মানবজন্মে একান্ত নিষ্কাম হওয়া উচিত, তাহা হইলে জন্মাদিজনিত কষ্ট তাহাকে ভোগ করিতে হয় না।

হে বন্ধুগণ! যদি তোমরা এ সন্দেহ কর যেঃ—ইহ জন্মে দেহীর কর্ম্ম সমাপ্ত হইলেই আর দেহের আরম্ভ হইবে না। এ কথা অযৌক্তিক; কারণঃ—দেহটি আত্মার অনুবর্ত্তী হইলেই তাহার পূর্ব্ব সংস্কারজাত কর্ম্ম আরম্ভ হয়, পরে ইহজন্মে পূর্ব্বের কর্ম্ম ক্ষয় করিতে করিতে আবার নূতন কর্ম্ম সঞ্চিত হয়, অবিবেকাবস্থায় নূতন কর্ম্ম সঞ্চিত হইয়া পুনঃ পুনঃ দেহের জন্ম ও ক্ষয় হইয়া থাকে। (অতএব নিষ্কাম ভাব ভিন্ন কর্ম্মের ক্ষয় নাই এবং তৎসহযোগে জন্মেরও ক্ষয় নাই।) ৭।৭।৪০

হে সখাগণ! কি ঐহিক অর্থ, কি পরমার্থ; কি ঐহিক কামনা, কি পরমার্থ কামনা, কি ঐহিক ধর্ম্ম, কি পারলৌকিক ধর্ম্ম, সমস্তই সেই আত্মপদার্থের অধীন হইতেছে। অতএব সমস্ত সুখের বিধাতা সেই আত্মাকে জানিয়া একান্ত ইচ্ছায় সেই নিরপেক্ষ, সর্ব্বদ্রষ্টা ও ত্রিতাপহারী ভগবানকে ভজনা কর।৭।৭।৪১

হে বন্ধুগণ। যিনি ত্রিতাপহারী, যিনি সর্ব্বদ্রষ্টা, যিনি সকলের আত্মা, তিনিই স্বতঃপরতঃ সকল প্রাণীরই প্রিয় বস্তু, (কারণ কে কোথায় আত্মাকে অনাদর করিতে পারে।) সেই ভগবানই আপনার সৃষ্ট ভূত ও মহত্তত্ত্ব সহযোগে জীবভাবে অন্তর্যামী আছেন। ৭।৭।৪২

হে অসুরাত্মজগণ! (তোমরা এ কথা মনে ভাবিও না যে আমরা অসুরজাতি, আমরা ভগবদ্ভক্তি লাভের অধিকারী নহি!) কি দেবতা, কি অসুর, কি মনুষ্য, কি যক্ষ, কি গন্ধর্ব্ব, সকলেই মুক্তিদাতার চরণ ভজনা করিয়া সমান কল্যাণ প্রাপ্ত হইয়া থাকে। দেখ বন্ধুগণ একমাত্র ভগবদ্ভক্তি ব্যতীত; কি দ্বিজত্ব, কি দেবত্ব, কি ঋষিত্ব, কি ধন, কি বহুজ্ঞতা কিছুতেই কেহ সেই মুক্তিদাতা ভগবানের প্রীতি আকর্ষণ করিতে পারে না। ৭। ৭। ৪৩

হে সখাগণ! নিষ্কাম ভক্তি ব্যতীত কি দান, কি তপস্যা, কি যজ্ঞ, কি শৌচ, কি ব্রত, কোনটিই ত্রিতাপহারীর প্রেম গ্রহণ করিতে সক্ষম হয় না। ভক্তি ব্যতীত ঐ সকলের অনুষ্ঠান বৃথা শ্রম বা বিড়ম্বনা মাত্র বুঝিতে হইবে।

হে দানবগণ! এই জন্য আমার কথামতে তোমরা আপনার সমান সকল প্রাণিকে দর্শন কর এবং সকল প্রাণীর অন্তর্যামী হইয়া ভগবান আছেন, ইহা চিন্তা করিয়া নিষ্কাম ভাবে সেই ভগবানে ভক্তি স্থাপন কর। ৭। ৭। ৪৪

হে বন্ধুগণ! অধিক কথা কি বলিব। শত শত যক্ষ রাক্ষস, শূদ্র, স্ত্রী, পরভাগ্যোপ-জীবী; পক্ষি পশু প্রভৃতি পাপজীবেও সেই ভগবানে ভক্তি স্থাপন করিয়া মুক্ত হইয়া গিয়াছেন। ইহ সংসারে সেই পরমেশ্বর গোবিন্দে একান্ত ভক্তি স্থাপন এবং সর্ব্বভূতে তাঁহার সত্বানুভব করাই জীবের পরম পুরুষার্থ বলিয়া সকল বিদ্বানে কহেন। অতএব সকলে তদবলম্বন কর। ৭।৭।৪৫।৪৬

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে সপ্তমাধ্যায়ে

উপেন্দ্র কৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। ইতিপূর্ব্বে সাধনার উৎকর্ষাপকর্ষ দেখাইয়া পরে চতুশ্চত্বারিংশতি শ্লোক হইতে সমস্তের উপসংহার শ্রীব্যাস প্রহ্লাদোক্তিতে আরম্ভ করিলেন। নিষ্কামভাব ব্যতীত যে কোন কর্ম্মপুণ্যাদি জ্ঞাপক কর্ম্ম করিলে তাহাতে জন্ম মৃত্যুভয় ক্ষয় হয় না, অতএব মনুষ্যজন্মে প্রবৃত্তিবাচক কর্ম্ম হইতে ক্রমে নিবৃত্ত হওয়াই শাস্ত্রের উদ্দেশ্য। সেই হরি বা ত্রিতাপহারী যদি সকল সুখেরই দাতা হইলেন, তখন তাঁহাকে ত্যাগ করিয়া থাকা অকর্ত্তব্য। কারণ উপকারীর উপকার বোধ না করা, অকৃতজ্ঞের কার্য্য। পরে অধিকারীতত্ত্বের কথা বলিতে পুরাণে যক্ষ গন্ধর্ব্বাদির উন্নতি কথা বলা হইয়াছে; বাস্তবিক তাৎপর্য্য এই যে, যতই নীচ বা উচ্চজাতি বা জ্ঞানবান্ জীব হউক না, ভক্তি অর্থাৎ ভগবত্তত্ত্বজ্ঞ প্রেমিক ব্যতীত, কেহই তাঁহার প্রীতি অনুভব করিতে পারে না। যদি কেহ বলেন যে, পাপকার্য্যেই ঈশ্বর অসন্তুষ্ট কিন্তু ভক্তিবিহীন পুণ্য কার্য্যে তাঁহার

উত্তেজিত পিতৃবাক্য শ্রবণ করিয়া শ্রীপ্রহ্লাদ কহিলেনঃ—

হে মহারাজ! আমি যে মহাবলীর আশ্রয়ে আত্মসমর্পণ করিয়াছি; তিনি আমার বা আপনার ন্যায় ত্রিভুবনবিজয়ী অপেক্ষা বলী হইতেছেন। এমন কি, ব্রহ্মাদি সকল দেবতা অপেক্ষাও বলী হইতেছেন। সেই ব্যক্তির শাসনতেজের কথা আর কি বলিব! আব্রহ্মস্তম্ভ পর্য্যন্ত সকলেই তাঁহার বশীভূত হইয়া, এই সৃষ্টি, স্থিতি, প্রলয় কার্য্য করিতেছে। ৭।৮।৬

তাঁহার ঐশ্বর্য্যের ও ক্ষমতার কি পরিচয় দিব!! তিনি সকলেরই নিয়ন্তা। তিনি কাল রূপে সকলের সৃষ্টি, স্থিতি, প্রলয় ঘটান; তিনি পদবিক্ষেপে সমস্তই আক্রমণ করিয়া রাখিয়াছেন। তিনিই প্রাণীজগতের সামর্থ্য, তিনিই সাহস, তিনিই ধৈর্য্য, তিনিই বুদ্ধিবল; তিনিই সকলের ইন্দ্রিয়শক্তি ও আত্মাস্বরূপ হইতেছেন। তিনিই এই বিশ্বপক্ষে মায়ানামে নিজ শক্তির দ্বারা ত্রিগুণের নিয়ন্তা হইয়া, এই বিশ্ব সৃজন, পালন ও হরণ করিতেছেন। ৭।৮।৭

ব্যাখ্যা। প্রথমে প্রহ্লাদ ভগবদ্বীর্য্যের পরিচয় দিয়া, সপ্তম শ্লোকে তাঁহার সহিত ব্রহ্মাণ্ডের সম্বন্ধ বুঝাইতে এই সকল কথা বলিলেনঃ—নিয়ন্তা বলিতে, তিনিই সকল সত্ত্বার দৈব ও ভৌতিক শক্তিদাতা। পদ বলিতে স্থিতি। আত্মারূপে ত্রিভুবনে আত্মসত্ত্বার বিস্তার করেন, ইহাই পদবিক্ষেপ এবং স্থূল, সূক্ষ্ম ও কারণ সৃষ্টিই ত্রিলোক বা ত্রিভুবন বুঝিতে হইবে। সামর্থ্য বলিতে মনের তেজ। সাহস বলিতে আত্মতেজ; ধৈর্য্য ও কৌশল উভয়ই বুদ্ধিতেজ। বল বলিতে ভৌতিক শক্তি। ত্রিগুণের নিয়ন্তা বলিতে ঈশ্বর সকলের কার্য্যশক্তি নিজতেজে দান করেন মাত্র; কিন্তু কোন শক্তি বা কার্য্যে তিনি মণ্ডিত বা কার্য্যধর্ম্ম প্রাপ্ত নহেন। এই কথা বুঝাইতেই বলা হইল যে, ইহ সংসারে কি ভোগের শক্তি, কি মোক্ষের শক্তি, সমস্তই সেই ঈশ্বরের শক্তি। অতএব তাঁহার বিষয় ভোগ করিয়া, তাঁহাকে অবহেলা করা অনুচিত হইতেছে।

হে মহারাজ! (সেই বিষ্ণুর কেহই শত্রু হইতে পারে না।) একমাত্র উৎপথগামী অবিশুদ্ধ মনই তাঁহার বিদ্বেষ্টা হয়। এই জন্য আমি বিনয় করিয়া বলিতেছি যে, আপনি এই দণ্ডেই মন হইতে অসুর ভাব ত্যাগ করুন; সর্ব্বজীবে সমদর্শী হউন। সাম্যদর্শী হওয়াই ভগবান অনন্তের পক্ষে পরমারাধনা স্বরূপ হইতেছে। ৭।৮।৮

ব্যাখ্যা। এই শ্লোকে প্রহ্লাদের মুখে শ্রীব্যাস হিরণ্যকশিপুর প্রকৃত তাৎপর্য্য প্রকাশ করিয়া দিলেন। ঈশ্বরের শত্রু বা মিত্র কিরূপে সম্ভবে? একথার মীমাংসা এই স্থানে হইল। আসুর ভাবাপন্ন মনই ঈশ্বরের বিরোধী। বিষয়পর ও মহাহঙ্কার সম্পন্ন ভাবই অসুর নামে বিখ্যাত। একথা এই স্কন্ধের ষষ্ঠ অধ্যায়ের একাদশ শ্লোকে বলা হইয়াছে। ঈশ্বর বিরোধী বলিতে মুক্তিপর নহে। অষ্টম শ্লোকের বিশেষ তাৎপর্য্য এই যথা:—পূর্ব্বে প্রহ্লাদ বলিলেন যে, সেই ভগবান ব্রহ্মাদি হইতে কীট পর্য্যন্ত সকলেরই বল স্বরূপ হইতেছেন; ইহাতে হিরণ্য কশিপুর ন্যায় বিষয় অহংকারীও বিরোধী মুক্তিমান্ জীব যদি ইহা মনে করে, বিরোধী হইলে শত্রুকে আবার কে কোথায় বল দিয়া থাকে। সন্দেহ ভঞ্জন করিতে বলা হইল; তাঁহার বিরোধী কেহ হইতে পারে না, তবে মন অহংকারসম্পন্ন হইলে বা ভোগপর হইলেই, তাঁহার অনুগত হইয়া মোক্ষ পথের পথিক না হইয়া, বিষয় পথের পথিক হয়; পরমার্থ ভুলিয়া অশ্রদ্ধা সম্পন্ন হয়। অশ্রদ্ধা দুর্দ্দমনীয় হইলে দয়া দাক্ষিণ্যাদি দূর হয়, কঠোরহৃদয়ে কেবল স্বার্থভোগে প্রয়াসী হইয়া সকলকে উৎপীড়ন করে। এই সকল আসুর ভাব সাম্যদর্শী হইলে থাকে না। সাম্যদর্শী হইলে সর্ব্ব জীবে দয়া দাক্ষিণ্যাদির প্রকাশে হৃদয়ে বিবেকের সঞ্চার হয়, জীবের মুক্তি ও ঈশ্বরানুগত্য তখন সন্নিহিত হইয়া থাকে। ভগবদারাধনা কেবল পাপ বিমোচনের হেতু বলিয়া সাম্যদর্শনকে আরাধনার ফল রূপে এস্থলে কল্পনা করা হইল। পরে বিষয়পর মন কতদূর দুঃখদায়ী, তাহা বলিতেছেন।

হে রাজন্! এমন অনেক বলী আছেন, যাঁহারা আসন্ন ও সন্নিহিত শত্রুগণকে জয় না করিয়া বহিস্থ দূরবর্ত্তী স্বার্থাপহারী দস্যুগণকে জয় করিয়া, দশদিক জয় করিয়াছি মনে করেন! কিন্তু যে ব্যক্তি অন্তর্ব্বর্ত্তী মনকে জয় করিয়া সর্ব্বজীবে সমদর্শী হয়েন, যিনি সাধুভাব অবলম্বন করেন, তাঁহার আবার দূরবর্ত্তী স্বার্থাপহারী শত্রু কিরূপে সম্ভব হইতে পারে? ৭। ৮। ৯

ব্যাখ্যা। পূর্ব্বে হিরণ্যকশিপুর উক্তিতে বলা হইয়াছে যে, তিনি দশদিক জয় করিয়াছেন এই জন্য মহাবলী। ইহার মীমাংসা করিতে বলা হইল যে, যাহার বিষয়ে বা বাহ্য ভোগ্য বস্তুতে স্বার্থ বোধ আছে, সেই স্বার্থ যাহারা হরণ করে, তাহারাই শত্রু হয়। সেই শত্রুকে জয় করিতে পারিলেই রাজার প্রভাবে সকলেই শত্রুজয়ী বলিয়া বিখ্যাত হয়। কিন্তু প্রহ্লাদোক্তিতে দেখান হইল যে, আপনার অন্তরস্থ বা স্বকীয় রিপুবর্গ অতি সন্নিহিত; সেই রিপুবর্গই স্বার্থভাব উপস্থিত করিয়া জয়। যে ব্যক্তি

অন্তরের শত্রুরূপী রিপুবর্গকে জয় করিয়া মনকে বিশুদ্ধ করতঃ নিষ্কাম ও নিঃস্বার্থ-সম্পন্ন হয়েন ; সেই সাম্যদর্শীর কি প্রকারে বাহ্য শত্রু সম্ভব হইতে পারে। যদি শত্রু জয় করিলেই দশদিক জয় করা হয় এবং অন্তরের শত্রু জয় করিলে যখন একেবারে বাহ্য শত্রু বিজিত হয়, তখন অন্তর জয় অপেক্ষা সর্ব্ববিজেতা হইবার শ্রেষ্ঠ উপায় কি আছে। ইহাতে আরো বলা হইবে যে সম্পত্তি বা ঐশ্বর্য্য বা যশের ক্ষয় আছে, তাহাতে শান্তি নাই ; ভক্তি বলের ক্ষয় নাই অথচ কি বিষয়, কি মুক্তি সমস্তকেই অধিকারস্থ করা যায়।

শ্রীপ্রহ্লাদের গম্ভীরার্থপূর্ণবাক্য শ্রবণ করিয়া দৈত্যপতি হিরণ্যকশিপু একেবারে ক্রোধে অধীর হইয়া গর্জ্জন করিতে করিতে কহিল—

রে মন্দাত্মা পুত্র! তুই আমার সম্মুখে, অতিমাত্র আমার নিন্দা করিতেছিস্! যেমন মুমূর্ষু কালে রোগীর প্রলাপ ও অপ্রযুক্তবাক্য সমস্ত প্রকাশ হয়, তদ্রূপ তুই একান্ত মৃত্যু কামনা করিয়াই আমাকে এইরূপ নিন্দা করিতেছিস্। ৭। ৮। ১০

রে মন্দভাগ্য! তুই যে আমা ব্যতীত অপর জগদীশ্বর স্বীকার করিতেছিস্। তোর সেই জগৎপতি কোথায়? যদি সেই প্রভু সর্ব্বত্র থাকে, তবে এই স্তম্ভে কেন দেখা যাইতেছে না? ৭। ৮। ১১

এই শ্লোকের অপরার্থ এইঃ—

রে মন্দভাগ্য! তুই যদি আমা ব্যতীত অপর জগৎস্বামীর অস্তিত্ব স্বীকার করিয়া তাহার অধীন হইয়াছিস, তোর সেই আশ্রয়দাতা ঈশ্বর কোথায়? শ্রীপ্রহ্লাদ উত্তর করিলেন, তিনি সর্ব্বত্র আছেন। এতচ্ছ্রবণে হিরণ্যকশিপু কহিলেন, আমার রাজ-সভাস্থ এই স্তম্ভে কেন দেখা যাইতেছে না? শ্রীপ্রহ্লাদ স্তম্ভের প্রতি চহিয়া করুণদৃষ্টি যোগে প্রেমকটাক্ষ করিতে করিতে প্রণাম করিয়া কহিলেন ; ঐ যে আমার প্রভু স্তম্ভে দেখা দিয়াছেন। ৭। ৮। ১১

ব্যাখ্যা। পূর্ব্বে বলা হইয়াছে যে, মহাভোগপর দেহাত্মবাদী অহংকারীর স্বরূপই হিরণ্যকশিপু নামে কল্পিত। যখন প্রহ্লাদ বা বৈরাগ্যশক্তি রূপী প্রশান্তাবস্থা ভোগকে বৈরাগ্যের তত্ত্ব বুঝাইতে চাহেন, তখন দেহাত্মপর মহাভোগ তাহা স্বীকার না করিয়া বৈরাগ্যের একান্ত উচ্ছেদ করিতে চেষ্টা করে। এই সরল স্বাভাবিক নিয়মকে প্রহ্লাদের উৎপীড়ন বা হত্যার চেষ্টা রূপে বর্ণনা করা হইয়াছে। মহাভোগের সম্পূর্ণ অবিশ্বাস ও বিশ্বের সর্ব্বত্র অহংকার বর্ত্তমান। ইহাই হিরণ্যকশিপুর ভগবানে অবিশ্বাস ও ত্রিলোকবিজয় করণ বুঝিতে হইবে। যখন বিবেকের মুখে নবমাদি শ্লোকে ইন্দ্রিয়বিজয় ব্যতীত বিশ্ববিজয় অসম্ভব, একথা শ্রবণ করিল, তখন হিরণ্যের

মন একেবারে প্রতিকূলতায় দগ্ধ হইয়া উঠিল; কারণ ইন্দ্রিয় ভোগ ব্যতীত বিষয়ভোগ হয় না, সেই ইন্দ্রিয় বিজয়ের প্রয়োজন কি? দ্বিতীয়তঃ যখন বলা হইল যে, ভোগের নিয়ন্তা সর্ব্বত্র বর্ত্তমান; তিনি প্রপন্নের আশ্রয়দাতা, তিনি সকলের হৃদয়রাজ্য অধিকার করিয়া কৃতকর্ম্মের ফল বিধান করেন। এই কথায় অবিশ্বাসী ভোগাত্মা একেবারে উন্মত্ত হইয়া উঠিল, তাহাতেই দশম শ্লোকে শ্রীব্যাস বলিলেন, ভোগাত্মাবাদীগণ আত্মগ্লানি শ্রবণ বা স্বীকার করিতে এত অনিচ্ছুক যে, নিজের স্বার্থ নিশ্চয় রাখিতে সুযুক্তিমান্ পুত্রের বিনাশেও কুণ্ঠিত হয় না। ভোগ চরিত্রের মধ্যে আশক্তির পরাকাষ্ঠা দেখাইয়া একাদশ শ্লোকে প্রতিকূলতা দেখান হইল। ঐ শ্লোকের দুই প্রকার অর্থ টীকাকারে কহিয়া থাকেন। উহার দ্বিতীয়ার্থ স্বয়ং শ্রীধর প্রকটিত করিয়াছেন, এই জন্য উহার ভাব অত্যন্ত স্ফুট হইয়াছে। ভোগ ক্রমে বৈরাগ্যযুক্তিরূপী আত্মগ্লানি শ্রবণে যখন একেবারে উন্মত্ত হইল, তখন তাহার প্রতিকূল আশা এত বর্দ্ধিত হইল যে, বিবেকের সমস্ত যুক্তিকে একেবারে মিথ্যা বলিয়া তাহাকে একেবারে উচ্ছেদ করিবার আয়োজন করিতে অগ্রসর হইল। অর্থাৎ সর্ব্বত্র থাকিলে হরি সকলের প্রভু, হইতেন। সকলের আশ্রয়দাতা ও কর্ম্মফল দাতা হইলে, প্রহ্লাদের রক্ষা ও পুরস্কার এবং তাহার নিজের উচ্ছেদ ঘটাইতেন। এই যুক্তিটিকে একেবারে অবিশ্বাস করিয়া প্রহ্লাদকে যত প্রশ্ন করেন, ততই স্থির ও ঈশ্বর প্রতি অচল বিশ্বাস স্থাপন করিতে প্রহ্লাদ অনুরোধ করেন। শেষে ভক্তির তেজে যখন প্রহ্লাদের পূর্ণ প্রেমের অবস্থা উপস্থিত হইল, তখন তিনি অবিশ্বাসের সকল যুক্তিকে খণ্ডন করিয়া সর্ব্বত্র বিদ্যমান হরিকে অন্তরে ও বাহ্যে দেখিতে পাইলেন। ভোগীর তাহা প্রত্যক্ষ হইল না, ভোগী একেবারে অবিশ্বাস করিয়া বিবেকের উচ্ছেদ সাধনে কৃতসংকল্প হইলে, আপনি ভোগ ক্ষয় হইয়া থাকে। কিরূপে ভোগ ক্ষয় হয় তাহা পরে প্রকাশ হইতেছে।

(প্রহ্লাদের মুখে হরির সর্ব্বত্রে অস্তিত্ব ও সর্ব্ব নিয়ন্তৃত্ব শুনিয়া হিরণ্যকশিপু কহিলেন) রে দুষ্ট! যদি তোর হরি সর্ব্বত্র বর্ত্তমান ও সকলের নিয়ন্তা, তবে এখনিই আমি তোর ন্যায় মন্নিন্দাকারীর শরীর হইতে মস্তককে শাণিত খড়্গাঘাতে দ্বিখণ্ড করিতেছি; দেখি তোর রক্ষাকর্ত্তা কেমন করিয়া তোকে রক্ষা করে! ৭।৮।১২

হে ধর্ম্মরাজ! সেই মহাসুর এই রূপে মহাভাগবত প্রহ্লাদকে তিরস্কার করিতে করিতে, সিংহাসন হইতে অবতরণ পূর্ব্বক তীক্ষ্ণধার অসি হস্তে লইয়া ক্রোধে অধীর হইয়া, প্রথমে, ভীষণ মুষ্টি ঘাতে প্রহ্লাদের প্রদর্শিত স্তম্ভ কম্পিত করিতে থাকিল। স্তম্ভ কম্পিত হইবা মাত্রেই তন্মধ্য হইতে এমনি ঘোর নিনাদ প্রকাশ হইল, যেন সেই ঘোররবে ব্রহ্মাণ্ডকটাহ ভেদ হইয়া উঠিল। ব্রহ্মাদি দেবগণ হঠাৎ সেই শব্দ শ্রবণে

একেবারে বিস্মিত হইলেন এবং যখন সেই শব্দে ব্রহ্মলোকাদি কম্পিত হইতে থাকিল, তখন তাঁহারা আপন আপন ধাম ধ্বংসের চিন্তায় ব্যাকুল হইতে থাকিলেন। ৭।৮।১৩

ব্যাখ্যা। পূর্ব্বে বলা হইয়াছে যে ঈশ্বর সকলের নিয়ন্তা। যাহার যে রূপ ইচ্ছা বা বাসনা তাহারি সম্মুখে সেই ভাবে কর্ম্মফলে প্রত্যক্ষিত হইয়া তাহাকে কৃতার্থ করেন। এ বিষয়ে শ্রুতি বলিতেছেন—

যদা হ্যেবৈষ এতস্মিন্নদৃশ্যেঽনাত্ম্যেঽনিরুক্তেঽনিলয়নেঽভয়ং প্রতিষ্ঠাং বিন্দতে। দৃশ্যেঽনাত্ম্যে-ঽনিরুক্তেঽনিলয়নেঽথ সোঽভয়ং গতো ভবতি॥

পুনশ্চঃ

যদা হ্যেবৈষ এতস্মিন্নুদরমন্তরং কুরুতে অথ তস্য ভয়ং ভবতি।

তত্ত্বেব ভয়ং বিদুষো মন্বানস্য।

ভীষাঽস্মাদ্বাতঃ পবতে ভীষোদেতি সূর্য্যঃ। ভীষাস্মাদগ্নিশ্চেন্দ্রশ্চ।

মৃত্যুর্ধাবতি পঞ্চমঃ।

অর্থঃ—যিনি বাহ্যেন্দ্রিয়ের ও বিষয়রত অন্তরেন্দ্রিয়ের অগোচর, যিনি স্থূলাদি শরীরের অতীত, যিনি সকল ভৌতিক আধারের অতীত; যে ব্যক্তি সেই ব্রহ্মকে জানিতে পারেন, সেই ব্যক্তিই অভয় ও আনন্দলাভ করিতে পারেন।

যে ব্যক্তি পূর্ব্ব কথিত ব্রহ্মাবস্থাকে অবিদ্যা বুদ্ধিবশতঃ দ্বৈতভাবে কিছুমাত্রও অনুভব করেন, বিশ্বে তাঁহার পদে পদে ভয় উপস্থিত হইয়া থাকে। সেই অবিদ্যাবান্ ব্যক্তি ব্রহ্মা হইলেও সতত ভয় লাভ করিয়া থাকেন।

অতত্ত্বজ্ঞ অবস্থা মাত্রেই ভীত হইয়া সুতত্ত্ব নিয়মে বাধ্য কিরূপে হয়, তাহার দৃষ্টান্ত যথাঃ—বায়ু এমন প্রবল পরাক্রান্ত কিন্তু তাঁহার ভয়েই নিয়মিত প্রবাহিত; এমন প্রবল পরাক্রান্ত সূর্য্য অতত্ত্বজ্ঞ বলিয়া তাঁহারি ভয়েতে উদয় কার্য্যে নিরত। অগ্নি ও চন্দ্র তাঁহার ভয়েই সক্রিয় এমন যে অনিবার্য্য মৃত্যু, তিনিও নিরন্তর হরির ভয়ে নিয়মিত কার্য্যে আছেন।

এই শ্রুতিতে বলা হইল যে তত্ত্বজ্ঞব্যক্তিই অভয় ও আনন্দ স্বরূপ ব্রহ্মানুভব করিয়া সদানন্দ ফলভোগ করেন, আর অবিশ্বাসী অতত্ত্বজ্ঞ, বিষয়নিষ্ঠ, মহাভোগী ব্যক্তি তাঁহার নিয়ম না বুঝিয়া সতত ভীত হয়। সেই ভীতচিত্ত ব্যক্তিই হরিকে ভয় রূপে দেখিয়া ভয়েই কাতর হইয়া ঈশ্বরপর হইয়া থাকে। সেই ভয়রূপে ভগবতানুভব কি ভাবে হয়, তাহাই পুরাণে নৃসিংহ রূপে কল্পনা করা হইয়াছে। নৃসিংহতাপনীয় উপনিষদে ইহার মীমাংসা আছে। সেই ভয় ক্রমে যত প্রগাঢ় হয়, ভীত ব্যক্তি ততই ভয়ের বস্তুকে ভীষণ ভাবে অনুভব করিয়া থাকে। অনুভবের প্রথম বিকাশ শব্দে,

ক্রমে স্পর্শে, ক্রমে অন্তরে বোধ হইয়া থাকে। সেই শব্দের ভীষণত্ব বুঝাইবার জন্য প্রথমে স্তম্ভ হইতে ভীষণ নিনাদ কল্পনা করা হইল। পরে অপর কথা বলা হইবে।

হে ধর্ম্মরাজ! এতক্ষণ যে হিরণ্যকশিপু পুত্রকে শত্রুজ্ঞানে বধ করিবার জন্য ভীষণ বিক্রম প্রকাশ করিতেছিল; এই ত্রিলোকভয়প্রদ ভীষণ চীৎকারে সে একেবারে ভীত ও আশ্চর্য্য হইয়া উঠিল; অলক্ষ্যে ভীষণ ভীতিপ্রদ শব্দ উঠিল, কিন্তু সভামধ্যে প্রত্যক্ষ কাহাকেও দেখা গেল না; ইহাতে দৈত্যপতির সহিত দেবশত্রু আমত্য ও সেনাপতিগণও বিস্মিত ও ত্রাস্ত হইল। ৭।৮।১৪

ব্যাখ্যা। পূর্ব্বে বলা হইয়াছে, জ্ঞানের সন্নিকটে যে বস্তু অভয়দাতা অজ্ঞানের নিকটে তাহাই ভয়ের কারণ হয়। যেমন বিষ পরিমাণ করিয়া ব্যাধি অনুসারে ব্যবহার করিলে অমৃতত্ব লাভ হয়, আর পরিমাণ না জানিয়া ব্যবহার করিলে মৃত্যু ভয় উপস্থিত হয়, যেমন কোন ভীষণ অন্ধকার স্থল যাহার জানা থাকে সে যেমন তথায় যাইতে নির্ভয় এবং অজ্ঞ ব্যক্তি তথায় যাইতে ভীত; সেইরূপ বিশ্বের সমস্ত বস্তুতেই অজ্ঞভাবে ভয়ের আবেশ হয়; বিজ্ঞভাবে অভয়ের সঞ্চার হইয়া থাকে। এস্থলে অপ্রত্যক্ষভাবে অসুরগণের সম্মুখে ভীষণ ধ্বনি প্রকাশ হইয়া, তাহাদের হৃদয়ে ভয়ের সঞ্চার করিল; কিন্তু প্রহ্লাদের প্রত্যক্ষও অভয়ের সঞ্চার করিল। এই অলক্ষ্য ভাবই অজ্ঞানের স্বরূপ বুঝিতে হইবে। এই ভগবদ্ভীতি বড় সহজ নয়। যে সকল অসুর সেনাপতির সহিত হিরণ্যকশিপু বিশ্ববিজয় অর্থাৎ ভোগশক্তির দ্বারা ইন্দ্রিয় শক্তি সমূহ পরাভূত করিয়া বিষয়পর করিয়াছিল, এই ভীম শব্দে সকলেই ভীত হইল, অর্থাৎ অলক্ষ্যভাবে ভগবৎ শক্তির ক্রিয়াতে সকলেই ভীত হইল। ঈশ্বর এইরূপে অজ্ঞানের নিকটে যে মুর্ত্তিতে ভক্তের নিকটে অভয় দাতা, সেই মুর্ত্তিতেই অভক্তের নিকটে ভয়দাতা হইয়া থাকেন। এই ভীম ভাবটী ক্রমে অজ্ঞানের সম্মুখে প্রত্যক্ষিত হইল, তাহা পরে প্রকাশ হইতেছে।

হে ধর্ম্মরাজ! (ভগবানের দয়ার কথা আর কি কি বলিব!) তিনি সর্ব্বভূতে সর্ব্ব মুর্ত্তিতে সদা বর্ত্তমান আছেন, ইহা বুঝাইবার জন্য এবং নিজানুগত জনগণের কথা সত্য করিবার জন্য, সেই সভাস্থলে স্তম্ভের মধ্যে নাপশু নামনুষ্য ভাবের অত্যাশ্চর্য্য মূর্ত্তি ধারণ করিয়া প্রকাশ হইলেন। ৭।৮।১৫

ব্যাখ্যা। পৌরাণিক আখ্যায়িকানুসারে নিজ ভক্তকথা সত্য করিবার জন্য বলিতে পূর্ব্বে তৃতীয়স্কন্ধে বলা হইয়াছে, এই হিরণ্যকশিপু ও হিরণ্যাক্ষ জয় ও বিজয় নামে

বিষ্ণুপার্ষদ ছিল, পরে ঘটনাক্রমে সনকাদি কর্তৃক অভিশপ্ত হইয়া জন্মত্রয়ান্তে ভগবান কর্তৃক যুদ্ধে নিহত হইয়া বিষ্ণুত্ব লাভ করিবে, এই কথা সত্য করিতে এই প্রথম জন্মে ভগবানের সহিত বিরোধ প্রকাশ করা হইল। অর্থাৎ সনকাদি ভৃত্যের অভিশাপ সত্য করা হইল। দ্বিতীয়তঃ প্রহ্লাদ সর্ব্বসমক্ষে বলিতেছেন, ভগবান সর্ব্বভূতে সর্ব্বাবস্থায় বর্ত্তমান আছেন, অধিকন্তু স্তম্ভেও আছেন। এস্থলে সেই ভক্তকথা সত্য করিতে স্তম্ভেও আবির্ভাব হইলেন। তৃতীয়তঃ স্বয়ং ধ্রুব একটী প্রধান ভক্ত; তিনি যখন হিরণ্যকশিপুকে বর দেন, তখন যে ভাবে বর দিয়াছিলেন, তাহা সত্য করিতে মা মনুষ্য নামৃগরূপ ধারণ করিলেন। এই যে ভক্তকথা সত্যকরণ ইহাই অভয় ও নিজ তত্ত্ব শিক্ষাদান বুঝিতে হইবে। শ্রুতি প্রভৃতি সকল শাস্ত্রে বলা হইয়াছেঃ—

তেষামহং সমুদ্ধর্ত্তা মৃত্যুসংসার সাগরাৎ।

অর্থাৎ যাঁহারা আমাতে প্রাণমন অর্পণ করেন; আমার নিকট হইতে তাঁহারা চির অভয় প্রাপ্ত হয়েন; আমিই প্রণত জনের মৃত্যু ও সংসার ভয়ের উদ্ধারকারী হইতেছি।

এস্থলে সংসারভয় বলিতে অহংকারাদি লোভ মোহাদি। হিরণ্যকশিপু রূপী মহাভোগ বা অহংকার পরম ভক্তমূর্ত্তি প্রহ্লাদকে বিষয়পর করিতে যে সকল পীড়ন করিতেছেন, তাহাই সংসার যন্ত্রণা, ঐ যন্ত্রণা হইতে উদ্ধার করাই ঈশ্বরের ত্রাণ কার্য্য। ভক্তের কথা সত্য করিয়া ঈশ্বর জীবকে ভক্ত হইতে শিক্ষা বা উৎসাহ দিয়া থাকেন। আর আপনি সদা সর্ব্বত্র বর্ত্তমান, নিরাকার অর্থাৎ কোন আকারের সম্পূর্ণত্ব তাঁহাতে নাই, অথচ সকল আধারই তাঁহা হইতে বিকাশিত, ইহা বুঝাইতে এমন যে স্তম্ভ তাহাতেও তৎপ্রকাশ দেখান হইল; এবং নামনুষ্য নাপশু এরূপ আকারে অনির্দ্দিষ্ট আকার বা নিরাকার বুঝান হইল; বিশেষতঃ পশু মানব সমস্তই তাঁহার সত্ত্বায় আকারীভূত ইহা বুঝাইতেই নাপশু নামৃগাকার বলা হইল। এস্থলে অসুরের সভা বলিতে অজ্ঞানী হৃদয়। তাহাতে দৃঢ়ীভূত অজ্ঞানকেই স্তম্ভরূপে কল্পনা করা হইয়াছে। এই ভাবে ভীম মূর্ত্তির আভাস স্বয়ং শ্রীব্যাস এই শ্লোকে দেখাইয়া পরে সম্পূর্ণ তাৎপর্য্য প্রকাশ করিতেছেন।

হে যুধিষ্ঠির! ভীমনাদে বিস্মিত ও ভীত হইয়া দৈত্যপতি তাঁহার সভার চতুর্দ্দিকে যেন প্রাণীসমূহকে দেখিতে থাকিল। ক্রমে সে দেখিতে পাইল, স্তম্ভের মধ্য হইতে নামনুষ্য নামৃগ একটী নৃমৃগেন্দ্রময়ী মূর্ত্তি প্রকাশ হইলেন। ইহা দেখিয়া দৈত্যপতি সকল অনুচরের সহিত আশ্চর্য্য ও একান্তভীত হইয়া উঠিল। ৭। ৮। ১৬

ব্যাখ্যা। ভয়ের উদ্রেক হইলে, সেই ভীত ভাবের আলোচনা করিলেই অজ্ঞানীর অন্তরে চতুর্দ্দিক ভয়পূর্ণ বলিয়া বোধ হয়। ইহা স্বাভাবিক; এস্থলে লৌকিকে হিরণ্যকশিপু সেই ভাবে সভার চতুর্দ্দিকে যেন পূর্ব্বোক্ত ভীষণ শব্দকারী প্রাণীসমূহের অস্তিত্ব বোধ করিতে থাকিল। ক্রমে সেই অস্তিত্ব প্রত্যক্ষ হইল। অধ্যাত্ম ভাব এই ;—হৃদয় সভায় ভগবদ্বিষয়ে অজ্ঞান ও অবিশ্বাস যত মূলীভূত স্তম্ভের ন্যায় অচল হয়; ততই তাহার অত্যাচারের বৃদ্ধি হয়। সেই অত্যাচারের প্রতিক্রিয়ার জন্য তত ভয়ও তাহার দৃঢ়ীভূত হয়। যেমন একজন দস্যু প্রথমাবস্থা হইতে দস্যুবৃত্তি যত অধিক অভ্যাস করে, ততই তাহার অন্তরে রাজভয় মূলীভূত হয়; ক্রমে সে শরীর শক্তির হ্রাসে নিমেষে ভয়ের মূর্ত্তি দেখিয়া চিরভীত হইয়া থাকে। এই স্বাভাবিক নিয়মে বিজ্ঞানতত্ত্বজ্ঞ না হইয়া জীবে যতই অজ্ঞান থাকে, ততই ইন্দ্রিয় শক্তির হ্রাসে তাহার মৃত্যুভয়াদির যন্ত্রণা অধিক অনুভব হয়। এস্থলে হিরণ্যকশিপুরূপী অহংকারীর মনে ঈশ্বরের ভীমমূর্ত্তি ক্রমে নৃমৃগেন্দ্ররূপে প্রকাশ পাইল। নৃমৃগেন্দ্র বলিতে মৃগেন্দ্র অর্থে সমস্ত পশুমূর্ত্তির শ্রেষ্ঠ সিংহ। আর বুদ্ধিমান্ মূর্ত্তির শ্রেষ্ঠ মনুষ্য। চন্দ্র যেমন সমস্ত নক্ষত্রের রাজা, সকল নক্ষত্রের প্রভার সহিত চন্দ্রের প্রভার আধিক্যে চন্দ্র বলিতে নক্ষত্র সমূহকে অন্তর্ভূত ধরিতে হয়, তদ্রূপ মৃগেন্দ্র বলিতে সমস্ত পশুর সার বুঝিতে হয়। মৃগেন্দ্র বলিতে সকল প্রাণিময়, সকল তত্ত্বময়, সর্ব্বভূতময়, সর্ব্বমূর্ত্তিময় বুঝান হইল। অজ্ঞানী পূর্ব্বে কখন সর্ব্বভূতময় ব্রহ্মত্বের উপলব্ধি করে নাই; উহা জ্ঞানে কি উপকার তাহা জ্ঞাত নহে; ভীমরূপ দর্শনে অত্যন্ত ভীত হইল, ; আত্মরক্ষার উপায় স্থির করিতে থাকিল বা বলহীন হইল ইহাই অজ্ঞান ক্ষয়ের প্রথমাবস্থা॥

হে যুধিষ্ঠির! সেই দৈত্যেশ্বর যতই আবির্ভূত নৃসিংহ মূর্ত্তিকে প্রত্যক্ষ করিয়া এটী কোন মূর্ত্তি; এ ভাবের প্রয়োজন কি? ইহা মনে মনে আলোচনা যতই করিতে থাকিল, ততই সেই ভগবদ্ভাবকে ভীষণ বলিয়া বোধ করিতে থাকিল। ৭।৮।১৭

সেই দৈত্যপতি যতই সেই ভীমা মূর্ত্তি দর্শন করিতে থাকিল, ততই যেন তাহার পক্ষে অধিকতর ভীষণতম বলিয়া স্থির হইতে থাকিল। যেন সেই সিংহবদনে, প্রজ্বলিত অগ্নিমধ্যস্থ বিগলিত সুবর্ণসম নয়নযুগল উজ্বল হইয়াছিল; তাহাতে ভীষণ বিস্তীর্ণ আনন ছিল, যেন কেশর সমূহ স্থির ও কম্পিত হইতেছিল; যেন দীর্ঘ দংষ্ট্রা বিকশিত ছিল। যেন ভীষণ তীক্ষ্ণাগ্র ক্ষুরের ন্যায় কণ্টকিত জিহ্বা লক্ লক্ করিয়া সঞ্চালন ভাব ধারণ করিয়াছিল। যেন তাহতে জযুগল ভীষণ ও কুটিল কটাক্ষে পরিণত হইতে থাকিল। ৭।৮।১৮

হে ধর্ম্মরাজ! দৈত্যপতি আরো দেখিল; সেই ভীমা মূর্ত্তিতেই শিরোদেশে কর্ণদ্বয় ঊর্দ্ধ ও স্থিরভাবে রহিয়াছে; তথায় বদনের উভয় কপোলদেশ উন্নত গিরির ন্যায় উচ্চ ও ভীষণ থাকাতে, মধ্যস্থ মুখছিদ্র ও নাসাবিবর সমূহ যেন গিরিকন্দর তুল্য অদ্ভুত ও গভীর বোধ হইতেছিল। সেই ভীম দেহ যেন স্বর্গ স্পর্শ করিয়াছিল, দেহে নাতিদীর্ঘ নাতিহ্রস্ব গ্রীবাভাগ ছিল, সেই ভীমা মূর্ত্তির বক্ষঃস্থল অতি বিশাল ভাবে বিস্তীর্ণ ছিল, তাঁহার কটিদেশ অতি সূক্ষ্ম ছিল। ৭। ৮। ১৯

সেই ভীষণ অঙ্গের রোমাবলী শ্বেতবর্ণ থাকায় যেন চন্দ্রের ন্যায় উজ্জ্বল বোধ হইতেছিল; সেই দেহের চতুর্দ্দিকেই অসংখ্য বিশাল করশ্রেণী ছিল, যেই সকল করে নখসমূহ বজ্রের ন্যায় তীক্ষ্ণ ছিল। এতদ্ভিন্ন ভগবান যে সকল অস্ত্রে চিরকাল দৈত্য দানবগণকে পরাভূত করিয়া থাকেন, সেই সকল বজ্র ও চক্র সমূহ কোন কোন করে সজ্জিত ছিল। ৭। ৮। ২০

হে মহারাজ! যখন দৈত্যপতি প্রত্যক্ষে সম্পূর্ণরূপে ভগবানের এই ভীষণ রূপ দর্শন করিল, তখন তাহার মনে এই চিন্তা হইল যে, মহামায়াকৌশলী হরি অনেক ছলনাই জ্ঞাত আছে, এক্ষণে আমায় বধ মানসে এই ভীমামূর্ত্তি ধারণ করিয়াছে। ইহা চিন্তা করিয়া, শেষে ব্রহ্মার বরে আপনাকে অমর ও অজেয় ভাবিয়া, ক্রোধে ও ভয়ে একেবারে উন্মত্ত হইয়া, ভগবানের সেই নৃসিংহমূর্ত্তির প্রতি গদাহস্তে সিংহনাদ করিতে করিতে ধাবিত হইল। ৭। ৮। ২১

হে মহারাজ! যে হরি সমস্ত সত্ত্বগুণের আশ্রয় এবং যিনি প্রলয়কালে সমস্ত অজ্ঞান একেবারে অন্তরে ধারণ করিয়া থাকেন, তাঁহার উপরে অসুরশ্রেষ্ঠ পতিত হইবার মাত্রেই অগ্নিতে পতঙ্গ পতনের ন্যায় অদৃশ্য ও নিস্তেজ হইয়া আসিল। ঈশ্বরে পতিত হইলে অজ্ঞান যে শুদ্ধ হইবে, একথা আশ্চর্য্যজনক নহে॥ ৭। ৮। ২২

ব্যাখ্যা। পূর্ব্বে ব্যাখ্যাতে হইয়াছে ভগবান ভীমভাবে কেন হিরণ্যকশিপুর প্রত্যক্ষ হইলেন। জ্ঞানের সম্মুখে যে অবস্থাটি নির্ভয়রূপে দেখা যায়, অজ্ঞানের সম্মুখে সেই অবস্থাটিকে স্বভাবতঃ ভীমরূপে বোধ হয়; বাস্তবিক ভগবানের মূর্ত্তিতে উদারতা বা ভয়ভাব নাই, যিনি পূর্ণানন্দময় তাঁহাতে চিরানন্দই বিরাজমান। নরসিংহ বলিতে সমস্ত পশুমানব মূর্ত্তিতে অসংখ্য হস্তে অসংখ্য অস্ত্রাদি ধারণ করিয়া অজ্ঞানের ভীম বা প্রতিকূল চিন্তানুসারে বিকাশিত হইলেন; কিন্তু প্রহ্লাদের বা দেবতাদির অভয়-দাতারূপে প্রকাশিত থাকিলেন। একই মূর্ত্তি প্রপন্নের পক্ষে অভয়ানন্দদাতা এবং অজ্ঞানী ও অহংকারীর পক্ষে ভয় প্রদাতা, ইহাই কৌশলে বুঝাইয়া অজ্ঞানের যত ভয় বৃদ্ধি হয় ততই ভয়ের হেতুস্বরূপ আধারকে অজ্ঞানী অতি ভীষণতম দর্শন করেন

এই ভাব বুঝাইতেই পূর্ব্বোক্ত কয় শ্লোকে ভগবানের ভীমামূর্ত্তির কথা প্রকাশ করা হইয়াছে। পরে দ্বাবিংশ শ্লোকে যে অদৃশ্য হইবার কথা বলা হইল, ইহাই তন্ময় ভাবের কথা। একান্ত ভীত ব্যক্তি ভয়ের উৎকর্ষত্ব যত বোধ করে, ততই তাহার অহংকার হ্রাস হইয়া যায়। ততই ভীত অন্তঃকরণ বশীভূত হইতে চায়, ইহা বুঝাইতেই ভগবৎসন্নিধানমাত্রেই হিরণ্যের অহংকার ক্ষয়প্রাপ্ত হইতে থাকিল বা অদৃশ্য হইল বলা হইল। পরে অহংকারের একান্ত ক্ষয়ের কথা বলা হইবে।

হে যুধিষ্ঠির! ক্ষণপরে দৈত্যপতি ভীষণ গর্জ্জন করিতে করিতে মহা ক্রোধে আপনার ভীষণ গদা লইয়া সেই নৃসিংহ মূর্ত্তিকে আঘাত করিতে থাকিল। তখন গরুড় যেমন অনায়াসে মহাসর্প ধারণ করে, তদ্রূপ ভগবান তাহাকে অনায়াসে গদার সহিত ধারণ করিলেন। ধৃত হইলেও অসুরপতির তেজ একেবারে ক্ষয় হইল না, সে পুনরায় হস্ত হইতে নিঃসৃত হইয়া গরুড়মুখচ্যুত সর্পের ন্যায় গর্জ্জন করিতে থাকিল; সেই ভীষণ বিক্রমে স্বর্গবাসীগণ আপনাপন স্বর্গপুরে স্থির ও নির্ভয়ে থাকিতে না পারিয়া মহাভয়ে মেঘবৃন্দের অন্তরালে লুক্কায়িত থাকিলেন এবং দেবতাগণ যেন ভগবানের সাহায্য করিতে সাহস করিতেছেন না, এই জন্য তাহাদের নিন্দা করিতে থাকিলেন। ৭। ৮২৩। ২৪

হে ধর্ম্মরাজ! সেই মহাসুর ভগবানের হস্ত হইতে মুক্ত হইয়া, তদ্দণ্ডেই মনে ভাবিল যে, এই হরি বুঝি আমার বলে ভীত হইয়া ত্যাগ করিয়াছে; ইহা স্থির করিয়া তৎক্ষণাৎ রণশ্রম দূর করিয়া খড়গ ও চর্ম্ম হস্তে বেগে ভগবানের উপরে ধাবিত হইল। ৭। ৮। ২৫

হে ধর্ম্মরাজ! এই দ্বিতীয়াক্রমণ কালে সেই অসুরের বল প্রদর্শনের কথা আর কি বলিব। যেমন উচ্চ আকাশ হইতে শ্যেন পক্ষী বেগে কোন নিম্নস্থ পক্ষীপ্রতি ধাবিত হয়, তদ্রূপ সেই অসুর ভগবান নৃহরিমূর্ত্তির প্রতি ধাবিতহইল; তখন তাহার অসি ও চর্ম্ম এত দ্রুত চালিত হইতে লাগিল যে, চালন পথে যেন শত শত চন্দ্রের উদয় হইতে থাকিল অতি কৌশলে কখন ঊর্দ্ধে, কখন নিম্নে থাকিয়া, সমর করিতে থাকিলে, দর্পহারী হরি নির্ব্বোধ অসুরের একান্ত গর্ব্ব দর্শন করিয়া এক ভীষণ অট্টহাস্য হাসিলেন, সেই হাস্যভয়ে অসুরের সমস্ত বল একেবারে ক্ষীণ হইল, তখন হিরণ্যকশিপু ভয়ে নিমীলিতাক্ষ হইয়া থাকিলে, ত্বরায় তাহার রণগর্ব্ব তৃপ্ত করিতে হরি তাহাকে ধারণ করিলেন। ৭। ৮। ২৬

হে যুধিষ্ঠির! সর্প অনায়াসে মূষিককে ধারণ করিলে সে যেমন প্রাণভয়ে আত্ম-

রক্ষার জন্য কাতর হইয়া সর্পমুখে ধৃত থাকিয়াও চতুর্দ্দিকে পলায়নচেষ্টা করে, তদ্রূপ এক সময়ে যে দৈত্যপতির অঙ্গ ইন্দ্রের বজ্রাঘাতেও ক্ষত হয় নাই, অদ্যসেই মহাবলীকে ভগবান তাহারই সভাদ্বারে নিজ উরুদেশের উপর ধারণ করিলে, সে পলায়ন চেষ্টা করিতে থাকিল। গরুড় যেমন মহা বিষধর সর্পরাজকে ধরিয়া নিজ নখে অনায়াসে বিদীর্ণ করে, তদ্রূপ হরি অবহেলায় তাহার বক্ষঃ নিজ নখে বিদীর্ণ করিলেন। ৭। ৮। ২৭

হে ধর্ম্মরাজ! সেই সভাস্থলে দৈত্যপতির আর যে সকল ভয়ানক ক্রূর অনুচর ও সহচরগণ তাহাকে সতত সাহায্য করিত, ভগবান আপনার অপর সহস্র সহস্র হস্তে, ধারণ করিয়া তাহাদের বক্ষঃ বিদীর্ণ করিলেন। মৃগরাজ যেমন মত্তহস্তীর কুম্ভ ভেদ করিয়া শোণিত পান করিয়া আপনার শৃক্কনীদ্বয়কে রক্তাক্ত করে, তদ্রূপ ভগবান সেই সকল অসুরের বক্ষঃস্থ শোণিত আপন লোল জিহ্বায় বিলেহিত করিতে থাকিলেন। তাঁহার বদন বিস্তীর্ণ এবং কেশর সমূহ সরল হইয়া উঠিল, তাঁহার সর্ব্বাঙ্গ অসুরগণের শিরা ও নাড়ীতে ভূষিত হইল; তাঁহার ভীমলোচন যেন রক্তবর্ণ হইয়া সকলের দুর্নিরীক্ষ্য হইয়া উঠিল। ৭। ৮। ২৮

ব্যাখ্যা। ভগবানের হস্তে ধৃত হইয়া আবার মুক্ত হইবার তাৎপর্য্য এই—বিষয় ভোগজনিত অহংকারের এত তেজ যে, ভগবানের সন্নিহিত এমন কি অন্তরস্থ হইয়াও বশ্যতা স্বীকার করে না; অর্থাৎ ভোগের অহংকার কখনই ক্ষয় হয় না। যেমন বিষ কখন অমৃত হইতে পারে না; সেইরূপ লোভাদি রিপু এবং ভোগজন্য অহংকারাদি বৃত্তি শক্তি কখনই ভগবৎপর হইতে পারে না। অর্থাৎ তমোগুণ কখনই সত্ত্বগুণ হইতে পারে না। তমের স্থানে যখন সত্ত্বের আবির্ভাব হয়, তখন তমের তিরোধান হয়, নাশ হয় না। কোন বস্তু বা পদার্থের নাশ নাই, পরিবর্তন আছে মাত্র। অহংকার থাকিতে ভোগের ক্ষয় হয় না, ভোগ ক্ষয় না হইলে সত্ত্বগুণের আবির্ভাব হয় না, ইহা বুঝাইতেই হিরণ্যকশিপু, ভগবান কর্তৃক ধৃত হইয়াও তৎপার্ষদ হইল না বলা হইল। কারণ ভগবানের নিজগুণময়করণ স্বভাব তাঁহাকে নিত্য বর্তমান, কিন্তু অসুরের তাহা ঘটিল না।

দৌর্জ্জন্য নাশ করিয়া সাত্ত্বিক ভাব দান করাই হরির সৃষ্টি রক্ষার প্রধান উপায়, ইহা বুঝাইতেই ভগবান, ভোগপর জীবের হৃদয় হইতে অহংকার পৃথক করিবার জন্য ভীমতম মূর্ত্তি ধারণ করিলেন। যে ব্যক্তি গর্ব্বিত সে বিনয়ীর সমীপে কখনই বিনীত বা হীন হয় না, কিন্তু নিজ গর্ব্বিত ব্যক্তির নিকটে হীন হয়। যে অধিক বলীাপেক্ষা, সে মহাবলীর নিকটে ভীত হয়, এই স্বাভাবিক নিয়মে ঈশ্বর নিজের প্রকৃতিকে ভীষণ

করিয়া হিরণ্যের ন্যায় ইন্দ্ররূপী ইন্দ্রিয় ও মনবিজয়ী অজ্ঞান ভাবকে কাতর করিলেন, শেষে অসংখ্য হস্তের, মধ্যে কোন কোন হস্তে অসুর পতিকে এবং কোন কোন হস্তে অসুর সহচর সমস্তকে ধারণ করিয়া বধ করিতে থাকিলেন। কাম ক্রোধাদিই অসুরের সহচর ও অনুচর এবং অহংকাররূপী মূর্ত্তিমান্ অজ্ঞানই স্বয়ং দৈত্যপতি। অজ্ঞানের সহিত রিপু সমূহের উচ্ছেদ, কোন জীবের হৃদয় হইতে না করিতে পারিলে কখনই তাহার সাত্ত্বিক পরিবর্ত্তন ঘটিতে পারে না। এস্থলে অসুরজাতিকে নিজ হস্তে ধরিয়া উরুতে রাখিয়া নিজ নখে অবহেলায় বিনাশ করিলেন। ইহার তাৎপর্য্য এই—ভগবানের সত্ত্বা ও বিক্রমই হস্তরূপে সর্ব্বত্র বর্ত্তমান, অসুরের সত্তাধারে বা হৃদয়ে ভগবান অবির্ভূত হইয়া নিজ উরুতে রাখিয়া বধ করিলেন। সকলের শোণিত পান করিলেন, সকলের শিরা ও নাড়ী প্রভৃতি ভূষণ করিলেন। অর্থাৎ ভগবানের বিরাট কল্পনায় উরুস্থানই পাতাল অর্থাৎ অজ্ঞানময় স্থান; মন্দ বা অজ্ঞানের শক্তি সমূহ শোণিত ও নাড়ীরূপে জীবশক্তি ভাবে কল্পিত, এই জন্য ভগবদতীত কোন স্থান নাই, ইহা বুঝাইতেই ঐ রূপে কল্পনা করা হইল। আর অজ্ঞানজন্য অহংকারক্ষয়ে ক্রমে সত্ত্ব স্ফূর্ত্তি কিরূপে হয়, তাহাই পরে প্রকাশ হইতেছে।

হে মহারাজ! এই রূপে সেই ভগবান নৃহরিমূর্ত্তিতে দৈত্যপতির হৃদয়কমল নিজ নখাঙ্কুরে বিদীর্ণ ও উৎপাটিত করিয়া, তাহাকে ভূতলে পরিত্যাগ করতঃ স্বদীয় পক্ষে যে সকল শস্ত্রধারী অসুরগণ ছিল, তাহাদের হৃদয়ও ঐ রূপে নখে বিদীর্ণ করিয়া ফেলিলেন। ৭। ৮। ২৯

ব্যাখ্যা। এস্থলে হৃদয় শব্দে অবিদ্যা সংস্কারাত্মক মন বুঝিতে হইবে। অসুর-পতির অপরাপর ভোগবৃত্তি সমূহ এবং অহংবৃত্তি সমস্তই অসুর সহচররূপে গণ্য। মানব জন্মেই অসুর বৃত্তিমান্ বা রাক্ষস বৃত্তিমান হওয়া যায় এবং ভগবান যে কেবল সেই সকল বৃত্তিরই বিশুদ্ধি ঘটাইয়া সৃষ্টিকে যথানিয়মে স্বধর্ম্মে রক্ষা করেন একথা গীতা শাস্ত্রে বলা হইয়াছে এবং আমিও ইতি পূর্ব্বে বিশেষ বুঝাইয়াছি:—শ্রীগীতা কহিতেছেন—

"অবজানন্তি মাং মূঢ়াঃ মানুষীং তনুমাশ্রিতম্।
পরং ভাবমজানন্তো মমভূতমহেশ্বরম্॥
মোঘাশা মোঘকর্ম্মাণো মোঘজ্ঞানা বিচেতসঃ।
রাক্ষসীমাসুরীঞ্চৈব প্রকৃতিং মোহিনীং শ্রিতাঃ॥"

অন্বয়ার্থঃ—হে অর্জ্জুন ; যাহারা আমাকে সর্ব্বভূতের ও ব্রহ্মাণ্ডের অন্তর্যামী সর্ব্ব-নিয়ন্তা পরমেশ্বর বলিয়া বোধ করিতে অক্ষম হয়, তাহারাই জীবজগতে মূঢ় বা অজ্ঞানী হইয়া থাকে। মত্তত্ত্ববিষয়ে অজ্ঞ থাকিয়া দেহাত্মবাদী হইয়া, সেই সকল ব্যক্তি যে সকল পবিত্র কর্ম্ম, পবিত্র ইচ্ছা বা পবিত্র ভোগের অনুষ্ঠান করে, তাহা ব্যর্থ হইয়া থাকে। ক্রমে তাহারা প্রত্যক্ষমোহকারিণী আসুরী ও রাক্ষসী প্রকৃতিমান্ হইয়া যায়।

এইরূপ উৎপথগামী ও কুবৃত্তিমান্ হইলে জীবলোকের ভীষণ অমঙ্গল সাধিত হয়, সেই অমঙ্গল ক্ষয় করাই ভগবানের আবির্ভাবের হেতু হইয়া থাকে। এস্থলে হিরণ্য-কশিপুর হৃদয়ে ভগবানের ভীম ভাবের প্রতিমা পতিত হইবার মাত্রেই তাহার অবিদ্যাক্রান্ত হৃদয়সংস্কার বিদীর্ণ হইল, কাম লোভ ক্রোধাদি বৃত্তি রূপী সহচরগণও ঐ রূপে বিদীর্ণ হইল। শেষে ভগবান দুষ্প্রকৃতি নাশ করিয়া কিরূপে বিশুদ্ধ হৃদয় রাজ্য অধিকার করেন, তাহা পরে বলা হইতেছে।

হে ধর্ম্মরাজ! এই অসুর বিনাশকারী হরিমূর্ত্তির ভীষণ ভাব যত দূর ভীষণ হইয়াছিল, তাহা শ্রবণ করুনঃ—ভগবানের শিরোদেশে জটা সমূহ কম্পিত ও সরল হওয়াতে গগনমণ্ডলের মেঘদাম যেন স্পৃষ্ট হইতে থাকিল। তাঁহার ভীম চক্ষুর দৃষ্টি-যেন সমস্ত গ্রহউল্কাপিণ্ডতেজকে স্তিমিত করিয়া ফেলিল। তাঁহার শ্বাস বায়ুর প্রবল বেগে মেঘশ্রেণী যেন ঝটিকাঘাতে ছিন্ন ভিন্ন হইতে থাকিল। দৈত্যবধকালিন তাঁহার সিংহনাদে দিক্‌হস্তী সমূহ কাতর হইয়া চীৎকার করিতে থাকিল। যখন ক্রোধে তাঁহার শিরের জটাজাল ইতস্ততঃ সঞ্চালিত হইতেছিল, তখন স্বর্গপুরীর পুণ্যবিমান সমূহ গতিহীন হইয়া যেন স্বস্থান হইতে ঊর্দ্ধে উঠিতে থাকিল ; এবং পদভরে মেদিনী যেন রসাতলে নীত হইতে থাকিল। তাঁহার অঙ্গ চালনে কুলাচল সমূহ চূর্ণ বিচূর্ণ হইল এবং তাঁহার অঙ্গজ্যোতিতে আকাশ হইতে সকল দিক্‌জ্যোতি হীনপ্রভ হইয়া উঠিল। ৭।৮।৩০।৩১

হে মহারাজ! এইরূপে সর্ব্বশক্তিমান্ ভগবান ব্রহ্মাণ্ডবিজয়ী ভাবে নিজ ভক্তকে অনুগৃহীত করিবার জন্য, সেই দৈত্যসভায় অসুরবল একেবারে ক্ষয় করিয়া, উত্তম সিংহাসনে উপবেশন করিলেন। তখনও তাঁহার ভাবের ও বদনের ভীষণত্ব এত ভয়ানক হইয়াছিল যে, অনুগত জনের মধ্যে কাহারও তাহার সেবা করিতে সাহস হইল না। ৭।৮।৩২

ব্যাখ্যা একত্রিংশতি পর্য্যন্ত শ্লোকে ভগবানের ভীমভাব ব্রহ্মাণ্ডের সকল পদার্থের ভয়োৎপাদক এবং তাঁহার শক্তিই যে সকলের শক্তিকে পরাভূত করিতে পারে, ইহা

বুঝাইতেই এইরূপ বর্ণনা করা হইল, পরে দ্বাত্রিংশতি শ্লোকে জীবের হৃদয়রাজ্য অধিকারের কথা বলা হইল। পূর্ব্বে বলা হইয়াছে মনোময়দেহ বা সূক্ষ্ম দেহ সত্তায় কাম ক্রোধাদি অনুচরগণের সহিত ঘোর অহংকারকে উৎপাটিত করিয়া, প্রহ্লাদরূপী সর্ব্বানন্দ ভক্তিভাব, যাহা ভক্তের প্রকৃত আদর্শভাব, তাহা স্থাপন করিতে, ভক্তির যে প্রকৃত লক্ষ্য ভগবৎপাদারবিন্দ দর্শন, সেই কথার সার্থকতা সম্পাদন করিতে শ্রীব্যাস-দেব ভগবানকে হিরণ্ময় হৃদয় সিংহাসনে উপবেশন করাইলেন। এতক্ষণে ভক্তের বাহ্যান্তরে ভগবান প্রত্যক্ষীভূত হইয়া অভয় ও অমৃত দান করিতে প্রস্তুত হইলেন, এইজন্য এই সিংহাসনের বিশেষণ উত্তম দেওয়া হইয়াছে। উত্তম বলিতে উদ্গত হইয়াছে তমোগুণ যাহা হইতে; পূর্ণ বিশুদ্ধাবস্থা। ভীমভাব স্তুতিদ্বারা শান্তিপূর্ণ করিয়া সেবা করিতে হয়, ইহাই শাস্ত্রবিধি; কারণ ভীমের সেবাকরা শাস্ত্র কহেন নাই, তাহাতে মনস্থির হয় না। এই জন্যই এস্থলে ভগবানের সেবা হইল না।

হে ধর্ম্মরাজ! যখন বিশ্বের চতুর্দ্দিকে দুঃখহারী ভগবান কর্ত্তৃক ত্রিলোকের যন্ত্রণা দায়ক আদিদৈত্যের বধ কথা প্রচারিত হইল, সেই দণ্ডেই স্বর্গবাসী দেবকন্যাগণ আনন্দে আকুল হইয়া, আকাশপটে আসিয়া সেই ভগবানের (চরণ) লক্ষ্য করিয়া কুসুমবর্ষণ করিতে থাকিলেন। ৭। ৮। ৩৩

স্বর্গবাসী দেবতাগণ, সেই ত্রিতাপহারী হরির নৃসিংহমূর্ত্তি দেখিতে আপন আপন বিমানবর্গে চাপিয়া আসিতে থাকিলেন; তাহাতে রথশ্রেণীর সমাবেশে গগনতল আচ্ছন্ন হইয়া উঠিল। তাঁহারা প্রতিরথে চড়িয়া আনন্দে আনকদুন্দুভিধ্বনি করিয়া ভগবৎ লীলা গান করিতে থাকিলেন।

এমন সময়ে সেই স্থানে একে একে সনকাদি ব্রহ্মর্ষিগণ, স্বয়ং বিধাতা, ইন্দ্র এবং মহেশ্বর প্রভৃতি দেবমুখ্যগণ উপস্থিত হইলেন। তাঁহাদের অনুবর্ত্তী হইয়া ভৃগু-নারদাদি ঋষিগণ, পিতৃগন সিদ্ধগণ, বিদ্যাধর ও নাগগণ, মনুগণ, বায়ু বরুণাদি প্রজাপতিগণ, গন্ধর্ব্ব অপ্সর ও চারণগণ, যক্ষ ও কিংপুরুষগণ, কিন্নরগণের সহিত বেতাল সমূহ এবং কুমুদ সুনন্দ প্রভৃতি বিষ্ণুপার্ষদগণ একে একে আসিয়া উপস্থিত হইলেন। ৭। ৮। ৩৪। ৩৫

ব্যাখ্যা। দেবী বলিতে দ্যোতনাত্মিকা সাত্ত্বিকী প্রকৃতি। যখন অবিদ্যানাশ হইল, কামক্রোধাদির বিলোপ ঘটিল, ভগবান আপন তেজে হৃদয় অধিকার করিলেন, তখন দেবী বা সাত্ত্বিকবৃত্তিগণ হৃদয়গগণে আপনাপন মহিমা কুসুম লইয়া ভগবচ্চরণে অর্পণ করিতে জীবের হৃদয়ে আবির্ভূত হইলেন; সাত্ত্বিকবৃত্তি সমূহের আবির্ভাব হইলেই,

সত্ত্বগুণের ভোগকর্ত্তা ও শক্তি বিধাতা সমস্ত দেবতা, কিন্নর অপ্সরাদিরূপী সৌভাগ্য সমূহের উদয় হইয়া থাকে। ইহা বুঝাইতে ব্রহ্মাদি দেবতা রূপীজ্ঞান-বিজ্ঞান ও সম্মতি প্রভৃতি, অপ্সরাদিরূপী আনন্দ প্রভৃতি এবং যশঃ শ্রীসৌভাগ্যাদিরূপী পিতৃ, বিদ্যাধর, নাগ, মনু, কিন্নর প্রভৃতি সিদ্ধ, দেবতাদিরূপী সিদ্ধি সমস্ত, প্রজাপতিরূপী আরোগ্যাদি সমস্ত এবং বিষ্ণুপার্ষদাদি রূপী ভগবন্মতি প্রভৃতির আবেশ হইল। ইহাই জীবন্মুক্তাবস্থায় ঘটিয়া থাকে। জীবের হৃদয়ে ভগবানের আবির্ভাব ঘটিলে, এইরূপ সৌভাগ্যের উদয় হয়। এই অবস্থা উপস্থিত হইলে, ঐ সকল সৎবৃত্তি সমস্ত জীবের হৃদয়ে থাকিয়া ঈশ্বরানুগত ভাবের উদ্দীপনা করিয়া থাকে। তাহাই পরে স্তবরূপে প্রকাশ হইবে।

হে ধর্ম্মরাজ! এই সকল দেবতা, কিন্নর, ঋষি, পিতৃগণে ভগবানের সম্মুখে উপস্থিত হইয়া সেই তীব্র তেজোধারী সিংহাসনাসীন নৃহরিমূর্ত্তির স্তব একে একে কৃতাঞ্জলি হইয়া করিতে থাকিলেন। ৭। ৮। ৩৬

সর্ব্বাগ্রে শ্রীব্রহ্মা কহিলেন ঃ—

যিনি অব্যয়, যিনি এই বিশ্বের স্থিতি বর্দ্ধন ও হরণাদি কার্য্যের নিয়ন্তা, যিনি সকল প্রাণীর আত্মা হইয়া প্রাণীগৃহে ক্রীড়া করেন; যিনি পবিত্রকর্ম্মা, যাঁহার বীর্য্য সতত্ই অদ্ভুত বলিয়া বোধ হইয়া থাকে, যাঁহার শক্তির পরিমাণ হয় না; যিনি অপরিচ্ছেদ্য ও সর্ব্বান্তর্যামী ; সেই হরি নৃহরিমূর্ত্তি ধরিয়া সম্মুখে বিরাজ করিতেছেন, আমি প্রণাম করি ৭। ৮। ৩৭

শ্রীরুদ্র কহিলেন ঃ—

হে ভগবন্! আমি স্বয়ং কাল; আমিতো আপনার আবির্ভাবের কাল জ্ঞাত আছি, যখন সহস্র যুগান্তে মহাপ্রলয়কাল উপস্থিত হয়, তখনি আপনি ক্রোধময়ী মূর্ত্তি পরিগ্রহ করিয়া থাকেন। এই সামান্য অসুরবধের জন্য আপনার এরূপ ভীমমূর্ত্তি অধিকক্ষণ রক্ষাকরা উচিত হয় না। আমি বুঝিয়াছি ভক্ত রক্ষার কারণ আপনি অসময়ে ও সকল কার্য্যই এই ভাবে করেন। অতএব এক্ষণে কার্য্য শেষ হইয়াছে। দৈত্যকুমার প্রহ্লাদ আপনার পরম ভক্ত, আপনি ভক্তবৎসল, অতএব শান্তমূর্ত্তি ধারণ করিয়া উঁহাকে প্রসাদিত করুণ। ৭। ৮। ৩৮

শ্রীইন্দ্র কহিলেন ঃ—

হে নরসিংহরূপে আবির্ভূত হরি! আপনার এই রূপ ধারণের তাৎপর্য্য আমি বুঝিয়াছি। আপনি অন্তর্যামী এবং আমাদের হৃদয়ই আপনার আবাস স্থল। দুরাত্মা দৈত্যগণ আমাদের যজ্ঞভাগ হরণ করিয়া সতত উৎপীড়ন করাতে, উহারে আমাদের হৃদয় অন্ধকারময় হইয়াছিল; এই হেতু আমরা আপনার মুখকমল দেখিতে

পাইতাম না; এই কার্য্য করিয়া আপনি আমাদের দৈত্যহৃত যজ্ঞভোগাদি ঐশ্বর্য্য দান করিয়া আমাদের প্রসাদিত করিলেন। কিন্তু হায়! ঐশ্বর্য্য কি ছারবস্তু; মুক্তিকেও আমরা সামান্য জ্ঞান করিয়া থাকি, যদি এই ভাবে চিরকাল আপনার দর্শন ও স্পর্শন-জাত সেবা করিতে পাই। ৭। ৮। ৩৯

ব্যাখ্যা। ব্রহ্মা বেদ বা বিজ্ঞান ঈশ্বরকে যে ভাবে বুঝেন, তাহা তৎস্তবে প্রকাশ হইল। কাল যে, ভাবে বুঝেন তাহা রুদ্রস্তবে প্রকাশ হইল। ইন্দ্র অর্থাৎ সমস্ত ইন্দ্রিয়াধিপতি যে ভাব প্রকাশ করিলেন, তাহাতে হিরণ্যকশিপু সংহার ভাবের সমস্ত কথাই প্রকাশ হইল। ইন্দ্রিয়াদি হৃদয়ের প্রকাশক। ইন্দ্রিয়াদি মনোবৃত্তি-পর হইলে, সূক্ষ্মসত্ত্বা ভগবৎসত্ত্বা অনুভবে অক্ষম হয়, এবং সত্ত্বগুণময় হইলে তদনুভবে তৃপ্ত হয়। এই সাত্ত্বিক অনুষ্ঠানই যজ্ঞরূপে শাস্ত্রে কথিত, তদনুভবই যজ্ঞ হয়। এক্ষণে সত্ত্বগুণাক্রান্ত হৃদয় পাইয়া ইন্দ্রিয়াধিপতি বলিতেছেন—আপনি অন্তর্যামী অর্থাৎ যাহার যাহা প্রয়োজন তাহা জানেন। মনুষ্য জীবনে ভগবৎসেবা ব্যতীত অন্য লাভ নাই, অসুর প্রকৃতি উপস্থিত হইয়া সেই হৃদয় যখন পীড়ন করে, সত্ত্ব-গুণের লোপ ঘটায়, তখনই ভক্তির ক্ষমতায় হরি আপনি আবির্ভূত হইয়া অসুর প্রবৃত্তি রূপী মহা মহা দৈত্য বধ করিয়া, জীবকে সত্ত্বরাজ্য বা পুণ্য ভোগ করাইয়া থাকেন। এই পুণ্যরূপী ঐশ্বর্য্য হইতে মুক্তি পর্য্যন্তে যখন আপনার দর্শন অর্থাৎ ভগবৎভাবের অপেক্ষা করে, তখন ঐ সকল ঐশ্বর্য্যকামনা অপেক্ষা তদীয় সেবা বা অনুসন্ধানই সর্ব্বশ্রেষ্ঠ। তাহাতেই সকল শান্তি বিরাজ করিয়া থাকে। অতএব নৃহরিমূর্ত্তি প্রভৃতি ভীমভাব কেবল অনুগ্রহহেতু ইহাই ইন্দ্র স্তবে বুঝান হইল।

হে ধর্ম্মরাজ! পরে ঋষিগণ কহিলেন:—

হে ভগবন্! আপনার এই ভাব ধারণের প্রয়োজন আমরা বুঝিয়াছি; প্রলয়কালে যখন আপনাতে এই সমস্ত বিশ্বসৃষ্টি লীন হয়, পরে আপনি স্বয়ং ধ্যান তপস্যা যোগে এই বিশ্বকে পূর্ব্বের ন্যায় পুনরায় সৃষ্টিকালে সৃজন করিয়া থাকেন এবং কে তপো-বলে আমরা আপনারই সেবা করিয়া থাকি, সেই তপস্যা নামক পরম বল দুষ্ট দৈত্য কর্ত্তৃক সংসার হইতে বিলুপ্তপ্রায় হইয়াছিল, আপনি অনুগতজনকে রক্ষা করিতে, ভক্তগণকে পুনরায় তপোপ্রভাব দান করিতেই, এই ভীষণ ভাব ধারণ করিয়া দৈত্য নিগ্রহ করিলেন। আপনার এই অনুগ্রহমূর্ত্তিকে আমরা নমস্কার করি। ৭। ৮। ৪০

হে রাজন্! পিতৃগণ কহিলেন:—

যে দুরাত্মা অসুর, আমাদের পুত্রগণ কর্ত্তৃক পিণ্ডদানাদি শ্রাদ্ধ ক্রিয়া একেবারে লোপ

করিয়া স্বয়ং সমস্ত শ্রাদ্ধোপকরণ ভোগ করিত। যে দুষ্ট তীর্থাদি শ্রাদ্ধে আমাদের জন্য তিলোদকাদি বংশজগণ কর্তৃক প্রদত্ত হইলে, তাহাও লোপ সাধন করিয়া স্বয়ং সেই শ্রাদ্ধবারি পান করিত; সেই ভীষণ অসুরকে যে দেবতা বক্ষবিদীর্ণ করিয়া সংহার করিয়াছেন, সংসারের সকল ধর্ম্মমর্য্যাদা রক্ষাকারী এই নৃহরিমূর্ত্তিকে আমরা প্রণাম করি। ৭। ৮। ৪১

সিদ্ধগণে প্রণাম করিতে করিতে কহিলেন ঃ—

যে ভীষণ অসুর বহু আয়াস বলে, আমাদের পরমার্থ ভোগের উপযুক্ত অণিমাদি সিদ্ধি সমস্তকে অধিকার করিয়া অপব্যবহার করিতে থাকিত; সেই মহা অসাধু ও মহাদর্পীকে যিনি নখাঘাতে বিদীর্ণবক্ষ করিয়াছেন, সেই নৃসিংহদেবকে আমরা প্রণাম করি। ৭। ৮। ৪২

পরে বিদ্যাধরগণ কহিলেন ঃ—

বহু সাধনা বলে যে মায়াবিদ্যাকে আশ্রয় করিয়া আমরা কামচারী হইয়া ব্রহ্মাণ্ডের অন্তরে অন্তর্যামী থাকি; সেই মায়াবিদ্যাকে যে ব্যক্তি নাশ করিয়াছিল, সেই অজ্ঞ, বল-বীর্য্যদর্পী ভীষণ অসুরকে যিনি সামান্য আয়াসে নিহত করিয়াছেন, সেই মায়ীপুরুষ নৃসিংহদেবকে আমরা নিত্য নিত্য প্রণাম করি। ৭। ৮। ৪৩

নাগগণে কহিলেন ঃ—

যে মহাপাপী আমাদের সমস্ত রত্নরূপী ঐশ্বর্য্য ও সুন্দরী স্ত্রীরত্নসমূহ আপনার যথেচ্ছা ভোগের জন্য হরণ করিয়া লইয়াছিল; সেই দুষ্টের বক্ষ বিদীর্ণ করিয়া, যিনি আমাদের অশেষ আনন্দ বিধান করিয়াছেন, তাঁহাকে আমরা নমস্কার করি। ৭। ৮। ৪৪

অনন্তর মন্বন্তরাধিপতি মনুগণ বদ্ধাঞ্জলি হইয়া ভগবানকে কহিলেন ঃ—

হে ভগবন্! আমরা আপনার আদেশ প্রতিপালনকারী মন্বন্তরাধিপতি হইতেছি। এই দুষ্ট দিতিনন্দন কর্তৃক আপনার বেদ প্রদর্শিত বর্ণাশ্রমমর্য্যাদা একেবারে উৎসন্ন হইয়াছিল। হে প্রভু! এক্ষণে আপনি এই দুষ্টচরিত্রকে বধ করিয়াছেন; আমরাও সম্মুখে উপস্থিত আছি, এক্ষণে এই দাসগণকে কিরূপে মর্য্যাদা রক্ষা করিতে হইবে, সেই শিক্ষা প্রদান করুন। ৭। ৮। ৪৫

পরে প্রজাপতিগণ কৃতাঞ্জলি হইয়া কহিলেন ঃ—

আমরা আপনার সৃষ্ট প্রজাপতি হইতেছি; আমরা আপনার ক্ষমতার আশ্রয়ে বিশ্বে সমস্ত প্রজাই সৃজন করিয়া থাকি; কিন্তু এই দৈত্যের বলদর্পিত নিষেধে সৃজন কার্য্যে অক্ষম ছিলাম; আপনি ঐ দুষ্টকে বক্ষবিদীর্ণ করিয়া নিহত করিয়াছেন; এক্ষণে আমরা নির্ব্বিঘ্নে সৃষ্টি কার্য্য করিব। আমরা বুঝিয়াছি যে আপনার এই নৃহরি মূর্ত্তি কেবল জগতের মঙ্গলের জন্যই অবতীর্ণ হইয়াছে, আপনাকে নমস্কার করি। ৭। ৮। ৪৬

ব্যাখ্যা। সত্ত্বগুণের অপলাপ হইলে এবং অজ্ঞতা ও অহংকারের প্রচার হইলে, যে সকল দুর্দ্দশা বিশ্বে ও জীবদেহে প্রকাশ হয়, তাহাই সৌভাগ্যশক্তি সমূহের দ্বারা স্তুতিরূপে বর্ণনা করা হইয়াছে। অজ্ঞানের আবির্ভাবে তপস্যার মধ্যে বিজ্ঞানের আবির্ভাব লোপ হয়, কিন্তু অজ্ঞানযোগে তপস্যা করিলে দীর্ঘজীবনাদি স্থূলগুণ লাভ হইয়া থাকে, অসুরভাবে উহাই তপস্যায় গ্রহণ করিয়া পরমার্থ লোপ করে, ইহাই ঋষিগণের উক্তিতে প্রকাশ হইল। শ্রাদ্ধাদি ক্রিয়ায় পূর্ব্বপুরুষ ও দেবতাদিতে শ্রদ্ধা থাকে, অজ্ঞান বা অহংকারী স্থূল দেহের সম্মান ও শ্রদ্ধাতেই ব্যস্ত থাকিয়া তাহাই অনুষ্ঠান করে, তাহাতে লৌকিকী মঙ্গল লোপ হয়; ইহাই পিতৃগণের উক্তিতে প্রকাশ হইল। অণিমাদি অষ্টসিদ্ধি লাভ করিলে ভক্তের বা সাধকের পরমার্থ চিন্তার ও বিজ্ঞান বৃদ্ধির উপকার হয়; ভোগী তাহা না করিয়া চেষ্টাবলে ঐ সিদ্ধি শক্তি সমূহ আহরণ করিয়া, বিষয় ভোগে ব্যবহার করে, তাহাতে পরমার্থ চেষ্টা লোপ হয়, ইহাই সিদ্ধের স্তবে প্রকাশ হইল। পরে আধ্যাত্মিকী বিদ্যাবলে মনকে কামচারী বা সর্ব্বজ্ঞ করা যায়।

কিন্তু ভোগপর মন সে ভাবে না গিয়া সুখানুভব শক্তিকে বিষয়নিরত করে, ইহাতে সেই সর্ব্বজ্ঞতার উপকার লোপ হয়; ইহাই বিদ্যাধরোক্তিতে প্রকাশ পাইল। নাগগুলি পুণ্যকর্ম্মসংযুক্ত বিষয়ী বুঝিতে হইবে। অহংকারী ও অনাচারী হইলে পরধন ও সুন্দরী পরস্ত্রী হরণের ইচ্ছা প্রবল হওয়াতে জীবের পক্ষে নাগের ন্যায় সুখে বিষয়ভোগ হয় না, তদুক্তিতে বলা হইল। অজ্ঞানের ও অশ্রদ্ধার প্রকাশ হইলে বর্ণাশ্রমমর্য্যাদা কেহ মানে না, ব্রাহ্মণ চণ্ডালের ধর্ম্ম, চণ্ডাল ব্রাহ্মণধর্ম্ম আশ্রয় করে; ইহাতে সৃষ্টির সুকৌশল ক্ষয় হয়, প্রজা জারজভাবাক্রান্ত ও কদাচারী হয়, ইহাই মনুগণের উক্তিতে বুঝান হইল। অজ্ঞান ও তমোগুণের অত্যন্ত প্রচার হইলে ক্রমে বল ও বীর্য্যের ক্ষয়ে বংশলোপ হয়, ইহাই প্রজাপতিগণের সৃজন কথায় বলা হইল। এই রূপে পৌরাণিক নিয়মে উক্তি প্রত্যুক্তিতে পরমার্থ সমস্ত প্রকাশিত হইয়া থাকে। এই যে জীব ও ব্রহ্মাণ্ড ব্যাপী অমঙ্গলভাব, ইহা কেবল একমাত্র অজ্ঞান ও বিষয়াহঙ্কার হইতে জন্মায়, ইহাই বিশেষ রূপে উপদিষ্ট হইল।

অনন্তর কৃতাঞ্জলিপুটে গন্ধর্ব্বগণ কহিলেন:—

হে বিভো! আমরা চিরদিন আপনার লীলা সংকীর্ত্তন ও মাহাত্ম্য গান করিয়া পরম প্রেমে নৃত্য করিয়া সমস্ত পুণ্য ভূমিতে বিহার করি; কিন্তু এই দৈত্য আমাদিগকে, নিজের ভুজবল, মনোবল ও বুদ্ধিবলে আমাদের নিজমহিমাগানেই নিযুক্ত করিয়াছিল। সেই অহঙ্কারেই এক্ষণে উহার এই দুর্দ্দশা ঘটিয়াছে। হে হরি! উৎপথগামী হইয়া আপনার নিকটে কে কোথায় কুশল প্রাপ্ত হইয়া থাকে? ৭। ৮। ৪৭

চারণগণে কহিলেন ঃ——

হে ভগবন্! যে সাধুগণ, আপনার চরণকমলকে ভবভয় নিবারক ভাবিয়া চিরদিন হৃদয়ে স্থান দিয়া অভয় পাইয়া থাকেন; এই দুষ্ট, ভগবৎসাধনা লোপ করিয়া সেই সাধুগণের হৃদয়ে ভয়রূপে নিত্য আবির্ভূত হইয়া, তাঁহাদের যন্ত্রণা দিতেছিল, এক্ষণে সেই সাধুগণের অভয়রূপে বর্ত্তমান হইয়া আপনি অসুরকে সংহার করিলেন, আপনাকে নমস্কার। ৭। ৮। ৪৮

শ্রীযক্ষগণে কহিলেন ঃ——

হে হরি! আমরা চিরকাল আপনার পরিতুষ্টি সাধনসূচক কর্ম্ম সকল করিয়া আপনার প্রিয়গণের মধ্যে গণ্য হইয়াছি। কিন্তু এই দুষ্টের এত প্রতাপ যে, আপনার প্রীতিপ্রদ কার্য্য করিতে না দিয়া, আমাদের নিজের মনোমত কাষ্যবাহক করিয়া নিতান্ত উৎপীড়ন করিতেছিল। অনুগত জনগণের যন্ত্রণা জ্ঞাত হইয়া, হে চতুর্ব্বিংশতি তত্ত্বের অতীত প্রভো! অদ্য আপনি এই দুষ্টকে সংহার করিয়া সকল যন্ত্রণা দুর করিয়াছেন; অতএব আপনাকে নমস্কার। ৭। ৮। ৪৯

অনন্তর কিংপুরুষগণে কহিলেন ঃ——

হে ঈশ্বর! আমরা অতি সামন্য পুরুষ, আপনি বিশ্বপতি ঈশ্বর হইতেছেন; সাধুগণের মঙ্গলরক্ষাই আপনার কর্ত্তব্য, এই হেতু এই দুষ্ট পুরুষকে আপনি বধ করিয়া সকল যন্ত্রণা নিবারণ করিয়াছেন; আপনার এ মাহাত্ম্য আমাদের কত শক্তি যে বর্ণনা করিতে সক্ষম হইব!! আপনাকে নমস্কার। ৭। ৮। ৫০

অনন্তর বেতালগণে কহিলেন ঃ——

হে ভগবন্! যে স্থলে সাধুসভা হয়, (যে স্থলে আপনার ও দেবগণের উদ্দেশে যজ্ঞাদি পুণ্যকার্য্য হয়,) আমরা সেই সেই স্থলে উপস্থিত থাকিয়া, আপনার অমল যশঃ গান করিয়া, সকলকে ভবপ্রেমে মুগ্ধ করতঃ পরমানন্দ লাভ করিয়া থাকি। কিন্তু এই দুষ্ট, নিজ অহংকারবলে আমাদিগকে উহারই যশোগানে নিযুক্ত করিয়া, নিতান্ত উৎপীড়ন করিতেছিল। রোগ যেমন ঔষধ সেবনে সংহৃত হয়, সেই আপনার শাসন তেজে এই দুষ্ট আজ নিহত হইয়াছে; অতএব আপনাকে প্রণাম করি। ৭। ৮। ৫১

কিন্নরগণ কহিলেন ঃ—

হে ঈশ্বর! আমরা কিন্নরজাতি, চিরকাল আপনার অনুমোদিত পুণ্য কর্ম্ম করিয়া পুণ্যলোকে বাস করিয়া থাকি; কিন্তু এই দুষ্ট নিজ অহংকার বলে আমাদের দ্বারা কুৎসিৎ ও অকিঞ্চিৎকর কার্য্য সমস্ত করাইতেছিল। আপনি এই দুষ্কর্ম্মকারীকে

নাশ করিতে যে নৃসিংহমূর্ত্তি ধারণ করিয়াছেন, উহাতে সংসারের মঙ্গল সাধন হইল, আর আমাদেরও কল্যাণ সাধিত হইল। অতএব আপনাকে প্রণাম করি। ৭।৮।৫২

অনন্তর বিষ্ণুপার্ষদগণে কহিলেন ঃ—

হে ভগবন্! আজ আমাদের আনন্দের আর সীমা নাই! কারণ পুরাকালে আপনার যে জয় ও বিজয় নামে কিঙ্করগণ বিপ্রশাপ প্রাপ্ত হইয়াছিল, তাহারাই এই অসুররূপে ভীষণ দৌর্জ্জন্য আরম্ভ করিয়াছিল ; আপনি তাহাদের দৌর্জ্জন্য বিনাশ-রূপী অনুগ্রহ প্রকাশ করিতে এই অদ্ভুত নৃহরি মূর্ত্তি ধারণ করিয়াছেন। ইহা সকল লোকের আশ্রয়দাতা ও মঙ্গলদাতা হইতেছে; অদ্য আপনারই কৃপাবলে আমরা আপনার এই রূপ দর্শন করিয়া কৃতার্থ হইলাম। ৭।৮।৫৩

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে অষ্টমাধ্যায়ে

উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। উৎপথগামীত্ব নাশ করা একটী ভগবৰ্দ্ধর্ম্ম, ইহাই গন্ধর্ব্বোক্তিতে বলা হইল। সাধুগণের অভয় দান করাও ঈশ্বর কর্ত্তব্য ইহা চারণগণের স্তবে বলা হইল। পুণ্যকারীগণের সৎকার্য্যে বিঘ্ন নাশ করাও ঐশী কার্য্য ইহা যক্ষোক্তিতে বলা হইল। সাধুবিগর্হিতাচারী অবস্থাকে সংহার করাও ঈশ্বরকার্য্য ইহা কিংপুরুষগণের কথায় বলা হইল। ভগবল্লীলা কীর্ত্তন ও মহিমা বোধে যাহাদের রতি হয়, তাহাতে বাধা উপস্থিত হইলে, ভগবান স্বয়ং তাহা রক্ষা করেন, ইহা বেতালগণের কথায় বলা হইল। সদাচারের কোন বিঘ্ন উপস্থিত হইলে, ভগবাম উদ্ধার করেন: ইহাই কিন্নরবাক্যে প্রকাশ হইল। শাসনে বা অভয়দানে ভক্তানুগ্রহই বিষ্ণুধর্ম্ম ইহাই বিষ্ণুপার্ষদ্ কথাতে প্রকাশ হইল। এই অধ্যায়ের মধ্যে ব্রহ্মার উক্তি হইতে বিষ্ণুপার্ষদগণের উক্তি পর্য্যন্ত সপ্তদশ যুক্তি দেখান হইল। অজ্ঞান প্রবল হইলে সংসারে এই প্রকার সপ্তদশ বিড়ম্বনা উপস্থিত হয়; সেই অজ্ঞান ক্ষয় হইলে ঐ সপ্তদশ বিঘ্ন উপসংহৃত হয়; ইহাই হিরণ্যকশিপু বধে ব্রহ্মাদি স্তবে বুঝাইয়া শ্রীব্যাস নারদোক্তিতে অধ্যায়ের উপসংহার করিলেন।

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে অষ্টমাধ্যায়ে

উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ নবমঅধ্যায়।

পূর্ব্ব কথা সমাপ্ত করিয়া শ্রীনারদ যুধিষ্ঠিরকে সম্বোধন পূর্ব্বক কহিলেন ঃ—

হে মহারাজ! ভগবান অসুর সংহার করিয়া, এরূপ উগ্রমূর্ত্তি ধারণ পূর্ব্বক, সিংহাসনে উপবিষ্ট হইযাছিলেন, যে, ব্রহ্মা রুদ্রদিগণে দূর হইতে তাঁহাকে ঐরূপে স্তব করিলেন, কেহই সন্নিহিত হইতে পারিলেন না। ৭। ৯। ১

হে ধর্ম্মরাজ! দেবতাগণ আপনাপন স্তবে, ভগবানের সন্তুষ্টি ও শান্তি আকর্ষণ করিতে না পারিয়া, ভগবতী লক্ষ্মীকে তৎসমীপস্থা হইতে কহিলেন। দেবী কিয়দ্দূর যাইয়া সেই অসুরবধকারী ভীমমূর্ত্তি দেখিয়াই একেবারে বিস্মিত হইলেন। ভগবানের এরূপ ভীষণ ভাব কখনও দেখা যায় নাই এবং শ্রুতও হয় নাই, ইহা বিবেচনা করিয়া চিরবক্ষবাসিনী হইয়াও দেবী ভগবানের সমীপস্থা হইতে শঙ্কিতা হইলেন। অগ্রে গমন করিলেন না। ৭। ৯। ২

এতদ্দর্শনে ভগবান বিধাতা সম্মুখস্থ প্রহ্লাদকে কহিলেন, হে বৎস! তোমার প্রার্থনায় তোমার পিতার উপরে কুপিত হইয়াই, ভগবান এই ভীমা মূর্ত্তি ধারণ করিয়াছেন; অতএব তুমি প্রভুকে স্তব করিয়া প্রশান্ত করিতে তৎসমীপে গমন কর। হে ধর্ম্মরাজ! সেই মহাভাগবত দৈত্যনন্দন ব্রহ্মার বচনে কৃতার্থ হইয়া, ভগবানের সম্মুখে গমন করিলেন। সম্মুখে যাইয়া তিনি পদমূলে পতিত হইয়া কৃতাঞ্জলি পূর্ব্বক ভগবানকে কায়মনে প্রণাম করিলেন। ৭। ৯। ৩

হে ধর্ম্মরাজ! যে করকমল, কালরূপী মহাসর্পের ভয়ে ভীত জীবকে অভয় ও অমৃত দান করে; ভগবান্ আপনার সেই করকমল, বিনীত ও পদতলে পতিত অসুর নন্দন প্রহ্লাদকে কৃপাপরিপ্লুত দৃষ্টিতে দেখিয়া তাহার মস্তকে ধারণ করিলেন। ৭। ৯। ৪

ব্যাখ্যা। এই যে ব্রহ্মাদি হইতে সকল দেবতা ও ঋষি প্রভৃতির স্তবে সন্তুষ্ট না হইয়া, ভগবান প্রহ্লাদের প্রপন্নভাবে এত কৃপা পরবশ হইলেন, ইহাতে বুঝান হইল যে, ভক্তের ভক্তিতে তিনি যত শীঘ্র প্রশান্ত ও কৃপাপরবশ হয়েন, এত নিজাংশাদিতে হয়েন না। অর্থাৎ ব্রহ্মা রুদ্রাদি তন্মহিমার অংশ হইতেছেন, তাঁহারা অভয় ও অমৃতত্ত্ব পাইয়াছেন, তাঁহাদের অভয়দান করিতে ভগবান তৎপর হইলে, প্রপন্নের উপরে কৃপার হ্রাস দেখান হয়, এই দোষ ভগবচ্চরিত্রে নাই। যাহার যখন বিপদ্ ঘটে, ভগবান সেই সেই বিপন্ন ও প্রপন্নজনেরই প্রতি তখনই কৃপা করিয়া থাকেন। কি দেবতা কি চণ্ডাল সকলেরই প্রতি তাঁহার সমান দয়া, কার্য্যকালে প্রকাশ হইয়া থাকে। এই

নৃহরি মূর্ত্তি ধারণ করিয়া প্রহ্লাদকে কৃপা করিবার তাৎপর্য্য আগম শাস্ত্রে এই রূপে লেখা আছে ঃ—

উগ্রোপ্যনুগ্রহ এবায়ং স্বভক্তানাং নৃকেশরী।
কেশরীব সপোতানামন্যেষামুগ্রবিগ্রহঃ ॥

অর্থার্থ—পরমানন্দময় ভগবৎমূর্ত্তি হইলেও এই নৃহরিতে যে ভীষণ উগ্রভাব দেখা যায়, এই উগ্রভাব অভক্তজনের পক্ষে, কিন্তু স্বভক্তের নিকটে অতি কৃপালু হইতেছে। যেমন পশুরাজ সিংহ জগতের সকলের সম্মুখেই ভীষণ উগ্রের ন্যায় প্রতীয়মান, কিন্তু নিজ সন্তানের নিকটে অতি প্রশান্ত হয়েন।

এই ভাবের মধ্যে উগ্রত্ব কেবল উৎপথগামীর পক্ষে এবং ধার্ম্মিক ও ভক্তের পক্ষে অতীব দয়াময় ইহাই বুঝান হইল। উপাখ্যান সৌকার্য্যার্থে মস্তকে হস্ত দিয়া আশীর্ব্বাদ করিলেন। করটি কি? কালভয়ভীতের অভয়। অর্থাৎ মুক্তিরূপী করেই তিনি আশীর্ব্বাদ করিয়া থাকেন। ঐশ্বর্য্য, বীর্য্য, শক্তি প্রভৃতি সমস্তই তাঁহার কর রূপে কল্পিত হইয়াছে।

হে ধর্ম্মরাজ! যে নিমেষে ভগবানের কর প্রহ্লাদের শিরোপৃষ্ঠ হইল, তৎক্ষণাৎ তাঁহার সমস্ত সংসার বন্ধন, মৃত্যুনির্ব্বন্ধাদি অশুভ একেবারে দূর হইয়া গেল; প্রহ্লাদ তৎক্ষণাৎ পরমাত্মদৃষ্টি লাভ করিলেন। তাঁহার তনু হৃষ্ট হইল, তাঁহার হৃদয় ভগবৎপ্রেমে আকুল হইয়া উঠিল, ভগবানের কৃপা অনুভব হওয়াতে প্রহ্লাদের নয়নে অশ্রুধারা বিগলিত হইতে থাকিল। তখন তিনি সেই পরম বিস্ময়ে হরিমূর্ত্তির চরণ-কমল আপনার হৃদয়ে ধারণ করিলেন। ৭।৯।৫

তৎক্ষণাৎ অসুরনন্দন একাগ্রচিত্তে সমাহিত হইয়া ক্ষণেক সেই চরণ কমলযোগে উত্তপ্ত হৃদয়কে শীতল করিতে উহা ধারণ করিলেন, অবশেষে, প্রেমগদ্গদ বাণীতে, সেই দয়াময় ভগবানকে এইরূপে স্তব করিতে থাকিলেন। ৭।৯।৬

শ্রীপ্রহ্লাদ স্তবকালে কহিলেন ঃ—

হে হরি! ব্রহ্মাদি দেবতাগণ, মুনিগণ, সিদ্ধগণ একতান মনোপ্রাণে অনন্ত বেদ-বচনে, যাঁহার স্তব করিয়া যাঁহাকে সন্তুষ্ট করিতে পারিলেন না, আমি অতি নীচ ও উগ্র প্রকৃতিমান্ অসুর বংশোদ্ভব, ভক্তির কি জানি, কি বলিয়া স্তুতি করিয়া সেই আপনার সন্তুষ্টি সাধন করিব। ৭।৯।৭

হে হরি! আমার প্রতি কৃপা দেখিয়া, এখন আমি বুঝিয়াছি যে, কি ধন, কি সৎকুল, কি তপস্যা, কি শ্রুতি ও তত্ত্ববিদ্যা, কি ওজঃ (ইন্দ্রিয় শক্তিনৈপুণ্য) কি তেজঃ (গাম্ভীর্য্য ও কান্তি), কি প্রভাব (শাসন শক্তি), কি বল (শরীর শক্তি), কি পৌরুষ

(উদ্যম বা সাহস), কি বুদ্ধি, কি অষ্টাঙ্গ যোগ, কি সৌন্দর্য্য, এই দ্বাদশবিধ গুণ যদি ভক্তিহীন পুরুষের থাকে, কখনই তাহাতে ভগবদনুগ্রহ লাভ হইতে পারে না, একমাত্র ভক্তিতেই সেই পরম পুরুষের আরাধনা হইয়া থাকে, ভগবান তাহাতেই সন্তুষ্ট হয়েন। ৭। ৯। ৮

হে ভগবান! এখন আমি জানিতে পারিয়াছি যে, যদি কোন বিপ্রের সত্য, দম, তপস্যা, অমাৎসর্য্য, ধৈর্য্য, তিতিক্ষা, অনসূয়া, যজ্ঞ, দান, বিদ্যা ও ব্রতাদি দ্বাদশ গুণ থাকে; কিন্তু ভগবানের চরণারবিন্দে একান্ত ভক্তি না থাকে, তাহা হইলে, সেই ভূরি সৎকুলজাত সম্মানী ব্রাহ্মণ হইতে, আপনাতে একান্ত মনোপ্রাণার্পিত চণ্ডাল শ্রেষ্ঠ হইতেছে। (কারণ ভক্তিহীন গুণ গর্ব্বের কারণ হয়;) সেই গর্ব্বে, সেই গুণই তাহার বন্ধনের হেতু হওয়াতে বংশের উদ্ধার দূরে থাকুক, নিজের উদ্ধারে সক্ষম হয় না, কিন্তু ভক্তিমান্ চণ্ডাল নিজগুণে সকলকেই উদ্ধার করিতে পারে, (এই জন্য ভক্তিহীন ব্রাহ্মণাদি জাতি অপেক্ষা ভক্তিযুক্ত চণ্ডাল শ্রেষ্ঠ হইয়া থাকে;)। ৭। ৯। ৯

হে হরি! অধিকন্তু আমি বুঝিয়াছি যে, যে ঈশ্বর আপনার সত্তাতেই আপনি পূর্ণ, তিনি ভজন পূজনাদির অনুষ্ঠান অপেক্ষা, নিজের কোন প্রয়োজনে উহা চাহেন না, অজ্ঞ ব্যক্তিগণের প্রতি দয়া করিয়া তাহা স্বীকার করেন মাত্র। যেমন আপনার মুখাঙ্গকে সুশোভিত করিয়া দর্পণে দেখিলে প্রতিবিম্বকে সুন্দর দেখায়; দর্পণের সৌন্দর্য্যদানে কোন ক্ষমতা নাই। সেইরূপ যে সকল আরাধনা বা পূজা সাধকে ঈশ্বরার্থে অনুষ্ঠান করেন, তাহাতে আপনার প্রতিবিম্ব রূপী আত্মারই সম্পদ ঘটিয়া থাকে; ভক্তির মর্জ্জনা করিলে কি ইহ কি পরলোকে ঈশ্বরদর্পণে নিজ প্রতিবিম্বকে সুন্দর দেখাইয়া থাকে। ৭। ৯। ১০

হে নাথ! আমি এই ভরসা করিয়া, নীচ জাতি হইয়াও নির্ভয়ে আপনার মহিমা একান্ত চিত্তে যথাসাধ্য কিছু বর্ণনা করিব। যদিও আমি অজ্ঞ, তথাপি আমি জানি, ভগবৎগুণ বর্ণনা করিলে তদাস্বাদনে পুরুষের নীচত্ব ও সংসারগত অবিদ্যা নাশ হইয়া বিশুদ্ধি লাভ হইয়া থাকে। ৭। ৯। ১১

হে ভগবান! আমি জানি যুগে যুগে যতবার আপনি বিবিধ মূর্ত্তিতে ও ভাবে অবতীর্ণ হয়েন, সে সমস্তই এই বিশ্বের কল্যাণের জন্য, ভয়ের জন্য নহে। এক্ষণে আপনার এই ভীষণ ভাব দেখিয়া, হে কল্যাণমূর্ত্তিধারি! ব্রহ্মাদি অনুগত দেবতাগণ ভীত হইয়াছেন। আমরা অসুর জাতি, আমরা বৈরীভাবে আপনার ভক্তি আকর্ষণ করিয়া থাকি, তাহাতে আমাদের উপরে ক্রুদ্ধ হইতে পারেন, কিন্তু ব্রহ্মাদি আপনার অনুকূল ভক্ত, আপনি তাঁহাদের কৃপা করুন। ৭। ৯। ১২

হে দেব! আপনি সাধুগণের সন্তোষার্থে এই ভীমমূর্ত্তি ধরিয়া, অসুর বধ করিয়া-

ছেন, তাহাতে তাঁহাদের সন্তুষ্টি সাধন হইয়াছে; এক্ষণে ক্রোধ সম্বরণ করুন। যদি বলেন যে শত্রুর নিধনে সাধুর আনন্দ হইলে, শত্রু ও মিত্র ভাব থাকিতে সাধু কি রূপে হওয়া যায়। যেমন কাহাকে, সর্প, বৃশ্চিক দংশন করিতে আসিলে, সে যদি উহাকে হত্যা করিয়া নিজের ও অপরের বিপদ নাশ করে. ইহা দেখিয়া সাধুগণ হৃষ্ট হয়েন, এ হিংসাজনিত আনন্দ অপরের হিংসার্থ নহে; অপরকে বিপদ হইতে রক্ষার্থ ঘটিয়া থাকে। এই জন্য সাধুগণ উৎপথগামীর নাশে হৃষ্ট হইয়াছেন, আপনার সংহারকার্য্য শেষ হইয়াছে; এক্ষণে সকলেই আপনার সৌম্য মূর্ত্তি দেখিতে ইচ্ছা করিতেছেন, ক্রোধ উপসংহার করুন। আপনি যে মূর্ত্তি ধরিয়া এই অসুর বধ পূর্ব্বক সকলের ভয় নিবারণ করিলেন, অদ্য হইতে ভীতব্যক্তি মাত্রেই ইহা স্মরণ করিয়া, অভয় প্রাপ্ত হইবে। অতএব হে ভগবন্! কৃপা করিয়া, আমাদের প্রতি প্রসন্ন হউন। ৭।৯।১৩

হে ভগবন্! আপনার লক্ লক্ জিহ্বা, ভ্রূকুটি সংযুক্ত চক্ষু, অতীব উগ্রদংষ্ট্রাযুক্ত ভীষণ তেজোময় সুর্য্যনিভ বদন; আপনার অসুরগণের অস্থি নাড়ী সমূহে সজ্জিত ভীম বেশ, আপনার অসুর বক্ষস্থ শোণিত মণ্ডিত প্রসারিত কেশর, তীক্ষ্ণ ও হৃদয় বিদারক নখাগ্র, শঙ্কুসম দীর্ঘকর্ণ এবং দিগ্‌গজ সমূহের ভয় উৎপাদনকারী ঘোররব প্রভৃতি দেখিয়া, আমার হৃদয়ে ভয়ের কিছুমাত্র সঞ্চার হইতেছে না। ৭।৯।১৪

হে হরি! আপনার এই বিশ্বব্যাপ্ত ভীতিপ্রদ মূর্ত্তিতে ভয় উৎপাদন করিতে পারে নাই, কিন্তু অতি দুঃসহ, অতিশয় উগ্র, ভীষণ সংসার চক্রকে চিন্তা করিয়া, আমি বড় ভীত হইয়াছি, আপনি জগৎগ্রাস করিতে সক্ষম হইয়া, সকলের ভীতিপ্রদ হইয়াছেন, কিন্তু আমি সংসারের কর্ম্মগ্রাসকে যত ভয় করি, তত ভয় আপনার গ্রাসকে করি না। দেখুন না কেন, কর্ম্ম ফলইতো এই ভীষণ অসুরযোনী লাভ করাইয়া, হিংস্র জন্তুর মধ্যে পরিগণিত করিয়াছে। হে দীননাথ! কত দিনে আপনি আমাকে এই সংসার ভয় হইতে রক্ষা করিবার জন্য আপনার মুক্তিরূপী অভয় চরণ সমীপে আমাকে আহ্বান করিবেন? ৭।৯।১৫

ব্যাখ্যা। এই চতুর্দ্দশ শ্লোকে প্রহ্লাদ নিজের পরিচয় প্রদান করিলেন। শ্রীব্যাস কটাক্ষে কহিলেন:—সংসার যন্ত্রণা ভক্তকে যত ভয় প্রদান করে, এত আর কিছুতেই করে না। কারণ বিশ্বের ভয় প্রদানকারী ভগবৎমূর্ত্তিকে ভক্ত অভয় দাতা ভাবেন, কিন্তু সংসারকে ততোধিক ভয়ের কারণ বলিয়া জানেন; কারণ সংসারে আসিয়া সংসারী হইলেই কর্ম্মফল আসিয়া কর্ম্মানুসারে জীবকে পুনঃ পুনঃ জন্ম মৃত্যু পথের পথিক করে এবং হিংসা, কাম, লোভাদিতে জীবকে পরিণত করিয়া থাকে। সেই পরিণামে জীবের অধোগতি ঘটে। এই সংসার শক্তি বা ঘোর অহংসত্বাই হিরণ্যকশিপু; ভক্ত জীবই

প্রহ্লাদ। সংসারে সকলকেই জন্মাইতে হয়, এই জন্য হিরণ্যকশি পুর পুত্র প্রহ্লাদ। কয়াধূ সাত্ত্বিকী প্রকৃতিমতী, সংসারের মধ্যে সদাচারব্রতী, এই জন্য অহংকারই তাঁহার স্বামীরূপে গণ্য। এই ভক্তিতত্ত্বই বুঝিতে হইবে। এতদ্ব্যতীত উপাখ্যান বা প্রহ্লাদ বলিয়া কোন জীব ছিল কি না, এ বিচার ভগবত্তত্ত্ব বোধের সময়ে প্রয়োজন হয় না। কেবল যে ভাবে ভক্তির আকর্ষণ হয়, সেই ভাবেই ঋষিগণ পুরাণের চরিত্র বর্ণনা করিয়াছেন।

হে ভগবন্! আমি যত যোনী দেখিয়াছি এবং যত যোনীতে জন্মগ্রহণ করিয়া সংসার ভোগ করিয়াছি, সকল জীব-ক্ষেত্রেই ঘোর দুঃখ উপস্থিত হয়, কারণ কাম ক্রোধের বশীভূত হইয়া প্রিয় বিচ্ছেদে দুঃখ ও শোকাগ্নিতে সতত দগ্ধ হইতে হয়। যদিও পুণ্যাদি কার্য্যে দুঃখের কথঞ্চিৎ অবসান হওয়াতে সুখের সঞ্চার হয়। কিন্তু সেই সুখ ক্ষণেকের জন্য; কারণ ফলক্ষয়ে পুনর্ব্বার জন্ম মৃত্যুর বশবর্ত্তী হইয়া পুনরায় কামাদির জন্য দুঃখ শোকাগ্নিতে দগ্ধ হইতে হয়। এই সকল ভাবিয়া, হে হরি, আর আমি ভীষণ সংসারের দুঃখ বা সুখ কিছুই চাহি না, বড় ইচ্ছা, আপনার চরণ সেবা করিতে, আপনার চিরদাস হইতে। আমি তো আপনার সেবার কিছুই অবগত নহি, দয়া করিয়া আমাকে আপনার দাস্য বিষয়ে উপদেশ দিউন। ৭। ৯। ১৬

হে হরি! আপনি জীবের প্রিয় সুহৃদ্ ও পরম দেবতা হইতেছেন, আপনার লীলা কথা যাহা ব্রহ্মাদিও কীর্ত্তন করেন, তাহাই দিবানিশি গান করিয়া সংসারজন্য সমস্ত দুরিতকে অতি তুচ্ছ ভাবিব এবং আপনার চরণ সরসীতে বিহারকারী পরম হংসগণের আশ্রয় ও আলাপ গ্রহণ করিয়া অবহেলায় চিরাভ্যস্ত সংসারাসক্তিকে ভুলিয়া যাইব। ৭। ৯। ১৭

হে ভগবন্! (যদি কেহ বলেন যে দুঃখ হইলেই তাহার প্রতীকারে দুঃখ শান্তি হইতে পারে।) কিন্তু সংসারীগণের পক্ষে বিপদ্ ক্ষয় করিতে যেটী অব্যর্থ উপায় সেটী উপেক্ষিত হইয়া, অপর যে সকল উপায় দেহীগণ অবলম্বন করে, তাহার কোনটী নিশ্চয় উপকারী নহে। এমন যে পিতামাতা, বালকের সকল বিপদ্ রক্ষা করিতে ইচ্ছা করেন, কিন্তু ঘটনাক্রমে তাঁহাদের সাহায্যেও বিপদ ক্ষয় হয় না। অতএব অসহায়ের প্রতিকারী পিতামাতাকে কেমন করিয়া বলিব। রোগ হইলে ঔষধই তাহার প্রতিকারক, একথা সকলেই কহেন, কিন্তু সেই ঔষধ সেবনেও আবার মৃত্যু উপস্থিত হয়, ইহা দেখিয়া ঔষধকেই বা কেমন করিয়া প্রতিকারক বলিব। নৌকার চালিয়া সমুদ্রেও কত শত লোক মগ্ন হইয়া থাকে। অতএব নৌকাকে মগ্ন ব্যক্তির প্রকাণ্ড প্রতিকারক কেমন করিয়া বলিব। হে ভগবন্। এই নিয়মে যতই কেন আলোচনা

করা যাউক বা, সংসারের দুঃখ প্রতিকার করিতে একমাত্র নিশ্চিত উপায় সংসারে নাই। (প্রকৃত প্রতিকারের উপায় কেবল আপনার দাসত্ব হইতেছে)। ৭। ৯। ১৮

হে ভগবন্! ইহ সংসারে আমি যাহা কিছু দেখি তাহাতে সপ্তবিভক্তির কর্তাই আপনাকে বোধ হয়।। ব্রহ্মা বা পিতৃগণ উপলক্ষ মাত্র, আপনা হইতেই এই সংসারে জীব ও ভোগ সমস্ত প্রকাশ হয়; তাঁহাদের সহিত প্রকৃত ও সৃষ্ট বিষয় সকলও কাযে পরিণত হয়, কিন্তু ব্রহ্মাদি সকলের মূলই আপনি। যাঁহার সম্বন্ধে, যাঁহা কর্তৃক জীবের ভোগাদি সম্পন্ন হয়, সে সমস্তের মূলকর্তাই আপনি; যাঁহা হইতে ভোগ লাভ হয় এবং যাঁহাতে কর্ম্ম প্রদত্ত হয়, যে ভোগ ইচ্ছা করে, এ সমস্তের মূলই আপনার স্বরূপ। কি সংসারের বিকার বা সাম্যভাব অর্থাৎ সৃষ্টি বা প্রলয় আর, এ সমস্তই আপনার স্বরূপে নিস্পন্ন। কর্ত্তা, কর্ম্ম, ক্রিয়া, ভোগ ও অপবর্গ সমস্তই আপনি হইতেছেন। ৭। ৯। ১৯

হে ভগবন্! হে মহাপুরুষ! আপনার অংশ স্বরূপ সৃষ্টিকার্য্যোপযোগী পুরুষ সত্বার অনুগ্রহে, সৃষ্টিকাল উপস্থিত হইলে, মায়াশক্তি, পূর্ব্ব পূর্ব্ব সৃষ্টীর কর্ম্মানুরূপে জীবের মনোময় লিঙ্গশরীর প্রস্তুত করিয়া থাকেন। সেই মনই বেদ বিহিত অনুষ্ঠানময় হইতেছে, সেই মন মহামায়াস্থ অবিদ্যাশক্তির সাহায্যে ষোড়শবিকার বিশিষ্ট এই সংসারচক্রে ভ্রমণ করিতে করিতে সংসারে অভ্যস্ত হইয়া, অতিশয় দুর্জ্জয় হইয়া উঠে। হে অজ! আপনার আশ্রয় ব্যতীত সেই দুর্জ্জয় মনকে শাসিত ও অনুগত কিসে করা যাইবে। ৭। ৯। ২০

ব্যাখ্যা। সৃষ্টিকাল হইতে মৃত্যুকাল পর্য্যন্ত সকল সময়ে সকল অবস্থাতেই ঈশ্বরের সাহায্য ব্যতীত অন্য কোন উপায়ে বিমুক্তি লাভ হয় না এই কথা প্রমাণার্থ স্তবে প্রহ্লাদোক্তিতে বলা হইল যে, কালক্রমে যখন সৃষ্টির উপযুক্ত সময় উপস্থিত হয়, তখন একই ব্রহ্মের সত্বা একাংশে স্রষ্টা, একাংশে পাতা এবং একাংশে হর্ত্তা হয়েন। একই সত্বা হইতে ত্রিবিধ গুণময় অবস্থার কার্য্য, মহামায়া ও কাল ঘটাইয়া থাকেন। যেমন একই দেহে বিভিন্ন ইন্দ্রিয়, একই আত্মতেজে ক্রিয়া করে, কিন্তু তাহা বুঝিতে হইলে হস্তের শক্তি, পদের শক্তি ইত্যাদি ভিন্ন বুঝায়। সেইরূপ একই ব্রহ্মসত্বায় কাল ও মায়াশক্তি ইন্দ্রিয়াদি রূপে যে অংশে যে কর্ত্তব্য প্রকাশ হয়, সেই অংশকে সেই কার্য্যময় কহা যায়। এই নিয়মে শ্রীপ্রহ্লাদ এস্থলে বলিলেন ;—হে মহাপুরুষ, আপনার ব্রহ্মসত্বার মধ্যে যখন কাল ও মায়াশক্তির ক্রিয়া উপস্থিত হইল, তখনি আপনি সৃষ্টি ইচ্ছা করিলেন। সৃষ্টিভাব প্রকাশ

হইলে, প্রলয়কালে লীন হইয়া সমস্ত কর্ম্মস্বভাব মায়াকে উপাহিত ছিল, তাহারা সৃষ্টিশক্তির তেজে পূর্ব্ব স্বভাব লইয়া প্রকাশ হইল। সেই কর্ম্মময় অবস্থাকে মনোময়শরীর বা লিঙ্গশরীর কহে, উহার সংস্কার সহজে ক্ষয় হয় না; এইজন্য সূক্ষ্ম কহে। যজ্ঞাদি বৈদিক অনুষ্ঠানে যে ফল লাভ হয়, তাহাতে উহারই উন্নতি অবনতি ঘটিয়া থাকে, এবং এই ষোড়শক্রিয়াবিশিষ্ট সংসারে ভোগ করিতে করিতে যে অবিদ্যা আশক্তি জন্মায়, তাহা ঐ মনেতেই আবদ্ধ থাকে। এই সকল কারণে উহাকে বশীভূত করা বড়ই কঠিন। একমাত্র ভগবৎকৃপা ও তৎপরায়ণত্ব ব্যতীত উহার কখন বিশুদ্ধি ঘটিতে পারে না এবং উহার বিশুদ্ধি না ঘটিলে যখন মুক্তিরও সম্ভাবনা নাই, তখন উহাকে বিশুদ্ধ করাই সকল উপাসনার প্রথা। এইরূপ মনের পরিচয় দিয়া পরে নিজের আনুগত্যের কথা বলা হইতেছে।

হে ভগবন্! আপনি মায়াকে ও কালকে আপনাতে বশীভূত রাখিয়াছেন, কারণ আপনি যখন তাহাদের শক্তি প্রদাতা, তখন আপনি কেননা স্বাধীন থাকিবেন? আপনি এইরূপে সমস্ত শক্তির স্রষ্টা হইয়া নিত্যমুক্ত হইয়া আছেন। আর আপনার মায়া শক্তির অবিদ্যা স্বভাব আমাকে ষোড়শবিকারবিশিষ্ট চক্রে অর্থাৎ সংসারে নিষ্পেষিত করিয়া বড়ই যন্ত্রণা দিতেছে। হে বিভো! আমাকে অভয় দিউন, আর যন্ত্রণা সহ্য হয় না, সমীপে গ্রহণ করুন। ৮। ৯। ২১

ব্যাখ্যা। এই শ্লোকে প্রহ্লাদ আপনার যন্ত্রণার সমস্ত তাৎপর্য্য প্রকাশ করিলেন। অর্থাৎ প্রহ্লাদের ন্যায় একান্ত ভগবৎপরায়ণের সংসারকে অতিশয় কষ্টকর বোধ হয়। কারণ দুর্দমনীয় ভোগপর মন যাহা অহংকার বা হিরণ্যকশিপু নামে পুরাণে কথিত, তাহাই সংস্কারশক্তি জন্মাইতে নানা যন্ত্রণা দিয়া থাকে। ষোড়শ বিকারই সেই সমস্ত যন্ত্রণার পরিচায়ক। এই সকল যন্ত্রণায় ভক্ত একান্ত ঈশ্বর প্রীতি লাভ কেন করিতে চাহেন, তাহা বলিবার বলা হইল যে, সমীপস্থ করুন। সমীপস্থ করিবার তাৎপর্য্য এই যে:— অতিতপ্ত ব্যক্তি হিমতপের সন্নিহিত হইলে, তাহার শৈত্যে উত্তাপ যেমন অপনীত হয়, তদ্রূপ সংসারের যন্ত্রণায় ব্যথিত ব্যক্তি ত্রিতাপ-হারীর শরণ গ্রহণ করিলেই, পরম শান্তি প্রাপ্ত হইতে পারেন, ইহাই [illegible] উপাসনার প্রধান উদ্দেশ্য।

হে হরে! আমি আমি সংসারে ভোগের জন্য আয়ু, সম্পদ, ঐশ্বর্য প্রভৃতি কিছুই চাহি না; কারণ আমি ঐ সকলের যত ক্ষমতা তাহা বিশেষরূপে জানিয়াছি। আমার পিতার ক্রোধে এবং কটাক্ষে ও হাস্যে কত শত লোকের দেবত্ব হইতে সংসার পর্যন্ত সমস্ত ভোগ ক্ষয় হইয়াছে, আমার পিতা ক্রকটাক্ষ করিলে স্বর্গবাসী দেবতারা নষ্ট হইত; দীর্ঘায়ুষ্মান মূর্তি অর্জিত, সম্পদ বিপদে পরিণত হইত এবং সৌভাগ্য দুর্ভাগ্যে পরিবর্তিত হইত; কিন্তু এত প্রভাবসম্পন্ন হইয়াও, আমার পিতা আপনার সন্নিধানে নিহত হইলেন। অতএব আমি আর কাহার আশ্রয় গ্রহণ করিব।৮।৯।২২

হে ভগবন্! শরীর ধারণ করিয়া ভোগীগণে কতদূর আশীর্বাদ বা পুণ্যফল লাভ করে, তন্মধ্যে আয়ু, সম্পদ, বিভব এবং স্বর্গ ও ব্রহ্মলোক পর্যন্ত প্রাপ্তি ভোগশ্রেষ্ঠ হয়; এ সমস্তের মধ্যে আমি কিছুই চাহি না, এমনকি অণিমাদি সিদ্ধি পর্যন্ত কিছুতেই আমার অভিলাষ নাই, কারণ আমি জানি এ সমস্তই আপনার কালশক্তির ক্ষমতায় কালে লয় হইতে পারে, আমার কেবল এক ভিক্ষা, আমি আপনার পার্শ্বচর ভৃত্য হইতে ইচ্ছা করি! আপনি আমায় সেই পদ প্রদান পূর্বক নিতান্ত অনুগ্রহ প্রকাশ করুন। ৮।৯।২৩

হে ভগবন! স্বর্গ হইতে ব্রহ্মলোক পর্যন্ত, ভোগ এবং অণিমাদি সমস্ত সিদ্ধিই কেবল শ্রুতিমধুর মাত্র, কালে যখন ক্ষয় হইবে, তখন উহাদের মধ্যে প্রকৃত সুখ কই? উহারা মৃগতৃষ্ণিকার ন্যায় বরং প্রবঞ্চক অর্থাৎ পরমার্থের বাধা ঘটাইয়া থাকে, আর এই কলেবর ইহার আয়ু প্রভৃতি কামনা করিয়াই বা কি হইবে। এই দেহটী সকল রোগেরই আকর হইতেছে। হে হরে! সংসারীগণে সমস্ত অবগত থাকিয়াও আপনা-পন কামনার জ্বালা নিবারণ করিতে সামান্য বিষয়সুখ রূপী মধুর কণা লোভে এত ব্যস্ত থাকে, যে, এই সংসারের যন্ত্রণা অনুভব করিয়াও নির্বেদ লাভ করিতে অবকাশ প্রাপ্ত হয় না। ৮।৯।২৪

হে হরে! যদি বলেন আমার ন্যায় দুষ্কুলেজাত ব্যক্তি ঐরূপ শান্তির অধি-কারী নহে। এ কথা আর স্বীকার করি না।) কারণ রজঃ ও তমোগুণাধিক্যে পূর্ণ অসুর বংশের নীচ ব্যক্তি হইলেও আপনি যে অনুকম্পা প্রকাশ করিলেন; এরূপ দয়া কেহ কখনও প্রাপ্ত হয় নাই, অধিক কি, ব্রহ্মা, গিরিশ, এবং স্বয়ং লক্ষ্মী দেবীও এমন কল্যাণ প্রাপ্ত হয়েন নাই; কারণ আপনি নিজ করকমল কাহারো মস্তক স্পর্শ করাইয়া কাহাকেও এত তৃপ্ত করেন নাই।৮।৯।২৫

হে হরে! আমার প্রতি এইরূপে কল্যাণ বিধানে আপনার মহিমা আরো প্রকাশ হইল, কারণ আপনি যে স্থাবর, জঙ্গম, মর্ত্য, অমর্ত্য, সকলেরই আত্মারূপে সুহৃদ আছেন, এই কার্যে তাহাই প্রকাশ হইল; কারণ আমার ন্যায় অধম ব্যক্তি

ব্রহ্মাদি উত্তম অপেক্ষা অধিক প্রসাদ লাভ করিয়াছে। হে হরে! প্রণত ব্যক্তি যা হইতে হয়, হয় না, ইহাতে আপনার দয়ার বৈষম্য দোষ উপস্থিত হইতে পারে না; কারণ কারণ কল্পতরুর সেবা না করিয়া কে কোথায় অভীষ্ট ফল লাভ করিতে পারিয়াছে?। ৮। ৯। ২৬

হে হরে! সকলেই যেমন আগনাগম কুর্দ্ধরত্নে অঘরূপী সর্প মুখে পতিত হইয়া সংসারবিষে জর্জ্জরিত হয়; আমিও সেইরূপ সকামী জনগণের প্রসঙ্গে ঘোর সংসারে, কর্ম্মসর্পের মুখে পতিত হইতে প্রবৃত্ত হইতেছিলাম, (অর্থাৎ সংসারী হইয়া পুনরায় নরক যন্ত্রণাসহ জন্ম মৃত্যুর পথে পতিত হইতেছিলাম)। আমার তাহাতে প্রসিদ্ধা বুঝিয়া দেবর্ষি নারদ, যিনি আপনার একজন প্রধান ভৃত্য, তিনি আমাকে উপদেশ প্রসঙ্গে উদ্ধার করিয়াছেন। অতএব আপনার ভৃত্যের যখন এত মহিমা, তখন আমি কখনই আপনার ভৃত্যসেবা পরিত্যাগ করিতে পারিব না। ৮। ৯। ২৭

হে হরে! আমি অতি সামান্য জন্তু! আমাকে রক্ষা করিয়া আপনার পৌরুষ কি বৃদ্ধি পাইবে!! আমায় রক্ষা, আমার যন্ত্রণাদায়ী পিতার বধ, এ সমস্ত কেবল আপনি নিজভৃত্য দেবর্ষি নারদের কথা সত্য করিতেই সাধন করিয়াছেন; কারণ আমাকে বধ করিবার জন্য আমার পিতা যখন খড়্গ উত্তোলন করিয়া কহিলেন, "ওরে পাপিষ্ঠ, তুই যাহার উপদেশে আমা ব্যতীত রক্ষাকর্ত্তা স্বীকার করিতেছিস, এই আমি তোর শিরশ্ছেদন করিতেছি, এখন তোর রক্ষাকর্ত্তা তোকে কেমন করিয়া রক্ষা করে দেখি!" তখন কেবল আমি সেই ঋষিবাক্য বিশ্বাস করিয়া আপনাকে সর্ব্বশ্রেষ্ঠ ভাবিতেছিলাম, সেই ভক্তবাক্য সত্য করিতেই আপনি এরূপে আবির্ভাব হইয়া আমাকে রক্ষা করিলেন। অতএব ভক্ত যে আপনার অতি প্রিয় তাহা বুঝিয়াছি। ৮। ৯। ২৮

হে প্রভো! আপনি ভক্তকে রক্ষা এবং অভক্তকে বিনাশ সাধন কার্য্য করাতে, আপনার ভয়ানক বৈষম্যভাব উপস্থিত হইল, ইহা সকলে অনুমান করিতে পারে, কিন্তু বাস্তবিক তাহা নহে!! আপনি এই বিশ্বসহ জীব ও জন্তুর আদি অর্থাৎ স্রষ্টা, মধ্য অর্থাৎ পাতা এবং অন্ত অর্থাৎ হর্ত্তা হইতেছেন। আপনি সকলের অন্তরে অন্তর্যামী সুহৃদ্ আত্মারূপে আছেন; কিন্তু আপনার যে কার্য্যে মায়ার যে গুণ প্রতিফলিত হয় সেই কার্য্যকে তদ্রূপ দেখায়, বাস্তবিক রক্ষা ও বিনাশ কিছুই নহে। ৮। ৯। ২৯

ব্যাখ্যা। পূর্ব্বে বলা হইয়াছে মায়ার সমস্ত গুণ আত্মাংশে যখন যে ভাবে প্রতিফলিত হয়, আত্মার কার্য্য তখন সেই ভাবেরই পরিচায়ক হইয়া থাকে। সমস্ত বিশ্বে

রূপ; আত্মারূপে কি দুর্জন কি সুজন সকলেরই অন্তরে চিরকাল সমভাবে বিরাজ করেন, তখন তাঁহার পক্ষে কেহ দুর্জন ও সুজন হইতে পারে না। তবে মনোময় দেহ বা লিঙ্গদেহই নিজ কার্য্যবশতঃ যে গুণময় হয়, ঐশী কার্য্যও সেই ভাবময়ে প্রতিফলিত হয়। অর্থাৎ ঘোর তমোগুণময় মন হইলে তাহার প্রতিক্রিয়াতে ব্যাধি, মৃত্যু প্রভৃতি স্বাভাবিক নিয়মে আবির্ভূত হয়। মন সত্ত্বগুণময় হইলে শান্তি ও প্রসাদের আবির্ভাব হয়। মন রজোগুণময় হইলে ঘোর সংসারী ও আসক্তিময় হওয়া যায়। যেমন উত্তাপ হইলেই জল শোষণ হইয়া থাকে, সেইরূপ মায়ার নিয়মেই তমোগুণের আধিক্য হইলে মৃত্যু ব্যাধি প্রভৃতি প্রাকৃতিক কার্য্য আত্মযোগে জন্তুতে প্রত্যক্ষ হয়। অজ্ঞ ব্যক্তি বুঝিতে না পারিয়া ঈশ্বরের স্বভাবে দোষ আরোপণ করে। এক সূর্য্যের তেজে রস আকর্ষিত হয়, লতা বল্লীর বৃদ্ধি হয়, শীতার্ত্তের শান্তি হয়, আকর্ষণ, বর্দ্ধন, জন্ম, হরণ, তাপদানাদি গুণের মধ্যে কোনটীকে সূর্য্যের বলা যায়? পদার্থে, যাহার যে রূপ অবস্থা বা প্রয়োজন, সূর্য্য নিজের স্বভাবানুসারে ও অবস্থানুসারে আপনার একই ক্ষমতা প্রকাশ করেন, কিন্তু পদার্থস্বভাবভেদে কার্য্যকে বিভিন্ন দেখায় মাত্র। সেই রূপ জীবের অবস্থা যে গুণময় হইবে, ঈশ্বরের শক্তি সেইরূপেই কার্য্য করিবে। হরণ পালন ও সৃজন একত্রে এক সময়ে সর্ব্বত্র দেখিয়া ঐ সমস্ত কার্য্য পদার্থের অবস্থা ভেদে ঘটিতেছে বুঝিতে হয়। ঈশ্বরের একই শক্তি একই স্বভাব। কেবল মায়া ও মায়িক পদার্থের যে অবস্থা প্রকাশ হয়, ঐ স্বভাব তাহাতে তদনুরূপেই প্রকাশ পায়। কোন পদার্থের ক্ষয়ের আবশ্যক মায়া দেখাইলে, ঐশী সত্বা তাহাতে মৃত্যুরূপে দেখা দেন। ঘটিল পদার্থের অবস্থায়, অজ্ঞ বুঝিল আত্মার কার্য্য! পদার্থের আবির্ভাবের অবস্থা উপস্থিত হইলে আত্মশক্তি জন্ম রূপে দেখা দেন, ঘটিল পদার্থের মূলে কিন্তু বাহে আত্মকার্য্য বলিয়া বোধ হয়। এই ন্যায়যোগে শ্রীপ্রহ্লাদভক্তিতে শ্রীব্যাস বলিলেন— ঈশ্বরের একই স্বভাব, কেবল মায়াময় পদার্থের স্বভাবানুসারে সৃজন, হরণ ও পালন কার্য্যময় দেখায়, ইহাতে কখনই ভগবানের বৈষম্যদোষ উপস্থিত হইতে পারে না।

হে ঈশ্বর। আপনি এই জগতের সৎপক্ষ ও অসৎপক্ষ হইতেছেন, অতএব আপনাকে যে কেবল আত্ম ও পর বোধ হয়, তাহা কেবল আপনার মায়াকার্য্যে ঘটিয়া থাকে। বিশেষতঃ আপনি স্বতন্ত্র বটেন, কারণ সৃষ্টি আদি ও প্রলয়ান্তে বিশ্ব আপনাতে লীন হইলে আপনিই বর্ত্তমান থাকেন। এই যে জগতের জন্ম, নিধন ও স্থিতি দেখা যাইতেছে, ইহাকে বৃক্ষের বীজ ও বীজের সূক্ষ্ম তন্মাত্রার ন্যায় বুঝিতে হইবে। যেমন মহাবৃক্ষ প্রথমে বীজে পরিণত হয় এবং বীজের অন্তরে সূক্ষ্ম তন্মাত্রা আছে, তাহাই পরে কালক্রমে

রক্ষক্তে পরিণত হইয়া থাকে। এইরূপে এই জগৎ বৃক্ষের বীজও আপনি, জগৎও আপনি এবং জীবের যে তন্মাত্রা শক্তি তাহাও আপনি। অতএব বিশ্ব ও জীবের আপনার বৈষম্য কখনই ঘটিতে পারে না। (কেবল মায়ার অবস্থানুসারে আপনার একই স্বভাব বিভিন্ন গুণময় দেখায় মাত্র)। ৮। ৯। ৩০

যখন প্রলয়কাল উপস্থিত হয়, তখন জগতের বিলীন কারণসাগরের মধ্যে আপনি নিদ্রায়ী, স্বতন্ত্র ও নিশ্চিন্ত হইয়া শয়ন করেন, তখন আত্মানন্দ আপনিই অনুভব করেন। তখন যোগাবস্থায় আপন ঈক্ষণ শক্তি নিমীলিত থাকে; নিদ্রা বা তমোকে আপনি একেবারে উদরস্থ করিয়া রাখেন। যেমন নিদ্রাকালে জীবের অচেতন ভাবের আবেশ হয়, জাগরণ ও স্বপ্নকালে যেমন বিষয়গুণ ভোগ হয়, আপনি সে অবস্থায় সেইরূপ তমোভাবময় নিদ্রায় অভিভূত হয়েন না। কেবল বিশ্বরূপী বাহ্য কার্য্য হীন হইয়া অন্তর্চৈতন্যে সচৈতন্য থাকিতে, তুরীয় অবস্থা অবলম্বন করেন। এই যে তুরীয় অবস্থান, ইহাকেই প্রলয়কালীন আপনার স্বতন্ত্রস্থিতি কহে। অতএব আদিতে আপনি স্বতন্ত্র, ইহা আমি বুঝিয়াছি। ৮। ৯। ৩১

হে হরে! যে মূর্ত্তি প্রলয়কালে সমস্ত বিশ্বের সহিত নিলীনভাবে অনন্ত শয়নে শায়িত ও নিশ্চেষ্ট ছিল, আপনার সেই মূর্ত্তিই এই সৃষ্টিকালে জগৎরূপে পরিণত হইয়াছে। সৃষ্টিকার্য্যে ব্যাপ্ত হইবার মাত্রেই, আপনার কালশক্তি এই গুণময় প্রকৃতি ধর্ম্ম আপনাতে আরোপিত করিয়াছে; এই জন্যই অপনি কার্য্যাবস্থায় সকলের অদৃশ্য ও গোপনীয় হইয়াছেন। যেমন বটবীজ অঙ্কুরে পরিণত হইলে বৃক্ষমাত্র হয় না, তদ্রূপ আপনি, অনন্ত শয়নে সমাহিত ভাবে প্রলয়োদকান্তে নিষ্ক্রিয় মূর্ত্তিতে থাকিয়া, যখন এই বিশ্বপদ্ম নিজ নাভি হইতে প্রকাশ করিলেন, তখনি আপনার রূপান্তর ঘটিল; বট বৃক্ষের ন্যায় বিশ্ববৃক্ষ প্রকাশ হওয়াতে, বটবৃক্ষের ন্যায় আপনার সম বিশ্ববীজের রূপান্তর করিয়াছে। ৮। ৯। ৩২

ব্যাখ্যা। প্রহ্লাদের স্তবে শ্রীব্যাস কহিলেন, আদি, মধ্য ও অন্ত এই অবস্থাত্রয়ের একমাত্র সত্ত্বাই ঈশ্বর হইতেছেন। একবিংশতি শ্লোক পর্য্যন্ত প্রলয়াবস্থা বর্ণনা করা হইয়াছে। পরে মধ্যাবস্থাকে সৃষ্টি অবস্থা বলা হইল। প্রলয়ে লীন শক্তিসমূহ কারণ ভাবে ব্রহ্মে লীন ছিল, এক্ষণে সেই শক্তিসমূহ কার্য্যাবস্থায় পরিণত হইলেই সৃষ্টি প্রবাহ চলিয়া থাকে। সেই সময়ে প্রকৃতির সত্ত্বাদি গুণসমূহ কার্য্যময় হইয়া ব্রহ্মসত্ত্বাতে অন্তর্নিবিষ্ট হইয়া থাকে। যেমন কোন কল যতক্ষণ না চলে, ততক্ষণ উহাকে নির্জীব দেখায়, পরে কোন শক্তি উহাতে সংযুক্ত হইলেই, কলকে সকল কার্য্য করিতে দেখা

যায়। এ স্থলে কলটী যে ভাবে গঠিত, কলের কার্য্য তদনুরূপই হয়; শক্তির সাহায্য মাত্র। এই বিষয়ে কার্য্যাবস্থায় কলই কর্ত্তা এবং শক্তি সাক্ষী ও প্রয়োজক মাত্র। কল চলিলে আর শক্তি দেখা যায় না, কলেরই কার্য্য উপলব্ধি হয়। তদ্রূপ ঈশ্বর গুণবিদ্ধ এই বিশ্ব কৌশলের প্রয়োজক শক্তি, আদি ও অন্তে যখন গুণময় অবস্থা অকার্য্যকর থাকে, তখনই শক্তির পার্থক্যানুভব হয়, কিন্তু মধ্যাবস্থায় কার্য্যের প্রয়োজক ও পরিণামী থাকাতে, তিনি ইন্দ্রিয়বোধ্য হয়েন না। এই যে অদর্শন ও পরিণতাবস্থা ইহাকে মধ্যাবস্থা কহে। এ অবস্থায় বিশ্বকৌশলরূপী মায়াগুণ সমূহকে কর্ত্তা বুঝা উচিত। ব্রহ্মকে চিরকালই নিষ্ক্রিয় ও সাক্ষী বুঝা উচিত; কোন গুণ তাঁহাতে আরোপিত করা উচিত নহে। এই সৃষ্টিপ্রবাহকালে ব্রহ্মাবস্থা যদি কার্য্যে আবৃত হইলেন, তবে কি তাঁহার স্বতন্ত্র উপলব্ধি হয় না? এই সন্দেহ উপস্থিত হইতে পারে। একথা পরে বিচারীকৃত হইতেছে।

হে হরে! এই কার্য্যাবস্থা প্রকাশ হইলে, যখন আপনার নাভিস্থ বিশ্ব কারণকমল হইতে ব্রহ্মা আবির্ভূত হইলেন, তখন তিনি নিজের দেহ ব্যতীত আর কিছুই দেখিতে পাইলেন না। শত শত বৎসর সেই প্রলয়কালে কারণবারিতে নিমজ্জিত থাকিয়াও আপনি যাঁহার কারণ ও বহিরান্তরব্যাপী, সেই আপনাকে, তিনি দেখিতে পাইলেন না। হে প্রভো! সৃষ্টিকালে ইহা যুক্তিযুক্ত বটে, কারণ বীজ অঙ্কুরে পরিণত হইলে আর বীজভাব কোথায় থাকিবে? ৭। ৯। ৩৩

সেই বিশ্ব কারণের অন্তর্জ্জাত ভগবান ব্রহ্মা আপনার আধার কমলকে লক্ষ্য করিয়া, তীব্র তপস্যা করিতে করিতে যখন বিশুদ্ধবুদ্ধি প্রাপ্ত হইলেন, তখন দেখিলেন, যেমন পৃথিবীর অন্তরেই গন্ধতন্মাত্র আছে, ঘ্রাণেন্দ্রিয়ে বোধ হয়, তদ্রূপ ভূত, ইন্দ্রিয় ও বাসনা-ময় বিশ্বকারণের মধ্যে অতিসূক্ষ্মরূপে সেই পরম কারণ বিতত রহিয়াছেন। ৭। ৯। ৩৪

হে নাথ! ব্রহ্মা তখন সর্ব্ব বিশ্বকারণের অন্তর্যামী আপনাকে দেখিলেন:—যেন আপনার সহস্র বদন, সহস্র সহস্র পদ, সহস্র সহস্র মস্তক এবং সহস্র সহস্র নয়ন, কর, উরু, নাসা, মুখ ও কর্ণাদি রহিয়াছে। এই মায়াগুণময়ে বিবিধ কার্য্যময় মহা বিরাট মূর্ত্তি দর্শন করিয়া, বিরিঞ্চি পরমানন্দ লাভ করিয়াছিলেন। ৭। ৯। ৩৫

ব্যাখ্যা। এই সৃষ্টি প্রবাহাবস্থায় সৃষ্টির অন্তরেই [illegible] ও [illegible] ব্রহ্ম সত্তাকে [illegible] অনুভব করিতে পারা যায়। ইহাই ব্রহ্মার [illegible]

প্রকাশ করা হইল। পৃথিবীর গন্ধ তন্মাত্রা যেমন নাসিকার শক্তি বশতঃ গৃহীত ও অনুভূত হয়, অপর বাহ্যেন্দ্রিয়ের ক্ষমতায় অনুভূত হয় না, তদ্রূপ সৃষ্টিকালে কার্য্যাবস্থা-রূপী বিশ্বদেহের অন্তরেই ব্রহ্মসত্তা হৃদয়ের বিশুদ্ধি অনুসারে লক্ষিত হয়েন। কোন ভাবে লক্ষিত হয়েন! সে কথা স্বয়ং প্রহ্লাদ ব্রহ্মার অনুভূত বিরাট ভাবের পরিচয় দিয়া কহিলেনঃ—অনন্ত মূর্ত্তিতে সাক্ষীরূপে দেখা যায়। এই কার্য্যাবস্থার সাক্ষী বিরাটভাব, ইহাই উপাসনা ও তপস্যাবলে জীবের অনুভব হয়। উঁহার অনুভবেই জীবে পরিত্রাণ পায়। অর্থাৎ বিজ্ঞানময় হইলে আর আশা থাকে না; আশাতে কার্য্যফল ক্ষয় হইলে, আর কর্ম্মবন্ধন অর্থাৎ জন্মাদির কারণ থাকে না। ইহাতে সৃষ্টিকালে যে রূপ ব্রহ্মানুভব হয় এবং ব্রহ্মসত্তা অবস্থিত থাকে, তাহাই এই স্থানে প্রহ্লাদোক্তিতে প্রকাশ করা হইল।

]

হে হরে! (আপনার সন্নিহিত হইলেই জীবে আপনার অনুগ্রহ নিশ্চয়ই লাভ করিয়া থাকে, তাহার দৃষ্টান্ত চিরকালই দেখা যায়)। যখন ভগবান ব্রহ্মা তপস্যাবলে আপনার বিশ্বান্তর্যামী বিরাট মূর্ত্তির সাক্ষাৎ পাইলেন, তখন তাঁহাকে বিজ্ঞানে ভূষিত করিবার জন্য আপনি রজো ও তমোগুণ রূপী মধু ও কৈটভ নামক দৈত্যদ্বয়কে বধ করিতে হয়গ্রীব মূর্ত্তি ধারণ করিয়া, তাঁহাকে সমস্ত বেদ ও বিধি প্রদান করিয়াছিলেন। সেই অবধি সত্ত্ব অবস্থাকেই আপনার মূর্ত্তি বলিয়া ঋষিগণ কীর্ত্তন করিয়া থাকেন। ৭।৯।৩৬

সত্ত্বগুণের আবির্ভাব ব্যতীত যখন রজো ও তমের নাশ হয় না, তখন আপনি এই ত্রিলোকের হিত সাধনার্থে, কি মনুষ্য, কি তির্য্যক, কি ঋষি, কি দেবতা, কি মৎস্যাদি যত রূপেই আবির্ভূত ও অবতীর্ণ হইয়াছেন, সমস্তেই আপনি সত্ত্বধর্ম্মাবলম্বন করিয়াছেন। আপনি ঐ সব মূর্ত্তিতে এই বিশ্বের পাল্যকে পালন ও সংহারযোগ্যকে সংহার করিয়া ত্রিলোকের সমস্ত ধর্ম্ম রক্ষা করেন। হে মহাপুরুষ! কলিযুগে যত বিকার হয়, অপর ত্রিযুগে সেই বিকার সমূহ আবির্ভূত হইয়া ক্ষয় করেন বলিয়া, সকলে আপনাকে ত্রিযুগ বলিয়া থাকেন। কলিযুগে আপনি গুপ্ত ভাবাবলম্বন করেন। ৭।৯।৩৭

ব্যাখ্যা। পালন করিতে হইলেই বিকারের সংশোধন করিতে হয়, কষ্টের ক্ষয় করাই নামই পালন। যাহা ক্ষয় হয় তাহাই সংহরণ। এই নিমিত্ত বলা হইল আপনি

বেদ বিধি প্রভৃতি উপায়ে যে সাত্ত্বিক বিধি সংসারে প্রচার করিয়াছেন ; ঐ সকল বিধি রজঃ ও তমোগুণ প্রবল হইলেই অবহেলা করা হয়, তাহাতে সত্ত্বের অপলাপ হয় ; সত্ত্বের অপলাপ ঘটিলেই আপনি সত্ত্বমূর্ত্তি ধারণ করিয়া বিবিধ কৌশলে তাহা রক্ষা করেন। ঋষিগণ ঐ রক্ষার্থ সাত্ত্বিক ভাবগুলিকে কখন মানব, কখন তির্য্যক্, কখন ঋষি, কখন দেবতা, কখন মৎস্যাদিরূপে কল্পনা করিয়াছেন। এইসকল সাত্ত্বিক ভাব কলিতে গুপ্ত থাকে, কারণ মায়ার সৃষ্টিকার্য্য ঐ যুগে কিছু হ্রাস হওয়াতে, সত্ত্বগুণের স্বাভাবিক হ্রাস হয়। এই যুগে যত রজো ও তমের আবির্ভাব হয়, তাহাই সত্যাদি যুগে ক্ষয় বা সংহার হইয়া থাকে। এই কথায় ঈশ্বর যে চিরকাল অনুগ্রহ করিয়া বিশ্ব পালন করেন এবং অনুগ্রহ যে তাঁহার একটী কর্ত্তব্য তাহাই বুঝান হইল।

হে হরে! আমি জানি, যে সকল তত্ত্বালোচনা করিলে মহাপাপ কুণ্ঠিত হয়, আপনি সেই সকল তত্ত্বের অধিপতি ; কিন্তু আমার মন অসাধু সঙ্গে এত তীব্র বিষয়াসক্ত হইয়া, দুর্ভাগা ও দুর্দ্দমনীয় হইয়াছে, তাহাতে আপনার শরণ গ্রহণ কথা দূরে থাকুক, সে কখনই আপনার কথাতেও প্রীতি প্রকাশ করে না। এই জন্য আমি অতিদীন হইয়াছি ; আমার মন সর্ব্বদা কামে, হর্ষে, শোকে, ভয়ে ও বিষয় চিন্তায় আতুর হইয়াছে ; অতএব আমি কেমন করিয়া আপনার তত্ত্বচিন্তা করিব। ৭ । ৯ । ৩৮

হে হরে! আমি জানি একবার আপনি হৃদয়ে ধৃত হইলে আর বিচ্যুত হয়েন না ; কিন্তু কি করিব, আমার কোন ইন্দ্রিয়ই আমার বশীভূত নহে। আমার জিহ্বা যে বিষয়ে মধুর রস পায়, সেই দিকেই আমাকে আকর্ষণ করে, আমার শিশ্ন, ত্বক্, উদর, শ্রবণ, ঘ্রাণ, চঞ্চলদৃষ্টি প্রভৃতি জ্ঞান ও কর্ম্মেন্দ্রিয় সমূহ আপনাপন বিষয়ে আমাকে সর্ব্বদা আকর্ষণ করিয়া দস্যুর ন্যায়, মম সম গৃহপতির জ্ঞানাদি পরমার্থ উপযোগী রত্ন লুণ্ঠন করিতেছে। ৭।৯। ৩৯

হে হরে! আমার ন্যায় শত শত লোকে এই সংসার—বৈতরণীতে আপনাপন কর্ম্মবশে জন্ম মৃত্যুরূপে ডুবিতেছে আর ভাসিতেছে, কেহই উঠিতে পারিতেছে না। আমি এই বৈতরণীতে পতিত থাকিয়া ইহার যন্ত্রণার ভয়ে অত্যন্ত ভীত হইয়াছি। একেতো সকলে ভববৈতরণীতে পতিত আছি, তাহার উপরে আবার আমার ও পরের এইরূপ সম্বন্ধ ভাবিয়া ও বন্ধুতা ও মিত্রতা এই সকল ঘোর অজ্ঞতা দেখিয়া, আমার বড় কষ্ট হইয়াছে। আমি আপনার সহিত বন্ধুতা ইচ্ছা করিয়া

সজ্জনের সহিত শত্রুতা করিয়াছি। তব কষ্টই আমার পক্ষে অত্যন্ত অধিক বোধ হইয়াছে; আপনি বৈতরণীর পারে থাকেন, আপনি নিত্যমুক্ত, বৈতরণীর কত কষ্ট তাহা বোধ করিতে পারিতেছেন না, দয়া করিয়া অবিলম্বে আমার স্থায় মূঢ় জনকে তীরে উঠাইয়া দিউন। ৭।৯।৪০

হে নাথ! আপনি যখন এই ভবসংসারের সৃজন পালন ও হরণের ক্ষমতা ধারণ করেন, তখন আমাদের স্থায় সামান্য প্রপন্ন অসুর বালকগণকে ভব সাগর হইতে উদ্ধার করিবেন, ইহার আর আশ্চর্য্য কি! আপনি সমস্ত চরাচরের জ্ঞানদাতা, মূঢ়জনের প্রতি আপনি অনুগ্রহ বিধাতা এবং আর্ত্তজনের আপনি বন্ধু হইতেছেন। আমরা আপনার প্রিয় জনের সেবা করিয়া, আপনার তত্ত্ব পাইয়াছি, আর কষ্ট দিবেন না, আমাদের (অসুর বালকগণকে) উদ্ধার করুন। ৭।৯।৪১

হে হরে! আমি আপনার মায়া বৈতরণীতে যন্ত্রণা পাইলেও উদ্ধার হইতে পারিব না, এ ভয় করি না, কারণ যখন আপনার তত্ত্বামৃতে আমার চিত্ত একেবারে নিমগ্ন হইয়া রহিয়াছে, তখন আমি যে উদ্ধার পাইব, আর ডুবিয়া মরিব না, এ বিশ্বাস আছে। কিন্তু ভববৈতরণীতে পতিত, মায়াতে বিমুগ্ধচিত্ত যে সকল জনগণ বুদ্ধিভ্রমে কেবল ইন্দ্রিয়সুখেই উন্মত্ত হইয়াছে, এই নদীতে পতিত থাকিয়া তাহাদের যে কত কষ্ট তাহা অনুভব করিয়া, আমি অত্যন্ত ব্যথা পাইতেছি। ৭।৯।৪২

হে হরে! পরমার্থ সম্পন্নমুনিগণ কেবল আত্মমুক্তি ইচ্ছা করিয়াই বিজনে তপস্যা করিয়া থাকেন, কিন্তু আমি তাহা চাহি না; এই সকল দীন ও অজ্ঞান ব্যক্তি, বিষয়ে পতিত থাকিয়া কষ্ট ভোগ করিবে, আর আমি একা মুক্ত হইব, এ ইচ্ছা আমার হয় না, কারণ আপনি ভিন্ন ইহাদের অপর শান্তিদাতা কেহ নাই! অতএব ইহাদিগকে আর বন্ধনে আবদ্ধ কেন রাখিয়াছেন? ৭।৯।৪৩

ব্যাখ্যা। প্রেমের ক্ষমতা ও তপস্যার ক্ষমতার প্রতি লক্ষ্য করিয়া শ্রীব্যাস প্রহ্লাদোক্তিতে কহিলেন, প্রেমরস সকলের সহিত ভোগ হয়, একজন প্রেমিকের সহিত অনেকের আস্বাদন ঘটে। ইহা বুঝাইতেই বলা হইল, তপস্যাবলে মুনিগণ নিজের মুক্তিই কামনা করেন; কারণ যপ নিয়মাদি যোগানুষ্ঠান বহু জনালাপে হয় না; কিন্তু ভগবানের তত্ত্বমিশ্রিত কীর্ত্তনাদিতে রতি জন্মাইলে, ক্রমে যে প্রেমের সঞ্চার হয়, তাহাতে একত্রে অনেকের ভোগ হইয়া থাকে। এই জন্য

প্রহ্লাদ কহিলেন যে ঃ—সংসারের দুঃখে আমার হৃদয় পীড়িত; আমার সহচরগণ অজ্ঞান, কিন্তু আমার উপদেশে আপনাতে প্রপন্ন; তবে আমার ন্যায় উপযুক্ত গুরু পায় নাই; আমি শ্রীনারদকে পাইয়াছিলাম বলিয়া, আপনার তত্ত্ববোধ করিলাম এবং মুক্ত হইব এ ভরসা করি, কিন্তু আমার কথায় বিশ্বাসী ইহাদের মুক্তির ভার আপনার উপর। ইহার বিশেষ তাৎপর্য্য এই ঃ—প্রহ্লাদের ন্যায় ভগবৎ স্মৃতি, যাঁহাদের হৃদয়ের অনুগত হয়; তাঁহারাই সেই স্মৃতির অনুগ্রহে পরমার্থ পাইয়া থাকেন। ইহাতে বলা হইল যে ঃ— স্মৃতিকে প্রেমরসে আকুল করিতে পারিলে সকলেই উদ্ধার লাভ করে। কারণ স্মৃতিতে যে সকল গুণ আরোপিত হয়, তাহার সঙ্গ করিলে অপরের স্মৃতিও তৎসাধর্ম্ম্য তদ্ভাব প্রাপ্ত হইয়া থাকে।

হে হরে! কণ্ডুতি সমূহ অঙ্গে প্রকাশ হইলে, তাহাদের কণ্ডুয়নে ক্ষণেক সুখ এবং পরক্ষণেই যেমন দুঃখ উপস্থিত হয়; তদ্রূপ গৃহমেধী ব্যক্তিরা ভ্রমে পতিত হইয়া, পরিণামে দুঃখের আকরস্বরূপ সংসারাশক্তিতে আশক্ত হইয়া থাকে। এই যে ঘোর বিষয়াশক্তি এবং কামবেগ, ইহা দুঃখভাগী সংসারীগণ কখনই সহ্য করিতে পারে না; কিন্তু যে সকল ব্যক্তি আপনার প্রেমে শান্ত হইয়াছেন, তাঁহারাই ঐ সকল কামাদির বেগ সহ্য করিয়া থাকেন।৭।৯।৪৪

হে ভগবন! মৌন, ব্রত, শ্রুত, তপস্যা, অধ্যয়ন, আত্মনিষ্ঠ কর্ম্ম, ভগবচ্চরিত্র ব্যাখ্যা, নির্জনে বাস, জপ, সমাধি প্রভৃতি দশবিধ চেষ্টা কেবল একান্ত মুমুক্ষুপুরুষেরই মুক্তির উপায় স্বরূপ হইতেছে। যাঁহারা সংসারভোগে ঘোর দাম্ভিক, তাঁহারা কখনই ঐ সকল নিয়ম অবলম্বন করিতে পারেন না। ৭। ৯। ৪৫

ব্যাখ্যা। সংসারীগণ একেবারে জ্ঞানপথে যাইতে পারে না কেন, তাহাই এই পঞ্চ চত্বারিংশতি শ্লোকে দেখান হইল। জ্ঞান লাভ করিয়া মুক্ত হইতে পারে চেষ্টা করিলে ঃ—মৌন, ব্রত, শ্রুত (সদালাপ শ্রবণ), তপস্যা, বেদও পুরাণ পাঠ, আপনার কৃত বর্ত্তমান ও পূর্ব্বাদৃষ্ট কর্ম্মালোচনা তত্ত্ব ব্যাখ্যা, একান্ত বাস, ভগবন্মহিমা জপ এবং সমাধি এই দশবিধ উপায়ে জিতেন্দ্রিয় ব্যক্তি উপকারে পাইতে পারেন, অর্থাৎ যে সকল ব্যক্তি একান্ত ভগবন্নিষ্ঠা সংকল্প করিয়াছেন, তাঁহাদের উপকার হইতে পারে। কিন্তু যাহাদের মন একেবারে ঘোর বিষয়ে উন্মত্ত, যাহারা ভগবতত্ত্ব

কিছুই জ্ঞাত নহে, তাহাদের মন কি উপায়ে সত্ত্বগুণ লাভ করিয়া থাকে এবং ক্রমে ভক্তিযোগে কি উপায়ে তাহারা জ্ঞানবলে মুক্তি পায়, তাহাই পরে প্রকাশ হইতেছে।

হে হরে! (সকামীগণ ভক্তি বিনা কি উপায়ে আপনার তত্ত্বজ্ঞান লাভ করিতে সমর্থ হইবে।) আপনি অরূপ, আপনি কখনই ইন্দ্রিয়প্রত্যক্ষ নহেন; ইহাতে কখনই ইন্দ্রিয়প্রত্যক্ষ হইয়া সকামী অজ্ঞানীগণকে কৃতার্থ করিতে পারেন না, কিন্তু আপনি বেদবাক্যে প্রকাশ করিয়াছেন যে, আপনি জগতের সৎ ও অসৎ সমস্ত কারণই হইতেছেন। বীজ ও অঙ্কুর যেমন পরস্পর কার্য্য ও কারণভাবে সম্বন্ধ, তেমনি এই ব্রহ্মাণ্ডপক্ষে আপনি কার্য্য ও কারণ রূপে বর্ত্তমান আছেন। যেমন মন্থন করিলে দারু হইতে তদন্তস্থিত অগ্নি লাভ হইয়া থাকে, সেইরূপে আপনি তত্ত্ববিচারে লাভ হইয়া থাকেন। (অতএব ভক্তির সহিত মনকে তত্ত্বপর না করিলে কেমন করিয়া তত্ত্বজ্ঞান আহৃত হইবে)। ৭। ৯। ৪৬

হে নাথ! এই যে বায়ু, অগ্নি, পৃথ্বী, আকাশ ও বারি ইহাদের স্থূলাংশও আপনি এবং সূক্ষ্মাংশও আপনি হইতেছেন। এই যে প্রাণ, ইন্দ্রিয়গণ, চিত্ত ও অহংকার, ইহাদের স্থূলও আপনি অর্থাৎ কার্য্যও আপনি এবং সূক্ষ্ম শক্তিও আপনি হইতেছেন। হে প্রভো! মন ও বাক্যে এ পর্য্যন্ত যাহা কিছু উদয় হয়, তাহার কি সগুণ ভাগ, কি নিগুর্ণভাগ অর্থাৎ স্থূল ও সূক্ষ্ম, সমস্তই আপনা হইতে ভিন্ন নহে। ৭। ৯। ৪৭

হে হরে! এই যে প্রাকৃতিক কার্য্যোপযোগী গুণসকল এবং ঐ সকলের কার্য্যভূমি স্বরূপ মহত্তত্ত্ব, (চিত্ত) মন প্রভৃতি গুণাভিমানী দেবতা সকল; ইহারা সকলেই মায়া উপাধি বিশিষ্ট হইয়া, সৃষ্টি প্রলয়ের বশবর্ত্তী। অতএব জাড্যবশতঃ উহারা আপনার তত্ত্ব কিছুই বুঝিতে পারে না। কিন্তু যাঁহাদের অন্তঃকরণ বৈদিক স্মরণ মননে মায়া হইতে বিশুদ্ধি লাভ করিয়াছে, তাঁহারাই তত্ত্বজ্ঞানবলে আপানাকে জ্ঞাত হইয়া ভক্তি সংযুক্ত জ্ঞানাহরণচেষ্টারূপী তপস্যা প্রভৃতি হইতে বিরত হয়েন। ৭। ৯। ৪৮

ব্যাখ্যা। ইহাতে বিশেষ করিয়া বলা হইল যে, মন ও চিত্ত স্বভাবতঃ মায়াতে আবৃত থাকাতে তাহারা জ্ঞানশক্তি লাভ করিতে পারে না। উহারা সকলেই

জড়ভাবগ্রস্ত, কারণ উহারা গুণময়। যেমন দর্পণে পারদ রাখিলে প্রতিবিম্ব গৃহীত হয় ও প্রতিবিম্ব গ্রহণই উহাদের স্বভাব, সেইরূপ মন ও চিত্তাদির অনুভব ও স্বভাব প্রকাশই কার্য্য। জীব যখন যে গুণের অধীন থাকে, উহারা সেই গুণময় ভাবই ভোগ করিয়া থাকে। বিশেষতঃ উহারা ও জন্ম জন্মান্তরে এরূপে যে গুণময় থাকে, বর্ত্তমান জন্মে সেই গুণময় স্বভাবই প্রকাশ করে। এই জন্য ভক্তির অনুষ্ঠান অর্থাৎ পরমার্থ অনুশীলনে উহাদের বিশুদ্ধি ঘটাইতে পারিলেই, তত্ত্বজ্ঞানশক্তি প্রকাশ হইবে, তাহাতেই জীবে আত্মদর্শন করিয়া বিমুক্তি লাভ করিতে পারিবে। এই মুক্তির উপযুক্ত হইলে আর তপস্যাদি ভক্তি অনুষ্ঠানের আবশ্যক থাকে না।

হে সর্ব্বপূজ্য! যদি অজ্ঞানী জীবে আপনাতে প্রণত না হইল, আপনার স্তবাদি আনুগত্যভাব আপনাতে না দেখাইল। যদি প্রণয়ের উপহার লইয়া আপনাতে না অর্পণ করিল, যদি সর্ব্বদা আপনাকে না স্মরণ করিল, সর্ব্বদা ইন্দ্রিয়াদিতে আপনার পরিচর্য্যা না করিল, আপনার তত্ত্বকথা সর্ব্বদা শ্রবণ না করিল; এই ষট্ উপায় সংযুক্ত অনুষ্ঠান না করিলে জীবের ভক্তি কিরূপে উপস্থিত হইবে? এবং ক্রমে পরমহংসগতি অর্থাৎ জীবন্মুক্তগতি ঐ ভক্তি ব্যতীত অজ্ঞানী কেমন করিয়া লাভ করিবে! (অতএব অজ্ঞানীদের ভব তত্ত্বজ্ঞান যাহাতে হয়, এই ইচ্ছা করিয়াই, আপনার নিকটে শেষ প্রার্থনা করিলাম। আপনাকে নমস্কার!

পূর্ব্ব কথা সমাপ্ত করিয়া শ্রীনারদ কহিলেন:—

হে ধর্ম্মরাজ! শ্রীপ্রহ্লাদ রূপী মহাভক্ত কর্ত্তৃক এইরূপে ভগবানের মহিমা কীর্ত্তিত হইলে, সেই নির্গুণ ভগবান প্রণত প্রহ্লাদের উপরে প্রীত হইয়া, কোপ সংহার করিলেন। শেষে তাঁহাকে আশ্বাসিত করিতে কিছু বলিলেন:—৭।৯।৫০

শ্রী ভগবান কহিলেন:—

হে প্রহ্লাদ! তুমি অতি সাধু, তুমি অতি শান্ত, তুমি অসুরবংশে জন্মাইয়া তমো হইতে উদ্ধার পাইয়াছ, আমি তোমার উপরে অতিশয় প্রীত হইয়াছি। আমি মনুষ্যগণের পক্ষে কামপুর হইতেছি। তুমি আমার নিকটে অভিমত বর প্রার্থনা কর; আমি তোমাকে প্রসাদিত করি।৭।৯।৫১

ব্যাখ্যা। কে মুক্তি পায় ইহা বুঝাইতেই প্রহ্লাদ স্বয়ং যতদূর অধিকারী অর্থাৎ ভগবানের তত্ত্ব যতদূর বুঝিয়াছেন, ইহা দেখাইতেই শ্রীব্যাস প্রহ্লাদোক্তিতে ভগবতত্ত্ব

প্রকাশ করিলেন। সমস্ত কথা প্রকাশ করিয়া শেষে প্রহ্লাদ কহিলেন:—ভক্তি বিনা কখনই অজ্ঞানীর হৃদয়ে জ্ঞানের সঞ্চার হয় না। জড়গুণময় মনোবুদ্ধি ও চিত্তাদি বিশুদ্ধ না হইলে তত্ত্বজ্ঞানের উদয় হয় না। যে সকল উপায়ে মন বুদ্ধি ও চিত্তাদি বিশুদ্ধ হয়, তাহাই ভক্তিরূপে কল্পিত হইল বুঝিতে হইবে। ঐ ভক্তিকে ভাগবত শাস্ত্র ছয় উপায়ে বিভাজিত করিয়া এই স্থানে প্রকাশ করিলেন। কোন কোন ভক্তি দার্শনিকেরা ঐ ছয় স্থানে নববিধ উপায় নির্দেশ করেন। একই কথা। এই উপায়ে প্রহ্লাদের ন্যায় উপযুক্ত হইলে, জীবের পক্ষে ব্রহ্মদর্শন ঘটে। এতক্ষণ প্রহ্লাদ তত্বের অন্তর্গত নৃসিংহ মূর্ত্তি দেখিতেছিলেন অর্থাৎ শাসন, পালন, হরণ ইত্যাদি গুণময় দেখিতে ছিলেন, যখন স্তব ও স্তুতিতে একেবারে বিনীত হইয়া পড়িলেন, তখন ভক্তির পরাকাষ্ঠা তাঁহাতে যেমন উদয় হইল, অমনি ভগবানের গুণময়ী মূর্ত্তি তাঁহার সম্মুখে আনন্দময়ী হইল। এই আনন্দময় ভাব অনুভবই এ স্থলে কোপ সংহারের প্রকৃত অর্থ, ঐ মূর্ত্তিতে ভগবান ভক্তকে মুক্ত করেন, ইহা বলিতেই বলা হইল "আমি কামপুর হইতেছি" কামনা সমূহ যে অবস্থায় পূর্ণ হইয়া যায়, আর আশার অপেক্ষা থাকে না, সেই মুক্তিদাতাকে কামপুর কহে। মনুষ্যগণ অসুর অর্থাৎ অজ্ঞানী সংসারী বংশে জন্মিয়া ভগবদ্দর্শন করিতে পারিলেই, তাহাদের সকল কামনা পূর্ণ হইল।

হে বৎস! হে আয়ুষ্মন্! আমাকে প্রীত করিতে না পারিলে কেহই আমার দর্শন লাভ করিতে পারে না; যে ব্যক্তি আমাকে সন্তুষ্ট করিয়া মদ্দর্শন লাভ করে, আর তাহাকে সাংসারিক ত্রিতাপে দগ্ধ হইতে হয় না। ৭। ৯। ৫২

হে মহাভাগ! আমি সকল আশীর্ব্বাদের পতি; সাধুগণ ত্রিতাপকে উপেক্ষা করিতে ধৈর্য্য অবলম্বন করিয়া, কায়মনোবাক্যে আমার প্রীতি আকর্ষণের চেষ্টাই করিয়া থাকেন; তাহাই তাঁহাদের পক্ষে শ্রেষ্ঠ কামনা হইতেছে। ৭। ৯। ৫৩

শ্রীনারদ পূর্ব্বকথা সমাপ্ত করিয়া কহিলেন:—

হে ধর্ম্মরাজ! (ভগবান এখনো প্রহ্লাদকে পরীক্ষা করিতে ভুলিলেন না!!) যে বরের মাহাত্ম্যে ত্রিলোক ভুলিয়া যায়, সেই সুখসম্পদময় বরদ্বারা প্রহ্লাদকে ভুলাইতে ভগবান ইচ্ছা করিলেও, একে বালক অসুরোত্তম, তাহাতে ভগবানে তাঁহার একান্ত ভক্তি; বালক বরের প্রতি কোন ক্রমেই ইচ্ছা প্রকাশ করিলেন না। ৭।৯।৫৪

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে নবমাধ্যায়ে

উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। যতক্ষণ আশক্তি থাকে, ততক্ষণ ভগবদ্দর্শন দুর্লভ। কিন্তু পূর্ব্বে আশক্তি ভোগ যাহাদের হয় নাই; সেই অপূর্ণকামী ভক্তগণ ভগবানে নিষ্কাম ভক্তি স্থাপন করিলে অন্তর্যামী হরি, তাহাদের জীবন্মুক্ত করিয়া, কিছুকাল ভোগ করান, পরে মুক্ত করেন। এই তাৎপর্য্য বুঝাইতে বলা হইল, অন্তর্যামী হরি প্রহ্লাদের ন্যায় প্রশান্ত ভক্তকে অপূর্ণকাম দেখিয়া ভোগের বর দিতে চাহিলেন; কারণ নিজ দর্শনে দ্রষ্টার মুক্তিলাভতো হইবেই; কিন্তু মুক্ত ভাবে সংসার ভোগ কেন না হউক। এই ইচ্ছায় এক পক্ষে ভগবান বর দিতে চাহিলেন। আর এক পক্ষে শ্রীব্যাস কটাক্ষ করিলেন:—যদি কাহারো ভোগে আশক্তি থাকে, তাহার মুক্তিতে অধিকার নাই; এতদ্ব্যতীত ভগবদ্দর্শনমাত্রেই সমস্ত আশক্তি ক্ষয় হইয়া যায়, ইহাও এই স্থানে বুঝান হইল। কারণ প্রহ্লাদ কোন ভোগ না করিয়াও ভগবদ্দর্শন মাত্রেই কোন ভোগের জন্য বর প্রার্থনা করিলেন না।

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে নবমাধ্যায়ে
উপেন্দ্রকৃতাধ্যায় ব্যাখ্যা সমাপ্ত।

অথ দশম অধ্যায়।

পূর্ব্ব কথা সমাপ্ত করিয়া শ্রীনারদ কহিলেন:—

হে যুধিষ্ঠির! ভগবান প্রহ্লাদকে বারম্বার বহুবিধ বর দিতে চাহিলেন; বালক সেই সকল বরকে আপনার ভক্তিযোগের বিঘ্নকারী ভাবিয়া, সেই অন্তর্যামী হরিকে পরম বিস্ময়ে এই সকল কথা কহিলেন:—৭।১০।১

শ্রীপ্রহ্লাদ কহিলেন:—

হে ভগবন্! আর কেন আমাকে বিড়ম্বিত করেন, আমি আশক্তিপূর্ণ সংসারে জন্মাইয়া, কামনার যে কত যন্ত্রণা তাহা বিশেষ বুঝিয়াছি, পুনশ্চ বর লইয়া আমার কামনা পূর্ণ করিতে ইচ্ছা নাই; আমি কামনার ফল স্বরূপ জন্ম ও মৃত্যুর ভয়ে ভীত হইয়া, মুক্তির ইচ্ছা করিয়াই আপনার আশ্রয় লইয়াছি। ৭।১০।২

হে প্রভো! আপনি যে আমাকে সত্যসত্যই ভুলাইয়া ভোগে প্রবৃত্তিদান করিতে বর দিতে উদ্যত হইয়াছেন; এ কথা আমার বিশ্বাস হয় না। কারণ যে কোন কামনাই হউক না কেন, সকলেই সংসারবীজ আছে; তাহাতে হৃদয় বিশুদ্ধ না হইয়া বরং আবদ্ধ হইয়াই থাকে। আপনি বররূপে আমাকে আপনার কিরূপ দাসত্ব দিবেন, এই কথাই বোধ হয় জিজ্ঞাসা করিতেছেন। ৭।১০।৩

ব্যাখ্যা। ভক্তকে মুক্ত না করিয়া বরদানে তাহাকে পুনরায় সংসারপ্রবৃত্তি দান করিলে, অত্যন্ত সংসারে ভক্ত আশক্ত হইতে পারে!! ইহাতে ভবিষ্যতে ভক্তের অমঙ্গল ঘটিবার সম্ভাবনা। পাছে এই কৌশলদোষ ঈশ্বরে আরোপিত হয়; এই সন্দেহ দূর করিবার জন্যই এই অধ্যায়ে শ্রীব্যাস প্রহ্লাদ ও ভগবানুক্তিতে মুক্তির পক্ষে বর কি, তাহা প্রকাশ করিতেছেন। তৃতীয় শ্লোকে শ্রীপ্রহ্লাদ তাহাই বলিলেন:– বর বলিতে পুণ্য বা সুখ সম্পদ ভোগ বুঝায়। ঈশ্বর অন্তর্যামী। যে ভক্ত দর্শন লাভ করিল, তাহার পক্ষে মুক্তি ব্যতিত আর কি, বর হইতে পারে। এইটী বিশদ করিয়া বুঝাইতে আরও বলা হইতেছে। কামনা না থাকিলে বর লাভ হয় না, প্রহ্লাদের দাসত্ব কামনা ছিল, সেই কথার উপর নির্ভর করিয়াই তাহাকে ভগবদুক্তিতে বরের কথা বলিলেন। ইহা পরে প্রকাশ হইবে।

হে হরে! আপনি অখিলের অজ্ঞাননাশকারী, অতএব আপনি প্রবৃত্তিরূপী বর দিয়া কেমন করিয়া ভক্তের অমঙ্গল সাধন করিবেন। আপনি করুণাময়। বররূপী প্রবৃত্তিগত অমঙ্গল ঘটাইলে কেমন করিয়া আপনার দয়ার পরিচয় থাকিবে। যে ব্যক্তি আপনার নিকট হইতে বররূপী আশীর্ব্বাদ প্রাপ্ত হইতে ইচ্ছা করে, সে কখনই আপনার চিরানুগত ভৃত্য নহে, সে সম্পদের জন্যই কিছুদিনের জন্য দাসত্ব ব্যবসায় করিয়া থাকে। ৭।১০।৪

হে হরে! যে ব্যক্তি আপনার কামনা পূর্ণ করিয়া লইবে এই ইচ্ছায় কাহারো ভৃত্য হয়; সে প্রকৃত ভৃত্য নহে। আর যে প্রভু কেবল স্বকীয় কামনা মাত্র পূর্ণ করিতে ভৃত্যের সেবা গ্রহণ করেন, তিনিও প্রভু পদের উপযুক্ত নহেন। স্বামীত্ব বা ভৃত্যত্ব পরস্পরের ইচ্ছার পরিবর্ত্তনে থাকিতে পারে না। ৭।১০।৫

হে ঈশ্বর! আমরা পরস্পরে ঐরূপ বিনিময়দাতা স্বামীভৃত্য নহি, আমি আপনার নিকটে নিষ্কাম ভাবে দাসত্ব স্বীকার করিয়াছি এবং আপনিও আমার পক্ষে সেবা গ্রহণের ইচ্ছায় স্বামী নহেন।

রাজা ও প্রজাগণের ন্যায় পরস্পরের স্বার্থসংযুক্ত প্রভু দাস নহি, ইহা আপনি বিশেষ জ্ঞাত আছেন। ৭।১০।৬

ব্যাখ্যা। এই স্থানে শ্রীব্যাস সেবা ও সেবকভাবের তাৎপর্য্য প্রকাশ করিলেন। নিঃস্বার্থভাবে অপরের কল্যাণ সাধনে নিরত থাকাকে প্রভুত্ব কহে; নিজের স্বার্থ পূরণার্থে অর্থ প্রভৃতির বিনিময়ে অপরের সেবা গ্রহণ করাকে প্রকৃত প্রভুত্ব কহে না। একান্ত প্রপন্ন হইয়া আত্মসমর্পণ করাকে দাসত্ব কহে; ঐ সেবক যাহাকে আত্ম-সমর্পণ করিবে, তাহার বিশেষ পরিচয় পূর্ব্বে থাকা চাই। এইরূপ আত্মসমর্পণকারী সেবককে যিনি স্বতঃ পরতঃ কল্যাণ বিধান করিতে পারেন, তিনিই প্রভু। এই প্রভুত্ব ও দাসত্ব এত সূক্ষ্ম যে ঈশ্বরের ন্যায় প্রভুও ভক্তকে স্বর্গাদি সুখ সমৃদ্ধি দান যে সময়ে করেন, তখন তিনি ভক্তপক্ষে প্রকৃত প্রভু নহেন, কারণ স্বর্গাদি সুখের ক্ষয় আছে, তৎক্ষয়ে পুনরায় সেবককে জন্ম ও মৃত্যু পথের পথিক হইতে হয়; পরিণামে এই অকল্যাণ পাছে ঘটে, এই জন্য সাধক-উক্তিতে শ্রীব্যাস সকাম বরকে ঈশ্বরের পক্ষে প্রভুত্বের হানিকর বলিলেন। পরে সেবকেরও প্রভুতে এত প্রপন্ন হওয়ার প্রয়োজন যে, প্রভুর সান্নিধ্য ব্যতীত স্বর্গাদি সুখকেও সেবক বিনিময়ে লইতে ইচ্ছা করে না। এই ভাবের প্রকৃত প্রভু ও সেবক ভাবই ঈশ্বরে ও ভক্তে এবং ব্রাহ্মণ ও অপরাপর শ্রেণীতে এই ভারতবর্ষে চলিয়া আসিয়াছে। বর্ত্তমানে প্রভুত্ব নাই, ভৃত্যত্বও নাই; সেবক বলিতে কেবল পদসেবা নহে। এরূপ প্রভুশূন্য হইলে কেহ কি কাহাকে কিছু বিনিময়ে আদান প্রদান করিবে না? অবশ্য করিবে, কিরূপ আদান প্রদান তাহা পরে প্রকাশ হইতেছে।

হে বরদশ্রেষ্ঠ! আপনি যদি একান্তই আমার ইচ্ছানুসারে বর দিতে প্রস্তুত থাকেন, (আপনার সে আজ্ঞা অবহেলা করা আমার অনুচিত) তবে আমাকে এই বর প্রদান করুন, যেন আমার হৃদয়ে আর কামনাবীজ অঙ্কুরিত না হয়। ৭।১০।৭

হে হরে। হৃদয়ে কামের জন্ম হইলে ইন্দ্রিয়শক্তির সহিত মন বিকৃত হয়, প্রাণ বিকৃত হয়; দেহ বিকৃত হয়, ধর্ম্ম স্বভাব বিকৃত হয়; ধৃতি, মতি, লজ্জা, সম্পদ ও তেজঃ বিকৃত হয়; বিশেষতঃ স্মৃতি ও সত্যভাবের একেবারে লোপ সাধন হইয়া থাকে। ৭।১০।৮

ব্যাখ্যা। কাম বলিতে ভোগাশক্তি। হৃদয়ে যদি ভোগাশক্তির প্রাবল্য প্রকাশ হয়, তাহা হইলে ইন্দ্রিয়গুলি সেই ভোগের জন্য অভ্যস্ত হইয়া নিবৃত্তি অনুসারী হইতে পারে না। ইহাই বিকৃতি। ইন্দ্রিয় বিকারে মন বা সংকল্প চেষ্টা বিকৃত হয়। মন বিকৃত হইলে প্রাণ অর্থাৎ দেহের জীবনীশক্তি হ্রাস হয়। জীবনী শক্তি বিকৃত হইলে দেহের কুগঠন, খর্ব্বতা ও রিপু প্রভাব ঘটিয়া থাকে। দেহের বিকার ঘটিলে, সাত্ত্বিক স্বভাব বা ধর্ম্ম ক্ষয় হয়। সাত্ত্বিক স্বভাবের ক্ষয়ে ধৈর্য্য, উত্তমাধম মতি বা চিন্তা বা বিবেক শক্তি ক্ষয় হয়। তৎক্ষয়ে লজ্জা অর্থাৎ সম্মানীর সম্মান, অধমের শাসন ও তৎসঙ্গ পরিহার ইত্যাদি ক্ষয় হইয়া থাকে। যথেচ্ছাচার হইলে, সম্পদ ও তেজ নষ্ট হয়। তেজ ক্ষয় হইলে সাধুস্মৃতি ক্ষয় হয়। সাধুস্মৃতি বা ইহপরলোকের ভয় ক্ষয় হইলে, সত্য নাশ হয়; প্রবঞ্চনা প্রতারণা ব্যতীত স্বার্থসিদ্ধ হয় না। এক কামনায় এত দুর্দ্দশা ঘটে।

হে হরে! যখন মানব আপন মন হইতে কামনা সমূহকে বর্জ্জন একেবারে করিতে সক্ষম হয়েন, হে পুণ্ডরীকাক্ষ! তখনই তিনি পূর্ণ ভগবৎভাব সহজেই প্রাপ্ত হয়েন। ৭। ১০। ৯

হে হরে! (আমার আর কোন ইচ্ছাই নাই, আমি আর কি বলিয়া স্তব করিব) তবে এই বলি যে, আপনি ওঁকার রূপে বিশ্বের সৃষ্টি, স্থিতি ও সংহার করেন, আপনি জ্ঞান, বীর্য্য, বল, ঐশ্বর্য্য এবং শক্তি ও তেজরূপী ছয়টী ঐশ্বর্য্যের পতি, আপনি সর্ব্বান্তর্যামী পুরুষ; আপনি সকলের আত্মা, এই জন্য মহাত্মা; আপনি ত্রিতাপ হরণ করেন এই জন্য হরি, আপনি অণু হইতে অণুতম এবং মহৎ হইতে বৃহত্তম এই জন্য ব্রহ্ম। আপনি জীবাত্মার পরম আশ্রয়, এই জন্য পরমাত্মা। যে বীর্য্যের শ্রেষ্ঠত্ব বা সিংহত্ব কেহ কখন দেখাইতে পারে না, তাহাই দেখাইলেন, এই জন্য আপনি অদ্ভুত নৃসিংহ; আপনাকে নমস্কার করি। ৭।১০।১০

প্রহ্লাদ এইরূপে স্তব করিয়া স্থির হইলে শ্রীভগবান কহিলেন ঃ—

হে বৎস প্রহ্লাদ! তোমার ন্যায় আমাতে একান্ত প্রপন্ন জন কখনই কি ঐহিক কি পারত্রিক কোন সুখেরই আশারূপী আশীর্ব্বাদ আমার নিকটে প্রার্থনা করে না। কিন্তু আমার অনুজ্ঞামতে এই বর্ত্তমান মন্বন্তর কাল পর্য্যন্ত এই দৈত্যেশ্বরগণের সঞ্চিত ঐশ্বর্য্য সমূহ ভোগ কর। আমি যে ভাবে ভোগ করিতে বলিব, তাহাতে ক্রমে তোমার কামনাবীজ নিরঙ্কুরিত হইবে। ৭। ১০।১১

ব্যাখ্যা। যদি কেহ এরূপ সন্দেহ করেন, ভগবদ্দর্শনে বিশুদ্ধচিত্ত হইলে, লোক ভোগ হইতে বিরত হয়, কিন্তু ভোগ যে করিতে থাকিল না, সে ব্যক্তি ভোগ চেষ্টা কেন করিবে, যদি কোন ভোগীকে ঐরূপ ভোগ করিতে না দেওয়া হয়, তবে তাহার ভোগবিরতির সহিত বিশুদ্ধচিত্তের ভোগবিরতির পার্থক্য কি? ইহা বুঝাইতেই বলা হইল ঃ—হে প্রহ্লাদ! আমাতে একান্ত প্রপন্ন ব্যক্তির ভোগে ও মোক্ষে ভয় কি? আমি যাহাদের অভয়রূপে বর্ত্তমান, তাহারা যদি ভোগে বা মায়াতে মুগ্ধই হইবে, তবে মুগ্ধের সহিত মুক্তের প্রভেদ কি? ইহা পরে বলিবেন, এই কটাক্ষেই এস্থলে প্রহ্লাদকে ভোগে অনুজ্ঞা দিতেছেন, বুঝিতে হইবে।

দেখ বৎস! তুমি সর্ব্বদা আমার পবিত্র কথাতে আনন্দিত থাকিবে, আমি যে সর্ব্বান্তর্যামীরূপে, সর্ব্বভূতে এক আত্মারূপে বিরাজ করিতেছি, ইহা তুমি মনের একান্ত সংকল্পে জানিতে থাকিবে; আর আমি সকল যজ্ঞের অধীশ্বর ইহা জানিয়া, ইন্দ্রাদি দেবতাকে আমি বুঝিয়া ভজনা করিবে। (যদি বল যজ্ঞে সকামত্ব আসিতে পারে। তাহা আসিবে না) কারণ ঃ—যজ্ঞাদির কর্ম্মফল ত্যাগ করিয়া ঐ কর্ম্ম আমাতেই সমর্পণ করিবে।৭।১০।১২

হে বৎস! ভোগ দ্বারা পূর্ব্ব জন্মার্জ্জিত পুণ্য ক্ষয় করিয়া, মঙ্গল কার্য্য করিয়া পূর্ব্ব জন্মের পাপক্ষয় করিয়া, আয়ুষ্কাল পর্য্যন্ত দেহক্ষয় করিয়া, দেবতাগণবন্দিত নিজ যশোকীর্ত্তি বিস্তার করিয়া, সমস্ত বন্ধ হইতে মুক্ত হইয়া, অন্তে আমাতেই মিলিত হইবে। ৭।১০।১৩

ব্যাখ্যা। ভগবদ্দর্শন মাত্রেই মুক্ত হইলে পাছে পূর্ব্ব কর্ম্মফল সমূহও নাশ হয়, তাহাতে বিধির বিপরীত ঘটিতে পারে, সেই সন্দেহ হরণার্থ ভগবদুক্তিতে বলা হইল ;- এই যে রাজকুলে অতুল ঐশ্বর্য্যস্থলে জন্ম হইয়াছে, ইহা পূর্ব্বপুণ্যফলে, কিন্তু দৈত্য বংশ বলিয়া কিছু পাপও আছে, ঐ পুণ্য ও পাপক্ষয় করিতে হইবেই হইবে, এই জন্য আমার নিয়মানুসারে আয়ুষ্কাল পর্য্যন্ত পুণ্য ও পাপক্ষয়ার্থ ভোগ ও যজ্ঞাদি কর্ম্ম অনুষ্ঠান করিলে, পূর্ব্ব বন্ধ ক্ষয় হইলে, জীবে ইহ জীবনের জ্ঞানাধিক্যে অন্তে মুক্ত হইবেই হইবে। ইহাই তাৎপর্য্য। জীবের প্রহ্লাদের ন্যায় ভগবৎপ্রপন্নাবস্থায় ইহাই কর্ত্তব্য।

হে বৎস! অধিক আর কি বলিব!! তোমার সুচরিত্রের সহিত আমার এই যে ভক্তরক্ষণ লীলা প্রকাশ হইল, এই ত্বদীয় ও মদীয় চরিত্র গাথা, যে ব্যক্তি কীর্ত্তন করিবে এবং স্মরণ করিবে, সে ব্যক্তি নিশ্চয়ই পূর্ব্ব ও ইহ জন্মের কর্ম্মবন্ধ হইতে মুক্ত হইবেই হইবে। ৭। ১০। ১৪

ভগবানের শ্রীমুখের বাণি শ্রবণ করিয়া শ্রীপ্রহ্লাদ পরমানন্দিতচিত্তে তাঁহাকে অতি প্রণতভাবে কহিলেনঃ—

আপনি বরদাতা মহেশ্বর হইতেছেন, যদি একান্তই আপনি আমাকে বর দিবেন, তবে আমার আরতো কোন কামনা নাই যে গ্রহণ করিব; পুত্র হইয়া পিতার সদ্গতি সাধন করাই একটী মাত্র কামনা দেখিতেছি; আপনি আমায় এই বর দিউন; ঘোর অজ্ঞানী আপনার তত্ত্ববিষয়ে অনভিজ্ঞ, আপনার সর্ব্বান্তর্যামীত্ব বিষয়ে একেবারে মুর্খ, আমায় দুর্দ্দান্ত পিতা আপনার বহুতর নিন্দা করিয়াছেন। ঈর্ষা ও অজ্ঞান পরবশ হইয়া, আপনার ন্যায় পরম প্রভুকে সর্ব্বলোকের কল্যাণদাতা না জানিয়া আপনাকে নিজ ভ্রাতৃহন্তা ভাবিয়াছিলেন এবং সেই হেতু আমার ন্যায় ভদ্ভক্ত-জনকে অত্যাচারে অতিশয় পীড়িত করিয়াছেন। এই কয় ভীষণ অপরাধে আপনার নিকটে তিনি ঘোর অপরাধী হইয়া, আপনার বলে নিহত হইয়াছেন। হে হরে! আপনার পবিত্র অঙ্গ যখন তাঁহার পাপপূর্ণ অঙ্গে স্পৃষ্ট হইয়াছে, তখন পিতার দেহ নিশ্চয়ই পবিত্র হইয়াছে, কিন্তু এই বর চাই, যেন আপনার কৃপায় আমার পিতা উদ্ধার প্রাপ্ত হয়েন। ৭। ১০। ১৫। ১৬। ১৭

ব্যাখ্যা। ঈশ্বর সৃষ্টি কার্য্যের প্রারম্ভেইসৌ পালনকার্য্যার্থে শাসন বিধি স্বরূপ এই ব্রহ্মাণ্ডে যম নামক ধর্ম্মরাজের দ্বারা পাপ শাসন করিয়া থাকেন, তবে আবার স্বয়ং শাসনভার হস্তে লয়েন কেন? যম কর্ত্তৃক নরকের শাসন ও স্বয়ং ঈশ্বর কর্ত্তৃক পাপীর শাসনের অতিশয় প্রভেদ। কাম্য পাপের জন্য যে শাসন বিহিত হয়, তাহাই যম কর্ত্তৃক শাসিত হইয়া থাকে। কিন্তু ঈশ্বর বিদ্বেষ, ভগবদ্ভক্তের প্রতি উৎপীড়ন, এবং ঘোর অশ্রদ্ধা হেতু ঘোর অহংকারী হওন, এই ত্রিবিধ পাপ কাম্য পাপ নহে। এই সকল পাপ ঈশ্বরকে লক্ষ্য করিয়াই জীবে অনুষ্ঠান করে, এই জন্য যমাদি কর্ম্মফলদাতাদিগের এ পাপ শাসনের ক্ষমতা নাই। কারণ এরূপ পাপী দান, তপোযজ্ঞাদি সমস্তই অনু-ষ্ঠান করিয়া, কাম্যপুণ্য সঞ্চয় করে, কিন্তু অশ্রদ্ধা ও অজ্ঞানহেতু আপনার হৃদয়কে ঘোর নাস্তিকতায় পূর্ণ করিয়া, আপনাকে যথেচ্ছাচারী, অজ্ঞানী ও অহংকারী করে। অজ্ঞান ও অহংকার ক্ষয় করিতে জ্ঞান বা ভগবৎকৃপা ভিন্ন আর কোন উপায়ই সৃষ্টিতে

নাই। এই কথা বলিবার জন্যই শ্রীপ্রহ্লাদ মুখে, হিরণ্যকশিপু ভগবানের বধ্য কেন ইহাই বুঝান হইল।

এই স্থানে স্মৃতির সম্মান রক্ষা করিবার জন্য যমের বধ্য নহে কেন, বুঝাইয়া শেষে পুত্রের কর্ত্তব্য বলা হইল। পিতা যতই কেন নিষ্ঠুর হউন না, পুত্র কখনই তাঁহাকে অশ্রদ্ধা করিবে না; প্রহ্লাদ এত পীড়িত হইয়াও সকল কামনা ত্যাগ করিয়া পিতার উদ্ধারই প্রার্থনা করিলেন। তৃতীয়তঃ দেখান হইল যে, ভক্ত আত্মপীড়নে কিছুই দুঃখ বোধ করে না, কিন্তু উৎপীড়নকারী পর হইলেও তাহার দুঃখে বড় ব্যথিত হয়, এবং তাহার উদ্ধার বাসনা করিয়া থাকে।

প্রহ্লাদের প্রার্থনান্তে ভগবান পরম সন্তুষ্ট হইয়া কহিলেনঃ—

হে নিষ্পাপ! তোমাকে আর অধিক কি বলিব!! এই ভীষণ অসুরবংশে তোমার ন্যায় মদ্ভক্ত যে দিন জন্ম গ্রহণ করিয়াছে, সেই দিন হইতেই কেবল তোমার পিতার উদ্ধার কেন, ত্বদীয় বংশের পূর্ব্ব কল্পীয় পুরুষাদি হইতে একবিংশতি পিতৃপুরুষের উদ্ধার সাধন হইয়াছে। ৭। ১০। ১৮

হে বৎস! তুমি কি জাননা যে, সমদর্শী ও প্রশান্তচিত্ত সদাচারী এবং আমার সাধু ভক্তগণ যে স্থানে যে বংশে জন্ম গ্রহণ করেন, সেই স্থান কীকটদেশ সদৃশ অস্পর্শীয় ও চণ্ডালাদির ন্যায় সে বংশ নীচ হইলেও, তাহা চিরপবিত্র হইয়া থাকে। ৭। ১০। ১৯

হে দৈত্যেন্দ্র! যে ব্যক্তি আমার ভাবে গদ্গদ হইয়া, সংসারের সকল কাম্য আশা বিসর্জ্জন দিতে পারিয়াছে, আমাকে সর্ব্বাত্মা জানিয়া কোন প্রাণীকে হিংসা করিতে কল্পনাও করে না, কাহাকেও শ্রেষ্ঠ ও অপকৃষ্ট বলিয়া ঘৃণা পর্য্যন্তও করে না, সেই সকল পুরুষের অনুব্রত হইলে, ইহলোকে সাধারণ ব্যক্তিগণও ক্রমে আমার ভক্তি প্রাপ্ত হইয়া থাকে। অতএব হে প্রহ্লাদ, অদ্যাবধি তুমি আমার পূর্ব্বোক্ত ভক্তগণের প্রতিমা স্বরূপ হইলে, তোমার অনুব্রতী হইলে কিম্বা তোমার চরিত্র অনুভব করিলে, সাধারণে পবিত্র হইবেই হইবে। ৭। ১০। ২০

হে প্রহ্লাদ! তোমার ন্যায় ভক্তের জন্ম যে অঙ্গেহইয়াছে, তদুপরে আমার অঙ্গ তোমার পিতার যে অঙ্গে স্পৃষ্ট হইয়াছে, অতএব ইহাতে উহা অতিশয় পবিত্র হইতে আর বিলম্ব কি আছে। এক্ষণে তুমি পুত্রোচিত কর্ত্তব্য পালন কর। তোমার ন্যায় সুসন্তানের শ্রাদ্ধাদিতে তোমার পিতার শুভগতি হইবেই হইবে। ৭। ১০। ২১

ব্রহ্মবাদী ঋষিগণ সংসারের হিতার্থে যে রূপে পিতৃধনের অধিকারী হইতে পুত্রকে বিধান দিয়াছেন, তুমি তাঁহাদের বিধানানুসারে নিস্পৃহ হইয়া, পিতার অতুল ঐশ্বর্য্যের

সহিত সিংহাসন গ্রহণ কর। দেখ বৎস! বিষয় ভোগ করিবার কালে সর্ব্বদা আমাতে মন রক্ষা করিও; তোমার কল্যাণ হইবে।

পূর্ব্ব কথা উপসংহার করিয়া শ্রীনারদ কহিলেনঃ—

হে ধর্ম্মরাজ! তৎক্ষণাৎ সেই নৃহরির সম্মুখেই উপস্থিত ঋষি ও দ্বিজাতিগণ, প্রহ্লাদকে দৈত্যসিংহাসনে অভিষেক করিলেন। প্রহ্লাদ অভিষিক্ত হইয়া ভগবানের আদেশ ক্রমে পিতার শ্রাদ্ধাদি প্রেতকার্য্য অগ্রে সম্পাদন করিলেন। এমন সময়ে ভীষণ ভাবধারী নরহরিকে প্রশান্ত ভাবাবলম্বন করিতে দেখিয়া, ভগবান ব্রহ্মা অত্যন্ত প্রীত হইয়া, পবিত্র বেদবাক্যে তাঁহার স্তব করিয়া, শেষে দেবগণাদির সহিত ভগবানকে কহিলেন। ৭। ১০। ২২

শ্রীব্রহ্মা কহিলেনঃ—

যে ব্যক্তি আমার বরে উন্মত্ত হইয়া, আমার সৃষ্টিস্থ কোন পদার্থে মৃত্যু ঘটিবে না, ইহা ভাবিয়া আপনাকে অমর জ্ঞান করিয়া, বল ও বীর্য্যাহংকারে উদ্দীপ্ত হইয়াছিল। শ্রদ্ধাবিহীন তপস্যা করিয়া তপোবলে আপনাকে ঘোর নাস্তিক করিয়া সংসারের সকল ধর্ম্মপথকে উচ্ছেদ করিয়াছিল; সেই লোকসন্তাপনকারী পাপ অসুর অদ্য আপনার নিকটে সামান্য আঘাতে নিহত হইল। ইহাতে আমা হইতে আপনি শ্রেষ্ঠ ও অখিলের অধ্যক্ষ, ইহা প্রকাশ হইল এবং সর্ব্বাদি ও সমস্ত প্রাণীর রক্ষাকারী, ইহাও প্রকাশ পাইল। ৭। ১০। ২৩

ঐ পাপাসুরের পুত্র মহাভাগবত ও সাধু হইতেছে; আপনি তাহার প্রতি কৃপা করিয়া অধুনা তাহাকে সৌভাগ্যের সহিত যে মৃত্যুর হস্ত হইতে রক্ষা করিয়াছেন, ইহাতে আপনার অপার করুণা প্রকাশ পাইয়াছে। ৭। ১০। ২৪

হে হরে! আপনি সর্ব্বাত্মা, আপনি নরহরিরূপী ভীমা মূর্ত্তিতে মৃত্যুর মৃত্যু রূপে এবং দুর্জ্জনের ভয় রূপে প্রকাশ থাকিয়া, এই বিশ্বকে রক্ষা করেন; যে ব্যক্তি এই ভাবে আপনার এই মূর্ত্তির ধ্যান করেন, তাঁহার মৃত্যুর ভয় আপনি নাশ করিয়া থাকেন। ৭। ১০। ২৫

ব্রহ্মার বাক্যাবসানে শ্রীভগবান প্রীত মনে কহিলেন ঃ—

হে পদ্মসম্ভব! যেমন ক্রুর সর্পকে অমৃত দান করিলে, তাহার বিষেরই বৃদ্ধি পাইয়া থাকে, তদ্রূপ অজ্ঞানী অসুরগণকে যোগাদি অমৃতবল দান করিলে, এইরূপ অহংকারেরই বৃদ্ধি পাইয়া থাকে; অতএব এরূপ বর ইহাদের প্রদান উচিত নহে।

পূর্ব্ব কথার উপসংহার করিয়া শ্রীনারদ কহিলেন ঃ—

হে যুধিষ্ঠির! ভগবান হরি, যিনি সর্ব্বভূতের অন্তর্যামী হইয়া সর্ব্বদা অদৃশ্য থাকেন, ব্রহ্মা কর্ত্তৃক পূজিত হইয়া, তাঁহাকে পূর্ব্বোক্ত উপদেশ দিয়া, তিনি সেই সভাস্থল হইতে অন্তর্দ্ধান হইলেন।

হে রাজন্! ভগবান অন্তর্হিত হইলে, ব্রহ্মা, মহেশ্বর, ইন্দ্রাদি দেবগণ এবং প্রজাপতিগণকে ভগবানের অংশ ও কলা জানিয়া, প্রহ্লাদ একে একে তাঁহাদের পূজা ও নতশিরে বন্দনা করিলেন।

অনন্তর কমলাসন, অপরাপর মুনিগণ ও শুক্রাচার্য্যের সহিত, প্রহ্লাদকে সকল দৈত্য ও দানবগণের অধিপতি করিলেন।

ব্যাখ্যা। প্রহ্লাদকে রাজ্যগ্রহণ ও বিষয় গ্রহণের অনুরোধ কেন ভগবান করিলেন, শ্রীব্যাস পূর্ব্বে এই অধ্যায়ের বিংশতি শ্লোকে তাহার সূচনা ও কর্ত্তব্য প্রকাশ করিয়া, এক্ষণে উদ্দেশ্য প্রকাশ করিলেন। ঐ শ্লোকে বলা হইয়াছে, মদ্ভক্তজনের অনুবর্ত্তী হইলে অশ্রদ্ধাবান্ ও অজ্ঞানী লোকেও ক্রমে ভক্ত হইয়া থাকে। বিংশতি শ্লোকে ভগবান প্রহ্লাদকে প্রকৃত ভক্তের প্রতিমারূপে স্বীকার করিয়াছেন। এক্ষণে ব্রহ্মা দৈত্য ও দানব রাজ্যের মধ্যে তাঁহাকে অধিষ্ঠিত করিয়া দৈত্য ও দানবরূপী অজ্ঞানীগণকে পবিত্র করিবার সূচনা করিলেন। অধ্যাত্ম পক্ষে বলা হইল যে, ঘোর অজ্ঞান ও অহংকারের দমন করিয়া ভক্তের হৃদয়ে ভগবদ্ভাব চিহ্নিত হইলে, ব্রহ্মাদি সকল দেবতারই সমাবেশ হয় অর্থাৎ সাধু ইন্দ্রিয় ও মনের প্রকাশ হয়। সাত্ত্বিকতা প্রতিষ্ঠিত হইলে, সেই সাধু ভাব বা হৃদয় ভোগের ও রিপুবর্গরূপী দৈত্যদানবগণের মধ্যে থাকিয়া তাহাদেরও পবিত্র করিয়া থাকে। ইহাই প্রহ্লাদের প্রকৃত রাজত্ব বুঝিতে হইবে।

হে ধর্ম্মরাজ! দেবতা ও ঋষিগণের এবং প্রজাপতিগণের সহিত বিধাতা পূজিত হইয়া প্রহ্লাদকে পরমানন্দে সকলের সহিত আশীর্ব্বাদ করিয়া আপনাপন স্থানে সকলেই গমন করিলেন।৭।১০।২৬

হে যুধিষ্ঠির! পুরাকালে ব্রহ্মশাপে যে দুইটী বিষ্ণুপার্ষদ (জয় ও বিজয়) বৈকুণ্ঠ বিচ্যুত হইয়া দিতির দুর্দ্দান্ত সন্তান হইয়াছিল, তাহারা বৈরভাবে হরিকে ভাবনা করাতে তাহাদের কতই দুর্দ্দশা ঘটিল এবং স্বয়ং ভগবান কর্ত্তৃক তাহারা এক জন্মে

নিহত হইল। সেই বিপ্রগণের শাপানুক্রমে পুনরায় দ্বিতীয় জন্মে তাহারা উভয় দুইটী ভীষণ কুম্ভকর্ণ ও দশানন নামে রাক্ষস জন্ম পাইয়াছিল। সে জন্মেও তাহারা ভগবানের শ্রীরামমূর্ত্তির বিক্রম চিন্তা করিয়া, অন্তে নিহত হইয়াছিল। নিহতকালে শ্রীরামের বাণে যখন তাহাদের হৃদয় নির্ভিন্ন হইয়াছিল, তখন হিরণ্যকশিপুর ন্যায় রামমূর্ত্তি চিন্তা করিতে করিতেই তাহারা যুদ্ধে দেহ ত্যাগ করিয়া, সদ্গতি পাইয়াছিল।৭।১০।২৭।২৮

হে রাজন! পুনশ্চ বিপ্রশাপানুসারে তাহারাই বর্ত্তমান যুগে শিশুপাল ও দন্তবক্র নামে দুর্দ্দান্ত হইয়া জন্ম গ্রহণ করিয়াছিল; তোমারই সাক্ষাতে তাহারা ভগবান কৃষ্ণের ভীষণ বিদ্বেষ করিত, আবার তোমারই সাক্ষাতে তোমারই সভাতে ভগবান কর্তৃক তাহাদের বিনাশ ঘটিল, অন্তে আবার তাহারা ভগবৎসাযুজ্য পদ প্রাপ্ত হইল। অতএব ভগবানে কি প্রতিকূল, কি অনুকূল, ভক্তি করিলেই ভাবনানুসারে অন্তে সৎফল লাভ হইয়া থাকেই থাকে; ইহা নিশ্চয় জানিবে।৭।১০।২৯

হে মহারাজ! বৈরীভাব অবলম্বন করিয়া, ভগবান কর্ত্তৃক পীড়িত হইয়া পুনরায় জীবেরা যে নিশ্চয় মুক্তি পায়, ইহা অসম্ভব বিবেচনা করিওনা। জীবের পূর্ব্বকৃত পাপ মনে বিশেষ সঞ্চারিত থাকিলেই, স্বভাবতঃ জীবে শ্রীকৃষ্ণে বিরতি ও শত্রুতা ঘটিয়া থাকে; কিন্তু যেমন ভ্রমর কর্ত্তৃক ধৃত তৈলপায়ী কীট তাহাকে শত্রু ও নিহন্তা ভাবিতে ভাবিতে ভ্রমরত্বপ্রাপ্ত প্রাপ্ত হইয়া থাকে, তদ্রূপ ভগবানকে নিজ পাপ স্বভাবে শত্রু ভাবিয়া অন্তে তদ্ভাবময় হইয়া, মুক্ত হইয়া থাকে।৭।১০।৩০

হে রাজন! আমি তোমাকে ভক্তির বিচিত্র কথা বর্ণনা করিতে করিতে যে দমঘোষ পুত্রাদির প্রতিকূল ভক্তিতেও ভগবৎসাযুজ্য লাভ হইয়াছিল, এই কথা বলিয়াছিলাম; এক্ষণে হিরণ্যকশিপু প্রভৃতির চরিত্রে উদাহরণ দেখাইয়া, সেই সকল ভাবের যথাযথ প্রমাণ দেখাইলাম। যে সকল ভাবে ভগবচ্চিন্তা করিয়া ভগবৎসাযুজ্য তাহারা প্রাপ্ত হইয়াছিল; তুমি তদ্বিষয়ে যে সকল কথা পূর্ব্বে জিজ্ঞাসা করিয়াছিলে, আমি একে একে সমস্ত বর্ণনা করিলাম।৭।১০।৩১

হে যুধিষ্ঠির! এই যে উপাখ্যান আমি তোমাকে বর্ণনা করিলাম, ইহাতে:—যিনি সকলের আত্মা হইতে মহান, যিনি ভক্তের মনাকর্ষণকারী, যিনি সকলের জ্ঞানে ব্রহ্মণ্য দেবরূপী হইতেছেন, সেই পরম পুরুষের পবিত্র অবতার কথা বর্ণিত আছে; ইহাতে আদিদৈত্যগণের বধ কথা আছে। ৭। ১০। ৩২

ইহাতে ভক্তি, জ্ঞান, বৈরাগ্য এবং ভগবান হরির প্রকৃত উপাসনাতত্ত্ব সংযুক্ত মহাভাগবত প্রহ্লাদের চরিত্র বর্ণিত হইয়াছে। বিশেষতঃ ভগবান যেরূপে বিশ্বের সৃষ্টি, স্থিতি ও সংহার কার্য্য সংশোধন করেন, সেই সকল ভগবৎগুণ ও কর্ম্মসমূহ বিশেষ

রূপে ইহাতে বর্ণিত হইয়াছে। কি দেবলোক, কি দৈত্যলোক, কোন ভোগ; এমন কি, কোন অবস্থাও মহাবলীয়ান্ কালের নিকটে চিরস্থির থাকিতে পারে না, একথাও এই উপাখ্যানে বর্ণনা করা হইয়াছে। ৭। ১০। ৭৩

অধিকন্তু যে ধর্ম্মে ভগবানকে লাভ করা যায়, সেই ভাগবত ধর্ম্মতত্ত্ব ইহাতে বর্ণনা করা হইয়াছে। অধিক আর কি বলিব, এই উপাখ্যানে যে সকল দেবদৈত্য চরিত্রাদি কল্পনা করা হইয়াছে, সে সমস্তকেই অধ্যাত্ম তত্ত্বময় বলিয়া বুঝিবে। ৭। ১০। ৭৪

হে ধর্ম্মরাজ! এই যে উপাখ্যান, ইহাতে ভগবানের সর্ব্বান্তর্যামীত্ব বীর্য্যের বিশেষ তত্ত্ব বিবৃত আছে; এইজন্য ইহা অতি পবিত্র হইতেছে। যে ব্যক্তি ইহা অতিশয় শ্রদ্ধা-সহকারে কীর্ত্তন করিবেন, কিম্বা যে ব্যক্তি ইহা শ্রদ্ধাসহকারে স্মরণ করিবেন, উভয়েই ক্রমে কর্ম্মপাশ হইতে বিমুক্তি লাভ করিবেন। ৭। ১০। ৭৫

দৈত্যান্দ্ররূপী মত্তকরীর সহিত মৃগেন্দ্রের ন্যায় আদি পুরুষের দৈত্যবধ লীলা, যে ব্যক্তি যত্ন করিয়া পাঠ করিবেন এবং সাধুগণের মধ্যে শ্রেষ্ঠ, অতি পবিত্র প্রহ্লাদচরিত্র কথা যে ব্যক্তি শ্রবণ করিবেন, এতদুভয় অধিকারীর মধ্যে যিনি কীর্ত্তন, পঠন বা শ্রবণ করিতে করিতে সেই পরমতত্ত্ব অনুভব করিতে পারিবেন, তিনি অবশ্যই অভয় ও অমৃতরূপী মুক্তিলোক প্রাপ্ত হইবেন। ৭। ১০। ৭৬

ব্যাখ্যা। এই ষট্‌ত্রিংশতি অবধি শ্লোকে শ্রীনারদোক্ত উপাখ্যানের উপসংহার শ্রীব্যাসদেব করিলেন। ইহাতে বিশেষ করিয়া উপাখ্যানের তাৎপর্য্য প্রকাশ হইল। শ্লোকের ভাব অত্যন্ত বিশদ করিয়া অনুবাদে দেওয়া হইয়াছে। চতুস্ত্রিংশতি শ্লোকে একেবারে বলা হইয়াছে যে:– ইহাতে কেবল ভাগবতধর্ম্মতত্ত্ব বর্ণিত আছে। ভাগবত-ধর্ম্ম কাহাকে বলে? না-যে তত্ত্বজ্ঞান বলে ভগবানকে সাধকেরা অনুভব করিতে পারেন। অর্থাৎ উপাখ্যানাকারে প্রকৃত তত্ত্বকথা বলা হইল বুঝিতে হইবে। পাছে লোকে এ সন্দেহ করেন যে, এই উপাখ্যানের নীতিটুকুই প্রয়োজনীয়, অন্য চরিত্র কল্পনা মাত্র। সেই সন্দেহ নষ্ট করিতে এই চতুস্ত্রিংশতি শ্লোকে বিশেষভাবে বলা হইল যে, ইহাতে যেযে চরিত্রের অবতারণা করা হইয়াছে; অর্থাৎ প্রহ্লাদ হিরণ্যকশিপু, নৃসিংহ এবং দেবদৈত্যাদি সকলই অধ্যাত্মময়। যথা প্রহ্লাদ ভগবৎস্মৃতি। হিরণ্য-কশিপু অশ্রদ্ধা সংযুক্ত মহাভোগী বা অহঙ্কারাবস্থা। নৃসিংহ বলিতে ঈশ্বরের ভীষণ-ভাব। এই সকল চরিত্রের অধ্যাত্ম তাৎপর্য্য উপাখ্যানের মধ্যে পূর্ব্বে প্রকাশ করা হইয়াছে, কেবল উপসংহারে স্বয়ং ব্যাস যাহা স্বীকার করিলেন, তাঁহার মতের একত্ব মাত্র সম্পাদন করিয়া দেওয়া হইল বুঝিতে হইবে। আর উপাখ্যানের ফলশ্রুতি ও স্তুতি অর্থবাদ প্রকাশ করিয়া কথা শেষ করা হইতেছে।

হে মহারাজ! প্রহ্লাদ যে কেবল এতদূর মহাভাগ্য লাভ করিয়াছিল, এমত নহে; আপনাদের ন্যায় মহাভাগ্যবান্ লোক বর্ত্তমানে আর কে আছে!! আপনারা এত পবিত্র যে মহা মহা ঋষিগণ আপনাদের গৃহে যাইয়া, আপনাদের কল্যাণ বিধান করেন; এমন কি! যিনি পরংব্রহ্ম তিনি আপনাদের নিকটে আত্মরহস্য গোপন করিয়া, মনুষ্য চিহ্নের অন্তরে থাকিয়া, আপনাদের গৃহে বাস করিয়া থাকেন। ৭। ১০। ৩৭

ব্যাখ্যা। এই শ্লোকে এক পক্ষে বলা হইল, পাণ্ডবগণের ন্যায় ধার্ম্মিক ও কৃষ্ণ পরায়ণ আর কে আছে; প্রহ্লাদের গৃহে, প্রহ্লাদের নিকটে প্রভুভাবে এবং হিরণ্যকশিপুর নিকটে তাহার শত্রুভাবে ভগবান একবার মাত্র আবির্ভূত হইয়াছিলেন, কিন্তু পাণ্ডবগণের গৃহে যখন সখীত্বে আবদ্ধ হইয়াছিলেন; তখন আপনার ব্রহ্মাণ্ড ব্যাপীত্ব মহান্ অবস্থাকে গোপন করিয়া অণুভাবে অর্থাৎ মনুষ্য গঠনের বা জীবভাবের অন্তরে সমুদিত হইয়া, চিরকাল সখ্যভাবের আস্বাদন করাইয়াছিলেন। ইহার অধ্যাত্ম তাৎপর্য্য এইঃ—ব্রহ্মাণ্ড পক্ষে পরংব্রহ্ম, জীব পক্ষে তিনিই জীবাত্মা, কিন্তু অজ্ঞানী জীবের পক্ষে সেই আত্মা অদৃশ্য থাকেন; কিন্তু যে সকল জীব আপনার দেহরূপী গৃহকে ধর্ম্ম ভূষণে ভূষিত অর্থাৎ প্রেমভক্তিতে এবং তত্ত্বজ্ঞানে পবিত্র করিতে পারে, তাহাদের হৃদয়গৃহে জ্ঞান বৈরাগ্যভাবরূপী মুনিগণের নিত্য আবেশ হয়, এবং স্বয়ং পরমাত্মা জীবাত্মার চিহ্ন ধারণ করিয়া, তাহাদের অন্তরের আত্মমহিমা ভক্তকে দেখাইয়া থাকেন। অতএব প্রহ্লাদের প্রভুভাবে ভগবানকে নৃসিংহ রূপী ভীষণ ভাবে অনুভব করণাপেক্ষা, পাণ্ডবগণের সখ্যভাব অতি মধুর, ইহাই প্রকারান্তরে বলা হইল।

হে রাজন্! যে ভগবান পূর্ণব্রহ্ম হইতেছেন; মহাজনগণ কৈবল্যরূপী নির্ব্বাণ সুখকে অনুভব করিবার জন্য যাঁহার তত্ত্ব অন্বেষণ করেন; সেই ভগবান যখন আপনাদের প্রিয়, মঙ্গলাকাঙ্খী, মাতুল পুত্র রূপে আত্মীয়, আত্মা, সর্ব্বপূজ্য, বিধান কর্ত্তা এবং গুরু হইতেছেন, (তখন আপনাদের ন্যায় সৌভাগ্য আর কাহার আছে!!) ৭। ১০। ৩৮

ব্যাখ্যা। ভগবানের সখ্যভাবে জীবের যে সমস্ত ভাবের আবেশ হয়, তাহাই শ্রীব্যাস নারদোক্তিতে ইঙ্গিত করিলেন। যোগী প্রভৃতি মহাজনগণ যোগধ্যানে যাঁহার ব্রহ্মতত্ত্ব, নির্ব্বাণ সুখানুভবের জন্য অন্বেষণ করেন। ভক্তেরা সখ্যভাবে ধ্যানাদিতে

সেরূপ বৃহৎ বা অনন্ত বলিয়া ব্রহ্মত্ব অনুভব করেন না; ভক্তগণ তাঁহাকে সখ্যভাবে দারা, পুত্র, গৃহ বিত্তাদি এবং প্রাণাপেক্ষা প্রিয় ভাবেন, সকল দুর্দ্দৈব তাঁহারই স্মরণে ক্ষয় হইবে এমন মঙ্গলাকাঙ্ক্ষী ভাবেন। মাতুল পুত্র বলিবার তাৎপর্য্য আত্মীয় কুটুম্বভাব। অর্থাৎ সখ্যভাবের ভক্তগণে ভগবানকেই আত্মীয় ভাবেন; আ।। অর্থাৎ জনন ও জীবন শক্তি ভাবেন। সর্ব্বপূজ্য ভাবেন; শান্তির বিধান কর্ত্তা ভাবেন, এবং প্রপন্নের পক্ষে অজ্ঞাননাশকারী বিজ্ঞানতত্ত্ব বা গুরু ভাবেন। সখ্যভাবে ভগবৎভাব যে সকল উপায়ে আস্বাদিত হয়; পাণ্ডবেরা সেই সকল ভাবে ভগবানের প্রেম আস্বাদন করিয়া থাকেন এই জন্য শ্রেষ্ঠ। ।

হে মহারাজ। যাঁহার রূপ, গুণ ও লীলারস হর ও বিরিঞ্চি প্রভৃতি দেবতাগণও চিরকাল চিন্তা করিয়া স্থির করিতে অক্ষম হয়েন, তিনি স্বয়ং আপনাদের দেখা দিয়া পবিত্র করিয়াছেন। হে ধর্ম্মরাজ। অধিক আর কি বলিব।। যাঁহার দেখা প্রাপ্ত হইব বলিয়া, ভক্তি ও উপাসনাদি দ্বারা যাঁহার প্রসন্নতা আকর্ষণ করিব বলিয়া, আমরা সর্ব্বদা উপসনা করিয়া থাকি, সেই ভক্তগণের পতি আপনাদের ন্যায় আমাদের উপরেও প্রসন্ন হউন; ইহাই আমাদের বাসনা। ৭। ১০। ৩৯

ব্যাখ্যা। এই শ্লোকে দেখান হইল যে—বিপন্ন প্রহ্লাদ যে ভাবে ভক্তিরস আস্বাদন করিয়াছিলেন, তাহা সর্ব্বানুমোদিত হইলেও সেরূপ বিপন্ন কেহ সহজে হয় না, অতএব সে রসও তাহাদের উপস্থিত হইতে পারে না, কিন্তু পাণ্ডবগণের ন্যায় সখ্যভাব মুনিগণেরও স্পৃহনীয়। এই কথায় যদি কেহ বলেন যে, ব্রহ্ম না হয় আত্মার অন্তরে জীবচিহ্ন ধারণ করিয়া, প্রপন্নের সখাই হইলেন, কিন্তু কৃষ্ণের পক্ষে ষোড়শ সহস্র স্ত্রী লইয়া দ্বারকা বাস, প্রভাস তীর্থে যজ্ঞাদি করণ কথা কেন উত্থাপিত হয়।। তদ্বিষয়ে নারদোক্তিতে বলা হইল যে, তাঁহারতত্ত্ব নির্দ্দেশ করিতে মহেশ্বর অর্থাৎ কাল, ব্রহ্মা অর্থাৎ বেদকর্ত্তাও অক্ষম। তাঁহার রূপ, গুণ ও লীলা যে কখন কোন অভিপ্রায়ে হয়, ইহার কারণ কেহই নির্দ্দেশ করিতে পারে না, তবে ভক্তগণ লীলার ভাব আস্বাদন করিতে পারেনা মাত্র। এই জন্য নারদ কহিতেছেন যে, আমরা মৌনাদি দ্বারা সেই ভগবৎভাব আস্বাদন বা লীলা আস্বাদন করিতে ইচ্ছা করি। অর্থাৎ সখ্যভাবটী ঋষিগণের অনুমোদিত।

হে মহারাজ! হরির কার্য্যের তুলনা হয় না। স্বয়ং ভগবান রুদ্র, যিনি প্রভূত বীর্য্যশালী, তাঁহাকেও ভগবানের আশ্রয়ে বিপদ হইতে উত্তীর্ণ হইতে হইয়াছে। যখন অনন্ত মায়াবী ময়দানব সময়ে মহেশ্বরের অকুণ্ঠিত যশঃ ও বীর্য্য ক্ষয় করিয়াছিল। তখন ভগবানই শেষে মহেশ্বরের যশঃ পুনসংস্থাপন করেন। ৭। ১০। ৪০

ব্যাখ্যা। সর্ব্বদেবাপেক্ষা মহেশ্বর শ্রেষ্ঠ, পৌরাণিকমতে মহেশ্বর ত্রিপুরাদি ভীষণ ভীষণ অসুর সংহার করিয়াছিলেন। তবে কেবল ভগবৎ উপাসনা না করিয়া, কেবল মহেশ্বরাদির উপাসনায় মুক্তিফল লাভ কেন না হইবে? এই সন্দেহ মীমাংসা করিবার জন্য মহেশ্বরের যশঃক্ষয় জনিত উপাখ্যান এই স্থানে কল্পনা করা গেল। তদ্ধেতু ইঙ্গিতে বলা হইল যে, মহেশ্বর অতি বীর্য্যবান্ ও উগ্রদেবতা বটেন, কিন্তু মায়াকে অতিক্রম করিতে সক্ষম নহেন, কারণ এক সময়ে ময়দানব নামক ঘোর মায়াবী দানবের মায়াতে যিনি মুগ্ধ হইয়া আপনার কীর্ত্তি হারাইয়াছিলেন, পুনরায় ভগবানের কৃপায় সেই কীর্ত্তি লাভ করেন। অতএব মায়াতে যিনি কখন না কখন মুগ্ধ হয়েন, তিনি মুক্তি কিরূপে দিতে সমর্থ হইবেন?

এই কথা মহারাজ যুধিষ্ঠির শ্রবণ মাত্রে বিস্ময়াবিষ্ট হইয়া জিজ্ঞাসা করিলেন।

হে মুনে! যিনি আপনার ক্ষমতায় জগৎকে নাশ করিতে পারেন। এমন প্রভূত বীর্য্যবান্ ঈশ্বরের শক্তিকে, ময়দানব কোন কার্য্যে হীন করিয়াছিল, আর ভগবান কৃষ্ণ কি উপায়ে মহেশ্বরের যশঃস্থাপন করিয়া আপনার কীর্ত্তি বিস্তার করিলেন, অনুগ্রহ করিয়া সেই কথা বলুন। ৭। ১০। ৪১——

শ্রীনারদ কহিলেন।

হে রাজন্! এক সময়ে অসুরগণ দেবগণের সহিত যুদ্ধ করিয়াছিল, দেবগণের মধ্যে ভগবান বিষ্ণু থাকাতে অসুরগণ পরাজিত হইয়া নিহত হইতে থাকিল। ইহা দেখিয়া সকল অসুরে সমবেত তাহাদের আচার্য্যপ্রবরময় নামক দানবের স্মরণ গ্রহণ করিল। ৭।১০।৪২

সেই অনন্ত মায়াবী ময় অসুরগণকে রক্ষা করিবার জন্য এমন একটী পুরী নির্ম্মাণ করিল, তাহার তিনটী বেষ্টনী, প্রথমটী লৌহের বেষ্টনী দ্বিতীয়টী রৌপ্যের, তৃতীয়টী স্বর্ণের নির্ম্মিত হইল; তাহার গঠনকৌশল কেহই সহজে জানিতে পারে

না, অধিক কি তাহাতে প্রবেশ ও নির্গমনের পথ দেবতাগণেরও দুর্ব্বিজ্ঞেয় হইয়া উঠিল। ৭।১০।৪৩

অসুরসেনাপতিগণে দেবতাগণের প্রতি চিরবৈরভাবের প্রতিশোধ লইবার জন্য, অত্যন্ত অস্থির হইয়া, সেই পুরীর সাহায্যে দেবতাগণের সহিত যুদ্ধে ত্রিলোক জয় করিয়া তাহাদের নষ্ট করিতে থাকিল। দেবতাগণ ত্রিপুরের দুর্ভেদ্যভাব এবং তাহার আশ্রয়ে অসুরগণের বীর্য্যাধিক্য দেখিয়া, একেবারে কাতর হইয়া, মহেশ্বরের আশ্রয় গ্রহণ করিলেন। তাঁহার সমীপে কাতর হইয়া তাঁহারা বলিলেনঃ—হে দেব! অসুরগণ ত্রিপুর নামক পুরীর আশ্রয়ে আমাদের সকলকে ত্রিলোকের সহিত বিনষ্ট করিয়া ফেলিল, আপনি আমাদের রক্ষা করুন।৭।১০।৪৪

হে ধর্ম্মরাজ! দেবগণের কাতরতায় মহেশ্বর প্রসন্ন হইয়া, তাঁহাদের অভয়দান করিলেন, এবং আপনার ভীষণ ধনুকে শস্ত্র সমুহ আরোপ করিয়া, সেই পুরীত্রয়ের উপরে অমোঘ সন্ধান করিতে থাকিলেন।৭।১০।৪৫

হে রাজন! সেই তীব্র শর সমুহের তেজের কথা কি বলিব। বায়ুভেদ কালে তীব্রগতি শস্ত্রসমূহ যেন অগ্নির ন্যায় দেখাইতে থাকিল, বোধ হইল যেন, সূর্য্যমণ্ডল হইতে অতিশয় উত্তপ্ত মধ্যাহ্নকালিন্ রশ্মিসমূহ বেগে আসিতে লাগিল। এরূপ শস্ত্রবেগ পূর্ব্বে কখন দেখা যায় নাই। সেই শস্ত্র সমূহে সেই ত্রিপুর আচ্ছন্ন হইয়া পড়িল।৭।১০।৪৬

সেই মহেশ্বরের অমোঘশস্ত্র যেমন পুরী ভেদ করিয়া অসুরগণকে বিদ্ধ করিতে থাকিল, অমনি অসুরগণ তাহা স্পর্শ মাত্রেই অচেতন হইয়া গতাসু হইতে আরম্ভ করিল। পরমমায়াবী ময় সেই মৃত অসুরসমূহকে আপনার অমৃতপূর্ণ কূপে নিক্ষেপ করিয়া পুনর্জ্জীবিত করিতে থাকিল।৭।১০।৪৭

সেই পুরীর মধ্যস্থ কূপে সিদ্ধামৃত রস ছিল; মৃত অসুরদেহ তাহাতে পতিত হইলেই, অসুরেরা জীবিত হইয়া পূর্ব্বাপেক্ষা ভীষণ বলবান হইতে থাকিল। তাহাদের দেহ বজ্রের ন্যায় কঠিন হইতে থাকিল। যেমন মেঘ পেষণে বিদ্যুতের আবির্ভাবে সকল ধ্বংস করা যায়, তদ্রূপ মহেশ্বরের শরে অসুরগণ মৃত হইয়াও অমৃত রসের ক্ষমতায় মহাবীর্য্যধারী হইয়া উঠিল। ইহা দেখিয়া মহেশ্বর লজ্জিত হইলেন, তাঁহার বলও ময়দানবের মায়াতে পরাজিত হইল, ইহা ভাবিয়া তিনি বিস্মিত হইলেন। এতদ্দর্শনে ভগবান বিষ্ণু যাহাতে মহেশ্বরের বীর্য্য ও সম্মান অচল থাকে, সেই উপায় কল্পনা করিলেন।৭।১০।৪৮

অসুরগণের অমৃত তেজ হরণ করিবার জন্য ভগবান হরি তখন গাভীরূপ ধারণ করিয়া ব্রহ্মাকে আপনার বৎস রূপে সাজাইয়া, সেই কূপের নিকটে যাইয়া, তাহা

পান করিয়া ফেলিলেন। অসুরগণ বিষ্ণুর মায়ায় এত মুগ্ধ হইল যে, তাঁহারা বিষ্ণুকে গাভীরূপে অমৃত-পান করিতে দেখিয়াও, নিষেধ করিতে বা বাধা দিতে সক্ষম হইল না।

অসুরগণ ভগবনের মায়ায় মুগ্ধ হইয়াছে এবং দেবতাগণ দুঃখহীন হইয়াছেন, মহাযোগী ভগবান্ ইহা বুঝিয়া, সেই দৈবগতিতে শোকার্ত্ত কূপরস রক্ষক অসুরগণকে সম্বোধন করিয়া কহিলেন।৭।১০।৪৯

দেখ অসুরগণ! কি দেবতা, কি অসুর, কি মানব, ইঁহাদের মধ্যে আপনার বা পরের যে কাহারো ভাগ্যে, যখন দৈবের ঘটনা উপস্থিত হয়, তখন অন্যের কথা দূরে থাকুক, ব্রহ্মা রুদ্রাদি ঈশ্বরেরও এমন ক্ষমতা নাই যে তাঁহারা সেই দৈবের প্রতিকূলে কোন প্রতিবিধান চেষ্টায় সক্ষম হইতে পারেন।৭।১০।৫০

ব্যাখ্যা। এতক্ষণে এই শ্লোকে এই ময়দানবোপাখ্যানের তাৎপর্য্য প্রকাশ করিলেন। স্বয়ং ঈশ্বর ব্যতীত প্রাকৃতিক কোন শক্তিই দৈবের প্রতিকূলতা সাধন করিয়া জয়ী হইতে পারে না। তাহার দৃষ্টান্ত স্বরূপ অসুরগণ বা অশ্রদ্ধা ও অজ্ঞান সম্পন্ন জীবে দৈবচেষ্টায় যখন জীবদেহে প্রাধান্য প্রাপ্ত হয়, তখন দেবতারা বা জ্ঞান বৃত্তি প্রভৃতি কোন ক্রমেই ভগবদাশ্রয় ব্যতীত সেই দুর্দ্দৈবকে অতিক্রম করিতে পারেন না। এমন যে সংহারকর্ত্তা মহেশ্বর তাঁহারও দৈবের প্রতিকূলে জয়ী হইবার ক্ষমতা নাই; মায়াবী ময় এস্থানে পুরুষকার স্বরূপ। পুরুষকার মনুষ্যের জ্ঞান ও অজ্ঞান সকল অবস্থাতেই উদয় হয়। পূর্ব্ব সাধন মতে দৈব আপনি জীবের ভাগ্যে পুরুষকার আনিয়া দেয়। ইহজন্মের শুভ কর্ম্ম ফলকে পর জন্মের শুভাদৃষ্ট বা পুরুষকার কহে। ইহ জন্মে অশ্রদ্ধাদি সম্পন্ন হইলে বা ঘোর অজ্ঞানী হইলে, পূর্ব্ব জন্মের পুরুষকার নষ্ট হয় না।

এস্থলে উপাখ্যানচ্ছলে দেখান হইল যে, দেবতা অর্থাৎ জ্ঞানাদি বৃত্তির নিকটে চিরকালই অজ্ঞান ও অশ্রদ্ধা এবং অহংকার ক্ষয় হয়, কিন্তু ঐ সকল অহংকার বৃত্তি যদি পুরুষকারের সাহায্য পায়, তাহা হইলে সৃষ্টিকর্ত্তা বিধাতার কথা দূরে থাকুক, সংহারকর্ত্তা, সেই অহংকারের বল ক্ষয় করিতে সক্ষম হয়েন না। ময়ের আশ্রয়ে যে ত্রিপুরের সৃষ্টি হইয়াছিল, এবং মহাদেবের সমরেও যে তাহারা পরাস্ত হয় নাই; তাহার তাৎপর্য্য এই:—সত্ত্ব, রজো, তমোযুক্ত স্থূল, সূক্ষ্ম ও কারণ দেহ। সংহার কর্ত্তা অহঙ্কারাদি বৃত্তির প্রাবল্য জীব দেহ হইতে নাশ করিতে তাহাদের দেহ ত্রিপুর নাশ করিতে পারিলেন, কিন্তু পুরুষকাররূপ ময় তাহা এমন ত্রিগুণ সমাবেশ গঠন

করিয়াছিল যে, তাহার আগম নিগমের পথ কেহ বুঝিতে পারে নাই। অর্থাৎ জন্ম মৃত্যুর কারণ কেহই জ্ঞাত নহে। হেমময় অংশই সত্ত্বগুণময় কারণ দেহ। রৌপ্যময় অংশই রজোগুণময় সুক্ষ্ম বা লিঙ্গ দেহ। লৌহময় অংশই তমোগুণময় স্থূল দেহ। জীব পূর্ব্বজন্মের সুকৃতি বা পুরুষকার বলের আশ্রয়ে উহাকে গঠিতে পারিলে, যতক্ষণ পুরুষকারের অদৃষ্ট বল, ততক্ষণ সংহার কর্ত্তাও ক্ষয় করিতে পারে না। ইহজন্মে অহংকারী হইলে ইহকর্ম্মফলে উৎপীড়িত হইলেও পূর্ব্বসৌভাগ্য বশতঃ জীবের দুর্দ্দশা হওয়া দূর থাকুক বরং সমৃদ্ধি বৃদ্ধিই পাইয়া থাকে। ইহা বুঝাইতে মহাদেবের শরে ত্রিপুরান্তর্গত অসুরগণ পীড়িত হইয়াও অমৃতরস অর্থাৎ পুরুষার্থবল সাহায্যে পুনরায় সমৃদ্ধিমান্ বা বীর্য্যবন্ত হইতে থাকিল। সংহারকর্ত্তার ক্ষমতা কুণ্ঠিত হইল। কেবল দৈবের কর্ত্তা ভগবান হরি, সেই দৈববীর্য্য ক্ষয় করিতে পারেন।

দৈবকর্ত্তা হরি তখন অসুরের দুর্ভেদ্য ত্রিপুরের মধ্যে গো রূপে এবং ব্রহ্মা বৎস রূপে প্রবেশ করিয়া যতই অমৃত পান করিলেন অসুরেরা ততই মুগ্ধ হইল এবং বীর্য্যক্ষীণ হইল। জীবে অহংকারী হইয়া সংসারমদে মত্ত হইলে, আপনাদের বুদ্ধিকে স্নেহ, মায়া ও মোহপর করে। বুদ্ধির অন্তরেই ভগবান কর্ম্মীর কর্ম্মানুসারে সাক্ষী থাকেন। বিধাতাই কর্ম্ম রূপে থাকেন। বৎস বলিতে স্নেহ মমতাদি সাংসারিক মোহরস। ব্রহ্মা অজ্ঞানীর হৃদয়ে ঐ সকল রসরূপে পুত্র কন্যাদিতে, গৃহবিত্তাদিতে প্রকটিত হয়েন, ভগবান অজ্ঞানীকে সেই রস ভোগে মতি যোগাইবার জন্য গাভী বা বুদ্ধিরূপে সাক্ষী হইয়া থাকেন। এই ভাবে ভাবি অজ্ঞান ও পূর্ব্ব পুরুষকার ক্ষয় হইয়া যায়, নূতন ভোগে স্পৃহা অত্যন্ত হয়। ভোগে স্পৃহা হইলেই সংহারকর্ত্তা আত্মবল প্রয়োগে জীবের ভোগ্য ক্ষয় করিয়া দেন। ভোগ ক্ষয় হইলে অহঙ্কার ও অশ্রদ্ধার ক্ষয় হয়। এই সকল অসুরভাব ক্ষয় হইলেই, জীবে পুনরায় ভগবৎপর হইয়া থাকে। মতির পরিবর্ত্তন ও গঠনের পরিবর্ত্তনই ক্ষয় বা মৃত্যু বুঝিতে হইবে। ভোগে উন্মত্ত হইলে, কি রূপে জীবের অহংকার ক্ষয় হয়, তাহা পরে বলা হইতেছে।

হে ধর্ম্মরাজ! অসুরগণকে আত্মমায়ায় মুগ্ধ করিয়া, মহেশ্বরকে সমরে জয়ী করিবার জন্যই ভগবান;—ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য, শমাদি সম্পত্তি, তপস্যা, সাধন বিদ্যা, উপাসনাদি ক্রিয়া প্রভৃতির উপাদানে ঃ—মহেশ্বরের রথ, সারথি, ধ্বজা, অশ্ব, ধনু, বর্ম্ম ও শরাদি প্রস্তুত করিয়া দিলেন। মহেশ্বরও তাঁহার প্রদত্ত রথে আরোহণ করিয়া সেই সকল অস্ত্রাদিতে সজ্জিত হইলেন এবং বর্ম্ম পরিধান করিয়া হস্তে ধনুর্ব্বাণ গ্রহণ করিলেন। ৭। ১০। ৫১

যখন ত্রিপুরদাহের সহিত অসুরগণ দগ্ধ হইল, তখন, স্বর্গ হইতে দেবতারা আনন্দ দুন্দুভিধ্বনি করিতে থাকিলেন। আকাশে শত শত বিমানে থাকিয়া দেবতা, দেবর্ষি, ও পিতৃসিদ্ধগণ মহেশ্বরের উপরে কুসুম বর্ষণ করিতে থাকিলেন; এবং জয় জয় ধ্বনিতে তাঁহার বিজয় ঘোষণা করিতে থাকিলেন। গন্ধর্ব্বগণ হৃষ্ট হইয়া গান করিতে থাকিলেন অপ্সরীগণ আনন্দে নৃত্য করিতে থাকিলেন। ৭। ১০। ৫২

হে রাজন্! এইরূপে ভগবান হরির বল প্রাপ্ত হইয়া, জগৎপুরী সংহারকারী মহেশ্বর অসুরের ত্রিপুর দগ্ধ করিয়া, ব্রহ্মাদি কর্ত্তৃক পূজিত ও স্তুত হইয়া, আনন্দে স্বধামে গমন করিলেন। ৭। ১০। ৫৩

হে মহারাজ! ভগবান হরি, আত্মমায়ায় আপনাকে মানবগণের অনুবর্ত্তী করিয়া এইরূপ বহুতর কল্যাণ শিক্ষা দিয়া থাকেন। এই যে কৃপাদান ও ভক্তি-শিক্ষণাদি বীর্য্যলীলা গীত; যাহা জগৎগুরু নিত্য করিয়া থাকেন, তাহা অপর সকলকে পবিত্র করিবার জন্য ঋষিগণ চিরকাল কীর্ত্তন করিয়া থাকেন। আমি তাহার কিয়দংশ তোমাকে বলিলাম; আর কি জানিতে ইচ্ছা কর আমাকে বল। ৭। ১০। ৫৪

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে দশমাধ্যায়ে
উপেন্দ্র কৃতানুবাদ সমাপ্ত।

—:০:—

ব্যাখ্যা। অসুর বা অশ্রদ্ধাবান্ অহংকারী অথচ পুরুষকার সম্পন্ন জীবগণকে সৎপথে আনিবার জন্য ভগবান ধর্ম্মাদিরূপী যত অস্ত্র প্রস্তুত করিয়া, সংহারকর্ত্তাকে দুর্দ্দশা ও অজ্ঞান সংহার করিতে কহিলেন এবং উহারা যেরূপ উপসংহৃত হইল, তাহা অধ্যায়ে বিশদ ভাবে বলা হইয়াছে। ইহাতে বিষ্ণুভক্তির আধিক্য দেখাইতে বলা হইল যে, বিষ্ণু বা কৃষ্ণের ক্ষমতায় দুর্দ্দৈবও উপসংহৃত হয়, অতএব সকলের বিষ্ণু-পরায়ণ হওয়া উচিত; ইহাই তাৎপর্য্য।

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে দশমাধ্যায়ে
উপেন্দ্র কৃতাধ্যাত্ম ব্যাখ্যা সমাপ্ত।

— ০ ০ —

অথ একাদশ অধ্যায়।

শ্রীপরীক্ষিৎকে সম্বোধন করিয়া শ্রীশুকদেব কহিলেন ঃ—হে রাজন্! অতঃপর শ্রীনারদযুধিষ্ঠিরে যে সকল সংবাদ হয়, তাহা শ্রবণ করুন ;—

যিনি মহাত্মাগণের মুখপাত্র, যাঁহার আত্মা সর্ব্ববিজয়ী বিশ্বেশ্বরে অর্পিত হইয়াছে, যাঁহার চরিত্র সাধুগণের গ্রাহ্য এবং যে চরিত্র সাধুসজ্জার ভূষণ স্বরূপ : সেই দৈত্যপতি প্রহ্লাদের চরিত্র রাজা যুধিষ্ঠির শ্রবণ করিয়া, অতিশয় আনন্দিত হইলেন। অবশেষে তিনি বিনীত ভাবে ব্রহ্মনন্দন নারদকে পুনরায় জিজ্ঞাসা করিলেন।৭।১১।১

হে ভগবন্! আপনি পূর্ব্বে যে উৎকৃষ্ট ভক্তি ও জ্ঞানযোগের কথা বলিয়াছেন, তাহা আমি শ্রবণ করিয়া পরম প্রীত হইয়াছি ; কিন্তু মানবগণ যে ভাবে বর্ণাশ্রমাচারে থাকিয়া, এমন সনাতন ধর্ম্ম সঞ্চয় করিতে পারে, যাহার সাহায্যে অন্তে ঐ জ্ঞান ও ভক্তি লাভ হয় ; তাহা আমাকে বলুন। আপনি সাক্ষাৎ পরমেষ্ঠি ব্রহ্মার পুত্র হইতেছেন, এবং ভৃগু ও সনকাদি ব্রহ্মপুত্রগণের প্রবৃত্তি ও নিবৃত্তিযুক্ত উপদেশ বিশেষ করিয়া বুঝেন, স্বয়ং তপস্যা, যোগ ও সমাধি প্রভৃতির অনুষ্ঠানে সম্যক্ পারদর্শী হইয়া, জগতের পূজ্য হইয়াছেন।৭।১১।২

দেখুন মুনে। আপনার ন্যায় করুণাময় সাধু ও প্রশান্ত বিপ্রগণই নারায়ণপর হইয়া থাকেন এবং আপনারাই এই বর্ণাশ্রমজনিত সনাতন ধর্ম্মাহরণের গুহ্যতত্ত্ব অবগত আছেন। অপরে কেহই এই গুহ্যতত্ত্ব জ্ঞাত নহেন।৭।১১।৩

ব্যাখ্যা। এই স্কন্ধের প্রথমাবধি দশ অধ্যায়ে ভক্তি ও জ্ঞানের তত্ত্ব বুঝান হইয়াছে। পরে অবশিষ্ট পঞ্চাধ্যায়ে কেবল কর্ম্মযোগ বুঝান হইবে। বর্ণাশ্রম কি? তাহার মধ্যে স্মৃতিকারগণ যে সকল অনুষ্ঠান বিধান দিয়াছেন, তদনুষ্ঠানে কি ফল লাভ হয়? সেই সদাচার সমূহ হইতে সনাতন ধর্ম্ম কিসে লাভ হয়? সেই ধর্ম্মতত্ত্বে ভূষিত হইলে স্বভাবতঃ ভক্তি ও জ্ঞান কি উপায়ে জীবের হৃদয়ে আবির্ভূত হয়? তাহাই এই একাদশাধ্যায় হইতে স্কন্ধের সমাপ্তি পর্য্যন্ত বলা হইবে। যুধিষ্ঠিরের উক্তিতে তাহার মুখবন্ধ করা হইল। এই বর্ণাশ্রমাচার নারদকে কেন জিজ্ঞাসা করা হইল ; তাহা বুঝাইতে দ্বিতীয় ও তৃতীয় শ্লোকে বলা হইল যে, সনকাদি এবং ভৃগু প্রভৃতি প্রবৃত্তি ও

নিবৃত্তিবাচক উভয় ধর্ম্মতত্ত্বজ্ঞ ঋষিগণের মতের সহিত নারদের মত ঐক্য রহিয়াছে। এবং নারদ তপস্যা যোগ ও সমাধিতেও অতিমুখ্য হইয়াছেন। বিশেষতঃ নারায়ণপর হইতেছেন। এবম্বিধ পুরুষের নিকটে যদি এরূপ উপদেশ না লওয়া হইবে, তবে আর কাহার কাছে লওয়া হইবে। সর্ব্বজ্ঞান ও বিদ্যাসম্পন্ন নারদকে শ্রীযুধিষ্ঠির সনাতন ধর্ম্মতত্ত্ব জিজ্ঞাসা করিলেন।

শ্রীনারদ মহারাজা যুধিষ্ঠিরের প্রশ্নে প্রফুল্ল হইয়া কহিলেনঃ—

হে ধর্ম্মরাজ! আমি পূর্ব্বে ভগবান নারায়ণের মুখে স্বয়ং যে সনাতন ধর্ম্মতত্ত্ব কথা শ্রবণ করিয়াছিলাম, সেই সকল ধর্ম্মস্রোতের সেতু এবং সর্ব্বাদি ও অজ প্রভুকে নমস্কার করিয়া তোমার নিকটে ধর্ম্মতত্ত্ব কীর্ত্তন করিতেছি।৭।১১।৪

সেই ভগবানের মহিমার কথাই বা কত বলিব। যিনি লোক সমূহের মঙ্গলের কারণ ধর্ম্ম শিক্ষা দিবার জন্য প্রস্তুত হইয়া, আপনার অংশে দক্ষনন্দিনী দাক্ষায়নীর গর্ভে অবতীর্ণ হইয়া, বদরিকাশ্রমে ভীষণ তপস্যা করিয়াছিলেন। সেই নারায়ণাংশ-রূপী নারায়ণ ঋষি যাহা বলিয়াছেন, আমি তোমাকে তাহাই বলিতেছি, শ্রবণ কর।৭।১১।৫

হে রাজন্! সর্ব্ব বেদোময় হরিই প্রধানতঃ সনাতন ধর্ম্মের মূলস্বরূপ: এতদ্ব্যতীত বেদবিৎ ও স্মৃতিবিৎ মুনিগণের অনুভবও ধর্ম্মের অবান্তর মূলস্বরূপ হইতেছে। এই ধর্ম্ম অনুষ্ঠান করিলে মন প্রসন্ন অর্থাৎ পবিত্র হইয়া থাকে।৭।১১।৫

ব্যাখ্যা। মূল বলিতেঃ—বৃক্ষের শাখা প্রশাখা, পুষ্প, পত্র, কাণ্ড স্কন্ধাদি যে আধারাংশের আশ্রয়ে প্রকাশিত, বর্দ্ধিত ও জীবিত থাকে। ঈশ্বরই জগতের সকল প্রাণীর জনন, পালন ও হরণকর্ত্তা। এস্থলে পালন বলিতে প্রকাশিত বর্দ্ধিত ও জীবিত বুঝিতে হইবে। ঈশ্বর পালন মূর্ত্তিতেই কেবল ধর্ম্মবৃত্তির মূল হইয়া আছেন। যেমন মূলের আশ্রয়ে শাখা ও প্রশাখাদি জীবিত থাকে, সেই রূপ ঈশ্বরের পালনী শক্তিই ধর্ম্মবৃক্ষের শাখা প্রশাখা অর্থাৎ নিবৃত্তি ও প্রবৃত্তিগত উপায়ে সংসার বর্ত্তমান। যেমন বীজকে বা বৃক্ষকে উপযুক্ত স্থানে রোপণ, উপযুক্ত ভাবে পালনাদি না করিলে উদ্দিষ্ট উত্তম ফল লাভ হয় না। সেইরূপ এই জীবসংসারের মধ্যে মানব রূপী উত্তম দেহবৃক্ষকেও উপযুক্ত স্থানে রক্ষা, উপযুক্ত

ভোগে ও অনুষ্ঠানে পালন করিলে, ইহা হইতে উত্তম ফল লাভ হয়। একই মূলের আশ্রয়ে দুইটী থাকে বটে, কিন্তু যেটীকে যত্ন করা যায়, তাহার মূল যেমন দৃঢ় ও তাহার অঙ্গের যেমন সৌষ্ঠব এবং উত্তম ফল হয়, তেমন তার কি কখন কুস্থানেজাত বৃক্ষের ঘটিতে পারে? সেই রূপ ঈশ্বরের পালনী শক্তির মূলে, উত্তমাধম সকল প্রকৃতির মানব দেহবৃক্ষই জীবিত ও পালিত হয়, কিন্তু যেটীর মূলক দৃঢ় ও মুক্তি স্বাস্থ্যাদি প্রাপ্তের উপযোগী করা যায়। তাহাকে ধর্ম্মানুযায়ী স্থানে রক্ষা ও তন্নিয়মে পালন করিতে হয়। এই জন্য এই শ্লোকে বলা হইল যে, ধর্ম্মমূলের আশ্রয় দৃঢ় হইলে আত্মা প্রসন্ন হয় অর্থাৎ মন তমোগুণময় জড়ভাব হইতে জ্ঞানময় ভাব আশ্রয় করে। এই ধর্ম্ম দ্বিবিধ উপায়ে শান্তি বিধান করে; একটী নিবৃত্তি বা মুখ্য উপায়। আর একটী প্রবৃত্তি বা গৌণ উপায়। নিবৃত্তি উপায়ে ক্রমে মুক্ত হওয়া যায়; প্রবৃত্তি উপায়ে সুখ ভোগযাত্রা ইহ জীবনে সাধিত হইতে হইতে নিবৃত্তির জন্য প্রস্তুত হওয়া যায়। বেদ ও স্মৃতিতত্ত্ববিদেরা ঐ দুইটী প্রথা বিশেষ চিন্তার সহিত সংসারে প্রচার করিয়াছেন, এই জন্য তাঁহাদের উপদেশগুলিও অনুষ্ঠাতার পক্ষে বিশেষ উপকারী; এই জন্য সেই উপদেশগুলিও ধর্ম্মের অবান্তর মূল স্বরূপ। শ্রীনারদোক্তিতে প্রথমে নিবৃত্তিধর্ম্মের লক্ষণ বলা হইতেছে।

হে মহারাজ! সর্ব্বদা সত্যসংকল্পিত হওয়া, দানের ইচ্ছাযুক্ত হওয়া, একাদশী, চান্দ্রায়ণ বা চাতুর্ম্মাস্যাদির যথাসাধ্য অনুষ্ঠান করা, সর্ব্বদা বাহ্যগ্লানি হইতে পবিত্র থাকা, সুখ ও দুঃখ ধীরভাবে সহ্য করা, কোন কার্য্যের পূর্ব্বে হিতাহিত বিবেচনা করা, মনকে আশক্ত হইতে না দেওয়া, বাহ্য বা কর্ম্মেন্দ্রিয়গুলিকে সতত বিষয় হইতে সংযত করা, পরের কষ্ট বোধ হয় এমন কোন কার্য্যে আত্মতুষ্টীসাধনে বিরত হওয়া; গুরু ও ব্রহ্মনিষ্ঠ হইয়া থাকা; যথাসাধ্য দুঃখীহিতার্থে নিজের স্বার্থ ত্যাগ করা, সর্ব্বদা ভগবদ্বিষয় চিন্তা বা জপ করা; সর্ব্বদা উদার ভাব অবলম্বন করা; দুঃখে ও সুখে সমানতুষ্টি; সাধু ও জ্ঞানীবৃন্দের সহবাস করা; গ্রাম্য অর্থাৎ আত্মপরিজনের জন্য ও কামাদি চরিতার্থজন্য মন একেবারে ব্যাকুল না হইতে পায়, এমন উপায় ক্রমে ক্রমে অভ্যাস করা; যে সকল কর্ম্ম করিলে প্রবৃত্তির আধিক্য হয়, তাহা পরিত্যাগ করা; সর্ব্বদা বিষয়ে সংস্রবে গৌণ ভাবাবলম্বন করা; সর্ব্বদা স্থূলকে অনিত্য ভাবিয়া, যে যুক্তিতে আত্মাকেই নিত্য বোধ হয়, এমন চিন্তা করা। যথাসাধ্য পশুপক্ষী কীটাদিকে ও অক্ষম জনপরিজনকে অন্ন দান করা;

সকল প্রাণীতেই আত্মা বিরাজ করিতেছেন, ইহা ভাবিয়া সকল প্রাণীকে পূজ্য বুদ্ধি করা; এতদ্ব্যতীত ভগবান হরির কথা শ্রবণ, কীর্ত্তন, সর্ব্বদা তাঁহাকে স্মরণ তাঁহার অনুগত হওন, তাঁহাকে পূজন, তাঁহাকে প্রণাম, তাঁহাতে দাস্য ভাব স্থাপন, তাঁহাতে সখ্য ভাব স্থাপন, তাঁহাতে আত্মসমর্পণ করা। এই ত্রিংশল্লক্ষণযুক্ত সাত্ত্বিক অনুষ্ঠানই সকল মানবের পক্ষে সনাতন নিয়মের বা মুখ্যপন্থার নিবৃত্তিধর্ম্ম হইতেছে। হে রাজন্! এই ত্রিংশতি লক্ষণবান্ ধর্ম্ম, যে মানব অনুষ্ঠান করেন, তাঁহার মন শীঘ্র প্রসন্ন হয়, আর আত্মা সন্তুষ্ট হয়েন। ৭।১১।৭।৮।৯।১০।১১

হে মহারাজ! প্রবৃত্তি ধর্ম্মে বর্ণ ও আশ্রম আছে, তথায় জীবে সংস্কার ও বিশুদ্ধি অনুসারে ক্রমে নিবৃত্তি পথের জন্য প্রয়াসী হইয়া থাকে। সনাতন নিয়মের মধ্যে বর্ণাশ্রম ধর্ম্ম এক্ষণে বলিতেছি শ্রবণ করঃ—

স্বয়ং ব্রহ্মা বলিয়াছেন, মানবগণের মধ্যে যাঁহাদের দেহ মন গর্ভাধানাদি সংস্কারে সংস্কৃত হইলে জন্ম হয়, তাহাদেরই দ্বিজ কহে। ৭।১১।১২

বর্ণের মধ্যে দ্বিজগণ আশ্রমবাসী থাকিবার কালে আত্মশুদ্ধির জন্য; যজ্ঞ, দান ও বেদাদি অধ্যয়ন করিবে। এই কথা ব্রহ্মা হইতে ঋষিগণও উপদেশ দিয়াছেন। যাহারা অশুদ্ধ কুলে ও অনাচারীর বংশে জন্ম গ্রহণ করে, তাহাদের পক্ষে কেবল আশ্রমধর্ম্মশাস্ত্রকারের যাহা বিধান করিয়াছেন, তাহাই অনুষ্ঠেয়; দ্বিজাতীর অনুষ্ঠানে তাহাদের অধিকার নাই।৭।১১।১৩

ব্যাখ্যা। ১১শ শ্লোকাদিতে যে ত্রিংশতি লক্ষণ দেওয়া হইল, উহার অনুষ্ঠানে মন নিবৃত্তির জন্য প্রস্তুত হইয়া থাকে, অতি বিশুদ্ধ ও জ্ঞানময় হয়। উহাতে সকলের অধিকার আছে। যে উপযুক্ত হইবে সে-ই ফল পাইবে। কিন্তু ঋষিগণ মনুষ্যগণের মধ্যে নিবৃত্তিপর অপেক্ষা প্রবৃত্তিপর মনুষ্যসংখ্যাই অধিক দেখিয়া সেই প্রবৃত্তিমান্ মানব সমাজকে সুশৃঙ্খলাপন্ন করিবার জন্য যে নিয়ম বিহিত করিয়াছেন, তাহার নাম আশ্রমধর্ম্ম বা প্রবৃত্তিধর্ম্ম। কৃষক যেমন উত্তম ফল পাইবার জন্য উত্তম বীজ রক্ষা করে, সেইরূপ এই প্রবৃত্তিমান্ মানব সমাজের মধ্যে, মনের শুদ্ধি ও অশুদ্ধি অনুসারে উত্তম, মধ্যম, অধম ও অধমাধম এই চারি শ্রেণী নির্ণয় করিয়া ঋষিগণ লইলেন। এ উত্তম মধ্যম ও অধম এই তিন ভিন্ন অংশ ক্রমে পবিত্র রাখিবার জন্য গর্ভকাল হইতে মৃত্যুকাল পর্য্যন্ত দশবিধ সংস্কার বোধক উপায় তাঁহারা স্থির করিয়া দিলেন। এবং অধমাধম শ্রেণীর পক্ষে বিবাহ নামক একটী মাত্র সংস্কার স্থির করিয়া দিলেন। এই নিয়মে আশ্রমে থাকিতে থাকিতে জন্মান্তরে সকলেই ক্রমে বিশুদ্ধ হইয়া

ইহাই অভিপ্রায়। ঐ শ্রেণীর নাম বর্ণ, আর যে নিয়মে ইহারা সমাজে থাকিয়া আত্মোন্নতি সাধন করে, তাহারই নাম আশ্রম। মানব যতক্ষণ নিবৃত্তিভাব লাভ না করে, ততক্ষণ যে সকল নিয়ম তাহাকে পালন করিতে হয়, তাহাকেই আশ্রম কহে। অর্থাৎ পুত্র, দারা, গৃহপরিজনাদি লইয়া একত্রে সংসার ভোগের জন্য যে নিয়মে মানব সমাজে থাকে, তাহাকে গৃহস্থাশ্রম কহে। গুরুসমীপে বেদাধ্যয়নাদি শিক্ষাবস্থায় মানবগণকে যে নিয়ম পালন করিতে হয়, তাহাকে ব্রহ্মচর্য্যাশ্রম কহে। এই রূপে চারিটী আশ্রমে মানব সমাজে ধর্ম্মের উৎকৃষ্টত্ব ভোগ করিয়া থাকে। উহার মধ্যে গার্হস্থ্য আশ্রমের বিষয় শ্রীনারদ এই স্থানে ত্রয়োদশ শ্লোকে বলিলেন। পূর্ব্বোক্ত যে চারিটী শ্রেণীর কথা বলা হইল, উহাদেরই স্মৃতিকারেরা ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র নামে অভিহিত করিয়া পরস্পরের আচার ব্যবহার বিহিত করিয়াছেন। অনেকে বলিতে পারেন, ব্রাহ্মণাদি তিন বর্ণের দশটী সংস্কার দেওয়া হইল, শূদ্রকে একটী সংস্কার দেওয়া হইল কেন? একথা বুঝিতে বর্ত্তমান সমাজকে উপমাস্থল করিলে চলিবে না, বহুসহস্র বৎসর হইতে ব্রাহ্মণাদি সকলেই আচারভ্রষ্ট ও পরাধীন হইয়া চণ্ডালাধম হইয়াছে। বৃত্তিহীন, আচারহীন হইলে তাহাকে জাতিত্ব হইতে বিচ্যুত হইতে হয়। ইহা যে সময়ে বিহিত হইয়াছিল, সেই সময়ের তুলনা করা উচিত। শূদ্র বলিতে সে সময়ে এত হীনভাবাপন্ন মনুষ্য বুঝায়, যে, যাহাদের আহার, নিদ্রা, মৈথুন মাত্র স্বভাব ছিল। যথেচ্ছা মৈথুন, ইত্যাদিতে উন্মত্ত থাকাতে তাহাদের মনের বিকাশ পশুগণপেক্ষা হেয় ছিল বা সমানই ছিল; প্রথমে সেই যথেচ্ছাচার নষ্ট করিবার জন্য, তাহাদের উন্নত করিতে আর তিন আশ্রমীর অধীন ও সেবক করা হইল। গুরু যেমন শিষ্যকে বিদ্যা শিখাইয়া মনকে উন্নত করেন, তদ্রূপ ব্রাহ্মণাদি তিন শ্রেণী অনাচারী ও যথেচ্ছাচারী শূদ্রগণকে আপনাদের শিক্ষা দিতেন, অবশ্য যাহাকে শিক্ষা ও জীবনী দেওয়া হয়, তাহার নিকট হইতে বিনিময়ে কায়িক শ্রম বা কোন রূপ সাহায্য কিছু দিছু লইতে হয়। ইহা না হইলে শিক্ষকের জীবিকা চলিবে কিরূপে। এই নিয়মে শূদ্র ত্রিবর্ণের নিকটে সেবক হইয়া উপদেশ ও আচার শিক্ষায় মনকে বিশুদ্ধ করিতে থাকে। আর যথেচ্ছা মৈথুনে বিবাদও বিসম্বাদ এবং মনের পাশবভাব অত্যন্ত প্রবল হয়। যথেচ্ছামৈথুন থাকিলে শ্রদ্ধা, সম্মান ও জননী—ভগিনী ইত্যাদি সম্বন্ধের লোপ হয়, যাহাতে সদাচারের সহিত তাহাদের সম্বন্ধ নির্ণয় থাকিয়া বংশ সামাজিক হয়, এই জন্য বিবাহ নামক একটী সংস্কার তাহাদের বিহিত হইয়াছিল। উহাতে ক্ষেত্র বিশুদ্ধি অনুসারে বিশুদ্ধ বংশের প্রকাশ হইবে এবং উক্ত তিনি সদাচারীর সহবাসে স্বভাবচরিত্রও বিশুদ্ধ হইবে। এইরূপ বিশুদ্ধ হইয়া জন্মজন্মান্তরে ক্রমে ব্রাহ্মণ পর্য্যন্তও হইতে পারিবে। এই যে

নিয়ম ইহা প্রবৃত্তি ভাবের অন্তর্গত। কিন্তু নিবৃত্তি ধর্ম্মের আশ্রয় চণ্ডাল হইতে ব্রাহ্মণ পর্য্যন্ত সকলেই লইয়া মহা মহা ঋষি পর্য্যন্ত হইতে পারেন। নিবৃত্তি পথে জাতিধর্ম্ম ও বর্ণাশ্রমধর্ম্ম কিছুই নাই। ইহার বিশেষ বিচার মন্বাদি স্মৃতিশাস্ত্রে আছে; তবে সকলের গোচরার্থে অতি যৎসামান্য বলিলাম। পূর্ব্বে বলিয়াছি যে প্রবৃত্তিমার্গে সমারূঢ় ধর্ম্মের যে [illegible] আশ্রয় করে, সেই আশ্রয়োচিত ঐ চতুর্ব্বিধ শ্রেণীর যে বৃত্তি, সেই বৃত্তি হইতে যদি কেহ চ্যুত হয়, তাহা হইলে সে বর্ণহইতেও বিচ্যুত হইবে। ইহাতে ব্রাহ্মণ হইতে চণ্ডাল পর্য্যন্ত সকলকেই আত্মশুদ্ধি অনুসারে শ্রেষ্ঠ ও হীন বলা হইয়াছে। বর্ত্তমান সমাজের ন্যায় প্রাচীন নিয়মকারের জুতাওয়ালা উপবীত ধারীকে ব্রাহ্মণ পদবী দেন নাই; বাটীর দরওয়ানকে ক্ষত্রিয়ও বলেন নাই; কদলী বিক্রয়কারীকে বৈশ্য বলেন নাই; আর ঐ ত্রিবর্ণের রাখালকেও শূদ্র বলেন নাই। ঐ সকল বর্ণ কোনবৃত্তি রক্ষা করিলে, উত্তমাধম শ্রেণীতে সম্মানিত হইতে পারিবে, তাহা পরে বলা হইতেছে।

হে মহারাজ! এক্ষণে যে যে বৃত্তির অনুসারী হইলে ঐ চারি বর্ণ আশ্রমী হইয়া সম্মানিত থাকিবে তাহা শ্রবণ কর:—

ব্রাহ্মণগণের পক্ষে অধ্যয়ন, অধ্যাপন, যজন, যাজন, দান ও গ্রহণ এই ছয়টী প্রধান বৃত্তি। ক্ষত্রিয় ও বৈশ্যের প্রতিগ্রহণ ব্যতীত আর পাঁচটী বৃত্তিই উপযুক্ত। (তন্মধ্যে ব্রাহ্মণের অধ্যাপন, যাজন ও প্রতিগ্রহণই জীবিকাবৃত্তি); ব্রাহ্মণ ব্যতীত অপর সকলের নিকট হইতে কিছু কিছু কর লইয়া প্রজা রক্ষা করাই ক্ষত্রিয়ের জীবিকাবৃত্তি হইতেছে। ৭।১১।১৪।

বৈশ্যগণের পক্ষে ব্রহ্মকুলের অনুগত হইয়া বাণিজ্য ও কৃষি প্রভৃতিই জীবিকাবৃত্তি। শূদ্রের পক্ষে কেবল পূর্ব্ববর্ণত্রয়কে সেবা করিয়া জীবিকার্জ্জন করাই প্রধান বৃত্তি বলিয়া কীর্ত্তিত হইয়াছে। ৭।১১।১৫

ব্যাখ্যা। যাহাতে মানবগণের স্বভাব উন্নতি পথে ধাবিত হয়, এমন উপায় অবলম্বনের নামই বৃত্তি। বৃত্তি দ্বিবিধ। একটী জীবিকা নির্ব্বাহের জন্য, অপরটী পরমার্থের উপযুক্ত হইবার জন্য। শূদ্র ব্যতীত তিন বর্ণেরই অধ্যয়ন, অধ্যাপন, যজন যাজন এবং দানই মুখ্য বৃত্তি। কেবল ব্রাহ্মণের পক্ষে জীবিকানির্ব্বাহের জন্য শিষ্য রাখিয়া ভিক্ষান্নব্য গ্রহণ পূর্ব্বক অধ্যাপন, অপরের কল্যাণের ইচ্ছায় যাজন এবং

ঐ পঞ্চাতীত দাতাগণের দত্তবস্তু গ্রহণ, এই তিনটী উপায়ই জীবিকা বৃত্তি। ক্ষত্রিয়ের পক্ষে অধ্যয়নাদি পাঁচটী পরমার্থ বৃত্তি, কেবল দেশরক্ষা ও প্রজাপালন করিয়া কিঞ্চিৎ কর গ্রহণই জীবিকা বৃত্তি। এই দুর্জ্জন ও বিপদ হইতে প্রজা রক্ষণ বলিতে, নগরপাল হইতে সম্রাটকে বুঝায়। বৈশ্যের পুর্ব্বোক্ত পাঁচটী পরমার্থ বৃত্তি; কেবল কৃষি বাণিজ্যই জীবিকা বৃত্তি। শূদ্রের কেবল মনসংস্কারের প্রয়োজন, এই হেতু উচ্চবর্ণের সেবাই জীবিকা ও পরমার্থের উপযোগী বৃত্তি বুঝিতে হইবে। এই যে উচ্চবর্ণের সেবা, ইহাতে কেহ যেন কেবল পদসেবা না বুঝেন; ঐ তিন বর্ণ হইতে সংসারী মানবের, আহারে, বসনে, ভূষণে, সুখভোগে যে কিছু দ্রব্য ও আয়োজনাদির প্রয়োজন হয় এ সমস্তই সেই শূদ্রগণ নির্ব্বাহ করিয়া বিনিময়ে যাহা পাইবে তাহাতেই জীবিকা ও পরিজন প্রতিপালন করিবে। ইহাতে কারুকার্য্য ও সংসারের সমস্ত উপযোগী কার্য্যই শূদ্রের অধিকারে থাকিল। ইহাতে পরাস্পর কেহ কাহারো ঘৃণিত বা অকর্ম্মন্য বলা-হইল না। আর্য্যসমাজের সুশৃংখলের যৎসামান্য উপায়ই বলা হইল। বিস্তৃতি স্মৃতিতে দ্রষ্টব্য।

হে মহারাজ! চারি বর্ণের মুখ্য জীবিকা বৃত্তির কথা কহিলাম, যে সকল লোকে ঐ সকল মুখ্য জীবিকা বৃত্তি অনুষ্ঠান করিতে অক্ষম হইবে, তাহাদের পক্ষে এইরূপ গৌণজীবিকা বৃত্তি বিহিত হইয়াছে:—

বিপ্রগণে সৎকৃষি অর্থাৎ ধান্যাদি কৃষি করিতে পারিবে, অকপটে কাহারো নিকটে বাক্যাদি কৌশলে কিছু গ্রহণ করিতে পারিবে। প্রত্যহ ধান্যাদি ভিক্ষা করিতে পারিবে। ক্ষেত্র পতিত ও স্বামীত্যক্ত ধান্য গ্রহণ করিতে পারিবে। কোন বিপনী প্রভৃতি হইতে পরিত্যক্ত শস্য গ্রহণ করিয়া জীবিকা নির্ব্বাহ করিতে পারিবে। বিপ্রগণের পক্ষে এই চারিটী গৌণ জীবিকার মধ্যে প্রথম হইতে দ্বিতীয়, দ্বিতীয় হইতে তৃতীয়, তৃতীয় হইতে চতুর্থটী শ্রেষ্ঠ হইতেছে।৭।১১।১৬

হে মহারাজ! এই যে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র চারি বর্ণের মুখ্য জীবিকার কথা বলিলাম, মানবগণ সাধ্যমতে কখনই যেন নিম্নবর্ণ হইয়া উচ্চ বর্ণের জীবিকা গ্রহণ করিবেন না, এবং উচ্চবর্ণেরাও যেন লাভজনক দেখিয়াও নিম্নবর্ণের জীবিকা গ্রহণ না করেন। তবে যখন ভীষণ বিপদ কাল আসিয়া উপস্থিত হইবে, সেই সময়ে ক্ষত্রিয় ব্যতীত অপর অর্থাৎ ব্রাহ্মণ, বৈশ্য, শূদ্র এই তিনবর্ণ পরস্পরে পরস্পরের জীবিকা লইয়া ব্যবহার করিতে পারিবেন। কিন্তু ক্ষত্রিয় কোন কালেও মুখ্য জীবিকা বৃত্তি অর্থাৎ প্রজারক্ষণাদি কার্য্য ত্যাগ করিতে পারিবেন না। ৭।১১।১৭

ব্যাখ্যা। অনাপৎ সময়ে অর্থাৎ দেশে যখন শান্তি বিরাজ করে; কলহ বিদ্রোহ সহযোগে অনাবৃষ্টি, দুর্ভিক্ষ, মহামারী ইত্যাদি দৈব ও কায়িকবিপদ যখন রাজ্যে প্রকাশ থাকে না, সেই সময়ে ব্রাহ্মণাদি চারি বর্ণ কখনই আপনাপন মুখ্য জীবিকাবৃত্তি যাহা পূর্ব্বে বলা হইয়াছে, তাহার ব্যত্যয় করিবেন না। জীবিকার সহিত পরমার্থবৃত্তি যাহা পূর্ব্বে চারিবর্ণের পক্ষে বলা হইয়াছে, তাহা যেন কি আপৎ, কি অনাপৎ, কোন কালেও ত্যাগ না করা হয়। বৃত্তিগুলির অনুষ্ঠানেই মনের সাধুগঠন হয়। মনের গঠন বিশুদ্ধ হইলে, শরীরের কান্তি, সৌন্দর্য্যের বিকাশ হয়। ক্রমে বংশের বিশুদ্ধি ঘটিয়া থাকে। যেমন কোন একটী বৃক্ষমূলে নিত্য জল সেচন ও নিত্য নূতন সার প্রদান করিলে, বৃক্ষ বহুকাল পর্য্যন্ত সুফল প্রদান করে, আবার তাহার ফলস্থ বীজকেও রোপণ করিয়া, ঐরূপে যত্ন করিলে উত্তম ফল লাভ হয়, কিন্তু যত্ন ত্যাগে কখনই সুফল লাভ হয় না। সেইরূপ এই যে মায়া ও অবিদ্যা নির্ম্মিত দেহ, ইহাকে সুবৃত্তি দ্বারা নিত্যপবিত্র না রাখিতে পারিলে, কখনই চিত্তের ক্রমশুদ্ধি ঘটিতে পারে না। নিত্যই দেহে, মনে, বয়োবৃদ্ধির সহিত পূর্ব্ব জন্মসংস্কার ও ইহজন্মের আসঙ্গ মলিনতা সঞ্জাত হইয়া থাকে। ঐ সকল বৃত্তিতে জীবিকার ও পরমার্থের উপযোগী হইতে পারিলে কখনই নূতন মলিনতা মন ও দেহকে স্পর্শ করিতে পারে না। বরং বৃত্তির অনুষ্ঠানের সহিত জ্ঞানের ও চিত্তশুদ্ধির আধিক্য হইয়া থাকে। যখন বৃত্তির উপরেই শুদ্ধিও অশুদ্ধি নির্ভর করিতেছে, তখন ইহা সকলেই বুঝিবেন যে, সমাজের সুকৌশল রক্ষা করিতে উচ্চে নীচের বৃত্তি গ্রহণ করিলে, উচ্চতা হইতে স্খলিত হয়, তাহাতে নীচ উচ্চকে কখনই, আপনা অপেক্ষা অধিক সম্মান করে না। দৃষ্টান্ত স্বরূপ বর্ত্তমানে আর অধিক বুঝাইতে হইবে না। ব্রাহ্মণ বর্ণ যদি চর্ম্মকারের ন্যায় পাদুকার দোকান করেন, তাহা হইলে চর্ম্মকার বা অপর বর্ণ কখনই তাহাকে পবিত্র ব্রাহ্মণের ন্যায় সম্মান করিবে না। এতদ্ব্যতীত সেই ব্রাহ্মণের নীচ বৃত্তি অবলম্বন হেতু মনের বিশুদ্ধি কখনই ঘটিবে না। অনেকে এ সন্দেহ করিতে পারেন; জীবিকায় যদি নীচ বৃত্তি নির্ব্বাহ করে, আর মন যদি পরমার্থ বৃত্তির দিকে চেষ্টিত থাকে, তাহা হইলে কেন সে ব্যক্তি উন্নত না থাকিবে? তদুত্তরে ইহাই যথেষ্ট বলা হইবে যে:—জীবিকার চিন্তাতে মনে যে কলঙ্ক উপস্থিত হয়, তাহা যত লঘু হইবে, পরমার্থটী ততই শীঘ্র ফলদায়ী হইবে। ব্রাহ্মণের জীবিকা বৃত্তি অতি পবিত্র এবং অনাশক্তির আশ্রয়স্থল; কার্য্যেই ঐরূপ জীবিকা হইতে বিচ্যুত হইলে, মনের পবিত্র গঠন হয় না, পরমার্থের উপকারীও হয় না। ক্ষত্রিয়াদির আশক্তি সংযুক্ত জীবিকা, স্বাভাবিক আশক্তি দেখিয়াই স্থির হইয়াছে, তাহার পক্ষে তাহাই উপকারী। এতদ্ব্যতীত আমাদের ইহজন্মের কার্য্য, পরজন্মের উন্নতির জন্যই অধিকাংশ অনুষ্ঠিত হয়, এই জন্য এই সকল

নির্দ্ধারিত বৃত্তির উন্নতি জীবে কি ইহ, কি পরজন্মে সকল সময়েই লাভ করিতে পারেন।

যদি দুর্ভিক্ষ, রাষ্ট্রবিপ্লবাদি এবং ব্যাধি প্রভৃতি দৈববিপদ আসিয়া উপস্থিত হয়, তাহা হইলে জীবনের পক্ষে যে গৌণ বৃত্তির বিষয় বলা হইয়াছে, তাহা অনুষ্ঠেয়। এবং ক্ষত্রিয় ব্যতীত বৈশ্য ও শূদ্রাদি যে কোন বর্ণের জীবিকা লইয়াই জীবন ধারণ করিতে পারেন। কিন্তু পরমার্থ বৃত্তি হইতে কেহ যেন কখন বিচ্যুত না হয়েন। ক্ষত্রিয়ের পক্ষে বিপদে সম্পদে সকল সময়েই মুখ্যবৃত্তি অবলম্বন করা উচিত; নচেৎ রাজ্য উৎসন্ন হইয়া থাকে। পরে বিপদের সময়েও কোন শ্রেণী কিরূপ গৌণবৃত্তি অবলম্বন করিবে, তাহার নির্দ্দেশ পরে করা হইতেছে।

হে ধর্ম্মরাজ! ব্রাহ্মণ পক্ষে যে চারিটী গৌণ বৃত্তির কথা বলিলাম। ঐবৃত্তি চারিটী দৈব ও কাম্য বিপৎকালে ক্ষত্রিয় ব্যতীত সকল বর্ণই অবলম্বন করিতে পারেন, ব্রাহ্মণাদির মুখ্যবৃত্তি কেহই কখন গ্রহণ করিতে পারেন না। তন্মধ্যে ঋত, অমৃত, মৃত, প্রমৃত, সত্য, অনৃত এই ছয়টী উপায়ে বিপদ কালে সকল বর্ণই জীবন ধারণ করিতে পারেন; কিন্তু কদাচ শ্ববৃত্তি যেন কেহ অবলম্বন না করেন। ৭। ১১। ১৮

হে মহারাজ! পণিপার্শ্বে আপনাদি হইতে পতিত ও পরিত্যক্ত শস্যকে ঋত কহে। নিত্য অযাচিত ভাবে থাকিলেও দয়া করিয়া কেহ কিছু দান করিলে তাহা গ্রহণকে অমৃত কহে। নিত্যযাচ্ঞাকে মৃত কহে। কৃষিকে প্রমৃত কহে। সত্য ও মিথ্যার মিশ্রণাবস্থা থাকাতে বাণিজ্যকে সত্যামৃত কহে; আর নীচ অর্থাৎ ব্রাহ্মণাদি উচ্চবর্ণের ক্ষত্রিয় হইতে অন্ত্যজ সেবাকে শ্ববৃত্তি কহে। (ক্ষত্রিয়ের পক্ষে বৈশ্য, শূদ্র ও অন্ত্যজ, বৈশ্যেরপক্ষে শূদ্র ও অন্ত্যজ; শূদ্রের পক্ষে, কেবল অন্ত্যজ, নীচজাতি বুঝিতে হইবে।) ৭। ১১। ১৯

হে ধর্ম্মরাজ! এই নীচসেবা দ্বারা জীবিকা নির্ব্বাহ করা চাতুর্ব্বর্ণ্যের একান্ত নিষেধ। যদি এমন কোন বিপদ উপস্থিত হয় যে, হটাৎ নীচসেবা না করিলে, তৎকালে জীবন রক্ষা হয় না; এমন অবস্থায় বৈশ্যশূদ্রাদি বরং তদবলম্বন করিতে পারে; কিন্তু ব্রাহ্মণ ও ক্ষত্রিয় যেন কখনই নীচসেবা না করেন। কারণ নীচসেবা অতি ঘৃণিত হইতেছে। ব্রাহ্মণের অঙ্গ সর্ব্ববেদময় অর্থাৎ মন্ত্র ও তপস্যাময় হইতেছে; নীচসেবায় তৎপ্রকৃতির আকর্ষণে ব্রহ্মণ্যের ক্ষয় হয়। ক্ষত্রিয়ের দেহও সর্ব্বদেবময়; অর্থাৎ সমস্ত প্রাকৃতিক ঐশীশক্তির গুণশিক্ষা করিয়া ক্ষত্রিয় প্রজা পালন করেন। নীচের

সহবাসে চৌর্য্য প্রবঞ্চনাদি শিক্ষা হওয়াতে ক্ষত্রিয়ত্বের হানি হয়, এইজন্য এই দুই বর্ণের নীচসেবা একান্ত বর্জ্জনীয় বলা হইল। ৭।১১।২০

হে মহারাজ। (ব্রাহ্মণের মুখ্যবৃত্তি অনুষ্ঠানে এই সকল লক্ষণ প্রকাশ হয়।) শম, দম ও তপস্যায় ক্ষমতাবান্, সর্ব্বদা বাহ্য শৌচাবলম্বন; সদাতুষ্টি, সর্ব্বদা ক্ষমাশীল, সর্ব্বদা উদার; হিতাহিত জ্ঞান, সর্ব্বজীবে দয়া, সর্ব্বদা সত্যভাব ধারণ এবং সর্ব্বদা পরমাত্মপর হওন। এই সকল লক্ষণ ব্রাহ্মণের মুখ্যবৃত্তি ধারণে প্রকাশ হয়। ৭।১১।২১

হে রাজন্! প্রজারক্ষার্থে শত্রুকে পরাজিত করিতে যুদ্ধে উৎসাহ, অমিত প্রভাব, অমিত বিক্রম, সম্পদে বিপদে ধৈর্য্য, উপযুক্ত পাত্রে ও দুর্ভিক্ষাদি উপযুক্ত কালে দান, রিপুকে বশীভূত করণ; উপযুক্ত সময়ে ক্ষমাশীল হওন; ব্রাহ্মণপরায়ন হওন: সদা সুখ ও দুঃখে প্রসন্নতা, এবং সর্ব্বদা অকপট ও আলস্য পরিহার পূর্ব্বক সত্যপথে বর্ত্তমান প্রভৃতিই মুখ্যবৃত্তির অনুসারী ক্ষত্রিয়ের লক্ষণ হইতেছে।

দেবতা, গুরু ও পরমেশ্বরে একান্ত ভক্তি, ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও শূদ্রগণকে প্রতিপালন, সকল তত্ত্ব বিষয়ে আস্তিক্য বুদ্ধি, বাণিজ্য ও কৃষিতে ক্ষতি হইলেও নিত্য নূতন উদ্যম;—ব্যবসায় বাণিজ্যে নূতন কৌশল অবধারণই মুখ্যবৃত্তিমান বৈশ্যের লক্ষণ হইতেছে। ৭।১১।২২

উচ্চবর্ণের নিকটে বিনীত ভাবাবলম্বন করা, সর্ব্বদা পবিত্র থাকা, অকপটে প্রভু-সেবা; প্রণববিহীন মন্ত্রে যজ্ঞাদির নিত্য অনুষ্ঠান করা, বিশ্বাসী হওয়া, সত্যবাদী হওয়া, ব্রাহ্মণ ও গো প্রতিপালন করাই মুখ্যবৃত্তির অনুসারী শূদ্রের লক্ষণ হইতেছে। ৭।১১।২৩

হে মহারাজ! চতুর্ব্বর্ণের মুখ্য, গৌণবৃত্তি ও সদাচার কি? এবং তদনুষ্ঠানে চিত্তের বিশুদ্ধি ঘটিলে বাহ্যস্বভাবে ও দেহে কিরূপ লক্ষণ প্রকাশ হয়, তাহা তোমাকে একে একে বলিলাম। সমস্ত বর্ণের স্ত্রীজাতি একই উপায় অবলম্বন করিবে, তাহাদের যে বৃত্তিতে এবং যাহা অনুষ্ঠানে চিত্তের বিশুদ্ধি ঘটিবে তাহা শ্রবণ কর:—

সকল বর্ণের স্ত্রীই, আপনাপন স্বামীকে দেবতার ন্যায় জ্ঞান করিবে, সেই স্বামী-গণের বৃত্তির অনুসারী হইয়া তাঁহাদের সেবা করিবে; সর্ব্বদা স্বামীর আজ্ঞা পালন করিবে। স্বামীর জনক জননী, প্রভৃতি হিতৈষী বন্ধুগণের আচার ব্যবহার শিক্ষা করিতে, তাহাদের অধীনে থাকিবে। গুরুজনেরা যে সকল নিয়ম ও ব্রত সংসারের কল্যাণের জন্য অনুষ্ঠান করেন; সেই সকল শিক্ষা ও অনুষ্ঠান করিতে সতত যত্ন থাকিবে। ৭।১১।২৪

গৃহ ও গৃহোপকরণ সমূহ সর্ব্বদা সম্মার্জ্জন, উপলেপন, মলিনতা দূরীকরণ ইত্যাদি

কার্য্য সর্ব্বদা সকল বর্ণের নারীগণ আপনাপন অবস্থানুসারে করিবে। গৃহ সজ্জা, নিজের সজ্জা, পরিচ্ছদাদির সুবিন্যাস, এসমস্তও স্ত্রীগণে করিবে। স্বামীর নিকটে তাঁহার অবস্থানুসারে কামনা করিবে, ক্রোধ, গর্ব্বাদিকে দমন ও সর্ব্বদা মিষ্টভাষিণী এবং সত্যভাষিণী হইবে; যে সময়ে, যে অবস্থায় স্বামী থাকিবেন, সেইরূপে সেইভাবে আন্তরিক প্রণয় ও প্রেমের সহিত স্ত্রীগণ স্বামীকে আনন্দিত রাখিবে। অর্থাৎ স্বামীর ক্ষুধায় আহার দিবে, সন্ধ্যাবন্দনাদির কালে তাহার উদ্যোগাদি করিবে, আনন্দের কালে শৃঙ্গারাদি বোধক বেশভূষাদি করিবে। ৭। ১১। ২৫

সতী স্ত্রী সর্ব্বদা আনন্দিতা থাকিবে। পরের ঐশ্বর্য্য দেখিয়া আপনাকে দুঃখী বুঝিয়া, পরসম্পদে লোভ করিবে না। সাংসারিক কর্ত্তব্য কার্য্যে ও স্বামীসেবায় কখন আলস্য করিবে না। সর্ব্বদা ব্রতনিয়মাদি দ্বারা স্মৃতি বিধানে ধর্ম্মাচরণ করিবে ও ধর্ম্ম জানিতে ইচ্ছা করিবে, এমন কি ক্রমে ধার্ম্মিকা হইবে। স্বামী কিম্বা সকলের কাছেই সত্য অথচ প্রিয় কথা কহিবে। কখনই কাম ও ক্রোধাদিতে উন্মত্ত হইয়া স্বামী বা গুরুজনের সেবায় গ্লানি উপস্থিত করিবে না। সর্ব্বদা অশান্তি পাপ ও অপবিত্রতা হইতে শুচি থাকিবে। এইভাবে আপনাকে পবিত্র করিয়া মহাপাতকশূন্য স্বামীকে কায়মনে সেবা করিবে। ৭। ১১। ২৬

হে মহারাজ! যে সকল নারী, মহাপাতকশূন্য স্বধর্ম্মী স্বামীকে, লক্ষ্মীর ন্যায় কেবল হরি অর্থাৎ সর্ব্বদুঃখহারী ভাবিয়া একমনে সেবায় তৎপর থাকে। তাহারা অবশ্যই লক্ষ্মীর ন্যায় হরিময় হইয়া, অন্তে সেই পবিত্র স্বামীর সহিত বৈকুণ্ঠ লাভ করিয়া থাকে। ৭। ১১। ২৭

ব্যাখ্যা। পূর্ব্বে বলা হইয়াছে যে, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এই চারি মুখ্য শ্রেণীর মধ্যে, শূদ্র ও চারিজাতীয় রমণীগণ এক ভাবের অজ্ঞানী হইতেছে। এই জন্য শাস্ত্রকার কর্ত্তৃক স্ত্রীজাতি ও কেবল শূদ্রজাতিকে সংসারে সেবাভার দেওয়া হইয়াছে। জ্ঞান ও বুদ্ধির বিকাশ হইলেই সাধন ও তপস্যাদিতে উন্নতি হয়; যাহাদের জ্ঞান ও বুদ্ধির বিকাশ হয় না, তাহাদের কৃচ্ছ্র ভাবের সাধন প্রণালীতে প্রবৃত্তিমার্গে না রাখিয়া সাধুসঙ্গ করিতে, শাস্ত্র উপদেশ দিয়াছেন। স্বভাবতঃ স্ত্রীজাতি কোমলাঙ্গী, কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি ব্রত যেমন গৃহী পুরুষের পক্ষে কষ্টকর, কামিনীগণের পক্ষেও ভোগাবস্থায় উহা ততোধিক কষ্টকর। সংসারী গৃহস্থের পক্ষে সুভোগের সহিত কিঞ্চিৎ পরমার্থ উন্নতিই শাস্ত্রের উদ্দেশ্য, অর্থাৎ পরমার্থের উপযোগী হওয়াই শাস্ত্রের উদ্দেশ্য। এইজন্য শূদ্র ও নারীজাতিকে ব্রাহ্মণাদি কয়শ্রেণীর ন্যায় উপযুক্ত করিবার

জন্য সেবাধর্ম্ম দেওয়া হইয়াছে। তবে শূদ্র, ক্ষত্রিয় বৈশ্য ও ব্রাহ্মণাদি যে কোন প্রভুর সেবা করিতে পারিবে বা ঐ সমাজত্রয়ের উপকার করিয়া জীবিকা নির্ব্বাহ করতঃ তাহাদের সাধুগুণ শিক্ষা করিতে পারিবে। স্ত্রীজাতি সেরূপ করিবে না, স্ত্রীজাতি যতক্ষণ সধবা ততক্ষণই সমাজধর্ম্ম প্রতিপালন করিতে কেবল আপনাপন স্বামী ও স্বনীয় গুরুজনের সেবা করিবে। ঐ সেবা কাহাকে বলে এবং ঐ সেবা কিরূপ তাহা পঞ্চবিংশতি হইতে ষড়বিংশতি শ্লোকে বলা হইল। চতুর্বিংশতি শ্লোকে নিয়মাবলীর বিধান করা হইয়াছে এবং সপ্তবিংশতি শ্লোকে তাহার ফল দেওয়া হইয়াছে। ধর্ম্মপতিত ও কুষ্ঠাদি মহাপাতকগ্রস্ত পুরুষকে স্বামী করিবে না। এবং বিবাহের পরে—যদি ঐরূপ ঘটনা হয়, তাহা হইলে সে স্বামী সেব্য নহে। কারণ নারীজাতির পরমার্থের উন্নতি ঐ সকল স্বামীর দ্বারা হয় না. কেবল বাসনাদি চরিতার্থ করা বা বিষয় ভোগ করিয়া নরকবাসী হওয়া, গৃহস্থাশ্রমের উদ্দেশ্য নহে, এই জন্য এই ভাবে শূদ্রকে ও নারীজাতিকে সেবক ও সেবিকা ভাবে রাখা হইয়াছে। পরে সঙ্কর ও অন্ত্যজ জাতিদের কথা বলা হইয়াছে।

হে মহারাজ! ঐ চারি মুখ্য শ্রেণীর পুরুষের কিম্বা স্ত্রীর সহিত প্রতিলোম মিলন হইলে, যে সকল সন্তানাদি হয়, তাহাদের সঙ্কর জাতি কহে। ঐ সকল সঙ্কর জাতিগণের পক্ষে স্মৃতিকারগণ যাহা বিধান করিয়াছেন, সেই সেই জীবিকাবৃত্তিই গৃহস্থাশ্রমে তাহাদের বিহিত। ঐ সকল জাতিগণের মধ্যে যাহারা একেবারে কদাচার সম্পন্ন পাপী ও দস্যুবৃত্তিপর না হয়, তাহাদেরই জীবিকবৃত্তি স্মৃতিকারের কথিত সাধুভাবময় বুঝিতে হইবে। এতদ্ব্যতীত নীচশ্রেণীস্থ মানবগণের মধ্যে অন্ত্যজ ও অন্ত্যেবশায়ী নামক দুই জাতি আছে। (রজক, চর্ম্মকার, নট, বরুড়, কৈবর্ত্ত, মেদ, ভিল্ল এই সপ্তশ্রেণীকে অন্ত্যজ কহে। চণ্ডাল, পুক্কশ ও মাতঙ্গ এবং কিরাতাদি জাতিকে অন্ত্যেবশায়ী বা অস্পৃশ্য জাতি কহে।) এই সকল জাতিদের মধ্যে সকলেই আপনাপন পিতৃকুলের অনুসারী জীবিকাবৃত্তি অবলম্বন করিবে। ৭।১১।২৮

ব্যাখ্যা। পূর্ব্বে বলা হইয়াছে যে সংসার বা গার্হস্থ্যাশ্রমটী কেবল পরমার্থ উপযোগী হইবার জন্য প্রথম সোপান স্বরূপ। যাহাতে নীচ প্রকৃতির সহিত উচ্চ প্রকৃতের মিশ্রণ বা সঙ্গ না ঘটে, এই জন্য পরস্পরে আদান, প্রদান, আহার, বিহার এবং পৃথক্ প্রবৃত্তিমার্গে জীবিকাবৃত্তি লইয়াই সকলের সম্মান ও প্রতিপালন। সেই

সম্মান ও প্রতিপালন ভাব উচ্চ নিম্নের উপরে অপ্রতিহত ভাবে প্রচলিত করিতে পারিলেই, উচ্চের উচ্চধর্ম্ম রক্ষা হয়, এবং নিম্নকে ক্রমে উচ্চ করা যায়। প্রবৃত্তিমার্গে এই যে নিম্নের উচ্চতা ভোগের দিকে নহে। যেমন গুরু শিষ্যগণাপেক্ষা অধিক মান্য লইয়া তাহাদের মনের গঠন উন্নত করিয়া দেন; সেইরূপ উচ্চশ্রেণীর লোকেরা, নিম্নশ্রেণীস্থ লোকেরা জীবিকা ও সাধুভাব নির্দ্ধারিত করিয়া তাহাদের উচ্চভাবের সূচনা করেন। ক্রমে জন্মান্তরে নীচেরা সেই ভাব প্রাপ্ত হন। কিন্তু নির্ব্বাণ পথে আচণ্ডাল সমান অধিকারী, যে উপযুক্ত হইবে, অধিকারী হইবে, সেই পরমপদ প্রাপ্ত হইবে। তবে সাধনপথে অনেক বিপদ আছে, এই জন্য তপস্যাদি কৃচ্ছ পর্য্যন্ত, কেবল কোন কোন জাতিতে অনুষ্ঠানে নিষেধ আছে, কিন্তু প্রেম, ভক্তি, দেবসেবা ইত্যাদিতে সকলেরই সমানাধিকার। প্রবৃত্তিমার্গে কোন কুস্বভাব, পাপবৃত্তি উচ্চের ভিতরে সংক্রামিত হইলে, উচ্চ বা শিক্ষকবীজ পাছে একেবারে ক্ষয় প্রাপ্ত হয়—এই জন্য ভোগের সময়ে বা প্রবৃত্তিমার্গে এত পার্থক্য বুঝিতে হইবে জীবিকার পরিবর্ত্তনে ও নীচের আসঙ্গে উচ্চতা যে কত শীঘ্র ক্ষয় হয়, এবং সমাজের উচ্চতার সহিত পরমার্থচিন্তা একেবারে কিরূপ বিনষ্ট হয়, তাহা বর্ত্তমানযুগে প্রত্যক্ষ ভাবে সকলের চক্ষেই প্রতীয়মান হইতেছে, অধিক বলা বাহুল্য মাত্র।

হে মহারাজ! শাস্ত্রকর্ত্তা ব্রহ্মাদি হইতে ঋষিগণ, মানবসমাজের এইরূপ জীবিকা ধর্ম্ম অনুষ্ঠান করিতে কেন বিধান করিয়াছেন তাহা শ্রবণ কর। - মানবগণ যুগে যুগে মনের ও চৈতন্যের উন্নতি এবং অবনতিক্রমে যেরূপ স্বভাব প্রাপ্ত হয়,সেই সত্ত্ব,রজো ও তমোগুণাক্রান্ত স্বভাব পর্য্যালোচনা করিয়াই বেদবেত্তা স্মৃতিকারগণ, স্বভাবের অনুসারী জীবিকা নির্দ্ধারণ করিয়া দিয়াছেন। এই স্বভাবানুসারে বিহিত জীবিকা ধর্ম্ম প্রতিপালন করিলেই মানবে কি ইহলোক, কি পরলোক, সকল লোকেই সুখী হইতে পারিবে; কারণ এই যে প্রবৃত্তিধর্ম্ম ইহা জীবনের কল্যাণকারী হইতেছে। ৭। ১১। ২৯

হে মহারাজ! এই যে প্রবৃত্তিধর্ম্ম, ইহাতে বাসনার চরিতার্থতা থাকাতে, কেবল এসন্দেহ যেন না করেন, যে ইহাতে বন্ধই ঘটে; মুক্তিসুখ কিরূপে লাভ হইবে? (যেমন শৈশব আপনি অতিক্রান্ত হইলে, আপনিই যৌবন আগমন করে ও তখন তদুপযুক্ত স্ফূর্ত্তি আপনিই হয়।) সেইরূপ বংশ পরম্পরাক্রমে সত্ত্বাদি স্বভাববান্ জীব অর্থাৎ ব্রাহ্মণাদি মানবে আপনাপন স্বভাবের অনুসারী হইয়া,জীবিকাধর্ম্ম প্রতিপালন করিলে, ক্রমে তমো ও রজোগুণভাব প্রাপ্ত হয়,রজো সত্ত্বস্বভাব প্রাপ্ত হয়; সত্ত্ব ক্রমে বিশুদ্ধ হইলে

একেবারে সকল অদৃষ্ট হইতে অতীত হওয়া যায় ; অতএব মানব ক্রমে নির্গুণসুখ বা মুক্তিসুখ সত্ত্ব বিশুদ্ধিতে লাভ করিয়া থাকে। ৭।১১।৩০

হে মহারাজ! কামনা ও ভোগ ইচ্ছানুসারে ও স্বভাবানুসারে মানবে প্রবৃত্তিমার্গে থাকিয়া অনুষ্ঠান করিলে, অন্তে বৃদ্ধি ভিন্ন ক্ষয় কিরূপে হইবে, এসন্দেহ করিবেন না ;—যেমন অতিমাত্র উর্ব্বরা ভূমিতে নিত্য নিত্য বীজ বপন করিলে ক্রমে সেই ক্ষেত্রের উর্ব্বরতা ক্ষয় হয় ; উর্ব্বরতা ক্ষয় হইলে আর তাহাতে বীজক্ষেপেও অঙ্কুর হয়না। যেমন অগ্নিতে বিন্দু বিন্দু ঘৃত দিলে অগ্নির বৃদ্ধি হয়, কিন্তু অধিক ঘৃত দিলে অগ্নিই নির্ব্বাপিত হয়, সেইরূপ মানবের চিরবাসনাময় ও চিত্তকে ক্রমে কামানহীন করিবার জন্য অতিকামভোগ হেতু শৃংখলাবদ্ধ নিয়মে বেদবিদেরা এই ভোগাবস্থা বা গার্হস্থ্য আশ্রমে জীবিকা ধর্ম্ম উপদেশ দিয়াছেন ; নিয়মিত স্বধর্ম্ম ভোগ করিতে করিতে—অন্তে ভোগের ক্ষয়ে আপনিই নির্ব্বাণ আসিবে। ৭।১১।৩১

হে ধর্ম্মরাজ! শাস্ত্রকর্ত্তারা, ব্রাহ্মণ ক্ষত্রিয়াদি চারিশ্রেণীর যে সকল শমাদি লক্ষণের কথা নির্দ্দেশ করিয়াছেন ; সেই সেই লক্ষণ অর্থাৎ ব্রাহ্মণের লক্ষণ যদি চণ্ডালেও দেখা যায়, তাহা হইলে তাহাকে ব্রাহ্মণের জীবিকাধর্ম্মে দীক্ষিত করা উচিত। ধর্ম্মানুসারে ও লক্ষণানুসারে জাতির উন্নতি বা অবনতির নির্দ্দেশ, জাতি অনুসারে নহে। ৭।১১।৩২

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে একাদশাধ্যায়ে
উপেন্দ্রকৃতনুবাদ সমাপ্ত।

—০০—

ব্যাখ্যা। এই বর্ণধর্ম্ম কথায় মানবজীবনের উন্নতি অবনতি বুঝান হইল মাত্র ; যে মানব যত উন্নত, সে ততই সম্মানিত ও পরমার্থের দিকে ধাবিত এবং অবিলম্বে মুক্তির পাত্র। ইহাতে নীচবর্ণের ধন ও অর্থকরী বিদ্যার সম্মান বুঝান হইল না, কেবল লক্ষণের সম্মান, অর্থাৎ মুক্তি পথের অগ্রসর হইবার সম্মান। যেমন বিদ্যালয়ের বালকেরা নিম্নশ্রেণী হইতে উচ্চ শ্রেণীতে যায়, সেইরূপ গৃহস্থ আশ্রমে পরমার্থের উপযুক্ত হইবার জন্য, ইহজীবনে যে বংশে জন্মাইবে সেই বংশীয় আচার ও ব্যবহার প্রথমে অবলম্বন করিবে। কিন্তু পূর্ব্বে জন্মের সুকৃতিবলে বা এই জন্মের একাগ্রতা বলে, ক্ষত্রিয় হইতে চণ্ডালেও যদি ব্রাহ্মণের লক্ষণ প্রকাশ পায়, বৈশ্য হইতে নিম্নে যদি ক্ষত্রিয়ের ধর্ম্ম প্রকাশ পায়, যে কোন নিম্ন শ্রেণীতে উচ্চ লক্ষণ দেখা যাইবে, তাহাকে সেই উচ্চ শ্রেণীর মধ্যে গণ্য করিয়া তদ্গুণযুক্ত সম্মান দেওয়া হইবে। যেমন

গুহকচণ্ডাল, বিদুর প্রভৃতি বহু বহু ঋষি ও সাধুগণ নীচ হইতে এক জন্মেই উচ্চ সম্মান পাইয়াছেন। ইহাতে বিশেষ বলা হইল যে সত্ত্বাদিগুণের লক্ষণানুসারে শ্রেণী বিভাগ করা হইয়াছে। জাতি বিশেষে শ্রেণী আবদ্ধ নহে। তাহা হইলে ইহ ও পরকালের উন্নতি অনিশ্চিত থাকে। এই অধ্যায়ে বর্ণধর্ম্মের উপকারিতা দেখাইয়া, শ্রীব্যাস নারদোউক্তিতে পরাধ্যায়ে আশ্রম ধর্ম্ম বর্ণনা করিতেছেন।

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে একাদশাধ্যায়ে
উপেন্দ্রকৃতাধ্যায়ব্যাখ্যা সমাপ্ত।

অথ দ্বাদশ অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া শ্রীশুকদেব রাজা পরীক্ষিৎকে কহিলেন ঃ—হে মহারাজ! দেবর্ষি নারদ ধর্ম্মরাজকে সম্বোধন করিয়া আশ্রমধর্ম্ম যে রূপে বলিয়াছিলেন, তাহা শ্রবণ করুণ।—

শ্রীনারদ কহিলেন ঃ—

হে ধর্ম্মরাজ! ব্রহ্মচর্য্য, বানপ্রস্থ, গার্হস্থ্য ও সন্ন্যাস এই চারি আশ্রমেই মানবগণ বাস করেন; তন্মধ্যে মানবগণ ব্রহ্মচর্য্য অবস্থায় থাকিয়া কিভাবে আত্মকল্যাণ সাধন করেন তাহা শ্রবণ কর ঃ—

মানবগণের মধ্যে উন্নত ব্যক্তিগণে প্রথমে ব্রহ্মচর্য্য আশ্রম গ্রহণ করিবে, সেই অবস্থায় গুরুকুলে বাস করিতে হইবে। বাহ্যেন্দ্রিয়কে একেবারে দমন করিতে হইবে। সর্ব্বদা গুরুহিতচিন্তা করিতে হইবে; ভৃত্যের ন্যায় গুরুর আজ্ঞাবাহী হইতে হইবে, গুরুর সহিত অকপট সৌহার্দ্দ্য স্থাপন করিতে হইবে। ৭।১২।১

ব্যাখ্যা। পূর্ব্বে জীবিকাধর্ম্ম অবলম্বন করিয়া ক্রমে কি উপায়ে মুক্ত হওয়া

যায়, ইহাই গার্হস্থ্যাশ্রমের অনুগত বিধি বলা হইয়াছে। কিন্তু ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য এবং অপরাপর নিম্নশ্রেণী; যাঁহাদের স্বভাবে ব্রাহ্মণাদির লক্ষণ প্রকাশ পাইবে; তাঁহারা সকলেই উন্নত অর্থাৎ পরমার্থের উপযোগী বলিয়া গণ্য। এই পরমার্থ উপযোগী মানবগণের মধ্যেও প্রবৃত্তির ভেদ দেখা যায়। উঁহাদের মধ্যে উন্নত হইলেও কাহারো ভোগেচ্ছা থাকে, কাহারো থাকেনা। উন্নত হইলে পরমার্থ শিক্ষার অধিকারী হওয়া যায়। পরমার্থ শিক্ষার অধিকারী হইলে সেই সকলকে প্রথমশিক্ষার জন্য ব্রহ্মচর্য্য অবলম্বন করিতে হয়। ব্রহ্মচর্য্যাশ্রমে শিক্ষিত হইয়াই যাঁহার ব্রহ্মে অনুরাগ এবং ভোগে বিরাগ জন্মে, তিনি বানপ্রস্থাশ্রমী হয়েন; যাঁহাদের বিশুদ্ধভাবে পুনরায় ভোগে স্পৃহা প্রকাশ হয় তাঁহারা গৃহস্থ আশ্রম অবলম্বন করিয়া প্রবৃত্তি ধর্ম্ম প্রতিপালন করেন। ঐ ভোগান্তে বৈরাগী হইয়া যাঁহারা ব্রহ্মপথে গমন করেন, তাঁহারাই চতুর্থ অর্থাৎ সন্ন্যাসাশ্রম অবলম্বন করেন। এই পরমার্থ উপযোগী চারিটী আশ্রমের উপযোগী হইবার জন্য প্রথমে ব্রহ্মচর্য্য অবলম্বন করিতে হয়। গুরুকুলে বাস করিয়া পরমার্থ ও সদাচার শিক্ষায় মনকে গঠন করার নাম ব্রহ্মচর্য্য। যিনি সাধনবলে অধ্যাত্মতত্ত্বময় এমন ভাবে হইয়াছেন যে, শিষ্যের মন উন্নতিপথে প্রধাবিত করাইতে পারেন, তিনিই গুরু নামে শাস্ত্রে অভিহিত হয়েন। সেই রূপ গুরুগৃহে উন্নত লক্ষণধারী মানব মাত্রেই বাস করিয়া শিক্ষা করিবেন, ইহাই বিধি হইতেছে। এইরূপ অবস্থায় কিরূপ শিক্ষা ও আচার অবলম্বন করিতে হয়, তাহাই প্রথম শ্লোক হইতে বলা হইতেছে। বাহ্যেন্দ্রিয়ের দমন না করিলে, মনের বিশুদ্ধি ঘটে না, এই জন্য বাহ্যেন্দ্রিয় দমন করা চাই; গুরুর স্নেহাকর্ষণের জন্য তাঁহার অনুগত, আহারাদি সাহায্য, হিতচেষ্টা করা চাই, নচেৎ গুরুর অন্নচেষ্টা থাকিলে নিশ্চিন্ত হইয়া শিক্ষাদেওনের ব্যাঘাত জন্মে। যেমন বৈদ্যের নিকটে অকপট ভাবে রোগের লক্ষণ না প্রকাশ করিলে উপযুক্ত ঔষধ লাভ হয় না, তদ্রূপ গুরুকে অকপট বিশ্বাস ও শ্রদ্ধা এবং সৌহার্দ্দ অর্থাৎ দুঃখ প্রকাশের আশ্রয় রূপে ভাবনা প্রভৃতি না করিলে আত্মকল্যাণার্থ তদুপযুক্ত শিক্ষা লাভ হয় না।

ব্রহ্মচারীব্যক্তি, গুরুকুলে থাকিয়া, প্রাতঃ ও সায়ংকালে ঃ—গুরু, অগ্নি, সূর্য্য ও দেবতাগণের উপাসনা করিবে; প্রাতঃ, সায়ং ও মধ্যাহ্ন সন্ধ্যাত্রয়ে পরমপবিত্রকারিণী গায়ত্রী জপ করিবে। বিশেষতঃ প্রাতঃ ও সায়ংসন্ধ্যাকালে মৌনভাব অবলম্বন করিয়া ব্রহ্মচিন্তা করিবে। ৭।১২।২

সংসারে কোন দুর্জ্জন দেখিয়া তাহাকে নিন্দাও করি না,কাহাকে সৎও সাধু দেখিয়া প্রশংসাও করিনা। সমান ভাবে সকলেরই কল্যাণ ইচ্ছা করিয়া থাকি। আর পরম ব্রহ্মের সহিত আপনাত্মার মিলন যাহাতে ঘটাইতে পারি, এই একমাত্র কামনা অন্তরে করিয়া থাকি। ৭। ১৩। ৩৮

হে দৈত্যেশ্বর! যে উপায় অবলম্বন করিলে এই আমার ন্যায় নিরপেক্ষ ভাব উপস্থিত হয়, তাহা শ্রবণ করুন। মানবহৃদয়ে যে সকল বিকল্প আছে,সেই সকলকে হিতাহিত চিন্তাস্থলরূপী চিত্তে আহুতি করিতে হইবে। যে মন ভোগকালে বিষয়ে চিরকাল ভ্রান্ত হইয়া থাকে, সেই মনের সহিত ঐ বিকল্পবুদ্ধিকে সংযুক্ত করিবে। এইরূপ কর্ম্মময় মনকে সাত্ত্বিক অহংকারে আহুতি দিতে হইবে। তবে সত্ত্বাগ্নি প্রজ্জ্বলিত হইলে, মানবের হৃদয় হইতে বিষয়ভাবোৎপাদনকারিণী মায়াশক্তিতে তাহা অর্পন করিবে। ৭। ১৩। ৩৯

মুনিব্যক্তি তখন সত্যরূপী ব্রহ্মদর্শী হইয়া, সেই মায়া অর্থাৎ অহংজ্ঞানকে আত্মানুভব সাধনে আহুতি প্রদান করিবে। এই অবস্থায় মানবের মায়া দগ্ধ হইলে সকল বাসনা ক্ষয় হইয়া যায়; তখন মানব বিষয়চিন্তা ভুলিয়া কেবল অস্থাস্বভবে স্থির হইয়া থাকে। ৭। ১৩। ৪০

হে দৈত্যেশ্বর! তুমি প্রধান ভগবদ্ভক্ত, এইজন্য অধিকারী বুঝিয়া আমাদের ন্যায় অবস্থাপন্ন জীবের আত্মবৃত্তান্ত ও সাধনবৃত্তান্ত গুপ্ত হইলেও প্রকাশ করিলাম। যাঁহারা ইহলোকে কাম্যশাস্ত্রের সম্মান করিয়া বাহ্যসুখের প্রতি দৃষ্টি রক্ষা করেন; তাঁহারা আমার এই অবস্থাকে ঘৃণা করিতে পারিবেন, কিন্তু তত্ত্বদৃষ্টিতে আমি ঘৃণিত নহি।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া শ্রীনারদ রাজা যুধিষ্ঠিরকে সম্বোধন করিয়া কহিলেন:— হে মহারাজ! সেই অসুরেশ্বর সর্ব্বজ্ঞ প্রহ্লাদ অজগর ভাবাপন্ন মুনির মুখে এইরূপে পরমহংসধর্ম্ম শ্রবণ করিয়া পরমপ্রীত হইলেন, এবং তাঁহাকে পূজা ও অভিবাদন করিয়া আপন রাজধানীতে প্রত্যাগমন করিলেন। ৭। ১৩। ৪১

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে ত্রয়োদশ অধ্যায়ে-
উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। এই অধ্যায়ের বিষয় অনুবাদ স্থলে অত্যন্ত বিশদ আছে, তজ্জন্য ব্যাখ্যা উপযুক্ত বোধ হইল না। কেবল সন্ন্যাসাশ্রমের উন্নতিতে জীব কতদূর নিস্পৃহ হয়,

তাহাই এই প্রহ্লাদ ও পরমহংস সম্বাদে প্রকাশ করা হইল। অর্থাৎ সিদ্ধ ব্যক্তি সমদর্শী ও অনাসক্ত কিরূপে হয় তাহা উপাখ্যান প্রমাণীকৃত হইল। পরাধ্যায়ে গার্হস্থ্যধর্ম্ম কথা বর্ণিত হইবে।

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে ত্রয়োদশাধ্যায়ে।
উপেন্দ্রকৃতাধ্যায় ব্যাখ্যা সমাপ্ত।

অথ চতুর্দ্দশ অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া শ্রীশুকদেব রাজা যুধিষ্ঠিরকে কহিলেন ;—হে মহারাজ! ধর্ম্মরাজ যুধিষ্ঠির শ্রীনারদের মুখে সন্ন্যাসাশ্রমের মাহাত্ম্য শ্রবণ করিয়া পরম আগ্রহের সহিত তাঁহাকে জিজ্ঞাসা করিলেনঃ—

হে ঋষে! আপনি যে সর্ব্বোৎকৃষ্ট পরমহংস পদবীর উপাখ্যান কহিলেন, ইহা অতি পুণ্য ও পবিত্র। আমরা গার্হস্থ্যধর্ম্মে থাকিয়া বুদ্ধিকে একান্ত বিষয়ে মুগ্ধ করিয়াছি; আমাদের ন্যায় লোকের কোন্ উপায় অবলম্বন করিলে ত্বরায় ঐ পদবী লাভ হয়, অনুগ্রহ করিয়া একণে তাহা বলুন। ৭। ১৪। ১

রাজা যুধিষ্ঠিরের প্রিয় ও যুক্তিযুক্ত প্রশ্নে শ্রীনারদ সন্তুষ্ট হইয়া কহিলেনঃ— হে ধর্ম্মরাজ! মানবে গার্হস্থ্যধর্ম্মাবলম্বন করিয়া, মুনিগণের উপদেশানুসারে যথোচিত ব্রতযজ্ঞ ও উপাসনাদি কার্য্য এমন ভাবে অনুষ্ঠান করিবে, যেন তাহাতে সকল কর্ম্মই ভগবান বাসুদেবে অর্পিত হয়। সর্ব্বদা তাহারা যেন মহা মহা মুনি বা সাধুগণের সহবাসে থাকিতে চেষ্টা করিবে। সর্ব্বদা ভগবানের অবতারলীলাযুক্ত কথা, পুণ্যাহে বা পুণ্য মাহায় পবিত্রজনগণে আবৃত হইয়া শ্রদ্ধাসহকারে শ্রবণ করিবে। ৭। ১৪। ২

পুরুষ যেমন স্বপ্ন হইতে জাগরিত হইলে, স্বপ্নাবস্থাকে মিথ্যা বলিয়া বুঝিতে পারে; তদ্রূপ ভগবৎকথায় ও সাধুসঙ্গে থাকিতে থাকিতে গৃহস্থের ঃ—দেহ, পত্নী ও পুত্রকন্যাদি জনিত ঘোর আসক্তি ক্ষয় হইয়া যাইবে। ক্রমে মুক্ত হইয়া পরমহংস পদবী তাহারা লাভ করিতে পারিবে। ৭। ১৪। ৩

ব্যাখ্যা। এই অধ্যায়ে গার্হস্থ্য আশ্রমে থাকিয়া কি উপায়ে বিষয় ভোগ করিতে করিতে মুক্ত হওয়া যায়, তাহাই বর্ণিত হইয়াছে, পূর্ব্বে ব্রহ্মচর্য্য, বানপ্রস্থ ও সন্ন্যাস

হইতে মুক্তি কি উপায়ে লাভ হয়, তাহা বর্ণিত হইয়াছে, এক্ষণে গার্হস্থ্য হইতে কি উপায়ে মুক্তি হয় তাহা বর্ণিত হইতেছে। ব্রহ্মচর্য্যের সাধন, বাণপ্রস্থের সাধন এবং সন্ন্যাসের সাধন বলা হইয়াছে। ঐ সাধন বলে ঐসকল আশ্রমী যে উপায়ে অনাশক্তি লাভ করিতে পারে; তাহা পূর্ব্বে বলা হইয়াছে। গার্হস্থ্যগণ যে উপায়ে যে সাধন বলে, অনাশক্তি লাভ করিতে পারে এক্ষণে তাহাই বলা হইতেছে। গার্হস্থ্যব্যক্তি বলিতে এস্থলে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্র এই চারি শ্রেণীর মানব বুঝিতে হইবে। স্ত্রীগ্রহণ করিয়া গৃহে বাস করিলেই গার্হস্থ্য হওয়া যায় না। ঐ চারি শ্রেণীর উন্নতমনা মানবগণ দীক্ষা ও ভজনপূজনে অধিকৃত হইয়া, স্ত্রীগ্রহণ পূর্ব্বক বিষয়ভোগ আরম্ভ করিলে, সেই ভোগাবস্থাকে গৃহস্থ ভাব কহে। দীক্ষাদি সলক্ষণ ব্যতীত চণ্ডালাদি বা অন্ত্যজ জাতিকে গৃহাশ্রমী কহে না। কারণ মনের উন্নতিই শাস্ত্রকারগণের প্রধান উদ্দেশ্য। উন্নতমনাগণের মধ্যেই আশক্তির তারতম্যে এই চারি আশ্রম বা অনুষ্ঠ ভোগস্থল ঋষিগণ স্থির করিয়া দিয়াছেন। এইস্থানে থাকিয়া পূর্ব্ব পূর্ব্ব আশ্রমীগণের ন্যায় যাহাতে মানবে বিষয়ে ও ভোগে অনাশক্ত হইতে পারে, মনকে ইন্দ্রিয়গণের সহিত নিষ্কাম করিতে পারে; সেই সকল নিয়মের মধ্যে শ্রীনারদ কহিলেন ঃ—আহারে, শয়নে, বসনে, ভূষণে, স্নানে, যজ্ঞে, ব্রতে, বিবাহাদি সংস্কারে; যখন যাহা অনুষ্ঠিত হইবে, সেই সকল সময়ে, সেই সকল অবস্থাতেই ঐ সকল অনুষ্ঠান, গৃহীকে বাসুদেবে অর্পণ করিতে হইবে। নিষ্কাম অর্থাৎ স্বর্গাদি ফল কামনা বা কোন কার্য্য করিয়া আমি করিলাম, আমার চেষ্টায় হইল, এরূপ অভিমান ত্যাগ করিয়া, সমস্তই ভগবানের কৃপায় লাভ হইয়াছে, শুভাশুভের কর্ত্তাই তিনি, সকল কার্য্যই তাঁহার জন্ত অনুষ্ঠিত হইতেছে, আমি অতি দীন, হীন ও কর্ত্তৃত্ববিহীন এই ভাবে সৎকার্য্যপর হওয়ার নামই নিষ্কাম ভাবের অনুষ্ঠান বা বাসুদেবে কর্ম্ম সমর্পণ হইতেছে। এইভাবে কার্য্য ও সাধুগণের সঙ্গ এবং ভগবত্তত্ত্বালোচনা করিতে করিতে, সংসারী মন নিষ্কামী হইয়া থাকে। মন নিষ্কামী হইলে আপনিই জ্ঞান প্রকাশ হয়। জ্ঞান প্রকাশে একেবারে গৃহী বিষয়ে বিরক্ত হইয়া সন্ন্যাসীর ন্যায় মুক্তিপদ লাভ করিয়া থাকে। যখন জ্ঞান প্রকাশ হয়, তখন সংসারভোগ অনিত্য, কেবল ভগবৎপরতাই নিত্য, ইহাই স্বপ্নোত্থিতের ন্যায় বোধ হয়। এইরূপে ইহার কর্ত্তব্য ও সাধন প্রণালী নির্দ্দেশ করিয়া কিরূপে ভোগ ও উপাসনাদি অনুষ্ঠান করিতে হইবে, তাহা পরে উপদেশ দেওয়া হইতেছে।

"হে মহারাজ! এইরূপ সন্দেহ যেন না হয় যে, সংসারে সকলেই মায়াবী, মায়াবী

ত্তবের সঙ্গে বহুক্ষণ থাকিয়া সামান্যক্ষণ সাধুসঙ্গ করিলে, ভোগস্পৃহা কি উপায়ে ক্ষয় হইবে ?)।

কেহ ভরণ, আত্মীয় প্রতিপালন ও দানধর্ম্মাদি কর্ম্ম করিতে যে পরিমাণে অর্থের প্রয়োজন, গৃহীব্যক্তি তাহাই অর্জ্জনে চেষ্টা রাখিবে। সেই অর্জ্জনকালে সংসারে বিষয়ী ব্যক্তির সহবাস হইবে, তখন সাধুগৃহী অন্তরে উদাসীন এবং বাহিরে অনুরাগী হইয়া সংসারে মানব জন্মের কর্ত্তব্য সাধন করিবে। ৭। ১৪। ৪।

ব্যাখ্যা। বাহ্যে অনুরাগী ও অন্তরে বিরক্ত না হইলে ভোগ ও অপবর্গ উভয়ই একত্রে লাভ হয় না। ধনসঞ্চয় বা অর্জ্জন করিবার কালে অনুরাগী হইয়া তাহাতে মনোনিবেশ করিতে হয়; সেই ধন রক্ষার্থে চেষ্টাও রাখিবে কিন্তু যদি কোন উপায়ে সেই ধন অপহৃত হয়, তজ্জন্য উন্মত্ত বা অন্তরে কষ্ট অনুভব করিবে না। পুত্রাদি ভরণ পোষণ করিবে, কিন্তু মৃত হইলে মহা শোকাভিভূত হইবে না। গৃহাদিতে অগ্নি ধরিলে নির্ব্বাপিত করিবার চেষ্টা করিবে, যদি দগ্ধ হয়, রক্ষা না হয়, তজ্জন্য হা হুতাশ করিয়া উন্মত্ত হইবে না। এই সকল ভাবকে বাহ্যে আশক্তি বা অনুরাগ কহে এবং অন্তরে বিরক্তি কহে। এই ভাবে ভোগ করিতে করিতে পূর্ব্বোক্ত সাধুসঙ্গাদি ও ভগবতত্ত্বালোচনা করিলে ক্রমে মুক্ত হওয়া যায়। ইহাই মনুষ্য জন্মের পক্ষে প্রধান ও মুখ্য ব্যবস্থা। ব্রহ্মচর্য্যাদিকে মানবের পক্ষে গৌণ ব্যবস্থা বলা যায়, কারণ প্রজাজনন ও বিষয়ভোগ উহাতে হয় না। এই গার্হস্থ্যাশ্রমে ভোগের সহিত অপবর্গ লাভই প্রধান ও মুখ্য উপায় বলিয়া শাস্ত্রকারগণ বর্ণনা করিয়াছেন। এই অবস্থাটী কোন উপায় অবলম্বন করিলে মানবে লাভ করিতে পারে, তাহাই পরে বর্ণিত হইতেছে।

হে ধর্ম্মরাজ! জ্ঞাতি, পিতা, মাতা, পুত্র, ভ্রাতা, বন্ধু ও অপর পরিজনেরা যাহা করে, যাহা বলে, সে সকল বিষয়ে পণ্ডিত গৃহীব্যক্তি একান্ত আগ্রহ বা চেষ্টা করিবে না, অথচ তাহাদের কার্য্য হইতে অন্তরে থাকিবে না। নির্ম্মম হইয়া অর্থাৎ অন্তরে বিরক্ত ভাবে তাহাদের সহিত আনন্দে আনন্দ, দুঃখে দুঃখ প্রকাশ করিবে। ৭। ১৪। ৫

(হে ধর্ম্মরাজ! লব্ধ অর্থের উপরে সকলেরই আশক্তি হয়, তাহা দ্বারা স্বজন প্রতিপালন ও দান ব্রতাদি কর্ম্ম করিয়া তাহাকে ক্ষয় করিতে সহজে ইচ্ছা হয় না। অর্জ্জন কালে নিম্নকথিত ভাব মনে রাখিলে অর্থে আশক্তি হয় না।)

গৃহী ব্যক্তি ধান্যাদি স্বর্ণাদি বা অকস্মাৎ লব্ধ যে কোন অর্থাদি লাভই করুক না

সমস্তই সেই ভগবানের কৃপায় লাভ হইল ইহা তত্ত্ববিচারে স্থির করিবে। অর্থাৎ ধান্যা-দির বীজ ও বৃষ্টি প্রভৃতির ক্ষমতায় উহাদের বৃদ্ধি ইত্যাদি সমস্তই দৈবসাপেক্ষ। তবে আর নিজের কিরূপে বলা যায়। স্বর্ণাদি ধাতু ভূগর্ভে ঈশ্বরের অলৌকিক নিয়মে প্রস্তুত হইয়াছে, উহাদের নিজের কিরূপে বলা যায়; অকস্মাৎ কোন লাভও দৈব হইতে ঘটিয়া থাকে, উহাতেও অভিমান উচিত নহে। এইভাবে চিত্তের উপরে বুদ্ধি স্থাপন করিলে, তাহাতে আসক্তি হয় না, তাহার রক্ষা কেবল তাহার সদ্ব্যয়ের জন্যই হইয়া থাকে। বুদ্ধিমান্ গৃহী এইভাবে ধনরক্ষা ও ভোগ করিতে করিতে নিরভিমানী হইয়া সাধুসঙ্গ ও সাধুকর্ম্মসমূহ আচরণ করিবে। ৭। ১৪। ৬

হে মহারাজ। পূর্ব্ব তত্ত্বালোচনায় সমস্ত অর্থই যদি ভগবানের হইল, তবে গৃহী অর্জ্জন করিয়া সদ্ব্যয় করিবে, এই জন্যই অর্থ তাহার নিকটে ঈশ্বর রাখিয়াছেন, ইহা বুঝিতে হইবে।) এরূপ অর্থে গৃহীর পক্ষে কেবল নিজের ভরণপোষণ মাত্রই অধি-কার থাকে। নিজ ভরণপোষণের অতীত যাহা থাকিবে, তাহাকে সদ্ব্যয় না করিয়া, গোপন ভাবে রাখিলে, ঈশ্বরের নিকটে সে ব্যক্তি চোর বলিয়া গণ্য হয় এবং পর-কালে আসক্তিজন্য মনোমালিন্য হেতু সে গৃহী দণ্ড পাইয়া থাকে। ৭। ১৪। ৭

হে মহারাজ! গৃহীব্যক্তি আত্মীয় ও স্বজনকে যেমন অর্থে প্রতিপালন করিবে, তদ্রূপ মৃগ, গর্দ্দভ, উষ্ট্র, বানর, মূষিক, সরীসৃপ, পক্ষী ও মক্ষিকাদি গৃহপালিত প্রাণী-গণকে, নিজের পুত্রের ন্যায় করুণভাবে দেখিবে; কারণ উহারাও গৃহীর গৃহ বা ক্ষেত্রে আহার্য্য বা শস্যাদি আহার করে। তজ্জন্য তাহাদের পীড়ন করা অনুচিত হয়। (কারণ সমস্ত অর্থ ও ধান্যাদি যখন দৈবলব্ধ হইল, তখন ঐ সকল প্রাণীরও তাহাতে অধিকার আছে।) ৭। ১৪। ৮

হে মহারাজ। দেশ ও কালানুসারে যে সকল উপায়ে সহজে ধর্ম্ম, অর্থ ও কাম ভোগ হয়; দৈবই যেন ঐ ত্রিবর্গ ভোগ সংসারীর সম্মুখে উপস্থিত করিয়া দেয়, তাহাই গৃহীব্যক্তি ভাবনা করিবে। (অর্থাৎ কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি ব্রতানুষ্ঠানে গৃহী ধর্ম্মার্জ্জনে সক্ষম হইবে না; তজ্জন্য পূজনাদি সহজ উপায়ে ধর্ম্মার্জ্জন করিবে। শ্রাদ্ধাদি ও পূজাদি যে সময়ে যে স্থানে হওয়া মুনিগণ শাস্ত্রে বিহিত করিয়াছেন, সেই নিয়মে আচরণ করিবে। জীবিকা নির্ব্বাহাদিও শাস্ত্রবিহিত ও বর্ণাশ্রম বিহিত নিয়মে নির্ব্বাহ করিবে। পুণ্য কামনাদির এবং দান যজ্ঞাদি ও আপনার শক্তি অনুসারে শাস্ত্রবিহিত দেশ কালানুসারে করিবে। এই যে ত্রিবর্গ ভোগ নিজের চেষ্টায় করিতেছি ইহা ভাবিলে পাছে ভোগে অভিমান জন্মায়, এইজন্য দৈবলব্ধ ভাবিয়া; ভোগ কালেও ঈশ্বর-পর থাকিবে।) ৭। ১৪। ৯

হে মহারাজ! কুক্কুরাদি গৃহপালিত নীচ প্রাণী, পতিত ও পাপরোগ পীড়িত

এবং চণ্ডালাদি নীচজাতিকে আপনার সাধ্যানুসারে অন্নাদি দান করিয়া তাহাদের সন্তুষ্ট করিবে। সর্ব্বদা অতিথি সৎকারে একান্ত আগ্রহ প্রকাশ করিবে। এমন কি, আপনার আত্মা সদৃশ অতি যত্নের বস্তু পত্নীকর্ত্তৃক নিজের সেবা ত্যাগ করিয়াও, তদ্বারা সেই অতিথিগণের সেবা করিতে কুণ্ঠিত হইবে না। ৭।১৪।১০

হে মহারাজ! যে রমণীর জন্য পুরুষ জীবে আপনার প্রাণ দান করিতে পারে। জন্মদাতা পিতাকে কিম্বা ইষ্টদেবতা গুরুকেও বধ করিতে পারে।। সেই পরম আদরের ও মোহের চরমবস্তু, যাহা সহজে কেহ কাহারো সম্মুখে প্রকাশ করিতে পারে না, যে ব্যক্তি সেই নারীকে উন্নতমনা করিয়া এবং আপনি নিস্পৃহ ও সংশয়হীন হইয়া অতিথী সেবায় নিযুক্ত করিতে পারে, তাহাকর্ত্তৃক অজিত পুরুষ ভগবান শীঘ্রই জিত হইয়া থাকেন। ৭।১৪।১১

হে রাজন্। (মানবের পক্ষে ভার্য্যারতি ও ভার্য্যার সেবা গ্রহণ এবং তদীয় সঙ্গলিপ্সা ত্যাগ করা অতিশয় কঠিন। এইরূপ তত্ত্ববিচার করিতে করিতে রমণীস্পৃহা গৃহীর পক্ষে ক্ষয় হইয়া থাকে।) কি রমণীর, কি পুরুষের এই যে পঞ্চভূতাত্মক কলেবর; যাহার দর্শনে ও স্পর্শনে পরস্পরের এত মোহ জন্মায়, অন্তে তাহাই হয় কৃমিতে, নাহয় হিংস্রজন্তুর আহার্য্য হইয়া বিষ্ঠায়, না হয় ভস্মে পরিণত হইয়া থাকে। সেই তুচ্ছ কলেবরে অভিমান করা বৃথা; সেই তুচ্ছ কলেবরের মোহে ভার্য্যারতিও মিথ্যা! এই যে আত্মা যাঁহার সত্তায় দেহের এত গৌরব, জীবিত কালে যিনি কলেবরের আত্মাকাশে আত্মজ্যোতি প্রকাশ করিয়া বিরাজ করিতেছেন, অন্তে তিনিই বা কোথায় থাকিবেন।। (অতএব দেহের পরিণামে যখন কোন কল্যাণ নাই, তখন দেহের অভিমানে ধর্ম্মার্থ কাম ভোগ না করিয়া মনের ও চিত্তের উন্নতি বিধান করা সর্ব্বতোভাবে কর্ত্তব্য।) ।৭।১৪।১২

হে রাজন্! পণ্ডিতগণে গৃহীর পক্ষে যে পঞ্চযজ্ঞ বিহিত করিয়াছেন; সেই পঞ্চযজ্ঞের অবশিষ্ট অর্থ লইয়া যে গৃহী পরিজনের সহিত আত্ম পরিপালনে সক্ষম হয়, সেই শেষগ্রাহী ও সম্পূর্ণ স্বত্বত্যাগী প্রাজ্ঞ গৃহীর আশক্তি ক্ষয় হয়; এবং সে ব্যক্তি অন্তে নিবৃত্তি মার্গের মহামুক্তি পদবী লাভ করিতে পারে। ৭।১৪।১৩

ঋষিগণ ... আধ্যাত্মিক ও মানসিক উন্নতির জন্য ছয়টী মহাযজ্ঞের অর্থাৎ অনুষ্ঠানের বিধি শাস্ত্রে বিহিত করিয়াছেন। ব্রহ্ম যজ্ঞ একটী। চারটী পাকযজ্ঞ। একটী ... সন্ধ্যাবন্দনাদি, জপতপাদিকে ব্রহ্মযজ্ঞ কহে। সমস্ত দেবতার উদ্দেশে

হোম; ভূতোদ্দেশে উপহার দান; নিত্য শ্রাদ্ধ ও অতিথি সৎকরণ এই চারিটীই পাকযজ্ঞ অর্থাৎ অন্নাদি উপকরণ সাহায্যে ঘটিয়া থাকে। দর্শ, পৌর্ণমাস্যাদি নৈমিত্তিক ব্রতযজ্ঞাদির নাম বিধি যজ্ঞ। ব্রহ্মযজ্ঞে অর্থের প্রয়োজন নাই। এই পঞ্চ মহাযজ্ঞের জন্য অর্থের প্রয়োজন। গৃহী ব্যক্তি যথাসাধ্য উপার্জন করিয়া অর্জিত অর্থে প্রথমে প্রধানতঃ চারিটী পাকযজ্ঞ সম্পাদন করিবে এবং সময় সময়ে বিধিযজ্ঞ সম্পাদন করিয়া, অবশিষ্ট যাহা রাখিতে পারিবে, তাহাতেই জীবিকা নির্ব্বাহ করিবে। এরূপ করিলে অর্থে আশক্তি জন্মাইবে না এবং অর্থের সাহায্যে পরিজন প্রতিপালনের সহিত পরমার্থ উন্নতিও ঘটিবে। মনের সত্ত্বাভিমান ও কার্পণ্যদোষ নষ্ট হইলে বিষয় স্পৃহা সহজেই নাশ হইয়া থাকে। বিষয়স্পৃহা নাশ হইলেই ভোগক্ষয়ে গৃহী হইয়াও আত্মজ্ঞানী সহজে হইতে পারা যায় এবং সেই জ্ঞানবলে ক্রমে মুক্ত হওয়া যায়।

হে রাজন্! ঐ যে পঞ্চ যজ্ঞানুষ্ঠান কথা বলিয়াছি, উহার মধ্যে হোমাদিতে ইন্দ্রাদি দেবতাগণকে ভাবনা করিবে; উপহার অর্থাৎ বলি প্রভৃতিতে ঋষিগণের ভাবনা করিবে, অতিথীসেবায় সকল প্রাণী ও মানবের হিতচিন্তা করিবে এবং নিত্য শ্রাদ্ধে পিতৃগণের ভাবনা করিবে। ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয় আপনাপন বৃত্তি অনুসারে অর্থ সঞ্চয় করিয়া এই চারিটী পাক যজ্ঞে ঐ চারিটী অধিষ্ঠাতৃ পুরুষ ক্রমে ভাবনা করিবে। এরূপ ভাবনার বা পূজনের পরিণামে পরম পুরুষ ভাবনা সেই প্রকারে আরোপিত হইবে, অর্থাৎ উহাদের পূজনাদি করিলেই ভগবানের পূজা করা হইবে। পরন্তু অর্থাৎ বিধি যজ্ঞে আত্মাকে ভাবনা করিবে। ঐ চারিটী যজ্ঞ অভ্যস্ত করিতে করিতে বিধি যজ্ঞের অধিকারী হইলে, অর্থাৎ শ্রদ্ধাভক্তিমান্ হইলে যখন আপনাতে সমস্ত যজ্ঞের সম্পাদ উপস্থিত হইয়াছে জানিবে ইহা, তখন বিধিযজ্ঞ অর্থাৎ অগ্নিহোত্রাদি কর্ম্ম বৈতানিক বিধিতে সম্পাদন করিয়া আত্মযজ্ঞ করিবে। ৭।১৪।১৪

ব্যাখ্যা। গৃহস্থগণ প্রত্যহ দেবতাদির উদ্দেশে হোম করিবার জন্য হোমকুণ্ড করিয়া রাখেন। ঐ কুণ্ডে যে অগ্নি থাকে তাহাকে গার্হপত্যাগ্নি কহে। হোমের পূর্ব্বভাগে সেই অগ্নির নাম আহবনীয় অগ্নি অর্থাৎ সেই অগ্নিতে সমস্ত দেবতাকে আহ্বান করিয়া হবন করা হয়। হোমের অন্তে যখন আহূত দেবতাকে অগ্নিতে বিদায় করা হয়, সেই শেষ অবস্থার অগ্নিকে দক্ষিণাগ্নি কহে। এই আহবনীয় ও দক্ষিণাগ্নিকে

একত্র অর্থাৎ একভাবে গ্রহণ করিয়া অগ্নিহোত্র নামক যজ্ঞার্থে যখন ঐ অগ্নি প্রযুক্ত হয়, তখন উহাকে বৈতানিক অগ্নি কহে। অর্থাৎ দেবতাদির সমাবেশে অগ্নির জ্যোতিঃ ও ভাবনা সে সময়ে বিস্তীর্ণ হইয়াছে; এরূপ ভাবনা করিতে হয়। এই যজ্ঞীয় অগ্নিই আত্মজ্ঞানের রূপক মাত্র। এই জন্ত গৃহীব্যক্তির বৈতানিক নিয়মে পরম শ্রদ্ধান্বিত হইয়া অগ্নিহোত্রাদি যজ্ঞ করা উচিত। এই সকল যজ্ঞের ও মন্ত্রের পরম তাৎপর্য্য স্মৃতি ও শ্রুতিতে দ্রষ্টব্য, এস্থলে কেবল ইঙ্গিতমাত্র করিলাম।

হে রাজন্। সর্ব্ব যজ্ঞভুক হরি প্রাণীমুখে হুত হইলে, সেই হবনে যত শীঘ্র সন্তুষ্ট হয়েন, অগ্নিতে হবির্দান করিলে তত শীঘ্র তুষ্ট হয়েন না। প্রাণী ও মানবগণের মধ্যে ব্রাহ্মণগণের মুখে হবি প্রদানে তাঁহাকে অতি ত্বরায় তুষ্ট করা যায়। ৭। ১৪। ১৫

এইজন্য গৃহীব্যক্তি অমরদেবতা ও মর্ত্ত্য প্রাণীগণের পূজা করণাশায় ব্রাহ্মণকে অতিযত্নে পূজা করিবে। তাহার পশ্চাৎ দেবতা ও অপর প্রাণীগণের অন্তরস্থ সেই ক্ষেত্রজ্ঞ আত্মার উদ্দেশে তাহাদের পূজা করিবে। ৭। ১৪। ১৬

ব্যাখ্যা। পূর্ব্বে যে পঞ্চ মহাযজ্ঞের কথা বলা হইয়াছে, তন্মধ্যে অতিথিসৎকারকেই শ্রেষ্ঠযজ্ঞ বলা হইল। আত্মাকে অগ্নির ন্যায় উপলক্ষ করিয়া আত্মপ্রীতি রূপী ঘৃত দিয়া হোম করা অপেক্ষা, সকল প্রাণীর অন্তরে যে ক্ষেত্রজ্ঞ আত্মা প্রত্যক্ষীভূত আছেন। কীট হইতে ব্রাহ্মণ পর্য্যন্ত প্রাণীগণকে আহার্য্যাদি দানে পূজা করিলে সেই প্রত্যক্ষ আত্মার পূজা করা হয়; সমদর্শীত্ব লাভ করা হয়, অভেদজ্ঞান উপস্থিত হয় এবং সেই উপকৃত প্রাণীগণের আশীর্ব্বাদে কুটীর আধ্যাত্মিক উন্নতি হইয়া থাকে। অগ্নি, দেবতা এবং অপর প্রাণী হইতে ব্রাহ্মণ পূর্ণজ্ঞানী ও বিশুদ্ধ। তাঁহাদের পূজা ও তৎসঙ্গ সহবাসে গৃহী শীঘ্র তত্ত্বজ্ঞান লাভ করিয়া থাকে; সিদ্ধির ফলেবরে আত্মার বিশুদ্ধ লীলা দর্শন করিয়া আত্মোন্নতি সাধন করাই সহজ হয়, এই জন্য ব্রাহ্মণ কল্পিতদেবতাদি হইতে পূজ্য, ইহা শ্রীনারদ বলিলেন।

(হে মহারাজ! শ্রাদ্ধাদি যজ্ঞের বিধি শ্রবণ করুন।) পণ্ডিত বিজ্ঞব্যক্তি ভাদ্র মাসের অমাবস্যায় পিতৃ উদ্দেশে শ্রাদ্ধ আপনার বিত্তানুসারে করিবে। ঐ দিবসে

পিতৃবন্ধু অর্থাৎ শ্রাদ্ধের উপযুক্ত শ্রোত্রপাত্রগণের শ্রাদ্ধও করিবে। এতদ্ব্যতীত ঃ— উত্তরায়ণ দিবসে এবং দক্ষিণায়ন দিবসে, উভয় বিষুব সংক্রমণে, ব্যতীপাতযোগে, রাহু-স্পর্শে, চন্দ্রাদিত্য গ্রহণ কালে, দ্বাদশী তিথিতে, শ্রবণানক্ষত্রে ; অক্ষয় তৃতীয়ায়, কার্ত্তিকী শুক্লাপঞ্চমীতে, হেমন্ত ও শীত ঋতুদ্বয়ের চারি অষ্টকাতে ; মাঘ মাসের শুক্লাসপ্তমীতে, মঘাযুক্তা পূর্ণিমাতে ; পূর্ণিমা কিম্বা পৌর্ণমাসীর কোন তিথি, যে তিথিতে সেই মাসের নক্ষত্র সংযুক্ত হয় ; অনুরাধা সংযুক্ত দ্বাদশীতে, কিম্বা শ্রবণা, উত্তর ফল্গুনী, উত্তরা-ষাঢ়া, উত্তরভাদ্রপদযুক্তা দ্বাদশীতে, কিম্বা ঐ সকল উত্তরা সংযুক্তা একাদশীতে, জন্ম নক্ষত্রে, কিম্বা কোন গ্রহণাদিতে মহাযোগদিবসে শ্রবণানক্ষত্র উপস্থিত হইলে ঃ— গৃহীব্যক্তি শ্রাদ্ধাক্রিয়া করিবে। ৭। ১৪। ১৮। ১৯। ২০

হে মহারাজ! এই যে সময়গুলি নির্দ্দেশ করা গেল ; এই সকল সময়ে শ্রাদ্ধাদি কার্য্য করিলে সেই সকল কার্য্যের ফল অনুষ্ঠাতার পক্ষে কল্যাণবৰ্দ্ধিত করিয়া থাকে। নিশ্চয়ই অনুষ্ঠাতা আয়ু ও কল্যাণ লাভ করিয়া থাকে। এই জন্য পণ্ডিতগণ জপ, হোম, তীর্থস্নান, ব্রত, দেবদ্বিজার্চ্চনা, পিতৃশ্রাদ্ধ ও দেবপূজা প্রভৃতি বিহিত করিয়াছেন। এমন কি ঐ সকল সময়ে কীট হইতে মানব পর্য্যন্ত যে কোন প্রাণীকে আহারীয় বা কিছু অর্থ দান করিলে তাহার ফল নিশ্চিত অক্ষয় হইয়া থাকে। ৭। ১৪। ২১

এতদ্ব্যতীত পুংসবনাদি বৃত্তিতে দশবিধ সংস্কারকালে, পুত্রকন্যাদির জাতকর্ম্মকালে এবং দীক্ষাদিতে ও প্রেতের মৃত্যাহে, এমন কি নিজের কোন মাঙ্গলিক ক্রিয়া প্রয়োজন হইলেই, তৎপূর্ব্বে শ্রাদ্ধাদি ও দেবদ্বিজপূজাদি পবিত্র কার্য্য করিতে হইবে।

হে রাজন্! যে সকল শুভকালে শুভকর্ম্মানুষ্ঠান কর্ত্তব্য তাহা বলিলাম, যে সকল স্থানে উহাদের অনুষ্ঠান করিলে যথার্থ ধর্ম্মবৃদ্ধি ও কল্যাণফল লাভ হয়, তাহাই এক্ষণে বলিতেছি। ৭। ১৪। ২২

ব্যাখ্যা। জ্যোতির্বিদ্গণে কহেন ঃ—চন্দ্রসূর্য্যের গতি অনুসারে যেমন পৃথিবীর আকর্ষণবিকর্ষণে সাগরের জলস্ফীত ও ক্ষীণ দেখা যায়, সেইরূপ দেহের মধ্যেও রসের ক্ষয় ও বৃদ্ধি হইয়া থাকে। যখন রসের বৃদ্ধি হয়, তখন মনের জড়তা উপস্থিত হয়। সেই জড়তা ক্ষয় করিবার জন্য, পূর্ব্বোক্ত যজ্ঞাদির অনুষ্ঠান শাস্ত্র বিহিত করিয়াছেন। যে যে সময়ে ঐ সকল শ্রাদ্ধাদি যজ্ঞের অনুষ্ঠান করিলে জীবের জড়তা ক্ষয়ে মনের প্রসন্নতা উপস্থিত করিতে আবশ্যক হয় ; সেই সেই কালগুলি গৃহীর-পক্ষে নির্দ্দিষ্ট হইয়াছে। এই জড়তা ক্ষয় পূর্ব্বক মনের প্রসন্নতা সাধন করিয়া, চিত্তকে জ্ঞানপথে ধাবিত ও সূক্ষ্মবিজ্ঞান বোধের উপযুক্ত করাই যজ্ঞাদি সমস্ত কার্য্যের উদ্দেশ্য ;

কারণ সন্ন্যাসী হইয়া মনকে ও চিত্তকে বিশুদ্ধ করিতে পারিলে, আর তাঁহাকে কোন কার্য্যে বদ্ধ থাকিতে হয় না, কোন কালে বা কোন দেশে থাকিয়া তাঁহাকে নিয়ম পালন করিতে হয় না। যেমন কালানুসারে মনের বিকাশ ও নিরোধ ঘটে। সেইরূপ দেশভেদে মনের বিকাশ ও নিরোধ ঘটিয়া থাকে। যে সকল স্থানে অতি উষ্ণ। তথায় মনের জড়তা উপস্থিত হয়, যে স্থানে অতি গ্রীষ্ম সে স্থানে মনের অতি চঞ্চল ভাব ঘটিয়া থাকে। এই সকল বিবেচনা করিয়া জ্যোতির্ব্বিদ্গণ যেমন সময় নির্দ্দেশ করিয়াছেন, ভূতত্ত্ববিদ্গণে সেইরূপ স্থানেরও নির্দ্দেশ করিয়াছেন। ঐ সকল সময়ে নির্দ্দিষ্ট স্থানে, নির্দ্দিষ্ট ও অধিকারীভেদে শাস্ত্রোক্ত বিধিমতে কার্য্য করিলে, গৃহীব্যক্তি অবশ্যই সুফল লাভ করিবে, ইহাই তাৎপর্য্য।

হে মহারাজ! যে স্থানে সৎগুরু লাভ হয়, সেই স্থানটি পুজ্যতম হইতেছে। যাঁহার মূর্ত্তিতে চরাচরের সমস্তই অন্তর্নিহিত, সেই ভাবব্যঞ্জক ভগবন্মূর্ত্তি যে স্থানে উপাসনার সৌকার্য্যার্থ স্থাপিত হয়, সেই স্থানটি সর্ব্বতোভাবে পবিত্র হইতেছে। তপস্যা ও বিদ্যা সমন্বিত ব্রাহ্মণগণ যে স্থানে বাস করেন, সে স্থানটি পবিত্র এবং যে যে স্থানে সর্ব্বতাপহারী হরির অর্চ্চনা হয়, সেই স্থানগুলিও সকল কল্যাণের আস্পদ হইতেছে। ৭।১৪।২৩

পুরাণে যে সকল নদীগুলিকে গঙ্গাদি সপ্ত পবিত্র সরিৎ বলিয়া কল্পিত করা হইয়াছে, পুষ্করাদি ক্ষেত্র সমূহকেও যাহাতে পবিত্র বলিয়া বর্ণিত হইয়াছে, তদ্ভিন্ন কুরুক্ষেত্র, প্রয়াগ, পুলহাশ্রম, নৈমিষকানন, পম্পা সেতুবন্ধ প্রভাস, কুশস্থলী, বারানসী, মধুপুরী, বিন্দুসরোবর, নারায়ণ আশ্রম, নন্দাতীর্থ, রামসীতার আশ্রম এবং যে সকল স্থানে ভগবানের মূর্ত্তিসমূহ দিবানিশি অর্চ্চিত হইয়া থাকে সেই সকল স্থানই পুজ্যতম বলিয়া বিখ্যাত হইতেছে। ৭।১৪।২৪।২৫।২৬

হে মহারাজ! যে সকল ব্যক্তি আপনার ও অনুষ্ঠানের কল্যাণ ইচ্ছা করিয়া থাকেন, তাঁহারা নিশ্চয়ই যেন এই সকল স্থান আশ্রয় করেন। মানবগণে শ্রদ্ধান্বিত হইয়া এই সকল স্থানে কর্ম্মানুষ্ঠান করিলে সহস্রগুণে কল্যাণফল লাভ করিয়া থাকেন। কারণ এই সকল স্থানমাহাত্ম্যে মানবের ধর্ম্মশক্তি বিকাশিত হইয়া থাকে। ৭।১৪।২৭

হে ধর্ম্মরাজ! দেশ, কাল ও কর্ম্মের কথা বলিলাম, যে পাত্রের উদ্দেশে এই সকল কার্য্য অনুষ্ঠান করিতে হইবে তাহা শ্রবণ কর :—

যে সকল ধর্ম্মজ্ঞ ব্যক্তি উপাসনার প্রকৃততত্ত্ব স্থির করিতে পারিয়াছেন,

তাঁহারা সকলেই একবাক্যে স্বীকার করিয়াছেন যে, একমাত্র হরিমূর্ত্তিই উপাসনার প্রধান পাত্র হইতেছেন। কারণ হরিমূর্ত্তিতেই এই চরাচর বিশ্বলীলা স্থির হইয়া রহিয়াছে। ৭। ১৪। ২৮

তাহার প্রমাণ আর অধিক কি দেখাইব; দেখুন রাজন! দেবতাগণের মধ্যে বিষ্ণুই পূজনীয় পাত্র; ঋষিগণের মধ্যেও সেই নারায়ণই পূজ্য; তপোযোগাদি সমন্বিত ব্যক্তিগণের পক্ষে সেই ভগবানই ধ্যেয় ও পূজ্য, সনকাদি ব্রহ্মনন্দন মুনিগণের পক্ষেও সেই হরিই পূজ্যপাত্র। অধিক আর কি বলিব, তোমার রাজসূয় যজ্ঞকালে কেবল সেই অচ্যুতই পূজ্য পাত্র বলিয়া সর্ব্বাগ্রে পূজনীয় হইয়াছিলেন। ৭। ১৪। ২৯

হে ধর্ম্মরাজ! সমস্ত জীবরাশি সমাকীর্ণ ব্রহ্মাণ্ড কোষরূপী এই যে অসীম মহা বৃক্ষ দেখিতে পাওয়া যায়; অচ্যুতই সেই মহাবৃক্ষের মূল হইতেছেন। যেমন মূলে জলসিঞ্চন করিলে সমস্ত বৃক্ষ রসাবিষ্ট হয়, তদ্রূপ একমাত্র ব্রহ্মাণ্ডমূল অচ্যুতের অর্চ্চনা করিলেই, সংসারের সমস্ত জীবাত্মার পূজা করা বা তৃপ্তিসাধন করা হয়। ৭। ১৪। ৩০

হে মহারাজ! যদি বল যে হরিকে লোকে কোথায় পাইবে যে পূজা করিবে!! এমন ভাবিও না! এই সংসারে দেবতা, ঋষি, মানব ও তীর্য্যগাদি যত দেহ দেখা যায়; এই সকল সৃষ্টদেহরূপী পুরীতে তিনি দেহের অবস্থা ও স্বভাবানুসারে জীবাত্মা রূপে শয়ন করিয়া আছেন। এই জন্য তিনি পুরুষ বলিয়া বিখ্যাত হইয়াছেন। ৭। ১৪। ৩১

হে মহারাজ! আব্রহ্মস্তম্ভ পর্য্যন্ত সৃষ্টদেহপুরীর অন্তরে তিনি যাহাতে যত বিকাশিত, সেই মূর্ত্তিই সংসারে তত অধিক পূজ্য বলিয়া জানিবেন। অর্থাৎ তপস্যা ও সমাধিতে যে প্রাণী যত বিজ্ঞান লাভ করিতে পারিয়াছেন, তাঁহার চিত্তদর্পণে ভগবানের মূর্ত্তি তত স্পষ্ট প্রতিফলিত হইয়াছে। এই জন্য আত্মতত্ত্বজ্ঞেরাই ভগবান্‌-রূপে সংসারে অধিক পূজ্য, তাঁহাদের পূজা করিলেই ভগবৎপূজা হইয়া থাকে। ৭। ১৪। ৩২

হে মহারাজ! আপনার মনে এ সন্দেহ হইতে পারে যে, যদি আত্মজ্ঞানীর পূজা করিলে ভগবৎ পূজা হয়, তবে প্রস্তরমূর্ত্তির ও ধাতুময়ী বা অঙ্কিতা ভগবান মূর্ত্তির পূজা কেন সংসারে প্রচলিত আছে? সেই সন্দেহ ভঞ্জনার্থ ইহা বুঝিবেনঃ—

মহর্ষিগণ ত্রেতাযুগে মানবগণের অজ্ঞান প্রকাশ দেখিয়া; অজ্ঞান হেতু আত্মার প্রতি অশ্রদ্ধা দর্শন করিয়া, যজ্ঞাদি কার্য্য দ্বারা ভগবানের কল্পিত মূর্ত্তির পূজা স্থির করিয়া দিয়াছেন। ৭। ১৪। ৩৩

হে মহারাজ! ঐ সকল কল্পিত হরিমূর্ত্তির অর্চ্চনা করিতে নিযুক্ত হইলেও সেই উপাসক যদি জীবদ্বেষী হয়, তাহা হইলে তাহার ঐ মূর্ত্তি উপাসনা হইতে

কোন কল্যাণই লাভ হয় না। কিন্তু শ্রদ্ধা ও একান্ত সেবা সহকারে সর্ব্বজীবে সমদর্শী ও সমজ্ঞানী হইয়া উপাসনা করিলে, মন্দাধিকারীগণ মূর্ত্তি উপাসনা হইতে কিছু ফল লাভ করিতে পারে। ৭। ১৪। ৩৪

হে রাজেন্দ্র! স্তম্ভ হইতে দেবতা পর্য্যন্ত দেহপুরীতে ভগবান অন্তর্যামী আছেন, এ নিয়মে সমস্তই পূজ্য বটে, কিন্তু ঐ সকল পুরুষের মধ্যে ব্রাহ্মণই সর্ব্বাপেক্ষা পূজনীয়। কারণ ব্রাহ্মণ, তপস্যা, জ্ঞান এবং শমাদি সদ্গুণে আপনার মনোময় দেহে বেদকে সর্ব্বতোভাবে ধারণ করেন। সেই বেদ স্বয়ং শ্রীহরির ধর্ম্মময়ী মূর্ত্তি হইতেছেন। অতএব সিদ্ধ ব্রাহ্মণের দেহে ভগবান বিশেষ প্রত্যক্ষ হয়েন। এইজন্য দ্বিজগণ সর্ব্বাপেক্ষা পূজ্য হইতেছেন। ৭। ১৪। ৩৫

হে মহারাজ! জগতে আত্মাস্বরূপ ও সর্ব্বপবিত্রতাকর্ষণকারী ভগবানের মূর্ত্তিরূপী ব্রাহ্মণগণ এজন্য অতুলনীয় মহিমা প্রাপ্ত হইয়া পদধূলিতে সংসার পবিত্র করিয়া থাকেন। এই জন্য ত্রিলোকের মধ্যে ব্রাহ্মণই শ্রেষ্ঠ ও সর্ব্বপূজ্য হইতেছেন। ৭। ১৪। ৩৬

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে চতুর্দ্দশাধ্যায়ে
উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। এই অধ্যায়ের কোন অংশই কঠিন নহে। এইজন্য বিস্তারিত ব্যাখ্যাও হয় নাই। তবে এই অধ্যায়ের প্রথমে শ্রীনারদ গৃহীগণের উন্নতীর উপায় বলিতে আরম্ভ করিয়া অগ্রে পঞ্চযজ্ঞাদি অনুষ্ঠান করিয়া, জীবন যাপন করিতে বলিলেন। তাহাতে শ্রাদ্ধাদি, অতিথী সৎকারাদি এবং দেব দ্বিজাদির পূজন বিধি প্রকাশ করিলেন। সেই সকল কার্য্যকে মানবেরপক্ষে কল্যাণদায়ী বলিয়া কোন সময়ে উহাদের অনুষ্ঠানে বা কোথায় উহাদের আয়োজনে কল্যাণ হয় তাহাও বলিলেন। এক্ষণে উপসংহারে আবার একমাত্র হরি পূজন বা উপাসনাকে শ্রেষ্ঠ বলিলেন। সেই উপাসনাতেও আবার মূর্ত্তি বা উপকরণাদিও আয়োজনও নিষেধ করিয়া সকল প্রাণীকে হরি পূজাভাবে করাকেই শ্রেষ্ঠ বলিলেন। সকল প্রাণীর মধ্যে চিত্তবিশুদ্ধি অনুসারে ভগবত্তত্ত্ব যাঁহার হৃদয়ে অধিক প্রতিফলিত তাঁহাকেই সর্ব্বপূজ্য বলিয়া নির্দ্দেশ করিলেন।

এই যে কর্ম্মকরণ ও কর্ম্মানুষ্ঠান না করণরূপী বৈষম্য উক্তি, ইহা স্বয়ং শ্রীব্যাসদেব শ্রীনারদোক্তিতে এই অধ্যায়ের ত্রয়স্ত্রিংশতি শ্লোকে মীমাংসা করিলেন। তদ্দ্বারা প্রকাশ হইল যে প্রতিসৃষ্টির সত্যযুগে মানবগণের মন পূর্ণ জ্ঞানময় থাকে। সকলেই উত্তমাধিকারী, সকলেই আত্মতত্ত্ব বোধে সক্ষম। এই জন্য সে সময়ে সর্ব্বজীবে ভগবৎসত্ত্বাস্ফূর্ত্তিই ধ্যানযোগে অনুভব করাই বিহিত হইয়াছিল। ক্রমে কালের পরিবর্ত্তনে

ত্রেতায় অজ্ঞান বিকাশ আরম্ভ হইলে, মানবের বিজ্ঞানবুদ্ধি যত আবৃত হইতে থাকিল, ততই আত্মস্ফূর্ত্তি সকলের আবৃত হইয়া উঠিল। অজ্ঞানে অজ্ঞানের উপাসনা করিয়া কিছু ফল না পাইয়া অশ্রদ্ধাবান্ ও সংশয়ান্বিত হইয়া উঠিল। ইহাতে আত্মজ্ঞানীকে বা বিশুদ্ধকে উত্তম অধিকারী ও অজ্ঞানীকে মন্দাধিকারী বলা হইল। মন্দাধিকারীর পক্ষে কোন একটী আশ্রয়ে কেবল মনকে নিস্পৃহ ও বিশুদ্ধ করিবার জন্যই ভগবন্মূর্ত্তি এমন ভাবে উপাসনার্থে কল্পনা করা হইল যে, ঐ কল্পিত মূর্ত্তিতে চরাচরাত্মক বিশ্বের সমস্ত ভাবই অঙ্কিত রহিল। ঐ মূর্ত্তি উপাসনার সহিত সর্ব্বজীবে সমদর্শীত্ব ও সর্ব্বতত্ত্বে অনুভব দৃষ্টি স্থাপন না করিলে ঐ উপাসনায় আত্ম-তত্ত্বজ্ঞান ফল লাভ হয় না।

উত্তমাধিকারীগণ বেদময়ী মূর্ত্তিধারী প্রাণীকে উপাসনা করিয়া তাঁহার হৃদয়ে আত্মার সাত্ত্বিকী লীলা ও সর্ব্বশক্তির ও সর্ব্বজ্ঞতার সমাবেশ বোধ করিয়া, ক্রমে আত্ম প্রেমে সমাহিত হইয়া পড়েন। এই সর্ব্ব সাধুগুণান্বিত ও পূর্ণবিশুদ্ধ সিদ্ধ জীবকে ব্রাহ্মণ কহে। ব্রাহ্মণ বলিতে কেহ যেন সূপকার বা পতিত ব্রাহ্মণ জাতিকে এত পূজ্য বলিয়া না ভাবেন।

একপক্ষে শ্রীব্যাস উত্তম ও মন্দাধিকারীর কথা বলিলেন। মন্দাধিকারীর পক্ষে মূর্ত্তিই যেমন উপাসনার উপলক্ষ্য, তেমনি দেশ ও কালাদিও পুরাণ কল্পিত করিয়া দিয়াছেন। আমরা যে সকল নদী, সরোবর ও তীর্থাদি ক্ষেত্র সমূহকে পুরাণ মতে পবিত্র বলিয়া ভাবি; উহারা মন্দাধিকারীর জন্য পুরাণ কর্ত্তৃক আখ্যাত। একথা এই অধ্যায়ের চতুর্ব্বিংশতি শ্লোকে বলা হইল। কিন্তু উত্তমাধিকারীর পক্ষে দেশ ও কাল এরূপ নহে। উত্তমাধিকারীর পক্ষে পূজনীয় বা উপাসনীয় পাত্র যেমন আত্মা; সেই রূপ দেহব্রহ্মাণ্ডব্যাপী শক্তি ও চৈতন্যব্যাপক অংশ সমূহই গঙ্গাদিনদী, পুষ্করাদি ক্ষেত্র, কুরুক্ষেত্রাদি স্থান হইতেছে। একথা যোগশাস্ত্রে বিস্তারে বর্ণিত আছে। যেরূপ কায়াটী কাশী, আত্মা তথায় বিশ্বেশ্বর; জ্ঞানবাহিনী শক্তিই গঙ্গা। ইড়া ও পিঙ্গলা দুই সাধন নাড়ী, তথায় বরুণা ও অসি। এইরূপ প্রয়াগ-ইড়া, পিঙ্গলা ও সুষুম্না নামক যোগসাধনার্থ চৈতন্যবাহিনী শক্তির সঙ্গম স্থান, যাহা সকলের মধ্যে ধ্যানস্থল বলিয়া নির্দ্দিষ্ট। দেহের মধ্যে শ্বাস ও প্রশ্বাসই কাল বোধক। কোন শ্বাসে বসন্তের উদয়, কোন শ্বাসে হেমন্তের উদয়। কখন চন্দ্রের ক্রিয়া। কখন সূর্য্যের ক্রিয়া। এসমস্ত যোগশাস্ত্রে দেহের অন্তরেই শুভ সময় বলিয়া নির্দ্দিষ্ট আছে। গ্রহ, নক্ষত্র, তারকা ও ঋতুমতে চন্দ্রসূর্য্যের গতিতে যে কার্য্যগুলি মন্দাধিকারীর উপকারী বলা হইয়াছে; উত্তমাধিকারীগণ শ্বাস ও প্রশ্বাসের দ্বারা, সেইরূপ শুভ সময় স্থির করিতে পারেন। শ্রীনারদোক্তিতে শ্রীব্যাস কি মন্দ, কি উত্তম এই উভয়বিধ

অধিকারীর পক্ষে যাহা বিহিত তাহাই এই অধ্যায়ে কটাক্ষে ইঙ্গিত করিলেন; বুঝিতে হইবে। পরে কর্ম্মের শুভাশুভ ফল নির্ণয় করা হইবে।

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে চতুর্দ্দশাধ্যায়ে
উপেন্দ্র কৃতাধ্যায় ব্যাখ্যা সমাপ্ত।

অথ পঞ্চদশ অধ্যায়।

-০:০:০-

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া শ্রীশুকদেব রাজা পরীক্ষিৎকে সম্বোধন করিয়া কহিলেন। হে মহারাজ! ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের সহিত দেবর্ষির পুনর্ব্বার কি কথা হইল; তাহা শ্রবণ করুন:—

শ্রীনারদ ধর্ম্মরাজকে গার্হস্থ্য ধর্ম্ম শ্রবণে পুলকিত দেখিয়া কহিলেন:—দেখুন রাজন্! শ্রাদ্ধাদি সকল কার্য্যে পূর্ব্বে দানাদি দ্বারা সকলপ্রাণীকে তৃপ্ত করিতে বলিয়াছি। এতদ্ব্যতীত সর্ব্বপ্রাণী অপেক্ষা ব্রাহ্মণকে সর্ব্বাপেক্ষা তৃপ্ত ও পূজা করিতে উপদেশ দিয়াছি। উহার মধ্যে কিরূপ ব্রাহ্মণের কিরূপ তৃপ্তি সাধন করা উচিত একণে তাহা বলিতেছি শ্রবণ কর:—

হে নৃপ! সংসারে সাধুস্বভাবসম্পন্ন চতুর্ব্বিধ ব্রাহ্মণ দৃষ্ট হইয়া থাকে; তন্মধ্যে কতকগুলি যজ্ঞাদি কর্ম্মপর; কতকগুলি কেবল তপস্যায় একান্ত নিরত; কেহ কেহ কেবল বেদপাঠ ও ব্যাখ্যানে উন্মত্ত; কতকগুলি কেবল আত্মজ্ঞানযোগে সিদ্ধ হইতে একান্ত চেষ্টান্বিত হইতেছেন। ৭। ১৫। ১

এই সকল ব্রাহ্মণের মধ্যে, কেবল আত্মজ্ঞানী ও সিদ্ধগণকে পিতৃ ও দেবোদ্দেশে দত্ত দ্রব্য দান করা উচিত; এরূপ দাতার অন্তে অনন্ত ফল লাভ হইয়া থাকে। যদি দেবপিতৃ কার্য্যানুষ্ঠানকালে এরূপ ব্রাহ্মণের সাক্ষাৎলাভ না হয়, তবে জ্ঞানের তারতম্যানুসারে শ্রেষ্ঠকেই উহা দান করিবে।

যদি অধিকারী ব্যক্তি বহুজনকারী বিশেষ সক্ষম এবং ধনীও হয়েন; তথাপি দেবপিতৃকার্য্য হেতু উক্ত লক্ষণাক্রান্ত দুইটী ব্রাহ্মণ দেবপূজায় এবং পিতৃকার্য্যে তিনটি উত্তম জ্ঞানবান্ ব্রাহ্মণ ভোজন করাইবেন। যদি দুইটী বা তিনটী না লাভ হয়, তবে অন্ততঃ

একটীকেও যত্নে ভোজন করাইবেন। কখন অধিক ভোজন করাইতে আগ্রহী হইবেন না। ৭।১৫।২

ব্যাখ্যা। পূর্ব্বে দেশ, কাল ও পাত্র স্থির হইয়াছে। এক্ষণে সেই পাত্রগুলির পূজন ও তোষণ বিধি বলা হইতেছে। পূর্ব্বে ব্রাহ্মণকেই পাত্র স্থির করা হইয়াছে। যে সকল ব্রাহ্মণ জীবিকার অপেক্ষা না করিয়া, কেবল পরমার্থের জন্য নিযুক্ত, তাহাদের জীবিকা সাহায্যার্থে দানপদ্ধতি শাস্ত্র উপদেশ দিয়াছেন। ঐ সকল ব্রাহ্মণগণের মধ্যে আত্মজ্ঞানীকে দান করিলে বা ভোজন করাইলে, তাঁহার তত্ত্বোপদেশ ও তাঁহার মহিমায় সংসারীর জ্ঞানোদ্রেক হইয়া থাকে। এইজন্য এইরূপ দানে অন্ত অর্থাৎ স্বর্গাদির ন্যায় ক্ষয়শীল ফলের অতীত অনন্ত অর্থাৎ অবিনশ্বর মুক্তিফল লাভ কথা বলা হইয়াছে। এ সকল নিয়ম মন্দাধিকারীর পক্ষে বুঝিতে হইবে। কারণ পরিচর্য্যা ও সাধুসেবা দ্বারা তাঁহার তুষ্টি উৎপাদন করিয়া, তত্ত্বোপদেশ লাভের জন্যই তাঁহাদের এরূপ বিধি স্থির হইয়াছে। বহু ব্রাহ্মণ ভোজনে দোষ কি, তাহা পরে বলা হইতেছে।

হে মহারাজ! শ্রাদ্ধে আত্মীয় স্বজনাদি লইয়া বিস্তীর্ণ আহারের ও বহু ব্রাহ্মণকে ভোজন ও দানের ব্যবস্থা কেন অবিহিত তাহা শ্রবণ কর :—

শ্রাদ্ধের জন্য একেতো উপযুক্ত স্থানে উপযুক্ত কাল লাভ হওয়া কষ্টকর; তদুপরি পূর্ব্বোক্ত শ্রদ্ধাযুক্ত দানের পূজনীয় পাত্র লাভ হওয়া অধিক কষ্টকর। এ অবস্থায় বিস্তীর্ণ দানাদি ও স্বজন ভোজনাদির কার্য্যে শ্রাদ্ধকারী ব্যস্ত থাকিলে, তাহার দানেই তাহার মন ব্যস্ত থাকে, কার্য্যে প্রকৃত শ্রদ্ধা উপস্থিত হইতে পারে না। এতদ্ব্যতীত স্বজন পরিতোষণার্থে বহু আয়োজনের প্রয়োজন হওয়াতে, পবিত্র ও নিয়মিত আয়োজনও সম্ভবে না। অতএব এরূপ কার্য্য করিলে কর্ত্তার শ্রমমাত্র হয়, শ্রদ্ধাবিহীনে অন্তে কোন ফলই লাভ হয় না। ৭।১৫।৩

হে রাজন্! শ্রাদ্ধ পূজন ও দানাদিতে সৎকার্য্যাদি কার্য্যে কিরূপ শ্রদ্ধা সহকারে কিরূপ আহারীয় দানে আবশ্যক তাহা শ্রবণ কর :—

শ্রাদ্ধাদি কার্য্যের উপযুক্ত পূর্ব্বোক্ত কাল ও স্থান একত্রে লাভ হইলে, কর্ম্মীগণ যেন মুনিগণের আদরণীয় ভেষজোপচিত খাদ্যের অন্ন প্রস্তুত করিয়া, ভগবান হরিকে নিবেদন করিয়া, সেই অন্ন পূর্ব্বোক্ত পূজনীয় পাত্রে অর্পণ করেন। এইরূপ দানই কর্ম্মীগণকে সর্ব্বকামনাপূর্ণকারী ও অনন্ত ফলদায়ী হইয়া থাকে। ৭।১৫।৪

হে মহারাজ! এরূপ অন্নদান কালে দাতাকে এইভাবে ভাবনা করিতে হয়—সেই ভগবানে নিবেদিত পবিত্র ও মুনিজনের গ্রাহ্য অন্নদাতাব্যক্তি প্রথমে দেবতাগণের উদ্দেশ্যে দান করিবেন; পরে সকল প্রাণী ও কীটাদির উদ্দেশ্যে দান করিবেন, পরে আত্মীয় ও স্বজনাদিকে দান করিবেন, অবশেষে আপনার আত্মাকে দান করিবেন। দান কালে সেই ব্যক্তি, দেবতা হইতে আপনা পর্য্যন্ত সমস্তই সেই মহাপুরুষময় দর্শন করিবেন।

ধর্ম্মতত্ত্ববিৎ সাধুগণে কখনই আমিষ বস্তু ভোজন করেন না, এইজন্য হরি নিবেদিত সাত্ত্বিকী শ্রাদ্ধ কার্য্যেতে অন্নে কখনই আমিষ স্পৃষ্ট হইবে না। হে মহারাজ! তামসিক শ্রাদ্ধ বিধিস্থ পশুহিংসা ও আমিষ আহারের অপেক্ষা, এই সাত্ত্বিকী শ্রাদ্ধে নিবারান্নিগত অন্নে ঈশ্বর হইতে সকল জীবের অধিক প্রীতি লাভ হইয়া থাকে। (দাতার এইরূপ কার্য্যে ফলও অনন্ত হইয়া থাকে। ৭। ১৫। ৬

ব্যাখ্যা। মন্বাদি স্মৃতিশাস্ত্রে যজ্ঞ, ব্রত, শ্রাদ্ধাদিতে পশুহিংসা করিয়া সেই পশু-মাংসে অতিথীগণের ও উপস্থিত নিমন্ত্রিতগণের তৃপ্তি সাধন করিলে এবং ঐ মাংস দেবপিতৃগণের উদ্দেশে দান করিলে, কৃতী ফল লাভ করিয়া থাকেন। আবার এক স্থলে সকলকেই হিংসাদি কার্য্য করিতে স্মৃতি নিষেধ করিয়াছেন। এই বিহিত ও নিষিদ্ধ বিধি প্রকাশ করিবার কারণ এই:—মানবগণের প্রকৃতিভেদে সাত্ত্বিক ও তামস দ্বিবিধ কার্য্য অনুষ্ঠিত হয়। যে ব্যক্তি ঘোর বিষয়পর ও অজ্ঞান, সর্ব্বদা মদ্যমাংসাদিতে নিরত। তাহার পক্ষে কেবল কর্ম্মে প্রবৃত্তি জন্মাইবার জন্যই তামসিক বিধি অর্থাৎ মদ্যমাংসাদি বিহিত করিয়াছেন। বাস্তবিক সে সকল কার্য্যে কেবল অংশে অংশে পবিত্রতার আগমন করে মাত্র; সাত্ত্বিকতার ব্যতিত সম্যক্ ফল কেহ কখনই লাভ করিতে পারে না। যেমন এক ব্যক্তি যদি ঘোর নিষ্ঠুর হয়, তাহাকে বশীভূত করিতে ও তাহাকে নিষ্ঠুরতা হইতে উদ্ধার করিতে হইলে, একেবারে তাহাকে সাধুভাবে আনা যায় না। তাহাকে অনেক উত্তম কার্য্যের সহিত একটু নিষ্ঠুরতার প্রশ্রয় দেখাইলে, ক্রমে উত্তম কার্য্য হেতু জ্ঞান বিকাশ হইলে, ঐ একটু নৈষ্ঠুর্য্যও ক্ষয় হইয়া থাকে। সেইরূপ শাস্ত্রীয় তামস বিধি। যেমন কোন একটী ব্যক্তি দুর্গোৎসবে মেষমহিষাদি বলি দিয়া ও নৃত্যগীতাদিতে আনন্দ করিয়া উন্মত্ত হইল, উৎসব ও অনুষ্ঠান হেতু অন্যান্য উত্তম আয়োজনে তাহার সাধুতার উপস্থিত হইলে হঠাৎ যদি তাহার পুত্রকন্যাদি মৃত বা বিত্তক্ষয় হয় এবং সে সময়ে যদি কেহ তাহার নিকটে হিংসাকর্ম্মজন্য অমঙ্গল হইয়াছে; বা নৃত্যগীতাদিতে দেবীর শান্তি ভঙ্গ করিয়াছে, এজন্য অমঙ্গল হইয়াছে, একথা বলে; তাহা হইলে সেই

তমোগুণী ব্যক্তির দেবীপূজায় শ্রদ্ধা থাকিলে, আর সে তামস পূজায় সম্মত হইবে না। ক্রমে সে সাত্ত্বিক পূজায় দেবীর তুষ্টি আকর্ষণ করিতে চেষ্টা করিবে। এই সকল স্বাভা-বিক নিয়ম বুঝিয়াই শাস্ত্রকারেরা কেবল কর্ম্মে প্রবৃত্তির জন্য এবং ক্রমে পবিত্র করিবার জন্য তামসভাবের কার্য্য মন্দাধিকারীর পক্ষে শাস্ত্রে বিহিত করিয়াছেন।

এস্থলে ধর্ম্মরাজ, শ্রীনারদের নিকটে গৃহস্থের একান্ত কল্যাণ ও নিবৃত্তি কিসে লাভ হয়, জানিতে ইচ্ছা করায়, কেবল সাত্ত্বিক কার্য্যেই জীবের মঙ্গল সাধন হয়, এই কথা পূর্ব্বোক্ত নিয়মে প্রকাশ হইল। হিংসা ও অহিংসা এবং ধনাদির সংযোগে বহুকার্য্য করণ ও নিঃস্ব হইয়া অনায়াসলব্ধ অর্থে অতি সামান্য অনুষ্ঠানে কত প্রভেদ তাহাই পরে শ্রীনারদের উক্তিতে প্রকাশ হইবে।

হে মহারাজ! যে সকল মানব আপনাপন হৃদয়ে সাত্ত্বিক ধর্ম্মভাব আবির্ভূত করিতে ইচ্ছা করিবেন, তাঁহারা যেন যথোচিত উপায়ে শরীরের সাহায্যে অর্থাৎ হস্ত পদাদিতে প্রাণিপীড়ন একেবারে ত্যাগ করেন; বাক্যের অর্থাৎ তীরস্কারাদির সাহায্যেও প্রাণিপীড়ন একেবারে ত্যাগ করেন; এমন কি মনেও যেন প্রাণিপীড়-নের কল্পনা কখন না করেন। এইরূপে পীড়নেচ্ছা বা হিংসেচ্ছা হইতে নিবৃত্ত হইলে যে ধর্ম্ম লাভ হয়; তাহা অপেক্ষা মানবগণের সাত্ত্বিক ধর্ম্ম আর নাই। ৭। ১৫। ৬

হে মহারাজ! যাঁহারা যথার্থ জ্ঞানযোগে যজ্ঞের প্রকৃত ও উন্নত তাৎপর্য্য বোধ করিয়াছেন; তাঁহারা একেবারে কর্ম্মময় ও দ্রব্যময় হিংসাদিযুক্ত যজ্ঞানুষ্ঠানে নিস্পৃহ হইয়া থাকেন। তাঁহারা কেবল আত্মসংযমনের জন্য যমনিয়মাদি ও পূর্ব্বোক্ত সাত্ত্বিক যজ্ঞের অনুষ্ঠান করিয়া, হৃদয়ে জ্ঞান অগ্নি প্রদীপ্ত করিয়া, তাহাতে আত্মারম্ভক অর্থাৎ কর্ম্মময় যজ্ঞাদিকে হবন করেন। (অর্থাৎ কার্য্যকালে যে সকল দ্রব্য ব্যবহার হইয়া-ছিল, তাহার প্রকৃত তাৎপর্য্য ও উপকারিতা জ্ঞানে অনুভব করিয়া, আত্মজ্ঞানী হয়েন। ইহাই তাৎপর্য্য।) ৭। ১৫। ৭

হে মহারাজ! যাঁহারা দ্রব্যময় যজ্ঞ হইতে ক্রমে জ্ঞানাহরণ না করিয়া শেষে হিংসাদি কার্য্যে চিত্তরঞ্জক লাভ ও উন্মত্ত হইয়া অপ্রজ্ঞাবান্ হয়; সেই সকল তমো-গুণী অনুষ্ঠাতাকে দেখিয়া সকল প্রাণীই ভয়প্রাপ্ত হয়। তাহাকে দেখিলেই হত্যা-কারী বলিয়া প্রাণিগণ নিশ্চয় বোধ করে। স্বাভাবিক যজ্ঞফলে তাহার সদ্বুদ্ধি না হইয়া অজ্ঞান ও শোণিত পিপাসুর ন্যায় ক্রুরবুদ্ধির প্রকাশ হইয়া থাকে। (শ্রদ্ধাবিহীন কর্ম্মে কখন সাত্ত্বিকভাব উপলব্ধি হইতে পারে না, অশ্রদ্ধায় যজ্ঞের অপবিত্র-তায় বুদ্ধির পবিত্রতা হয় না, এই কথাই এস্থলে বলা হইল।) ৭। ১৫। ৮

অজ্ঞান ও স্বেচ্ছাচার মিশ্রিত ভাবের নাম উপধর্ম। যাহারা আপনাদের ব্যবহারের ও ইচ্ছার সার্থকার্থে ধর্ম্মশাস্ত্রোক্ত বিহিত শব্দাদির বিভিন্নার্থ কল্পনা করিয়া আত্মতুষ্টি ও স্বেচ্ছাচারপর হয়; সেই কল্পিত ধর্ম্মপন্থাকে ছলধর্ম্ম কহে। এতদ্ব্যতীত ধর্ম্মশাস্ত্রে বা বেদবিধিতে যাহা কখন বিহিত হয় নাই, এমন নূতন প্রণালী উদ্ভাবন করিয়া আপনাদের স্বেচ্ছাচার পূর্ণ করিতে যে ভাব প্রকাশ হয়, তাহাকে আভাস ধর্ম্ম কহে। এই যে কয়টী অধর্ম্মশাখার কথা কহিলাম, ইহা কোন আশ্রমীর পক্ষেই বিহিত নহে। ৭। ১৪। ১১

ব্যাখ্যা। যে সকল অনুষ্ঠান করিলে গৃহী,বানপ্রস্থী, ব্রহ্মচারী ও সন্ন্যাসীর প্রকৃত-সাধুস্বভাব বা সাত্ত্বিকভাব প্রকাশ হয় তাহাকে প্রকৃত ও শাস্ত্রবিহিত ধর্ম্ম কহে। এতদ্ব্যতীত যে সকল উপায় অসাধু বলিয়া অর্থাৎ ধর্ম্মভাবে অনুষ্ঠিত হয়, তাহাকে অধর্ম্ম কহে। তাহাদের অনুষ্ঠানে অমঙ্গলই সাধিত হইয়া থাকে, পরিণামে ঘোর অজ্ঞান ও অহংকার উপস্থিত হয়। এই সকল অধর্ম্মযুক্তির মধ্যে প্রধানতঃ পাঁচটীর নাম শ্রীনারদোক্তিতে এস্থলে প্রকাশ হইল।

নিজ সম্প্রদায়ের আচার্য্য ও গুরু, শিষ্যগণকে বিশেষ জানেন, কাহার কিরূপ ভাব বা প্রকৃতি কি তাহাও জানেন। তমো রজো ও সত্ত্বাদি প্রকৃতি অনুসারে তিনি শিষ্যগণকে ধর্ম্মানুষ্ঠান শিক্ষা দেন। তাহাতে শিষ্যগণের কল্যাণ ও সত্ত্বভাব বিকাশিতই হইয়া থাকে। কিন্তু তমোগুণী ব্যক্তি সাধনবলে যদি সত্ত্বগুণী না হইয়া নিজের আচর্য্যব্যতীত অপরের নিকট হইতে নিজের তমোগুণ থাকিতেও সাত্ত্বিক প্রকৃতির অনুষ্ঠান নিজে অভ্যাস করে, তাহা হইলে তাহার মনের বিশুদ্ধি ঘটিতে পারে না। যেমন কৃষ্ণ বর্ণে শ্বেত মিশাইলে কৃষ্ণকে কখন শ্বেত করা যায় না। যেমন জল দিয়া বস্ত্রের উপরে পতিত মলিনতা ধৌত করিয়া, পরে শ্বেত মাখাইলে তবে সে বস্ত্রকে শ্বেত দেখায়; তদ্রূপ সাধন বলে প্রথমে তামস ভাবনাশ করিবার জন্য আচার্য্য যে সকল উপায় শিক্ষা দেন, তাহা অভ্যাস দ্বারা কৃতী হইয়া, পরে সত্ত্বের অধিকারী হইয়া তাহা অনুষ্ঠান করা উচিত। এইজন্য রামায়ণে কথিত আছে যে, একজন শূদ্র তপস্যা করিয়াছিল বলিয়া; রামরাজ্য ধর্ম্মোজ্জ্বল হওয়াতে দুর্ভিক্ষ ও অকালমৃত্যু উপস্থিত হইয়াছিল। যদিও এই উপাখ্যানের যথার্থ তাৎপর্য্য অতি-সুন্দর। তথাপি লৌকিক অর্থে ইহা বেশ বুঝান হইল যে, অনধিকারী উচ্চাধিকারীর অনুষ্ঠান গ্রহণ করিলে সমাজবিপ্লব ও ধর্ম্মবিপ্লব ঘটিয়া থাকে। তাহাতে রাজশাসন মর্য্যাদা ক্ষয় হয়, স্বেচ্ছাচারী প্রজার জীবিকা চেষ্টাদি বিপ্লব ঘটে, সকলে

রোগশোকাদিতে মুক্ত হয়। তাহার দৃষ্টান্ত এই :—সমাজে যেমন কোন সামান্য ভৃত্য আহার প্রভুকে না মানিয়া প্রভুর ন্যায় পরিচ্ছদাদি ধারণ করিয়া, তাহার ন্যায় কথা বার্ত্তা ও প্রভুর বন্ধুগণের সহিত সদালাপ করিতে চায়, তাহা হইলে সেই প্রভুপক্ষে আপন সমাজে যেমন সম্মানের হানি ঘটে, স্বেচ্ছাচার ঘটে, সেই স্বেচ্ছাচারে সেই ভৃত্যও সকলের অশ্রদ্ধেয় হইয়া আপনার অকল্যাণ ঘটায়, এবং তাহার সহিত যে সম্মানী ব্যক্তি মিলিবেন, তাঁহারা ও সম্মান হানি হইবে এবং নীচব্যক্তির দোষ তাঁহাতে সংক্রামিত হইবে। এই নিয়মে তমো প্রকৃতির ও সাত্ত্বিক প্রকৃতির মিশ্রণে যেমন ঘোর সমাজবিপ্লব ঘটে, সেইরূপ অনধিকারী হইয়া উচ্চাধিকারীর অনুষ্ঠান অবলম্বন করিলে ; সে অনুষ্ঠানে কোন ফল পায় না, ফল না পাইলে তাহার শ্রদ্ধা হয় না, অশ্রদ্ধেয় অনুষ্ঠানে মনের বিশুদ্ধি দূরে থাক, অজ্ঞানই পুঞ্জীভূত হয়। এমন কি কোন কোন অনুষ্ঠানে কুম্ভকসাধনাদি অভ্যাস করিতে যাইয়া জীবন নষ্ট হয়। এতদ্ব্যতীত দুষ্ট ও নীচ ব্যক্তি অনধিকারী হইয়া সাধুচিহ্ন ধারণ করিলে তাহার সম্প্রদায়ের মধ্যে কিছু সম্মান ও প্রভুত্ব হইলে সেই দলভুক্ত ব্যক্তিগণ ব্রাহ্মণাদি উচ্চ অধিকারীর সম্মান করে না। ভান সাধুলক্ষণ ধারণ করিলে নিজ সম্প্রদায়ে সম্মান হয়, ইহা বুঝিয়া সকলেই তাহা অনুষ্ঠান করে, ইহাতে সাধুলক্ষণের ফল ও কার্য্য লোপ হয় এবং উচ্চাধিকারীর সহিত তাহাদের বিরোধ ঘটে। সেই বিরোধে ধর্ম্মবিপ্লব ঘটিয়া উঠে। ইহাতে প্রজার ঐহিক ও পারলৌকিক উভয় অশান্তি ঘটিয়া থাকে। সেই ঘোর স্বেচ্ছাচার, অজ্ঞান ও পাপ দৃঢ়ীভূত হইয়া যায়। এই জন্য বিধর্ম্ম অর্থাৎ যে কার্য্য করিলে আপনার প্রকৃতির বিপরীত ঘটনা হয়, তাহা ধারণ করা কর্ত্তব্য নহে। এই জন্য পরধর্ম্ম অর্থাৎ অজ্ঞাতকুলশীল ও হীন সম্প্রদায়ী কোন লোকের নিকটে ধর্ম্মশিক্ষা করা একান্ত বিরুদ্ধ।

এতদ্ব্যতীত নাস্তিক পাষণ্ডগণ যে স্বেচ্ছাচার নিয়মকে ধর্ম্ম বলিয়া অনুষ্ঠান করে. তাহাকে উপধর্ম্ম কহে, তাহা অনুষ্ঠানেও ঐরূপ অকল্যাণ ঘটে। শ্রুতি স্মৃতি ও ঋষি-গণের অনুমোদিত বিধিকে যাহারা স্বীকার বা সম্মান করে না, তাহাদের নাস্তিক ও পাষণ্ড কহে। সেই পাষণ্ডগণ আহার বিহারাদিতে উন্মত্ত থাকিবার জন্য কতকগুলি আপাততঃ মনোহর যুক্তিদ্বারা ভাবিসুখের কল্পনা করিয়া ঘোর অহংভাবাপন্ন থাকে। তাহাদের যুক্তি বা অনুষ্ঠান অভ্যাস করিলে, অন্তে ঘোর অজ্ঞানী হইতে হয়। আর কতকগুলি স্বেচ্ছাচারী নিজের বিদ্যা ও বুদ্ধি কৌশলে আপনাদের স্বেচ্ছাচার মতকে সমর্থন করিবার জন্য শাস্ত্রের অপরার্থ কল্পনা করিয়া যে নিয়ম প্রচার করে, তাহাকে ছলধর্ম্ম কহে। যেমন শাস্ত্রে আছে শ্রাদ্ধে বিপ্রকে গোদান করা কর্ত্তব্য; শ্রাদ্ধে দশা-বর ব্রাহ্মণ ভোজন করান উচিত। গোমাংস ভোজী স্বেচ্ছাচারীগণ গোদান শব্দের

যুক্তিতে অর্থ দেখাইলেন ঃ—অঞ্জলি পূরিয়া ফল পুষ্পাদি দানের ন্যায় যখন গোরুবাদিকে দেওয়া যায় না, তখন গো শব্দে এস্থলে গোমাংসদান বুঝায়। দশাবর শব্দে দশটি শ্রেষ্ঠ ব্রাহ্মণ; কিন্তু ঐ সকল স্বেচ্ছাচারী ব্যক্তি উহার অর্থ ঃ—দশ অবর অর্থাৎ নিকৃষ্ট ব্রাহ্মণ এইরূপ যুক্তি স্থির করে। এরূপ শাস্ত্রের প্রমার্থ সংযুক্ত স্বেচ্ছাচার নিয়মের বশবর্ত্তী হইয়া চলিলে অকল্যাণ ঘটিয়া থাকে। এতদ্ভিন্ন আর এক ঘোর স্বেচ্ছাচারী আছে; তাহারা আপনাদের মনের যুক্তিতে যাহাতে ঐহিক সুখে আহার বিহারাদিতে উন্মত্ত ও স্বাধীন থাকিতে পারে, এইজন্য শ্রুতি ও স্মৃতির অসম্মান করে। অর্থাৎ পুরবধুকে সাজাইয়া পথে পথে লইয়া বিহার করিলে অধিক আনন্দ, মদ্য ও স্বাধীন মৈথুনে অধিক সুখ হয়; উচ্চের সম্মান না করিয়া আচণ্ডাল সমান হইলে নীচবৃত্তির অনুষ্ঠানেও কেহ কাহাকে দোষী ও উন্মত্ত বলিতে পারে না। এরূপ ভাবিবারেও সুখী হওয়া যায়, এই সকল নিয়ম শাস্ত্র বিরুদ্ধ এইজন্য এইরূপ স্বেচ্ছাচারীগণ নিন্দাযুক্তি দ্বারা এইরূপ স্বেচ্ছাচারের প্রশ্রয় দিয়া, সকলের অমঙ্গল সাধন করে। এইজন্য এই নিয়মকে ধর্ম্মাভাস কহে। যতগুলি অধর্ম্ম শাখা আছে তন্মধ্যে এই পাঁচটী অত্যন্ত হানিকর; এইজন্য শ্রীনারদ ইহাদের একান্ত পরিহার করিতে উপদেশ দিলেন।

হে ধর্ম্মরাজ! ধর্ম্ম যাহাকে বলি, তাহা প্রত্যেকের স্বভাবের সহিত একীভূত, অতএব তাহা অনুষ্ঠানে কখন কাহারো অনিষ্ট হইতে পারে না। ৭।১৫।১২

হে মহারাজ! ধার্ম্মিক ব্যক্তির কতসুখ তাহা শ্রবণ করুন ঃ—ধার্ম্মিক ব্যক্তি নির্দ্ধন হইলেও তাহার ধনের কিছু প্রয়োজন হয় না, কারণ ধর্ম্মের সংসারে কাম্য উপাসনাদির প্রাবল্য নাই বলিয়া সেই নির্দ্ধন অথচ ধার্ম্মিক গৃহীকে, আত্মীয় পরিজন কেহই অনাদর করে না। অধিকন্তু ধার্ম্মিক অথচ নিশ্চেষ্ট ব্যক্তি অজগরের ন্যায় একস্থানে থাকেন। দৈবই তাঁহাকে প্রতিপালন করেন। অতএব মহারাজ, যে অবস্থায় কোন চেষ্টার অপেক্ষা থাকে না, নিজানন্দে নিজেই সকলের প্রিয় ও পূজ্য হইয়া থাকা যায়, কি ইহ ও পরলোকে পরমানন্দে উন্মত্ত থাকা যায়, এমন ধার্ম্মিক, চির সন্তুষ্ট, নিষ্কামী ও আত্মজ্ঞানীগণের যত সুখ;—যে ব্যক্তি ঘোরকামী ও অজ্ঞানী, সর্ব্বদা বিষয় ভোগের জন্য অর্থোপার্জ্জনের চেষ্টায় বুদ্ধিকে দশদিকে ধাবিত করে, সর্ব্বদা কাম ও লোভে উন্মত্ত থাকে; ধার্ম্মিক ব্যক্তির ন্যায় সে ব্যক্তির সুখ কোথায়? ৭।১৫।১৩

হে মহারাজ! যেমন চরণে পাদুকা থাকিলে গমনকারী ব্যক্তির পক্ষে পথিমধ্যে কণ্টক বা প্রস্তরাদি থাকিলেও কোন কষ্ট দিতে পারে না; সেইরূপ যাহার মন সর্ব্বদা সন্তুষ্ট থাকে, সংসারে সর্ব্বদিকেই তাহার কল্যাণ বিরাজ করে। ৭।১৫।১৭

আরো দেখুন রাজন্। সন্তুষ্টচিত্ত ব্যক্তিকে যাহা কিছুতেই, এমন কি একগণ্ডুষ বারিতেও তৃপ্ত করা যায়; কিন্তু অসন্তুষ্ট ব্যক্তি উপস্থের ও জিহ্বার সুখাস্বাদন লোভে ব্যতিব্যস্ত হইয়া ক্রমে কুকুরের ন্যায় লাঞ্ছনা সহ্য করিয়াও উচ্ছিষ্ট লাভের অন্ত এবং পশুত্ব প্রাপ্ত হইয়া থাকে।

অধিক আর কি বলিব! মহাপণ্ডিত ও মহাযশস্বী বিপ্রও যদি অসন্তুষ্ট হয়েন, কাম লোভাদিতে আপনার মনকে ধাবিত করেন, তাহা হইলে বিষয়পরবশে তাঁহার ইন্দ্রিয়াদি উন্মত্ত হওয়াতে, মন তাঁহার বিষয়াশক্ত হয়, সেই আশক্তি হেতু তাঁহার জ্ঞানও আবৃত হইয়া থাকে। জ্ঞান আবৃত হইলে ক্রমে ক্রমে তাঁহার ব্রহ্মণ্যতেজ ক্ষয় হয়; বিদ্যা, তপস্যা, ও যশঃ ও ক্ষয় হইয়া যায়। ৭। ১৫। ১৫

হে মহারাজ! এমন যে দুর্দান্ত কামচেষ্টা, ইহা ক্ষুধা ও তৃষ্ণাকালে শান্ত ভাব অবলম্বন করে। এমন যে দুর্দমনীয় ক্রোধ, তাহাও তাহার কার্য্যস্বরূপ হিংসাদি শেষ হইলে শমিত হয়, কিন্তু অসন্তুষ্টচিত্ত লোভীব্যক্তি আজন্ম সমস্ত সংসারের সুখ ভোগ করিলেও চিত্তের তুষ্টি লাভ করিতে পারে না। দেখুন মহারাজ! এমন অনেক লোক দেখা গিয়াছে যে, তাঁহারা সর্ব্বসংসারবেত্তা ও বহুদর্শী পণ্ডিত ও মহা মহা সভায় বরণীয় বটেন, কিন্তু এত বিদ্যা ও গুণ থাকিতেও লোভ পরবশে একমাত্র চিত্তের অসন্তুষ্টি উপস্থিত হওয়াতে, তাঁহাদের উন্নতি হয় নাই, অধোগতি লাভ হইয়াছিল। ৭। ১৫। ১৮

হে মহারাজ! আসক্তচিত্ত সংসারীর কামাদিতে অনুরাগ থাকিলে, ক্রমে যে রূপ দুর্গতি হয়, তাহা আমি বর্ণনা করিলাম। গৃহীব্যক্তি একণে কি উপায়ে ঐ কামাদিকে জয় করিয়া উন্নতিলাভ করিতে পারে তাহা শ্রবণ কর:—

সদা সন্তুষ্টচিত্ত হইয়া কখন কোন কামনা বা সংকল্প মনে না রাখিলে কামভাব বা কর্ম্মেচ্ছা প্রকাশ হয় না। কর্ম্মেচ্ছা ও আসক্তি না থাকিলে ক্রোধ আপনিই প্রকাশ হইতে পারে না। সাংসারিক ভোগবিষয়ে অনর্থ দর্শন করিতে থাকিলে আপনিই লোভ জয় করা হয়; অদ্বৈত তত্ত্বানুসন্ধান করিতে করিতে চিত্তকে যত জ্ঞানময় করা যাইবে, ততই অজ্ঞানমূলক সাংসারিক ভয় ক্ষয় হইয়া থাকে। কোনটী নিত্য কোনটী অনিত্য, এইরূপ চিন্তা করিতে করিতে হৃদয় হইতে গৃহীর শোক ও মোহ অপনীত হইয়া যায়। সাধুগণের সেবায় ভোগকে সকলই অকিঞ্চিৎকর বলিয়া স্থির হয়; গৃহীর হৃদয় হইতে দম্ভ অর্থাৎ অহংজ্ঞান ততই লঘু হইয়া থাকে। অপর বিষয়ীর সঙ্গ ও বিষয়ভোগের এবং তাহা রক্ষণের জন্য ভবিষ্যতের উপায় নির্দ্ধারণার্থ আত্মীয়াদির সহিত কথাবার্ত্তাই পরমার্থ যোগের একান্ত বিঘ্নকারী হইতেছে। গৃহী ব্যক্তি ঐ সকলের সঙ্গে ও কথাবার্ত্তায় উদাসীন এবং মৌন থাকিয়া ঐ সকল বিপদ

হইতে আপনাকে সাবধানে রাখিবে। কামাদিতে এইরূপে অনিচ্ছা উপস্থিত হইলে অপর প্রাণীর প্রতি দ্বেষ একেবারে ক্ষয় হইয়া যাইবে; সর্ব্বভূতে সমদর্শন উপস্থিত হইবে। (এইরূপ সর্ব্বকল্যাণময় অবস্থা যখন জীবের উপস্থিত হইবে, তখন তাঁহার সকল বিঘ্ন ক্ষয় হইতে আরম্ভ হইবে।) যে সকল হিংস্রপ্রাণী মানব দেখিলেই হিংসা করে, তাহাদের কৃপা ও সদয়ভাব দেখাইয়া আত্মশক্তি বলে বশীভূত করিবে। দৈব হইতে যে সকল বিপদ উপস্থিত হয়, তাহা ধৈর্য্য ও সমাধিতে জয় করিবে। দেহ থাকিতে ব্যাধি প্রভৃতি প্রকাশ হইবার সম্ভাবনা থাকে, যোগবীর্য্যে ব্যাধি প্রভৃতিকে জয় করিবে এবং নিদ্রা, আলস্যাদি অজ্ঞানের প্রকাশক, এইজন্য সত্বগুণ অবলম্বন ও সাত্বিক আহারে উহাদের ক্ষয় করা উচিত। সত্বগুণের আচরণে রাজস ও তামস গুণকে জয় করিবে; উপশমের ক্ষমতায় সেই সত্বগুণকেও জয় করিবে। হে মহারাজ! এই যে এতগুলি জয় করিতে উপদেশ দিলাম; গুহীব্যক্তির একান্ত গুরুভক্তি রূপী আদিশক্তি যদি থাকে, তাহা হইলে তবায় সেই শক্তি সাহায্যে তিনি এই সকল জয় করিতে সক্ষম হইতে পারেন। ৭। ১৫। ১৭। ১৮। ১৯

ব্যাখ্যা। গৃহসংসারে থাকিয়া কেহ বদ্ধ হয়, কেহ মুক্ত হয়, একথা শ্রীনারদ কেন বলিলেন, তাহাই এই কয় শ্লোকে তাঁহার উক্তিতে প্রকাশ হইল। ব্রহ্মচর্য্য, বাণপ্রস্থ ও সন্ন্যাসে আশক্তিই পতনের কারণ এবং অনাশক্তিই উন্নতির কারণ, সেই-রূপ গৃহাশ্রমেও আশক্তিই পতনের কারণ এবং অনাশক্তিই উন্নতির কারণ। এস্থলে এই সন্দেহ হইতে পারে যে :—অপরাপর আশ্রমে ভোগ নিষিদ্ধ, কাজেই আশক্তি সহজে ক্ষয় হইতে থাকে। কিন্তু গৃহে ভোগ পূর্ণ, অগ্নির সম্মুখে ঘৃতের ন্যায় গৃহে এত ভোগ থাকিতে মানবের কোমল মন আশক্ত হইতেই পারে। সেই আশক্তি ক্ষয় হইবার উপায় কি? তাহা প্রকাশ করিতে শ্রীনারদ কহিলেন :—ভোগে সন্তুষ্ট ও অসন্তুষ্টই বন্ধ ও মোক্ষের কারণ। যথাভোগে যে গৃহী চিত্তকে সন্তুষ্ট রাখিয়া পূর্ব্বোক্ত ধর্ম্মার্থকামার্থ কার্য্য করিতে পারে, সেই ব্যক্তিই মুক্ত হয়। আর যে ব্যক্তি যথাভোগ্য লাভে সন্তুষ্ট না হইয়া নিত্য নূতন ভোগে প্রয়াস করে, সেই ব্যক্তিই বদ্ধ হয়। কেবল উপস্থ সম্বন্ধীয় কামে ও জিহ্বা অর্থাৎ রসাস্বাদনজন্য কামেই গৃহীর মন প্রথমেই অনুরত হয়। ঐ দুই কামকে জয় করিয়া সন্তুষ্ট থাকিতে পারিলে, আর অসন্তুষ্টি থাকিতে পারে না। এই অসন্তুষ্টি কেবল যে অজ্ঞানীর অহিতকারী তাহা নহে; জ্ঞানী ও সিদ্ধ ব্যক্তির সিদ্ধিও ক্ষয় হইয়া থাকে। ইহা পূর্ব্বে ভোজনশ্লোক পর্যান্ত উপলক্ষ

দিয়া শ্রীনারদ গৃহীর অনাসক্তি ক্রিমে উপস্থিত হয় তাহাই সপ্তদশ শ্লোক হইতে বর্ণনা করিতে আরম্ভ করিলেন।

উপস্থিত বিপদ, সম্পদ, লাভ ও হানিতে উদ্বিগ্ন না হইয়া, ধৈর্য্য অবলম্বন করার নাম অসংকল্প। এই ভাব ধারণ করিয়া থাকিলে; অর্থাৎ বিপদ আসিবার পূর্ব্বে ও উপস্থিত হইলে নিরুৎসাহ হইয়া লোকে অধীর না হইয়া, ধৈর্য্য অবলম্বন পূর্ব্বক তৎ প্রতিকারের চেষ্টা; সম্পদ উপস্থিত হইলে পূর্ব্বোক্ত নিয়মে সকল প্রাণীকে ভোগ করাইয়া নিজে ভোগ করা এবং সম্পদ ক্ষয় হইলে তজ্জন্য আকুল না হওয়া; লাভে উন্মত্ত হইয়া ক্ষতির দিকে দৃষ্টি রাখা এবং ক্ষতি হইলে একেবারে বুদ্ধি হারাইয়া অধীর না হওয়াই মনের সংকল্প বা আসক্তি ত্যাগের কারণ। সদাতুষ্ট ব্যক্তি ঐ সকল ভাব ধারণ করিতে পারেন। ঐরূপ সংকল্পত্যাগী হইলে কামনাবীজ মনে নূতন অঙ্কুর প্রকাশ করিতে পারে না। কামের অপূরণেই ক্রোধের উদয়, অতএব কাম-চেষ্টা নষ্ট হইলে আর ক্রোধ প্রকাশ হয় না। সকাম ভোগ অনিত্য, কেবল আত্ম-তত্ত্বই নিত্য, এরূপ নিত্যানিত্য বোধ হইলে, ভোগে কখনই লোভ প্রকাশ হয় না। অন্ধকারের ন্যায় যেখানে অজ্ঞান সেই স্থানেই ভয়; অর্থাৎ পাপ করিলাম কি পুণ্য করিলাম, ব্যাধি, জন্ম, জরা হইতে উদ্ধার পাইব কি না, এই ভয় সর্ব্বদা লোকের মনে জাগরূক থাকে। যখন তত্ত্বজ্ঞান উপস্থিত হয়, তখন সকল ভাগ্য ঘটনা বুঝিতে পারিলে আর ভয় থাকে না। এইরূপে অষ্টাদশ শ্লোকাবধি নিজের চেষ্টায় আধ্যা-ত্মিক অকল্যাণ ক্ষয়ের উপায় শ্রীনারদ প্রকাশ করিলেন। পরে বাহ্য বিপদ হইতে উদ্ধার পাইবার উপায় বলিতেছেন।

লোকে ঐরূপ সদাচারী হইয়া সদা সন্তুষ্টচিত্ত ও আসক্তিশূন্য হইলে, তত্ত্বজ্ঞানের সহিত আর একটী শক্তি তাঁহার হৃদয়ে প্রকাশ হয়। সেই শক্তিবলে তাঁহার সর্ব্বজীবে সমদৃষ্টি হয়। সেই সমদৃষ্টি ও সর্ব্বভূতে আত্মপ্রত্যক্ষকালে তাঁহার হৃদয় হইতে এমন একটী ভাবের প্রকাশ হয়, চন্দ্র দেখিয়া যেমন সকলে সন্তুষ্ট হয়, তদ্রূপ সেই ভাব-বশে সকল প্রাণীই সেই সাধুব্যক্তির বশীভূত হইয়া থাকে। ঐ ভাবটীর নাম কৃপা। উহার ক্ষমতায় ব্যাঘ্র সর্পাদিও সে ব্যক্তির সম্মুখে হিংসাত্যাগ করিয়া, তাহার বশীভূত হইয়া থাকে। অতএব ঐভাব উপস্থিত হইলে কোন প্রাণী হইতেই বাহ্যে সন্তুষ্টচিত্ত গৃহীর ভয় রহিল না। গ্রহপীড়া ও বজ্রপাতাদিকে দৈবভয় কহে। গৃহীব্যক্তি ধৈর্য্যবলে ও সমাধিবলে শরীরের এরূপ রক্ষাক্ষমতা প্রকাশ করিতে পারেন, তাহাতে দৈবভয় শান্ত হয়। যেমন গৃহের উপরে বিদ্যুত আকর্ষণের ধাতুময় কোন তন্তু বা দণ্ড রাখিলে বজ্রপাত হইবার ভয় নিবারণ হয়; তদ্রূপ সমাধিকালে দেহ হইতে বিদ্যুৎক্রিয়া এত প্রবল হয় যে, তাহার ক্ষমতায় বজ্রাগ্নি আকর্ষিত ও শমিত হয়;

সিদ্ধের দেহে বা সিদ্ধস্থানে পতিত হয় না। এই হেতু সমাজে লৌকিক প্রবাদ আছে যে মহাপাপী না হইলে বজ্রাঘাতে মৃত হয় না।

এতদ্ব্যতীত বায়ু, পিত্ত ও কফের গতির বিকৃতি উপস্থিত হইলে, স্থূলদেহে ব্যাধি উপস্থিত হয়। প্রাণায়াম ও যোগবলে ঐ গতি নিয়মিত রাখিতে পারিলে আর ব্যাধি উপস্থিত হইতে পারে না। এস্থলে গৃহীর পক্ষে সন্ধ্যাবন্দনাদি ও নিত্যস্নানাদি এবং ব্রতধারণাদিকে যোগ বলা হইল। নিদ্রাদিতে দেহের জড়তা উপস্থিত হয়, সেই জড়ত্বহেতু ঘোর অজ্ঞান উপস্থিত হইবার সম্ভাবনা; সাত্ত্বিক আহার করিলে সেই জড়তা উপস্থিত হইতে পারে না। এই যে সকল শক্তির কথা কথা বলা হইল, ইহা গৃহী মনে করিলেই করিতে পারিবেন না। কারণ একমাত্র দৃঢ়া গুরুভক্তি ব্যতীত কখনই কামাদি জয়ের ক্ষমতা ও এতদূর সিদ্ধি কখনই লাভ হইতে পারে না। পূর্ব্বে বলা হইয়াছে যে, ব্রাহ্মণ অর্থাৎ অতিশয় সিদ্ধগুণ সম্পন্ন ব্যক্তির মনে ভগবানের লীলা অধিক প্রত্যক্ষিত হয়, এইজন্য ব্রাহ্মণের পূজা করিলে সাধুগুণ শিক্ষা হইয়া থাকে। সেই ব্রাহ্মণই গুরু অর্থাৎ পূজার পাত্র; তাঁহার সেবা ও পূজনের একান্ত অনুরাগকে গুরুভক্তি বলে। সেই সাধুসেবানুরাগ হইতে গৃহী ক্রমে সন্তুষ্টচিত্ত হইতে আরম্ভ করে। সেইরূপ সাধুসঙ্গ ও সাধুর উপদেশ গ্রহণ ব্যতীত কখনই গৃহী আত্মতুষ্টি লাভ করিতে পারে না, এবং কামাদি জয় করিতেও পারে না। পরে গুরুর পরিচয় দেওয়া হইতেছে।

হে মহারাজ! যে গুরু জ্ঞানদীপ্তিতে শিষ্যের হৃদয় আলোকিত করিতে পারেন, সেই গুরু সাক্ষাৎ ষড়ৈশ্বর্য্যশালী ঈশ্বরের প্রতিমা স্বরূপ। সেই প্রত্যক্ষ ভগবৎপ্রতিমাকে যে ব্যক্তি সামান্য বিষয়ী মনুষ্যের ন্যায় জ্ঞান করে; সেই অশ্রদ্ধাসম্পন্ন ব্যক্তি গৃহে থাকিয়া বহুশাস্ত্র শ্রবণ ও বহুপুণ্য আহরণ করিলেও কোন সৎফল প্রাপ্ত হয়না। তাহার অশ্রদ্ধা হেতু পুণ্যাহরণ চেষ্টা কেবল হস্তীর স্নানের ন্যায় হইয়া থাকে। অর্থাৎ হস্তী যেমন তীরে উঠিয়াই পুনরায় শুণ্ডদ্বারা ধূলি উড়াইয়া সর্ব্বাঙ্গ ধূসরিত করে; তদ্রূপ সেই ব্যক্তি অনুষ্ঠান ও কার্য্যে যত পবিত্রতা লাভ করে, অশ্রদ্ধায় তাহা ক্ষয় করিয়া ফেলে। ৭। ১৫। ২০

যিনি ভগবান; যিনি প্রধান ও সকল পুরুষের অর্থাৎ জীবের নিয়ন্তা, যোগেশ্বরগণ যাঁহার চরণ অর্থাৎ সত্তা উপলব্ধি করিবার জন্যই এত ব্যাকুল;—পূর্ণ জ্ঞানময় গুরু সেই পূর্ণ ভগবানের স্বরূপ হইতেছেন। অতএব যে ব্যক্তি ভ্রান্ত, সে ব্যক্তিই এমন ব্রহ্মসত্তার স্ফূর্ত্তিমান্ পুরুষকে মায়িক মনুষ্য বলিয়া অনুভব করে। ৭। ১৫। ২৬

হে মহারাজ! গুরুভক্তি ব্যতীত পূর্ব্বোক্ত নিষ্কামগুণ গৃহী লাভ করিতে পারে

না এবং চিরসন্তুষ্টও হইতে পারে না। কিন্তু যদি গুরুভক্তিও থাকে এবং পূর্ব্বোক্ত অনুষ্ঠানাদিও করে, কিন্তু ইন্দ্রিয় সংযম করিতে অক্ষম হয়, তাহার পক্ষে কৃতকার্য্য কিরূপ নিস্ফল হয় তাহা শ্রবণ কর ঃ—

হে রাজন! পূর্ব্বে দানব্রত, অতিথীসৎকার, ভোগ ও নিষ্কামভাব সাধনের জন্য যে সকল চেষ্টার কথা উপদিষ্ট হইয়াছে, তাহা কেবল যে ব্যক্তি ষড়বর্গযুক্ত বিষয়ভোগ হইতে ইন্দ্রিয়কে সংযত করিতে পারিয়াছে, সেই ব্যক্তিই ঐ সকল অনুষ্ঠান করিয়া ফল প্রাপ্ত হইবে। কারণ বাহ্য সংযম করিয়া অন্তরকে যে যোগপর অর্থাৎ ব্রহ্মতত্ত্ব-জ্ঞানপর না করিতে পারিবে, তাহার সৎকর্ম্ম অনুষ্ঠানের ফল লাভ হইবে না। সে অনুষ্ঠানে কেবল তাহার বৃথা শ্রমই হইবে। অতএব বাহ্য নিবৃত্তির সহিত গুরুভক্তি ও কর্ম্মনিষ্ঠার যোগে ইন্দ্রিয়গণকে সঙ্গে সঙ্গে ভোগ হইতে উপরত করিবার জন্য, তত্ত্বজ্ঞানে ও তত্ত্বধ্যানে মনকে নিরত করিতে হইবে। ৭। ১৫। ২২

যেমন কৃষি বাণিজ্যাদি বিষয় বৃত্তি বিষয়াশক্তিই আনয়ন করে, মুক্তিফল দিতে পারে না। তদ্রূপ ইষ্টা, পূর্ত্ত বা যজ্ঞাদি কার্য্য সহযোগে তত্ত্বজ্ঞানী না হইতে পারিলে এবং তত্ত্বজ্ঞান যোগে বিষয় হইতে ইন্দ্রিয়গণকে প্রত্যাহার করিতে না পারিলে উহা-রাই মুক্তির কারণ না হইয়া সংসারের কারণ হইয়া থাকে। ৭। ১৫। ২৩

ব্যাখ্যা। ব্রহ্মচর্য্য, বাণপ্রস্থ ও সন্ন্যাসে যে উপায়ে চিত্ত বিশুদ্ধির জন্য ইন্দ্রিয়-সংযম উপায় নির্দ্দেশ হইয়াছে, গৃহস্থাশ্রমেও সেইরূপ ইন্দ্রিয়সংযম প্রয়োজন। তবে অপর আশ্রমে যমনিয়মআসনাদি যোগাঙ্গের দ্বারা ধ্যান বা সমাধি স্থির হইলে ইন্দ্রিয়কে জয় করা যায়; ইহাতে সেরূপ যোগের আবশ্যক নাই। গৃহে থাকিয়া গুরুকে ঈশ্বর ভাবিয়া তৎপূজা দান, ব্রত, যজ্ঞাদি হইতে তত্ত্বজ্ঞান আহরণ করিয়া সেই তত্ত্বচিন্তা করিতে পারিলে ক্রমে শাস্ত্র ও উপদেশবশে ইন্দ্রিয়গুলি বিষয় ভোগ হইতে বিরত হয়। অর্থাৎ তত্ত্বজ্ঞানে নিত্যানিত্য বিবেক উপস্থিত হইলে আশক্তি ক্ষয় হইয়া থাকে। অতএব ইন্দ্রিয়গুলি বিষয়ভোগে প্রবল হয় না। এইরূপে সংসা-রীর উন্নতি দেখাইয়া উন্নতিকালে কোন বিঘ্ন উপস্থিত হইলে তাহাদের প্রতি বিধা-নের উপায় পরে বলা হইয়েছে।

হে মহারাজ! যে ব্যক্তি কুটুম্ব, আত্মীয়, পরিজন ও গৃহবিত্তাদি ভোগের মধ্যে থাকিয়া পূর্ব্ব প্রকারে অনুষ্ঠান করিয়াও চিরতুষ্ট ও ইন্দ্রিয়কে জয় করিয়া চিত্তের শুদ্ধি করিতে অক্ষম হয়; সে ব্যক্তির পক্ষে আর গৃহে থাকা উচিত হয় না। সে ব্যক্তি তৎক্ষণাৎ চিত্তবিশুদ্ধির জন্য প্রয়াসী হইয়া সন্ন্যাস ধর্ম্ম অবলম্বন করিবে।

নিঃসঙ্গ ও অপরিগ্রহ হইবে। একা নির্জ্জনস্থানে থাকিয়া ভিক্ষা করিয়া কেবল প্রাণ ও দেহ রক্ষার্থে যৎকিঞ্চিৎ মিত ও শুদ্ধ আহার করিবে। ৭। ১৫। ২৯

ব্যাখ্যা। সংসারে ভোগ করিতে করিতে ঐরূপ সদনুষ্ঠান করিলেও যাহার ইন্দ্রিয় জয় হয় না; তাহার অজ্ঞান চেষ্টা অতি প্রবল। সেই প্রাবল্য নাশ করিতে কঠিন শ্রমে তত্ত্বজ্ঞান আহরণের প্রয়োজন। সন্ন্যাসাশ্রমেই সর্ব্বাপেক্ষা কঠিন উপায়ে তত্ত্বজ্ঞান আহরণ করিতে হয়। এইজন্য ঐরূপ বাসনার অধীন গৃহীব্যক্তি আত্মকল্যাণ ইচ্ছা করিলে, আর গৃহে থাকিবেন না; কারণ গৃহটী আর তাহার পক্ষে সাধনস্থল নহে। এইজন্য সন্ন্যাস অবলম্বন করিয়া যে সকল নিয়মে থাকিবে তাহাই পরে বলা হইতেছে।

হে মহারাজ! সন্ন্যাস অবলম্বন করিয়া সেই ব্যক্তি আপনার চিত্তশুদ্ধির জন্য যোগ আশ্রয় করিবেন। পূর্ব্বোক্ত পবিত্র দেশে কোন নির্জ্জন ও যোগবিধির উপযুক্ত স্থানে, তিনি আসন কল্পনা করিবেন; সেই আসন করিবার স্থানটী যেন সমতল হয়। সেই সমতল অথচ পবিত্র স্থানে আসন কল্পনা করিয়া, যাহাতে সুখে বায়ুধারণা হয়, এবং নিশ্চল ও উদ্বেগহীন থাকা যায়; সেই ভাবে আসন অবলম্বন পূর্ব্বক আপনার অঙ্গকে সরল ভাবে ধারণ করিবেন, পরে সর্ব্বদা ওঙ্কার উচ্চারণ করিতে থাকিবেন। পুরক, কুম্ভক ও রেচক দ্বারা প্রাণ ও অপান বায়ুকে নিশ্চল করিতে চেষ্টা করিবেন। (কারণ প্রাণক্রিয়া স্থির হইলে মনও কিছু স্থির হইয়া থাকে।)

যতক্ষণ না মন হইতে নিত্য নিত্য নূতন ইচ্ছা বা ভোগাশক্তি অপনীত হয়; ততকাল পর্য্যন্ত কুম্ভক কালে স্বনাসাগ্র নিরীক্ষণ করিবে। (অর্থাৎ দৃষ্টিকে একাগ্র করিতে পারিলে মন একাগ্র হয়।) হে রাজন্! মন স্বভাবত কামনা পূরণার্থে বহুতর চেষ্টা করিয়া থাকে; এইরূপ ধ্যান ও যোগাবস্থায়ও মন যখন যে বিষয় কামার্থ চালিত হইবে; উপরতি বলে তাহাকে সেই সেই বিষয় ভোগ হইতে নিবারণ করিয়া, হৃদয়ে যে বিষয় ধ্যান করা হয়, তাহাতে নিরুদ্ধ বা যত্নে নিয়োগ করিতে চেষ্টা করিবে। এইরূপ চিত্তশুদ্ধির উপায়ই এইরূপ অধিকারীর পক্ষে বুদ্ধিমান যোগিগণে স্থির করিয়াছেন। ৭। ১৫। ২৫

হে মহারাজ! ক্রমে ক্রমে অভ্যাস করিয়া দিবানিশি এইরূপ যোগাভ্যাস ও ধারণাভ্যাস করিতে পারিলেই, যত্নশীল ব্যক্তির অতি অল্পকালের মধ্যেই চিত্তের বিশুদ্ধি ঘটিয়া থাকে। কারণ অগ্নিতে যেমন ইন্ধন না থাকিলে অগ্নি আপনিই নির্ব্বাপিত হয়, তদ্রূপ মন চেষ্টাশূন্য হইলে ও ধ্যানে স্থির হইলে, সকল ভোগেচ্ছা একেবারে তিরোহিত হইয়া থাকে। ৭। ১৫। ২৬ *

হে মহারাজ! একবার যাঁহার চিত্ত কামাদি প্রবল বেগ হইতে নিষ্কৃতি পায়, একবার যাঁহার চিত্ত অখিল বাসনা বৃত্তি হইতে প্রশান্ত হয়। এই অবস্থায় উপস্থিত হইলে একবার যাঁহার চিত্ত ব্রহ্মানুভবানন্দ ভোগ করিতে পারে; আর কোন কারণেই সেই অনন্তসুখভোগী চিত্ত বিচলিত হইতে পারে না। ৭। ১৫। ২৭

ব্যাখ্যা: যাঁহারা গৃহী হইয়াও গার্হস্থ্য ধর্ম্মে যে উপায়ে মুক্তি লাভ করা যায়; সেই সকল ধর্ম্ম নিয়ম অবলম্বন করিয়াও বিষয় হইতে বিরক্ত হইতে না পারেন; তাঁহাদের মনের ও চিত্তের অজ্ঞান সংস্কার অতি ঘোরতর। সেই ঘোরাবস্থা হইতে উদ্ধার পাইবার জন্য যে উপায় অবলম্বন করিতে হয় তাহাই এই কয় শ্লোকে ব্যাখ্যা করা হইল। প্রথমে সন্ন্যাস অর্থাৎ সর্ব্বকর্ম্মত্যাগী, সর্ব্ব বেশভূষা ত্যাগী, সর্ব্বভোগ-ত্যাগী, নিরভিমানী; আহার বিহারাদিতে নিরপেক্ষী হইয়া নির্জ্জনে অবস্থান করিতে হয়। পূর্ব্বে পুরাণমতে যে সকল স্থানকে পবিত্র বলা হইয়াছে, অর্থাৎ হরিমন্দির হইতে তীর্থক্ষেত্র বা নদী ও পবিত্র পর্ব্বতাদি, যাহার যথায় যাইতে বা থাকিতে সুবিধা বোধ হইবে, সেই স্থানে সে ব্যক্তি নির্জ্জনে ও নিঃসঙ্গে থাকিবে। হরিমন্দির হইতে ঐ সকল স্থানে বাস করিয়া যে স্থানটীতে আশ্রম স্থাপন করিবে; সেই স্থানটী যেন যোগ সাধনের উপযুক্ত হয়। অর্থাৎ উষ্মাদি দোষযুক্ত না হয়, উচ্চনীচ বা অসমতল না হয়; নিম্নভূমি না হয়; দুর্গন্ধাদি যুক্ত না হয়; দূষিত বায়ু ও জল না থাকে। এইরূপ গুণ ও আস্থা সম্পন্ন অসমতল ভূমিতে আসন কল্পনা করিয়া প্রাণ নিরোধ, ওঙ্কারোচ্চারণ ও নাসাগ্র নিরীক্ষণ করিতে নিয়ত আসনে উপবেশন করিবে। যে উপায়ে দেহ সরল ও বায়ুধারণ কালে কোন শিরা বা নাড়ী কুঞ্চিত না থাকে; ব্রহ্মরন্ধ্র হইতে নাভির নিম্নস্থল পর্য্যন্ত বায়ুনাড়ী অকুঞ্চিত থাকায়, বায়ু প্রবেশ ও ধ্রুত সহজে হয়, এমন কৌশলে দেহের হস্তপদাদি বন্ধন পূর্ব্বক উপবেশনকে আসন কহে। সেইরূপ আসন কল্পনা করিতে, সরল ভাবে থাকিয়া মনকে স্থির ও সুখী করিতে হরিনাম বা শক্তিনাম বা ওঙ্কার জপ করিবে। হরিনাম, শক্তিনাম, ওঙ্কারের একই অর্থ হইতেছে। শ্রীনারদের নির্গুণ ব্রহ্মোপদেশ নিবন্ধে, হরি দুর্গা প্রভৃতি ভাব বোধক এক ওঙ্কার বীজমন্ত্র উপদেশ দেওয়া হইল। ঐরূপে উপবেশন ও জপ করিতে করিতে মনকে নিশ্চল করিতে প্রাণ ও অপান ক্রিয়া নিবারণ করিতে হয়। পূরক রেচক ও কুম্ভক নিয়মে বায়ুধারণ করিতে অভ্যাস করিলে ঐক্রিয়া নিরুদ্ধ হইয়া থাকে। পরে মনকে কেবল ধ্যেয় ব্রহ্মমূর্ত্তিতে একাগ্র শিক্ষা করাইবার জন্য প্রথমে সেইজপ কালে দৃষ্টিকে নাসাগ্রে সংরক্ষণ করিবে। এইভাবে থাকিবার কালে পূর্ব্বাভ্যাস হেতু মন যদি কোন কোন বিষয়ে কখন বিচলিত হইতে চেষ্টা করে, তখন সেই মনকে সেই বিষয় ভাবনায়

নিরত হইতে না দিয়া, যত্নে হৃদয়ে ধ্যানার্থ প্লুত ব্রহ্মমূর্ত্তির বা যে কোন ইষ্টমূর্ত্তির ধ্যানে নিয়োগ করিবে। এইরূপ অভ্যাস করিতে করিতে, ক্রমে মন বিষয়ভোগ ভুলিয়া যায়, ব্রহ্মানন্দ অনুভব করে। সুখ বা আনন্দ ভোগ যাহাতে পায়, মন তাহাতেই মগ্ন হইয়া থাকে। সংসারে ক্ষণিক সুখ প্রাপ্ত হয় বলিয়াই এত কষ্ট থাকিতেও মন সংসারে আবদ্ধ থাকে। আবার যখন দুঃখশূন্য পূর্ণব্রহ্মানন্দ মন অনুভব করিতে পারিবে, তখন আর তাহার বিষয় সুখ মনে থাকিবে না!! এই অবস্থায় চিত্তের যে বিক্ষিপ্ত ও মূঢ়ত্বাদি অজ্ঞানদুষ্ট বৃত্তি ছিল, তাহা ক্ষয় হইয়া যায়।

এইরূপে ব্রহ্মচারী, বাণপ্রস্থী, সন্ন্যাসী, গৃহী ও গৃহেতে অনিয়ত বুদ্ধিমান্ ব্যক্তিগণ কি কি উপায়ে ব্রহ্মসুখ লাভ করেন, তাহাই একে একে প্রমাণ করিয়া বর্ণাশ্রমধর্ম্মের দ্বারা কি ইহ কি পরত্রে কত আনন্দ ও উন্নতি হয়, তাহাও প্রমাণ করিয়া, অবনতি ও উন্নতির দোষ ও মহিমা শ্রীব্যাস নারদোক্তিতে কীর্ত্তন করিতেছেন।

হে মহারাজ! এই গৃহস্থাশ্রম; এইস্থানে মানবের একত্রে ধর্ম্মসাধন, অর্থ অর্থাৎ ভোগ ও মোক্ষের উপায় সাধ এবং কাম অর্থাৎ সংসার ও পরমার্থের ভোগ সাধন হয়। এমন ধর্ম্মার্থ ও শমাদি অঙ্কুরিত হইবার ক্ষেত্র স্বরূপ গৃহে থাকিয়াও যে ব্যক্তি তৎসাধনে সক্ষম না হইয়া ভোগহীন হইবার জন্য একবার সন্ন্যাস অবলম্বন করে; সেই সন্ন্যাসাশ্রমেও সে ব্যক্তি যদি আপনার চিত্তকে বিশুদ্ধ করিতে অক্ষম হয় এবং পুনরায় ভোগেচ্ছা প্রবল করিয়া, সংসারে প্রবেশ করে; সেই ব্যক্তি অতি ঘৃণিত; যেমন নীচপশু কুকুরাদি এক জনের উচ্ছিষ্ট বস্তু আহার করে, তদ্রূপ একবার ভোগ ত্যাগ করিয়া পুনরায় তাহা গ্রহণ করিলে সে ব্যক্তি কুকুরের ন্যায় ঘৃণিত হইয়া থাকে। ৭।১৫।২৮

হে মহারাজ! একবার সন্ন্যাসী হইলে আবার যে তাহার ভোগে আসক্তি হয়, একথাকে অসম্ভব মনে করিও না। কারণ জ্ঞানী ব্যক্তি যে দেহকে এত অনিত্য ভাবে, ইহা পরিণামে বিষ্ঠা, কৃমি বা ভস্মে পরিণত হইবে। সেই দেহকে যখন অজ্ঞানী ব্যক্তি নিত্য ও আপনাদের মমতা ও যত্নের স্থল বলিয়া সুখী হয় এবং দেহের সুখেই নিজের সুখ, ইহা ভাবিয়া আনন্দিত থাকে। তখন তাহারা একবার সন্ন্যাস অবলম্বন করিয়াও স্বচ্ছন্দে অজ্ঞানবশতঃ পুনরায় গৃহে প্রবেশ করিতে পারে। ৭।১৫।২৯

হে ধর্ম্মরাজ! কোন ব্যক্তি কি উপায়ে ঘৃণিত ও নিন্দিত হয়, তাহা শ্রবণ কর;— গৃহস্থ আশ্রমে থাকিয়া যে ব্যক্তি পূর্ব্বোক্ত অতিথী সৎকার, দান, ব্রত নিয়মাদিগত ক্রিয়াত্যাগী হয়, তাহার ন্যায় নিন্দিত আর কেহ নাই। ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া যে ব্যক্তি গুরুসেবা ও স্বাধ্যায়াভ্যাসাদি পূর্ব্বোক্ত বিধিত্যাগী হয়, তাহার ন্যায় ঘৃণাহ

আর কেহ নাই। বানপ্রস্থ হইয়া যে ব্যক্তি ভোগের আগারস্বরূপ গ্রামে বাস করে, তাহার স্থায় ঘৃণিত আর কেহ নাই। সন্ন্যাস অবলম্বন করিলেও যাহার ইন্দ্রিয় বিষয় ভোগেচ্ছা প্রকাশ করে, তাহার স্থায় ঘৃণিত আর কেহ নাই। হে রাজন্! চারি আশ্রমের মধ্যে এই চারি লক্ষণাক্রান্ত ব্যক্তি অতি ঘৃণিত এবং আশ্রমক্ষয়কারী হইয়া থাকে। তাহারা মনুষ্যজন্ম পাইয়া সাধনমার্গে যাইয়াও আপনাদের ভাগ্যদোষে অবিদ্যা বা দৈবীশক্তিবলে বিমূঢ় হইয়া গিয়াছে। এই সকল ব্যক্তিগণের সহবাস ত্যাগ করিবে ও তাহাদের প্রতি অনুকম্পা প্রকাশ করিতে উপেক্ষা করিবে। ৭। ১৫। ৩০

ব্যাখ্যা। আশ্রমের মধ্যে যে সকল ব্যক্তি ঘৃণিত এবং যাহাদের সহবাস ত্যাগ করা উচিত, তাহাই এই শ্লোকে ব্যাস নারদোক্তিতে প্রকাশ করিলেন, বুঝিতে হইবে। যে ব্যক্তি ক্রিয়াত্যাগী সে ব্যক্তি গৃহস্থের মধ্যে বর্জ্জনীয়। গৃহে থাকিয়া পূর্ব্বোক্ত নিয়মে বিষয়ার্জ্জন করিয়া, সকল জীবের প্রতিপালন, দেব পিতৃশ্রাদ্ধকরণ এবং অপরাপর ক্রিয়া সাহায্যে সংসারভোগে চিত্তের অনাশক্তিই ঘটিয়া থাকে। সেই নিয়মে যে সকল ব্যক্তি না থাকে, তাহারাই ক্রিয়াত্যাগী। তাহারা অজ্ঞানী ও মনুষ্যরূপে পশুস্বভাবসম্পন্ন, তাহাদের সহবাসে ও তাহাদের যুক্তিতে পূর্ব্বোক্ত পঞ্চ অধর্ম্ম প্রকাশ পায়। সেই অধর্ম্মযুক্তিতে পরিণত লোকের সহবাস করিলে সকল গৃহীর মনই তদ্বিষয়ে ধাবিত হয়। যেমন উর্ব্বরা ভূমিতে শস্য অপেক্ষা কণ্টকলতার প্রাবল্য অধিক হয় এবং সেই প্রবলতা ক্রমে শস্যকেও নষ্ট করে, তদ্রূপ সমাজে ও গৃহে এইরূপ অধর্ম্মাচারী থাকিলে, তাহার দোষ মানবের উর্ব্বর হৃদয়ে অঙ্কুরিত হইয়া থাকে। তাহাতে শ্রদ্ধা ক্ষয় হয়, শ্রদ্ধা ক্ষয়ে ধর্ম্ম ক্ষয় হয়। ধর্ম্মক্ষয়ে বল ও সমদর্শিত্ব ক্ষয় হয়। সকলেই ঘোর অহঙ্কারী হইয়া থাকে। ইহার দৃষ্টান্ত বর্ত্তমান গার্হস্থ্য অবস্থা।

এইরূপ ব্রহ্মচারীগণের মধ্যে ব্রহ্মচর্য্যত্যাগী হইলে তাহার সহবাসে অপর ব্রহ্মচারীর শ্রদ্ধা ক্ষয় হয়। বানপ্রস্থী বনে ও নির্জ্জনে থাকিয়া অনাসক্ত হইতে চেষ্টা করিবে। গ্রামে থাকিলে অপর গৃহীর ভোগ সন্দর্শনেও ভোগের কল্পনা মনে উদিত হওয়াতে তাহার আসক্তি প্রকাশ হইয়া পড়ে। সে তখন গোপনভাবে ভোগ করে কিন্তু ছলনায় বাহ্যে নিস্পৃহত্ব দেখায়। এই কপটভাবে তাহার ধর্ম্মহানি হয়, এবং তাহাকে যাহারা শ্রদ্ধা বা বিশ্বাস করে, তাহাদেরও অমঙ্গল। এইজন্য এইরূপ বানপ্রস্থী অত্যন্ত ঘৃণিত। সন্ন্যাসী ব্যক্তির একেবারে সমাহিত থাকা উচিত। সে ব্যক্তি মনের সহিত ইন্দ্রিয়গণকে গোপনে বিষয়ভোগে উন্মত্ত করিলে পূর্ব্বের স্থায় তাহার আপনার ও সমাজের অমঙ্গল হয়। অধিকন্তু এই সকল আশ্রমী হইয়া আশ্রমবিধি প্রতিপালন

না করিলে, অনাশ্রমী ব্যক্তিগণের আশ্রমের পক্ষে ঘৃণা ও অবিশ্বাস উৎপাদন হয়। এইজন্য উহাদের সর্ব্বতোভাবে পরিত্যাগ করা উচিত।

হে মহারাজ! আশ্রমধর্ম্ম সম্যক্ প্রতিপালনে অক্ষম হইলে, তাহার যে কিছুই গুণ নাই, সে যে একেবারে অশ্রদ্ধেয়, এরূপ ধারণা করা অনুচিত, একথা যেন বিশ্বাস করিও না। যে ব্যক্তি সন্ন্যাসী হইবে, সাধনবলে জ্ঞান প্রকাশ হইয়া তাহার অন্তরের সমস্ত মলিনতা-ধৌত করিয়া দিবে। সে ব্যক্তি তখন আত্মপ্রত্যক্ষ করিয়া পরম আত্মতত্ত্বজ্ঞ হইয়া বিরাজ করিবে। যাঁহার আত্মানন্দ উপস্থিত হয়, সেই ব্যক্তিই পূজ্য। যাঁহার আত্মানন্দ উপস্থিত হয়, সে সমস্ত বিশ্বকে অনিত্য ও ভোগকে বৃথা বোধ করে, সে ব্যক্তি কি কখন কখন ভোগবাসনা চরিতার্থে দেহ পুষ্ট করিতে পারে? সন্ন্যাসাবস্থায় যাঁহার ভোগে আসক্তি প্রকাশ হয়, তাঁহার ব্রহ্মতত্ত্ব কিছুই উপস্থিত হয় নাই। সে ব্যক্তি সন্ন্যাসাবস্থা দেখাইয়া ঘোর লম্পটের কার্য্য করে। (তাহাকে পালন করিলে তৎকার্য্যে উৎসাহ দেওয়া হয়, এইজন্য তাহাকে দয়া করিতে নাই) ৭। ১৫। ৩১

হে মহারাজ। আত্মজ্ঞানী ব্যক্তি যদিও দেহ ধারণ করেন, কিন্তু কি ভাবে ধারণ করেন, তাহা শ্রবণ কর—তাঁহারা শরীরকে রথ বলিয়া ভাবনা করেন। ইন্দ্রিয়গুলিকে রথের অশ্ব বলিয়া জানেন। ইন্দ্রিয়াধিপতি মনকে রশ্মী বা অশ্বরজ্জু বলিয়া জানেন। শব্দস্পর্শাদি বিষয়স্থানকে পথ বলিয়া জানেন। বুদ্ধিকে সারথি বলিয়া জানেন। আর চিত্তকে দেহ রথের বন্ধনী অর্থাৎ ধুরা বলিয়া জানেন। দেহের সহিত আত্মার এই যে চিত্তসংযোগের বন্ধন, ইহা সেই ঈশ্বরই সৃষ্টিকালে ঘটাইয়াছেন, ইহা ভাবনা করেন। ৭। ১৫। ৩২

তাঁহারা দশটী প্রাণবায়ুকে এই দেহ রথচক্রের অক্ষ বলিয়া বুঝেন। প্রণবই সেই রথীর ধনুক। শুদ্ধ বা চৈতন্যময় পুরুষ বা ব্রহ্মরন্ধ্রবাসী পরমাত্মাই রথীর শর। সেই পরমাত্মতেজশর প্রণব জপরূপী ধনুকে যোজন করিয়া, তাঁহারা মুক্তি বা ব্রহ্মানুভবকেই লক্ষ্য করিয়া থাকেন।৭।১৫।৩৩

ব্যাখ্যা। আমরা যে জগন্নাথের রথ প্রভৃতির কল্পনা করিয়া দর্শন ও পূজন করি, তাহার প্রকৃত অধ্যাত্মতত্ত্ব এই স্থানে প্রকাশ হইল। পূর্ব্বে বলা হইয়াছে যে, অজ্ঞানী যে আশ্রয়টী কল্পনা করিয়া জ্ঞানাহরণের চেষ্টা করেন, জ্ঞানীর পক্ষে তাহাই ভাবনাময় ও অধ্যাত্ম হইয়া থাকে। অজ্ঞানী ও জ্ঞানী উভয়েই দেহকে ধারণ করে। কিন্তু অজ্ঞানী দেহকে শ্রেষ্ঠবোধে তাহার সেবায় ও সুখে উন্মত্ত হয়। জ্ঞানী তাহা করেন না। তিনি শরীর অর্থাৎ নিত্য ক্ষয়শীল দেহাবস্থাকে পরলোক ও ইহলোকের সাধন সমরের আশ্রয় বা রথ বলিয়া জানেন। রথের সহিত দেহের সাদৃশ্য অতি স্পষ্ট

শ্লোকেই উক্ত হইয়াছে। পরে ত্রয়স্ত্রিংশতি শ্লোকে সাধনের পরিণাম ব্যাখ্যাস্থলে বলা হইল যে- দেহে দুইটী সত্ত্বা শ্রেষ্ঠ, একটী দেহরথের রথী, আর একটী রথীর তীর। পরে তৃতীয়টী রথ হইতে ও রথী হইতে অতীত লক্ষ্য। আত্মার যে অবস্থা মায়াতে আবদ্ধ তাহাকে অভিমানী আত্মা বা জীব কহে। আত্মার যে অবস্থা মায়া হইতে অতীত পূর্ণ চৈতন্যময় তাহাকেই পরমাত্মা কহে; তাহার তেজেই জগতের সমস্তই চৈতন্য-পূর্ণ হয়। দেহের মধ্যে ব্রহ্মস্থলে তাঁহার জ্যোতিঃ বিকাশিত আছে। জীব অবিদ্যায় আচ্ছন্ন থাকিলে সেই জ্যোতিঃ অনুভবে একেবারে অক্ষম হইয়া থাকে। সেই জ্যোতিঃ অনুভব করাই সাধন। শিক্ষিত রথী যেমন তীক্ষ্ণ শরে সেই লক্ষ্যভেদ করিতে পারে, তদ্রূপ ওঙ্কার ধনুর্দ্ধারি জীব ঐ শরি ধারণে সক্ষম হয়। ওঙ্কার বলিতে বেদান্তান্তর্গত সমস্ত তত্ত্বজ্ঞান। মাণ্ডুক্য উপনিষদে এই ওঙ্কার সাধনের ও তত্ত্বের কথা বিশেষ স্পষ্ট লেখা আছে। অ+উ+ম+ঁ এই চারি পাদ অংশ মিলিয়া যেমন ওঁকার কথাটি পূর্ণ হয়, সেইরূপ স্থূল চৈতন্য, সূক্ষ্ম চৈতন্য, কারণ চৈতন্য এবং তুরীয় চৈতন্য; এই চারি অবস্থাব্যঞ্জক চৈতন্যের মিশ্রণেই এই দেহ ও জীব বর্ত্তমান। এই চারি অবস্থার অতীত পঞ্চমাবস্থাই ব্রহ্ম বা মুক্তি; মানবদেহের আশ্রয়ে পরকালের সময়ে মুক্তি নামক অবস্থা জয় করিতেই জ্ঞানীগণ প্রাপ্ত দেহকে যোগাদিবলে রক্ষা করেন। কিন্তু অজ্ঞানী এই দেহের ক্ষয় ও অবনতির প্রতি দৃষ্টি না করিয়া কেবল ভোগের দ্বারা ইহাকে রক্ষা করিতে চেষ্টা করেন। এইরূপে জ্ঞানী ও অজ্ঞানীর দেহ ধারণের তারতম্য দেখাইয়া উন্নতি ও অবনতি কেন যে ঘটে, তাহা শ্রীনারদ বলিতেছেন।

হে মহারাজ! এই দেহ ধারণকালে মানবের মনের অনেক শত্রু আছে, তাহাদের পরিচয় কিছু শ্রবণ কর;—

রাগ, দ্বেষ, লোভ, শোক, মোহ, ভয়, মদ, মান, অভিমান, অসূয়া, মায়া, হিংসা, মৎসর, অভিনিবেশ, প্রমাদ, ক্ষুধা, নিদ্রা, ইহারা সকলেই মানবদেহান্তর্গত মনো-রাজ্যবাসী শত্রু হইতেছে। ইহারা কখন তমোগুণপর হইয়া শত্রুতা করে, কখন সত্ত্বগুণপর হইয়া পরমার্থ নষ্ট করিয়া থাকে।৭।১৫।৩৪

ব্যাখ্যা। ভোগ করিতে করিতে তাহাতে আসক্তির নাম রাগ বা অনুরাগ। মনে মনে পরের অনিষ্ট চেষ্টা করার নাম দ্বেষ। কাম পরিতৃপ্তির ইচ্ছার নাম লোভ। অভিলষিত ও প্রিয়বস্তু নষ্ট জনিত দুঃখের নাম শোক। প্রিয়বস্তুতে একান্ত নিমগ্ন হইয়া থাকার নাম মোহ। নিত্যানিত্য বোধ না করিয়া উপস্থিত বিষয় ভোগে মমতা বুদ্ধির নাম মদ বা অহঙ্কার। আমি শ্রেষ্ঠ এই বুদ্ধির নাম মান। কোন অভি-লষিত বস্তু কোন প্রকারে ভোগ করিতে না পাইলে মনের যে বিকার উপস্থিত হয়,

তাহার নাম অভিমান। পরশ্রীকাতরতার নাম অসূয়া, স্নেহদয়াদাক্ষিণ্যাদিকে মায়া কহে। কার্য্যতঃ প্রাণিপীড়াকে হিংসা কহে। নিজস্বার্থপর ভাবকে মৎসর কহে। সুখদুঃখ পরিণাম বোধ না করিয়া আপাততঃ সুখে একেবারে মুগ্ধ হইয়া থাকার নাম অভিনিবেশ। হিতাহিত বোধ না করিয়া কার্য্যে নিরত হওয়ার নাম প্রমাদ। ইহারা মানবের তমোপ্রকৃতি থাকিলে পরমার্থের ও উন্নতির শত্রু যে ভাবে হয়, তাহা সকলেই জ্ঞাত আছেন। কিন্তু মানব তত্ত্বজ্ঞানে উন্মত্ত থাকিয়া সমাহিত থাকিলে, সত্ত্বপ্রকৃতির প্রকাশ হইলেও ইহারা সিদ্ধের শত্রু হয়। অর্থাৎ গৃহস্থের ন্যায় সমাহিত ব্যক্তি মায়া প্রভৃতি গুণসাহায্যে যদি কাহারো উপকারাদিতে যত্ন করে, তাহা হইলে আত্ম ও পর বুদ্ধি উপস্থিত হয়। সেই উপকার কার্য্যই অন্তে তাহার মনে আসক্তির উদয় করিয়া দেয়। যেমন রাজা ভরত মৃগশাবককে সিংহের হস্ত হইতে রক্ষা করিয়া তাহার যত্নে অভিনিবিষ্ট হইয়া মৃগজন্ম লাভ করিয়াছিলেন।

উপকার, প্রত্যুপকার, দয়া, দাক্ষিণ্যাদি কর্ম্মী ব্যক্তির কার্য্য। সিদ্ধব্যক্তি কেবল আত্মানন্দ ও আত্মপদার্থ লইয়াই উন্মত্ত। তাঁহাদের কোন কর্ত্তব্য বা অকর্ত্তব্য নাই। তাঁহারা নিরালম্ব, নিস্পৃহ ও নিষ্কাম হইয়া থাকেন। এইজন্য বলা হইল যে, মনের মধ্যে যে সকল বৃত্তি থাকিলে, অজ্ঞানী জ্ঞানলাভ ও মুক্তিলাভ করিতে অক্ষম হয়, জ্ঞানীর হৃদয়েও সেই সকল গুণ অপর ভাবে প্রকাশ হইলেও তাহারা জ্ঞানীর জ্ঞান ভ্রংশ করিয়া থাকে। অতএব ইহলোকের সমরাঙ্গনে বা মনোরাজ্যে রাগ দ্বেষাদি শত্রুসেনাগণকে জয় করা উচিত।

হে ধর্ম্মরাজ! সংসারভোগে উন্মত্ত হইলে যে সকল শত্রুভয় তাহা তোমাকে একে একে জানাইলাম। এক্ষণে যে উপায়ে উদ্ধার হওয়া যায়, তাহা শ্রবণ কর ঃ—

যতক্ষণ জীব মনুষ্যদেহ লাভ করিবে, ততক্ষণ সেই দেহরথে আরোহণ করিয়া, সাধু ও আত্মজ্ঞজনের চরণার্চ্চনারূপী প্রস্তরে আপনার জ্ঞানাসিকে তীক্ষ্ণ করিয়া, দেহরথের চতুষ্পার্শ্ববর্ত্তী ইন্দ্রিয়াশ্বগণকে সেই অসিবলে আত্মার বশীভূত করিতে যত্ন করিবে। যখন ইন্দ্রিয়াদি আত্মার বশীভূত হইবে, তখন আপনি ভগবানে আত্মসমর্পণ করিয়া আনন্দ উপভোগ করিতে থাকিবে। সেই আনন্দ উপভোগ হইলে, তাঁহারা এই শত্রুভয়পূর্ণ স্থানের ও সমরের উপযুক্ত রথকে ত্যাগ করিয়া মুক্তিলাভ করিবে।৭।১৫।৩৫

ব্যাখ্যা। এই শ্লোকে কেবল যে ভাবে ইন্দ্রিয়াশ্ব ও বুদ্ধি সারথিকে উত্তমপথে লইয়া যাওয়া যায়, তাহাই প্রকাশ করা হইল। দেহরথে আরোহিত হইয়া বিষয় শত্রুগণের সহিত সমরকালে যদি জীব আপনার জ্ঞানকে সাধুজনের উপদেশে বিশুদ্ধ করিতে পারে এবং ভগবানে আত্মসমর্পণরূপী সৈন্যবল আশ্রয় করিতে পারে; তাহা হইলেই অশ্ব ও সারথি বশীভূত থাকিলে, বিষয় শত্রু জয় হয় এবং অন্তে ব্রহ্মলক্ষ্য ভেদ করিলেই ব্রহ্মানন্দ উপভোগ হয়। জীব তখন দেহরথ ত্যাগ করিয়া সমস্ত সমরে জয়ী হইয়া সকল রাজ্যের শ্রেষ্ঠরাজ্য মুক্তিরাজ্যেশ্বর হইয়া আনন্দ উপভোগ করে। ঐ অশ্ব ও সারথিকে বশীভূত করিতে না পারিলে কিরূপ বিপদ উপস্থিত হয় তাহা পরে বর্ণিত হইতেছে।

হে মহারাজ! জীবে বুদ্ধিসারথিকে এবং ইন্দ্রিয়াশ্বকে আত্মবশে না রাখিলে, সংসারপথে গমন কালে ঐ প্রমত্ত অশ্বগুলি এবং অবাধ্যসারথি, জীবের সহিত রথকে বিষয় দস্যুগণের হস্তে অর্থাৎ প্রবৃত্তিমার্গে আনয়ন করিয়া থাকে। তখন সেই বিষয়

দস্যুগণ রথীর সহিত রথকে ধারণ করিয়া ভীষণ মৃত্যুভয়পূর্ণ ঘোরান্ধকারে বা অজ্ঞানে আবৃত সংসারকূপে নিক্ষেপ করিয়া থাকে। ৭। ১৫। ৩৬

ব্যাখ্যা। ইহাতে বিশেষ করিয়া বলা হইল, রথের ঘোড়া যদি উন্মত্ত হয় এবং সারথি যদি গন্তব্যপথের উদ্দেশ না জানে, তাহা হইলে রথ যেমন রথীর সহিত কোন বিপথে গিয়া হয় নদীতে না হয় কোন বিপন্ন স্থানে পতিত হইয়া রথীকে কষ্ট দেয়। তদ্রূপ বুদ্ধি ও ইন্দ্রিয়কে বশীভূত করিতে না পারিলে, জীব যে দেহে মুক্তিরাজ্য প্রাপ্ত হইতে পারে; সেই দেহ পাইয়া জন্মমৃত্যু ভয়ান্বিত এবং অজ্ঞানাবৃত সংসারে পতিত হইয়া থাকে।

হে মহারাজ! জীব মনুষ্যজন্ম লাভ করিয়া কেন সকলেই মুক্ত হয় না; কেনই বা কেহ মুমুক্ষু এবং কেহ বিষয়ী হয়, তাহা শ্রবণ কর:—

যে সকল কর্ম্ম করিয়া মনুষ্য উন্নতি লাভ করিতে পারে, তাহা বেদমধ্যে উপদিষ্ট আছে, ঐ উপদিষ্ট কর্ম্মের মধ্যে কতকগুলির অনুষ্ঠানে পুনরায় জন্মাদি হয়, তাহাকেই প্রবৃত্তিবাচক উপায় কহে। যে কর্ম্মগুলির অনুষ্ঠানে জীবের আর জন্মাদির ভয় থাকে না, তাহাকেই নিবৃত্তিবাচক উপায় কহে। এই নিবৃত্তিবাচক অনুষ্ঠানে মনকে উন্মত্ত করিতে পারিলে, জীবে সহজে মুক্ত ও অমৃতত্ব লাভ করিয়া থাকে। ৭। ১৫। ৩৭

বেদমধ্যে উপদিষ্ট কর্ম্মসমূহের মধ্যে যে সকল কর্ম্মে হিংসাদির আভাস আছে, যাহাতে দ্রব্যাদি সংযুক্ত অনুষ্ঠানের কথা আছে, এমন ভাবাপন্ন অগ্নিহোত্র, দর্শ, পূর্ণ মাস, চাতুর্ম্মাস্য, পশুযাগ ও সোমযাগ প্রভৃতি সমস্তই কামনা সম্পন্ন এবং পরিণামে অশান্তির উদ্ভব করিয়া থাকে।

ইহাদের অনুষ্ঠানে বৈশ্বদেবপূজা ও বলিদানাদি কার্য্য করিতে হয়, এইজন্য ইহাদের ইষ্টশ্রেণীর কর্ম্ম কহে। এতদ্ব্যতীত দেবমন্দির, নিজাবাসমন্দির, উদ্যান, কূপ, পুষ্করিণী ও বৃক্ষাদি প্রতিষ্ঠা কার্য্যকে পূর্ত্ত কহে। এই ইষ্ট ও পূর্ত্ত উভয়বিধ কার্য্যই প্রবৃত্তিবাচক কর্ম্ম বলিয়া শাস্ত্র কহেন। ৭। ১৫। ৩৮। ৩৯

ব্যাখ্যা। এই উভয় শ্লোকে প্রবৃত্তিমার্গের ও তন্মার্গোচিত কর্ম্মের পরিচয় নারদোক্তিতে শ্রীব্যাস দিতেছেন। যাহাতে কামভাব আছে, যাহাতে পশুহিংসাদির উল্লেখ আছে এবং যাহা অন্ন ফল পুষ্পাদির আয়োজনে অনুষ্ঠিত হয়, সে সমস্তই প্রবৃত্তি কর্ম্ম। উহাদের অনুষ্ঠানে যদিও পবিত্রতা লাভ হয় বটে, অর্থাৎ পুণ্য স্বর্গাদি ফল পর্য্যন্ত লাভ হইতে পারে, কিন্তু তৎফলক্ষয়ে পুনরায় সংসারে আসিয়া জন্ম মৃত্যু লাভ করিতে হয়, এইজন্য প্রবৃত্তিভাবাপন্ন কর্ম্মসমূহকে পরিণামে অশান্তিকর হইল, অর্থাৎ মুক্তির ন্যায় একান্ত শান্তিকর নহে। এই প্রবৃত্তিমার্গে যে সকল [illegible] বেদবিহিত করিয়াছেন, উহারা দুইভাগে বিভক্ত। এক ভাগের [illegible] ইষ্ট, আর এক ভাগের নাম পূর্ত্ত। অগ্নিহোত্রাদি কয়েকটী কার্য্যকে ইষ্ট কহে বা পুণ্যসাধন কার্য্য কহে। আর বাপী কূপাদি এবং দেবাবাস গৃহাদিপ্রতিষ্ঠাকে পূর্ত্ত অর্থাৎ পুণ্যকার্য্য কহে। এতদুভয়ই প্রবৃত্তিবিধির অন্তর্গত; ইহাদের অনুষ্ঠানে পবিত্র হওয়া যায়, মুক্ত হওয়া যায় না। এইজন্য ইহাদের পরিণামে অশান্তিদ বলা হইল।

হে মহারাজ! প্রবৃত্তিমার্গে যজ্ঞাদি কর্ম্ম দ্বারা পুনরায় কি প্রকারে জন্মাদির আবির্ভাব হয়, তাহা শ্রবণ কর:—

যজ্ঞাদি কার্য্যের অনুষ্ঠানে জীবের পক্ষে, দ্রব্য, সূক্ষ্ম, বিপাক, ধূম ও কৃষ্ণপক্ষ এই পাঁচটী পরিণাম হইয়া থাকে; ঐ পঞ্চ পরিণাম ক্রমে চন্দ্রের আকর্ষণে থাকিয়া দৃষ্টির অলক্ষ্য হয়। পরে দক্ষিণায়ন সাহায্যে পুনরায় ওষধি ও বরুধাদিতে পরিণত হইয়া অন্নে পর্য্যবসিত হয়, জীবে সেই অন্নতেজে রেত প্রকাশ করিয়া থাকে। সেই রেত সাহায্যেই পুনরায় জন্মাদি হইয়া থাকে। এই অবস্থায় অবস্থানের নাম পিতৃলোক বা প্রবৃত্তিকর্ম্মমার্গ হইতেছে। ৭। ১৫। ৪০

ব্যাখ্যা। আর্য্যবৈজ্ঞানিকেরা কহেন, এই সংসারে কি জরায়ুজ, কি স্বেদজ, কি অণ্ডজ, কি উদ্ভিজ্জ সকল জাতি প্রাণীর জন্মের ও দেহ ধারণের মুখ্য কারণ তিনটী আছে। একটীর নাম দ্রব্য, দ্বিতীয়টীর নাম জ্ঞান, তৃতীয়টীর নাম ক্রিয়া হইতেছে। স্থূল উপাদানকে দ্রব্য কহে. উহাই সকল প্রাণীর দেহরূপে গণ্য। ঐ দ্রব্যের অন্তরেই জীবের সকল কার্য্য প্রকাশকশক্তি অন্তর্যামী ভাবে নিত্যসংযুক্ত থাকে। ঐ স্থূল দেহ ও ক্রিয়াশক্তি গুলিকে নিয়মিত পরিচালিত করিতে পারে, এরূপ জ্ঞান তাহারি অন্তরে আছে। অতএব একা দ্রব্যের অন্তরেই যখন সমস্ত জ্ঞান ও ক্রিয়ার সমাবেশ; তখন দ্রব্যের উৎপত্তির সহিত উহাদের একত্র উৎপত্তিই স্বীকার করিতে হইবে।

একমাত্র দ্রব্যের উৎপত্তি নির্ণয় করিলেই উহাদের উৎপাদন সিদ্ধ হইয়া থাকে। এই চেষ্টায় মীমাংসকেরা কহিয়াছেন যে, চন্দ্রের ক্ষমতায় কৃষ্ণপক্ষে সমস্ত সূক্ষ্মাংশ আকর্ষিত হইয়া যে অংশে উহারা অদৃশ্যভাবে থাকে, তাহাকেই চন্দ্রালোক কহে। সেই চন্দ্রালোকে ঐ সূক্ষ্মসমূহ সংযুক্ত ও সঞ্চিত হইয়া অদৃশ্য থাকে বলিয়া উহাদের ধূম ভাবাপন্ন কহে। সমস্ত রস যেমন আকর্ষিত হইয়া ঊর্দ্ধে উঠিবার সময় ধূমশক্তিতে পরিণত হয় এবং সেই ধূমগুলি ক্রমে সংহত ও মেঘে পরিণত হইয়া দক্ষিণায়ন কালে পুনরায় বৃষ্টিরূপে পতিত হয়। সেইরূপ সমস্ত সূক্ষ্মাংশই পরিণামে সূক্ষ্মভাবে আকর্ষণী স্থলে অর্থাৎ চন্দ্রালোকে আকর্ষিত থাকে। পরে যেমন বৃষ্টি পতিত হয়, তদ্রূপ তাহারাও প্রয়োজনানুসারে বর্ষিত হইয়া প্রতি দ্রব্যের আধারে সংযুক্ত হইয়া থাকে। ঐ দ্রব্যাংশ প্রথমে তৃণ ও ফল পুষ্প বা বৃক্ষ লতাদিতে পরিণত হয় এবং শৈবাল ও মৃত্তিকাদিতেও পরিণত হইয়া থাকে। সেই দ্রব্যাংশ যত সচেতন ও সক্রিয়স্বভাবে পরিণত হয়, ততই সূক্ষ্মস্বভাবগুলি স্থূল হইয়া প্রকাশ হইয়া পড়ে। পরে অস্ফুটক্রিয় দ্রব্যাংশগুলি স্ফুট দ্রব্যাংশ ও স্ফুট স্বভাবসম্পন্নের আহারীয় হইয়া স্ফুট স্বভাবের বীজে বা রেতে পরিণত হয়। ঐ স্ফুট স্বভাবের বীজ হইতে ক্রমে উত্তম স্বভাবের প্রকাশ হয়। লতা তৃণাদির বীজদ্রব্যাংশ যেমন অঙ্কুরিত হয়, তাহার সঙ্গে সঙ্গে তদুপযুক্ত স্বভাব বা জ্ঞান ও ক্রিয়া প্রকাশ হয়। এই যে তৃণাদির প্রকাশ অপর ভূতাংশের ও দ্রব্যাংশের সাহায্য অপেক্ষা করে। সেই সূক্ষ্ম ভূতাংশে বা দ্রব্যাংশে জ্ঞান ক্রিয়া অর্থাৎ যাহার যেরূপ স্বভাব তাহা অন্তর্নিহিত থাকে, জন্মাদি সহযোগে প্রকাশ হইলেই উহাদের সেই দেহ আশ্রয়ে প্রকাশ ঘটিয়া থাকে। আবার সেই প্রকাশই সক্রিয় দ্রব্যাংশ বা তৃণ, লতা, শৈবাল, মৃত্তিকা বা ক্ষুদ্র কীটাদির অর্থাৎ যাহারা আদিভাগে প্রকাশ হয়, যাহাদের সূক্ষ্ম ক্রিয়া বিশেষ প্রকাশ হয় না, তাহাদের ব্যবহার করিলেই ব্যবহারকারীর স্বভাবমতে উহাদের স্বভাব রূপান্তরিত হইয়া থাকে। অর্থাৎ মানবে বা গো প্রভৃতি শস্যভুক্ প্রাণীতে তাহাদের আহার করিলে ঐ শস্যাদির তেজ বা স্বভাব মানবাদির স্বভাব প্রাপ্ত হইয়া থাকে। তখন

তাহারা চেতন ও সারবান্ জীবের রেতরূপে পরিণত হইয়া তাহাদের স্বভাব বা জ্ঞান ও ক্রিয়া প্রকাশ করিয়া থাকে। এই যে অস্ফুটভাব হইতে ক্রমে স্ফুটভাবে আগমন এবং স্বভাবমতে দ্রব্যাদির গঠন ও ক্রিয়াদি প্রকাশন, ইহা সকল জীবের ক্রিয়ানুসারে সূক্ষ্মে সূক্ষ্মে সঞ্চিত ও দ্রব্যের আকর্ষণ হইলে তাহাতে আকর্ষিত হইয়া জীবের স্বভাবে পরিণত হয়।

এই প্রকৃত নিয়মের অনুসারী হইয়া মানবের উৎকৃষ্ট জন্মের জন্য আর্য্যবৈজ্ঞানিকেরা যজ্ঞাদি নিয়মের স্থির করিয়াছেন। যেমন যজ্ঞাদিতে অন্ন ও শস্যাদি অগ্নিতে হুত হইয়া সূক্ষ্মে কিছু, কিছু বা মেঘে পরিণত হইয়া পরে আবার দ্রব্যাংশে পরিণত হইয়া থাকে। সেইরূপ মানবের অপর চিন্তাদি ক্রিয়ামাত্রেই তাহার কত বিশুদ্ধি বা অশুদ্ধি ঘটে, তাহাই সূক্ষ্মে ধাবিত হইয়া থাকে; পরে শুদ্ধ দ্রব্যাবস্থা প্রকাশ হইলে ঐ শুদ্ধ সূক্ষ্মবৃত্তির আবির্ভাব হয়, অশুদ্ধ দ্রব্যাংশ আহারাদিতে আবির্ভাব হইলে অশুদ্ধ স্বভাব তাহাতে সূক্ষ্ম হইতে সঞ্চারিত হয়। এই যে সূক্ষ্ম হইতে স্থূলে আগমন ইহাই পিতৃলোক ও চন্দ্রলোক হইতেছে। যজ্ঞাদি কার্য্যে দ্রব্যাদির শুদ্ধির সহিত মনের বিশুদ্ধি ও দেহের বিশুদ্ধি ঘটে; উহাদের পরিণামে যাহার যেরূপ স্বভাব সে তাহাতেই সূক্ষ্মাংশে গৃহীত হয়। অর্থাৎ হুতাংশ ক্রমে মেঘে পরিণত হইয়া বর্ষিত হয়, সেই জল আবার পৃথ্বীত্বে পরিণত ও সকল বীজভাবের প্রকাশক ও আধার হইয়া থাকে। সেই বীজভাবে মনাদির সূক্ষ্মত্ব ও পবিত্রতাও নিহিত থাকে। এইজন্য সাত্ত্বিক মানব সাত্ত্বিক আহার বা সাত্ত্বিক শস্য আহার করিয়া, সেই শুদ্ধমনের বীর্য্য, শুদ্ধবলের বীর্য্য, আহরণ করিয়া ক্রমে শুদ্ধরেত প্রকাশ করিয়া সংসারে শুদ্ধবংশ প্রকাশ করিয়া থাকে। স্বাভাবিক নিয়মে ইহা তো ঘটেই, কিন্তু মানবে আপনাদের ক্ষমতায় অধিক পবিত্রতা সাধন করিবার জন্য যজ্ঞাদি সুকৌশল ব্যবহার করিয়া থাকেন। যেমন অরণ্যজাত বৃক্ষ যেরূপ ফল দান করে, যত্নে প্রোথিত কাননে শোভিত সেই বৃক্ষের ফল অধিক পবিত্র ও সুরসে পরিণত হইয়া থাকে; সেইরূপ প্রাকৃতিক পরিণামবিধি অপেক্ষা মনুষ্যের যত্নে যজ্ঞাদি ক্রিয়াজনিত পরিণামবিধি অধিক উন্নতি বিধান করে। এতদ্ভিন্ন যজ্ঞাদিতে অপরাপর রাসায়নিক উপায় আছে; তাহা পূর্ব্বমীমাংসায় দ্রষ্টব্য।

এইরূপে সমস্ত প্রাকৃতিক উপায়েই সকল প্রাণীর ও স্বভাবের উপযুক্ত উপাদান স্বত সংগৃহীত, পুষ্ট ও প্রকাশ হইয়া থাকে, ইহাই শ্রীব্যাস নারদোক্তিতে দেখাইয়া, মনুষ্যের বা কোন প্রাণীর জন্মাদি কোন উপায়ের উপরে যে কর্তৃত্ব নাই, এবং সমস্ত উপায় ও কর্তৃত্বই যে সেই একমাত্র ঈশ্বরের শক্তিবলে ঘটিতেছে; ইহাই প্রমাণ করিলেন।

হে মহারাজ! পূর্ব্বাবধি অর্থাৎ সৃষ্টি প্রকাশ কাল হইলেই ঃ—সূক্ষ্মের সঞ্চারে ও সংহতে স্থূল, স্থূল হইতে গঠন ও অপরাপর জৈব ক্রিয়া ক্রমে ক্রমে নিয়মিত উপায়ে পরিণত হইয়া, যখন জন্মাদির উপযুক্ত হয়, তখনই জন্ম হইয়া থাকে। এবং যখন মানবাদি জন্মের উপযুক্ত অবস্থা হয়, তখন তাহারা অপর প্রাণীর ন্যায় ইহসংসারে মানব রূপে পরিণত হইয়া থাকে। মানবরূপে সংসারে জন্মাইলে পুংসবন গর্ভাধানাদি হইতে শ্মশান ক্রিয়া পর্য্যন্ত দেহকে সংস্কার করিলে; তবে মানবজন্মে দ্বিজত্ব লাভ হইয়া থাকে। ৭। ১৫। ৪১

ব্যাখ্যা। আর্য্যবৈজ্ঞানিকেরা দৈবনিয়মে সকল প্রাণীর একত্রেই একসময়ে প্রকাশ প্রমাণ করেন। এইজন্য শ্রীনারদ এইস্থানে বলিলেন ঃ—সূক্ষ্ম ভূত ও ইন্দ্রিয়াদি, সূক্ষ্মা-

বস্থা হইতে ক্রমে স্থূলে পরিণত হইয়া, যে ভূতে যতদূর ইন্দ্রিয়শক্তি আবিষ্ট থাকে, তাহারা বা সেই ভূতাংশ সেইরূপ স্বভাববান্ জীবের দেহে পরিণত হইয়া থাকে। এই নিয়মে মনুষ্যের দেহে যেরূপ ইন্দ্রিয় বিকাশ হওয়া উচিত, সেই পরিমানীয় ইন্দ্রিয়-শক্তি সমন্বিত ভূতাংশ তাহাদের দেহ প্রকাশক হয়। সেই দেহকে পবিত্র করিতে গর্ভাধান পুংসবনদি হইতে অন্ত্যেষ্টিক্রিয়া পর্য্যন্ত দশবিধ শাস্ত্রোক্ত সংস্কার করা উচিত। ঐ সংস্কারে সংস্কৃত হইলে ঐ দেহাংশ'ও মনাংশাদি সংস্কৃত বা দ্বিজত্ব লাভ করে। অত-এব কর্ম্মে ও সংস্কারে মানবদেহ ও মনকে পবিত্র রাখিতে পারিলেই, যথার্থ জ্ঞান ও মুক্তির উপযোগী করা যাইতে পারে। ইহাই কর্ত্তব্য।

হে মহারাজ! দ্রব্যময় যজ্ঞাদির অনুষ্ঠানে যে ভাবে মনের ও দেহের বৃত্তিগুলি সূক্ষ্মে পরিণত ও ক্রমে আকর্ষণানুসারে স্থূলে আগমন করিয়া দেহারম্ভক হয় তাহা বলিয়াছি ; এক্ষণে নিবৃত্তিকর্ম্মী হইলে দেহাদির প্রকাশ কিরূপে না ঘটে ও জীবে মুক্ত হয় তাহা শ্রবণ কর ঃ—

নিবৃত্তিপথাবলম্বীগণ ইন্দ্রিয়গণের বিষয় বিহার রূপ ক্রিয়াকে যজ্ঞ বিবেচনা করিয়া, সেই সকল কর্ম্মকে অন্তরের প্রদীপ্ত জ্ঞানাগ্নিকুণ্ডে হবন করেন। হবন করিতে হইলে প্রবৃত্তিমার্গী দেবগণের উদ্দেশে মন্ত্র পাঠ করেন, কিন্তু নিবৃত্তিপর সাধুগণে সেরূপ মন্ত্র উচ্চারণ করেন না, তাঁহারা সমস্ত বর্ণের ও বাক্যের আধার স্বরূপ স্বরত্রয়া-ত্মক ওঙ্কার মাত্র উচ্চারণ করিয়া সমস্ত বাক্‌শক্তিকে সেই ওঙ্কার উচ্চারণেই অর্থাৎ ভগবন্নামোচ্চারণেই নিযুক্ত করেন। সেই শব্দশক্তির আধার স্বরূপ ওঙ্কার ভাবনাকে বিন্দু ভাবনাতে পরিণত করিয়া থাকেন। সেই বিন্দু ভাবনাকে ক্রমে নাদ ভাবনাতে পরিণত করিয়া থাকেন। নাদ ভাবনাকে ক্রমে প্রাণ অর্থাৎ আত্মভাবনায় পরিণত করেন। সেই আত্মভাবনা ক্রমে ব্রহ্মে পর্য্যবসিত হয়। ৭। ১৫। ৪২

ব্যাখ্যা। নিষ্কামীগণের পক্ষে ইন্দ্রিয়াদির স্বভাব গুলিকে পবিত্র ও নিশ্চেষ্ট করাই যজ্ঞ। তাহা কি উপায়ে করিতে হয়, তাহাই এইস্থানে লিখিত হইল। জ্ঞানদ্বারা বিষয়ক্রিয়াচিন্তা অর্থাৎ অনিত্যবোধ করিতে পারিলে আর ইন্দ্রিয়ে বাহ্যক্রিয়া প্রকাশ হয় না। পরে সমস্ত কথা বার্ত্তাদি ত্যাগ করিয়া ওঁকার উচ্চারণ ও তাহা চিন্তা করিবে। ওঁকার ও ইষ্টদেবতার নাম একই হইতেছে। সেই ওঁকার ভাবনার কালে ওঁকারকে চারিভাগে বিভাজিত করিতে হইবে। অ+উ+ম+ঁ ঐ চারি অংশের মধ্যে স্থূল দেহের সক্রিয়াবস্থা বা জাগরিতাবস্থাকে ওঙ্কারের অকারের ভাব বা সৃষ্টিভাব কহে। উকারে পালন ভাব বা দেহের স্বপ্নভাব কহে। মকারে হরণভাব, দেহের লয় বা সুষুপ্তিভাব কহে। চন্দ্রবিন্দু অর্দ্ধচন্দ্রাকার অবস্থাকে নাদ কহে। উহা দেহের ও জগতের চৈতন্য স্বরূপ ভাব বোধক। বিন্দুটি আত্মবোধক। আত্মা ভাবনার পরে ব্রহ্মভাব আপনিই উপস্থিত হয় এবং জীবভাব মুক্ত হইয়া যায়। এই ভাবটী মাণ্ডুক্যোপনিষদে বিশেষ বিবৃত আছে।

হে মহারাজ! পূর্ব্বে যে প্রবৃত্তি কর্ম্মীগণের পক্ষে সূর্য্যাদি দেবতার পূজা ও অয়-নাদি ও সময় নক্ষত্রাদির যোগে শুভকর্ম্মের শুভ ফল হয়, একথা বলা হইয়াছে ; এস্থলে নিবৃত্তি কর্ম্মীগণ কি অগ্নি, কি সূর্য্য, কি দিবা, কি সন্ধ্যা, কি অমাবস্যা, কি পূর্ণিমা, কি উত্তরাদি অয়ন, এই সকলের শক্তি বা দেবতা অনুভব করেন। এই সকল ভাবনার মায়াতীত হইতে পারিলে ব্রহ্মলোকবাসী বা স্বাধীন হইতে পারেন। এই অব-

স্থায় জাগরিতাবস্থা তৈজসে লয় পায়,তৈজস বা স্বপ্নাবস্থার চৈতন্য প্রাজ্ঞে বা সুষুপ্তিতে লয় প্রাপ্ত হয়। প্রাজ্ঞাবস্থার চৈতন্য আবার তুরীয়ে পরিণত হইয়া আত্মার সহিত মিলিত হয়। (এই যে আত্মার সহিত জীবভাবের একত্ব সমাবেশ ইহার চেষ্টাই নিবৃত্তি কর্ম্ম বলিয়া গণ্য।) ৭। ১৫। ৪৩

হে মহারাজ! এইরূপে ক্রমে ক্রমে আত্মজ্ঞানের সহিত জীবনের উন্নতি করিতে করিতে জীবে যে পথে যায়। ইহাকে দেবপথ কহে। সংসার হইতে উপশান্ত আত্ম-যাজী ব্যক্তি এই পথে গমন করিলে আর কর্ম্ম সঞ্চয় হয় না, এইজন্য তাহাদের জন্মাদি হয় না। ৭। ১৫। ৪৪

হে মহারাজ! এই পিতৃলোকে যাইয়া পুনরায় জন্মাইবার পথ ও দেবলোকে যাইয়া মুক্ত হইবার পথ স্বয়ং বেদই প্রকাশ করিয়াছেন। দেহধারী হইয়া শাস্ত্রচক্ষু-সহযোগে এই দুই পথ যে ব্যক্তি দেখিতে পারে, তাহার মোহবন্ধন উপস্থিত হয় না। ৭। ১৫। ৪৪

হে মহারাজ! এই দুই পথের তত্ত্ব অবগত হইলে, প্রতি জীবের আদি ও অন্ত; অন্তর ও বাহ্য, উন্নতি ও অবনতি, জ্ঞান ও জ্ঞেয়; কর্ম্ম ও অকর্ম্ম, অপ্রকাশ ও প্রকাশ সমস্ত কার্য্যই বোধ হইয়া থাকে; যে ব্যক্তি ইহা বোধ করিতে পারে, সে ব্যক্তি কেন মুগ্ধ হইবে? ৭। ১৫। ৪৬

হে মহারাজ! যেমন প্রতিবিম্বগুলির প্রকৃত নিত্যত্ব না থাকিলেও দেহাদি সত্য-বস্তুর আভাস, সেইরূপ দুর্ঘট ইন্দ্রিয়গুলির সত্ত্বা ও কার্য্য অসৎ হইলেও আত্মার সত্ত্বা-যোগে সত্য বলিয়া কল্পিত হয় মাত্র। ৭। ১৫। ৪৭

অনেকে মনে করেন, ভূতসত্ত্বাদির মিলনে দেহ প্রকাশ হইয়াছে; ভূতাদি যখন সত্য তখন দেহ সত্য নহে কেন? এ যুক্তি অতি ভ্রান্ত। কারণ বহু বৃক্ষের সমাবেশে একটী কানন হয় এবং একটি বৃক্ষ নাশ করিলে কখনই কাননের নাশ হয় না। সেইরূপ পঞ্চভূতের যথার্থ মিলনে যদি দেহ হইত, তাহা হইলে এক ভূতের অপলাপে কখনই দেহ নাশ হইত না। অতএব দেহটী কেবল ভূতের মিশ্রণে হইতে পারে না, ইহার পরিণাম ও প্রকাশ যখন সূক্ষ্মের উভয় নির্ভর করে, তখন দেহটী যে কোন একটী কর্ম্মাবস্থার কল্পনা, তাহা স্বীকার করিতে হইবে। অতএব এই প্রকাশ দেহাবস্থাটী মিথ্যা, ইহাও বিবেচনা করিতে হইবে। ৭। ১৫। ৪৮

হে রাজন্! ভূতাদির আবেশে প্রকাশ হইয়াও যখন দেহকে মিথ্যা স্থির হইল, তখন ভূতাদিও কোন একটী অবস্থার কল্পনা স্বীকার করিতে হইবে। স্থূল বলিয়া যাহাদের অবয়ব বোধ হয়, সূক্ষ্মে তাহাদের কারণ অবশ্যই আছে। যেমন দেহের আরম্ভক কারণ স্বতন্ত্র, সেইরূপ ভূতাদির আরম্ভক কারণও স্বতন্ত্র। ভূতাদি যে অবস্থার সংহতে কল্পিত হয়, তাহার যখন পরিণাম আছে, তখন সেই তন্মাত্রা অবস্থাগুলিও যে তদূর্দ্ধ উচ্চাবস্থার পরিণাম, একথা স্বীকার করিতেই হইবে। তবে একথায় অনে-কেই এই সন্দেহ করিতে পারেন যে, দেহের সত্ত্বা মিথ্যা হইলে, ভূতাদি ও তন্মাত্রাও যদি মিথ্যা হইল, তবে পরিবর্ত্তনের সহিত সাদৃশ্যের ক্ষয় কেন না হয়। অর্থাৎ বাল্যাবস্থার পরিণামে বার্দ্ধক্য আসিলেও যেন বালমূর্ত্তির আভাস দেখা যায়!! এ সন্দেহটী অজ্ঞানাত্মক মাত্র। বাল্যাবস্থা হইতে সেই বালকের নিত্যপরিবর্ত্তন আত্মী-য়েরা অজ্ঞানহেতু অনুভব না করিয়া,নৈকট্য ও নিত্য দর্শনহেতু বৃদ্ধাবস্থায়ও বালকের সাদৃশ্য দেহে দেখিয়া থাকেন। বাস্তবিক মনের পরিবর্ত্তনের সহিত সে দেহের একে-

বারে পরিবর্ত্তন ঘটে। যেমন স্বপ্নাবস্থায় জাগ্রত ও স্বপ্ন উভয়ভাবই অনুভব হয়, তদ্রূপ এই ভ্রান্তি অবস্থায় ভ্রান্তি ক্ষয় করিবার জন্যই শাস্ত্রে দেহীর পক্ষে বিধি ও নিষেধ নিয়ম প্রকাশ করিয়াছেন। ৭। ১৫। ৪৯। ৫০

হে মহারাজ! জাগ্রতাদি অবস্থাত্রয়ও মিথ্যা। কারণ স্বপ্ন ও নিদ্রাদি অবস্থাগুলিকে অল্প ভোগ করি বলিয়া মিথ্যা জানি কিন্তু জাগ্রৎ অবস্থা অধিককাল ভোগ হয় বলিয়া ইহাকে সত্য বলি মাত্র। বাস্তবিক তিনটীই মিথ্যা ও কল্পিত অবস্থা।

ভাবাদ্বৈত চিন্তায় জাগ্রৎ অবস্থাকে জয় করিতে হয়। ক্রিয়াদ্বৈত চিন্তায় স্বপ্নাবস্থাকে জয় করিতে হয়। দ্রব্যাদ্বৈত চিন্তায় নিদ্রাবস্থাকে জয় করিতে হয়। মুনিব্যক্তি ঐ ভাবনাক্রমে অবস্থাত্রয় জয় করিয়া, অন্তরে ও বাহ্যে আত্মানুভবে নিষ্কামী হয়েন। ৭ ১৫। ৫১

যেমন কোন পটের চিত্রগুলি তন্তুর সহযোগে বস্ত্রের উপরে বিভিন্ন বর্ণের তারতম্যে প্রকাশ মাত্র। বাস্তবিক তন্তুর অভাবে সকলই বৃথা ও মিথ্যা। এইরূপ বাহ্যবস্তুগুলি সূক্ষ্মে পরিণত করিবামাত্র আত্মাই সকল কার্য্যের কারণ এরূপ চিন্তাকে ভাবাদ্বৈত কহে। ৭। ১৫। ৫২

মনে, বাক্যে ও দেহে যে সকল ক্রিয়া প্রকাশ হয়, সম্যক্ প্রকারে সেইগুলিকে ব্রহ্মধ্যানে পর্য্যবসিত করার নামই ক্রিয়াদ্বৈত। এই অবস্থায় স্বপ্ন ক্ষয় হয়। ৭। ১৫। ৫৩

পুত্র, কন্যা, স্ত্রী, আত্মীয় ও অপর প্রাণী গৃহবিত্তাদির প্রতি স্নেহাদিতে অন্ধ না হইয়া তত্ত্ববিচার দ্বারা সমস্তই পরমাত্মভাবময় করার নামই দ্রব্যাদ্বৈত। ইহাতে জীবের স্বার্থ ও কামনা একভাব প্রাপ্ত হইয়া আত্মাতে লয় হয়। ৭। ১৫। ৫৪

হে ধর্ম্মরাজ! আমি গৃহী, বানপ্রস্থী, সন্ন্যাসী ও ব্রহ্মচারীর পক্ষে যতগুলি বিধি ও নিষেধ প্রকাশ করিলাম, সেই সকল কার্য্য, দ্রব্যানুষ্ঠান বা ধ্যানাদি মানবে ঘোর বিপন্ন না হইলে যেন ত্যাগ না করে। যে সকল ক্রিয়া বেদমধ্যে উপদিষ্ট হইয়াছে, এবং ঋষিগণ বিবেচনা করিয়া যাহা বিহিত করিয়াছেন, মানবগণ আত্মক্ষমতায় সেই সকল অনুষ্ঠান করিলে গৃহে থাকিয়াও নিবৃত্তির অধিকারী হইয় ভগবান্ শ্রীকৃষ্ণের ভক্তি প্রাপ্ত হইতে পারে এবং মুক্তিগতি লাভ হইতে পারে। ৭। ১৫। ৫৫। ৫৬

হে মহারাজ! সেই ভগবানের সেবায় ও ভক্তিতে কি না লাভ হয়? তোমরাই তাহার দৃষ্টান্ত স্থান হইতেছ। তোমরা তাঁহার আশ্রয় লইয়া, কতই বিপদ হইতে উদ্ধার পাইয়াছ, তোমরা তাঁহার পদকমলের সেবা করিয়া দিগ্‌গজ সমূহকেও পরাভূত করিয়া মহা মহা যজ্ঞ সম্পাদন করিয়াছ। গৃহীর পক্ষে ভগবদ্ভক্তি আহরণ করাই প্রধান কার্য্য। ৭। ১৫। ৫৭

দেখ ধর্ম্মরাজ! আমার জীবনের দৃষ্টান্ত তোমাকে বলি; আমি পূর্ব্বকল্পে উপবর্হন নামে গন্ধর্ব্ব ছিলাম। গন্ধর্ব্বগণ সকলেই আমাকে সম্মান করিত। আমার গঠনের ও রূপের মাধুরীতে এবং অঙ্গের সুগন্ধে ও প্রিয়দৃষ্টির জন্য সকল গন্ধর্ব্বকামিনীগণ আমাকে প্রেম করিত; আমি তাহাদের সম্ভোগে উন্মত্ত ও ঘোর লম্পট ছিলাম। একদা বিশ্বস্রষ্টা দেবতাগণ স্বর্গে ভগবানের উদ্দেশ্যে যজ্ঞ করেন, সেই যজ্ঞে হরিলীলা গান করিতে সমস্ত গন্ধর্ব্ব ও গান্ধর্ব্বীগণ আমন্ত্রিত হয়েন। হরিলীলা গাইতে হইবে জানিয়াও, আমি অপ্সরীগণ পরিবৃত হইয়া প্রণয় সঙ্গীত গাহিতে গাহিতে উন্মত্ত হইয়া সেই পবিত্র সভায় গমন করিয়াছিলাম। আমার ধৃষ্টতা দর্শন করিয়া দেবগণ আপনাদের পবিত্র তেজে আমাকে ইহা বলিয়া অভিশাপ দিলেন :—

রে গন্ধর্ব্ব! তুই যখন আমাদের আজ্ঞা অবহেলা করিয়া এই সভায় কামুক হইয়া প্রবেশ করিয়াছিস্, তখন তোর গন্ধর্ব্বশ্রী নষ্ট হউক, আর তুই এই দণ্ডেই শূদ্রত্ব লাভ করিয়া সংসারে জন্মগ্রহণ কর্। হে মহারাজ! আমি সেই অভিশাপে এই কল্পে কোন ব্রহ্মবাদী সাধুগণের দাসীগর্ভে জন্ম লইয়াছিলাম। পরে সেই ব্রহ্মবাদী-গণের সেবা ও সঙ্গ করিয়া ক্রমে এত উন্নত ও ব্রহ্মপুত্রত্ব লাভ করিয়াছি। হে রাজন্! তোমার প্রশ্নমতে আমি অপরাপর আশ্রমের সহিত গৃহীগণের পাপনাশন ধর্ম্মের কথা বলিলাম। এই ধর্ম্মাহরণ করিলেই গৃহীগণ অন্তে সন্ন্যাসীগণের মুক্তি পদবী অনা-য়াসেই প্রাপ্ত হইতে পারিবে। ৭। ১৫। ৫৮। ৫৯। ৬০

হে মহারাজ! আমার পবিত্রতা দূরে থাকুক, কৃষ্ণসেবায় তোমরা যেরূপ পবিত্রতা লাভ করিয়াছ, তোমাদের ন্যায় ভাগ্যবান্ সংসারে আর কে আছে!! তোমাদের গৃহে সতত সাধুগণ গমন করেন। যিনি পরমব্রহ্ম, তিনি মনুষ্যচিহ্নযোগে আত্মমূর্ত্তি গোপন করিয়া তোমাদের গৃহে প্রবেশ করিয়াছেন। যিনি ব্রহ্ম, যিনি সাধুগণের অন্বেষণীয়, যিনি নির্ব্বাণসুখের অনুভব স্থান মাত্র। তোমাদের সেবাবলে যিনি তোমাদের প্রিয় হইয়াছেন, সখা হইয়াছেন, আত্মীয় হইয়াছেন, আত্মারূপে পূজ্য হইয়াছেন, মন্ত্রী ও গুরু হইয়াছেন! স্বয়ং ব্রহ্মা ও মহেশ্বরাদি যাঁহার মূর্ত্তি কল্পনা করিয়া ধ্যান করত যাঁহাকে বুদ্ধিতে অনুভব করেন। মৌন, উপশম ও ভক্তিতে সেই ভক্তগণেরপতি সক-লের প্রতি চিরকালই প্রসন্ন থাকেন।

এতদূর বর্ণনা করিয়া শ্রীনারদের কথিত বিষয় উপসংহার করিয়া, শ্রীশুকদেব রাজা পরীক্ষিৎকে কহিলেন ঃ—

হে মহারাজ! ধর্ম্মরাজ শ্রীনারদের মুখে এইরূপে সমস্ত আশ্রমের সাধনবৃত্তান্ত শ্রবণ করিয়া পরম সুখী হইলাম। তিনি প্রীত হইয়া প্রেমবিহ্বলচিত্তে দেবর্ষিকে ও উদ্দেশে শ্রীকৃষ্ণকে পূজা করিলেন। অনন্তর শ্রীকৃষ্ণ ও অর্জ্জুনকে সম্ভাষণ করিয়া এবং তাঁহাদের নিকট স্বয়ং পূজিত হইয়া মহামুনি নারদ যথাস্থানে প্রস্থান করি-লেন। যে ব্রহ্মের অঙ্গে দেবতাসুরমনুষ্য ও চরাচরাদি সমস্ত লোক কল্পিত আছে, মহাত্মা পাণ্ডবগণ কৃষ্ণকে সেই ব্রহ্মরূপে বোধ করিয়া পরম বিস্মিত হইলেন। ৭।১৫।৮১

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে পঞ্চদশাধ্যায়ে
উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। গৃহাশ্রমে যে ভাবে কর্ম্ম করিলে প্রবৃত্তিমার্গে জন্মগ্রহণ এবং যে ভাবে কর্ম্ম করিলে নিবৃত্তি পথে যাইয়া মুক্তিলাভ হয়, তাহাই এস্থানে প্রকাশ হইল। নারদ ও যুধিষ্ঠিরাদি প্রথমে সংসারী হইয়াও, কামুক হইয়াও, একমাত্র ভক্তিবলেই এতদূর উন্নত হইয়াছেন যে, কৃষ্ণকে দর্শনাদি করেন। যুধিষ্ঠিরের পক্ষে তাঁহার হৃদয়-গৃহে কৃষ্ণের উদয় ও ভাবরাজ্যে সখ্য প্রভৃতি ভাব কৃষ্ণময় হইয়াছিল, বুঝিতে হইবে। প্রকৃত মানবের কথা নহে। এই কৃষ্ণময়ত্বই মুক্তি, ইহাই বলা হইল।

ইতি শ্রীভাগবতে সপ্তমস্কন্ধে পঞ্চদশাধ্যায়ে কুমারনগরনিবাসী চণ্ডীচরণা-অজোমেশচন্দ্রাত্মজোপেন্দ্রকৃতাধ্যাত্ম ব্যাখ্যা সমাপ্ত।

ইতি সপ্তমস্কন্ধ সমাপ্ত।

সচিত্র সানুবাদ ও সটীক

শ্রীমদ্ভাগবতসংহিতা।

মহাপুরাণ।

(শ্রুতি, মীমাংসা, ন্যায়, বেদান্ত, বৈষ্ণবশাস্ত্র ও সংহিতাদির মতে সাধারণ ও আধ্যাত্মিক-ব্যাখ্যাসংযুক্ত)

অষ্টমস্কন্ধ।

মদনমোহন মূর্ত্তি।

শ্রীউপেন্দ্র চন্দ্র মিত্র ভক্তিতীর্থ কর্ত্তৃক সঙ্কলিত।

কলিকাতা ১৬৪ নং মাণিকতলা ষ্ট্রীট, ভাগবত-সভা হইতে প্রকাশিত।

[দ্বিতীয় সংস্করণ।]

৫৩।২।১ নং গ্রে ষ্ট্রীট, আর্য্যযন্ত্রে, শ্রীগিরিশচন্দ্র ঘোষ দ্বারা মুদ্রিত।

সন ১৩০০ সাল।

ওঁ নমো ভাগবতে বাসুদেবায়।

শ্রীমদ্ভাগবতসংহিতা।

অষ্টম স্কন্ধ।

প্রথম অধ্যায়।

মহারাজ পরীক্ষিত পূর্ব্বকথা শ্রবণ করিয়া প্রেমে একেবারে আকুল [illegible] উঠিলেন। তিনি পরমোৎসুকী হইয়া শ্রীশুকদেবকে জিজ্ঞাসা করিলেন :—

হে গুরো! আপনি পূর্ব্বে যে সকল কথা আমাকে শ্রবণ করাইলেন, তাহাতে কেবল স্বায়ম্ভুব মন্বন্তরের কথাই প্রকাশ হইল; উহাতে ভগবানের লীলাকথা ও মনুদেবের বংশচরিত্র কথা আমি বিস্তর শ্রবণ করিলাম। এক্ষণে অপরাপর মন্বন্তরের বিষয় এবং সেই সেই মন্বন্তরে মনুপুত্র, ঋষি, দেবতা প্রভৃতি যে ভাবে সৃষ্টি বিস্তার করেন, তাহাই আমাকে অনুগ্রহ করিয়া বলুন। ৮। ১। ১।

হে ভগবন্! স্বায়ম্ভুব মন্বন্তরের ন্যায় অপরাপর মন্বন্তরে মহিমান্বিত ভগবান্ হরি, যে ভাবে আবির্ভূত হইয়া লীলা প্রকাশ করেন, যাহা চিরকাল ব্রহ্মবিৎ পণ্ডিতগণে গান করিয়া থাকেন; আমি ঐ সৃষ্টিসংবাদের সহিত সেই সকল কথা শ্রবণ করিতে ইচ্ছা করিয়াছি, অনুগ্রহ করিয়া তাহা প্রকাশ করুন। ৮। ১। ২।

হে ব্রহ্মন্! বিশ্বপালনকর্ত্তা হরি অতীত মহামন্বন্তরে যে যে লীলা করিয়াছেন; বর্ত্তমান মন্বন্তরে যাহা করিতেছেন এবং ভবিষ্যৎ মন্বন্তরে যাহা করিবেন, এ সকল কথা আমাকে শ্রবণ করাইয়া চরিতার্থ করুন। ৮। ১। ৩।

ব্যাখ্যা। যিনি অনন্ত হইয়াও জীবের অন্তর্যামী, যিনি অসীম হইয়াও হৃদয়ে অণুমাত্র হইয়া অবস্থিত; যিনি সাধকের সিদ্ধিদাতা, যিনি ধ্যানবলে সন্নিহিত, যিনি

:, সেই অণু হইতে ক্ষুদ্র এবং অনন্ত ব্রহ্মাণ্ডপূজ্য বিরাট.
.রতে ইচ্ছা করি।

অবগত হইবার জন্য, যাঁহার লীলারস উপাখ্যান সহযোগে ভগবান ব্যা .াগে স্থাপন করিয়াছেন। শুকদেব যাহা আস্বাদন করিয়া মুক্তির প্রধান স .বিবেচনায়, মুমূর্ষু পরীক্ষিতকে শ্রবণ করাইতেছেন। মহাত্মা শ্রীধর হইতে ভগবান চৈতন্য পর্য্যন্ত সকলেই একবাক্যে অস্মিন্‌যুগে যে রসতত্ত্ব প্রকাশ করিয়া গিয়াছেন। আমি তাঁহাদের চরণবিক্ষেপচিহ্ন দেখিয়া রস আস্বাদন করিতে অগ্রসর হইতেছি। রস-তত্ত্বে যাহা দেখিতেছি, তাহাই লিখিতেছি। ক্রমে অষ্টম মহাসাগর সদৃশ অষ্টমস্কন্ধীয় ভাগবতরসসাগরের তীরস্থ হইলাম। পূর্ব্বাচার্য্যগণ এই সাগরের রস আস্বাদন করিয়া যাহা উচ্ছিষ্ট রাখিয়াছেন, আমি তাহাই উপাদেয় ভাবিয়া বর্ত্তমানকালের ভক্তগণকে বিতরণ করিতেছি, সাধুগণ নিজগুণে দোষ ও ভ্রম উপেক্ষা করিয়া সাদরে গ্রহণ করিবেন।

পূর্ব্বে দ্বিতীয়স্কন্ধ ব্যাখ্যাকালে বিশেষ করিয়া বলা হইয়াছে; যেমন কাব্যনাটকাদি লিখনের বিধি আছে এবং লক্ষণ আছে। সেইরূপ পুরাণ লিখনের বিধি ও লক্ষণ আছে।

বহুঋষিগণের আস্বাদনে ভ্রমশূন্য বুঝিয়া বেদের কঠিন তাৎপর্য্যসমূহকে উপাখ্যান সহযোগে বুঝাইতে যে শাস্ত্র শ্রীব্যাস প্রকাশ করেন, তাহার নামই পুরাণ। যেমন ভগবত্তত্ত্ব প্রতি প্রলয়ান্তে মানবে স্বভাবতঃ বুঝিবার জন্য ভগবান স্বয়ং বেদকে প্রকাশ করেন, সেইরূপ নিম্নাধিকারিগণকে বেদবিষয়ে বুদ্ধি প্রদান করিবার জন্য, প্রতি প্রলয়ান্তে স্বয়ং ঈশ্বরই আপনার কৃপাগুণ দেখাইবার জন্য, ঋষিমূর্ত্তিতে পুরাণ প্রকাশ করিয়া থাকেন ই জন্য বেদের ন্যায় পুরাণ নিত্য ও সম্মানীয়। এই নিয়মকে পুরাণের বিধি বা অঙ্গ কহে।

এই নিয়মে ভগবান প্রতি প্রলয়ের পরে মানবের জ্ঞান পালনার্থে:—বেদ, তন্ত্র, স্মৃতি, দর্শন, পুরাণ প্রভৃতি প্রকাশ করেন বটে, কিন্তু উহাদের মধ্যে কোন্ গুলি বেদ, কোন্ গুলি তন্ত্র বা অপরাপর শাস্ত্র, ইহা যে উপায়ে ঋষিগণ নির্ব্বাচিত করিয়া গিয়াছেন. তাহাকে লক্ষণ বলে। যে শাস্ত্রে সূক্ষ্ম সৃষ্টি হইতে জীবাদির ন্যায় স্থূল সৃষ্টি, ঈশ্বরের লীলা কথা এবং মন্বন্তরাদির কথা প্রচার আছে, তাহাকেই পুরাণ কহে। এই পুরাণের বহুবিধ লক্ষণের মধ্যে মন্বন্তর কথা একটী লক্ষণ। শ্রীমদ্ভাগবতটি পুরাণ বিধায়ে সেই লক্ষণ বুঝাইতে, এই অষ্টমস্কন্ধে মন্বন্তরের কথা আরম্ভ হইল।

আর্য্য বৈজ্ঞানিকেরা কহেন, এই সৃষ্টির শৈশব, যৌবন ও বার্দ্ধক্য দশা আছে। সৃষ্টির প্রথমাবস্থাই ইহার শৈশব; বিকাশাবস্থাই ইহার যৌবন, এবং সৃষ্টিশক্তির

হ্রাসাবস্থাই ইহার বার্দ্ধক্য, মহাপ্রলয়ই ইহার মৃত্যু। সৃষ্টির [illegible] পূর্ণ হইতে যে কালের অপেক্ষা করে, তাহাতেই বহুমন্বন্তর গত হয় ও [illegible] জা, বিধিদাতা, শাসনকর্ত্তা, কল্যাণদাতা প্রভৃতি বিবিধ মূর্ত্তিতে জী[illegible] র্ত্ত-নের সহিত আপনার ঐ সকল অবস্থার পরিবর্ত্তন ঘটাইয়া থাকেন। [illegible] আপনিই জীব, আপনিই শিব। তাঁহার লীলা তিনিই করিয়া থাকেন। ঐ যে ঈশ্বরে[illegible] ও জগৎপালনার্থে জনকাদি মূর্ত্তিতে রূপান্তর গ্রহণকথা বলা হইল, উহা এক ম[illegible]য় কালের মধ্যে অষ্টবিধ ঘটিয়া থাকে। ঐ আটটি মুখ্য পরিবর্ত্তনকে আটটি মন্বন্তর বলা হয়। ঐ বহুমন্বন্তরের মধ্যে বর্ত্তমান কাল পর্য্যন্ত ছয়টি মন্বন্তর অতীত হইয়াছে, সপ্তম মন্বন্তর চলিতেছে। পরে সৃষ্টির মন্বন্তর অতীত হইলে মহাপ্রলয় উপস্থিত হইবে। পুনরায় বর্ত্তমান সৃষ্টির কর্ম্মফলবীজ লইয়া নূতন সৃষ্টি প্রকাশ হইবে।

এই ক্রমশঃ পরিবর্ত্তন ও একান্ত পরিবর্ত্তন; ইহা সকল বৈজ্ঞানিককেই স্বীকার করিতে হয়। তবে ঈশ্বরতত্ত্বে রসিক না হইলে, ভগবানের লীলারস এই সকল কালে এই ভাবে ঘটে কি না ইহা বুঝা কঠিন হয় মাত্র। ইতিপূর্ব্বে মহারাজ পরীক্ষিত তৃতীয় স্কন্ধের মনুবিবরণ হইতে সপ্তমস্কন্ধের নৃসিংহমূর্ত্তির আবির্ভাব পর্য্যন্ত ভগবানের লীলা কথা যে ভাবে শ্রবণ করিলেন ইহা প্রথম মন্বন্তরের কথা। প্রাচীনগণে বংশ পরম্পরায় ও শাস্ত্র পরম্পরায় উহা গান করিয়া থাকেন। আদি মন্বন্তরে সমস্তই সূক্ষ্মস্বভাব হইতে উদ্ভূত, সকলেই সূক্ষ্ম হইতে প্রথম প্রকাশিত; এইজন্য ঈশ্বর হইতে মনুর সৃষ্টি, ভৃগ্বাদি মহর্ষির সৃষ্টি, সনকাদি বৈরাগীর সৃষ্টি, কপিলাদি দেবাদির সৃষ্টি, হিরণ্যাক্ষাদি অসুরের সৃষ্টি প্রভৃতি স্বভাবতঃ ঐ মন্বন্তরে দেখান হইয়াছে। স্বয়ং ঈশ্বরাবস্থা বা প্রলীনাবস্থা হইতে স্থূল ভাবে স্বভাবতঃ সৃষ্টি প্রকাশ হইয়াছে বলিয়া, ঐ আদি মন্বন্তরকালের নাম স্বায়ম্ভুব অর্থাৎ স্বয়ং প্রকাশিত। এবং যে

ঐ কালে হরিলীলা ও অপরাপর লীলা যাহা প্রকাশ হইয়াছে, তাহার কিয়দংশ শ্রবণ করিয়া শ্রদ্ধাবান্ রাজা পরীক্ষিতের হৃদয় একেবারে প্রেমে আকুল হইয়া উঠিল। ঈশ্বরতত্ত্ব ও তল্লীলা অধিক শ্রবণ করিতে প্রয়াস বৃদ্ধি হইল। এই জন্য তদুক্তিতে অতীত ও ভবিষ্যৎ মন্বন্তরাদির কথা ত্রিকালজ্ঞ শুকদেবকে তিনি জিজ্ঞাসা করিলেন। পুরাণের প্রকৃত তাৎপর্য্য যে, পুরাণ শ্রবণ করিলে হৃদয়ে শ্রদ্ধার আবির্ভাব হয়, সেই শ্রদ্ধাই ক্রমে তত্ত্বপথে জীবকে লইয়া থাকে। পরীক্ষিতের জীবনে সেই ভাব বিকশিত হইল। তাঁহার শ্রদ্ধা বৃদ্ধি প্রাপ্ত হইল। তৃপ্ত হওয়া দূরে থাকুক, সমস্ত ভগবত্তত্ত্বকে হৃদগত করিতে, তিনি ভগবল্লীলা সম্পূর্ণ শ্রবণ করিবার জন্য ব্যগ্র হইয়া, গুরুকে তাহা বর্ণনা করিতে অনুরোধ করিলেন। ইহাতে আরো বলা হইল যে পুরাণের লক্ষণ ও

তাৎপর্য্য যে ভগবৎপর করিতে পারে, ইহা সত্য ও পরীক্ষিত। একথা এই ক্ষিত হইয়াছে বলিয়া, তাঁহাকে পরীক্ষিত বলা হইয়াছে।

শ্রীপরীক্ষিতের শ্রবণেচ্ছা বুঝিয়া শ্রীশুকদেব কহিলেন ঃ—

হে মহারাজ! বর্ত্তমান কল্পে এ পর্য্যন্ত স্বায়ম্ভুবাদি হইতে ছয়টী মন্বন্তর কাল গত হইয়াছে। তন্মধ্যে স্বায়ম্ভুব মন্বন্তরে যে ভাবে দেবাদির ও প্রজাপতিগণের উদ্ভব হইয়াছিল, ঐ কথা পূর্ব্বে আপনাকে শ্রবণ করাইয়াছি। সেই স্বায়ম্ভুব মনুর আকুতি ও দেবহুতি নামে দুই কন্যা হয়েন, ঐ দুই কন্যার গর্ভে জগৎবাসীকে ধর্ম্মজ্ঞান উপদেশ দিবার জন্য স্বয়ং ভগবান্ পুত্রত্ব লাভ করিয়াছিলেন।

অকুতির গর্ভে তিনি যজ্ঞ নামে খ্যাত হয়েন, দেবহুতির গর্ভে তিনি কপিল নামে পরিচিত হয়েন। পূর্ব্বে তৃতীয়স্কন্ধে ভগবান্ কপিলের চরিত্র বিশেষ করিয়া বর্ণনা করিয়াছি। এক্ষণে আকুতির গর্ভজাত ভগবান্ যজ্ঞের চরিত্র বর্ণনা করিতেছি শ্রবণ করুন। যখন শতরূপাপতি মনুদেব বহুকাল প্রজাপালন ও কামভোগাদি করিয়া, ক্রমে ভোগাদিতে বিরক্ত হইয়া, রাজ্যভার ত্যাগ করিলেন। আপনার ভার্য্যার সহিত তখন তিনি পরমানন্দ অনুভব করিবার জন্য, বিজন অরণ্যে প্রবেশ করিলেন। ৮।১।3।৫।

ব্যাখ্যা। পূর্ব্বে তৃতীয় স্কন্ধে স্বায়ম্ভুব মনু ও তৎপত্নী শতরূপার কথা বিশেষরূপে বলা হইয়াছে। এই কালটী প্রতি সৃষ্টির প্রাক্‌কাল। এই সময়ে সৃষ্টির মধ্যে প্রথমে মানস অর্থাৎ সূক্ষ্ম কার্য্য প্রকাশ হয়, ক্রমে সেই অবস্থাগুলি স্থূল হইয়া থাকে। যত স্থূল হয়, ততই সত্ত্বরজোতমোগুণাত্মক জীবের ও মনুষ্যের প্রকাশ হয়। ঈশ্বর জগৎ পালনের জন্য যেমন প্রাণমনাদি আত্মশক্তি দিয়া জীবের দেহ পালন করেন, আবার মনুষ্যের ন্যায় জ্ঞানময় জীবকে মুক্ত করিবার জন্যও স্বয়ং মনুষ্যের মূর্ত্তি ধরিয়া মুক্তির উপায়স্বরূপ জ্ঞানধর্ম্মাদিও উপদেশ দিয়া থাকেন।

পালন ও জ্ঞান ধর্ম্মোপদেশ দিয়া ভগবানের মুক্তকরণ লীলা শ্রবণের জন্য রাজা পরী-

ক্তির ইচ্ছা হওয়াতে, আদি মন্বন্তর হইতে এপর্য্যন্ত ভগবা[illegible]র্তিতে আবির্ভূত হইয়া জ্ঞান ও ধর্ম্ম শিক্ষা দিয়া গিয়াছেন এবং দিতেছেন ও [illegible]ংশ করিয়া [illegible] প্রকাশ করিতে আরম্ভ করিলেন। একটী সৃষ্টির প্রলয়কাল প[illegible]র সন্তান [illegible] কহে। ঐ কল্পের মধ্যে প্রধানতঃ আটটী মন্বন্তর অর্থাৎ একান্ত পরিব[illegible] [illegible]বিণাম ঘটিয়া থাকে। বর্ত্তমান কল্পে ছয়টী মন্বন্তর অর্থাৎ মহাপরিবর্ত্তন ঘটিয়া গি[illegible]। প্রতি মন্বন্তরের প্রারম্ভে যে ব্যক্তি জ্ঞানধর্ম্ম, সমাজ ও জীবিকা নির্দ্ধারণ করিবার [illegible] রাজাপতি থাকেন, তাঁহাকে প্রধান মনু বলা হয়। নচেৎ এক মন্বন্তরকালে বহু মনু বা অধিপতি হইয়া থাকেন। প্রতি মন্বন্তরে আবার সত্য, ত্রেতা, দ্বাপর, কলি এই চারি যুগ অতীত হয়। আদিমন্বন্তর কালে মানস সৃষ্টির সময়ে প্রথমে যে মনু জগতের অধিপতি থাকেন, তাঁহার নাম স্বায়ম্ভুব মনু; তাঁহার নামেই সেই পরিবর্ত্তন কালটিকে স্বায়ম্ভুবমন্বন্তর কাল কহে। দ্বিতীয় পরিবর্ত্তন কালের প্রথমে, স্বরোচিষ নামে অধিপতি। থাকেন এইজন্য দ্বিতীয়কে স্বারোচিষ মন্বন্তর কহে। তৃতীয় পরিবর্ত্তন কালের আদিতে উত্তম নামে মনু বর্ত্তমান থাকেন। এইজন্য সেই কালকে উত্তম মন্বন্তর কহে। চতুর্থ মন্বন্তর কালে তামস নামে মনু বর্ত্তমান। এইজন্য তাহাকে তামস মন্বন্তর কহে। পঞ্চম পরিবর্ত্তন কালের প্রথমে বৈবস্বত নামে মনু বর্ত্তমান থাকেন। এইজন্য সেই মন্বন্তরকে বৈবস্বত কহে। ষষ্ঠপরিবর্ত্তন কালের আদিতে চক্ষু নামে মনু বর্ত্তমান থাকেন। এইজন্য এই মন্বন্তরকে চাক্ষুষ মন্বন্তর কহে। এই ছয় মন্বন্তরে যে ভাবে ঈশ্বর মানব জীবনকে মুক্তিপর করিবার জন্য ধর্ম্মোজ্ঞানোপদেশ দ্বারা সকলকে উন্নত করেন, তাহারই কিছু কিছু তত্ত্ব এই পুরাণের এই স্থলে পুরাণের লক্ষণ নিশ্চয় জানিবার জন্য, শ্রীশুকদেব ব্যাসোক্তিমতে প্রকাশ করিতেছেন। ইহাতে প্রতি মন্বন্তরে, যতগুলি প্রধান মনু, যতগুলি তাঁহাদের গুণবান্ পুত্র, যতগুলি ইন্দ্র, যতগুলি দেবতা এবং যতগুলি ঋষি ও যতগুলি উপাস্য হরিমূর্ত্তি প্রকাশ হইয়াছিল, তাহার বিষয়ও কিছু কিছু শ্রীশুক বর্ণনা করিবেন। যে ইন্দ্র শব্দে ব্রহ্ম বা জ্ঞানেন্দ্রিয়; যে দেবতা শব্দে ইন্দ্রিয়শক্তি বুঝায়, এ স্থলে ইন্দ্র বা দেবতা শব্দে তাহা বুঝাইবে না। ইন্দ্র বলিতে এস্থলে ধন ও সৌভাগ্যের পতি এবং দেবতা বলিতে এস্থলে সিদ্ধ ও পুণ্যবান্ ব্যক্তি। একথা পরে ঐ সকল মহাত্মাদের চরিত্র বর্ণনা কালে প্রকাশ করা যাইবে।

আদিযুগে স্বয়ম্ভু মনু ছিলেন, প্রিয়ব্রত ও উত্তানপাদ তাঁহার পুত্র ছিলেন। আকুতিও দেবহুতি, তাঁহার কন্যাদ্বয় ছিলেন। পুত্রবংশে ধ্রুবাদি ভক্তের চরিত্র কথা বলা হইয়াছে। কন্যাদের সহিত ঋষি প্রজাপতি সম্বন্ধ হওয়াতে তাঁহাদের দুই গর্ভে দুইটী পুত্র হয়। সেই জ্ঞানময় জন্মে ভগবান্ জ্ঞানধর্ম্ম শিক্ষা দিবার জন্য যজ্ঞ ও কপিল নামে

আবিভূর্ত কপিলদেবের কথা তৃতীয় স্কন্ধে বলা হইয়াছে, এক্ষণে যজ্ঞদেবের কথা তিনি যে সময়ে আবির্ভাব হইয়া যে ভাবে লীলা করেন, তাহার প্রথমে ঐ মনুর বৈরাগ্যের কথা বলা হইল, বুঝিতে হইবে।

হে ভারত! সেই আদি মনুদেব, বৈরাগ্য অবলম্বন করিয়া প্রথমে সুনন্দা নদীর তীরে গমন পূর্ব্বক একপদে শতবর্ষকাল দণ্ডায়মান থাকিয়া ঘোর তপস্যা করিতে করিতে ভগবানকে ধ্যান করিয়া এই ভাবে স্তব করিয়াছিলেন :—৮।১।৬।

হে মহারাজ! ধ্যানকালে ভগবান মনু ভগবদনুভব করিয়া, এইভাবে আত্মতৃপ্তি প্রকাশ করেন,—এই বিশ্ব যাঁহার চৈতন্যে চেতন হইয়া থাকে, বিশ্ব যাঁহাকে চৈতন্যদানে সমর্থ হয় না। প্রলয়ে বিশ্ব লুপ্ত হইলেও যিনি একমাত্র সকলের সাক্ষী হইয়া জাগ্রত থাকেন, যিনি সর্ব্বান্তর্যামী হইয়া সমস্ত বিজ্ঞাত আছেন! কি দুঃখ! মানব জ্ঞানযোগে তাঁহাকে জানিতে চেষ্টা করে না!! ৮।১।৭।

হায়! হায়! এই যে বিশ্বকোষ, ইহা আত্মার আবাসভূমিই হইতেছে, এই যে চিরপরিবর্ত্তনশীল ত্রিভুবন, ইহার মধ্যে যাহাকে জগৎ অর্থাৎ জন্মমৃত্যুর অধীন দেখা যায়, উহারাও সেই আত্মার আবাসস্থান হইতেছে। ভোগের জন্য সেই আত্মা যাহা কিছু দান করেন, তাহাতেই সন্তুষ্ট থাকিয়া, তাহা ভোগ করা উচিত, ভোগের জন্য কাহারও পক্ষে অধিক ধন আশা করা উচিত হয় না! ৮।১।৮।

ব্যাখ্যা। এই শ্লোকে একবার চিন্ময় আত্মার সংস্থান বুঝাইয়া, পুনরায় জগৎ শব্দ ব্যবহার করা হইয়াছে। ইহাতে বিশ্বকে বৃহৎ ব্রহ্মাণ্ড বুঝিতে হইবে, আর জগৎকে ক্ষুদ্র ব্রহ্মাণ্ড বা এক সৌরজগৎ বুঝিতে হইবে। বিশ্ব বলিতে সর্ব্বগত মহাভূত ভাব এবং জগৎ বলিতে জন্মমৃত্যুর অধীন সমষ্টিভূত বিকৃতভূতভাব। মহাভূতে যিনি পরমাত্মা, প্রতি দেহে তিনিই জীবাত্মা। মহাভূতটি যেমন তাঁহার কার্য্যলীলাস্থল দেহটিও তাঁহার ভোগ লীলাস্থল। এই দেহে জ্ঞানবুদ্ধি ও ইন্দ্রিয়শক্তি সমূহকে তিনি আপনার বিহিত কৃপা ভোগের জন্য দিয়াছেন, তাহাতে সন্তুষ্ট না হইয়া অপর কাহারো ভোগ্য ধন অর্থাৎ মনুষ্যের অতীত পশুবৃত্তি সমূহ ভোগ করিলে, তাঁহার কৃপা ভোগে বাধা হয় এবং ঘোর

দুঃখ উপস্থিত হয়। এইজন্য এই শ্রুতিসঙ্গত শ্লোক ভগবন্ মনু দুঃখ করিয়া বলিতেছেন যে, কেবল ভগবদারাধনা ও পরমার্থ ধন ভোগের জন্য আমার সন্তান যেন মানবেরা যেন যত্নশীল হয়েন। পশুবৃত্তি ভোগে উন্মত্ত হইয়া অহঙ্কারী হইয়া যেন দুঃখভোগ না করেন।

যিনি সকলকে দিবানিশি দেখিতেছেন, চক্ষুকে বাহ্যবিষয়ে নিরত রাখিয়া মানব যাঁহাকে দেখিতে পায় না। অথচ দেখিতে পাই না বলিয়া যাঁহার সত্তার অপলাপ নাই। যিনি সকল প্রাণির আশ্রয়স্বরূপ, যিনি সর্ব্বদ্যোতনকারী সুপর্ণ, সকলে যেন তাঁহাতেই প্রপন্ন হয়। ৮। ১। ৯।

ব্যাখ্যা। চক্ষু বলিতে এমন একটী জ্ঞানেন্দ্রিয়, যাহার বাহ্য ও অন্তর দেখিবার ক্ষমতা আছে। যখন বাহ্যদর্শন করে, তখন বাহ্য বিষয়ে মন উন্মত্ত হইয়া থাকে, অন্তর্যামী সূক্ষ্মসত্ত্বা অনুভব হয় না। সেই নিয়মে হরি সর্ব্বান্তর্যামী হইলেও জ্ঞানচক্ষু বিহনে তাঁহাকে দেখিতে পাওয়া যায় না বলিয়া তিনি নাই, একথা স্বীকার্য্য নহে। সুপর্ণ বলিতে উত্তম পক্ষী। এক মাতৃগর্ভজাত সন্তান হইলেও, এক বৃক্ষে বাস করিলেও, যেমন দুইটী পক্ষীর পরস্পর সম্বন্ধ থাকে না, অর্থাৎ প্রথম গর্ভজাতের সহিত দ্বিতীয় গর্ভজাতের মিলন বা সম্বন্ধ থাকে না। এমন কি মাতা পিতার সহিতও সম্বন্ধ বিচ্ছিন্ন হয়। অধিকন্তু এক দম্পতীর যদি কিছুকাল পার্থক্য ঘটে, তাহাতেও তাহাদের একান্ত বিস্মৃতি ঘটিয়া উঠে। সেইরূপ পরমাত্মা ও জীবাত্মা বিশ্বের ও ভূতের অন্তর্যামী হইয়াও সুপর্ণ বা পক্ষীর ন্যায় চিরবিস্মৃত। যাহাতে তাঁহার সঙ্গ ঘটে, জীবের তাহা করা উচিত।

হে মহারাজ! মহাত্মা মনু পুনরায় ধ্যানবলে সেই ভগবানের বিভূতি এইভাবে বর্ণনা করিতে থাকিলেন :—

অহো! যাঁহার আদি নাই, অন্ত নাই, মধ্য নাই, যাঁহার আত্মীয় নাই, পর নাই, যাঁহার অন্তর নাই, বাহির নাই, একমাত্র বিশ্বই যাঁহার বাহ্যরূপ বলিয়া, ঐ সকল

বিষয়ে কেবল বিশ্বেই লক্ষিত হইয়া থাকে। বাস্তবিক তিনি বিশ্বাতীত; সত্য ও পূর্ণ হইতেছেন। ৮। ১। ১০।

অহো! এই বিশ্বই তাঁহার কায়া, তিনি বিশ্বরূপী হইয়া অগণ্যনামে ও গুণে সাধকের নিকটে পরিচিত হয়েন। বাস্তবিক তিনি ঈশ্বর অর্থাৎ সর্ব্বসাক্ষী, সত্য অর্থাৎ স্বপ্রকাশ, পুরাণ অর্থাৎ বিকার বিহীন, আত্মশক্তিতে আপনিই জ্যোতির্ম্ময়, এবং জন্মমৃত্যুবিহীন হইতেছেন। তাঁহার কায়াস্বরূপ এই বিশ্বের জন্মস্থিতি হরণাদি কার্য্য আপনার মায়া শক্তিতে তিনিই ঘটাইয়া থাকেন, কিন্তু আপনি বিশুদ্ধ বিদ্যা শক্তির প্রভাবে আপনার মায়াশক্তি হইতে স্বাধীন হইয়া, চিরদিন বর্ত্তমান আছেন। ৮। ১। ১১।

প্রাচীন কাল হইতে ঋষিগণ সেই ভগবানের চরিত্র উপলক্ষ করিয়াই প্রথমে কর্ম্ম করিয়া থাকেন; কিন্তু ভগবানের এমনি গুণ যে তদর্থ কর্ম্ম করিলে অন্তে সেই কর্ম্ম ক্ষয় হইয়া থাকে। যেমন সংসারী পুরুষ কার্য্য করিতে করিতে ক্রমে সেই কার্য্যে স্বভাবতঃ বিরক্ত হইয়া থাকে। সেইরূপ পরমার্থ কার্য্য করিতে করিতে মুনিগণ কার্য্যহীন স্বভাবতই হইয়া থাকেন। ৮। ১। ১২।

সংসারীগণ কার্য্য করিয়া এক কার্য্যে বিরক্ত হইলেও ক্ষণপরে আবার সেই কার্য্যে তাহাদের আশক্তি দেখা যায়, সেই আশক্তিবশে ক্রমে তাহারা সংসারে বদ্ধ হইয়া থাকে, ঈশ্বর আত্মকার্য্য স্বরূপ বিশ্বলীলা করিয়া কোষকার কীটের ন্যায় আত্মকার্য্যে তন্মধ্যে আবদ্ধ হয়েন না। অভাব যাঁহার থাকে তাঁহারই আশক্তির প্রকাশ হয়, ঈশ্বর সকল তত্ত্বেই পূর্ণ, তাঁহার আশক্তি ঘটিতে পারে না; এবং যে সকল পুরুষ তাঁহার স্বভাবের অনুকরণ করিয়া কর্ম্ম করেন, তাঁহারা অন্তে তাঁহার গুণ প্রাপ্ত হইয়া নির্ম্মুক্তই হইয়া থাকেন। ৮। ১। ১৩।

অহো! যিনি ইচ্ছা করিয়া কার্য্যমাত্র প্রকাশ করেন, কিন্তু বুধ অর্থাৎ তত্ত্বজ্ঞানে পূর্ণ বলিয়া নিজকার্য্যে যাঁহারা আশক্তি সম্ভব হয় না। তিনি আপনার শক্তি ও জ্ঞান ব্যতীত আর কাহারো আশ্রিত নহেন, এইহেতু যিনি সকল চেষ্টায় পূর্ণ, এবং পূর্ণ বলিয়া যিনি আশক্তিবিহীন হইতেছেন। যিনি বিশ্বের স্থিতি, সৃজন, হরণ ও জীবের উন্নতি ও অবনতির ধর্ম্মবিধাতা হইতেছেন। কেবল মানবগণকে আত্মতত্ত্ব শিক্ষা এবং যজ্ঞাদি কর্ম্ম ও মুক্তি প্রভৃতির উপদেশ, আবির্ভূত হইয়া যিনি প্রকাশ করিয়া থাকেন। সেই সকলের আত্মা ও প্রভুকে আমি একান্ত শরণ করি। ৮। ১। ১৪।

ব্যাখ্যা। এই মন্বন্তরে প্রথমে শ্রীব্যাস কৌশলে ঈশ্বরের স্বরূপ, মায়াধিপত্ব ও ব্রহ্মভাব প্রকাশ করিলেন। যদিও তিনি ব্রহ্ম ও সর্ব্বব্যাপী, তথাপি তিনি অবতীর্ণ হয়েন। কেন আবির্ভূত হয়েন? না-আপনি যে পদবীতে থাকিয়া মায়াতীত হইয়া আছেন, জীবাত্মা ক্রমে মানবজন্ম লাভ করিয়া তাঁহার জ্ঞানবুদ্ধির সামীপ্য লাভ করাতে, ঈশ্বর কৃপা করিয়া, যজ্ঞতপস্যাদি বিবিধযোগে তাহাদের আপনাতে লীন করিয়া বা নিজের পরমানন্দসাগরে মগ্ন রাখিতে, তদুপায় সমুদায় শিক্ষা দিয়া থাকেন। তিনি মায়ার আশ্রয়ে জন্মাদি দান করেন, তিনি বিশুদ্ধ বিদ্যাশক্তির সাহায্যে জীবকে মুক্ত হইতে উপদেশও দিয়া থাকেন। মুক্ত কি উপায়ে হওয়া যায়, তাহা বলিতে বলা হইল যে, ঈশ্বরের স্বভাবের অনুকরণ করিলেই তৎস্বভাব লাভ হইয়া থাকে। যেমন অগ্নিস্বভাব লাভ করিলে, শীত দূর হয়। সেইরূপ সৃষ্টিলীলায় ঈশ্বরের স্বভাব-তত্ত্বের অনুসারী হইলে, ঈশ্বরানন্দ লাভ হইয়া থাকে। তদ্ভাব লাভ করার নামই মুক্তি। তদ্ভাবে উপস্থিত হইবার চেষ্টাই যজ্ঞ, ব্রত, তপস্যা ও উপাসনা প্রভৃতি বুঝিতে হইবে। স্বয়ং ঈশ্বর জীবের পালনার্থে যেমন জ্ঞান, বুদ্ধি প্রভৃতি বিবিধ শক্তি দিয়া থাকেন এবং আত্মারূপে যেমন সেই শক্তি ব্যাবহার করিতে বীর্য্য দিয়া থাকেন, তদ্রূপ মুক্তির জন্য তপোযজ্ঞাদির বিধি স্বয়ং বেদাদিরূপে প্রকাশ করিয়াছেন এবং যুগে যুগে তাহা বুঝিতে অক্ষম হইলে, স্বয়ং মানবের অন্তরে আত্মস্বভাব আধান করিয়া, কখন কখন মনুষ্যরূপে, কখন জ্ঞানঘনমূর্ত্তিতে আবির্ভূত হইয়া, কর্ম্মানুষ্ঠান শিক্ষা দিয়া থাকেন। এই মুক্তি ও ভক্তিপর করিবার জন্য তাঁহার আবির্ভাবা-বস্থা সমূহকে অবতার কহে। প্রতি মন্বন্তরে যখন যে ভাবে তাঁহার অবতার ও লীলা প্রকাশ হইয়াছিল, তাহর কিছু কিছু এই স্কন্ধে প্রকাশ হইবে বলিয়া, এই স্থানে অবতার প্রসঙ্গের কারণ নির্দ্দেশ করিয়া, স্বায়ম্ভুব মন্বন্তরের প্রথমে সেই নিয়মে কপিলা-বতার হইয়াছিল, ইহা প্রকাশ করিয়া এক্ষণে যজ্ঞাবতারের কথা বলা হইতেছে।

পূর্ব্ব কথা সমাপ্ত করিয়া শ্রীশুকদেব রাজা পরীক্ষিৎকে সম্বোধন করিয়া কহিলেন :—

হে মহারাজ! ভগবান মনু সমাহিত অবস্থায় যখন একেবারে বাহ্যবিষয়ে নিশ্চেষ্ট হইয়া, ভগবানের সমীপস্থ হইয়া, ধ্যানবলে এইভাবে সেই পরম ব্রহ্মতত্ত্বানুভব করিতে ছিলেন; তখন ক্ষুধায় কাতর হইয়া, অসুর ও যাতুধানাদি পাপযোনী সমূহ তাঁহার দেহকে ভক্ষণ করিবে বলিয়া সমুপস্থিত হইল। ৮।১।১৫।

ব্যাখ্যা। অসুর ও যাতুধানাদি পাপবৃত্তি সমূহ হইতেছে। একথা পূর্ব্বে বহুস্থানে ব্যাখ্যা করা হইয়াছে। বাহ্যবিষয় পরিত্যক্ত হইলে বিষয়াসক্তি ভোগকারী রিপু-বর্গ আর প্রবল ও পুষ্ট হইতে পারে না :—এই জন্য মনু মহীপতি ভোগকালে উহাদের আহার দিতেন ; এক্ষণে তিনি ভোগহীন বলিয়া উহারাও ক্ষুধিত হইয়াছে। অর্থাৎ উহারা বিনষ্টপ্রায় হইয়া পবিত্র দেহে আপনাদের জীবনী চেষ্টা না পাইয়া, কাতর হইয়াছে। শুদ্ধমনকে বিষয়ে ফিরাইতে চেষ্টা করিতেছে। ইহা দেখিয়া প্রপন্ন ব্যক্তির প্রতি ভগবান কিরূপ কৃপা প্রদর্শন করেন তাহাই পরে বলা হইতেছে।

হে মহারাজ! সেই সময়ে সর্ব্বগত হরি মনুদেবের দৌহিত্র যজ্ঞমূর্ত্তিতে আবি-র্ভূত হইয়া যাম নামক দেবতাগণের সহিত স্বর্গ শাসন করিতেছিলেন, ভগবৎপ্রপন্ন ও ব্রহ্মানন্দে সমাহিত মনুকে অসুরগণ উৎপীড়নে উদ্যত হইয়াছে, ইহা তিনি দর্শন করিয়া, দেবগণের সাহায্যে তাহাদের শাসন ও হনন করিলেন। ৮। ১। ১৬।

ব্যাখ্যা। পূর্ব্বে অবতার বিষয়ে যেরূপ সিদ্ধান্ত হইয়াছে, সেই নিয়মে যজ্ঞদেবের অন্তরে হরি সর্ব্বগত হইয়াও দুর্জ্জন নাশ ও শান্তিরক্ষার জন্য আবির্ভূত হইয়াছিলেন। জ্ঞানবলাদিকে দেবতা কহে। সংযমন করিয়া যে বৃত্তিগুলিকে লাভ হয় তাহাকে যাম কহে। সৌভাগ্যভোগের অবস্থাকে স্বর্গ কহে। যখন মনুর হৃদয় বিশুদ্ধ হইল, মনু যখন সমাহিত, তখন তাঁহার হৃদয়ে আর কামক্রোধাদি ও ভোগবৃত্তিরূপী অনু রাগাদির আবির্ভাব না হয়, এইজন্য ভগবান ব্রহ্মতত্ত্বজ্ঞানবৃত্তিরূপী দেবতা দ্বারা মনুর হৃদয় স্বর্গ অধিকার করিয়া রাখিলেন, স্বয়ং তত্ত্বোপদেষ্টা ইন্দ্র হইয়া, শিষ্যের দেহ হইতে অসুরবল একেবারে ক্ষয় করিলেন। ইহাই তাৎপর্য্য।

হে মহারাজ! সূক্ষ্মসৃষ্টিকাল অর্থাৎ স্বায়ম্ভুব মন্বন্তরে মনু, মনুর পুত্র, যামাদি দেবতা, কপিল ও যজ্ঞাদি হরির অবতার, ইন্দ্র এবং মরীচি প্রভৃতি সপ্তর্ষির কথা তৃতী-য়াদি স্কন্ধ হইতে এ পর্য্যন্ত একে একে বর্ণনা করিলাম। এক্ষণে দ্বিতীয়াদি ষট্ মন্বন্তরের কথা অতি সংক্ষেপে আপনি শ্রবণ করুন—

পূর্ব্ব মনুর বংশজাত অগ্নি নামক মহাত্মার পুত্র স্বরোচিষ, দ্বিতীয় মন্বন্তরের আদি

অধিপতি বা ধর্ম্মস্থাপনকর্ত্তা মনু হইতেছেন। তাঁহার আত্মজবংশের মধ্যে দ্যুমৎ সুষেণ, রোচিষ্মৎ প্রভৃতি মহাত্মাগণই বিখ্যাত হইয়া গিয়াছেন। এই বংশের মধ্যে রোচন নামে মহাত্মার অন্তরে হরি পালনশক্তিতে আবির্ভূত হয়েন। এইজন্ম তিনিই এই মন্বন্তরের ইন্দ্রনামে বিখ্যাত। তুষিত নামে দেবশক্তি সমূহকে তিনি পালন করিতেন। উর্জ্জ, স্তম্ভ প্রভৃতি ঋষিগণই এই কালে সপ্তর্ষি বলিয়া সম্মানিত হইয়াছেন। ঐ ঋষিগণের মধ্যে বেদশিরা ঋষির তুষিতা নামে স্বধর্ম্মনিষ্ঠা ভার্য্যার গর্ভে বিভুনামে এক মহাত্মা পুত্র জন্ম গ্রহণ করেন। সেই বিভুদেবই ভগবৎশক্তিবলে সেই মন্বন্তরে উপাস্য গুরু হয়েন। তিনিই ভগবদ্ভাবধারণ করিয়া কুমার অবস্থাতেই ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া অষ্টাশীতি সহস্র ধৃতব্রত মুনিকে ব্রতশিক্ষা দিয়াছিলেন। তাঁহার এই কীর্ত্তি অদ্যাপি সকলে গান করিয়া থাকেন।৮।১।১৭।

ব্যাখ্যা। দ্বিতীয় মন্বন্তরে বিভুমূর্ত্তিতে ভগবানের উপদেশ শক্তি আবির্ভূত হইয়া, ব্রতানুষ্ঠানে যে ভাবে চিত্তশুদ্ধি হয়, এই উপদেশ শিক্ষা দেন। কেবল মুখে শিক্ষা দেন নাই, স্বয়ং কৌমারকাল হইতে ব্রহ্মচর্য্যব্রত অবলম্বন করিয়া অষ্টাশীতি সহস্র মুনিকে ব্রহ্মচারী করিয়াছিলেন। পূর্ব্বে বলা হইয়াছে, স্বয়ং হরি প্রতি মন্বন্তরে মানবের হৃদয়ে ছয়মূর্ত্তিতে আবির্ভূত হইয়া ধর্ম্মশিক্ষা দিয়া থাকেন। দ্বিতীয় মন্বন্তরে স্বরোচিষ মহীপতি মনুভাব ধারণ করিয়া ধর্ম্মপালনক্ষমতা দিয়াছিলেন। তদ্বংশীয় দ্যুমতাদি পুত্রগণের হৃদয়ে পালন ভাব উদ্দীপন করিয়াছিলেন। রোচন নামক মহাত্মাতে সৌভাগ্যভোগের উপায় সমূহ নিহিত করিয়াছিলেন। অর্থাৎ ইন্দ্র করিয়াছিলেন। উর্জ্জ প্রভৃতি সাতটী ঋষিতে প্রজাবৃদ্ধি করিবার প্রয়াস অন্তর্নিবিষ্ট করিয়া উহাদের সপ্তর্ষির সমান সম্মান দিয়াছিলেন। কপিলাদির ন্যায় বিভুমূর্ত্তিতে স্বয়ং আবির্ভূত হইয়া ব্রতশিক্ষা দিয়াছিলেন। দ্বিতীয় মন্বন্তরে পূর্ব্বাপেক্ষা কার্য্য স্থূল হইয়া আসিল ইহা বুঝিতে হইবে। পরে তৃতীয় পরিবর্ত্তন কালের কথা বলা হইবে।

হে মহারাজ! এক্ষণে তৃতীয় মন্বন্তরের কথা কিছু শ্রবণ করুন :—

স্বায়ম্ভুব মনুপুত্র প্রিয়ব্রতের উত্তমনামক পুত্রই তৃতীয় মন্বন্তরের আদি ধর্ম্মস্থাপন কর্ত্তা মনু হইতেছেন। হে নৃপ! তাঁহার বংশে পবন, সৃঞ্জয়, যজ্ঞ ও হোত্রাদি

নামে একটী বিখ্যাত পুত্র হয়েন। মহর্ষি বশিষ্টের প্রমদাদি তনয়গণই এই কালে সপ্তর্ষি বলিয়া বিখ্যাত। সত্য, বেদশ্রুত এবং ভদ্র নামে মহাত্মাত্রয়ই এই কালে হরিশক্তি সম্পন্ন দেবতা হইয়াছিলেন। সত্যজিৎ নামে মহাত্মাই ইন্দ্রনামে বিখ্যাত হয়েন। ধর্ম্ম প্রজাপতির ঔরসে সুনৃতা নাম্নি তৎপত্নীর গর্ব্ভে সত্যসেনের দেহকে আশ্রয় করিয়া সত্যব্রতসমূহ শিক্ষা দিবার জন্য স্বয়ং পুরুষোত্তম আবির্ভূত হয়েন। ৮।১।১৮।

সত্যসেন বেশধারী হরি সত্যজিৎ নামক ইন্দ্রের আশ্রয়ে দুরাচারী, মিথ্যাব্রত সম্পন্ন অসাধু বৃত্তিমান্, সকল প্রাণিপীড়ক, যক্ষ, রাক্ষস ও দস্যুগণকে বধ করিয়া কেবল সত্যনিষ্ঠাই শিক্ষা দিয়াছিলেন। ৮।১।১৯।

ব্যাখ্যা। পুরাণের সর্ব্বত্রই দেখিতে পাওয়া যায়, যে স্বায়ম্ভুব মনুর পুত্র হইতে চতুর্থ মন্বন্তরের অধিপতি হইয়াছে। ইহাতে সকলের এই সন্দেহ হয় যে, অসংখ্য বর্ষ ও মহাযুগাদি অতীত হইলে তবে এক মন্বন্তর সমাপ্ত হইয়া, দ্বিতীয়ের আবির্ভাব হয়। এই কালে আদি মনুর মরণশীল পুত্র বা আদি দেবতা ও ঋষির পুত্রগণ জীবিত কি উপায়ে থাকিলেন! এইরূপ স্থলে পুরাণ বা যে কোন শাস্ত্রে পুত্র, ভ্রাতা বা কোন সম্বন্ধসূচক আখ্যা থাকিবেক, তাহার অর্থ বংশীয় বুঝিতে হইবে। যেমন প্রথম মন্বন্তরের প্রিয়ব্রতের পুত্র উত্তম, তৃতীয় মন্বন্তরের মনু হইলেন। তাঁহার ভ্রাতা চতুর্থ মন্বন্তরের মনু হইলেন। ইহাতে প্রিয়ব্রতের উত্তম পুত্র বংশীয় কোন নৃপতি এবং তাঁহার অপর পুত্রবংশীয় কোন নৃপতি চতুর্থ মন্বন্তরের অধিপতি হইয়াছেন বুঝিতে হইবে। ঋষি দেবতাদের সম্বন্ধেও ঐ নিয়ম। তাহার কারণ এই যে, স্বায়ম্ভুব মন্বন্তরে যে সকল মনু, তৎপুত্রবংশ, প্রজাপতি যদ্রূপ প্রকাশ হইয়া গিয়াছে, তাহাদের বংশই ক্রমে বর্দ্ধিত ও পরিণত হইয়া প্রলয়কাল পর্য্যন্ত বিশ্বে বর্ত্তমান থাকিবে। এইজন্য প্রজাপতি ঋষিগণের পুত্র বলিতে তৎপুত্র বংশীয় বুঝিতে হইবে, মন্বাদিকেও তাহাই বুঝিতে হইবে।

এই তৃতীয় মন্বন্তরে প্রথমকল্পের ন্যায় হরি সত্যসেন মূর্ত্তিতে আবির্ভূত হইয়া সত্য-সাধন পথ আবিষ্কার করিয়া অজ্ঞান, রিপুবর্গ ও পাপ প্রবৃত্তিরূপী অসুরগণকে নাশ করিয়াছিলেন। এই মন্বন্তরে হরি সুধাদি ছদ্মভাবে যে কৌশলে বিশ্বপালন করিয়াছেন, তাহার কিছু বলা হইল।

হে মহারাজ ! এক্ষণে চতুর্থ কল্পের কথা শ্রবণ করুন :—

আদিকালে তামস নামক প্রিয়ব্রত পুত্রের বংশই চতুর্থ মন্বন্তরের আদি অধিপতি বা মনু হইতেছেন। এই কালে তাঁহার বংশে বৃথু, খ্যাতি, নর ও কেতু প্রভৃতি দশ মহাজনই ধর্ম্মরক্ষায় বিখ্যাত ছিলেন। সত্যক ও হরি নামক মহাত্মাশ্রেণীই দেবতা নামে এই কালে বিখ্যাত ছিলেন। ত্রিশিখ নামে মহাত্মাই এই কালে ইন্দ্র ছিলেন। এতদ্ব্যতিত জ্যোতির্ধামাদি সপ্ত প্রজাপতিই এই কালে সপ্তমহর্ষি নামে সম্মানিত ছিলেন। বিধৃতিনন্দন সমূহও এই কালে কর্ম্মবলে দেবত্ব লাভ করিয়াছিলেন। কারণ এইকালে বেদের যে যে অংশ দুর্ব্বোধ হওয়াতে লোকে অজ্ঞান প্রচারিত হইয়াছিল, ঐ বিধৃতি নাম্নি সাধ্বীর নন্দনেরা সাধনবলে সেই সকল অংশের পুনরুদ্ধার করেন, এইজন্য তাঁহারা দেবত্ব প্রাপ্ত হয়েন। এই মন্বন্তরে হরিণী নাম্নি সতীর গর্ভে হরিমেধী সাধুর ঔরসে স্বয়ং ভগবান্ হরি নামধারী পুত্রের মূর্ত্তিকে আশ্রয় করিয়া আবির্ভূত হয়েন। ভগবান্ হরি এই মন্বন্তরে কোন কুম্ভীরগ্রস্থ মহাগজকে নিজবলে মুক্তিপ্রদান করেন। ৮। ১। ২০। ২১। ২২। ২৩।

ব্যাখ্যা। চতুর্থ মন্বন্তরে অপরাপর কাল হইতে নূতনত্ব ইহাই দেখান হইল যে, মানবগণ সাধনা ও বেদানুষ্ঠান ক্ষমতাতে ক্রমে দেবত্ব অর্থাৎ বিশুদ্ধিত্ব লাভ করিয়াছিলেন। তাহার প্রমাণ স্বরূপ বিধৃতি নাম্নি কোন ঋষিপত্নির গর্ভস্থ সন্তানেরা জ্ঞানবলে বৈদিক কর্ম্মানুষ্ঠানে সিদ্ধ হইয়া পবিত্র অর্থাৎ দেবত্ব লাভ করিয়াছিলেন। পরে এইকালে হরি কুম্ভীরগ্রস্থ গজকে উদ্ধার করেন। যেমন পূর্ব্বকালে যক্ষ রাক্ষসাদি পাপবৃত্তির রূপক। জ্ঞানবলে ভগবান্ তাহাদের ক্ষয় করেন। এই কালে কুম্ভীরগ্রস্থ গজকে রক্ষা করেন বলা হইল। পূর্ব্বে জ্ঞানের বিকাশ ও বেদের বিকাশ পূর্ণ ছিল, ক্রমে চতুর্থ মন্বন্তরে জ্ঞানের হ্রাসের সহিত বেদের হ্রাস হওয়াতে মানবে বিষয়াহংকারী গজতুল্য হইল। সংসারসরোবরে কালকুম্ভীর, বিষয়ী ও অহংকারী গজকে ধরিয়া আকর্ষণ ও পীড়ন করিতে থাকিলে গজের যখন অনুতাপ অত্যন্ত প্রবল হইল, অন্তর অহঙ্কার শূন্য হইল, তখন হরি তাহার কুম্ভীরভয় নিবারণ করিলেন। অর্থাৎ এই কাল হইতে অজ্ঞানের প্রকাশ এবং কাল ভয়েরও প্রকাশে। ভগবান্ এই কাল হইতে কালভয়হারী হরিনামে বিখ্যাত হয়েন। এই গজকুম্ভীরোপাখ্যানের কথা পরে প্রকাশ হইতেছে।

পূর্ব্বকথা শ্রবণপূর্ব্বক মহারাজ পরীক্ষিত একেবারে বিস্মিত হইয়া শ্রীশুকদেবকে জিজ্ঞাসা করিলেন,—

হে বাদরায়ণি! আপনি পূর্ব্বে হরিকর্ত্তৃক যে ভাবে কুম্ভীরগ্রস্থ গজের মুক্তিকথা কহিলেন, ঐ কথা আমি আপনার নিকটে বিস্তারিতভাবে শ্রবণ করিতে ইচ্ছা করিয়াছি। ৮। ১। ২৪।

হে গুরো! যে সকল কথাতে ভগবান্ উত্তমশ্লোকচরিত্র গীত হইয়াছে, সেই কথা সমূহেই মহা মহা পুণ্য বর্ত্তমান আছে। সংসারীর পক্ষে ঐ সকল কথাই পরমার্থরত্ন, শান্তিদাতা ও মঙ্গলকারী হইতেছে।

এতদূর বর্ণনা করিয়া শ্রীসূত শৌনকাদি ঋষিগণকে সম্বোধন করিয়া কহিলেন:—

হে বিপ্রগণ! সেই প্রায়োপবিষ্ট মহারাজ পরীক্ষিত কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া ভগবান বাদরায়ণি অতিশয় আনন্দিত হইলেন এবং অসংখ্য মুনিজনপূর্ণ সেই সভাস্থলে রাজাকে প্রশংসা করিয়া তিনি ঐ হরিচরিত্র বর্ণনা আরম্ভ করিলেন। আপনারা আমার নিকটে তাহা শ্রবণ করুন। ৮। ১। ২৫।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে প্রথমাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। মন্বন্তর প্রসঙ্গে হরির অবতার জনিত চরিত্রকথা বর্ণন আরম্ভ হইতেছে, বুঝিতে হইবে।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে প্রথমাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্ম
ব্যাখ্যা সমাপ্ত।

অথ দ্বিতীয় অধ্যায়।

শ্রীশুকদেব রাজা পরীক্ষিতকে সম্বোধন করিয়া কহিলেন,—

হে মহারাজ! ক্ষীরোদ (সাগরের মধ্যস্থলে যে ভূখণ্ড আছে, তাহার) উপরে অযুত যোজন ঊর্দ্ধ ও বিস্তৃত ত্রিকূট নামে একটী অতি বিখ্যাত মহাগিরি ছিল। ঐ ক্ষীর সাগর ও দশদিক উজ্জ্বল করিবার জন্য সেই গিরির রৌপ্য, লৌহ ও স্বর্ণময় তিনটী শৃঙ্গ ছিল বলিয়া তাহাকে প্রাচীনেরা ত্রিকূট এই আখ্যা প্রদান করিয়াছিলেন। ৮। ২। ১। ২।

এতদ্ব্যতীত আর আর বহুতর শৃঙ্গ সেই পর্ব্বতের অঙ্গে শোভিত ছিল, তাঁহারা বিবিধ ধাতু ও রত্নে সুশোভিত ছিল, তাহাদের সর্ব্বাঙ্গে মহাবৃক্ষ ও মনোহারিণী লতা ও গুল্ম সমূহ শোভিত ছিল। তাহাদের স্থানে স্থানে মধুর নির্ঘোষে প্রস্রবণের বারিসমূহ পতিত ও প্রবাহিত হইত। ৮। ২। ৩।

সেই পর্ব্বতের মূলদেশে, ক্ষীরসাগরের ক্ষীরতরঙ্গ সমূহ সংপৃক্ত হওয়াতে এবং হরিৎবর্ণময় মরকত প্রস্তরে খচিত থাকাতে, তলভূমি যেন অতিশয় উজ্জ্বল হইয়াছিল। সেই গিরিবরের কন্দরে কন্দরে কত সিদ্ধ, চারণ, গন্ধর্ব্ব, বিদ্যাধর, মহানাগ, কিন্নর, অপ্সর, প্রভৃতি দেবযোনিগণ দিবানিশি বিহার করিতেন। ৮। ২। ৪।

হে মহারাজ! দিবানিশি কিন্নর ও অপ্সরগণের কণ্ঠনিঃসৃত মধুরগম্ভীরধ্বনিতে সেই গিরিকন্দরে যখন প্রতিধ্বনি উঠিত, তখন অন্য গহ্বরবাসী বীর্য্যবান্ সিংহগণ তাহাদের সমকক্ষ কোন শার্দ্দুলগর্জ্জন মনে ভাবিয়া দিবানিশি তাহারাও আপনাপন বীর্য্য জানাইতে গর্জ্জন করিত। ৮। ২। ৫।

সেই পর্ব্বতের দ্রোণীসমূহে বহু বহু অরণ্য ছিল, তাহাতে মৃগাদি বহুবিধ পশু বিচরণ করিত। স্থানে স্থানে দেবতাগণের বিহারস্থলরূপ অতি রমণীয় উদ্যান সমূহ ছিল। তাহাতে কত শত মনোহর ফলপুষ্পশালী বৃক্ষলতাগুল্মাদি ছিল। তাহাদের শাখায় বসিয়া কত শত মধুভাষী পক্ষিকুল দিবানিশি গান করিত। ৮। ২। ৬।

হে মহারাজ! সেই গিরিবরের উদ্যানভূমি সমূহের মধ্যে বহুতর সরিৎ ও বিশুদ্ধ অম্বুপূর্ণ সরোবর সমূহ ছিল, তাহার তীরভূমিতে মণিময় বালুকাসমূহ সুশোভিত ছিল। দেবনারীগণ সর্ব্বদা সেই সরোবরসমূহে স্নান ও জলক্রীড়া করিতেন। তাঁহাদের অঙ্গসৌরভ-সংপৃক্ত অম্বুকণা সংযোগে বায়ু শীতল ও সৌরভান্বিত হইয়া দিবানিশি প্রবাহিত হইত। ৮। ২। ৭।

ব্যাখ্যা। পূর্ব্বে গজ ও নক্রের যুদ্ধ ও তন্মুক্তির কথা শ্রবণ করিবার জন্য রাজা পরীক্ষিত ইচ্ছা প্রকাশ করিলে, এই চতুর্থ মন্বন্তরে হরিনামধারী ভগবানের লীলা বর্ণনচ্ছলে এই উপাখ্যানের কথা এই স্থানে বর্ণিত হইতেছে। প্রথমে যে স্থানে গজ ও নক্রের যুদ্ধ হইয়াছিল, তাহা বুঝাইবার জন্য প্রথমে স্থান নির্দ্দেশ করা হইতেছে।

ক্ষীরোদ সাগরের মধ্যবর্ত্তী ভূখণ্ডে অযুত যোজন বিস্তীর্ণ ও দৈর্ঘ্য সম্পন্ন একটী ত্রিকুট নামে পর্ব্বত ছিল। তাহার তিনটী প্রধান শৃঙ্গের মধ্যে একটী লৌহময়, একটী

রৌপ্যময়, একটী স্বর্ণময়। ঐ প্রধান শৃঙ্গত্রয়, সমস্ত ক্ষীর সাগরের সহিত দশদিক উজ্জ্বল করিয়া রাখিয়াছিল। ঐ তিন শৃঙ্গ বা স্থান ছিল বলিয়া ঐ পর্ব্বতের নাম ত্রিকুট হইয়াছিল। ঐ তিন শৃঙ্গ হইতে অপর বহুবিধ স্থান বা শৃঙ্গ উদ্ভূত হইয়াছিল, তাহাতে রত্নধাতু ছিল, বৃক্ষ লতাদি ছিল, প্রস্রবণ ছিল। সেই পর্ব্বতের মূলভূমি ক্ষীরসাগরের বারিতে সম্পৃক্ত ও হরিৎমরকতে মণ্ডিত থাকায় উর্ব্বর ও উজ্জ্বল ছিল। তাহার কন্দরে দেবযোনীসমূহ ক্রীড়া করিত। তাহার গহ্বরে সিংহ বাস করিত। তাহার দ্রোণীতে অরণ্য ও অরণ্যচর পশু ছিল, কানন ও সুকণ্ঠী বিহঙ্গকুল ছিল ছিল। তাহার উদ্যানে সরিৎসরোবর ছিল, তাহাদের তটভূমি মণিময় বালুকাতে পূর্ণ ছিল, সেই সকল সরোবরে দেবনন্দিনীগণ জলকেলি করিত।

পুরাণমধ্যে এই ভাবে যে ত্রিকুট পর্ব্বতের লৌকিক অবস্থা দেখান হইল, ইহা কোন প্রকৃত স্থানস্থিত পর্ব্বত নহে। মানবের দেহই এই মহাপর্ব্বতের রূপক বুঝিতে হইবে। যে সাগর মন্থন করিলে অমৃত ও বিষলাভ হয়, তাহার নাম ক্ষীরসগর। নিবৃত্তির পর জীবের পরমানন্দ ভোগার্থ ভক্তি প্রভৃতি মুক্তিফলই অমৃত এবং প্রবৃত্তিপূর্ণ জীবের আশক্তি ও মৃত্যুই বিষ। যে কর্ম্মময় অবস্থা হইতে এই দুইফল জীবে জ্ঞানে ও অজ্ঞানে লাভ করে, তাহাকেই পুরাণে ক্ষীরসাগর কহে। ক্ষীরসাগরের মুখ্যার্থে এই কল্পনা, এবং গৌণার্থে দেহের সপ্তধাতু মিশ্রিত রসাংশকে সপ্তসাগর কহে, তন্মধ্যে মজ্জার অন্তর্গত রসভাগ হইতে জ্ঞান প্রবাহ প্রবাহিত হইয়া বাসনার সকাম ও নিষ্কাম অভ্যাসানুসারে জীবের প্রবৃত্তি ও নিবৃত্তি ঘটে বলিয়া ঐ মজ্জাসম্পৃক্ত রসাংশকে গৌণার্থে ক্ষীরসাগর কহে।

মানবদেহ স্থূল, সূক্ষ্ম ও কারণ নামে তিন ভাগে বিভক্ত। উহা দেহগিরির তিন প্রধান শৃঙ্গ। স্থূলটী লৌহময় অর্থাৎ সম্পূর্ণ ভৌতিক। সূক্ষ্ম রৌপ্যময় অর্থাৎ কিছু উজ্জ্বল ও শক্তিপূর্ণ। কারণটি স্বর্ণময় অর্থাৎ জীবাত্মার জ্যোতিতে পূর্ণ, একান্ত উজ্জ্বল ও অবিকৃত। কর্ম্ম সাগরের সুফলরসরূপী পুণ্যসংস্কার ভিন্ন শুদ্ধ মানবদেহ লাভ হয় না। এইজন্য ক্ষীরোদে বেষ্টিত পর্ব্বতের স্থিতি বলা হইল। দশ ইন্দ্রিয় ঐ তিন দেহাংশে মিশ্রিত বলিয়া পর্ব্বতের শৃঙ্গত্রয়কে দশদিকে সংযুক্ত বলা হইয়াছে।

অপরাপর শৃঙ্গাদি পঞ্চভূত সমষ্টি। দেহের মধ্যে মাতৃজ, পিতৃজ সপ্তপদার্থই ধাতু রূপে দেহগিরিতে মণ্ডিত আছে। বায়ুপিত্তকফ ও জ্ঞানবহা নাড়ী সমূহকেই বৃক্ষ লতা গুল্ম ও সরিৎ সরোবরাদি নামে কল্পনা করা হইয়াছে। রক্তকোষ হইতে দিবানিশি শোণিত শিরায় শিরায় প্রবাহিত হইয়াছে বলিয়া ইহাকে দেহ গিরির নির্ঝররূপে কল্পনা করা হইয়াছে। সুকর্ম্মফলে জ্ঞানময় বা সুখভোগ করিবার উপযুক্ত জন্ম হয় বলিয়া মানবদেহের মূলভূমি বা অদৃষ্টভূমিকে হরিন্মরকতময় উর্ব্বর

ভূমি বলা হইয়াছে। যেমন কৃষক উত্তম হইলে, উর্ব্বরা স্থলে কণ্টকলতা জন্মাইতে দেয় না, কিন্তু কৃষক নির্ব্বীর্য্য হইলে, উহা জন্মায়। সেইরূপ সাধকজীব, এই দেহ ভূমি হইতে মুক্তিফল ও অজ্ঞানজীব ঐ উর্ব্বরস্থল হইতেই দুঃখফল লাভ করিয়া থাকে।

এই দেহে জ্ঞানময় ও অজ্ঞানময় অংশ আছে। সেই অংশের মধ্যে জ্ঞান ভোগকে কন্দর কহে, তথায় দেবযোনী বা বিশুদ্ধ বৃত্তি সমূহ ক্রীড়া করে, অজ্ঞান সংস্কারান্ধকারপূর্ণকে গহ্বর কহে। উহাতে সিংহাদি ভীষণ পশুসদৃশ কাম ক্রোধাদি বাস করে। জ্ঞানের আলোচনা হইলে অজ্ঞান গর্জ্জন করিয়া থাকে। এতদ্ব্যতীত জ্ঞানের অবস্থার মধ্যে বিশুদ্ধ চিৎসত্তা বা আনন্দময়কোষ আছে। তথায় কামাদি পশু নিস্তেজ অর্থাৎ মৃগাদির ন্যায় হিংসাহীন হইয়া বিহার করে। এই স্থানে বিশুদ্ধচিত্তক্ষেত্ররূপী উদ্যান, তাহাতে প্রেম ও ভক্তিপূর্ণ সাধুবুদ্ধিরূপী বিহগকুল শান্তির শব্দ করে, পুণ্য কর্ম্মফলময় ফলপুষ্পশোভিত লতাবৃক্ষাদি তথায় বর্ত্তমান, তথাকার সরিৎসরোবরাদি পুণ্যভাবপূর্ণ মণিবালুকাতে পূর্ণ। সাধুবুদ্ধিরূপী দেবনারীগণ সর্ব্বদা তথায় ক্রীড়া করেন। তথাকার সমস্তই আনন্দময় ইহাই বুঝান হইল।

এইরূপ বর্ণনায় এক দেহগিরিতে জ্ঞান ও অজ্ঞানপূর্ণ দুইটী অবস্থার শোভা দেখাইয়া, গজ ও নক্রের যুদ্ধ কোথায় হইয়াছিল এবং সেই স্থলের অবস্থা কি, তাহা পরে বলা হইতেছে।

হে মহারাজ! সেই গিরিবরের কোন একটী দ্রোণীতে ভগবান্ ও মহাত্মা বরুণের ঋতুমৎ নামে একটী উদ্যান ছিল। সেই রমণীয় উদ্যানে স্বর্গীয় ফলপুষ্পান্বিত বৃক্ষ লতাদি শোভিত ছিল। সর্ব্বদা দেবপত্নীগণ তথায় আগমন পূর্ব্বক ক্রীড়া করিতেন। ৮। ২। ৮।

হে মহারাজ! সেই উদ্যানে মন্দার, পারিজাত, পাটল, অশোক, চম্পক, চ্যুত, পিয়াল, পলাস, আম্র, আম্রাতক, ক্রমুক, নারিকেল, খর্জ্জুর, বীজপূরক, মধুক, শাল, তাল, তমাল, রসাল, অর্জ্জুন, অরিষ্ট, উড়ুম্বর, প্লক্ষ, বট, কিংশুক, চন্দন, পিচুমর্দ্দ, কোবিদার, সরল, সুরদারু, দ্রাক্ষা, ইক্ষু, রম্ভা, জম্বু, বদরী, অক্ষ, অভয়া, আমলা, বিল্ব, কপিত্থ, জম্বীর, ভল্লাতক প্রভৃতি বৃক্ষলতাগুল্মাদি সজ্জিত ছিল। ৮। ২। ৯।

সেই উদ্যানের মধ্যে অতি মনোরম ও সুবিস্তীর্ণ সরোবর ছিল। সকল পুষ্প

শোভাকে অতিক্রম করিয়া স্বর্ণকনক, কুমুদ, উৎপল, কহ্লার ও শতপত্রাদি সেই সরো-বরকে সুশোভিত করিত। ৮। ২। ১০।

সেই উদ্যানের সৌরভপূর্ণ পুষ্পের মধুলোভে মধুকর ও ভ্রমরাদি দিবানিশি মধুর গুঞ্জন করিত। কলকণ্ঠ পক্ষিকুল উদ্যানের বৃক্ষে বসিয়া দিবানিশি মধুর ধ্বনি করিত। সরোবরটীতে হংস, কারণ্ডব, চক্রবাক, সারস, জলকুক্কুট, কোযষ্টি, দাত্যূহ প্রভৃতি জল-চর পক্ষিগণ বিহার ও আনন্দধ্বনি করিত। সেই সরোবরের পদ্মরজঃসম্পৃক্ত জল-রাশিতে মৎস্য কচ্ছপাদি আনন্দে ক্রীড়া করিত। সরোবরের তীরভূমিতে কদম্ব, বেতস, নল, নীপ, বকুল, কুন্দ, কুরুবক, অশোক, শিরীষ, কুটজ, ইঙ্গুদ, কুব্জক, স্বর্ণযূথী, নাগ, পুন্নাগ, জাতি, মল্লিকা, শতপত্র, মাধবী, জালক প্রভৃতি সুপুষ্পবান্ লতাগুল্ম বৃক্ষসমূহ ঋতুমতে পুষ্পে শোভিত থাকিত। ৮। ২। ১১। ১২। ১৩।

হে রাজন্! সেই পার্ব্বত্য প্রদেশে, ভগবান্ বরুণের উদ্যানে একদা সেই মহারণ্য-বাসী বারণযূথপতি, আপনার প্রিয়া করিণী ও শিশুগুলিকে সমভিব্যাহারে করিয়া প্রবেশ করিল। আসিবার কালে তাহার পদক্ষেপে এবং কর ও অঙ্গতাড়নায় কণ্টকের সহিত কীচক, বেত্র এবং বিশাল বেণুগুল্ম ও বনস্পতিসমূহ ভঙ্গ হইয়াছিল। ৮। ২। ১৪।

হে নরপতে! ভীষণ ও মহামদে উন্মত্ত গজেন্দ্রের অঙ্গগন্ধে সিংহ, ব্যাঘ্র, ব্যাল, মৃগ, গণ্ডার, মহোরগ, গৌরকৃষ্ণশরভ, চমরী, বৃক, বরাহ, মহিষ, ঋক্ষ, শল্লক, গোপুচ্ছ (মৃগ বিশেষ), শালাবৃক, মর্কট, ক্ষুদ্র ক্ষুদ্র হরিণ ও শশকাদি ভীত ও ইতস্ততঃ পলা-য়ন করিয়া অতি নিভৃতে থাকিয়া বিচরণ করিল। যেন সকলেই তাহার অনুগ্রহের প্রত্যাশী হইয়া থাকিল। ৮। ২। ১৫। ১৬।

হে মহারাজ! সেই মদস্রাবী যূথপতি মদঘর্ম্ম ক্ষরণ করিতে করিতে, অপর অনু-গত করী, করিণী, করেণু এবং করভগণে পরিবৃত হইয়া সূর্য্যতাপে অতিশয় তাপিত ও তৃষার্ত্ত হইয়া, সেই ত্রিভুবনের গৌরবস্থলরূপী ত্রিকূট গিরিরাজকে আপনার প্রতাপে প্রকম্পিত করিয়া, মদরসপায়ী মক্ষিকাগুলিতে নিষেবিত হইয়া, সেই সরোবর-তটে আসিয়া উপস্থিত হইল। মদবিহ্বলেক্ষণ যূথপতি দূর হইতে কমল সৌরভ-মিশ্রিত বারির শৈত্য বুঝিতে পারিয়া, স্বযূথবৃত হইয়া, তৃষ্ণা ও তাপ নিবারণ করিতে সেই সরোবরে প্রবেশ করিল। ৮। ২। ১৭।

হে রাজন্! একে মনোহর সরোবরের স্বচ্ছ জল, তাহাতে আবার প্রফুল্ল স্বর্ণ উৎ-পল ও কমলসমূহের গন্ধরজে মিশ্রিত হইয়াছিল; সেই অমৃতসম বারি লাভ করিয়া সেই করিরাজ প্রথমে স্নান করিল, পরে আপনার করে জলগ্রহণ করিয়া প্রাণ পুরিয়া পান করিতে থাকিল। ক্রমে তাপ ও তৃষ্ণা তৃপ্ত হইল। গৃহী যেমন অতি যত্নে আপনি স্নাত হইয়া শেষে পুত্রকন্যা ও পরিজনকে স্নান করায়, তদ্রূপ সেই করিরাজ অনুগত

হস্তী, হস্তিনী ও সন্তানগণকে আপনার শুণ্ডধৃত শীতল বারিতে স্নান করাইতে থাকিল, এবং আনন্দে সকলে মিলিয়া সরোবরকে তাড়িত করিতে লাগিল। কমলের দাম ছিঁড়িতে থাকিল, তাহাতে পুষ্পের শোভা নষ্ট হইল এবং মৎস্যাদির কষ্ট হইল; একথা সেই উন্মত্ত হস্তী কিছুই বুঝিল না।

হে নৃপ! দৈবকর্তৃক প্রেরিত এক ভীষণ কুম্ভীর তথায় বাস করিত। সেই অমিত-তেজী কুম্ভীর হস্তীপতির এই ভীষণ উন্মত্ত ব্যবহার দেখিয়া, ক্রোধে আকুল হইয়া তাহার একচরণ আক্রমণ করিল। আপনার অনবধানতা হেতু এই ভীষণ বিপদে পতিত হইয়া, সেই ভীষণ বলী যূথপতি চরণ ছাড়াইবার জন্য, আপনার অমিত বল প্রয়োগে কুম্ভীরের সহিত যুদ্ধ করিতে আরম্ভ করিল। ৮। ২। ১৮।

হে মহারাজ! যখন যূথপতি সেই মহাবলী কুম্ভীর কর্তৃক আক্রান্ত হইয়া যুদ্ধে জয়লাভ করিতে অক্ষম হইল এবং অতি ভীষণভাবে জলের মধ্যে আকর্ষিত হইতে থাকিল; তখন তাহাকে বিপন্ন দেখিয়া সন্তানসমূহ অতি দুঃখিত হইয়া তীরে দাঁড়াইয়া চীৎকার করিতে থাকিল এবং অপরাপর করী ও করিণীগুলি যথাসাধ্য বলে সেই যূথপতির পার্শ্বদেশ আপনাপন শুণ্ড দ্বারা ধারণ করিয়া থাকিল; কিন্তু সকলে মিলিত হইয়াও কুম্ভীরের মুখ হইতে হস্তীরাজকে উদ্ধার করিতে পারিল না।

হে মহারাজ! কখন নক্র বলপূর্ব্বক হস্তীপতিকে আকর্ষণ করিয়া জলমধ্যে ডুবাইয়া দেয়; কখন হস্তী বলপ্রয়োগে ও অপর করীকরিণীর সাহায্যে তীরে উঠিতে চেষ্টা করে। এইরূপে উভয়ে ভীষণ সংগ্রাম করিতে করিতে সহস্র বৎসর অতীত হইল; কিন্তু কেহই কাহাকে বিনাশ করিতে সক্ষম হইল না। এই ভীষণ ঘটনা দর্শনে দেবগণ পর্য্যন্ত আশ্চর্য্য হইয়া উঠিলেন। ৮। ২। ১৯।

ব্যাখ্যা। পূর্ব্বে ত্রিকূট গিরি ও ক্ষীরসাগরের প্রকৃত অধ্যাত্মতত্ত্বের বিষয় বলা হইয়াছে। উহাই মানবজাতির দেহরূপে বর্ণিত ও কল্পিত, ইহাও বলা হইয়াছে। এক্ষণে বরুণের ঋতুমৎ নামক কাননের ও গজনক্রের কথা আখ্যান করা হইল। বরুণদেবতার প্রকৃত অর্থ—যিনি আপন শক্তিতে সমস্ত জগৎ ও দেহকে বেষ্টন করিয়া আছেন। এই ব্রহ্মশক্তিময় অবস্থাটীকে পুরাণে মুখ্য ও গৌণভেদে দুই অবস্থার অধিপতি বলা হইয়াছে। ব্রহ্মাণ্ডের ও দেহের সমস্ত রসাংশবিধানকারী শক্তি বা অবস্থাকে গৌণভাবে বরুণ দেবতা কহে। উহা বাহ্য রস। ঐ রস সত্তাক্রমে স্ফূর্ত্তি

পাইয়া জীবের আনন্দ-রাজ্য পর্য্যন্ত নিজশক্তি বিস্তার করে। রসের মুখ্যাংশ আনন্দ। যেমন, কাহারো বাহ্য অঙ্গ তাপিত হইলে, বাহ্য জলাদিতে অবগাহন করিলে, বাহ্যশরীর শীতল হয়; সেইরূপ আধ্যাত্মিক-আধিভৌতিকাদি তাপে তাপিত অন্তর একমাত্র ব্রহ্মানন্দরসে বা ভাবে তৃপ্ত ও শান্ত হয়। এই জন্য সেই ভাবগুলিকে বীর-শৃঙ্গারাদি রসরূপে কাব্যে কল্পিত হইয়াছে। ঐ ভাবসংযুক্ত রসাদিও সূক্ষ্ম, কিন্তু অপ্রাকৃত; কেবল আনন্দরসই প্রকৃত রস, একথা শ্রুতি প্রভৃতিতে বিশেষ বর্ণিত। যে দেবশক্তি ভৌতিক রসের কর্ত্তা, তিনিই সূক্ষ্ম অর্থাৎ ভাবরসের কর্ত্তা।

ঐ ভাবরসটী দুই উপায়ে ব্যবহৃত হয়। প্রবৃত্তি-পথের পথিক, যে ভাবরস পান করেন, তাহাকে সকাম রস বা বিষয়রস কহে। নিবৃত্তিপথের পথিক তৃষ্ণার্ত্ত হইয়া যে রস পান করেন, তাহাকে অমৃত রস বা নিষ্কামানন্দ রস কহে।

বরুণদেবের ঋতুমৎ কাননটী প্রবৃত্তিভাবপূর্ণ বিষয় কানন; এই কাননে জ্ঞান-ভক্তি পরিপূর্ণ মুক্তির শোভা সমস্তও আছে এবং পার্থিব প্রবৃত্তি ভোগের জন্য ফল পুষ্প সরোবরাদিও আছে। স্বর্গীয় বৃক্ষলতা ও দেবকন্যাগণ সেই জ্ঞানভক্তির অবস্থা মাত্র। আর বিবিধ ফলপুষ্প সংযুক্ত বৃক্ষ সরোবরাদি, আশক্তি ও কামলোভাদি বর্দ্ধনকারী ভোগ্য অবস্থাস্বরূপ বুঝিতে হইবে। সরোবরটী সুখের আগার, আর নিদাঘ, সূর্য্য ও হিংস্র শ্বাপদসংকুল অরণ্যটী দুঃখের অবস্থা। বিষয় ভোগের জন্য একান্ত আশক্ত অহংকারী মনই সংসারী জীব বা যুথপতি হস্তী। আত্মীয় স্বজন পুত্রকন্যা পত্নী পরিবারাদি তাহার অনুগত। সুখদুঃখময় বিষয়কাননে উহাদের সহিত চিরকাল বিহার করে। সংসারের অধিকাংশ স্থলই দুঃখে পরিপূর্ণ, সুখ অতি সামান্য অংশ মাত্র। বহুপথগামী তৃষ্ণার্ত্ত পথিক যেমন এক অঞ্জলি বারিতে আপনার বহু-যোজন পথশ্রমের ক্লেশ নিবারণ করে এবং পুনরায় পথে গমন করিয়া বারম্বার যখন ক্লান্ত হয়, তখনি এক এক অঞ্জলি পানীয় পান ও কখন বা অবগাহন করে। তদ্রূপ বিষয়াহংকারী মন যখন কর্ম্ম হইতে বহুদুঃখভোগে ও আধ্যাত্মিকাদি তাপে তাপিত ও পীড়িত হয়, তখনি সুখ-সরোবরের আশ্রয় গ্রহণ করিয়া থাকে, এইরূপ ক্ষণিক সুখে উন্মত্ত হইলে আবার দুঃখের পথে বিহার করিয়া পুনরায় শ্রান্ত ও সুখের সরোবরের সমীপস্থ হয়। এই ভাবে জীব জন্মমৃত্যুজনিত উপায়ে পরিবারবর্গে বেষ্টিত হইয়া সামান্য বিষয় সুখের আশয়ে উন্মত্ত হইয়া চিরদিন কষ্ট পায়। এই অবস্থাটী বুঝাইতে এই গজরাজের অবস্থা দেখান হইল। সুখ ও দুঃখের অন্তরে মহাকাল কৃতকর্ম্মের ফল দিবার জন্য বসিয়া থাকেন। গজেন্দ্র বিষয়াহংকারী মন বা জীবাবস্থা। অতি বলবান্ অর্থাৎ যখন সৌভাগ্য উপস্থিত হয়, তখন পুত্র পত্নী প্রভৃতিতে পরিবৃত থাকিয়া সংসার কাননে এমন অহংকারী হইয়া ভ্রমণ করে, যে, সৌভাগ্যবলে পাপ, তাপ, দৈন্য, দারি

দ্রতা প্রভৃতিকে উপেক্ষা করিয়া থাকে। কাননবাসী সিংহাদি হইতে শশকাদি পশুবর্গ পাপ তাপ দৈন্যাদির রূপক। সিংহ যেমন হস্তীকুম্ভ ভেদ করিতে পারে, কিন্তু মদস্রাবী যূথপতিকে ভয় করে, তেমনি সৌভাগ্য থাকিতে, জীবের অহংকারের সম্মুখে, পাপরূপ সিংহ আপনার বলপ্রয়োগ করিতে পারে না ; যেমন অসাবধান হস্তীকে সিংহ পরাস্ত করে, তদ্রূপ দুর্ভাগাকে পাপ আত্মবল দেখাইয়া থাকে। যখন জীব কর্ম্মফলের বলে সৌভাগ্য ক্ষয় করে, তখনই বিপন্ন হইয়া থাকে। সৌভাগ্যের কালে পাপাদি অন্তরে হীনভাবে সঞ্চারিত হইতে থাকে মাত্র। কাম্যভোগপরিপূর্ণ বিষয়সুখের রসপূর্ণ সুখাবস্থাই এস্থলে ঋতুমৎ কাননের সরোবর। সুখ সরোবরের চতুর্দ্দিকে পুণ্যফলরূপী মণিবালুকা এবং সাধুভাবময়, লতাগুল্ম ও পুষ্পকুঞ্জাদি আছে, হস্তী তাহা ভোগ না করিয়া আপনার বলে, যে স্থান কণ্টকময় দুর্গম, সেই দুঃখপূর্ণ পথে দুঃখ ভোগ ও ত্যাগরূপী বেণুগুল্মাদি ভঙ্গ ও কণ্টক মর্দ্দন করিয়া, দুঃখের তেজস্বরূপ সূর্য্যতাপে তাপিত ও তৃষিত হইল। যখন পরিবারবর্গের সহিত এইরূপ কষ্ট উপস্থিত হইল. তখন অন্তরে ভীষণ সুখের ইচ্ছা প্রবল হইল।

সুখসরোবরে সকাম কর্ম্মফলরূপী মধুময় স্বর্ণকমল উৎপলাদি এবং বাহ্য তৃপ্তিকর বারি ছিল; কিন্তু তাহার তীরে চতুর্দ্দিকে নিষ্কাম পুণ্যফল স্বরূপ ফলপুষ্পাদি, অন্তর শীতলকারী হিমবায়ু ও আতপনাশার্থে বৃক্ষছায়া ছিল। অতিক্লান্ত হইয়া আসিলে সরোবরের স্নিগ্ধবায়ু সেবন ও বৃক্ষছায়ায় উপবেশন ও ফলের রস আস্বাদনে তৃপ্ত হইলে কাহারো কোন ব্যাধির সম্ভাবনা থাকে না, এবং এ অবস্থায় অন্তর বাহির শীতল হয়। উন্মত্ত হস্তী দুঃখপদ প্রবৃত্তিপথে কষ্টে ক্লান্ত হইয়া, নিষ্কাম ভাবের আশ্রয়ে অন্তর শীতল না করিয়া, দূর হইতে কমলসৌরভান্বিত সরোবর অনুভব করিয়া সেই সরোবরে সপরিবারে প্রবেশ করিল।

দূর হইতে সৌরভাদি জানিতে পারার তাৎপর্য্য এই :—পূর্ব্বকর্ম্মফল ও বিশুদ্ধি অনুসারে জীবের প্রবৃত্তি প্রকাশ হইয়া থাকে, এস্থলে পূর্ব্বকর্ম্মফলমতে সকাম বিষয় ভোগের জন্য হস্তীর মন ও বাসনা আকুল হইল। হস্তী সদলে সকাম ভোগার্থ সরোবরে সুখাশায় শীতল হইতে গেল।

সংসারে সকাম সুখভোগ করিতে আহারে প্রাণীহিংসা, বিহারে পরদারাদি গ্রহণ, বিত্তার্জ্জনে পরোৎপীড়ন প্রভৃতি করিয়া থাকে। কমল ও উৎপল ছিন্নভিন্ন পরশ্রী, কাতরতা ও পরনারীসেবাকে বুঝান হইল, এবং মৎস্যাদির পীড়ন জীবহিংসা ও দণ্ডাদির কার্য্য রূপে বর্ণিত হইল। সংসারিগণে এই অবস্থায় উন্মত্ত হইয়া, কেবল স্বয়ং ও আমার বা মমতাস্পদ বিষয়ে যত্ন করিয়া থাকে ; তাহা দেখাইতে যূথপতির নিজের আস্বাদন, পান ও অপরের অঙ্গে জলসেচনাদির কথা বলা হইল।

সুখ ও দুঃখময় সংসার ভোগে জীব উন্মত্ত হইলে, মহাকাল মৃত্যুক্রম দেখাইয়া জীবকে ক্রমে বৈরাগ্যপর করিয়া মমতাহংকার হইতে উদ্ধার করেন। এই অবস্থাটী দেখাইতে ও বুঝাইতে সরোবরের মধ্যে কালরূপী জরা প্রভৃতি ভাবাপন্ন মৃত্যু নামক কুম্ভীর সেই বিষয়োন্মত্ত হস্তীরূপী জীবকে আক্রমণ করিল। প্রথমে যত বল থাকে, জীব কালের হস্ত হইতে অর্থাৎ জরামৃত্যু হইতে উদ্ধারের চেষ্টা করে, কিন্তু অবশেষে সগণের সহিত পরাস্ত হয়। গজের তাহাই ঘটিল। আত্মীয়স্বজন পুত্রীগণ চেষ্টা ও যত্ন মৃত্যুকালে মাত্র দেখাইয়া থাকে, ইহা বুঝাইতেই হস্তীর পার্শ্ব-দেশে তাহারা শুণ্ড জড়াইয়া রহিল। সন্তানেরা পিতার দুর্দ্দশায় কিছুকাল দুঃখিত হইয়া চীৎকার করে, ইহা বুঝাইতে হস্তীশিশুদলের চীৎকার বলা হইল।

এইরূপে পুত্রপরিবারাদির সহিত অহংকারী জীব সকাম বিষয়ভোগ করিতে নিরত থাকিলে, চিরদিন জন্মমৃত্যুর পথিক ও তাহাকে যন্ত্রণায় আক্রান্ত থাকিতে হয়, এই কথা বুঝাইতে কখন হস্তী জল হইতে নিজবলে অর্থাৎ জীব কর্ম্মফলে উপরে উঠিতে ছিল, অর্থাৎ জন্ম লইতে ছিল, এবং পরিবার সন্তান সন্ততিতে পরিবৃত থাকিতে ছিল। কখন আবার সরোবরে কুম্ভীরের বলে অর্থাৎ দৈববলে মগ্ন অর্থাৎ মৃত্যু-গ্রস্ত হইয়াছিল। এই ভাবে থাকিলে জীবের যুগযুগান্তর কাটিয়া যায়, কাহারো ক্ষয় অর্থাৎ একান্ত নাশ কেহই করিতে পারে না। জীব যতক্ষণ বিষয়মগ্ন, ততক্ষণ কালভয় হইতে স্বাধীন হইতে পারে না, আবার কালও জীবত্বের একান্ত বিনাশ বা লোপ ঘটা-ইতে পারে না। উভয়ই চিরনিত্য, জীবাত্মা ও কাল নিত্য, কেবল প্রবাহেই এইরূপ ঘটনা ঘটে। এই ঘটনা চিরদিন ঘটে, ইহা বুঝাইতেই সহস্র শব্দ প্রয়োগ করা হই-তেছে। অজ্ঞানীর মধ্যে জ্ঞানী হাস্ত করে ও বিস্মিত হয়। ইহা বুঝাইতেই গজনক্রের যুদ্ধে দেবতাগণ আশ্চর্য্য হইয়াছিলেন।

হে মহারাজ! এইরূপে অনন্তকালব্যাপী যুদ্ধে আকৃষ্ট হওয়াতে ক্রমে গজরাজের মন, বল ও তেজোশক্তির হ্রাস ঘটিতে থাকিল। পক্ষান্তরে জলমধ্যে থাকিয়া সেই নক্রের ঐ সকল শক্তি বর্দ্ধিত হইয়া উঠিল। ৮। ২। ২০।

হে রাজন্! দেহীর প্রাণ সঙ্কটকাল উপস্থিত হইলে, সে যেমন বিবশ ও কিছু বৈরাগ্য সহজে লাভ করিয়া থাকে, তদ্রূপ সেই ভীষণ প্রাণসঙ্কটে পতিত হইয়া আপনার বিমুক্তি এবং কোন মতে পরিবারবর্গের সাহায্য করিতে সক্ষম না হইয়া, গজ-রাজ এইভাবে বৈরাগ্যবুদ্ধি লাভ হটাৎ করিল। ৮। ২। ২১।

বৈরাগ্যবুদ্ধি উপস্থিত হইলে, সেই গজ তখন এই সকল কথা বলিতে থাকিল:— হায়! হায়! আমার জ্ঞাতি বন্ধু এই সকল ভীষণ বলধারী গজগণ যখন আমাকে রক্ষা করিতে পারিল না, তখন এই অল্পবলবতী করিণীগণ কখনই আমাকে রক্ষা

করিতে সক্ষম হইবে না। আমাকে মুক্ত করিতে আমার পরিবারবর্গের ক্ষমতা নাই। আমি বুঝিয়াছি, এই কুম্ভীর বিধাতার মৃত্যুপাশ হইতেছে। যে বিধাতা আমাকে আবদ্ধ করিয়াছেন, তিনিও যাঁহাকে আশ্রয় করেন, সেই সর্ব্বাশ্রয়দাতার আশ্রয় গ্রহণে আমি ইচ্ছা করিয়াছি। এই জন্য তাঁহাকে আমি বারম্বার প্রণাম করি। ৮।২।২২।

যিনি ঈশ্বর, যিনি সকলের শাসনকর্ত্তা বলী পুরুষ। প্রচণ্ডগতিপূর্ণ অন্তকরূপী কালকে পশ্চাতে ধরিতে দেখিয়া প্রাণভয়ে ভীত ও প্রপন্ন ব্যক্তিকে যিনি রক্ষা করেন; মৃত্যু যাঁহার ভয়ে দূরে প্রস্থান করে; সেই সর্ব্বনিয়ন্তার আশ্রয় আমি গ্রহণ করিলাম। ৮।২।২৩।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে দ্বিতীয়াধ্যায়ে

উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। ইতিপূর্ব্বে গজনক্রের যুদ্ধস্থল, যুদ্ধের কারণ এবং যুদ্ধের বিষয় সংক্ষেপে তত্ত্বব্যাখ্যায় ব্যাখ্যা করা হইয়াছে। এক্ষণে বিপদে পতিত হইয়া, ভগবৎ-শরণ গ্রহণ করিলে, ভগবান কি উপায়ে প্রপন্নজীবকে উদ্ধার করেন, তদ্বিষয় বলিবার অগ্রে পবিত্রবুদ্ধি উদ্ভবের কথা বলা হইল।

ভোগাগারে ভোগ করিতে করিতে, কালভয় জীবকে আকর্ষণ করিতে করিতে, ক্রমে ভোগশক্তি ক্ষয় হইলে তাহার চৈতন্য উদিত হয়। ভোগ করিতে করিতে, শোক, দুঃখ, বিপদ এই সকল অতীত হইতে হইতে, ক্রমে যখন ভোগশক্তি স্বরূপ মনের তেজ শারীরিক বলের তেজ ও ইন্দ্রিয়শক্তির তেজ হ্রাস প্রাপ্ত হয়, তখন বার্দ্ধক্য উপস্থিত হয়। তখন অহংকার ক্ষয় হইলে জীবে নিজশক্তি ও পরিবারশক্তির ক্ষমতা বৃথা বোধ করিয়া থাকে। যখন নিজের ও পারিবারিকশক্তির উপরে মমতাশূন্যতা বা নিরহঙ্কারত্ব উপস্থিত হয়, তখনই জীবের বৈরাগ্য অর্থাৎ পূর্ব্বভোগে অনাস্থা জন্মায়। সেই দণ্ডেই বৈরাগ্যশক্তি ভোগে অনাস্থা জন্মাইয়া, অহংকার ক্ষয় করাইয়া অপর কোন অনন্ত বলাদির সাহায্য লইতে চেষ্টা করাইয়া থাকে। এই চেষ্টা মাত্রেই জীবের হৃদয়ে বিশুদ্ধজ্ঞান বা তত্ত্বজ্ঞান স্বভাবতঃ অল্পে অল্পে দেখা দিয়া থাকেন। সেই জ্ঞানের আবেশ হইলেই জীব আপনার পরম প্রিয়তম ও চিরসুহৃদ -যে পরমাত্মা; যাঁহার সহিত এতদিন অজ্ঞানজন্য সম্পর্ক ছিল না, অর্থাৎ যাঁহাতে

প্রপন্ন হওয়া যায় না। স্বভাবতঃ প্রাণমনের চেষ্টা সেই পরমাত্মার দিকে ধাবিত হয়। এই বৈরাগ্য ও জ্ঞান উপস্থিত হইলে, ঈশ্বরপর হওনের চেষ্টা হয়, ইহা স্বাভাবিক। যেমন কোন স্থানে প্রত্যহ বসিয়া আমোদ এক সময়ে করিতে করিতে যদি আশক্তি জন্মায়, তাহা হইলে অন্যমনস্ক বশতঃ পথে অপর উদ্দেশে যাইলেও কখন কখন মন যেন পদকে সেই দিকেই চালায়। পূর্ব্বাভ্যাস বশতঃ স্বভাবতঃ মন অনুদ্দেশ হেতু ও পূর্ব্বপ্রেমের স্থানে যেমন লৌকিকে যাইতে চায়, সেইরূপ জ্ঞানের গতি স্বভাবতই সেই প্রকৃত প্রেমের দিকে, মনের ভোগ চেষ্টা ক্ষয় হইলে, জ্ঞানের চেষ্টা বিকাশিত হইলে, জ্ঞানের ক্ষমতায় ইন্দ্রিয়াদি স্বভাবতঃ ভগবৎপ্রপন্ন হইয়া থাকে।

যেমন জীবের ভোগাবস্থা উপস্থিত হইলে মন কর্ত্তা হয়, বাসনায় ইচ্ছা ভোগ করিতে মন ইন্দ্রিয়াদিকে পূর্ব্বাদৃষ্টানুসারী স্বভাবে ফিরাইয়া থাকে। ইহাও চিরপরিচয়ের ও প্রেমের কার্য্য। আহার, বিহার, নিদ্রা ও মৈথুন প্রভৃতি মায়িক জগতে স্বাভাবিক কার্য্য কেবল মনের সহিত ভোগের প্রেম থাকাতেই ঘটে। সেইরূপ জ্ঞানের সহিত পরমাত্মার প্রেম সংঘটিত আছে। যখনি জ্ঞানোদয় হইবে, ইন্দ্রিয়শক্তির সহিত বুদ্ধি প্রভৃতি জীবভাবকে তাহার প্রেমের বস্তুর দিকে, তদবস্থা ভোগ করাইতে লইয়া যাইবে।

এই অবস্থাটী বুঝাইতেই হস্তীর বলাদির ক্ষয়ে বৈরাগ্যের উদয় দেখান হইল এবং তৎসহযোগে ভগবৎপ্রপন্নতা সহজেই উদয় হইল। কারণ, তাহার বিষয়াহংকার ক্ষয় হইল। বিংশতিশ্লোকে বলা হইয়াছে যেঃ—গজের বল যত হ্রাস হইল, কালের বল ততই বর্দ্ধিত হইল। এস্থলে কালের বল বলিতে মৃত্যুভয় জন্মাইবার বল বুঝিতে হইবে। জীবের নিজশক্তি ক্ষয় হইলে, যাহার ক্ষমতায় তাহার শক্তি হ্রাস হয়, তাহাকে অধিক বোধ করে; বাস্তবিক সমান জ্ঞান পরমাত্মার আশ্রয় গ্রহণ করাইয়াই তত্ত্বভাবের আবেশ করে। এস্থলে অহংকারী জীবরূপী হস্তী, মৃত্যুভয়েই ব্যাকুল, এইজন্য স্তবে কালভয় নিবারণের কথা প্রথমে ঈশ্বরে অনুভব করিয়া তাঁহার স্তব করিলেন। এটী স্বাভাবিক নিয়ম, যাহার যাহা অভাব, ঈশ্বরের প্রেম উপস্থিত হইলে সকলে তাহাই ভগবানের নিকটে ভিক্ষা করিয়া থাকে। এই অবস্থাটী ও উদ্ধারের কথাটী পরে ব্যাখ্যাত হইবে।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে দ্বিতীয়াধ্যায়ে

উপেন্দ্রকৃতাধ্যাত্ম ব্যাখ্যা সমাপ্তা।

অথ তৃতীয় অধ্যায়।

পূর্ব্ব কথা সমাপন করিয়া রাজা পরীক্ষিতকে সম্বোধন পূর্ব্বক শ্রীবাদরায়ণি কহিলেন :—

হে মহারাজ! সেই হস্তী যখন আপন বুদ্ধিতে এইটি নিশ্চয় করিল যে, হরি ব্যতীত আর তাহার উদ্ধারের উপায় নাই ; তখন সে আপনার মনকে হৃদয়ে সমাহিত করিল, সমাধি-মাত্রেই তাহার পূর্ব্ব জন্মের শিক্ষিত ভগবৎস্তবাবলি স্মরণ হইল। হস্তী তখন সেই পরম ভক্তি-মণ্ডিত স্তব জপ করিতে থাকিল। ৮। ৩। ১

ব্যখ্যা। পূর্ব্বে বলা হইয়াছে যে এই অষ্টম স্কন্ধে কেবল মন্বন্তরক্রমে ভগবল্লীলা অর্থাৎ ভগবান কিরূপে :—দেবতা, ঋষি ও নিজাবতার রূপ ধারণ করিয়া বিশ্বের পরিবর্ত্তন সহকারে সংসার পালন করেন, তাহাই বর্ণিত হইবে। তামস্ মন্বন্তরে অর্থাৎ জগতে যখন ক্রমে অজ্ঞান সেই পূর্ব্ব মন্বন্তরে প্রচার হইয়াছিল, সেই সময়ে ভগবান জগৎকে শিক্ষা দিবার ছলে, হরিমেধা নামে মহাত্মার ঔরসে ও তৎপত্নী হরিণীর গর্ভে আবির্ভূত হইয়া হরিনাম ধারণ করিয়াছিলেন। প্রপন্ন ব্যক্তির অজ্ঞান হরণ করিবেন ও করেন বলিয়া 'হরি' এই আখ্যা হইয়াছিল। এই তামস্ মন্বন্তরে কিরূপে অজ্ঞান নাশ করিয়াছিলেন, তাহা বুঝাইতে শ্রীশুকদেব এই গজনক্র-যুদ্ধ নামক উপাখ্যান আরম্ভ করিয়াছেন। গজটিতে কোন্ বিষয় বুঝায়? এবং নক্রটির প্রকৃতার্থ কি? এ কথা পূর্ব্বেই বলা হইয়াছে। মহা সংসার ভোগকারী বিষয়োন্মত্ত অজ্ঞান জীববৃত্তি হস্তী সংসার সরোবরে আত্মীয় স্বজনের সমক্ষে যখন কাল কুম্ভীর কর্ত্তৃক বারম্বার আকৃষ্ট হইল; যখন তাহার আত্মীয়, স্বজন, পুত্র, কন্যা ও পত্নী প্রভৃতি তাহাকে রক্ষা করিতে পারিল না এবং তাহারা সকলে যখন যূথপতি হস্তীকে উদ্ধার করিতে চেষ্টা পর্য্যন্ত করিল না; যখন ভোগোন্মত্ত জীব নিজ পুরুষকাররূপ বলে বারম্বার কুম্ভীরের হস্ত হইতে উদ্ধার হইবার চেষ্টা করিয়াও বিফল হইল; তখন তাহার মনে বৈরাগ্যের উদয় হইল। অর্থাৎ সংসারের আত্মীয় স্বজন সকলকে আমি এতদিন পালন করিলাম, বিপদে সম্পদে সুখী করিলাম, এই বিপদকালে কেহ আমাকে উদ্ধার করিতে পারিল না। আমার শারীরিক বল, যাহার প্রভাবে আমি ভীষণ সিংহরূপী শত্রুভয়কে তুচ্ছ করিয়াছি, যাহার প্রভাবে নদ, নদী, গিরিকুলকে উপেক্ষা করিয়াছি, কাননকে ছিন্ন ভিন্ন করিয়াছি, আমার যে মদগর্ব্বে সকলেই ব্যাকুল হইত, অর্থাৎ সংসারের সকল বস্তু তুচ্ছ করিয়া ভোগ করিয়াছি। সেই বলও এক্ষণে আমাকে রক্ষা করিতে পারিল না। আত্মীয়, স্বজন, নিজের বল, কিছুতেই যখন মৃত্যুভয় নিবারণ করিতে পারিল না; তখন এসকল অকিঞ্চিৎকর। এইরূপ কাল কর্ত্তৃক আকর্ষিত হইয়া সকল ভোগবলকে যখন অনুপযুক্ত ভাবিল, তখন তাহার বৈরাগ্যের উদয় হইল। বৈরাগ্য উদয় হইবামাত্রেই তাহার পূর্ব্ব সুকৃতি প্রকাশ

পাইল। সেই সুকৃতি প্রকাশমাত্রেই হস্তী ভগবানের আশ্রয় গ্রহণের চেষ্টা করিতে থাকিল। সকল জীবের এই উপায় অবলম্বন করাই সকল শাস্ত্রের অভিপ্রায়। কালভয় ও জন্মমৃত্যু যন্ত্রণা স্মরণ এবং আত্মীয় স্বজন, ধন গৃহাদি কেহই সে যন্ত্রণা নিবারণের সক্ষম নহে, ইহা যে দিন মহাভোগোন্মত্ত জীবের বুদ্ধিতে আলোচিত হইবে, সে দিনই তাহার বৈরাগ্য উপস্থিত হইবে। সুকৃতির উদয় ব্যতীত বৈরাগ্যের উদয় হয় না। যেমন একটি লোক ভয়ানক দুঃখে কাঁদিতেছিল, হঠাৎ তাহার অন্তরে সুখের ভাবান্তর যখন প্রবেশ করে, তৎক্ষণাৎ সে হাস্য করিয়া থাকে। সেইরূপ একান্ত ভোগোন্মত্ত চিত্ত যে দুঃখ ভোগ করিতেছিল, সেই দুঃখের অবসান হইল, কি ক্ষয় হইতে আরম্ভ হইল; এরূপ একটি সাহস অন্তরে উদিত না হইলে, কখনই সে ভোগ ত্যাগে সাহস করে না। এই যে দুঃখ নাশের সাহস, তাহাকে অভয় বা সুকৃতি কহে। সেই অভয় ভাবকে আশ্রয় মাত্রেই বিষয় হইতে স্পৃহা ক্রমে বা একেবারে ক্ষয় হইয়া থাকে। এই নিস্পৃহাবস্থার নামই বৈরাগ্য। জীব যত নিস্পৃহ হইতে থাকিল, সুকৃতি বা অভয় তাহাকে ততই ভগবদাশ্রয়ে ও আত্মাশ্রয়ে স্থাপন করিতে আরম্ভ করিল।

এই যে অপূর্ব্ব উদ্ধার-রহস্য যাহা ভগবান যুগে যুগে সংসারে করিয়া থাকেন, শুকদেব উপাখ্যানচ্ছলে তামস্ মন্বন্তরে গজনক্র ইতিহাসে তাহা বর্ণনা করিতেছেন। ইহাতে রাজা পরীক্ষিৎকে বিশেষ করিয়া বলা হইতেছে যে, হে মহারাজ। আপনি ব্রহ্মশাপগ্রস্ত বটেন; কিন্তু মহাভক্তের সন্তান; কিছুদিন বিষয়ভোগ করিয়া এইরূপ দুর্দ্দশাগ্রস্ত হইয়াছেন। হরি যুগে যুগে যে কত মানববংশ বা ভক্ত উদ্ধার করেন, তাহার নির্ণয় করা সহজ নহে; স্বায়ম্ভুবাদি সকল মন্বন্তরেই বিপন্নকে তিনি উদ্ধার করেন। অধিক কি তামস্ মন্বন্তরে যখন সংসারভোগজনিত অজ্ঞান প্রচার হইয়াছিল, তখন তিনি গজনাক্র রূপী উভয় জন্তুকে পর্য্যন্ত বিপদ হইতে রক্ষা করিয়াছিলেন। এই বর্ত্তমান মন্বন্তরে তুমি বিপদগ্রস্ত, তিনি অবশ্যই তোমায় উদ্ধার করিবেন। এই উপাখ্যানের ও অধ্যায়ের তাৎপর্য্য এইরূপ হইতেছে। এক্ষণে শ্লোকের ব্যাখ্যা করা হইতেছে।

বাদরায়ণি শব্দের অর্থ:—বদরিকাশ্রমে আশ্রয় করিয়া ভগবান ব্যাস ত্রিকালজ্ঞ ও ভগবত্তত্ত্বজ্ঞ হইয়াছিলেন। তাঁহার পুত্র শুকদেবও পিতৃগুণানুসারে ত্রিকালজ্ঞ ও ভগবদ্ভক্ত হইয়াছেন, এইজন্য রাজা পরীক্ষিতের সম্মুখে তিনি পূর্ব্ব পূর্ব্ব মন্বন্তরের ভগবল্লীলা কীর্ত্তন করিতেছেন। এই ভাবটি বুঝাইতেই এক্ষণে তাঁহার "বাদরায়ণি" এই উপাধি শাস্ত্রে লেখা হইয়াছে। পরে শুকদেব কহিলেন:—বুদ্ধিতে কৃতনিশ্চয় হইলে হস্তী মনকে হৃদয়ে সমাহিত করিল। ভোগের সংকল্প ও বিকল্প উভয়ই মনের কার্য্য; মন স্বাধীন থাকিতে বিষয়-চিন্তা কখনই নষ্ট হয় না, বিষয়াসক্তি ক্ষয় না হইলে বৈরাগ্য উদয় হয় না। হৃদয় বলিতে এ স্থলে চিত্ত, অর্থাৎ যে আধারে সুকৃতি ও দুষ্কৃতির ফল জীবের অদৃষ্টে অঙ্কিত থাকে। বুদ্ধি যখন বৈরাগ্যপর হয়, তখন চির সুকৃতির ছবি বিকাশ হয়, এবং বুদ্ধি মনের সহিত বিষয়ভোগে নিরত হইলে চিত্ত দুষ্কৃতিমূর্ত্তিময় হইয়া থাকে। এক্ষণে সুকৃতির বিকাশ হইলে, বুদ্ধি বৈরাগ্যপর হইল। সুকৃতির উদয়মাত্রেই হস্তীর

মনে যে অভয় ভাবের আবির্ভাব হইল, তাহাকেই এ স্থলে পূর্ব্বজন্মের সঞ্চিত সুকৃতি বুঝিতে হইবে। সেই সুকৃতি অনুসারে হস্তী পরম স্তব জপ করিতে থাকিল, অর্থাৎ অভয়দানকারী হরিতে আত্ম-সমর্পণের একান্ত আগ্রহ প্রকাশ করিতে থাকিল।

তখন শ্রীগজেন্দ্র কহিলেন ;—যাঁহার আশ্রয়মাত্রে অচেতন বিশ্বব্রহ্মাণ্ড ও জীবাদিকে সচেতন দেখাইতেছে ; যিনি পুরুষ এবং আদিবীজ অথচ পরেশ হইতেছেন, তাঁহাকে আমি ধ্যান করি। ৮। ৩। ২

ব্যাখ্যা। এ স্থলে শ্রীগজেন্দ্র এইজন্য বলা হইল।—শ্রী বলিতে ভগবদ্ভক্তি, গজেন্দ্র বলিতে সকল গজের ঈশ্বর বা শ্রেষ্ঠ। গজ পশু ছিল এক্ষণে ভগবদ্ভক্তি মণ্ডিত হইল বলিয়া গজরূপী ভোগী জীবকে সকল ভোগীর শ্রেষ্ঠ বা নিষ্কামী বলা হইল। স্তবে প্রথমে ভগবানকে চৈতন্য বলা হইল ; কেবল চৈতন্যে সৃষ্টি হইতে পারে না, এইজন্য তাঁহাকে পুরুষরূপী চৈতন্য বলা হইল। পুরী অর্থাৎ প্রকৃতিতে বা ব্রহ্মাণ্ডপুরীতে কারণরূপে তিনি বর্ত্তমান। কারণরূপী হইলে পাছে কার্য্যের সহিত তাঁহার অনাদিত্ব ক্ষয় হয়, সেইজন্য তাঁহাকে আদিবীজ বলা হইল। বীজ বলিতে জীবাত্মা বা আত্মা বুঝায়। জীবাত্মা বা আত্মা হইলে চিরদিন মায়াসংশ্লিষ্ট ও অধীন বুঝাইয়া থাকে। সেইজন্য তাঁহাকে পরেশ অর্থাৎ সমস্ত প্রকৃতির ঈশ্বর দ্রষ্টা বা সাক্ষী চৈতন্য বলা হইল।

যে অধিষ্ঠানে এই চরাচর বিশ্ব রহিয়াছে, যে উপাদানে এই বিশ্ব গঠিত হইতেছে, যাঁহার কর্ত্তৃত্বে ইহার সৃজন, পালন, হরণাদি ঘটিতেছে, এমন কি যিনি স্বয়ং এই বিশ্বরূপী হইতেছেন, এবম্বিধ কার্য্য ও কারণ হইতেও যিনি অতীত হইয়া বর্ত্তমান আছেন। সেই স্বয়ং চৈতন্যরূপী হরিতে আমি প্রপন্ন হইতেছি। (তিনি আমাকে রক্ষা করুন)। ৮। ৩। ৩

যিনি নিজ মায়াতে আপনার কারণশক্তিকে প্রদান করিয়া, কখন বিশ্বরূপে প্রকাশ হয়েন, কখন আপনাতেই প্রলয়ে আপনি তিরোহিত হয়েন। এই যে কার্য্যরূপে প্রকাশ বা সৃষ্টি এবং কারণরূপে প্রলয়বস্থা, এতদুভয়ের সাক্ষী হইয়াও তিনি বর্ত্তমান আছেন। অতএব যিনি কার্য্য, কারণ এবং তদুভয়ের সাক্ষী, তিনি প্রকৃত অবস্থার চিরবর্ত্তমান চৈতন্য বা অলুপ্তদৃষ্টি হইতেছেন। যিনি পরা * নাম্নি প্রকৃতিরঞ্জিত অবস্থা সমূহ হইতে পর অর্থাৎ অতীত অথচ তাহাদের প্রকাশক হইতেছেন। যিনি সকল সৃষ্টি প্রলয়ের কারণ হইয়াও আপনিই আত্মচৈতন্যের মূল হইতেছেন। (আমি তাঁহাকে ধ্যান করি)। তিনি আমাকে রক্ষা করুন। ৮। ৩। ৪

যখন কাল শক্তির প্রভাবে সমস্ত সংসার, সমস্ত সংসারপতি ও সমস্ত বিশ্বের কারণ সমূহ নাশ প্রাপ্ত হয় ; অনন্ত ও অজ্ঞেয় তমোরাশি মাত্র যখন বর্ত্তমান থাকে ; সেই তমোরাশির অতীত হইয়া যিনি বিভু অর্থাৎ চৈতন্যময় হইয়া বর্ত্তমান থাকেন, (তাঁহাকে আমি ধ্যান করি)। ৮। ৩। ৫

যাঁহার সম্পূর্ণ প্রকৃততত্ত্ব দেবগণও সম্যক্ জানিতে অক্ষম হইতেছেন এবং ঋষিগণও সম্যক্ অবগত হইতে পারেন না। অতএব জন্মমৃত্যুশীল জীবে সেই দুর্জ্ঞেয় পদার্থকে কেমন করিয়া জানিতে ক্ষমতা পাইবে!! তাঁহার এই যে সৃজন, পালন, হরণ ও সকলের অতীত এবং সাক্ষী-চৈতন্যরূপে অবস্থান, ইহা নাটকপ্রদর্শক নটের ন্যায় হইতেছে। এইজন্য তাঁহার অপূর্ব্ব লীলাচরিত্র অতিশয় দুর্জ্ঞেয় হইতেছে; সেই দুর্জ্ঞেয় ভগবানই আমাকে রক্ষা করুন। ৮।৩।৬

(যদি তাঁহাকে জানিতে বা অনুভব করিতে পারে না, তবে তাঁহার ধ্যানের প্রয়োজন কি? এই সন্দেহ নিরসনার্থে হস্তীস্তবে পুনরায় বলা হইতেছে :—)

যাঁহার মঙ্গলময় পদবী দেখিবার ইচ্ছা মাত্র করিয়া বিমুক্তসঙ্গ মুনিগণ, সুসাধন-সম্পন্ন সাধুগণ, গৃহত্যাগ করিয়া অরণ্যে ব্রহ্মচর্য্যাদি কঠিন ব্রত নির্ব্বিঘ্নে সাধন পূর্ব্বক সকল প্রাণীতে আত্মদৃষ্টি লাভ করেন, এবং বিশ্বের বন্ধু বা হিতৈষী হয়েন। সেই ভগবান্ আমার এই বিপদের আশ্রয় হউন। ৮।৩।৭

ব্যাখ্যা। তাঁহার দর্শন কেহই লাভ করিতে পারে না, ইহা যদি সিদ্ধান্ত হয়, তবে তাঁহার ধ্যান ও পূজার প্রয়োজন কি? যদি তাঁহার দেখা পাওয়া যায়, কোথায় দেখা পাওয়া যায়, তাহাই এই শ্লোকে বলা হইল। তিনি পরিপূর্ণ চৈতন্যময় হইয়াও কার্য্যকারণের অতীত হইয়া যে অবস্থায় থাকেন, সে অবস্থা কাহারও সম্যক্ বোধ করিবার উপায় নাই। তিনি আত্মকৃপাবলে জীবকে কৃতার্থ করিতে লীলাবলে সকলের অন্তরে আত্মরূপে যে অবস্থায় থাকেন, সেই অবস্থাটী দর্শনের যোগ্য হইতেছে। যে সকল মুনিগণ মুক্তসঙ্গ হইয়া সতত তাঁহার মনন করেন, তাঁহারা এই সর্ব্বান্তর্যামী আত্মভাব দর্শন করেন। যাঁহারা ব্রহ্মচর্য্যাদি কঠোর ব্রত সাধনে ভগবদ্ভাবনা নিঃসঙ্গে করেন, তাঁহারাও দেখিতে পারেন; যাঁহারা সুসাধু অর্থাৎ পরমভক্তি ও প্রেম-বলে অনন্ত সত্ত্বগুণ অবলম্বন করেন, তাঁহারাই সেই সর্ব্বান্তর্যামীভাব দর্শন করিতে পারেন। এই আত্মভাব দর্শন হইলেই সেই অনন্ত অসীম ও দুর্জ্ঞেয়ভাব তাঁহাদের যতদূর অনুভব হইবার তাহা হয়। অসীম ভাব যত তাঁহারা অনুভব করেন, ততই তাঁহারা আত্মহারা হইয়া প্রেমে নিম-জ্জিত হয়েন। যেমন সমুদ্রদর্শী ব্যক্তি তীরে দাঁড়াইয়া অসীম সমুদ্র দেখিলে, তরঙ্গ হইতে তরঙ্গ দর্শন করিতে করিতে মনকে অসীমে লুপ্ত করিয়া ফেলে, সেইরূপ সিদ্ধ-ব্যক্তিগণ পরমার্থপ্রেমে উন্মত্ত হইয়া থাকেন। ইহাতে আরও বুঝান হইল যে;—যদিও তিনি অসীম ও দুর্জ্ঞেয় বটেন, কিন্তু ভক্তিযুক্ত অনুরাগীর পক্ষে এত সুলভ যে তাঁহারই হৃদয়ে অন্তর্যামী আত্মারূপে দেখা দিয়া থাকেন।

যাঁহার প্রকৃত জন্ম, কর্ম্ম, নাম, রূপ, গুণ বা দোষ কখনই সম্ভব হইতে পারে না; অথচ যিনি বিশ্বের ও ভক্তের পালনাদি করিতে, বিশ্বের ও অভক্তের সংহারাদি করিতে, আপনার মায়াতে আপনিই আপনার বিবিধ তনু যুগে যুগে স্বীকার করিয়া থাকেন; (তাঁহাকে নমস্কার)। ৮।৩।৮

যিনি প্রকৃতির অতীত দ্রষ্টা পরেশ হইতেছেন, যিনি সকলের বৃহৎ ব্রহ্ম হইতেছেন;

যিনি অনন্তশক্তি ধারণ করেন, যিনি অরূপ হইয়াও কালে কালে বহুরূপ ধারণ করেন, যাঁহার কার্য্যগুলি সকলের বুদ্ধির অতীত আশ্চর্য্য হইতেছে। তাঁহাকে আমি নমস্কার করি। ৮। ৩। ৯

ব্যাখ্যা। এই শ্লোকে "অরূপ হইয়াও বহুরূপ ধারণ" বলা হইয়াছে, ইহাতে অনেকের সন্দেহ হইতে পারে যে, এক বস্তু কেমন করিয়া অরূপ ও বহুরূপ হইবে। তাহার প্রমাণ এই:—রূপ পদার্থ প্রকৃত প্রস্তাবে অরূপ কিন্তু অন্য পদার্থ মিশ্রণে বহুরূপ দেখাইয়া থাকে। যথা সূর্য্যরশ্মিপ্রভা প্রকৃত কোন রূপশূন্য; কিন্তু জলের ফুৎকার বা মেঘ বৃষ্টির অবলম্বনে বহুবর্ণময় দেখাইয়া থাকে। সেইরূপ ঈশ্বর সৃষ্টি প্রভৃতি কার্য্যের সময়ে তন্মিলনে বহুরূপসম্পন্ন দেখাইয়া থাকেন। প্রকৃত অবস্থায় রূপশূন্য হইতেছেন।

যিনি কাহার আশ্রয় ব্যতিরেকে আপনিই আপনার প্রকাশ করেন, যিনি সকলের প্রকাশক, তাঁহাকে অপর কে প্রকাশ করিবে? অতএব যিনি সকলের সাক্ষী হইতেছেন; যিনি সকল জীবের নিয়ন্তা হইতেছেন; যিনি বাক্য অর্থাৎ কর্ম্মেন্দ্রিয় সমূহের, মন অর্থাৎ জ্ঞানেন্দ্রিয় সমূহের, যিনি চিত্তের অর্থাৎ পূর্ব্ব কর্ম্মাগত সুকৃতি দুষ্কৃতি দর্শনের অতীত হইতেছেন, তাঁহাকে আমি নমস্কার করি। ৮। ৩। ১০

যিনি নিশ্চয়রূপে শুদ্ধ সত্ত্বগুণ দ্বারা ও নিষ্কাম প্রেম ভক্তি দ্বারা ভক্তগণের সুলভ হয়েন; যিনি মুক্তিময় প্রভু এবং মোক্ষসুখচৈতন্যের একমাত্র উপায়, তাঁহাকে আমি নমস্কার করি। ৮। ৩। ১১

যিনি শান্তির একমাত্র মূর্ত্তি, যিনি ঘোর অর্থাৎ ভয় রূপের একমাত্র চিত্র, যিনি মূঢ় অর্থাৎ সকল ভাবেরই মূর্ত্তিকে উপেক্ষা করেন; অর্থাৎ যিনি শান্ত বা ভীম কিছুই নহেন। যিনি সত্ত্বাদি গুণধর্ম্মাক্রান্ত হয়েন, অথচ যিনি গুণাতীত হইতেছেন, যিনি সমদর্শী এবং জ্ঞানময়, তাঁহাকে আমি নমস্কার করি। ৮। ৩। ১২

যিনি চরাচর জীব শরীরের অন্তর্যামী জীবাত্মা হইতেছেন; যিনি সকল কার্য্যের অধ্যক্ষ অর্থাৎ চৈতন্যদাতা হইতেছেন; অথচ যিনি সকল কার্য্য ও কারণের সাক্ষীরূপে বর্ত্তমান আছেন, তাঁহাকে আমি নমস্কার করি। যিনি প্রকৃতির অন্তর্যামী পুরুষ হইতেছেন; অথচ যিনি আপনার সত্ত্বা আপনাতেই স্বাধীনভাবে রাখিয়া আত্মমূল হইতেছেন; যিনি বিশ্বব্রহ্মাণ্ড কার্য্যের প্রকৃষ্ট কার্য্যকারিণী মূলা প্রকৃতিও হইতেছেন; তাঁহাকে আমি নমস্কার করি। ৮। ৩। ১৩

যিনি সকল ইন্দ্রিয়ের কার্য্যপ্রণালীর দ্রষ্টা বা অন্তর্যামী শক্তি ও আত্মা হইতেছেন। শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধাদি বিষয়গুলি, যাহা পাইলে ইন্দ্রিয়গুলি কার্য্যকারী হয়, যিনি সেই সকল বিষয়রূপী হইয়া ইন্দ্রিয়গুলিকে সচেতন করেন। যিনি অহঙ্কারাদি, মমতাদি অবিদ্যাজনিত জগৎবৃত্তিগুলির মধ্যেও আত্মছায়া দেখাইয়া জীবকে নিজ রূপ দেখাইয়া থাকেন, তাহাতেই অজ্ঞ জীবে প্রতিবিম্বিত অসত্য বিষয়সুখকে সত্য বিবেচনা করে, এমন অসত্যেও প্রতিভাত ভগবানকে আমি নমস্কার করি। ৮। ৩। ১৪

যিনি চরাচর ব্রহ্মাণ্ডের অখিল অর্থাৎ নিশ্চয় কারণ হইতেছেন। (অথচ যিনি স্বয়ং কোন কারণেই মণ্ডিত নহেন। বিশ্ব কার্য্যের কারণ সমূহ এমন অজ্ঞেয়ভাবে প্রকাশ করেন, যাহা সহজে বুঝিতে কাহারও শক্তি নাই বলিয়া যিনি অদ্ভুত কারণরূপী হইতেছেন। যেমন সাগরের অন্তরে অনন্ত নদ নদীর বারি পতিত হইলেই তাহাদের গতির পর্য্যবসান হইয়া থাকে; সেইরূপ বেদ, তন্ত্র, পঞ্চরাত্রাদি, পুরাণাদি সকল শাস্ত্র যাঁহার গুণ বর্ণনা করিতে করিতে সেই মহার্ণবে পর্য্যবসিত হইয়াছে। যিনি একমাত্র মোক্ষের কারণ হইতেছেন। সাধুজনের, বিপন্নের এবং সকলের পক্ষেই যাঁহার নাম, রূপ, গুণ ও লীলাদিই একমাত্র মঙ্গলময় আশ্রয় হইতেছে; সেই ভগবানকে আমি বারম্বার নমস্কার করি। ৮।৩।১৫

যিনি এই বিশ্ব সংসারের মধ্যে সত্ত্বাদি গুণরূপী যাবতীয় কাষ্ঠের অন্তর্গত প্রচ্ছন্ন জ্ঞানাগ্নির ন্যায় বর্ত্তমান আছেন। সেই গুণগুলি যখন বিষয়ভোগ করিতে চেষ্টা করে, তখন যিনি কেবল গুণময়ী লীলা করিবার জন্য বাহ্য সৃষ্টি করিতে ইচ্ছা করেন, এবং তদ্ভাবে প্রকাশ হয়েন। এতদ্ব্যতীত যখন কোন প্রপন্ন ব্যক্তি সকল কামনা এবং শাস্ত্রীয় ব্রত নিয়মাদি সাধন সমাপ্ত করিয়া, নিষ্কাম হইয়া ভগবানে আত্মসমর্পণ করে, তখন যিনি সদা ও স্বয়ং সেই ভক্তসমূহকে কৃপা করিতে প্রকাশ হয়েন; সেই ভগবানকে আমি নমস্কার করি। ৮।৩।১৬

ব্যাখ্যা। গদ্যোক্তিতে শাস্ত্রকর্ত্তা এই শ্লোকে ভগবানের প্রত্যক্ষতা কয় উপায়ে হয় তাহা দেখাইতেছেন। সমস্ত গুণময় সংসারের মধ্যে হরি জ্ঞানরূপে বর্ত্তমান আছেন। সুখদুঃখাদি ও বিশ্বসৃষ্টি আলোচনা করিলে তাঁহাকে জ্ঞানময় বলিয়া এই উপায়ে জানা যায়। গুণসমূহের কার্য্য করিবার জন্য স্বভাবতঃ চেষ্টা আছে, সেই কার্য্যই সৃষ্টি হইতেছে। প্রলয়ান্তে যখন গুণগুলি পুনরায় কার্য্য ভোগ করিতে চেষ্টা করে, সেই সময়ে সর্ব্বচৈতন্যদাতা তাহাদের চেষ্টানুসারী শক্তি বা চৈতন্য তাহাতে অনুপ্রবিষ্ট করাইয়া থাকেন। তাঁহার শক্তি বা চৈতন্য তাঁহা হইতে ভিন্ন নহে, এই জন্য গুণের মধ্যে তাঁহার অনুপ্রবেশ ঘটে এবং গুণময়ী সৃষ্টি প্রকাশ হয়। যেমন একটী বীজস্থ বৃক্ষপ্রকাশক গুণগুলি বৃক্ষপ্রকাশের পূর্ব্বক্ষণে স্বভাবতঃ কিছু ক্রিয়মান্ হইয়া থাকে। মৃত্তিকা বা জলস্পর্শে এ ভাব লক্ষিত হয়। সেই ক্রিয়া মাত্রেই সমস্ত বৃক্ষভাব ক্রমে তাহাতে সংশ্লিষ্ট বা অনুপ্রবৃষ্ট হইয়া বৃক্ষত্ব প্রকাশ করে। এই সকল কার্য্য পর্য্যালোচনা করিয়া সৃষ্টিতত্ত্ববিদ্ পণ্ডিতেরা স্থির করিয়াছেন যে, গুণচেষ্টা মাত্রেই ঈশ্বর বহুব্যাপী হইয়া সৃষ্টিময় হইয়া থাকেন। এই বহুময়ী সৃষ্টির অন্তরেও তত্ত্বজ্ঞগণে তাঁহাকে চিন্তা করিয়া থাকেন এবং ভক্তের অন্তর্য্যামী আত্মারূপে পণ্ডিতগণ জানেন। পূর্ব্বের দুই নিয়মে জ্ঞানবাদী ও তত্ত্ববাদী উভয়বাদে তাঁহাকে দর্শন করেন। কিন্তু যাঁহারা সাধু ও ভক্ত, তাঁহারা পূর্ব্ব উপযুক্ত শাস্ত্রানুসারী সাধন ভজন করিয়া উপযুক্তভাবে বিষয়সুখকামনাবিবর্জ্জিত হইয়া, একান্ত ভগবৎপ্রেমে যখন মণ্ডিত হয়েন, তখন ভগবান সেই ভক্তগণকে তাঁহাদের

প্রতি প্রপন্নাবস্থার কালাকাল বিবেচনা না করিয়া দেখা দিয়া সুখী করেন। ইহাতে বিশেষ করিয়া বলা হইল যে, যে সৃষ্টি এত মহান্, ভগবান সময়ানুসারে তাহাতে আবির্ভূত হয়েন। যে গুণ ব্যতীত সৃষ্টি হয় না, ভগবান তাহাতেও কালানুসারে প্রকাশ হয়েন, কিন্তু প্রেম ও ভক্তির বা নিষ্কাম উপাসনার এমন ক্ষমতা যে, উক্ত অবস্থা সাধকে প্রাপ্ত হইলেই ভগবান আবির্ভূত হইয়া ভক্তের আজ্ঞাবাহীরূপে তাঁহাকে আনন্দিত করিয়া থাকেন।

যিনি আমার ন্যায় প্রপন্ন ভক্তের অবিদ্যাপাশ ছিন্ন করিয়া থাকেন, যিনি কেবল মুক্তি দিবার জন্য বর্ত্তমান আছেন। যিনি সমস্ত করুণা বিতরণ করিতে বর্ত্তমান আছেন। কি ভক্ত জনকে কৃপা দেখাইতে, কি সৃজন পালন সংহারাদি কার্য্য করিতে যিনি কখন এক নিমেষ অলস নহেন। যিনি সকল দেহধারী জীবমাত্রের জ্ঞানমধ্যে স্বকীয় অনন্ত চৈতন্যাংশে অপরিবর্ত্তনীয় উপায়ে আত্মারূপে বর্ত্তমান আছেন; অথচ যিনি অন্তর্যামী থাকিয়া সকল জীবশক্তিকে শাসনে বা নিজ নিজ কার্য্যে ব্যাপৃত রাখিয়াছেন। জীবকে পালন করিতে কোন প্রকৃতিতে ছন্ন বা পরিচ্ছিন্ন না হইয়া যিনি সকলের অপরিচ্ছিন্ন ব্রহ্মরূপে বর্ত্তমান আছেন, তাঁহাকে আমি নমস্কার করি। ৮।৩।১৭

যে সকল ব্যক্তি আমার পুত্র পরিবার, আমার গৃহ ও বিত্ত এইরূপ অহংকারে আসক্ত হইয়া বিষয়ে মুগ্ধ থাকে, যিনি সেই আসক্তিপূর্ণ জীবের নিকটে কখন সুলভ নহেন; যিনি তমো, রজো ও সত্ত্বাদি গুণ হইতে অতীত হইতেছেন; যাঁহারা আপন চিত্ত ও মনাদিকে বিষয়াসক্তি হইতে উদ্ধার করিয়া জীবন্মুক্ত হইয়াছেন, তাঁহারা হৃদয়ে জ্ঞানঘনমূর্ত্তি চিন্তামাত্রেই যিনি নিজ মূর্ত্তি বিকাশ করিয়া থাকেন; সেই সকল ঐশ্বর্য্য ও মহিমাময় ঈশ্বরকে আমি নমস্কার করি। ৮।৩।১৮

সংসারে যাঁহার তুষ্টি উৎপাদন করিতে কেহ যজ্ঞাদি ব্রত ও নিয়মাদি অনুষ্ঠানে ধর্ম্ম আচরণ করেন; কেহ কেহ বা বেদবিহিত উপায়ে কাম ও অর্থ সিদ্ধ করিতে চাহেন; কেহ বা যথানিয়মে মুক্তি কামনা করেন। যিনি আপনার অকপট দয়াবলে সেই ধর্ম্মকামার্থী ও মুমুক্ষু জনসমূহকে তাঁহাদের অভিলষিত অনুষ্ঠানের ফল মাত্র দিয়াই নিশ্চিন্ত থাকেন না, তাঁহারা না চাহিলেও তাঁহাদের এমন কল্যাণ বিধান করেন, যাহা কখন ক্ষয় হয় না, এবং তাঁহারা কখন সেই পদবী হইতে বিনষ্ট হয়েন না। এমন দয়াময় সেই ভগবান অদ্য আমার প্রতি দয়া করুন। এই ভীষণ নক্রের গ্রাস হইতে কেবল মাত্র রক্ষা করুন। (আমি হীনমতি, আমি মুক্তি প্রভৃতি উচ্চ আশা তাঁহার কাছে করিতেছি না।) ৮।৩।১৯

(হে হরে! আমি নিষ্কাম হইতে পারি নাই, আপনার নিকটে প্রাণমাত্র ভিক্ষা করিতেছি।) কিন্তু যাঁহারা একান্ত মুক্তপুরুষ, যে সকল ভক্তজনে তাঁহাদের সেবা করিয়াছেন, তাঁহাদের চিত্ত বিশুদ্ধ ও মন নিষ্কাম হইয়াছে। যে সকল লোকে আপনার একান্ত ভক্ত হইয়াছেন, তাঁহারা নিজের প্রাণ হইতে কোন বস্তুতে আশা করেন না,

কেবল দিবানিশি আপনার অদ্ভুত লীলা চরিত্র, যাহা জীবের পক্ষে একমাত্র মঙ্গল লাভের সোপান হইতেছে, তাহাই সংকীর্ত্তন করিয়া আনন্দসাগরে মগ্ন থাকেন। ৮।৩।২০

হে ভগবন্! আপনি অবিকাশী, আপনি সকল হইতে মহান্, আপনি প্রকৃতির পরাবস্থা, আপনি সেই পরাবস্থারও দ্রষ্টা, আপনি জ্ঞানগম্য নহেন। অতএব অব্যক্ত যে উপায়ে সাধুগণ যোগবলে নিজ আত্মা দর্শন করেন, সেই আত্মদর্শনরূপী অধ্যাত্মযোগে চিন্তা মাত্রেই আপনাকে দেখা যায়। আপনি ইন্দ্রিয়ের অতীত হইতেছেন। আপনি অতি সূক্ষ্ম অথচ বিষয়ীর চক্ষে অতি দূরবর্ত্তী বস্তু হইতেছেন। আপনি অনন্ত এবং আদি হইতেছেন। অধিক কি আপনি সকল অবস্থাতেই কার্য্য ও কারণরূপে এবং তৎপ্রকাশক চৈতন্যরূপে পরিপূর্ণ হইতেছেন। ৮।৩।২১

হে হরে! আপনি এত মহান্ ও পরিপূর্ণ হইতেছেন যে, যাঁহার অতি সামান্য অংশ মাত্র আশ্রয় করিয়া, এই ব্রহ্মাদি দেবগণ সৃষ্ট হইয়াছেন, চতুর্ব্বেদ প্রকটিত হইয়াছে, এই চরাচর বিশ্বব্রহ্মাণ্ড নাম ও রূপভেদে অনন্তভাগে প্রকটিত হইয়াছে। (সেই ভগবান আপনি হইতেছেন, আপনাকে নমস্কার করি)। ৮।৩।২২

যেমন অনন্ত অগ্নিরাশি হইতে স্ফুলিঙ্গ সমূহ বিকাশ হয়, যেমন এক মাত্র আধার স্বরূপ সূর্য্য হইতে দিবানিশি অনন্ত আলোক জগতে বিকাশ হয়, আবার সেই স্ফুলিঙ্গ যেমন অনন্তাগ্নিতে নির্ব্বাণ হয়, কিরণ যেমন সূর্য্যে প্রবিষ্ট হয়, তদ্রূপ যাঁহার নিজ তেজ হইতে চরাচর বিশ্ব বিকাশ হয় এবং যাঁহাতে অন্তে প্রবিষ্ট হয়; সেইরূপ যাঁহার প্রাকৃতিক গুণপ্রবাহে, বুদ্ধি, মন, অহংকার ও আকাশাদি পঞ্চভূত মিলনে এই জীবশরীর সমূহ সৃষ্ট হইয়াছে। (তাঁহাকে আমি নমস্কার করি।) ৮।৩।২৩

(যাঁহার শক্তিমাত্রকে আশ্রয় করিয়া দেবতা, মানব ও জীবসংকুল সংসারের সৃষ্টি হইয়াছে।) তিনি কখন দেবতা নহেন, অসুর নহেন, মর্ত্ত্য বা তীর্য্যক্ জীব নহেন। তিনি কখনই পুরুষ, স্ত্রী বা ক্লীব নহেন। তিনি এই চরাচরের উৎপাদক গুণ বা কর্ম্মও নহেন, এমন কি তিনি সৎ অর্থাৎ কোন সত্বা নহেন, বা কোন প্রকার অসত্বাও নহেন। অধিক কি! সকলই তাঁহা হইতে বটে, কিন্তু ইহা নহে এইরূপ বিচারে শেষে যাঁহাকে কোন পদার্থই নহেন বলিয়া স্বীকার করা যায়, সেই অশেষ ভগবানের জয় হউক। (আমাকে তিনি উদ্ধার করুন।) ৮।৩।২৪

হে হরে! আমি যে এত স্তব করিয়া আপনাতে প্রপন্ন হইতেছি; ইহাতে আমি কেবল এই গজজন্ম অর্থাৎ যে জন্মে আমার অন্তর ও বাহিরের বৃত্তিসমূহ অজ্ঞানাবৃত হইয়া রহিয়াছে, সেই জন্মজাত দেহকে এই কুম্ভীরের গ্রাস হইতে রক্ষা করিয়া জীবিত থাকিতে ইচ্ছা করি নাই; আমি প্রকৃত মোক্ষ চাহি। কালে দেহ নষ্ট হইলে একপ্রকার পূর্ব্ব দুঃখ মোচন হয়, আমি সেরূপ মোক্ষ চাহি না। যে উপায়ে আত্মদর্শনের প্রতিকূল অজ্ঞানাবরণ মোচন হইয়া যায়, যে জ্ঞান কালে নাশ হয় না, সেই অমৃত (ভক্তিময়) পদলাভ করিতে ইচ্ছা করি। ৮।৩।২৫

যিনি এই চরাচর বিশ্বের স্রষ্টা হইতেছেন, যিনি বিশ্বের উপাদান কারণ হইতেছেন,

যিনি চৈতন্যরূপে বিশ্বাতীত হইতেছেন, যিনি বিশ্বের নিমিত্তকারণ হইতেছেন, যিনি অখিল চরাচরের আত্মা হইতেছেন, যিনি জন্মমৃত্যুরহিত হইয়া প্রকৃতির অতীত পরম পদে অবস্থিত হইয়া সকল হইতে ব্রহ্ম বা মহান্ হইতেছেন, তাঁহার তত্ত্ব আমি কি জানিব! আমি কেবল তাঁহাকে প্রণাম মাত্র করিতেছি। ৮। ৩। ২৬।

যে সকল মহাত্মা যোগাগ্নিবলে কর্ম্মকে দগ্ধ করিয়া হৃদয়ে যাঁহাকে ভাবনা করেন; সেই অবস্থায় সেই সকল যোগী যাঁহাকে দেখিয়া থাকেন, সেই যোগেশ্বরকে আমি কায়মনে প্রণাম করিতেছি। ৮। ৩। ২৭।

যিনি ভক্তিশূন্য জীবের অন্তরে সত্বাদি গুণত্রয়রূপী শক্তি সহযোগে রাগদ্বেষাদি অসহ্য বেগ প্রকাশ করেন। যিনি ইন্দ্রিয়গুলিকে উন্মত্ত করিতে বাহিরে শব্দাদি বিষয়রূপে বর্ত্তমান আছেন। যিনি ভক্তিপূর্ণ জীবের পক্ষে পরম কৃপাময় পালনকর্ত্তা রূপে প্রতীয়মান হয়েন। সতত আপনাপন জ্ঞানকর্ম্মেন্দ্রিয়গুলিকে কুবিষয়ে সংলগ্ন রাখিলে, যাহারা যাঁহার পরম পথ দেখিতে পায় না, এবম্বিধ ভক্তের সুলভ, অভক্তের দুর্ল্লভ, অথচ সকলের অন্তর্যামী কৃপাশক্তিধারী হরিকে আমি বারম্বার প্রণাম করি। ৮। ৩। ২৮

বহির্ম্মুখী ব্যক্তি, যাঁহার অদ্ভুতা মায়াশক্তিতে আবৃত ও অহং মমতা বুদ্ধি পরতন্ত্র হইয়া আপনার অন্তরস্থ আত্মারূপী ভগবানকে জ্ঞাত হইতে পারে না; সেই দুরত্যয়া মায়া মহিমাসম্পন্ন ভগবানকে আমি (এই বিপদে) আশ্রয় করিতেছি। ৮। ৩। ২৯।

পূর্ব্ববর্ণিত গজকর্ত্তৃক স্তব সমাপ্ত করিয়া শ্রীশুকদেব রাজা পরীক্ষিৎকে সম্বোধন করিয়া কহিলেন,—হে মহারাজ! সেই বিপন্ন গজেন্দ্র যখন পূর্ব্বসুকৃতিবলে ভগবানকে স্তবচ্ছলে এইরূপ আরাধনা ও অনুভব করিয়া বলিল যে, ব্রহ্মাদি দেবতাগণ সকলে তাঁহারই মূর্ত্তি ও গুণ ভেদে রূপভেদ মাত্র; তিনিই সকলের আধার, তাঁহা ব্যতীত অখিল বিশ্বে আর কোন কারণ বিদ্যমান নাই। সেই সময়ে ভগবান সর্ব্বদেবময় হরি সেই স্থানে আবির্ভূত হইলেন। ৮। ৩। ৩০

সকল জগতের একমাত্র আশ্রয়স্বরূপ সেই ভগবান দেবগণ কর্ত্তৃক স্তুত হইতে হইতে অতি শীঘ্র গরুড়ারোহণে চক্রাদি বিবিধাস্ত্রে সুসজ্জিত হইয়া তথায় উপস্থিত হইলেন; তথায় গজকে প্রকৃত প্রপন্ন ও ব্যাকুল বুঝিয়া, তাহার স্তোত্র শ্রবণপূর্ব্বক তৎসমীপে উপস্থিত হইলেন। ৮। ৩। ৩১

তখন দিব্যাস্ত্রালঙ্কারে সুশোভিত গরুড়ের উপরে আরোহণকারী, হরিকে গগনপটে দর্শন করিয়া, কুম্ভীর কর্ত্তৃক সরোবরের মধ্যে আকৃষ্ট ও প্রাণভয়ে কাতর অথচ প্রপন্ন হস্তী, প্রেমভরে আপনার সকল দুঃখ ভুলিয়া, শুণ্ডযোগে সরোবর হইতে কমলরাজি উত্তোলন করিয়া, ভগবানের চরণোদ্দেশে প্রদান করিতে করিতে "হে নারায়ণ, হে অখিল-গুরো, হে ভগবন্! আপনাকে আমি প্রণাম করি।" এই কথা বলিতে থাকিল। ৮। ৩। ৩২

কৃপাপূর্ণ ভগবান তখন সেই গজকে অতিশয় পীড়িত দেখিয়া, গরুড় হইতে সহসা অবতীর্ণ হইয়া, নিজ হস্তে করীর শুণ্ড ধারণপূর্ব্বক আক্রমণকারী কুম্ভীরের সহিত তাহাকে

সেই সরোবরমধ্য হইতে তীরে উঠাইলেন। শেষে নিজ দক্ষিণ করস্থ চক্র দ্বারা কুম্ভীরের বদনচ্ছেদন করিয়া, সেই অদ্ভুত বিক্রম দর্শনকারী দেবগণের সমক্ষে গজেন্দ্রকে মুক্ত করিলেন। ৮। ৩। ৩৩

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে তৃতীয়াধ্যায়ে উপেন্দ্র কৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। শুকদেব শেষে ত্রিংশতিশ্লোক হইতে এই সিদ্ধান্ত করিয়া অধ্যায়ের উপসংহার করিলেন যে:—ভগবানের অতীত আর কিছুই নাই, তিনি দেবতার দেবতা, বিশ্বের কারণ, জীবের নিয়ন্তা; সকলি তিনি, তাঁহাতীত আর কিছুই নাই। এই অবস্থা জনিত অনুভব যখন ভক্তে হৃদয়ে স্থির করিবে, তখন তাহার হৃদয় অতি বিশুদ্ধ হইবে। এই অবস্থায় ভোগীর ভোগেচ্ছা একেবারে ক্ষয় হইবে। আর আত্মীয়, স্বজন, পুত্র বিত্তাদি দ্বারা তাহার কোন উপকার কোন কালে ঘটিবে এমন ধারণা এ অবস্থায় থাকে না। অতএব এই অবস্থায় সকল আসক্তি ক্ষয়ে একান্ত প্রপন্নাবস্থা উপস্থিত হয়। তখন জীবের বিশুদ্ধ হৃদয়াকাশে সকল দেবতা মণ্ডিত হরি অনন্ত ঐশ্বর্য্যে মণ্ডিত হইয়া আবির্ভূত হয়েন, এবং সংসার সরোবরে মৃত্যুরূপ কুম্ভীর হইতে তাহাকে স্বয়ং রক্ষা করেন। কিরূপ আগ্রহ ও দয়ার সহিত সেই ভগবান প্রপন্নকে রক্ষা করেন, তাহা বুঝাইতে শেষের শ্লোক বলা হইল। গরুড়ের গমনে পাছে বিলম্ব হয়, প্রেমিক ভক্ত আর নিমেষ মাত্র কষ্ট যাহাতে না পায়, এইজন্য গরুড় হইতে অবতীর্ণ ও পদব্রজে প্রেমময়ী মূর্ত্তি ধারণ করিয়া আসিলেন। দেবতাগণ তাঁহার প্রিয়বস্তু হইলেও ভক্ত পরিত্রাণের কালে ভগবান এত প্রেমবাধ্য হয়েন যে, দেবতাগণকে সম্বর্দ্ধনা করিতেও বিস্মৃত হইয়া, বিপন্ন ও প্রপন্ন ভক্ত উদ্ধার করেন। ইহাতে শ্রীপরীক্ষিৎকে বলা হইল যে, হে মহারাজ! যখনি সংসার অজ্ঞানে আচ্ছন্ন হয়, তখনি জরা, মৃত্যু, অভিশাপ জীবকে আক্রমণ করে। তুমি যে বিষয়ে উন্মত্ত হইয়া জরা, মৃত্যু ও অভিশাপগ্রস্ত হইয়াছ, ইহাতে বিচিত্রতা কিছু নাই। বিষয়জনিত আসক্তির পরিণাম ফলই এই হইতেছে। তুমি অভিশাপগ্রস্ত হইয়াও এখনো নিজমূর্ত্তি রাখিয়া সাধু সেবা করিতেছ, হরি কথা শুনিতেছ। এই যে তামস মন্বন্তরের গজনক্রের উপাখ্যান বলিলাম; ইঁহারাও পূর্ব্বে মহাত্মা ছিলেন, বিষয়মদে, অহংমদে উন্মত্ত হইয়া কেবল যে জরা মৃত্যু বা অভিশাপগ্রস্ত হইয়াছিলেন তাহা নহে। পূর্ব্বমূর্ত্তি ক্ষয়ে পাপবলে কেহ গজ কেহ নক্র হইয়াছিলেন। হরি সেই মহাপাপীদের ক্রন্দনেও যখন এরূপ ভক্তবৎসলতা দেখাইলেন, তখন তোমাকে যে পরিত্রাণ করিবেন, ইহাতে আর অণুমাত্র সন্দেহ নাই।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে তৃতীয়াধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ চতুর্থ অধ্যায়।

রাজা পরীক্ষিৎকে সম্বোধন করিয়া শ্রীশুকদেব কহিলেন:—হে মহারাজ! ভগবান যখন গজকে নক্রের বদন হইতে অবলীলাক্রমে উদ্ধার করিলেন; সেই সময়ে ব্রহ্মা, মহেশ্বরকে অগ্রে রাখিয়া, সমস্ত লীলা দর্শনে আশ্চর্য্য হইয়া, ভগবানের মস্তকে, দেবর্ষি ও গন্ধর্ব্বগণের সহিত পুষ্প বর্ষণ এবং তাঁহার অদ্ভুত কৃপাজনিত কর্ম্মের প্রশংসা করিতে থাকিলেন। স্বর্গবাসী সকল গন্ধর্ব্বে দুন্দুভি বাজাইয়া আনন্দে হরিলীলা গান ও তৎ-প্রেমে উন্মত্ত হইয়া নৃত্য করিতে থাকিলেন। ঋষিগণ, চারণগণ, সিদ্ধগণ, সেই পুরুষোত্তমের এই লীলা দর্শনে স্তব করিতে থাকিলেন। ৮। ৪। ১

সেই গজধারী কুম্ভীর ভগবানের চক্র ও করস্পর্শে এবং তদ্দর্শনে তৎক্ষণাৎ পরমাশ্চর্য্য রূপ ধারণ করিল। পূর্ব্বে সে হুহু নামে প্রধান গন্ধর্ব্ব ছিল, কোন কার্য্য বশতঃ দেবল মুনির অভিশাপ বলে কুম্ভীর হইয়াছিল, এক্ষণে সে সেই ব্রহ্মশাপ হইতে মুক্ত হইল। ৮। ৪। ২

হে মহারাজ! সেই হুহু গন্ধর্ব্ব ব্রহ্মশাপরূপী কুম্ভীরমূর্ত্তি হইতে মুক্ত হইয়া তৎক্ষণাৎ সেই অব্যয়, উত্তমশ্লোক ঈশ্বরকে নিজ মস্তক অবনত করিয়া প্রণাম করিল এবং যিনি সকল যশের আশ্রয় হইতেছেন; যাঁহার গুণই কীর্ত্তন করিবার উপযুক্ত; বিশেষতঃ যিনি সাধুগণের শ্রবণতুষ্টি জন্য নিজ লীলা ও মহিমাকথা সংসারে প্রচার করিয়াছেন, সেই ভগবানের মহিমা সেই গন্ধর্ব্ব গান করিতে থাকিল। ৮। ৪। ৩

সেই হুহু গন্ধর্ব্বের স্তবে ও গীতে সন্তুষ্ট হইয়া ভগবান তাহাকে আশীর্ব্বাদ করিলেন। তখন ব্রহ্মশাপ হইতে মুক্ত এবং ভগবান কর্ত্তৃক অনুকম্পিত হইয়া, সেই গন্ধর্ব্ব, হরিকে প্রণাম ও প্রদক্ষিণপূর্ব্বক, সকল দেবতা, ঋষি, গন্ধর্ব্বাদির সমক্ষে আনন্দে নিজ গন্ধর্ব্বলোকে গমন করিল।

হে মহারাজ! সেই গজেন্দ্রও ভগবৎকরস্পর্শে এবং তদ্দর্শনে অজ্ঞানবন্ধন হইতে মুক্ত হইলেন। তৎক্ষণাৎ গজরূপ ত্যাগ করিয়া ভগবানের স্বরূপ ধারণ করিলেন। তাঁহার কটীতে পীতবাস; তাঁহার অঙ্গে চতুর্ভুজ শোভা পাইতে থাকিল। এই গজেন্দ্র পূর্ব্বে পাণ্ড্যদেশে অতি সাধু ও বিষ্ণুব্রত পরায়ণ দ্রবিড়-বংশীয় ইন্দ্রদ্যুম্ন নামে রাজা ছিলেন। ৮। ৪। ৪

ব্যাখ্যা। এই চারি শ্লোকে দুই তত্ত্ব দেখান হইল। প্রথমে ভগবৎ কৃপা, দ্বিতীয়ে প্রপন্নমাত্রেই যত ঘোর পাপী বা অজ্ঞানী হউক না কেন!! জীব ভগবৎসান্নিধ্য লাভ করিতে পারে। গজকে আমরা পূর্ব্বে অজ্ঞান মণ্ডিত বিষয়ভোগোন্মাদী জীব বলিয়া ব্যাখ্যা করিয়াছি, এই অধ্যায়ের চতুর্থ শ্লোকে স্বয়ং ব্যাসদেব শুকোক্তিতে তাহা প্রকাশ করিলেন। সংসার সরোবরে কুম্ভীরটি মৃত্যু বলিয়া বর্ণিত হইয়াছে। যৌগ-

শাস্ত্রে অত্যন্ত বিস্মৃতিকেই মৃত্যু বলিয়া স্থির করা হইয়াছে। অতিশয় যন্ত্রণাবশে ইন্দ্রিয়গুলি অকর্ম্মণ্য হওয়াতে অন্তিমে স্মৃতির একান্ত ভ্রংশ ঘটিয়া থাকে। এস্থলে শাস্ত্রকারেরা কহেন; মৃত্যু একটি বিশেষ কোন শক্তি নহে। কর্ম্মী জীব নিজ কর্ম্মবশে কালক্রমে আপনার হিত ও অহিত স্বয়ং ঘটাইতে পারে। কাল তাহার সাহায্য করে মাত্র। এস্থলে অজ্ঞান-সংসার ভোগী হস্তী নিজ কর্ম্মবশে কুম্ভীরকে নিজ মৃত্যু রূপে পাইয়াছিল। যেমন বিষ মৃত্যু নহে, কিন্তু অজ্ঞানী পানকারীর পক্ষে মৃত্যুর কারণ হয়, সেইরূপ কুম্ভীর মৃত্যু নহে, গজের নিজ উন্মত্তকার্য্যে মৃত্যুর কারণ হইয়াছিল। ইহাতে বিশেষ এই বলা হইল যে; অজ্ঞান ও বিষয়োন্মত্ত চিত্ত মৃত্যু যন্ত্রণায় ব্যথিত হইয়া থাকে। জ্ঞানী ও বিশুদ্ধ হৃদয়বান্ লোক ভগবৎকৃপা লাভে পরম সুখী হয়। এই গজনক্র ইতিহাসের প্রকৃত পৌরাণিক কথা এই:—গজটি পাণ্ড্যদেশে দ্রবিড় বংশীয় ইন্দ্রদ্যুম্ন নামে অতি ভক্তিপরায়ণ রাজা ছিলেন। তিনি কোন কারণ বশতঃ অগস্ত্য ঋষির অভিশাপ প্রাপ্ত হয়েন। এই উপাখ্যানে দেখান হইল যে:—ব্রহ্মশাপ বশে জীবের কি ইহলোক কি পরলোক সকল ঐশ্বর্য্য ক্ষয় হইতে পারে। মূর্ত্তি ও জন্মের ব্যতিক্রম পর্য্যন্ত ঘটিতে পারে। কিন্তু ভগবৎস্মৃতি যদি থাকে তাহা ক্ষয় হইতে পারে না। এই কথায় আরো বলা হইল:—হে মহারাজ! একথার দৃষ্টান্ত আপনি হইতেছেন। আপনিও রাজচক্রবর্ত্তী, বিষয়ভোগে উন্মত্ত হইয়া আপনিও ব্রাহ্মণের অবমামনা করিয়া, ব্রহ্মশাপগ্রস্ত হইয়াছেন। আপনারও সকল ঐশ্বর্য্য ক্ষয় হইয়াছে, কিন্তু পূর্ব্ব পুরুষদিগের পুণ্যে এবং নিজের সুকৃতি-বশে, শৈশবে যে ভগবদ্ভক্তি ছিল, আপনার সে ঐশ্বর্য্য ক্ষয় হয় নাই। রাজা ইন্দ্রদ্যুম্ন অভিশাপবশে ঐশ্বর্য্য হারাইয়া ছিলেন, এমন কি নিজমূর্ত্তি পর্য্যন্ত হারাইয়া হস্তী হইয়াছিলেন, তথাপি তাঁহার হরিস্মৃতি ক্ষয় হয় নাই!! সেই স্মৃতি বলে তিনি পুনরায় ব্রহ্মশাপ হইতে মুক্ত এবং ভগবৎ পার্শ্বচর হইলেন। এই উপাখ্যান পরে বর্ণিত হইবে। সেই কুম্ভীর পূর্ব্বে হূহূ নামে গন্ধর্ব্ব ছিলেন। একদা অপ্সরাগণে বেষ্টিত হইয়া ঐ সরোবরে জলকেলি করিতে ছিলেন। দৈবক্রমে দেবল মুনি জল পানার্থ সেই সরোবরে উপস্থিত হয়েন, ঋষিকে দেখিয়া ভক্তি করা দূরে থাকুক সেই কামোন্মাদী হূহূ গন্ধর্ব্ব তাঁহার সহিত পরিহাস করিবার জন্য জলের ভিতরে ডুব দিয়া পদ ধরিয়া টানিতে থাকিলেন। ঋষি এবম্বিধ অহংকারী ও উপেক্ষাকারী, কামী গন্ধর্ব্বের ব্যবহারে অসন্তুষ্ট হইয়া, তাহাকে সম্পাতিত করিয়া বলিলেন, "তুমি যেমন আমার পদ জলমধ্যে কুম্ভীরের ন্যায় ধরিয়াছ, তুমি এই দণ্ডে কুম্ভীর হইয়া যাও।" ঋষির এই কথা শ্রবণ করিয়া হূহূ গন্ধর্ব্বের চৈতন্য হইল, তখন তিনি ঋষির পদে ধরিয়া বহু অনুনয় বিনয় করিলে ঋষি কহিলেন;— "কালক্রমে এই বনবাসী গজেন্দ্র তোমার সরোবরে আসিলে তুমি তাহাকে আকর্ষণ করিবে। তোমার আকর্ষণে সেই গজের বিষয় মাদকতা ক্ষয় হইলে, সে হরিস্মরণ করিবে। তাহাকে কৃপা করিতে ভগবান্ আবির্ভূত হইলে, তুমিও তদ্দর্শনে ও স্পর্শনে মুক্ত হইবে।"

এস্থলে দেখান হইল যে:—পাপই পাপের মর্দনকারী, অহংকারই অহংকারের অহিতকারী হইতেছে। সেই নিয়মে ভয়ানক কামাচারী ও পাপাচারী গন্ধর্ব্ব সংসার-সরোবরে কুম্ভীর-ধর্ম্ম ধারণ করিয়া রহিল। অর্থাৎ যে বিষয়-সরোবরে স্নান করিতে আসিবে তাহাকেই নিজ কামবীর্য্য দ্বারা মৃত্যুমুখে নিপাতিত করিবে। অর্থাৎ যতই কামকল্পনায় মন বহু বিষয়োন্মাদে উন্মত্ত হইবে, ততই জরা, মৃত্যু, জীবকে আক্রমণ করিবে। এই উপাখ্যান অবলম্বন করিয়া, হরিস্মৃতি যে:—কি মৃত্যু, কি ব্রহ্মশাপ, কি বিষয়বাসনা, সকলকে উদ্ধার করিতে পারে এই কথা বলা হইল। অধিকন্তু একবার ভগবদ্ভক্তিপরায়ণ হইলে তাহার কোন যোনিতেই সেই স্মৃতি ক্ষয় হয় না। মহাকামী কুম্ভীর মহাকামী হস্তীকে ধরিয়া অধিক যাতনা ভোগ করাইতে করাইতে মৃত্যুমুখে আনিতে থাকিল। গজেন্দ্রের হরিস্মৃতি বৈরাগ্য মাত্রেই উদয় হইল। ইহাতে বিশেষ বলা হইল, স্পর্শমণি যেমন লৌহকে স্বর্ণ করিতে পারে, তদ্রূপ গজের হরিস্মৃতি মহাকামী কুম্ভীরেরও পরিত্রাণের কারণ হইল। অর্থাৎ হরিভক্তের মৃত্যু হয় না, এবং তাহার স্পর্শে অভক্তদুষ্ট জনও পবিত্র হইয়া থাকে।

পরে একপক্ষে দেখান হইল যে:—ঋষি বা ব্রাহ্মণাদি শ্রেষ্ঠজনে অভিশাপ বলেও অপরাধীর অহিত করেন না; তাঁহাদের অভিশাপও অপরাধীগণের পক্ষে হিতের কারণ হয়। দেবল, অগস্ত্যাদি মহর্ষিগণে এই হুহু ও ইন্দ্রদ্যুম্ন নরপতিকে অভিশপ্ত করিয়াছিলেন, কিন্তু সেই অভিশাপবলে যাতনা ভোগ করিতে করিতে অন্তে তাঁহাদের এমন কল্যাণ লাভ হইল, যাহা ঘোর তপস্যায় বা শত জন্মান্তরের সাধনেও জীবে লাভ করিতে পারে না। শ্রীপরীক্ষিৎকে বলা হইল যে:—হে মহারাজ! তোমার যখন হরিস্মৃতি ক্ষয় নাই, সেই ব্রহ্মশাপই তোমার কল্যাণের নিমিত্ত হইতেছে। কারণ তোমার বৈরাগ্য হইয়াছে, আমার সমক্ষে হরিকথা শুনিতে শ্রদ্ধা জন্মিয়াছে; মৃত্যুর দিন নিশ্চয় হইয়াছে, অতএব ইহাপেক্ষা আর মঙ্গল কি হইতে পারে!! এই গজনক্রোপাখ্যানের তাৎপর্য্যে যুগে যুগে হরি কৃপার উৎকর্ষ দেখান হইল বুঝিতে হইবে।

হে মহারাজ! সেই পরম ভক্ত রাজা ইন্দ্রদ্যুম্ন কেমন করিয়া ব্রহ্মশাপগ্রস্ত হইয়া গজমূর্ত্তি লাভ করিয়াছিলেন তাহা শ্রবণ কর:—

সেই মহীপতি ইন্দ্রদ্যুম্নের আরাধনার বয়স উপস্থিত হইলে, তিনি রাজৈশ্বর্য্য পরিত্যাগ করিয়া মলয়কুলাচলে আশ্রম নির্ম্মাণপূর্ব্বক ঘোরতর তপস্যাযোগে সেই অচ্যুতপুরুষ হরিকে নিত্য অর্চ্চনা করিতেন। তিনি বেশ ও ভূষায় বিরক্ত হইয়া জটা ধারণ করিয়াছিলেন। অসার বাণী পরিত্যাগ করিয়া মৌনব্রত অবলম্বন করিয়া ছিলেন। একদা আরাধনার সময়ে তিনি ঈশ্বর হরিকে আরাধনা করিতেছেন:—৮।৪।৫

এমন সময়ে যদৃচ্ছাক্রমে শিষ্যগণে পরিবৃত হইয়া মহিমাবান্ ঋষি অগস্ত্য তাঁহার আশ্রমে আসিয়া উপস্থিত হইলেন। রাজা মৌনব্রতে ভগবদারাধনা করিতেছিলেন;

ঋষি দেখিলেন; রাজা তাঁহাকে কোন কুশল প্রশ্ন বা সম্মান করিলেন না, পূজা বা পাদ্যার্ঘ দান করিলেন না; তুষ্ণীভাবে আশ্রমের ভিতরে গোপনে রহিলেন; রাজার এইরূপ শাস্ত্রবিহিত বিধির উলঙ্ঘন দর্শন করিয়া ঋষি অতি দুঃখিত ও কুপিত হইলেন। ৮। ৪। ৬

হে মহারাজ! ঋষি কোপে এইরূপ অভিশাপ প্রদান করিলেন:—এই দুরাত্মা মহীপাল সাধুদের স্থানে অসাধু ব্যবহার শিক্ষা করিয়াছে; উপযুক্ত শাস্ত্র বা গুরুর নিকট সাধন ও বিধি শিক্ষা না করিয়া গজের স্থায় মূঢ়বুদ্ধি হইয়াছে। অর্থাৎ হস্তী যেমন আপনার ক্ষমতা না বুঝিয়া আহারদাতা ও পালন কর্ত্তার পদে দলিত হয়; সেইরূপ রাজা নিজের কর্ত্তব্য কর্ম্ম বুঝিতে পারে নাই। এইরূপে আশ্রমবিধি উলঙ্ঘন করিয়া বহু বিপ্রকে অবমাননা করিয়াছে, অতএব এরূপ বিপ্রাবমাননাকারী ও গজের স্থায় মূঢ়বুদ্ধি রাজা এই দণ্ডেই অজ্ঞানে আচ্ছন্ন হইয়া গজত্ব লাভ করুক। ৮। ৪। ৭

শ্রীশুকদেব এইরূপে রাজাকে মহীপাল ইন্দ্রদ্যুম্নের ব্রহ্মশাপ লাভ কথা বলিয়া পরে কহিলেন:—হে মহারাজ! মহর্ষি অগস্ত্য এইরূপে রাজাকে অভিশপ্ত করিয়া সশিষ্যে অন্যত্রে গমন করিলেন। রাজর্ষি ইন্দ্রদ্যুম্ন অভিসম্পাতিত হইয়া নিজ ভাগ্যবশেই ঘটিল, ইহা ভাবিয়া যে পশুযোনিতে স্মৃতি একেবারে ক্ষয় হয়, সেই পশুযোনির মধ্যে গজত্বলাভ করিলেন। কিন্তু হে নৃপ পরীক্ষিৎ! ভগবদর্চ্চনা এবং অনুভবের এত মহিমা যে, সেই পশুযোনি লাভ করিলেও রাজার ভগবৎস্মৃতি ক্ষয় হইল না। ৮। ৪। ৮

ব্যাখ্যা। কি সংসার, কি বৈরাগ্য সকল আশ্রমেই বিধি অনুসারে অর্থাৎ গুরু ও শাস্ত্রগত নিয়মে আচরণ করিলেই ধর্ম্মার্জ্জন হইয়া থাকে। এমন কি ভক্তিপূর্ণ সিদ্ধ পুরুষ হইলেও বেদবিহিত নিয়মের অতিক্রম করিলে, তাহাকে বিপদে পতিত হইতে হয়। অগস্ত্য ঋষি রাজার শাস্ত্র ও গুরুমার্গ বিহিত সদাচারের প্রতিকূলাচরণ দর্শন করিয়া দুঃখিত হইয়া দেখিলেন, মহীপালের স্থায় শ্রেষ্ঠ সাংসারিক জনে যদি ধর্ম্ম মর্য্যাদা অতিক্রম করিল, তবে নীচলোকে সতত তাহা করিবে। ধর্ম্ম লোপ হইবে। জগতে অধর্ম্ম প্রচার হইবে। এই অসদাচার প্রচারের আশঙ্কায় তিনি কুপিত হইয়া, হরিপরায়ণ হইলে কি হইবে! অসদাচারের প্রতিবিধানার্থ অভিসম্পাতিত করিলেন। সেই অভিশাপই ক্রমে পরিণামে মুক্তি প্রদান করিল। অতএব সাধুগণের কোপ বা তাড়না পিতার স্থায় ভবিষ্যৎ মঙ্গলের কারণ হয়।

হে মহারাজ! দয়াল ও অজনাভি হরি এইরূপে সেই যূথপতি করীকে মুক্ত করিয়া নিজ পারিষদ করিলেন। তাঁহার এই অদ্ভুত কর্ম্মের স্তব ও গান সমস্ত দেবতা, ঋষি, গন্ধর্ব্ব, সিদ্ধগণ করিতে থাকিলেন, সকলের স্তুত হইয়া তিনি নিজ গরুড়াসনে আসীন হইয়া স্বভবন বৈকুণ্ঠে গমন করিলেন। ৮। ৪। ৯

হে কুরুবংশালঙ্কার! হে মহারাজ পরীক্ষিৎ! তুমি আমাকে "গজরাজের কেমন করিয়া হরিস্মৃতি আসিল যে, সেই স্মৃতি বলে সে জন্মানুভবে মুক্তি পাইল।" এই

জিজ্ঞাসা করিয়াছিলে ; এক্ষণে তোমাকে আমি, যে কথা শুনিলে স্বর্গ লাভ হয়, যশঃ বৃদ্ধি হয়, কলিযুগজাত বিষয়ভোগজনিত পাপ নাশ হয়, দুঃখ ক্ষয় হয় ; সেই পবিত্র কথা বলিলাম, তুমি শ্রবণ করিলে। ৮। ৪। ১০

হে মহারাজ! নিজ মঙ্গলকামী, গুরুদীক্ষা প্রাপ্ত জীবে আপনাপন মঙ্গল লাভ জন্য পবিত্র হৃদয়ে এই গজমোক্ষণ লীলা কথা কীর্ত্তন করেন ; দুঃস্বপ্ন-ফল-নাশের জন্য প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া এই গজমোক্ষণ কথা স্মরণ করেন। ৮। ৪। ১১

হে মহারাজ! সেই গজেন্দ্রের প্রতি প্রীত হইয়া, সকল শ্রবণকারী দেবতা, ঋষি, গন্ধর্ব্ব ও অন্যান্য জীবের সমক্ষে, সেই সর্ব্ব ভূতময় ও সকলের পূজিত ভগবান গজেন্দ্রকে যে কথা বলিয়াছিলেন, তাহা বলিতেছি, শ্রবণ কর। ৮। ৪। ১২

গজেন্দ্রকে মুক্ত করিয়া ভগবান তাঁহাকে বলিলেন :—হে গজেন্দ্র! যে ব্যক্তি আমা কর্ত্তৃক তোমার মুক্তি কথা স্মরণ করিবে। এই সরোবর, তোমার বাস-জন্য গিরি কন্দর, তোমার বিহার জন্য বেত্র, কীচক, বেণু গুল্ম ও সুরপাদপ-মণ্ডিত এই কানন ও শৃঙ্গসমূহকে স্মরণ করিবে ; যে ব্যক্তি ব্রহ্মার ব্রহ্মলোক এবং শিবের শিবলোক, আমার প্রিয়ধাম ক্ষীরোদকে স্মরণ করিবে ; যে ব্যক্তি আমার বাসস্থান উজ্জ্বল শ্বেতদ্বীপ, আমার অলঙ্কার স্বরূপ শ্রীবৎস, কৌস্তুভ, বনমালা, গদা, কৌমোদকী, সুদর্শনচক্র, পাঞ্চজন্যশংখ এবং পন্নাগেশ্বর গরুড়ের স্মরণ করিবে ; যে ব্যক্তি আমার আধার অনন্ত বা শেষনাগকে, আমার সূক্ষ্মাকলা ও পদাশ্রিতা দেবী লক্ষ্মীকে এবং ব্রহ্মা, মহেশ্বর, ঋষি নারদ ও প্রহ্লাদাদি ভক্তকে স্মরণ করিবে ; অনন্ত পুণ্যকর্ম্ম করিতে পৃথিবী ও ধর্ম্মের উদ্ধারের জন্য আমি যে সকল, মৎস্য, কূর্ম্ম, বরাহাদি অবতারমূর্ত্তি ধারণ করিয়াছিলাম, যে ব্যক্তি তাহা স্মরণ করিবে ; যে ব্যক্তি, সূর্য্য, চন্দ্র, অগ্নি, প্রণব, সত্য, মায়াশক্তি, গো, বিপ্র, ভগবদ্ধর্ম্ম, ধর্ম্মপত্নী, চন্দ্র ও কশ্যপের পত্নী যাঁহারা দক্ষকন্যা, তাঁহাদের স্মরণ করিবে ; যে ব্যক্তি গঙ্গা, সরস্বতী, অলকানন্দা, কালিন্দী, ঐরাবত, ধ্রুব, সপ্ত ব্রহ্মর্ষি এবং পুণ্যশ্লোক মানবগণকে স্মরণ করিবে ; ঐ সকল এবং আমার যে সকল আনন্দ-ময় রূপ আছে, নিশা অপগতে প্রভাতে যে ব্যক্তি, সমাহিত হইয়া শ্রদ্ধাযোগে সেই সকল স্মরণ করে, সে ব্যক্তি সকল পাপ হইতে নিশ্চয় মুক্ত হইয়া থাকে। ৮। ৪। ১৪। ১৫

হে বৎস! নিশাবসানে জাগরিত হইয়া যে সকল ব্যক্তি তোমাকৃত মম স্তবমালা আশ্রয় করিয়া আমাকে স্তব করে, প্রাণান্তকাল উপস্থিত হইলে, আমি তাহাদের এমন গতি প্রদান করি, যাহা কখন অজ্ঞানে আবৃত হয় না।

পূর্ব্বকথা রাজাকে বুঝাইয়া শ্রীশুকদেব কহিলেন :—

হে মহারাজ! ভগবান সেই গজেন্দ্রকে এই সকল উপদেশ প্রদান করিয়া শংখ বাদনপূর্ব্বক, দর্শনকারী দেবতা, ঋষি প্রভৃতিকে আনন্দিত করিয়া, খগাধিপে আরোহণ করিয়াছিলেন। ৮। ৪। ১৭

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে চতুর্থাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। এই অধ্যায়ে ভগবদুক্তিতে ত্রয়োদশ হইতে ষোড়শ শ্লোক পর্য্যন্ত যে উপদেশের কথা বলা হইল, তাহা কেবল ভক্তি উদ্রেকের কারণ বুঝিতে হইবে। ভগবান কেবল গজেন্দ্রকে উদ্ধার করিলেন না। তাঁহার উদ্ধারজনিত লীলা যে শ্রবণ করিবে, যে জল্পনা করিবে, তাহারও হৃদয় পবিত্র হইবে, এমন কৃপা করিয়া, সংসারী অথচ অজ্ঞানী জীবের জন্য বলিলেন :—যেখানে বা যে আধারে আমার মহিমা স্পষ্ট হইয়াছে, তাহা সেবন এবং তন্মহিমা আলোচনা করিলে আমি সেই ভক্তের হৃদয়ে ভক্তি ও প্রেম প্রদান করিয়া থাকি।

শ্লোক সমূহে যে সকল স্থানের নাম করা হইল, তাঁহা মহিমা মণ্ডিত হইতেছে; যে সকল দেবতা ও অলঙ্কারাদির নাম করা হইল তাহারাও ভগবন্মহিমাময় হইতেছে। সূর্য্যে তাঁহার বীর্য্য; চন্দ্রে তাঁহার শোভা; অগ্নিতে তাঁহার তেজ; প্রণবে তাঁহার তত্ত্ব, সত্যে তাঁহার তুষ্টি. মায়াতে তাঁহার লীলা; গাভীতে কৃপাপীযূষরূপী মহিমা; বিপ্রে ধর্ম্মতত্ত্ব; ধর্ম্মে পুণ্য এবং ধর্ম্ম, চন্দ্র ও কশ্যপাদির পত্নীগণ কিরূপে ধর্ম্ম আলোচনা করিয়া ভগবদ্ভক্তি লাভ করিয়া ছিলেন তাহাদের চরিত্র; নদী সমূহে তাঁহার কৃপাবারি, ঐরাবৎ পশু হইয়াও পুণ্য বলে স্বর্গ লাভ কেমন করিয়া করিয়াছিল, তন্মহিমা, প্রভৃতি, আলোচনা করিলে পবিত্র ভক্তির উদয় হয়। অন্তে ভগবচ্চরণ লাভ হয়। ইহাই এই অধ্যায়ের সার হইতেছে।

ইতি ভাগবতে অষ্টমস্কন্ধে চতুর্থাধ্যায়ে উপেন্দ্র কৃতাধ্যাত্ম ব্যাখ্যা সমাপ্ত।

অথ পঞ্চম অধ্যায়।

পূর্ব্ব কথা সমাপ্ত করিয়া শ্রীশুকদেব রাজা পরীক্ষিৎকে কহিলেন :—

হে মহারাজ! আমি তোমাকে তামস মন্বন্তরের কথা বলিয়াছি, ঐ মন্বন্তরে যে ভাবে পবিত্র অথচ গজেন্দ্রমোক্ষণরূপ হরির পাপনাশী কর্ম্ম ঘটিয়াছিল, তাহাও একে একে তোমাকে শ্রবণ করাইয়াছি। এক্ষণে রৈবত মন্বন্তরের কথা বলিব অবহিত হইয়া শ্রবণ কর। ৮। ৫। ১

হে রাজন্! তামস নামে চতুর্থ মনুর সহোদর ভ্রাতার নাম রৈবত ছিল, তিনিই পঞ্চম মনন্তরাধিপতি হয়েন। বলি, বিন্ধ্য এবং অর্জ্জুনাদি মহাত্মাগণ তাঁহার পুত্র হইতেছেন। সেই সময়ে বিভু দেবতা ইন্দ্রত্ব লাভ করিয়াছিলেন; ভুতরয়াদি দেবতাগণে স্বর্গীয় প্রধান দেবতা হইয়াছিলেন। হিরণ্যরোমা, বেদশিরা, ঊর্দ্ধবাহু প্রভৃতি মহাত্মাগণ প্রধান উপদেষ্টা গুরু ছিলেন। এই সময়ে শুভ্র নামে কোন মহাত্মা জন্ম গ্রহণ করিয়াছিলেন; তাঁহার ঔরসে তৎপত্নী বিকুণ্ঠার গর্ভে, ভগবান বৈকুণ্ঠপতি, বৈকুণ্ঠ নাম ধারণ করিয়া জন্ম লইয়াছিলেন। তাঁহার সহিত সেই সময়ে স্বদীয় কলারূপে দেবতাগণও জন্মগ্রহণ করিয়াছিলেন। স্বয়ং ভগবতী লক্ষ্মীদেবী আসিয়া এই

বৈকুণ্ঠদেবের নিকট উক্তম আবাস প্রার্থনা করাতে, ইনিই নিজ নামে এক পুরী নির্ম্মাণ করেন, তাহাই লোকালোক নমস্কৃত বৈকুণ্ঠপুরী হইতেছে। ৮। ৫। ২

হে মহারাজ! এই বৈকুণ্ঠদেবের মহিমা ও পরম দয়াদি পূর্ব্বে তৃতীয়স্কন্ধে বলা হইয়াছে। যে ব্যক্তি পার্থিব ধূলিরাশির কণা সমূহ গণনা করিবার শক্তি পাইবে, সেই ব্যক্তিই যদি তাঁহার গুণের বা মহিমার কিয়দংশ বর্ণনা করিতে পারে!! নচেৎ সেই বিষ্ণুমহিমা বর্ণনা করিতে কার সাধ্য হইবে!!

ব্যাখ্যা। এ সকল সত্যাদি যুগের কথা হইতেছে, তখন মানবের লক্ষ বর্ষ পরমায়ু ছিল; ধর্ম্মিকের তাহাপেক্ষা অধিক হইত। সেই লক্ষ বর্ষান্তে এক একবার সামান্য মন্বন্তর ঘটিয়া থাকে। এইজন্য তামস মন্বন্তরের পরে তামসের ভ্রাতা রৈবত পঞ্চম মন্বন্তরাধিপতি হইলেন। প্রতি মন্বন্তরে জগতে সুনিয়ম প্রচলিত করিতে হরি অবতীর্ণ হয়েন। ঋষি, দেবতা ও ইন্দ্রাদিদ্বারা বিশ্ব পালিত হয়। এই নিমিত্ত সামান্যতঃ সে পরিচয় দেওয়া হইল। এই মন্বন্তরে হরি বিকুণ্ঠার গর্ভে, শুভ্রের ঔরসে বৈকুণ্ঠ নামে আবির্ভূত হইয়া অনন্ত পুণ্য ও মহিমাসম্পন্ন লীলা করিয়াছিলেন। সেই লীলার মধ্যে মহিমা, গুণ এবং দয়াদির কথা তৃতীয়স্কন্ধে দেখান হইয়াছে। অর্থাৎ ভক্তের সম্মান রাখিতে হরি বৈকুণ্ঠদ্বারস্থ নিজ অহঙ্কারী পার্ষদদ্বয় জয় ও বিজয়কে সনকাদি দ্বারা অভিশপ্ত করিয়া, ভক্ত সম্মান রাখিয়াছিলেন, ভক্তির পূর্ণাবস্থাতেও অহংভাব উপস্থিত হইলে বৈকুণ্ঠপদবী অবধি ক্ষয় হয়, এই মহিমা বা সৎগুণ দেখাইয়াছিলেন। পরে তাহাদের প্রার্থনায় মর্ত্ত্যভূমে আবির্ভূত হইয়া তাহাদের সহিত যুদ্ধ, জন্মে জন্মে করিয়া, তাহাদের পুনর্বার বৈকুণ্ঠে স্থান দিবেন, এইরূপ দয়া দেখাইয়া ছিলেন। অধিকন্তু তিনি রমাদেবীর প্রার্থনায় লোকালোক নমস্কৃত, প্রকৃতি বা স্বর্গাদির অতীত বৈকুণ্ঠপুরী নির্ম্মাণ করিয়াছিলেন। শ্রীজীব গোস্বামী এবং শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী নিজ নিজ টীকায় বলিয়াছেন:—বৈষ্ণবগণের প্রধান স্থান যে বৈকুণ্ঠ, তাহা বিরজার অর্থাৎ যতদূর প্রলয় হয়, তাহার পর বা উচ্চে স্থাপিত। সৃষ্টি হইবার পূর্ব্বে ভগবানের সহিত তাহা নিত্য বিরাজ করে। ব্রহ্মা স্বয়ং ধ্যানকালে সৃষ্টির পূর্ব্বে ইহা দেখিয়াছিলেন। এই সৃষ্ট বৈকুণ্ঠ কৃত্রিম বৈকুণ্ঠ হইতেছে। ভগবান যেমন কৃত্রিম দেহ ধারণ করিয়া এই মন্বন্তরে লীলা করিতে অবতীর্ণ হইয়াছেন। সেইরূপ নিজের মহিমা আবির্ভাব করাইতে বৈকুণ্ঠেরও প্রকট করিয়াছিলেন। প্রকৃত বৈকুণ্ঠে কেবল চিৎশক্তি বর্ত্তমান। পরিপূর্ণ চৈতন্যময় স্থান। সেই স্থানে যে সকল ভক্তের গতি হয় তাহাদের রাগ, দ্বেষ বা অহঙ্কারাদি থাকে না। এই মন্বন্তরে স্বয়ং ভগবান বৈকুণ্ঠ নাম ধারণ করিয়া আবির্ভূত হইয়াছেন, এইজন্য নিজ মহিমা দেখাইতে প্রকৃত বৈকুণ্ঠের অনুকরণে এক পৃথক বৈকুণ্ঠ প্রকটিত করিয়াছিলেন। তথায় ভগবান প্রকৃত বৈকুণ্ঠের পারিষদবর্গের ন্যায় সমস্ত পারিষদ রাখিয়াছিলেন। এ স্থানটি প্রকৃত নহে বলিয়া জয় ও বিজয়াদি পারিষদের স্তুপবদ্ভক্তি ভোগেও অহঙ্কার জন্মিয়াছিল। হিরণ্যাক্ষ, হিরণ্যকশিপু এই পুরী পর্য্যন্ত আপনাদের বিক্রম দেখাইয়াছিল। ভগবদ্ধাম বলিয়া

ত্রিলোকের ননকৃত হইয়াছিল। অধ্যাত্মপক্ষে এ বৈকুণ্ঠকে আত্মতত্ত্বময় স্থান কহে। যেখানে পাপ তাপ বিশেষরূপে কুণ্ঠিত হয়, তাহাকেই বৈকুণ্ঠ কহে। এ স্থলেও জীবের আত্মতত্ত্ব বলে পরিতাপাদি কুণ্ঠিত হইয়া থাকে।

হে মহারাজ! এক্ষণে চাক্ষুষ মন্বন্তরের বিবরণ শ্রবণ কর। চক্ষুষ মনুর পুত্র চাক্ষুষ, ইনিই ষষ্ঠ অর্থাৎ চাক্ষুষ মন্বন্তরের মনু হয়েন। পুরু, পুরুষ, সুদ্যুম্ন প্রভৃতিই এই চাক্ষুষ মনুর পুত্রগণ হইতেছেন। এই মন্বন্তরে, মন্ত্রদ্রুম নামে স্বর্গাধিপতি ইন্দ্র হয়েন; আপ্যাদি নামে দেবতা সমূহ প্রাদুর্ভূত হয়েন। হর্য্যম্বৎ ও বীরক প্রভৃতি নামে ঋষিগণ জন্মগ্রহণ করেন। এই কালে দেবসম্ভূতি দেবীর গর্ভে বৈরাজ নামে মহাত্মার ঔরসে জগৎপতি ভগবান নিজ অংশে অজিত নামে অবতীর্ণ হয়েন। এই অজিত নামীয় ভগবান হরিই এই মন্বন্তরে, দেবগণের জন্য সমুদ্র মন্থনাদি লীলা করিয়া অমৃত উদ্ধার করিয়াছিলেন। মন্থনকালে যখন মন্দর পর্ব্বত জল মধ্যে ঘূর্ণিত হইতেছিল, তখন ইনিই কূর্ম্মরূপে ঐ মন্দরকে পৃষ্ঠে ধারণ করিয়াছিলেন। ৮।৫।৩

শুকদেব বর্ণিত পূর্ব্বকথা শ্রবণ করিয়া আশ্চর্য্যের সহিত রাজা পরীক্ষিৎ কহিলেন:—হে ব্রহ্মন্! ভগবান যে জন্য ক্ষীরোদ সাগর মন্থন করিয়াছিলেন, যে কারণে মন্দর ধরিবার জন্য কূর্ম্মমূর্ত্তি ধারণ করিয়াছিলেন; যে উপায়ে দেবগণের জন্য অমৃত উদ্ধার করিয়াছিলেন; এতদ্ব্যতীত এই সম্বন্ধে আর যে সকল ঘটনা হইয়াছিল; ভগবানের এই অদ্ভুত কর্ম্মলীলা দয়া করিয়া আমাকে বলুন। হে গুরো আমার চিত্ত ব্রহ্মশাপরূপী ভয়ঙ্কর ও চিরস্থায়ী তাপে এতদূর তাপিত হইতেছে যে, আপনার মুখে যতই সাত্বতপতি ভগবানের লীলা কথা শ্রবণ করিতেছি, ততই শুনিবার তৃষ্ণা বৃদ্ধি পাইতেছে; তৃপ্ত হইতেছে না। পূর্ব্ব কথা সমাপ্ত করিয়া শ্রীসূত গোস্বামী শনকাদিকে কহিলেন:—হে মুনিগণ! রাজা কর্ত্তৃক ভগবান দ্বৈপায়ন নন্দন শুকদেব এইরূপে জিজ্ঞাসিত হইয়া, তাঁহাকে অভিনন্দন পূর্ব্বক আনন্দের সহিত হরির বীর্য্য জনিত লীলা বলিতে আরম্ভ করিলেন। ৮।৫।৪।৫

শুকদেব কহিলেন:—হে মহারাজ! পূর্ব্বে যে দেবাসুর সংগ্রামের কথা বলিয়াছি, সেই সংগ্রামে যখন অসুরগণের তীক্ষ্ণ অস্ত্রে দেবগণ বিদ্ধ ও আঘাতিত হইয়া প্রাণশূন্য হইবেন; আর উঠিতে পারিলেন না। যে সময়ে ঋষি দুর্ব্বাসার অভিশাপে ত্রিলোকের ঐশ্বর্য্য ক্ষয় হইয়া গেল; আর যাগ যজ্ঞাদি ক্রিয়া হইল না। সেই সময়ে, ইন্দ্র, বরুণাদি প্রধান প্রধান দেবতাগণ এই দুর্দ্দশা অনুভব করিয়া, আপনারা যখন মন্ত্রণা দ্বারা উদ্ধারের উপায় স্থির করিতে পারিলেন না। তখন প্রধান দেবগণে সুমেরুর শিরস্থাপিত ব্রহ্মলোকে গমন করিয়া, পরমেষ্ঠি ব্রহ্মাকে প্রণাম পূর্ব্বক, এই সকল দুর্দ্দশার কথা নিবেদন করিলেন। ৮।৫।৬।

দেবগণমুখে এই সকল কথা শ্রবণ করিয়া ভগবান ব্রহ্মা দেখিলেন যে:—ইন্দ্র, পবন, বরুণাদি দেবগণের বল, বীর্য্য ও প্রভাব নষ্ট হইয়াছে। অসুরগণের প্রভাব বর্দ্ধিত হওয়াতে

ত্রিলোকে ঘোর অমঙ্গল প্রচার হইয়াছে। তৎক্ষণাৎ বিপদ উদ্ধারের জন্য ব্রহ্মা সমাহিত মনে পরম পুরুষ ভগবানের ধ্যান করিলেন। ক্ষণপরে প্রফুল্লবদনে দেবগণকে ভগবান ব্রহ্মা কহিলেন। ৮। ৫। ৮। ৯

আমি ব্রহ্মা, মহেশ্বর, তোমরা দেবগণ, এই সকল অসুরগণ, মনুষ্যগণ, তির্য্যক্গণ; উদ্ভিদ ও স্বেদজগণ সকলেই যে ভগবানের অংশ ও কলা রূপে অবতার হইতেছে; যাঁহার কৃপায় আমাদের হইতেই এই চরাচর সংসার সৃষ্ট ও পূর্ণ হইয়াছে। আইস, অদ্য আমরা সকলে সেই অব্যয় হরির শরণ গ্রহণ করি। ৮। ৫। ১০

হে দেবগণ! যে ভগবানের পক্ষে কেহ বধের উপযুক্ত বা রক্ষার উপযুক্ত নাই!! যাঁহার নিকটে কেহ সমাদৃত বা উপেক্ষনীয় নহে। তথাপি তিনি কালে কালে সৃষ্টি, স্থিতি ও সংহার করিবার জন্য সত্ব, রজঃ ও তমোগুণযুক্ত ভাব অবলম্বন করিয়া সংসার রক্ষাদি করেন। ৮। ৫। ১১

যিনি প্রাণী ও ধর্ম্ম রক্ষা করিতে (সংসারে আবির্ভূত হয়েন)। সেই ভগবানের পক্ষে এক্ষণই সেই স্থিতি পালনার্থ আবির্ভাব কাল হইতেছে। আইস আমরা সেই জগতের গুরু ভগবানের আশ্রয় গ্রহণ করি। আমাদের মঙ্গল বিধানের জন্য অবশ্যই তিনি উপায় অবলম্বন করিবেন, কারণ তিনি আমাদের ন্যায় প্রপন্ন জনের (দেবতার) প্রিয়কারী হইতেছেন। ৮। ৫। ১২

ব্যাখ্যা। এই লীলাতে দেখান হইল যে:--হে মহারাজ পরীক্ষিৎ! আপনি ব্রহ্মশাপ-গ্রস্ত হইয়াছেন বলিয়া দুঃখিত হইবেন না!! ষষ্ঠ মন্বন্তরে যিনি ইন্দ্র হইয়াছিলেন, যিনি সকল ঈশ্বরের ও স্বর্গসুখের অধিপতি, তিনিও ব্রহ্মশাপগ্রস্ত হইয়াছিলেন। এই ব্রহ্মশাপের পৌরাণিক ইতিহাস এই যথা:—একদা উগ্রতপা ঋষি দুর্ব্বাসা স্বর্গপুরে গমন করিয়া মন্দাকিনীতে স্নান পূর্ব্বক পারিজাত পুষ্প লইয়া মালা গ্রন্থন করিয়াছিলেন। সেই গ্রথিত মালা ইন্দ্রকে প্রদান করিয়া আশীর্ব্বাদ করিবেন ভাবিয়াছিলেন। স্বর্গপথে ঐরাবতে আরূঢ় সুরপতিকে দর্শন করিয়া ঋষি পরমাহ্লাদে আশীর্ব্বাদচ্ছলে সেই মালা ইন্দ্রকে লক্ষ্য করিয়া উচ্চে নিক্ষেপ করিলেন। ইন্দ্র ঐশ্বর্য্যমদে ঋষিনিক্ষিপ্ত মালা করে গ্রহণ না করাতে, তাহা ঐরাবতের শিরোকুম্ভে পতিত হইল। হস্তী তাহাকে ধরিয়া পদে দলিত করিল। এমতে ঐশ্বর্য্যমদে উন্মত্ত এবং সাধুর অবমাননাকারী দেখিয়া মহাতপা ঋষি "ত্রিলোকের ঐশ্বর্য্য ভ্রষ্ট হউক" বলিয়া ইন্দ্রকে অভিশপ্ত করিলেন। এই অভিশাপ মাত্রে ইন্দ্র ঐশ্বর্য্য ও প্রভাশূন্য হইলেন। দেবরাজের ঐরূপ অবস্থা হওয়াতে অনুগত সমস্ত দেবতার দুর্দ্দশা ঘটিল। যখন দেবতারা হীনবল হইলেন, তখন অসুরেরা প্রবল হইয়া তাঁহাদের ও সংসারের সকলকে পীড়ন করিতে থাকিল। এত অধর্ম্মস্রোত বহিল, যে কাহারো যাগ যজ্ঞাদিতে ভগবতারাধনা ঘটিল না।

এই অবস্থায় ইন্দ্রাদি দেবগণে আপনাপনি উদ্ধারের উপায় স্থির করিতে না পারিয়া

ব্রহ্মার কাছে গমন করিলেন। ব্রহ্মারও উদ্ধার করিবার ক্ষমতা হইল না। সকলেই সেই সর্ব্ববিপদহারী হরির শরণ গ্রহণ করিলেন। এই ঘটনার পৌরাণিক উপদেশ এই যে :— ঐশ্বর্য্যমদে ইন্দ্রাদি দেবতাও যদি বিপন্ন হয়, তাহা হইলে সেই ভগবান বিনা ব্রহ্মাদি বিধাতারও উদ্ধার করিবার ক্ষমতা নাই। অতএব হে মহারাজ পরীক্ষিৎ! তুমি যে হরির শরণাপন্ন হইয়াছ, ইহাতে তোমার নিশ্চয় মঙ্গল হইবে। ইহার অধ্যাত্ম তাৎপর্য্য এই :—যখন ষষ্ঠ মন্বন্তরে সংসারে অজ্ঞান প্রচার হইল, তখন বিষয়ভোগে উন্মত্ত হইয়া. ইন্দ্রনামে জ্ঞান, অন্যান্য দেবতারূপী পুণ্যপ্রবৃত্তির সহিত হিতাহিত শূন্য হইয়াছিলেন। সকল যুগেই ঐশ্বর্য্যভোগে প্রবৃত্তি হইলে এইরূপে অজ্ঞানের অধিকার বিস্তৃত হইয়া থাকে। দুর্ব্বাসা অর্থাৎ যে বিজ্ঞানাবস্থা বাসনাকে দূর বা ক্ষয় করিতে পারিয়াছে। সেই অবস্থা সেই ঐশ্বর্য্যভোগী জ্ঞানসংযুক্ত অহংভাবকে শাসন করে, কারণ এই উপায়ে সংসার চলিতেছে। যেমন সমুদ্রের তরঙ্গ মহাতেজে বিষুবরেখার সম্মুখ হইতে তীরে গমন করে, আবার বিষুবে প্রত্যাগমন করে। যেমন বায়ু ঐ নিয়মে বাহিত ও প্রবাহিত হয়, এ সংসারও এই নিয়মে আবর্ত্তনপ্রবর্ত্তনে চলিয়া থাকে। ঘোর অহংকারে ও অজ্ঞানে আবৃত হইলে স্বভাবতঃ বিজ্ঞানই সংসারের বিশেষ সংশোধন ঘটাইয়া থাকে। এইজন্য সংসারে সুখ ও দুঃখ সকলের ভাগ্যে পরিবর্ত্তনক্রমে ঘটিয়া থাকে। জ্ঞানের যখনই এই অবস্থা ঘটে; তখন বিষয়ভোগাহংকারযুক্ত জ্ঞানরূপী ইন্দ্র দেবগণের ন্যায় পুণ্যসহচর সম্পন্ন হইলেও নিজে নিজের উদ্ধার বিষয়ে সক্ষম হইতে পারেন না। বিনা ভগবানের কৃপা বা তৎপ্রপন্নতা উদ্ধার ঘটে না। ব্রহ্মা বুদ্ধিস্বরূপ। মস্তিষ্কের মধ্যে মেরুদণ্ডের শিরোদেশে তাঁহার স্থান হইতেছে। ভোগমণ্ডিত জ্ঞান, সমস্ত পুণ্যসহচরের সহিত বুদ্ধির সাহায্য গ্রহণ করিলেন। যে বুদ্ধি হইতে সংসারের সৃষ্টি, তিনিও হরির আশ্রয় লইতে বলিলেন। পুণ্যবৃত্তিমণ্ডিত ইন্দ্রিয়শক্তিরূপী দেবতাদি জ্ঞানের সহচর হইতেছেন। জ্ঞান যখন বিষয়ে মুগ্ধ হয়, তখন পুণ্যবৃত্তি রজোগুণে মণ্ডিত হইয়া থাকে। সে সময়ে পুণ্যবলদ্বারা জীবে বিজ্ঞান বা প্রেমলাভ করিতে পারে না। যখন পুণ্যবল স্তিমিত এবং জ্ঞানও অহংকারে মণ্ডিত হয়, তখন রিপু ও ত্রিতাপরূপী অসুরেরা প্রবল হইয়া, ঐ সকল পবিত্র শক্তিকে হীনতেজ করিয়া, জীবের উপরে আপনাপন আধিপত্য স্থাপন করে। এই অবস্থাটি নিত্য এবং নৈমিত্তিক হইতেছে। নিত্য যাহা তাহা সতত সংসারে ঘটিতেছে; এবং যুগ ও কাল অপেক্ষা করিয়া যখন সংসারে ঘটে, তাহাকে নৈমিত্তিক কহে। জীবের নিত্য এইরূপ বিপ্লবকে শান্ত করিতে ভগবান নিত্য প্রেমময়ী মূর্ত্তিতে প্রপন্নের হৃদয়ে আবির্ভূত হয়েন। এটি তাঁহার ভক্তপালনী লীলা হইতেছে। নৈমিত্তিক বিপ্লব শান্ত করিতে প্রকাশ্য অবতার তনু ধারণ করিতে হয়। এই নিয়মে তিনি অধর্ম্ম ক্ষয় ও ধর্ম্ম স্থাপন করিয়া সংসার পালন করেন। পরে সমুদ্র মন্থনের তাৎপর্য্য বলা হইবে।

পূর্ব্ব কথা সমাপ্ত করিয়া শ্রীশুকদেব বলিলেন :—হে মহারাজ! পরে যাহা ঘটিল তাহা

শ্রবণ করুন :—হে ঋষিগণ! ভগবান বিধাতা দেবগণকে এই কথা বলিয়া তাঁহাদের সহিত প্রাকৃতিক তমোরাশির অতীত ভগবান অজিতের স্থানে গমন করিলেন।৮।৫।১৩

তথায় গমন করিয়া, যাঁহার নাম ও মহিমা চিরদিন শ্রবণ করা যায়, অথচ যাঁহার সম্পূর্ণ স্বরূপ কখন দেখা যায় নাই; বিধাতা দেববাণীতে এবং সমাহিত চিত্তে সেই ভগবানের স্তব করিতে আরম্ভ করিলেন :—৮।৫।১৪

শ্রীব্রহ্মা কহিলেন :—হে দেব! আপনি বিকাররহিত হইতেছেন, আপনি সত্য, অনন্ত ও সর্ব্বাদি হইতেছেন, আপনি সর্ব্ববুদ্ধির অন্তর্যামী, গুণস্পর্শ রহিত হইতেছেন। কোন প্রকার বুদ্ধির তর্কে আপনাকে জানা যায় না। মনের চিন্তা যতদূর গমন করে, তাহারও অতীত হইতেছেন। বাক্য যতদূর মহিমা প্রকাশ করিতে পারে, তাহারও অতীত হইতেছেন। পূজনীয় যত বস্তু আছে, আপনি তাহাদেরও পূজনীয় হইতেছেন।৮।৫।১৫

যিনি সকল জীবের প্রাণ, মন ও বুদ্ধির জ্ঞাতা হইতেছেন; যিনি জীবগণের বিষয়োপহিত ইন্দ্রিয়মধ্যে প্রত্যক্ষিত বা অনুভূত হয়েন না। যিনি নিদ্রারূপিণী অবিদ্যাতে আচ্ছন্ন বা অজ্ঞ নহেন, সর্ব্বদ্রষ্টা ও সর্ব্বজ্ঞ হইতেছেন। যিনি দেহধারী নহেন বলিয়া অব্রণ অর্থাৎ সুখদুঃখে কাতর বা হৃষ্ট হয়েন না। জীবের ন্যায় সুখদুঃখ যাঁহার নিকটেও গমন করিতে পারে না। যিনি অক্ষর অর্থাৎ পরমচৈতন্যরূপী হইতেছেন। যিনি আকাশের ন্যায় সর্ব্বব্যাপী এবং যুগে যুগে সংসারের শান্তি বিধানার্থ আবির্ভূত হয়েন। আমরা সেই ভগবানের শরণাপন্ন হইলাম। ৮। ৫। ১৬

মায়া কর্ত্তৃক বিরচিত এই যে জীবের সংসারচক্র দেখিতে পাই; এই চক্র মনোময় হইতেছে। দশ ইন্দ্রিয় ও পঞ্চপ্রাণের মিলনে এই চক্রের পঞ্চদশ অর (পক্ষ) হইয়াছে। সত্ত্বাদি তিনটি গুণ এই চক্রের নাভি এবং বিদ্যুতের ন্যায় চঞ্চল অষ্টপ্রকৃতিই ইহার নেমি বা বেষ্টনী কাষ্ঠ হইতেছে। স্বয়ং ভগবান এই চক্রের অক্ষ অর্থাৎ (ধুরা) হইয়া ইহাকে রক্ষা করিতেছেন। সেই অমৃতস্বরূপ হরির শরণ আমরা গ্রহণ করিলাম। ৮। ৫। ১৭

যিনি জীবের অন্তর্যামী বা সমীপস্থ আত্মারূপে থাকাতে, জ্ঞানাদিশক্তির সমতায় একবর্ণ হইয়াছেন। অথচ যিনি প্রকৃতির অতীত হইয়া অদৃশ্য, অব্যক্ত এবং অনন্ত কালের অতীত হইতেছেন। যোগরূপী রথে আরোহণ করিয়া ভক্তগণে যাঁহার সমীপস্থ (উপাসনা) হয়েন। সেই ভগবানের আমরা শরণ গ্রহণ করিলাম। ৮। ৫। ১৮

(অন্যপক্ষে স্বামী ও বৈষ্ণব টীকাকর্ত্তা বিশ্বনাথ চক্রবর্ত্তী এই শ্লোকের ভিন্নার্থ কল্পনা করেন তাহা এই :—"যিনি একবর্ণ অর্থাৎ প্রণবরূপী হইতেছেন, যিনি উপসুপর্ণ অর্থাৎ গরুড়ের উপরে আরোহণ করিয়া বর্ত্তমান আছেন"। ইত্যাদি। অন্য সমস্ত একার্থ হইতেছে।)

অজ অর্থাৎ জন্মমৃত্যুধর্মী জীব যাঁহার মায়াকে কোনক্রমে অতিক্রম করিতে না পারিয়া আত্মতত্ত্ববিষয়ে অজ্ঞ থাকে, কিন্তু সেই মায়ীপুরুষ জীবভাবকারিণী ও শক্তিরূপিণী মায়া এবং তাহার গুণ হইতে বিশুদ্ধ হইয়া আছেন। যিনি প্রকৃতির নিয়ন্তা এবং সমস্ত প্রাণীর অন্তরে বিহারকারী আত্মা হইতেছেন; তাঁহাকে প্রণাম করি। ৮। ৫। ১৯

আমরা দেবগণ যাঁহার পক্ষে এত প্রিয় যে, তিনি নিজ, পবিত্র তনু হইতে আমাদের সৃজন করিয়াছেন, এই যে ঋষিসকল, যাঁহারা তাঁহার একমাত্র ভক্ত হইতেছেন ; আমরা কেহই যখন সেই ভগবানের অন্তর ও বাহিরের ক্রিয়াশক্তিরূপী কালমূর্ত্তির কিছুই বুঝিতে পারিলাম না, তখন অন্য মায়াবী জীব বা অসুরাদি তাঁহার লীলাতত্ত্ব কি বুঝিতে পারিবে !! সেই অচিন্ত্য পুরুষকে আমরা নমস্কার করি। ৮। ৫। ২০

এই জরায়ুজ, স্বেদজ, অণ্ডজ ও উদ্ভিজ্জাদি চতুর্ব্বিধ প্রাণীময়ী এই মহীকে যিনি নিজপদে আক্রমণ করিয়া রাখিয়াছেন, সেই মহাবিভূতিসম্পন্ন ব্রহ্ম অথচ সকল হইতে স্বাধীন মহাপুরুষ, অদ্য আমাদের উপরে প্রসন্ন হউন। ৮। ৫। ২১

যাঁহার ক্ষমতার সীমা করা যায় না, সেই উদারবীর্য্য পুরুষের রেতস্বরূপই এই কারণ সলিল হইতেছে। সেই কারণ সলিল হইতেই এই ত্রিলোকের ও অখিল লোকপাল সমূহের জন্ম, পালন ও বর্দ্ধন হইয়া থাকে ; এমন মহাবিভূতিধারী যিনি (বিরাটপুরুষ হইতেছেন,) তিনি আমাদের প্রতি প্রসন্ন হউন। ৮। ৫। ২২

যে সোমদেবতা দেবতাদিগের অন্ন, বল ও আয়ুস্বরূপ হইতেছেন। সমস্ত জীবের উৎপাদিকা শক্তিরূপী শুক্রের সৃষ্টিকর্ত্তা হইতেছেন। সমস্ত বৃক্ষাদির বর্দ্ধন শক্তি হইতেছেন ; পণ্ডিতেরা কহেন সেই সোমদেবতা হরির মনোরূপী হইতেছেন; সেই মহাবিভূতিময় ভগবান আমাদের উপরে প্রসন্ন হউন। ৮। ৫। ২৩

যে অগ্নি বেদমন্ত্ররূপী ধনকে যজ্ঞাদিতে প্রকাশ করেন, যিনি নিত্য নৈমিত্তিক ক্রিয়া কাণ্ড নির্ব্বাহের জন্য জন্মগ্রহণ করিয়া থাকেন, যিনি কি উদরে, কি সমুদ্রে ধাতুসকলকে পরিপক্ব করিয়া দেহের ও পৃথিবীর দেহ বর্দ্ধন ও পুষ্ট করেন ; সেই অগ্নি যাঁহার মুখরূপী হইতেছেন ; সেই ভগবান অদ্য আমাদের উপরে প্রসন্ন হউন। ৮। ৫। ২৪

যে সূর্য্য, অর্চ্চি প্রভৃতি দেবগণের গমনার্থ স্বর্গপথস্বরূপ হইতেছেন, যিনি সমস্ত বেদাদির মন্ত্র ও যজ্ঞের সাক্ষী হইতেছেন, যিনি ভগবানের ব্রহ্মমূর্ত্তির উপাসনার একমাত্র আধার হইতেছেন ; যিনি উপাসকের পক্ষে মুক্তির দ্বারস্বরূপ হইতেছেন ; যিনি সাধুর পক্ষে অমৃত এবং অসাধুর পক্ষে কালরূপে মৃত্যু বা সংহারকর্ত্তা হইতেছেন, সেই সূর্য্যই যাঁহার চক্ষু হইতেছেন, সেই মহাবিভূতিপূর্ণ ভগবান আমাদের প্রতি প্রসন্ন হউন। ৮।৫।২৫

যে বায়ু চরাচর প্রাণীসমূহের প্রাণ এবং সহ, ওজঃ ও বলরূপী হইতেছেন। আমরা বুদ্ধি ও ইন্দ্রিয়াদির অধিষ্ঠাতা দেবতা হইয়াও, সম্রাটের পশ্চাৎ পশ্চাৎ যেমন ভৃত্যবর্গ ধাবিত হয়, তদ্বৎ আমরা যে প্রাণের অনুগত হইয়া জীবদেহে থাকি, সেই বায়ু যাঁহার প্রাণ হইতে উৎপন্ন হইয়াছেন, সেই মহাবিভূতিময় ভগবান আমাদের প্রতি প্রসন্ন হউন। ৮।৫।২৬

যাঁহার কর্ণ হইতে দিকসমূহের প্রকাশ হইয়াছে। যাঁহার হৃদয়াকাশ হইতে দেহের অনন্ত ছিদ্র প্রকাশ হইয়াছে। পঞ্চপ্রাণবৃত্তি, মনোবৃত্তি, নাগ, দেবদত্ত, কূর্ম্ম, কৃকর প্রভৃতি পঞ্চক্রিয়াবৃত্তি, এবং শরীরের একমাত্র আধার হইয়া যে আকাশ বর্ত্তমান আছেন, সেই আকাশ যাঁহার নাভি হইতে উৎপন্ন হইয়াছে, সেই মহাবিভূতিসম্পন্ন ভগবান আমাদের উপরে অদ্য প্রসন্ন হউন। ৮। ৫। ২৭

যাঁহার বল হইতে মহেন্দ্র উৎপন্ন হয়েন, প্রসাদ হইতে আর আর সমস্ত দেবতা প্রকাশ হয়েন, যাঁহার ক্রোধ হইতে মহেশ্বর উৎপন্ন হয়েন, বুদ্ধি হইতে ব্রহ্মা জন্মাইয়াছেন; যাঁহার শরীরগত লোমছিদ্র হইতে সমস্ত বেদ, মন্ত্র ও ঋষিগণের জন্ম হইয়াছে, যাঁহার মেঢ্র হইতে প্রজাপতি প্রকাশ হইয়াছেন, সেই মহাবিভূতিময় ভগবান আমাদের উপর প্রসন্ন হউন। ৮। ৫। ২৮

যাঁহার বক্ষ হইতে ঐশ্বর্য্যশক্তি লক্ষ্মী জন্মাইয়াছেন, যাঁহার ছায়া হইতে পিতৃগণ উৎপন্ন হইয়াছেন; যাঁহার স্তন হইতে ধর্ম্ম এবং পৃষ্ঠ হইতে অধর্ম্ম উৎপন্ন উৎপন্ন হইয়াছে। যাঁহার শিরোদেশ হইতে স্বর্গ এবং ভোগানন্দ হইতে অপ্সরাগণ জন্মাইয়াছে; সেই মহাবিভূতিময় ভগবান অদ্য আমাদের উপর প্রসন্ন হউন। ৮। ৫। ২৯

যাঁহার মুখ হইতে পরম গোপনীয় বেদ ও ব্রাহ্মণের জন্ম হইয়াছে, যাঁহার বাহু হইতে বল ও ক্ষত্রিয় জাতির উৎপত্তি হইয়াছে, যাঁহার উরু হইতে বৈশ্য এবং পদতল হইতে শূদ্রের জন্ম হইয়াছে; সেই মহাবিভূতিময় ভগবান অদ্য আমাদের উপর প্রসন্ন হউন। ৮। ৫। ৩০

যাঁহার অধর হইতে লোভ, ওষ্ঠ হইতে প্রীতি বা প্রণয়, নাসিকা হইতে কান্তি, স্পর্শ-শক্তি হইতে পশুগণের হিতকর কামের জন্ম হইয়াছে। যাঁহার ভ্রূকটাক্ষ হইতে যমদেবতার এবং আঁখির পক্ষ্ম হইতে ইঙ্গিত রূপে কালের উদ্ভব হইয়াছে; সেই মহাবিভূতিময় ভগবান আমাদের উপর প্রসন্ন হউন। ৮। ৫। ৩১

এই পার্থিব ভূতদ্রব্যপ্রপঞ্চে, কালজনিত পরিবর্ত্তনে জীবগণের বয়স, কর্ম্মজনিত স্বভাব, লৌকিক স্নেহমমতাদি ভোগপ্রপঞ্চ জন্মায়; যে সকল বিষয়ের অদ্ভুতত্ব চিন্তা করিয়া জ্ঞানীগণ দুর্বিভাব্য কহিয়াছেন। সেই সকল যাঁহার শক্তি হইতে প্রকাশ হয়, সেই মহাবিভূতিশালী ভগবান আমাদের উপরে প্রসন্ন হউন। ৮। ৫। ৩২

জ্ঞানাদি শক্তি যাঁহাতে উপশান্তি প্রাপ্ত হয়, অর্থাৎ যাঁহাকে অনুভব করিলে জ্ঞানের শেষ হয়। যিনি আপনার স্বরূপ অবস্থায় পূর্ণানন্দে বিরাজ করেন। কেবল আকাশের উপরে যেমন বায়ুর ঊর্ম্মী বিচিত্র দেখায়, তদ্রূপ মায়া রহিত গুণপ্রবাহের দ্রষ্টা মাত্র হইয়াই যিনি এই বিচিত্র বিশ্ব রচনা করেন। (সেই ভগবানকে আমরা নমস্কার করি।) ৮। ৫। ৩৩

হে ভগবন্! আমাদের ন্যায় প্রপন্ন এবং দেখিতে একান্ত ইচ্ছুক ব্যক্তিগণকে আপনার আনন্দরসপূর্ণ মুখকমল দেখাইয়া দিউন; যাহাতে আপনাকে আমরা ইন্দ্রিয়গোচর করিতে পারি, এরূপ উপায় করুন। ৮। ৫। ৩৪

হে বিভো! আমাদের পক্ষে যাহা সম্ভব হয় না, আপনি ভগবান বলিয়া সেই সকল কর্ম্ম করেন। (আপনি অরূপ হইলেও) কালে কালে আপনার ভক্তজনকে কৃপা করিতে তাহাদের ইচ্ছাময়ী মূর্ত্তি ধারণ করিয়া (দেখা দিয়া থাকেন)। ৮। ৫। ৩৫

যে সকল ব্যক্তি বিষয়ভোগে উন্মত্ত, তাহারা যতই কেন ভীষণ ক্লেশ সহ্য করিয়া ভূরি ভূরি কর্ম্ম করুক না, তাহা বিফল হইয়া থাকে, (কারণ তাহা হইতে ভগবৎশ্রদ্ধা

লাভ হয় না)। কিন্তু প্রপন্ন ব্যক্তি যে সকল কর্ম্মফল আপনাতে অর্পণ করে, তাহা কখন বিফল হয় না। ৮। ৫। ৩৬

যে ভগবান আত্মরূপে সকল পুরুষের আত্মীয় ও হিতকারী হইতেছেন, সেই ঈশ্বরে কেহ সামান্য বা তুচ্ছ কর্ম্মফল অর্পণ করিলে কখন বিফল হয় না; (অনন্ত শান্তি লাভ হয়)। ৮। ৫। ৩৭

যেমন কোন বৃক্ষের মূলে জল সেচন করিলে স্কন্ধ ও শাখাসমূহের পক্ষে সেচন করা হইয়া থাকে; তদ্রূপ একমাত্র সর্ব্বব্যাপী ও সর্ব্বাত্মা বিষ্ণুর আরাধনা করিলে, সকলের আরাধনা করা হয়। ৮। ৫। ৩৮

হে ভগবন্! আপনার লীলা ও কর্ম্ম দুর্ব্বিতর্ক হইতেছে, আপনি অনন্তকর্ম্মা হইতেছেন। আপনি নির্গুণ এবং সকল গুণের অধীশ্বর হইতেছেন। সম্প্রতি সত্ত্ব অর্থাৎ দেবগণের বিপদ নাশের উপযুক্ত হইতেছেন। ৮। ৫। ৩৯

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে পঞ্চমাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। এই অধ্যায়ে বারবার ব্রহ্মার স্তবে দেখান হইল যে, ভগবৎকৃপা বিনা, স্বয়ং বিধাতাও জীবের বিপদ বিমোচনে সক্ষম নহেন। জ্ঞানরূপী ইন্দ্র ভোগজনিত অজ্ঞানে মুগ্ধ হইয়া দেবতারূপী পুণ্যবৃত্তি গুলির সহিত সদ্বুদ্ধি রূপী ব্রহ্মার আশ্রয় গ্রহণ করিলেন। বুদ্ধি আত্মদর্শন দ্বারা অজ্ঞান নাশ করাইবেন বলিয়া ভগবত্তত্ত্ব বিরাট্ ও স্বরাট্ রূপে স্তবচ্ছলে মুগ্ধ জ্ঞানাদিকে শ্রবণ করাইলেন। ইহা শ্রবণে বিষয়মহিমা হইতে ভগবন্মহিমা শ্রেষ্ঠ এই স্থির হইলে, দেবগণের অর্থাৎ জ্ঞানবৃত্তি সমূহের আত্মদর্শন ঘটিবে। এ কথা পরে প্রকাশ হইবে।

উনচত্বারিংশতি শ্লোকে ব্রহ্মকৃত ভগবৎস্তবে যে "নির্গুণ ও গুণেশ" এই শব্দদ্বয় দেওয়া হইয়াছে; মহাত্মা চক্রবর্ত্তী তাহার অপূর্ব্বার্থ করিয়াছেন যথা;—নির্গুণ শব্দের অর্থ যাঁহাতে কর্ম্মার্পণ করিলে তিনি এমন কৃপা করেন যে, পুণ্যরূপী মায়িক সম্পত্তিভোগ লালসা তিনি নষ্ট করেন। আর "গুণেশ" বলিতে :—যাঁহারা সকামী, তাঁহারা তাঁহাতে কর্ম্মার্পণ করিলেও নিজ কৃপায় তিনি সম্পত্তি দিয়া তাঁহাদের সুখী করিতে পারেন।

এস্থলে দেবতারা বিপদ ভঞ্জনের কামনা করিতেছেন; এ বিপদ ভঞ্জনের উপযুক্ত ভাব বা পুণ্য না থাকিলেও তিনি প্রপন্ন বলিয়া উদ্ধার করিবেন। এইমাত্র উপদেশ দেওয়া হইল।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে পঞ্চমাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্ম ব্যাখ্যা সমাপ্ত।

অথ ষষ্ঠ অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া শ্রীশুকদেব রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক কহিলেন :—হে রাজন্! দেবগণ কর্ত্তৃক পূর্ব্ব প্রকারে স্তুত হইয়া, সেই ঈশ্বর অথচ পরম ঐশ্বর্য্যশালী ভগবান হরি, ভক্তকে অনুকম্পা দেখাইতে সহস্র সূর্য্যের ন্যায় প্রখর জ্যোতিঃতে সেই দেবগণের সম্মুখে আবির্ভূত হইলেন। ৮। ৬। ১

ভগবানের অপূর্ব্ব তেজে, সমস্ত দেবগণের দৃষ্টিশক্তি স্তিমিত হইয়া গেল, দেবতারা সে সময়ে, কি আকাশ, কি দিক সমূহ, কি পৃথিবী, এমন কি, আপনাদের পরস্পরকেও দেখিতে পাইলেন না!! অতএব কেমন করিয়া ভগবানকে দর্শন করিবেন। ৮। ৬। ২

হে মহারাজ! মহেশ্বরের সহিত ভগবান বিরিঞ্চিই কেবল সেই তনু এইরূপে দর্শন করিয়াছিলেন। সেই ভগবত্তনু অতি উজ্জ্বল ছিল, মরকতের ন্যায় শ্যাম বর্ণ অথচ ভাস্বর ছিল; সেই মূর্ত্তিতে কমলগর্ভস্থ অরুণ বর্ণযুক্ত যুগল আঁখি ছিল। তাঁহার কটিতে উত্তপ্ত সুবর্ণের ন্যায় কৌষেয় বস্ত্র ছিল। তাঁহার কান্তি প্রসন্নভাবে পূর্ণ ছিল; তাঁহার সর্ব্বাবয়ব মনোহর ভাবে গঠিত ছিল; মুখখানি অতি সুন্দর আবার তন্মধ্যে ভ্রূযুগল অধিক সৌন্দর্য্য বিধান করিতেছিল; তাঁহার শিরোদেশে মহামনিগণ খচিত কিরীট ছিল; করযুগল কেয়ূরে ভূষিত ছিল। তাঁহার কর্ণস্থ মনিকুণ্ডলাভরণের শোভায় কপোলদেশ উজ্জ্বল ও শ্রীমুখারবিন্দের শোভা অধিক হইয়াছিল। অন্যান্য অঙ্গে কোথাও কাঞ্চী, কোথাও বলয়, কোথাও হার, কোথাও নূপুর শোভিত ছিল। বক্ষস্থলে কৌস্তুভ, বনমালা এবং লক্ষ্মী সুশোভিতা ছিলেন। সুদর্শনাদি অস্ত্রসমূহ মূর্ত্তিমান হইয়া তাঁহার উপাসনা করিতেছিল। ভগবান বিধাতা মহেশ্বরের সহিত এবম্বিধ ভগবদ্রূপ দর্শন করিলেন। সমস্ত দেবগণের সহিত তিনি সানন্দে ধরণীতে পতিত হইয়া প্রণাম করিতে করিতে, সেই পরম পুরুষকে স্তবে তুষ্ট করিতে থাকিলেন। ৮। ৬। ৩। ৪। ৫। ৬। ৭

ব্যাখ্যা। এই কয় শ্লোকে দেখান হইল যে; দেবতারা ভগবানের সত্ত্বতনু অর্থাৎ অংশ হইতেছেন। তাঁহারা বিষয়মদে উন্মত্ত হইয়া এত হীনবুদ্ধি ও হীনবল হইয়াছেন যে, ভগবদ্দর্শনেও অধিকার পাইলেন না। অর্থাৎ অহঙ্কারী ব্যক্তি দেবতা হইলেও কি দুঃখে কি আনন্দে কোথাও স্থান বা সম্মান পায় না, সকলেই তাহাদের পীড়া দেয় ও পরিত্যাগ করে। এই নিয়মে দেবতারা হীনবীর্য্য হইয়া অসুরগণ দ্বারা ঘোর দুঃখে পীড়িত ও ঐশ্বর্য্যশূন্য হইলেন বলা হইল। একণে প্রপন্ন হইয়া ভগবানের প্রসন্নতা আকর্ষণ করিতে উপস্থিত হইলে, পূর্ব্বদুষ্কৃতি, ভগবৎকৃপা ব্যতীত ক্ষয় হয় নাই বলিয়া তাঁহার সমীপস্থ হইয়াও দর্শন করিতে পারিলেন না। অতএব হরির রূপদর্শনানন্দ ঘটিল না।

অধ্যাত্মপক্ষে দেখান হইল যে:—দেবতারা ইন্দ্রিয় শক্তি ও পুণ্যবৃত্তি বটেন। কিন্তু জ্ঞানের ভোগাবরণ ও আশক্তি জনিত অহঙ্কারে পরিণতি ঘটাতে, সকল সুকৃতি ক্ষয়

হইয়াছে। সুবুদ্ধি ব্রহ্মার সাহায্যেও আত্মীয় হরিসমীপে আত্মদর্শন ঘটিল না। কারণ আত্মচৈতন্য পুনরায় আবিষ্ট না হইলে ঐ সকল বৃত্তি আত্মদর্শনে সক্ষম হয় না। ঐ সকল বৃত্তিতে আত্মদর্শন ক্ষমতা প্রবিষ্ট হইবার জন্য, সুবুদ্ধি ব্রহ্মা, যিনি সতত ব্রহ্ম দর্শনে অধিকারী হইতেছেন, অর্থাৎ দেহের মধ্যে আত্মার সাক্ষী হইতেছেন, তিনি ঐ সকল বৃত্তিকে ভগবৎপ্রপন্ন করাইবার জন্য একত্রে প্রণাম করিলেন ও স্তব করিলেন বুঝিতে হইবে। ভগদ্রূপের ব্যাখ্যা পূর্ব্বে বহুস্থানে করা হইয়াছে। সুদর্শনাদি অস্ত্র :—কাল ও বৈরাগ্যাদি শক্তিবিশেষ। তাহা এস্থলে প্রকাশ হইবার কারণ এই যে, তাহারা মূর্ত্তিমান হইয়া অর্থাৎ ভগবান তাহাদের লইয়া লীলা করুন, এইরূপে দেবগণ উপাসনা করিতেছিলেন।

শ্রীব্রহ্মা স্তব করিতে করিতে বলিলেন :—যাঁহার জন্ম নাই, বর্ত্তমানতা নাই, পরিণাম নাই ; কারণ যাঁহাতে কোন পরিণামী গুণই নাই। যিনি পরিপূর্ণ মোক্ষাস্পদ স্বরূপ, যিনি অণু হইতেও বুদ্ধির অতীত অণুতম হইতেছেন, এবং মহৎ হইতেও অনুভবে অতি মহান্ হইতেছেন ; যাঁহার মূর্ত্তির ও ভাবের সীমা হয় না, (সেই ভগবান আপনি হইতেছেন) আপনাকে নমস্কার করি। ৮। ৬। ৮

হে পুরুষশ্রেষ্ঠ! হে সর্ব্বনিয়ন্তা! যাঁহারা আপনাপন কল্যাণ ইচ্ছা করেন, সেই সকল সাধুগণে বৈদিক ও তান্ত্রিক উপায়ে এবং মহাযোগোপায়ে আপনার এই মূর্ত্তি পরম পূজ্য বলিয়া দর্শনানুভব করিয়া থাকেন। আপনার এই বিশ্বমূর্ত্তিতে অদ্য ত্রিলোকের সমস্ত বিভুতিই আমি দর্শন করিতেছি। এমন কি, ব্রহ্মলোক হইতে স্বর্গলোক পর্য্যন্ত আমাদেব ন্যায় সমস্ত দেবতা গুলিকেও ঐ মূর্ত্তিতে দেখিতেছি। ৮। ৬। ৯

হে ভগবন্! আপনি আত্মতন্ত্র অর্থাৎ আপনা হইতে সমস্ত সৃষ্টি করেন ও আপনি সৃষ্টির অতীত থাকেন। আপনি এই বিশ্ব প্রপঞ্চের অগ্রেও ছিলেন, মধ্যেও আছেন, অন্তেও থাকেন। ঘটের পক্ষে মৃত্তিকা যেমন আদি, অন্ত ও মধ্যে থাকে ; তদ্রূপ এই জগতেব পক্ষে আপনিই আদিতে নিমিত্ত কারণ, আপনিই মধ্যে উপাদান কারণ এবং অন্তে বা প্রলয়ে আপনিই আধার হইতেছেন। আপনি সকল প্রকৃতি বা শ্রেষ্ঠ পদার্থ হইতেও শ্রেষ্ঠ হইতেছেন। ৮। ৬। ১০

(পূর্ব্ব শ্লোকে ব্রহ্মা ঘটের পক্ষে মৃত্তিকার ন্যায় জগতের পক্ষে ব্রহ্মের নির্দ্দেশ করিলেন, মৃত্তিকা পরিণত ও রূপান্তরিত হইয়া ঘটত্বে পরিণত হইয়া থাকে ; জগতের পক্ষে ব্রহ্মবস্তু পাছে পরিণত হওন দোষে দুষিত হয়েন, এই সন্দেহ নাশার্থে পরশ্লোকে ব্রহ্মা বলিতেছেন।—)

আপনার আশ্রিতা, আপনার শক্তিরূপা মায়াদ্বারা, আপনি বিশ্বের কারণাদি প্রস্তুত করিয়া, চৈতন্য রূপে তাহার অন্তরে অন্তরে নিজেই অনুপ্রবিষ্ট থাকেন। যাঁহারা সৃষ্টিতত্ত্ব জ্ঞাত এবং পরমতত্ত্বাভিজ্ঞ মনীষী হইতেছেন, তাঁহারা অধ্যাত্ম যোগবলে আপনাকে, এই গুণপরিণত বিশ্ব ও ব্রহ্মাণ্ডের অগুণ চৈতন্যরূপে সতত দর্শন করিয়া থাকেন। ৮। ৬। ১১

যেমন কাষ্ঠ মন্থন করিলে অগ্নি লাভ হয় ; যেমন গাভী দোহন করিলে দুগ্ধ লাভ

হয়, যেমন ভূমিকে কর্ষণ করিয়া বীজ দ্বারা অন্ন লাভ হয়; ভূমিকে খনন করিলে জল লাভ হয়, পৃথিবীর উপরে বাণিজ্য করিলে জীবিকাবৃত্তি লাভ হয়, যেমন যোগবলে মানবে অধ্যাত্ম জ্ঞান লাভ করে; তদ্রূপ আপনি এই সগুণ বিশ্বলীলার মধ্যে অগুণ হইয়া বর্ত্তমান আছেন, ইহা পণ্ডিতগণে নিশ্চয় করিয়া বলিয়া থাকেন। ৮। ৬। ১২

যেমন দাবাগ্নিতে দগ্ধ গজসমূহ সম্মুখে গঙ্গার প্রশস্ত ও পবিত্র বারি দেখিলে তাহাতে অবগাহন করিয়া দাহজ্বালা নির্ব্বাণ করে। তদ্রূপ হে নাথ! হে সরোজনাভ! আপনার যে মূর্ত্তি চিরদিন যোগবলেও লাভ হয় না, আজি সেই মূর্ত্তি আমাদের সম্মুখে আবির্ভূ'তা রহিয়াছেন; ইহা সন্দর্শন করিয়া, আমরাও অদ্য নির্ব্বাণানন্দ লাভ করিলাম। ৮। ৬। ১৩

হে ভগবন্! আপনি অনন্ত বিশ্বের অন্তর্যামী সাক্ষী হইতেছেন। আপনি ত্রিলোকের অন্তর্যামী আত্মা হইতেছেন। অতএব আপনার পক্ষে এই ত্রিভুবনের কোন বিষয় অজ্ঞাত নহি!! আমরা সমস্ত লোকপাল দেবগণ কি জন্য আপনার চরণতলে আশ্রয় গ্রহণ করিয়াছি; ইহাও আপনি নিশ্চয় জ্ঞাত আছেন। ৮। ৬। ১৪

অগ্নির যেমন স্ফুলিঙ্গ পূর্ণাগ্নির নিকটে অতি সামান্য; তদ্রূপ আমি বিধাতা, এই সংহারকর্ত্তা মহেশ্বর, এই সকল লোকপাল দেবগণ এবং দক্ষাদি প্রজাপতি সকলেই আপনার অঙ্গ হইতে পৃথক্ পৃথক্ সৃষ্ট হইয়াছে। বর্ত্তমান বিপদের কোন সদুপায় স্থির করিতে পারিতেছি না। যাহাতে যজ্ঞাদি দ্বারা দ্বিজগণের কল্যাণ হয়, স্বর্গাদি ঐশ্বর্য্য পুনরায় লাভ করিয়া দেবগণের মঙ্গল হয়, এরূপ মন্ত্রণা আপনি অদ্য প্রদান করুন। ৮। ৬। ১৫

শ্রীশুকদেব কহিলেন:—হে মহারাজ! সেই ভক্তবৎসল ভগবান ব্রহ্মাদি দেবগণের মনে মনে যে সকল সংকল্প ছিল তাহা জ্ঞাত হইলেন এবং সেই সকল কৃপাভিক্ষার্থী, সমাহিত ও কৃতাঞ্জলি দেবগণের সমক্ষে মেঘগম্ভীরস্বরে তাঁহাদের উদ্ধারের উপায় বলিলেন। ৮। ৬। ১৬

হে মহারাজ! সেই দেবগণের দুঃখনাশার্থ সমুদ্র মন্থনার্থ যে সকল কার্য্য করিতে হইবে, তাহা সম্পাদন করিতে যদিও স্বয়ং ভগবান সক্ষম ছিলেন, তথাপি সর্ব্বসংযোগে লীলা করিতে ইচ্ছা করিয়া, তাঁহাদের এই কথা বলিয়াছিলেন। ৮। ৬। ১৭

ভগবান কহিলেন:—হে ব্রহ্মন্! হে শম্ভো! হে লোকপাল দেবগণ! হে গন্ধর্ব্বাদি দেবযোনি সমূহ! তোমাদের সকলের কল্যাণের জন্য আমি যে যে উপায় বলিতেছি, তাহা অবহিতচিত্তে শ্রবণ কর। ৮। ৬। ১৮

গুরু শুক্রাচার্য্যের আশীর্ব্বাদে সেই দৈত্য দানবগণ মহাবল প্রাপ্ত হইয়াছে, যে পর্য্যন্ত তোমরা নিজ নিজ উপযুক্ত বল ও কল্যাণ লাভ না করিতেছ; অভাবতঃ সেই কালের জন্যও তোমরা দৈত্যগণের নিকট গমন পূর্ব্বক সন্ধি স্থাপন কর। ৮। ৬। ১৯

হে দেবগণ! যেমন পেটিকা বদ্ধ সর্প নিজ নির্গমণ দ্বার পাইবার জন্য মূষিকের সহিত সন্ধি ও কপট সৌহার্দ্দ করে, পরে কার্য্যোদ্ধার হইলে সংহার করে, তদ্রূপ তোমাদেরও স্বকার্য্য সাধনের জন্য দৈত্যগণের সহিত আপাততঃ সন্ধি করিতে হইবে। কারণ কার্য্যোদ্ধারের জন্য শত্রুর সহিত সহিত সন্ধি করা (একটি প্রধান নীতি হইতেছে)। ৮। ৬। ২০

হে দেবগণ! সেই দৈত্যগণের বল ও বিক্রমের সাহায্য লইয়া, তোমরা সকলে অবিলম্বে অমৃত উৎপাদনের চেষ্টা কর। সেই অমৃত পান করিলে মর্ত্ত্য জীবেও যখন অমর হয়, (তখন তোমরা দেবগণ তৎপানে যে পূর্ব্ব বল লাভ করিবে, এ বিষয়ে আর সন্দেহ কি আছে)!! ৮। ৬। ২১

হে দেবগণ! তোমরা ক্ষীরোদ সাগরের মধ্যে জগতের সমস্ত বৃক্ষ, লতা, তৃণ, ওষধিবর্গ নিক্ষেপ করিয়া মন্দর কুলাচলকে মন্থান দণ্ড এবং বাসুকী নাগকে আকর্ষণ রজ্জুরূপে সংগ্রহ করিয়া; আমার সাহায্যে পরিপূর্ণ যত্নে সেই সাগর মন্থন কর। এই কার্য্য করিলে, পরিণামে তোমরা অমৃতরূপী ফল লাভ করিবে, দৈত্যগণ কেবল বৃথাই শ্রম করিবে। ৮। ৬। ২২। ২৩

হে দেবগণ! সেই অসুরগণ যেরূপ নিয়ম করিবে তোমরা তাহাই অনুমোদন করিও; কারণ কোন কার্য্যের ফল লাভ করিতে হইলে, সাম্য উপায় দ্বারা ফল যত সুলভ হয়, বিবাদে সেরূপ হয় না। ৮। ৬। ২৪

দেখ সুরগণ, সেই ক্ষীরোদ সাগরে কালকূট নামে মহাবিষ আছে; তাহাতে তোমরা ভীত হইও না; মন্থন কার্য্যে সেই জলধি হইতে যে সমস্ত অদ্ভুত বস্তু ও অমৃত উঠিবে, তাহাতে লোভ করিও না, এবং কাম্য বস্তু আসিলে লইব না বলিয়া কলহ করিও না।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া শ্রীশুকদেব কহিলেন :—

হে মহারাজ! সেই স্বেচ্ছাগতি, সর্ব্বনিয়ন্তা, ভগবান পুরুষোত্তম, দেবগণকে এইরূপ অনুমতি করিয়া, তাঁহাদের সম্মুখ হইতে নিজ প্রকাশ্য রূপকে অন্তর্হিত করিলেন। ৮। ৬।২৫

ব্যাখ্যা। জীবের এইরূপ বিষয়াকৃষ্টাবস্থা এবং রিপু প্রাবল্য ঘটিলে, কি উপায়ে তাহার উদ্ধার হয়, তাহাই অমৃতোদ্ধার জনিত পরামর্শরূপে ভগবান দেবগণকে কহিলেন। অসুর রূপী রিপুবর্গ যখন বিষয়ভোগে আক্রান্ত হইয়া, সুখানুভূতিরূপী পুণ্যবৃত্তি ও ইন্দ্রিয়শক্তিরূপী দেবগণকে বিষয়ের দিকে আকর্ষণ করিয়া সুখ ও দুঃখের অধীন এবং হীন-বীর্য্য করে; তখন কি উপায়ে ভোগপ্রাবল্য ও রিপুপ্রাবল্য হইতে উদ্ধার হওয়া যায়; জ্ঞান বিশুদ্ধ হয়; তাহা বুঝাইতে ভগবদ্ভক্তি অর্থাৎ বেদরূপী সত্য বাণীতে শ্রীশুকদেব রাজাকে বলিতেছেন :—সমস্ত ভোগশক্তি অহংবৃত্তিরূপী রিপুবর্গের সহিত সাত্ত্বিকী বৃত্তিরূপী দেবগণের মিলিতে হইবে এবং উভয়ের সংযোগে ক্ষীরোদ সাগর মন্থন করিতে হইবে। তাহা হইতে যে সকল বিপদ ও সম্পদ লাভ হইবে তাহাতে লোভ বা কলহ করিবে না। সেই কার্য্যে ভগবানের সাহায্য লইতে হইবে। অসুরেরা দেবগণা-পেক্ষা বল কোথায় পাইল?—না—তাহাদের গুরু শুক্রাচার্য্যের আশীর্ব্বাদে তাহারা বলী হইয়াছে। এক অর্থে দেখান হইল :—গুরুদত্ত মন্ত্রে যে বিশ্বাস করে, সে অসুর হইলেও দেববিজয়ী সম্পদ লাভ করে। আর গুরুজনকে অবহেলা করিলে দেবতা হইলেও নীচ ও ঘৃণার্হ অসুরের অধীন হইতে হয়। অধ্যাত্মপক্ষে দেখান হইল যে:— "তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত যাবচ্ছ্রদ্ধা ন জায়তে"। শ্রদ্ধা উপস্থিত যতক্ষণ না হয় ততক্ষণ

কর্ম্ম করিতে হয়। এই ভগবৎবাক্য মতে এখানে বলা হইল যে :—যখন ভোগাহংকারে জীবের মন উন্মত্ত হইয়াছে, তখন সেই ভোগবৃত্তি রূপী অসুরগণের সহিত পুণ্যবৃত্তি দেবগণকে মিলাইতে হইবে, অর্থাৎ ভোগ জনিত কর্ম্মগুলিকে সৎভাবে আনিতে হইবে। যেমন জলের মালিনতা কতক বীজের মালিন্যের সহিত, মিলিলে উভয় মালিন্য ক্ষয় হয়; ভোগের মধ্যে সৎবৃত্তি প্রবেশ করিলে, জীবে ক্রমে আত্মানন্দ বোধরূপী অমৃত বা মোক্ষ বল লাভ করিয়া থাকে। অনেকে সন্দেহ করিতে পারেন, ভগবান যিনি, তিনি অসুরগণকে উদ্ধার না করিয়া বঞ্চিত করিবেন কেন? সে সন্দেহ ক্ষয়ার্থ বলা হইল যে, কুবৃত্তি কখনই শান্তিলাভ করিতে পারে না; অমৃতরূপী পরমানন্দ উঠাইতে পরিশ্রম করিবে কিন্তু তাহারা সকাম বলিয়া লোভ ও কামবশে পরস্পর কলহ করিয়া পরস্পরে দুঃখই ভোগ করিবে। ইহা স্বাভাবিক হইতেছে। অমৃত উদ্ধারের প্রকৃত তত্ত্ব পরে উপাখ্যানচ্ছলে বর্ণিত হইতেছে, ভবিষ্যতে ব্যাখ্যাত হইবে।

হে মহারাজ! ব্রহ্মা এবং মহেশ্বর সেই অন্তর্হিত ভগবানকে নমস্কার করিয়া ব্রহ্মলোকে ও কৈলাসে গমন করিলেন। দেবগণ তৎক্ষণাৎ অভীষ্টসিদ্ধির জন্য অসুরপতি বলি রাজার নিকটে গমন করিলেন। ৮। ৬। ২৬

তখন সেই সন্ধিবিগ্রহকালবিৎ, যশস্বী, দৈত্যরাজের সভায় দেবগণের নিরস্ত্র হইয়া প্রবেশ করিবার কালে, দৈত্য সেনাপতিগণ তাঁহাদের বধ করিতে উদ্যত হইয়াছিল; দৈত্যপতি দেবগণের অবস্থা দেখিয়া, সেনাপতিগণকে নিষেধ করিলেন। ৮। ৬। ২৭

দেবগণ অসুররাজসভায় গমন করিয়া দেখিলেন :—সেই বিরোচন পুত্র ত্রিলোক-বিজয়ী বলি, বহু অসুরযূথপতিগণে আবৃত আছে; চতুর্দ্দিকে পরম সৌভাগ্যের চিহ্ন সমস্ত বর্ত্তমান রহিয়াছে। ৮। ৬। ২৮। (কেহ কেহ "পরম সৌভাগ্য চিহ্ন" না বলিয়া সুন্দরী রমণী সমূহে বেষ্টিত, এরূপ অর্থ করেন)।

হে মহারাজ! মহামতি মহেন্দ্র মধুর ও কুশল সম্ভাষণে, দৈত্যরাজকে সান্ত্বনা করিয়া পুরুষোত্তম হরি যে সকল কথা ও উপায় শিখাইয়া ছিলেন, তাহা একে একে আবেদন করিলেন। (অর্থাৎ সমুদ্র মন্থনে অমৃতোদ্ধারের কথা বলিলেন)। ৮। ৬। ২৯

মহেন্দ্রের মুখে অমৃতোদ্ধারের কথা শ্রবণ করিয়া, উহা দৈত্যপতি অতিশয় প্রীতিকর ও উপযুক্ত বোধ করিলেন। সেই কথা ত্রিপুরবাসী শম্বর; অরিষ্টনেমি প্রভৃতি অন্যান্য অসুরশ্রেষ্ঠকে জ্ঞাপন করাতে, (তাহাদেরও রুচিকর হইল)। ৮। ৬। ৩০

হে পরন্তপ! এই অমৃত উদ্ধারের লোভে অসুরগণও দেবতাগণের সহিত শপথপূর্ব্বক সন্ধি করিল, এবং ত্বরায় অমৃত উদ্ধারের জন্য যত্নবান হইল। ৮। ৬। ৩১

সকলে এই কার্য্য সাধন করিবার জন্য তৎক্ষণাৎ উদ্‌যোগী হইলে; বজ্রের ন্যায় শক্তিসম্পন্ন হস্তের দ্বারা সেই দুর্ম্মদ অসুরগণ গিরিরাজ মন্দরকে উৎপাটিত করিয়া, সিংহনাদ করিতে করিতে ক্ষীরোদ সাগরের তীরে লইয়া চলিল। (বহনকালে দেবতাও দৈত্য সকলেই ধারণ করিয়াছিল) কিন্তু সেই পর্ব্বত অতিশয় গুরু ভারাক্রান্ত ছিল;

সেইজন্য ইন্দ্রের সহিত দেবগণ ও বৈরোচনের সহিত অসুরগণ বহনে অসমর্থ হইয়া, পথে নিক্ষেপ করিল। সেই কনকশৃঙ্গধারী মন্দরাচল তথায় পতন হইবার কালে, নিজ ভারে বহু দেবদৈত্যকে চূর্ণ বিচূর্ণ করিল। দেবাসুরের এই ঘটনায় বাহু, উরু ও কন্ধরাদি ভগ্ন হইলে, যন্ত্রণায় তাহারা যখন ভগ্নোদ্যম হইবার উপক্রম করিল; সেই সময়ে এই ঘটনা জানিতে পারিয়া, ভক্তবৎসল গরুড়ধ্বজ, (অলক্ষ্যে) তথায় আবির্ভূত হইলেন। সেই গিরিপতনে যে সকল দেবদৈত্যের অঙ্গ ভগ্ন হইয়াছিল, এবং যাহারা মরিয়াছিল, কটাক্ষমাত্রে মৃতগণকে জীবন্ত করিলেন এবং ভগ্নাঙ্গগণকে সুস্থ ও সবল পুরুষের ন্যায় সুখী করিলেন। স্বয়ং এক হস্তে গিরিরাজকে ধারণ ও উত্তোলন পূর্ব্বক গরুড়ের পৃষ্ঠে আরোহন করাইয়া, দেব ও দৈত্যগণের সহিত সেই ক্ষীরোদ সাগরের তীরে গমন করিলেন। ৮। ৬। ৩২

হে মহারাজ! অনন্তর পক্ষীরাজ সেই গিরি লইয়া ক্ষীর সাগরের তীরে উপস্থিত হইয়া, আপন স্কন্ধ হইতে পর্ব্বতকে নামাইলেন, এবং ভগবানের নিকটে বিদায় লইয়া নিজ স্থানে গমন করিলেন। ৮। ৬। ৩৩

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে ষষ্ঠাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। ভগবৎ কৃপা ভিন্ন এবং তচ্ছক্তি ভিন্ন স্বার্থের জন্য অসুর দূরে থাকুক দেবতারাও কোন কার্য্য স্বয়ং করিতে পারেন না। উভয় বল মিলিলেও তৎসাধনে অক্ষম হয়। এই তাৎপর্য্য দ্বাত্রিংশতি শ্লোকে বলা হইল। বিশেষতঃ বলা হইল, ভগবানই মন্ত্রণা দাতা, ভগবানই উদ্ধারকর্ত্তা, ভগবানই সমস্ত সুখদাতা, তদতিরেকে সমুদায় বিফল হইয়া থাকে। মন্দর আনয়নচ্ছলে ভগবান তাহা দেখাইলেন। কিন্তু ভগবৎপ্রপন্ন না হইলে কার্য্যসিদ্ধি হয় না এ কথা পরে বলা হইবে। বিশেষতঃ বলা হইল যে; আত্মজ্ঞান বা তদ্দর্শন লাভ করিতে হইলে ভগবানেরই উপাসনা করা আবশ্যক হইতেছে। জীবের নিজের পুরুষকার কিছুই করিতে পারে না। মন্দরাদির ও মন্থনকার্য্যের অধ্যাত্মতত্ত্ব উপাখ্যানের শেষে বর্ণিত হইবে।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে ষষ্ঠাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্ম ব্যাখ্যা সমাপ্ত।

অথ সপ্তম অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া শুকদেব রাজা পরীক্ষিৎকে কহিলেন :—

হে কুরুদ্বহ! সেই দেবদৈত্যগণে মন্থন রজ্জুরূপে বাসুকিকে গ্রহণ করিবার জন্য, তাঁহার নিকটে গিয়া বলিলেন :—"হে বাসুকি! এই সমুদ্র মন্থন কার্য্যে, আপনাকে মন্দর পর্ব্বতরূপী মন্থানদণ্ডের রজ্জু হইতে হইবে; এই কার্য্যের পুরস্কার স্বরূপ আপনাকে উদ্ধৃত অমৃতের অংশ প্রদান করিব।" বাসুকী এই কথা শ্রবণে সম্মত হইয়া, সেই স্থানে আগমন

করিলেন। তাঁহাকে রজ্জুরূপে গ্রহণ করিয়া, দেব ও দৈত্যগণে অতিশয় আগ্রহের সহিত সমুদ্র মন্থন আরম্ভ করিল। ৮। ৭। ১

হে রাজন্! সেই প্রপন্নদয়াল হরি (সেই মন্বন্তরের অজিত নামীয় অবতার মূর্ত্তিতে) যাহাতে অসুরগণ ঈর্ষা বশে বাসুকীর বিষপূর্ণ মুখ ধারণ করিতে উৎসুক হয়, এই কৌশল স্থির করিতে, দেবগণের সহিত অগ্রে রজ্জুরূপী বাসুকীর শিরোদেশ ধারণ করিলেন। এতদ্দর্শনে অসুরপতিগণে অসন্তুষ্ট হইয়া, বাসুকীর পুচ্ছ ধরিতে অনিচ্ছা করিল, এবং বলিতে থাকিল যে:—সর্পের পুচ্ছধারণ অতিশয় অমঙ্গল কার্য্য। আমরা সকলে বিশুদ্ধ-জন্মা, পুণ্যকর্ম্মা এবং ব্রহ্মচর্য্যাদি সহযোগে বেদাধ্যায়ী হইতেছি, আমরা সর্পের পুচ্ছ ধারণ করিব না। এই বলিয়া অসুরগণে তুষ্ণীম্ভাব অবলম্বন করিলে, পুরুষোত্তম তাঁহার ইচ্ছা পূর্ণ হইল দেখিয়া ঈষৎ হাস্য করিলেন। তৎক্ষণাৎ শিরোদেশ পরিত্যাগ করিয়া দেবগণের সহিত পুচ্ছ ধারণ করিলেন। ৮। ৭। ২

ব্যাখ্যা। এই অধ্যায়েও বিনা ভগবৎকৃপা কেহ কোন কার্য্যে সুফল লাভ করিতে পারে না, এই কথা বুঝান হইবে। অধিকন্তু দেখান হইল যে:—যাহারা দুষ্কৃতিসম্পন্ন তাহারা সৌভাগ্য সম্মুখে থাকিতেও লাভ করিতে অক্ষম হয়। ভগবান এইটি বুঝাইতে, বিষপূর্ণ সর্পমুখ স্বগণের সহিত ধারণ করিলেন; নবনীত যেমন কখনই জলের নিম্নে থাকে না ঊর্দ্ধে ভাসিয়া উঠে এবং লোষ্ট্রখণ্ড যেমন ভাসাইতে চেষ্টা করিলেও ডুবিয়া যায়; তদ্রূপ দুষ্কৃতিরূপী অসুরগণ সর্পপুচ্ছে বিষভয় নাই ইহা বুঝিতে না পারিয়া, আপনারাই দুঃখভোগকে সুখভোগ ও সম্মান বোধ করিল। ভগবান তাহাদের সুফল দিলেও তাহারা ভোগ করিতে পারিল না, এবং সুকৃতিসম্পন্ন ও প্রপন্ন দেবগণ দুঃখপূর্ণ সর্পমুখ ধরিলেও সে দুঃখভোগ তাহাদের করিতে হইল না। ইহাই তাৎপর্য্য।

এই কার্য্যে যে ভগবন্মূর্ত্তি দেবদৈত্যের নিকট প্রকটিত হইয়াছে, ইহা সেই ব্রহ্মা কর্ত্তৃক দৃষ্ট জ্যোতির্ম্ময়ী ভগবন্মূর্ত্তি নহে। ভগবান এই মন্বন্তরের অবতার স্বরূপ অজিত মূর্ত্তিতে, দেবদৈত্যের সম্মুখে ছিলেন বুঝিতে হইবে। কারণ পূর্ব্বমূর্ত্তি দেখিলেই সকলে মুক্ত হইয়া যায়। দেবতা ও অসুরগণের সে সৌভাগ্য হয় নাই। অধিকন্তু এই স্কন্ধের যে স্থলে এই মন্বন্তরের মাহাত্ম্য বলা হইয়াছে তথায় মন্বন্তরাবতার অজিত মূর্ত্তিধারী হরি কর্ত্তৃক এই মন্থনকার্য্য হইয়াছিল শাস্ত্রে বর্ণিত আছে। এই মূর্ত্তির সহিত প্রকৃত মূর্ত্তির ভিন্নতা এই যে; এ মূর্ত্তি প্রচ্ছন্ন, হরি ইচ্ছা না করিলে, এ মূর্ত্তিতে কেহ মহিমা দেখিতে পায় না। সে মূর্ত্তি চিরমহিমান্বিত, দর্শন মাত্রেই জীবে মুক্ত হইয়া থাকে। অধ্যাত্মপক্ষে:—পুণ্যবৃত্তি, পাপবৃত্তি, একত্রিত মায়াতে আচ্ছন্ন আত্মার সহিত পরমানন্দামৃত উদ্ধার আরম্ভ করিল বুঝিতে হইবে।

সেই কশ্যপনন্দন দেবদৈত্যগণ এইরূপে সর্পের স্থান বিভাগ করিয়া, পরম উৎসাহ ও যত্নের সহিত অমৃতের লোভে ক্ষীরসমুদ্রকে মন্থন করিতে আরম্ভ করিলেন। হে পাণ্ডুনন্দন! যখন দেব দৈত্যে মন্থন করিতে সক্ষম হইলেন, তখন নিজ নিজ বলে মন্দরাচল ধরিয়াছি

ও সাগর মন্থন করিতেছি, এই গর্ব্ব তাঁহাদের মনে মনে উদয় হওয়াতে, তৎক্ষণাৎ নিম্নে আধার শূন্য হওয়াতে; মন্দরাচল সাগরবারিতে নিমগ্ন হইল। ৮। ৭। ৩

এতদ্দর্শনে সেই মন্থন কার্য্যকারী দেবদৈত্যগণের মনে ভয়ানক দুঃখ উপস্থিত হইল; এবং তাঁহাদের উৎসাহপূর্ণ মুখকান্তি একেবারে ম্লান হইয়া গেল। অতি বলবান দৈবের নিকটে কাহারো পুরুষকার খাটে না; তখন তাহারা মনে মনে আপনাপন পুরুষার্থ স্মরে এই চিন্তা করিতে থাকিলেন। ৮। ৭। ৪

অহঙ্কারী জীবের সকল কার্য্যে বিঘ্ন উৎপাদনকারী সেই দৈবদেবতার চেষ্টা দেখিয়া, দেবদৈত্যগণের উপযুক্ত শিক্ষা হইল। মনে মনে এই বিচার করিয়া, যাঁহার সঙ্কল্প অচল এবং সত্য, যাঁহার বীর্য্য এই দৈবাদি বলকে পরাভব করিতে পারে; সেই ভগবান নিজ মহিমা দেখাইতে, তৎক্ষণাৎ স্বয়ং অন্তশক্তিতে ভীষণ কচ্ছপতনু ধারণ করিয়া ক্ষীর সাগরে নিমগ্ন হইলেন, এবং সেই মন্দরাচলকে উত্তোলন করিলেন। ৮। ৭। ৫

তখন সেই ভগবান (এক মূর্ত্তিতে দেব ও দৈত্যগণের সম্মুখে থাকিলেন), অন্য মূর্ত্তিতে লক্ষ যোজন বিস্তীর্ণ প্রশস্ত দ্বীপের ন্যায় কচ্ছপ মূর্ত্তি ধারণ করিয়া, নিজপৃষ্ঠে সেই গিরিবরকে ধারণ করিলেন। দেব ও দৈত্যগণ কুলাচল উঠিয়াছে দেখিয়া, পরমানন্দে পুনরায় মন্থনকার্য্যে উদ্যত হইলেন। ৮। ৭। ৬

হে রাজন্! তখন সেই আদি কচ্ছপতনুর পৃষ্ঠে, দেব ও দৈত্যরাজগণের ভুজবীর্য্যে, আকৃষ্ট, গিরিরাজ মন্দর ঘূর্ণিত হইতে থাকিল। তাহার ঘূর্ণনে ক্ষীর সাগরের জল যেন প্রাবিট্‌কালীন্ আবর্ত্তের ন্যায় ঘুরিতে থাকিল। এই সকল ভীষণ ঘটনা সেই অপ্রমেয় ভগবানের পক্ষে অঙ্গ কণ্ডূয়নের ন্যায় সামান্য ও সুখকর বলিয়া বোধ হইয়াছিল। ৮। ৭। ৭

হে মহারাজ! সেই ভগবান মন্থনকার্য্যে সকলকে পরিশ্রান্ত দেখিয়া [illegible]
তাহাদের উপযুক্ত সাত্ত্বিক্ বল, অসুর [illegible] তাহাদের উপয় [illegible]
তদোপযুক্ত তামস্ বল প্রদা[illegible] [illegible]ত, ঘৃত [illegible]
থাকিয়া নিজ সহস্র বাহু [illegible]
ম[illegible]

[illegible]পাত ইন্দ্র মন্থন কার্য্যে

[illegible])।

[illegible]আপনার সকল শক্তিতে দেব, দৈত্য, গিরি ও বাসুকীকে [illegible]লেন; তখন তাঁহারা অতিশয় বল ও উৎসাহ যোগে, সেই মহাদ্রি মন্দরের দ্বারা এমন ঘোরতর ভাবে ক্ষীরসাগর মন্থন করিলেন, যে সাগরস্থ কুম্ভিরাদি জলজন্তুগণ একেবারে ব্যাকুল হইয়া উঠিল। ৮। ৭। ৯

হে মহারাজ! এই ভীষণ আকর্ষণে ও বিকর্ষণে সেই সহস্র ফণাধারী বাসুকীর সহস্র ফণা হইতে কঠোর বিষজ্বালা অগ্নিশিখা ও ধূমের ন্যায় বিকাশ হইতে থাকিল। সেই তেজে অসুরগণ যেন দগ্ধ হইতে থাকিল ও অতি যন্ত্রণা পাইল। বাসুকীর মুখ হইতে

এত বিষতেজ ও ধূম নিশ্বাস বলে নির্গত হইয়াছিল যে, দেবগণের বদন, মাল্য, বসন, ভূষণ সেই তেজে যেন দগ্ধ হইবার উপক্রম হইল, তখনি তাঁহারা (ভগবানকে স্মরণ) করাতে তৎক্ষণাৎ কৃপারূপে মেঘ বর্ষিত হইতে থাকিল। সমুদ্রের বারিস্পর্শে শীতল বায়ু তাঁহাদের সর্ব্বাঙ্গকে শীতল করিতে প্রবাহিত হইতে থাকিল। ৮। ৭। ১০। ১১

সেই ভীষণ মন্থন কার্য্যে, ভীত :—মীন, মকর, সর্প, কচ্ছপ, তিমি (মৎস্যবিশেষ), জলহস্তী, কুম্ভীর, তিমিঙ্গিল প্রভৃতি জলচরপূর্ণ ক্ষীরসাগরকে মন্থন করিতে করিতে হলাহল নামে অতিশয় তীব্র বিষ প্রথমে সাগর হইতে প্রকাশ হইল। ৮। ৭। ১২

হে মহারাজ! কঠোর বিষরাশি সাগর হইতে উত্থিত হইয়া, অপ্রতিহত তেজে অতিশয় বেগে অধোর্দ্ধ সকল দিক্‌ব্যাপী হইয়া পড়িল। এই অবস্থায় হরি (ভগবান মহেশ্বরের মহিমা অর্থাৎ নিজাংশের মহিমা দেখাইতে ;) বিষ হইতে অনুগত দেবতা ও গর্ব্বিত অসুরগণকে রক্ষা করিলেন না। তখন প্রজাপতিগণের সহিত দেবতা ও প্রজা এবং অসুরগণ ইতস্ততঃ প্রাণভয়ে পলায়ন করিতে থাকিল। অবশেষে দেবগণ কাতর হইয়া অন্য কাহাকেও বিষ হইতে রক্ষাকারী না দেখিয়া, সদাশিবের শরণ গ্রহণ করিলেন। ৮। ৭। ১৩

দেবগণ কৈলাশপুরীতে গমন করিয়া দেখিলেন :—ত্রিলোকের উদ্ধারের জন্য (প্রকৃতি পুরুষের ন্যায়) পার্ব্বতীদেবীর সহিত সেই দেবশ্রেষ্ঠ মহেশ্বর, কৈলাশে উপবিষ্ট আছেন। অনুগত মুনিগণ যাহাতে মোক্ষকে অনুভব করিতে পারেন এই শিক্ষার জন্য তিনি ঘোর তপাচারে বর্ত্তমান আছেন। সেই মহেশ্বরকে দেখিয়া তাঁহারা স্তুতি ও প্রণাম করিলেন। ৮। ৭। ১৪

শ্রীপ্রজাপতিগণে স্তব করিতে করিতে কহিলেন :—হে দেবদেব! হে মহাদেব! আপনি সকল প্রাণীর আত্মা এবং রক্ষাকারী হইতেছেন, আমাদের ন্যায় প্রপন্ন ও শরণাগত জনকে আপনি রক্ষা করুন। দেখুন, ভয়ঙ্কর বিষে ত্রিলোক দগ্ধ হইতেছে। আপনি সমস্ত জগতের বন্ধু ও মোক্ষের ঈশ্বর হইতেছেন। আত্মা, দাগে আপনাকেই সকল বিষয়ের গুরু বলিয়া পূজা করিয়া থাকেন। আপনি প্রপন্ন অর্থাৎ দুঃখহারী হইতেছেন, (আমাদের বিষজ্বালা হইতে রক্ষা করুন।) ৮। ৭। ১৫

হে বিভো! আপনি পুরুষরূপে নির্গুণ হইয়া আদিতে বর্ত্তমান থাকেন। কেবল এই ত্রিলোকপূর্ণ সংসারের সৃষ্টিস্থিতি পালনের জন্য ত্রিগুণময়ী নিজ মায়া শক্তিকে আশ্রয়মাত্র করিয়া ব্রহ্মা, বিষ্ণু ও শিব এই আখ্যা ও মূর্ত্তিলাভ করেন। হে ভূমন্! বাস্তবিক মায়াতীত স্বদৃক্ অর্থাৎ জ্ঞানঘন পুরুষ আপনি হইতেছেন। ৮। ৭। ১৬

আপনি দেবতির্য্যগাদি সমস্ত প্রাণীগণকে সৃজন ও পালনাদি ভিন্ন ভিন্ন রূপে করেন, এইজন্য সকলের পক্ষে পরমগোপনীয় পরমব্রহ্ম বস্তু হইতেছেন। আপনিই জগতের নিয়ন্তা ঈশ্বর হইতেছেন এবং আপনাতেই যখন জগৎ ও জীবভাবীয় নানাশক্তির আভা পতিত হয়, তখন আপনিই আত্মারূপে সকলের মধ্যে প্রকাশিত থাকেন। ৮। ৭। ১৭

ব্যাখ্যা। এই শিবস্তবে এবং পূর্ব্বেও অনেক স্থানে দেখান হইয়াছে ;—ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বরের মধ্যে যখন যাঁহার স্তব বা মহিমা লেখা হইয়াছে, ঋষিগণ তখন তাঁহাকেই

সর্বশ্রেষ্ঠ করিয়াছেন। ইহাতে কোন্‌টী শ্রেষ্ঠ বা নিকৃষ্ট বুঝিবার উপায় নাই। শ্রীজীবগোস্বামী প্রভৃতি বৈষ্ণব পরম্পরা বলেন, ঐ গুলি কেবল স্তুতিদ্বারা মহিমা বৃদ্ধিকরণ মাত্র। কিন্তু অন্যান্য প্রাচীন ঋষির মতে এবং শ্রীধরস্বামী ও বিশ্বনাথ চক্রবর্ত্তীর টীকায়, অথচ সকল শাস্ত্রের সামঞ্জস্যে ইহার তাৎপর্য্য এই :—যেমন একই অগ্নি জলের মধ্যে থাকিয়া, স্ফীত, বর্দ্ধিত, প্রবাহপূর্ণ প্রভৃতি কার্য্যে রত থাকিয়া বাড়বানল নাম প্রাপ্ত হয়। বজ্রে থাকিলে বজ্রাগ্নি কহে। বৃক্ষে থাকিলে দাবানল কহে। সেইরূপ নারায়ণ বা ব্রহ্ম প্রভৃতিই ভগবানের নিরাধার ও নিষ্কল বিশুদ্ধাবস্থা হইতেছে। এই সকল অবস্থার অতীত যে চিরানন্দময় চিদাবস্থার বর্ত্তমানতা দার্শনিকেরা স্বীকার করিয়াছেন, সেই অবস্থাই ক্রমে সগুণ অর্থাৎ বিশ্বপালনার্থ ব্রহ্মাদি মূর্ত্তি ও তদুচিত কার্য্যে পরিণত হয়। প্রকৃতপক্ষে ব্রহ্মাদি সেই চিদানন্দ বিশুদ্ধাবস্থার অবস্থা বিশেষ বলিয়া সাধুগণে ব্রহ্মাদি দেবতার স্তবকালে সকলকেই সকল হইতে শ্রেষ্ঠ বলিয়া স্বীকার করিয়াছেন। এই মহিমাতত্ত্ব দ্বারা দেবদ্বেষশূন্য ভাব ভক্তের অন্তরে বুঝাইবার জন্যই শ্রীহরি সমুদ্রস্থ হলাহল নিজে ক্ষয় না করিয়া সকলকে শিবের প্রপন্ন করিলেন। অর্থাৎ আমাতে যেমন প্রেম করিবে, সেইরূপ আমার স্বরূপাংশ রূপী ব্রহ্মাদিকেও তদ্রূপ সম্মান ও ভক্তি করিবে। এইটি বুঝাইতে ইন্দ্রাদি দেবতা প্রথমে ব্রহ্মাদির আশ্রয় গ্রহণ করিয়াছিলেন, এক্ষণে হরের শরণাপন্ন হইলেন। হরি সকলের মহিমা রক্ষা করিতেছেন, কিন্তু ব্রহ্মাদি হরিকে শ্রেষ্ঠ দেখাইতেছেন। সকলেই অভিন্ন ভাবে পরস্পর পরস্পরের অনুগত হইয়া এই বিশ্বপালনাদি করেন। ভক্তিবলে গর্ব্বহীন ও সূক্ষ্মদর্শী হইলে চরমপদ লাভ হয় বলা হইল। অধিকন্তু দেখান হইল যে :—কেবল হরিতে প্রীতি করিলে ব্রহ্মা মহেশ্বরাদিতে প্রীতি ভগবৎকৃপায় আসিয়া উপস্থিত হয়। ব্রহ্মা বা মহেশ্বরাদিতে প্রীতি করিলে ভগবদ্ভক্তি তাঁহাদের আশীর্ব্বাদচ্ছলে আসিয়া উপস্থিত হয়। যেমন দুগ্ধ হইতে প্রস্তুত নবনীত, ঘৃত সকলেই পুষ্টিকর। সেইরূপ ব্রহ্মা ও মহেশ্বরাদি সকলেই ভগবদ্ভক্তির পুষ্টিকারী হইতেছেন।

হে দেব! আপনি বেদাদির যোনি হইতেছেন, কারণ আপনি পরিপূর্ণ জ্ঞানময় হইতেছেন। আপনি জগতের আদি অর্থাৎ কারণ হইতেছেন; আপনি বিশ্বের আত্মা অর্থাৎ ভোগকর্ত্তা অহংকার হইতেছেন, আপনি ভোগসংগ্রহকারী প্রাণশক্তি হইতেছেন; আপনিই বিষয়দ্রষ্টা ইন্দ্রিয় হইতেছেন, আপনিই শব্দাদি বিষয়, তাহাদের উদ্ভবকারী সত্ত্বাদি গুণ এবং আপনিই অদৃষ্টানুসারী স্বভাব হইতেছেন। আপনি কালরূপে জীবের অদৃষ্ট, আপনি ক্রতু অর্থাৎ কর্ম্মরূপে পুণ্যাদির উদ্ভবকর্ত্তা, আপনিই ঋত অর্থাৎ বিশুদ্ধ, সকল বিকারাতীত সত্য হইতেছেন। আপনি ধর্ম্ম এবং যাহাকে সাধুগণে ত্রিবৃৎ কহে সেই পরম ওঁকার অক্ষরস্বরূপ আপনি হইতেছেন। (আপনি আমাদের বিষ হইতে রক্ষা করুন।) ৮।৭।২৮

হে লোকমঙ্গলকারী (আশুতোষ)! সমস্ত দেবতার আত্মা অর্থাৎ বলস্বরূপ অগ্নিই আপনার মুখ হইতেছেন, এই সর্ব্বাধার ক্ষিতি আপনার চরণকমল হইতেছে; সকল দেবতার

মনরূপী কাল আপনার গমনশক্তি হইতেছে। দিক্‌দেবতা আপন কর্ম্ম এবং জলেশ্বর বরুণ আপনার রসনা হইতেছেন। আকাশ আপনার নাভি, বায়ুদেবতা আপনার নিশ্বাস প্রশ্বাস, সূর্য্যদেব আপনার চক্ষু, জলরাশি আপনার রেতঃস্বরূপ হইতেছেন। আপনার অহংকার নামে মহাশক্তিই চরমস্থ জীবের একমাত্র আশ্রয়স্থল হইতেছে। হে ভগবন্! চন্দ্র আপনার মন, স্বর্গলোক আপনার শিরোদেশ হইতেছে। ৮। ৭। ১৯।২০

সাগরসমূহ আপনার কুক্ষিদেশ হইতেছে, পর্ব্বতাবলি আপনার অস্থিরূপী হইতেছে। বিশ্বের সকল ঔষধি, তৃণ, লতা বৃক্ষাদি আপনার রোমাবলি হইতেছে। বেদাদির যে জগতী প্রভৃতি সপ্তছন্দ, যাহা মাত্রাদির শক্তিস্বরূপ, তাহারাই আপনার দেহের সপ্ত ধাতু হইতেছে। হে বেদমূর্ত্তে। যিনি ধর্ম্ম তিনিই আপনার সংকল্পস্বরূপ হইতেছেন।৮।৭।২১

হে দেব! প্রধান পঞ্চ উপনিষদ অর্থাৎ মোক্ষপদ প্রদানের মন্ত্র স্বরূপ, (তৎপুরুষ, অঘোর, সদ্যোজাত, বামদেব ও ঈশান এই পৃথক্ পাঁচটিই মন্ত্রশ্রেণী হইতেছে, অর্থাৎ ব্রহ্মলাভ করাইবার মন্ত্রশ্রেণীকে তৎপুরুষ কহে। শত্রুক্ষয় অর্থাৎ অভিচারাদি কর্ম্মার্থ মন্ত্রশ্রেণীকে অঘোর কহে। ধ্যানবলে ভগবন্মহিমা নিত্য উদ্ভব হইলে তাহাকে সদ্যোজাত মন্ত্র কহে। প্রবৃত্তিগত যজ্ঞার্থ মন্ত্রকে বামদেবশ্রেণী কহে। নিবৃত্তি মার্গার্থ মন্ত্রগুলিকে ঈশান কহে।) ইহারা আপন পঞ্চবদন হইতেছে। সেই পঞ্চমন্ত্ররূপী বদন হইতে অষ্টত্রিংশতি বেদমন্ত্রবর্গ প্রকাশ হইয়াছে। পরমাত্মতত্ত্বানন্দে পূর্ণ এইজন্য আপনার একটী নাম শিব অর্থাৎ বিশুদ্ধ হইতেছে। আপনার তেজোরূপী জ্যোতিঃই আপনার আধার হইতেছে। (আপনি বিষ হইতে আমাদের রক্ষা করুন।) ৮। ৭। ২২

সংহার কার্য্যের জন্য আপনার যে ছায়া বর্ত্তমান, সেই ছায়াই অধর্ম্ম ও তাহার কামলোভাদি ঊর্ম্মিসমূহ হইতেছে। সত্ত্বরজোতমো নামক গুণত্রয়ই আপনার ত্রিনয়ন হইতেছে। সাংখ্যাদি তত্ত্বশাস্ত্রই আপনার আত্মা, আপনিই প্রলয়ান্তে সকল শাস্ত্রের উদ্ভবকারী হইতেছেন। হে দেব! পুরাণ অর্থাৎ চিরনূতন ছন্দোময় ঋষি এবং বেদই আপনার দৃষ্টিশক্তি হইতেছে। ৮। ৭। ২৩

হে গিরিত্র। আপনার যেটি প্রধান জ্যোতিঃ; তাহাতে প্রকৃত্যাদির গুণভেদ নাই, যাহা পূর্ণব্রহ্ম হইতেছে। সে অবস্থায় সত্ত্ব রজো ও তমোগুণ স্থান পায় না; ব্রহ্মা, বিষ্ণু এবং ইন্দ্রাদি লোকপালগণ কেহই আপনার সেই অবস্থাটির তত্ত্ব বুঝিতে পারে না।৮।৭।২৪

ব্যাখ্যা। এই শ্লোকে মহেশ্বরের প্রকৃত জ্যোতিঃর বা অবস্থার তত্ত্ব ভগবান বিষ্ণুরও বুঝিবার ক্ষমতা নাই এই কথা বলা হইল। এই শ্লোকের অর্থ করিতে শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী প্রভৃতি বৈষ্ণবাচার্য্যেরা কহেন :—এই শ্লোকটী পাঠমাত্রেই বিষ্ণু প্রভৃতি কোন দেবতাদি মহেশ্বরের পরম জ্যোতির্ম্ময় অবস্থার তত্ত্ব জ্ঞাত নহেন। এই অর্থে ভীষণ সংশয় হয়; ইহার অর্থ এই :—মহেশ্বরের যে মূর্ত্তি বা অবস্থাকে পরম জ্যোতির্ম্ময় বলা হইল, তাহাই বৈকুণ্ঠের অতীত ভগবান হরির মূর্ত্তি হইতেছে। বৈকুণ্ঠের ঐশ্বর্য্য সে স্থানে যায় না বলিয়া বৈকুণ্ঠপতির অগম্য বলা হইল। অন্যার্থে তিনি বলিতেছেন যে :—গিরিত্র,

বিরিঞ্চ, বৈকুণ্ঠ, সুরেন্দ্র এ সমস্তই মহেশ্বরের বিভূতিবাচক নাম সম্বোধন করিয়া দেবতাগণ বলিতেছেন, সেই জ্যোতিঃর তত্ত্ব আমরা লোকপাল জ্ঞাত নহি। ইহা একদেশী অর্থ হইল। কিন্তু স্বামী সর্ব্বাচার্য্য মত সামঞ্জস্য করিয়া বলিতেছেন যে :— যে পরম বিশুদ্ধ জ্যোতির্ম্ময় অবস্থা হইতে ব্রহ্মা, বিষ্ণু, শিব প্রভৃতি লোকপালসমূহ গুণময় হইয়া বিশ্বকার্য্যে ব্যাপ্ত আছেন, তাঁহারা সকলেই পরমাধারস্বরূপ সেই বিশুদ্ধাবস্থার তত্ত্ব বুঝিতে অক্ষম হইতেছেন। কারণ সে অবস্থাটিতে সত্ত্বাদি গুণ বা যোগমায়াদি কোন অবস্থার সংমিশ্রণ নাই। যখন গুণ বা মায়ার সংস্রব নাই, তখন মায়াসংযুক্ত বা সগুণ অবস্থা কখনই সে অবস্থা বোধ করিতে সক্ষম হয় না। আবার এই সৃষ্টি কার্য্যাদি হইতে এই সকল সত্ত্বা যে সময়ে নির্লেপ, চিন্ময় ও বিশুদ্ধ হয়েন, তখন তাঁহারা আপনাপন আধারস্বরূপ সেই অবস্থা অনুভব করেন। এস্থলে মহেশ্বরের স্তব করা হইতেছে, বলিয়া সেই পরম অবস্থাকে মহেশ্বরের জ্যোতির্ম্ময় অবস্থা বলা হইল বুঝিতে হইবে। বিষ্ণুর স্তবে বিষ্ণুকে বলা হয়।

হে দেব! আপনার প্রভাবের কথা কি বলিব। আপনি বিশ্ববিমোহনকারী কালকে, প্রজাপতি দক্ষের মহাযজ্ঞকে, ত্রিপুরনামক ভীষণ পরাক্রমী অসুরকে; সর্ব্বসংহারী কাল অর্থাৎ মৃত্যু ও গরল অর্থাৎ বিষাদিরূপী প্রাণী সকলের অমঙ্গলকারীকে, নিজ নেত্রস্থিত অগ্নির স্ফুলিঙ্গে নাশ করিয়া থাকেন। প্রলয়কাল উপস্থিত হইলে আপনি নেত্রাগ্নি-শিখাতে সর্ব্বসংহার করেন। এই সকল ভীষণ কার্য্য করিতে আপনার এত স্বল্লায়াস স্বীকার করিতে হয় যে; আপনি এই সকল ঘটনার কিছুই জ্ঞাত নহেন; (অর্থাৎ অভিমানী নহেন। অতএব আপনার মহিমা কি জানিব যে সম্যক্ স্তব করিয়া আপনাকে সন্তুষ্ট করিব।) ঐ সকল কার্য্য আপনার পক্ষে এত গুরুতর নহে যে, উহা কীর্ত্তন করিয়া স্তব করিব॥ ৮। ৭। ২৫

হে দেব! যে সকল ব্যক্তি আপনার প্রকৃত তত্ত্ব জ্ঞাত নহে, তাহারাই আপনাকে উমার সহিত একত্রবিহারী দেখিয়া কামী বলিয়া থাকে। আপনার কটাক্ষে বিশ্বসংসার ভস্মীভূত হয় বলিয়া উগ্র কহে। মৃত্যুরূপে বর্ত্তমান বলিয়া আপনাকে হিংস্র কহে। শ্মশানে বিহার করেন বলিয়া আপনাকে অনাচারী বলে। কিন্তু আপনি উমা (নাম্নি মহাপ্রকৃতির) সহিত সংযুক্ত থাকিয়াও তাহাতে কামী বা অভিমানী নহেন, কারণ আপনি নিরত ঘোর তপস্যায় বা স্বরূপানন্দে উন্মত্ত হইয়া আছেন। যাঁহারা জগতের উপদেষ্টা অথচ মুক্তপুরুষ পরমহংস বা ঋষি হইতেছেন, তাঁহারা আপনার যুগলচরণ হৃদয়ে দিবানিশি চিন্তা করিয়া থাকেন। আপনি বিশ্বকার্য্যের সংহাররূপী মহিমাতে কখন উগ্র কখন হিংস্রভাবে, নিজমূর্ত্তি দেখান মাত্র; কারণ আপনি (নিরভিমানী হইয়া সকল ঐশ্বর্য্য ভোগ হইতে বিরত হইয়া) শ্মশানে অর্থাৎ বৈরাগ্যস্থানে চিরবিহার করেন। যাহারা আপনাকে নিন্দা করেন, সেই সকল লজ্জাহীন ব্যক্তি আপনার এই সকল প্রকৃত লীলাতত্ত্ব কিছুমাত্র অবগত নহেন। ৮। ৭। ২৬

হে মহেশ্বর! সৎ অর্থাৎ কারণাদি, অসৎ অর্থাৎ বিশ্বাদি, এতদ্ হইতে অতীত; আপ-

নার যে পরম জ্যোতির্ম্ময় অবস্থা; যাহা ব্রহ্মাদি দেবগণ অবগত হইতে পারেন না। আমরা সেই ব্রহ্মাদির সৃষ্ট বিভূতি বা বিশ্বকার্য্যার্থ শক্তিমাত্র; আমরা কেমন করিয়া সেই অবস্থার মহিমা কীর্ত্তন করিব!! তবে যাহা কিছু সেই অবস্থার মহিমা কীর্ত্তন করিলাম, আমাদের অনুভব শক্তি অনুসারে যতদূর বুঝিয়াছি, ততদূর কীর্ত্তন করিলাম মাত্র। ৮। ৭। ২৭

হে ব্যক্তকর্ম্মা! আপনার এই যে প্রকটিত মূর্ত্তি, ইহা কেবল চরাচরের মঙ্গল প্রদান করিবার জন্য প্রকটিত হইয়াছে। যদিও আমরা আপনার সেই পরমাবস্থা দেখিতে পাইলাম না, তথাপি আপনার এই প্রকাশ্য রূপ দেখিয়া আমরা কৃতার্থ হইলাম।

পূর্ব্ব কথা সমাপ্ত করিয়া শুকদেব রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক কহিলেন:-- হে মহারাজ! (দেবগণের এইরূপ উক্তি শ্রবণ করিয়া) সেই সর্ব্বপ্রাণীর মঙ্গলকারী, বন্ধু, মহেশ্বর, সমস্ত লোকপাল হইতে সমস্ত প্রজাবৃন্দের হলাহলজাত বিপদ দর্শন করিয়া অত্যন্ত দুঃখিত ও কৃপাপরবশ হইয়া নিকটস্থা নিজ প্রিয়া মহাশক্তিরূপিণী সতীকে বক্ষ্যমান কথা বলিলেন। ৮। ৭। ২৮

হে ভবানি! (কল্যাণকারিণি) অহো! ক্ষীরোদমন্থনে যে ভয়ানক কালকূট উদ্ভব হইয়াছে, তাহার বিশ্বব্যাপী তেজে এই প্রজাগণের কি ভয়ানক বিপদ উপস্থিত হইয়াছে তাহা দর্শন কর। ৮। ৭। ২৯

হে দেবি! যাঁহাদের ক্ষমতা আছে সেই সকল প্রভুগণের পক্ষে বিপন্ন পরিপালন ও প্রজারক্ষণকার্য্য সর্ব্বতোভাবে কর্ত্তব্য হইতেছে; এমন কি! যাঁহারা পরহিতপরায়ণ সাধু ব্যক্তি, তাঁহারা আপনার ক্ষণভঙ্গুর প্রাণ দিয়াও প্রাণীগণের হিত সাধন করেন!! এই সকল বিষজ্বালা হইতে প্রাণ রক্ষণের হেতু দেবগণকে রক্ষা করা আমার উচিত হইতেছে। ৮। ৭। ৩০

ভগবানের মোহিনী মায়াতে মুগ্ধ হইয়া, ইহা আমার, ইহা পর, এইরূপ অহংদৃষ্টিতে যে সকল প্রাণী পরস্পরে পরস্পরকে চিরদিন শত্রুভাবে দর্শন করে; হে ভদ্রে! সেই সকল মুগ্ধ ব্যক্তির মোহ অপনয়ন রূপী কার্য্য করিলে; সর্ব্বাত্মা ভগবান হরি প্রীতি লাভ করিয়া থাকেন। ৭। ৮। ৩১

হে ভগবতি! যে কার্য্যে হরিপ্রীতি উপস্থিত হয়, সেই কার্য্যে আমিও চরাচরের সহিত প্রীত হইয়া থাকি। অতএব আমি এই ভীষণ জ্বালাময় গরল ভক্ষণ করিলে যদি দুঃখী প্রজাগণের ক্লেশ দূর হয়, তাহা হউক। ৮। ৭। ৩২

সকল ভূতের কল্যাণকারিণী, ভবানী; ভগবান মহেশ্বরের প্রভাব জানিতেন। তিনি একার্য্যে তাঁহাকে সাদরে অনুমোদন করিলেন। ভগবান বিশ্বরক্ষণকারী মহেশ্বর ভবানীকে পূর্ব্বকথা বলিয়া সেই বিশ্বব্যাপী বিষ ভক্ষণ করিতে আরম্ভ করিলেন। ৮। ৭। ৩৩

হে মহারাজ! সেই ভূতভাবন মহাদেব, কৃপা করিয়া, সেই কঠোর হলাহল বিষরাশি অঞ্জলি পুরিয়া ভক্ষণ করিলেন। ৮। ৭। ৩৪

হে মহারাজ! সেই ক্ষীর সাগরের জলজাত হলাহল বিষের এত বীর্য্য যে, যে মহেশ্বর

কটাক্ষে বিশ্ব সংহার করেন, পান কালে তাঁহারও গলদেশ বিষতেজে নীলবর্ণ হইয়াছিল!! এই বিষপান চিহ্নই তাঁহার সাধুতা অর্থাৎ জীব হিতৈষীর চিহ্ন রহিল।

হে মহারাজ! যাঁহারা কৃপালু ব্যক্তি, তাঁহারা পরের বিপদ রক্ষা করিতে গিয়া, নিজে প্রায়ই বিপন্ন হয়েন। অখিলাত্মা পুরুষ মহেশ্বরের তাহা ঘটিল, কিন্তু এই সকল পরোপকার জনিত বিপদ চিহ্ন তাঁহাদের পক্ষে পরম মহিমার স্বরূপ হইয়া রহিল।

সেই মীঢ়ুষ, শম্ভু. দেবদেব মহেশ্বরের এই আশ্চর্য্য কর্ম্ম দর্শন করিয়া; দাক্ষায়ণী মহাশক্তিরূপা সতীদেবী; বিষ্ণু, ব্রহ্মা এবং সপ্রজা দেবগণ মহেশ্বরের প্রশংসা করিতে থাকিলেন। ৮। ৭। ৩৫

হে রাজন্! পানকালে ভগবান হরের হস্ত হইতে যে সকল বিষ বিন্দুভাবে পতিত হইয়াছিল, তাহাই বৃশ্চিক, সর্প, মশকাদি এবং বিষলতাদি গ্রহণ করিয়াছিল। ৮। ৭। ৩৬

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে সপ্তমাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। মহেশ্বর পরিপূর্ণ আত্মজ্ঞান স্বরূপ; আত্মজ্ঞান নিজ কটাক্ষে সকল বৃত্তি বা সংসারাশক্তি ক্ষয় করিতে পারেন। সেই আত্মতত্ত্বের জন্য জীব বা পুণ্যবৃত্তি ব্যগ্র হইলে, তিনি তাহাদের নিজ প্রকৃতিপুরুষমণ্ডিত অথচ নিরভিমানী ও তপোপূর্ণ বা তেজোময় মূর্ত্তি দেখাইয়া থাকেন। এই মূর্ত্তি দর্শনমাত্রেই পরমাত্ম বোধ বা অনুভব হয়। দেবতাদি সেইজন্য মহেশ্বরের ব্রহ্ম বা জ্যোতির্ম্ময় রূপের এত মহিমা বর্ণনা করিলেন। পরমাত্মাতত্ত্বানুভব হইলেই ক্ষীর সাগরের মথনে উদ্ভূত হলাহল, যাহাতে বিশ্ব দগ্ধ হয়, তাহা মহেশ্বর ভক্ষণ করেন। একত্রিংশ শ্লোকে বিষের প্রকৃত তত্ত্বার্থ বলা হইল, অর্থাৎ যে মোহে মুগ্ধ হইয়া জীবে "আমার আমার" রূপী অহংকারে উন্মত্ত হয়; নিজ কল্যাণ দেখিতে পায় না, সেই মোহ নাশ করিলে হরি প্রীত হয়েন। এই মোহ বৃত্তিই এই স্থানে বিষরূপে সমুদ্র মথন রূপী কার্য্যে প্রথম প্রকাশ হইল। অসুরেরা বিষের জ্বালায় ব্যতিব্যস্ত হইল, কিন্তু না বিষ্ণু না মহেশ্বর কাহারো আশ্রয় লইল না। কারণ কর্ম্ম বা আসক্তি বৃত্তি অহংভাবে আবৃত আছে। পুণ্যবৃত্তি রূপী দেবগণ মোহাপনয়নের জন্য অমৃত রূপী অবস্থা পাইবার জন্য আত্মজ্ঞানের আশ্রয় গ্রহণ করিলেন। মোহবিষ ক্ষয় হইল। পরমাত্মদর্শনই হরিপ্রীতি হইতেছে।

পুরাণ পক্ষে বলা হইল যে:—সামান্য বিষয়াসক্তিতে ইন্দ্রাদি দেবতারাও দুর্দ্দশাপন্ন হইয়া থাকেন। কিন্তু যিনি ভগবান, তিনি অনন্ত প্রভাব ও অনন্ত ঐশ্বর্য্য কটাক্ষে দেখাইতে পারিলেও তাহাতে আসক্ত নহেন; এমন কি, নিজ শক্তিরূপিণী উমা ক্রোড়স্থা থাকিলেও তিনি তাঁহাতে আসক্ত নহেন। এইরূপ অনাসক্তি উপস্থিত হইলে তবে হরিপ্রীতি উপস্থিত হইয়া থাকে। দেবাসুরে মন্থন বল হরির নিকট হইতে পাইয়া মন্থনে সক্ষম হইয়াছিল বলিয়া মনে মনে অভিমান হইয়াছিল; তৎক্ষণাৎ হরি নিজ মায়ায় হলাহল উদ্ভব করিয়া কে প্রপন্ন কে আসক্তিপূর্ণ ইহা পরীক্ষা করিলেন। দেবতারা

বিষ হইতে নিজকে রক্ষা করিতে অশক্ত যখন হইলেন, তখন মহেশ্বরের আশ্রয় গ্রহণ করিলেন। ইহাতে তাঁহারা নিরভিমানী হইলেন। অতএব হরিভক্তি উপস্থিত করিতে হইলে হরহরিব্রহ্মাদিকে অভেদভাবে দেখিতে হইবে এবং হৃদয়ে একান্ত নিরভিমানী হইতে হইবে। অসুরাদিকেও সাম্য দর্শনে নিজাধীন করিতে হইবে। ইহাই এই অধ্যায়ের প্রকৃতার্থ হইতেছে। পরে সমুদ্রমন্থন তাৎপর্য্য বলা হইবে।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে সপ্তমাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্ম ব্যাখ্যা সমাপ্ত।

অথ অষ্টম অধ্যায়।

পূর্ব্ব কথা সমাপ্ত করিয়া শ্রীশুকদেব কহিলেন, হে মহারাজ! পরে কি ঘটিল তাহা শ্রবণ কর:—

যখন ভগবান বৃষাঙ্ক মহেশ্বর কর্ত্তৃক হলাহল নির্ব্বাপিত হইল, সেই সময়ে দেবাসুর সমূহে পরমানন্দিত হইয়া পুনরায় ক্ষীর সাগর মন্থন করিতে থাকিল। মথন করিতে করিতে সেই সাগর হইতে সুরভি গাভী উদ্ভূতা হইলেন। ৮। ৮। ১

হে রাজন্! সেই সুরভির দুগ্ধজাত হবিতে স্বর্গপ্রাপক যজ্ঞ সম্পাদন হয় বলিয়া তাঁহাকে ব্রহ্মবাদী, অগ্নিহোত্রী ঋষিগণ গ্রহণ করিলেন। পুনরায় মন্থনে চন্দ্রের ন্যায় উজ্জ্বল বর্ণ উচ্চৈঃশ্রবা নামে এক অশ্ব সাগর হইতে প্রকাশ হইল; সুন্দর অশ্ব দেখিয়া অসুররাজ বলি তাহাকে গ্রহণে ইচ্ছা করিলেন। ভগবান দেবগণকে কোন বস্তুতে লোভ করিতে নিষেধ করিয়াছিলেন বলিয়া, দেবপতি ইন্দ্র তদিচ্ছা করিলেন না। (দেবগণ নিরস্ত থাকিলেন)। ৮। ৮। ২। ৩

পুনরায় মথন করিলে, সাগর হইতে ঐরাবত নামে হস্তীরাজ প্রকাশ হইল; ভগবান মহেশ্বরের আবাস কৈলাস গিরির ন্যায় তাহার চারিটি শুভ্রদন্ত শোভিত ছিল। পুনরায় মথনে ঐরাবণাদি অষ্ট দিগ্‌গজ প্রকাশ হইল। তাহাদের সহিত অভ্রমু প্রভৃতি অষ্ট করিণীও প্রকাশ হইয়াছিল। পুনরায় মথনে সেই মহাসাগর হইতে পদ্মরাগ জাতীয় কৌস্তুভ নামে শ্রেষ্ঠ মণি প্রকাশ হইল। ভগবান (অজিত পুরুষ) হরি, নিজ বক্ষের অলঙ্কার করিতে, সেই মণিকে গ্রহণে ইচ্ছা করিলেন। হে রাজন্! আপনারা যেমন সংসারে ভিক্ষার্থী যাহা ভিক্ষা করে তাহা দান করেন, তদ্রূপ পুনরায় মথনে পারিজাত ও দেবলোকশোভাকারী যে কল্পবৃক্ষের প্রকাশ হইল। সেই বৃক্ষের নিকটে কামনা মাত্রেই ফললাভ হয়। ৮। ৮। ৪

হে নৃপ! পুনরায় মথনে নিস্কালঙ্কারে শোভিত কণ্ঠ ও সুন্দর বস্ত্রপিহিত অপ্সরাগণ প্রকাশ হইলেন। সেই অপ্সরকামিনীগণের হাব, ভাব, কটাক্ষ ও গতিতে স্বর্গবাসী জনের আনন্দ উৎপাদিত হইয়া থাকে। ৮। ৮। ৫

হে মহারাজ! পুনরায় মন্থনে ভগবৎপরা ভগবতী লক্ষ্মীদেবী প্রকাশ হইলেন। যেমন বিদ্যুতের তেজে দশদিক আলোকিত হয়, তদ্রূপ রমাদেবীর অঙ্গকান্তিতে চতুর্দিক আলোকিত হইল। এই রমাদেবীকে দর্শনমাত্রেই দেবতা, অসুর ও মানবাদি সকলেই তাঁহার রূপ, কমনীয়তা, সুন্দরবর্ণ, যৌবন এবং মহিমাতে মুগ্ধ হইয়া তাঁহাকে গ্রহণ করিতে ইচ্ছা করিলেন। ৮। ৮। ৬। ৭

তৎক্ষণাৎ স্বয়ং সুরপতি ইন্দ্র তাঁহার বসিবার জন্য অদ্ভুত আসন আনয়ন করিলেন; পদধৌত করাইবার জন্য মূর্ত্তিমতী পবিত্রানদী সমূহ স্বর্ণকলসে জলরূপে আসিয়া উপস্থিত হইলেন। সকল তৃণাদি ওষধিবর্গ তাঁহাকে স্নান করাইবার জন্য পবিত্র ভূমি আহরণ করিল। গোসমূহ পঞ্চগব্য আনয়ন করিল। ঋতুরাজ বসন্ত মধুমাসোদ্ভব ফল ও ফুলরাশি লইয়া তাঁহাকে উপহার দিলেন। ঋষিগণ বেদমন্ত্রে তাঁহাকে যথাবিধি স্নান করাইলেন। গন্ধর্ব্বগণ এই সময়ে মঙ্গল গান করিতে থাকিলেন। নটগণ নৃত্য ও গীত করিতে লাগিল। ৮। ৮। ৮। ৯। ১০

হে রাজন! সেই ভগবতীর অভিষেককালে মেঘসমূহ মৃদঙ্গ, পণব, মুরজ, আনক, গোমুখ, শংখ, বেণু, বীণা প্রভৃতি বাজাইয়া তুমুল মঙ্গলধ্বনি করিতে থাকিল। সেই পদ্মকরা পরমাসতী রমাদেবীর অভিষেক কালে, ঋষিগণ বেদমন্ত্র পাঠ করিতে থাকিলেন। দিগ্‌গজ সমূহ পবিত্র বারিপূর্ণ কলস লইয়া মস্তকে ঢালিতে থাকিল।

স্নান সমাপ্ত হইলে মূর্ত্তিমান সাগর তাঁহাকে পীতকৌষেয় বস্ত্র পরিধানার্থ উপহার প্রদান করিলেন। যে বৈজয়ন্তী পুষ্পের মধুগন্ধে মধুকরগণ উন্মত্ত হইয়াছিল, সেই অম্লান বৈজয়ন্তী মালা স্বয়ং বরুণদেব আনয়ন করিয়া রমাদেবীকে প্রদান করিলেন। স্বয়ং বিশ্বকর্ম্মা দেবীকে বিচিত্র রত্নালঙ্কারে অলঙ্কৃত করিলেন। দক্ষাদি প্রজাপতিগণ রত্নহার প্রদান করিলেন। নিজ মানস সরোবর হইতে ভগবান ব্রহ্মা দেবীকে কমল প্রদান করিলেন। নাগগণ রত্নকুণ্ডল দান করিলেন।

হে মহারাজ! দেবী এইরূপে সমস্ত দেবতাদি দ্বারা পূজিত হইলেন। তাঁহার কণ্ঠস্থ উৎপলমালা এবং করস্থ কমলের সৌরভে ভ্রমরগণ উন্মত্ত হইয়া গুন্ গুন্ করিতে থাকিল। তাঁহার সুগঠিত কপোলপ্রান্তের কর্ণস্থ কুণ্ডলের শোভায়, বদনের শোভা অতিশয় বর্দ্ধিত হইল। তাহার উপরি মৃদু মৃদু সলাজ হাস্যে অধিক শোভা দেখাইতেছিল। একে তাঁহার কটিদেশ ক্ষীণ ছিল; তাহাতে নিরন্তর চন্দন কুঙ্কুমে চর্চ্চিত ও সমভাগে উদগত স্তনদ্বয় অতিশয় শোভা প্রকাশ করিতে থাকিল। সেই নূপুরযুক্ত চরণ যখন ইতস্ততঃ ভ্রমণচ্ছলে ক্ষেপিত হইতেছিল, তখন ধ্বনিত হইয়া নূপুর (সকলের মনোহরণ করিতেছিল।) ভগবতীকে সেই পদচালনাকালে (কম্পিত ও সুপুষ্পিত) হেমলতার ন্যায় সুন্দর দেখাইতেছিল। ৮। ৮। ১১

হে মহারাজ! রমাদেবী এইরূপে পূজিতা ও সুসজ্জিতা হইয়া বিচরণ করিতে করিতে (আপনার উপযুক্ত পতি অন্বেষণ করিতে থাকিলেন) যাঁহাতে কোন প্রকার অভিমান স্পর্শ করে নাই; সদ্‌গুণগুলি অব্যভিচারী হইয়া যে পুরুষকে চিরদিন আশ্রয় করিয়া আছে, তিনি এরূপ পুরুষ, সেই উপস্থিত গন্ধর্ব্ব, সিদ্ধ, অসুর, যক্ষ, চারণ ও দেবগণের মধ্যে দর্শন করিলেন না। ৮। ৮। ১২

হে রাজন্! সেই উপস্থিত দর্শকবৃন্দের মধ্যে দুর্ব্বাসাদি ঋষিগণকে দেখিয়া ভাবিলেন, তাঁহাদের এখনো ক্রোধ যায় নাই; অতএব তপস্বী কেমন করিয়া বলা যায়! বৃহস্পতি ও শুক্রাচার্য্যাদিকে দেখিয়া ভাবিলেন, এই সকলের জ্ঞান আছে, কিন্তু ভোগাসক্তি কমে নাই! অতএব এ জ্ঞান বৃথা!! ব্রহ্মাচন্দ্রাদি সুন্দর দেবগণকে দেখিয়া ভাবিলেন, ইহাঁরা মহৎ বটেন, কিন্তু কামবিজয় করিতে যখন অক্ষম, তখন আর মহত্ত্ব কোথায়? ইন্দ্রাদি দেবগণকে দেখিয়া ভাবিলেন, ইহাঁরা দেবতা হইলে কি হইবে, সতত অসুরাদি শত্রুভয়ে কাতর হইতেছেন, অতএব ঈশ্বর কেমন করিয়া বলিব!! ৮।৮।১৩

পরশুরামাদিকে দেখিয়া দেবী ভাবিলেন, যাঁহাদের সর্ব্বভূতে দয়া নাই তাঁহাদের ধর্ম্ম রক্ষা বৃথা!! শিবি প্রভৃতি রাজর্ষিগণকে দেখিয়া ভাবিলেন, ইহাঁরা দাতা বটেন, কিন্তু যে ত্যাগ বা দান মুক্তির কারণ নহে, তাহা মিথ্যা হইতেছে!! উপস্থিত কার্ত্তবীর্য্যাদিকে দেখিয়া ভাবিলেন, তাঁহাদের বীর্য্য আছে, কিন্তু যে বীর্য্য কালভয় নিবারণ করিতে সক্ষম নহে, তাহা মিথ্যা হইতেছে। সনকাদিকে দেখিয়া ভাবিলেন, এই সকল মহাত্মা এতদূর মায়া-ভোগ-বর্জ্জিত যে দ্বিতীয় ব্যক্তির সঙ্গ গ্রহণ করেন না, অতএব (ইহাঁরা আমাকে লইয়া কি করিবেন!!) ৮।৮।১৪

মার্কণ্ডেয়াদি ঋষিগণকে দেখিয়া ভাবিলেন, এই সকল মহাত্মা চিরজীবি হইয়াছেন বটে, কিন্তু এমন অনাচারী যে কেহ প্রশংসা করেন না। মনুপুত্র প্রভৃতিকে দেখিয়া ভাবিলেন; ইহাঁদের আচার ব্যবহার ভাল বটে কিন্তু আয়ুর স্থৈর্য্য বোধ নাই!! মহেশ্বরকে দেখিয়া ভাবিলেন, এই মহাত্মার ভগবদ্ভক্তিরূপী পবিত্র আচার, তপস্যাদি পূর্ব্বোক্ত গুণ এবং আয়ুরও স্থৈর্য্য আছে, তথাপি শ্মশানাদিতে বিহার জন্য উদাসীন ও ভোগের পক্ষে অমঙ্গল (অতএব তাঁহাতে আমার প্রয়োজন কি)!! হরিকে দর্শন করিয়া ভাবিলেন; এই মূর্ত্তিটি পূর্ব্বোক্ত সকল দোষবর্জ্জিত হইয়া পূর্ব্বোক্ত সকল গুণে অলংকৃত পুরুষরূপে বর্ত্তমান; ইনি কি আমাকে গ্রহণে ইচ্ছা করেন না? ৮।৮।১৫

হে মহারাজ! যিনি স্বয়ং কোন ঐশ্বর্য্যের অপেক্ষা বা ইচ্ছা করেন না; অথচ সকল ঐশ্বর্য্য এবং সদ্‌গুণাদি স্বয়ং আসিয়া যাঁহাতে লক্ষিত হয়, যাঁহার ভক্তবৎসলাদি সদ্‌গুণ কোন উপায়ে বিকৃত হয় না, যিনি প্রকৃতির অতীত হইয়া বর্ত্তমান, সেই মুক্তিদাতা ভগবান মুকুন্দকে, রমাদেবী আপনার মনোমত আশ্রয়স্থল জানিয়া বরণ করিলেন। ৮।৮।১৬

ব্যাখ্যা। এই অধ্যায়ে সৌভাগ্যের উদয়, দেবতাদির ন্যায় প্রপন্নের সুখ এবং অসুরাদির ন্যায় অহংভোগীগণের মোহ বর্ণিত হইতেছে। তন্মধ্যে প্রথমাদি ষোড়শ শ্লোকে দেখান হইল যে:—দুর্ব্বাসার শাপে অর্থাৎ ইন্দ্রাদি পুণ্যবৃত্তির বিষয়াহংকারে ঐশ্বর্য্য অর্থাৎ প্রভাব ক্ষয় হইয়াছিল; এক্ষণে ক্ষীরসাগর মন্থনে প্রথমে হলাহলরূপী মোহ উদ্ভূত হইল; আত্মজ্ঞানাশ্রয়ে দেবগণের সেই মোহ ক্ষয় হইলে, পুণ্যবৃত্তিগণের উৎসাহে ভোগবৃত্তিরূপী অসুরগণ যোগ দিল। তাহারা কালভয়, মৃত্যুভয় ও দুঃখাদি জ্বালাযুক্ত মোহকে তখন বিস্মৃত হইয়া পুণ্যবৃত্তিগণের সহিত কার্য্য আরম্ভ করিল। একাগ্রভাবে

কার্য্য করিতে করিতে সমুদ্র হইতে প্রথমে সুরভি, পরে উচ্চৈঃশ্রবা, পরে ঐরাবত, পরে অষ্টদিগ্‌গজ, পরে অষ্টদিগ্‌গজের কামিনী, পরে কৌস্তুভ রত্ন, তৎপরে পারিজাতাদি কল্পতরু, পরে অপ্সরগণ, পরে ভগবতী লক্ষ্মী প্রকাশ হইলেন। পরে বারুণী, পরে অমৃতহস্ত ধন্বন্তরী, প্রভৃতি প্রকাশ হইলেন।

এই সকল ঐশ্বর্য্য যাহা পূর্ব্বে প্রকাশ হইল, ইহা স্বর্গৈশ্বর্য্য হইতেছে। পুণ্যবৃত্তিগণ ঐশ্বর্য্যক্ষয়ে এই সকল হারাইয়া ছিলেন, এক্ষণে তাহা একে একে পুনরায় প্রাপ্ত হইলেন। সুরভি এমন কল্পিত গাভী যে ইচ্ছামাত্রে সকল সম্পদ প্রদান করিতে পারেন। ইনি বেদস্বরূপ হইতেছেন। ঋষিগণ অর্থাৎ জ্ঞানশক্তি সমূহ বেদরূপা বা নিত্যজ্ঞানরূপা সুরভি গ্রহণ করিলেন। ইহার সাহায্যে যজ্ঞাদি পুণ্যকর্ম্ম নির্ব্বাহিত হয়। উচ্চ অর্থাৎ ঊর্দ্ধদিকে কর্ণ হইয়াছে যাহার এমন অশ্ব অর্থাৎ স্বর্গাদি পবিত্রলোকে যাইবার গতি যা বুদ্ধিরূপী উচ্চাশা পরে প্রকাশ হইল। দেবতারা উচ্চাশা ইচ্ছা করিলেন না, কারণ পুণ্য অপেক্ষা উচ্চ বস্তু কি আছে!! সেই অহংভোগী অসুরেরা তাহা গ্রহণে অভিলাষ করিল; ধর্ম্মার্থ কামমোক্ষরূপী চতুর্দ্দন্তযুক্ত ঐরাবত অর্থাৎ বিবেক হস্তী এবং অষ্ট ঐশ্বর্য্যরূপী দিগ্‌গজ ও তাঁহাদের শক্তিরূপী করিণী প্রকাশ হইল। কৌস্তুভ রত্ন বলিতে জীবের বিশুদ্ধ হৃদয় বা আত্মা। ভগবান হরি এত কৃপালু যে সেই বিশুদ্ধাবস্থাকে বক্ষের অলংকার করিতে ইচ্ছা করিলেন। পরে কল্পতরু নামক সর্ব্বজ্ঞতার আবির্ভাব হইল, তাহার পরে অপ্সররূপী আনন্দ চিহ্ন প্রকাশ হইল! পরে সকল ঐশ্বর্য্যের অধিষ্ঠাত্রী রমাদেবী আবির্ভূতা হইলেন। পরানন্দ-মূর্ত্তিমতী প্রেমভক্তিপূর্ণা কান্তিমতী এই ভগবদ্‌বিভূতিকে দেখিয়া দেবতাদি হইতে সকলেই গ্রহণে কামনা করিলেন। এই বিভূতিকে সকল দেব মানবে পূজাও করিলেন; অর্থাৎ জীবের পক্ষে পুণ্যবৃত্তিগণ যখন অপবিত্র ভাব হইতে উদ্ধার লাভ করে, তখন এই বিভূতিই চরম লক্ষ্য হয়; এই বিভূতি দর্শন করিলেই ক্রমে ভোগাসক্তিক্ষয়ে অমৃতত্বলাভ ঘটিয়া থাকে। এতক্ষণে বুঝান হইল যে ক্ষীর সাগর কি? এবং মন্থন কার্য্য কি? যেমন বিকৃত দুগ্ধ মন্থন করিলে প্রথমে জলীয় হয়, পরে তাহা হইতে নবনীত লাভ হয়, তদ্রূপ সমস্ত-ঐশ্বর্য্যমিশ্রিত ভোগসাগরের মধ্যে পুণ্য ও অহংভাবাদি সমস্ত ঐশ্বর্য্য বর্ত্তমান আছে। পুণ্যবৃত্তিগণ সাধনরূপী মন্থন করিলে ভগবৎ কৃপাবলে পুণ্যৈশ্বর্য্য লাভ করে, এমন কি ভক্তজনে অমৃতত্ব পর্য্যন্ত এবং অসুরেরা অর্থাৎ ভোগ বৃত্তিরাও অজ্ঞানে মুগ্ধ হইয়া বারুণী প্রভৃতি অজ্ঞানাশক্তি লাভ করিয়া থাকে। ভগবান ব্যাসের লেখক হইয়া শ্রীগণেশ দেবতা যেরূপ ভারতার্থ করিয়াছেন; ঋষিগণ তাহা সংগ্রহ করিয়া "ভারত সন্দর্ভ" নামে যে শাস্ত্র প্রকাশ করিয়াছিলেন; তাহাতে এই সমুদ্র মন্থন আধ্যাত্মিকার তাৎপর্য্য এইরূপ দেওয়া হইয়াছে যথা:—

"তত্ত্বামৃতং শাস্ত্রসিন্ধোঃ সর্ব্বং লব্ধং সুরাসুরৈঃ।
আস্বাদিতং বিষ্ণুভক্তৈঃ সুরৈর্ণান্যৈঃ স্ত্রিয়াজিতৈঃ॥"

এই শ্লোকের অর্থঃ—এস্থলে শাস্ত্র বলিতে বেদবিহিত সংসারভোগের উপযুক্ত প্রবৃত্তি শাস্ত্র। শাস্ত্ররূপী সিন্ধুর অন্তরে তত্ত্বরূপী অমৃত আছে, দেবাসুর যে কেহ হউক না

সকলেরই তাহাতে অধিকার আছে। কিন্তু যাঁহারা বিষ্ণুভক্ত এবং দেবতা, তাঁহারাই সেই তত্ত্বামৃতের আস্বাদন লাভ করেন, যাহারা রমণীকটাক্ষে বা মায়াকটাক্ষে মুগ্ধ অসুর, তাহারা ভোগ করিতে পারে না।

লক্ষ্মীদেবী যখন প্রকাশ হইয়া সকলকে নিজরূপে মুগ্ধ করিলেন, তখন দেবতারা তাঁহার সেবা করিলেন; অসুরেরা তাঁহাকে ভোগ করিতে ইচ্ছা করিল। অর্থাৎ উভয়েরই ভগবদ্বিভূতি ভোগে প্রয়াস হইল। দেবতাদের সেবাজনিত ভোগেচ্ছা এবং অসুরগণের অহংভাবে অধিকার করিতে ইচ্ছা হইল। কিন্তু সেই বিভূতি কোথায় সংযুক্ত হইলেন, তাহা বুঝাইতে রমাদেবীর উক্তিতে সকল দেবমানবাদি হইতে ভগবান বিষ্ণুকে সর্ব্বশ্রেষ্ঠ বুঝাইয়া তাঁহাতেই তাঁহাকে সংযোগ করান হইল। পরমাত্মা ও তদীয় বিভূতি দেবগণ সাধন মন্থনে দর্শন করিলেন। এতদ্দর্শনে অসুরগণের ভোগস্পৃহা বৃদ্ধি পাইল। একথা পরে বলা হইতেছে।

পৌরাণিক পক্ষে এই তাৎপর্য্য হইতেছে। লক্ষ্মীদেবীর উক্তিকালে যে সকল দেবতা, অসুরপতি, ঋষি ও পরশুরামাদির কথা বলা হইল, তাঁহারা সকলের মধ্যে কেহ ইচ্ছা মৃত্যুশীল, কেহ চিরায়ু হইতেছেন। এই মন্বন্তরের অজ্ঞানক্ষয়ে ধর্ম্ম ও বিজ্ঞান স্থাপন অর্থাৎ স্বর্গের হৃতৈশ্বর্য্য কেমন করিয়া সমুদ্র মথনে উদ্ভূত হয়, ইহা দেখিতে সকলেই আবির্ভূত হইয়াছিলেন। ইহা উপদেশার্থ পৌরাণিক প্রসঙ্গ মাত্র।

হে মহারাজ! ভাগবতীর হস্তে সেই বরণ কালে যে কমলমালা ছিল, তাহার কমলগুলি সদ্যপ্রস্ফুটিত থাকায় মধুকর ও ভ্রমর মধু লোভে উন্মত্ত হইয়া তদুপরি গুঞ্জন করিতেছিল। রমাদেবী সেই কমনীয়া কমলমালা ভগবানের কণ্ঠে অর্পণ করিলেন। ঈষৎ লজ্জাযুক্ত হাস্যবিকসিতনয়নে, ভগবানের বক্ষঃস্থলকে আপনার আশ্রয় স্থান ভাবিয়া তাহা দেখিতে দেখিতে তন্মধ্যে যাইবার জন্য ভগবানের সমীপে দণ্ডায়মান থাকিলেন। ৮। ৮। ১৭

সেই ত্রিজগতের জনক ভগবান পরম বিভূতি স্বরূপ রমাদেবীকে আপনার বক্ষে স্থান প্রদান করিলেন। ভগবতী রমাদেবীও ভগবানের বক্ষে স্থান প্রাপ্ত হইয়া অনুকূল প্রজাগণের ও দেবগণের প্রতি কৃপাপরতন্ত্র হইয়া, নিজ দৃষ্টিতে তাঁহাদের দর্শন পূর্ব্বক তাঁহাদের তেজ ও কল্যাণ বর্দ্ধিত করিলেন। এই কার্য্য দর্শনে দেবানুগত অপ্সর-গন্ধর্ব্বগণ সস্ত্রীক তথায় শংখ, তূরী, মৃদঙ্গ, প্রভৃতি বাজাইয়া মনোহর নৃত্য গীত করিতে থাকিল। ৮। ৮। ১৮

হে মহারাজ! ব্রহ্মরুদ্রাদি দেবগণ, মরীচি প্রভৃতি সমস্ত বিশ্বস্রষ্টা দেবর্ষিগণ; ভগবানের মহিমা ব্যঞ্জক উপযুক্ত মন্ত্রাদির দ্বারা তাঁহার স্তব করিতে থাকিলেন। তাঁহারা ভগবানের প্রতি পুষ্প বর্ষণ করিলেন। হে মহারাজ! সেই দুর্ব্বল দেবতা ও সপ্রজা প্রজাপতিগণ ভগবতী লক্ষ্মীর কৃপাদৃষ্টিতে তৎক্ষণাৎ সমস্ত বিনয়াদি সদ্‌গুণমণ্ডিত এবং সদাচারী হইয়া অনন্ত শান্তি লাভ করিলেন। হে রাজন্! সেই ঘোর অহংকারী ও পরমলোভী

দৈত্য দানবগণ ভগবতী লক্ষ্মীকর্ত্তৃক উপেক্ষিত হওয়াতে সাহস ও বলহীন হইলে তাহাদের মথনোদ্যম হ্রাস হইয়া আসিল। ৮। ৮। ১৯

হে মহারাজ! যাহা হউক (লোভ বশে) দেবগণের সহিত অসুরেরা পুনরায় মন্থন আরম্ভ করিলে, সাগর হইতে কমললোচনা বারুণী নাম্নী মদিরা দেবী আবির্ভূতা হইলেন। (অসুরগণ কামিনী দর্শন মাত্রেই গ্রহণার্থ ব্যাকুল হইলে) ভগবান তাঁহাদের ঐ কামিনী গ্রহণে অনুমতি করিলেন। তাঁহারা (সাদরে বারুণী দেবীকে) গ্রহণ করিল। হে মহারাজ! কামিনীলাভে পরমোৎসাহিত ও অমৃত লাভার্থ ব্যাকুল হইয়া দেবদৈত্যাদি কশ্যপনন্দনগণ, পুনরায় সাগর মন্থন করিলে, সাগরমধ্য হইতে এক পরম অদ্ভুতরূপসম্পন্ন পুরুষ প্রকাশ হইলেন। ৮। ৮। ২০

সেই পুরুষের দীর্ঘ ও পীবর ভুজদণ্ড ছিল, কম্বু রেখা সম গ্রীবা ও অরুণ বর্ণময় চক্ষু ছিল। শ্যামল বর্ণ ছিল এবং নব বিকসিত কুসুম মাল্য ও সর্ব্বালঙ্কারে তাঁহার সর্ব্বাঙ্গ ভূষিত ছিল। তাঁহাব বিশাল বক্ষ, কর্ণে মনোহর মনিকুণ্ডল এবং বিশাল বক্ষঃস্থল ছিল। ৮। ৮। ২১

তাঁহার কেশরাজি কোমল এবং কুঞ্চিতাগ্রভাগ ছিল; হস্তে বলয় ছিল; সিংহের ন্যায় বিক্রম ও তাঁহাতে সকল সৌভাগ্যের চিহ্ন বিকসিত হইতে ছিল। তিনিই ভগবান বিষ্ণুর কলাবতাররূপে অমৃতপূর্ণ কলস হস্তে সাগর হইতে উদ্ভূত হইলেন। তিনি দেবাংশ বলিয়া যজ্ঞভাগ প্রাপ্ত হইলেন, আয়ুর্ব্বেদের প্রকাশেই তাহার প্রধান দৃষ্টি অর্থাৎ কার্য্য ছিল। তাঁহার নাম ধন্বন্তরী বলিয়া সর্ব্বত্র বিখ্যাত হইল। ৮। ৮। ২২। ২৩

হে মহারাজ! সেই পুরুষকে অমৃতপূর্ণ কলসহস্ত দর্শন করিয়া, সকল অসুরেরা তল্লাভে ইচ্ছাপূর্ব্বক, সমস্ত অমৃত গ্রহণেচ্ছায়, অমৃত কলস তাঁহারা হরণ করিল। সেই অমৃতপূর্ণ কলস দৈত্যগণ হরণ করিল দেখিয়া, দেবগণ বিষণ্ণমনা হইয়া ভগবান হরির আশ্রয় গ্রহণ করিলেন। ৮। ৮। ২৪

সেই ভক্তবৎসল ভগবান দেবগণের আনুগত্য ও প্রপন্নভাব দর্শন করিয়া কহিলেন; হে দেবগণ! তোমরা দুঃখিত হইও না; আমি আপনার মায়া সাহায্যে তোমাদের কল্যাণ এই দণ্ডেই সাধন করিব। ৮। ৮। ২৫

হে মহারাজ! যাহাদের মন সর্ব্বদা স্বার্থকামনায় ও অহংভোগে উন্মত্ত; সেই অসুরেরা অমৃত হরণ করিয়া; "আমি শ্রেষ্ঠ আমি অগ্রে অমৃত পান করিব; অন্যজনে বলিল আমি তোমা অপেক্ষা শ্রেষ্ঠ, আমি অগ্রে অমৃত পান করিব।" এই সকল আবেদনে ক্রমে ঘোর কলহ করিতে থাকিল। ৮। ৮। ২৬

যাহারা তাহাদের মধ্যে দুর্ব্বল তাহারা অগ্রে অমৃত পান করিতে না পাইয়া ঈর্ষাবশে প্রবলগণকে বলিতে থাকিল যে;—দেখ, দেবগণ আমাদের সহিত সমান পরিশ্রম করিয়াছেন; সত্যসঙ্গত করিলে যেমন আমরা উভয় দলে সমান অংশ পাই, সেইরূপ এই অমৃত তাহাদের অর্দ্ধভাগে দেওয়াই সনাতন ধর্ম্ম হইতেছে। হে মহারাজ! এইরূপ কলহের সময়ে, সর্ব্বোপায়বিদ্ ও সর্ব্বনিয়ন্তা ভগবান হঠাৎ পরমাদ্ভুত ও অনির্দ্দেশ্য কামিনীরূপ ধারণ করিলেন। ৮। ৮। ২৭

সেই কামিনীর বর্ণ উৎপলের ন্যায় উজ্জ্বল শ্যামবর্ণ, অঙ্গের সর্ব্বত্র সৌন্দর্য্যে পরিপূর্ণ ছিল। আভরণে যুক্ত অপূর্ব্ব কর্ণযুগল, সুন্দর কপোল, উন্নত নাসা এবং মনোহর আনন প্রকাশ হইল। নবযৌবনে তিনি যেন কৃশোদরী হইয়াছেন; স্তনভারে পীড়িত হইতেছেন; সেই মনোহর কটাক্ষযুক্ত লোচন সম্পন্ন বদন, কমল ভ্রমে সৌরভে আকুল হইয়া ভ্রমরাবলি কর্ত্তৃক উদ্বিগ্ন হইতেছিল। তাঁহার সুকেশভারে প্রফুল্ল মল্লিকা মালাশোভা পাইতে ছিল, তাঁহার সুন্দর গ্রীবা ও কণ্ঠে অলঙ্কার ছিল; মনোহর ভুজে অঙ্গদ ও বলয়াদি শোভিত ছিল। ৮।৮।২৮।২৯

দ্বীপের ন্যায় মনোহর কাঞ্চীযুক্ত তাঁহার যুগল নিতম্ব নির্ম্মল বসনে সুশোভিত ছিল; চঞ্চল চরণে নূপুর ধ্বনিত হইতেছিল। হে রাজন্! এবম্বিধরূপে কামে পূর্ণ, মৃদু হাস্যযুক্ত ভ্রূকটাক্ষে তিনি তৎক্ষণাৎ সমস্ত দৈত্যপতিগণের মনে কামের উদয় করাইয়া দিলেন। ৮।৮।৩০।৩১

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে অষ্টমধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। অসুরগণ অর্থাৎ ভোগপ্রবৃত্তি সমূহ দুঃখেও অন্ধ, সুখেও উৎসাহহীন হইয়া ভোগে উন্মত্ত থাকিতে ভালবাসে বলিয়া, উন্মত্ত ভাবোদ্দীপনকারী কামাসক্তি রূপিণী রমণীকে তাহারা আলিঙ্গন করিল। বিবেকশক্তিরূপী ধন্বন্তরী ভগবানের অংশ বিশেষ, তিনিই মোক্ষানন্দরূপী অমৃত উদ্ধার করিয়া ভোগসাগর হইতে উঠিলেন। অমৃতে অর্থাৎ দুঃখাতীত হইতে সকলেরই ইচ্ছা, এইজন্য সকলেই তদ্‌ভোগেচ্ছা করিলেন। এই অবস্থাতেও কিন্তু লোভ উপস্থিত হওয়া দুঃখের কারণ, ইহা বুঝাইতে অসুর কর্ত্তৃক হরণ বর্ণিত হইল। দুরদৃষ্টপূর্ণভোগকারী অহংবৃত্তিগণ প্রেমানন্দভোগ সম্মুখে থাকিতেও লাভ করিতে পারে না, ইহা বুঝাইতে স্বার্থ লইয়া কলহের কথা বর্ণিত হইল। তাহারা কামে উন্মত্ত এইজন্য ভগবান তাহাদের প্রবৃত্তিভোগ করাইতে কামমূর্ত্তিময়ী প্রবৃত্তিমূর্ত্তি ধারণ করিলেন। তন্মূর্ত্তি দর্শনে দেবতারা মুগ্ধ হইল না, অসুরেরা মুগ্ধ হইল। এই মোহের ফল কি হইল পরে বর্ণিত হইবে।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে অষ্টমাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্ম ব্যাখ্যা সমাপ্ত।

অথ নবম অধ্যায়।

পূর্ব্ব কথা সমাপ্ত করিয়া শ্রীশুকদেব রাজা পরীক্ষিৎকে সম্বোধন করিয়া কহিলেন:— হে মহারাজ! ভগবান পরে কি করিলেন তাহা শ্রবণ কর। সেই অমৃতপাত্রহরণকারী বলবান অসুরগণের সহিত দুর্ব্বল অসুরগণের মনোবাদ এবং বলিষ্ঠ অসুরগণের সহিত সম্মান ও জ্যেষ্ঠত্ব লইয়া ঘোর কলহ ও বন্ধুবিচ্ছেদ ঘটিয়া উঠিল। অবশেষে তাহারা

বারম্বার অমৃত গ্রহণার্থ সকলে কলহ ও বল প্রকাশ যখন করিতেছিল, সেই সময়ে তাহারা সম্মুখে সমাগতা (ভগবানের) কমনীয়া কামিনীমূর্ত্তি দর্শন করিল। ৮। ৯। ১

দর্শনমাত্রেই কামবশে পীড়িত হইয়া অসুরেরা পরস্পরে বলিতে থাকিল, আহা! আহা! এমন রূপতো দেখি নাই, যেন রূপের আকর স্বরূপ এই কামিনী হইতেছে। তাহাতে আবার নবীন বয়স!! অবশেষে তাহারা ব্যাকুল হইয়া সেই কামিনীর নিকটে গমনপূর্ব্বক জিজ্ঞাসা করিল। ৮। ৯। ২

অসুরেরা কহিল ঃ—হে পদ্মপলাশাক্ষি! তুমি কে? কোথা হইতে এস্থানে আগমন করিতেছ, তুমি কাহার কন্যা; আমাদের নিকটে কি ইচ্ছা করিতেছ? দেখ দেখ বামোরু! তুমি নিজ রূপে আমাদের মনকে ব্যথিত করিয়াছ!! ৮। ৯। ৩

তোমাকে দেখিয়া বোধ হইতেছে, আমাদের দৈত্য ও দৈত্যপতিগণ দ্বারা পূর্ব্বে বিবাহিত হও নাই; বোধ হয় দেবতা, সিদ্ধ গন্ধর্ব্ব, চারণ প্রভৃতির দ্বারাও দৃষ্ট পর্য্যন্ত হও নাই; প্রজাপতিগণও বোধ হয় তোমাকে স্পর্শ করিতে সক্ষম হয়েন নাই!! অতএব মানবে কেমন করিয়া তোমাকে পাইবে!! ৮। ৯। ৪

হে সুভ্রূ! তুমি কি শরীরীগণের মনোপ্রাণেন্দ্রিয়াদিকে প্রেমরসে আর্দ্র করিতে বিধাতা কর্ত্তৃক এস্থানে প্রেরিতা হইয়াছে, না যদৃচ্ছাক্রমে স্বয়ং আসিয়াছ? দেখ কামিনী? তোমাকে দেখিয়া আমরা মুগ্ধ হইয়াছি ও বশীভূত হইয়াছি; (অমৃত লইয়া) আমাদের স্পর্দ্ধাবান্ দেবদৈত্য জ্ঞাতিগণের মধ্যে ভয়ানক কলহ উপস্থিত হইয়াছে!! হে সুমধ্যমে! তুমি আমাদের মধ্যে যাহাতে শান্তি উপস্থিত হয় এরূপ উপায় করিতে পার কি? ৮। ৯। ৫

হে কামিনি! (আমরা সামান্য ব্যক্তি নহি!!) বুঝিয়া দেখ, দেবদৈত্যগণে উভয়েই প্রজাপতি কশ্যপের পুত্র; আমরা সকলেই স্বাধীন ও পুরুষার্থসম্পন্ন ভ্রাতা সমূহ হইতেছি। তুমি এই অমৃত লইয়া যথা ন্যায়ে উভয়দলকে বিভাগ করিয়া দাও, যেন কাহারো অল্প কাহারো অধিক না হয়।

হে মহারাজ! সেই মায়া কামিনীমূর্ত্তিধারী হরি, দৈত্যগণ কর্ত্তৃক এইরূপে (অমৃত বণ্টনার্থ) নিমন্ত্রিত হইলে, আপনার মনোহর বদনে ঈষৎ হাস্য করিয়া ও মধুরচক্ষে কটাক্ষযোগে দেখিতে দেখিতে, তাঁহাদের এই কথা বলিয়া দিলেন ঃ—৮। ৯। ৬

শ্রীভগবান কহিলেন ঃ—

হে কশ্যপাত্মজগণ! পণ্ডিতগণ কামিনীর উপরে বিশ্বাস স্থাপন করিতে বারম্বার নিষেধ করিয়াছেন। অতএব আমার ন্যায় পুংশ্চলীর প্রতি বিশ্বাস করা তোমাদের পক্ষে কি সঙ্গত হইল!! ৮। ৯। ৭

হে দেবশত্রু দৈত্যগণ! কুক্কুর ও স্বৈরিণী নারীর সহিত কখন প্রেম করিতে নাই; ইহাদের ভালবাসা অনিত্য, কারণ ইহারা নিত্য নূতন নূতন প্রয়াস করিয়া থাকে। ৮। ৯।৮

শ্রীশুকদেব কহিলেন ঃ—হে মহারাজ! ভগবানের পূর্ব্ব কথায় দৈত্যগণ অতি প্রগাঢ় বিশ্বাস স্থাপন করিল। পরে গম্ভীর স্বরে হাস্য করিয়া (কামিনীকে জানাইল যে;) আমরা বুদ্ধিমান্, আমরা দর্শনমাত্রেই তোমাকে পবিত্রা ও বিশ্বাসের উপযুক্তা পাত্রী

বলিয়া জানিয়াছি। সকলে তৎক্ষণাৎ অমৃতপূর্ণ কলস লইয়া কামিনীর হস্তে প্রদান করিল।৮।৯।৯

হে রাজন্! ভগবান সেই অমৃত ভাণ্ডহস্তে করিয়া, মধুরহাস্যে (তাহাদের মনোহরণ করিয়া) কহিলেন; আমি রমণী হইতেছি; আমি যাহা করিব তাহা ভাল হউক বা মন্দই হউক তোমরা আমাকে তিরস্কার বা আমার উপরে বিরক্ত হইবে না, ইহা যদি স্বীকার কর, তবে আমি এই সুধা বিভাগপূর্ব্বক পরিবেশন করিতে পারি।৮।৯।১০

ব্যাখ্যা। এই কয় শ্লোকে ভগবন্মহিমা ও প্রবৃত্তিপূর্ণ জীবের অর্থাৎ অসুরগণের দুর্ভাগ্যের কথা বলা হইল। যেমন বারি যতই মলিন পদার্থস্তরে মিশ্রিত হউক না কেন, তাহার যে শৈত্যগুণ বা রসনগুণ ইহা নষ্ট হয় না। তদ্রূপ ভগবান মায়াতে আবৃত প্রবৃত্তি-ময়ী রমণীমূর্ত্তি ধারণ করিলেন, তথাপি তাঁহাকে দেখিয়া প্রেম করিতে, বা বিশ্বাস করিতে, তাঁহার তত্ত্ব বিষয়ে অজ্ঞাত অসুরেরাও যখন ভুলিল না, তখন জ্ঞানমাত্রে যে জীবে ভগবানে আত্মসমর্পণ করিবে, ইহার আশ্চর্য্য কি!! অসুরভাব অতত্ত্বজাত, এইজন্য রূপে মুগ্ধ হইল। জীবের ভোগবৃত্তি শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধাদি বিষয়ের রূপে মুগ্ধ হইয়া মায়া মোহে এত উন্মত্ত হয় যে মৃত্যু, শোক, ব্যাধি জরাতে ভীষণ ক্লেশ পাইলেও সেই বিষয়াসক্তি হইতে উদ্ধার হইতে ইচ্ছা করে না। ভগবানের কামিনীরূপ বলিবার তাৎপর্য্য এই যে:—লোকে কামিনী উপভোগকালে, তাহার রূপে, অঙ্গস্পর্শে, প্রেমরসে ও অঙ্গগন্ধে উন্মত্ত হইয়া থাকে। শব্দাদিও ভগবৎশক্তি কিন্তু মায়াজাত, এইজন্য বিষয়াদিতে প্রবৃত্তিপূর্ণ ভগবৎশক্তিকে কামিনীমূর্ত্তি বা দেখিলেই কামের বা ভোগের ইচ্ছা প্রবল হয়, এমন মূর্ত্তি অসুরের চক্ষে পতিত হইল। দেবতাগণ তাঁহাকে প্রকৃতির অতীত মুক্তিদাতা ঈশ্বর বলিয়া বুঝিলেন। অসুরগণ তাঁহাকে মোহিনী মূর্ত্তিতে মণ্ডিত ভোগের আধার ভাবিয়া মুগ্ধ হইল। ভোগাসক্তি জীবকে কত দুর্দ্দশাপন্ন করে তাহা বুঝাইতে বলা হইল যে:—যে ভগবান স্বয়ং মুক্তিদাতা তাঁহাকে অসুরেরা নিকটে পাইয়া চিনিল না; যে অমৃত পান করিলে অমর হওয়া যায়, সে অমৃত উদ্ধার করিল, হরণ করিল, কিন্তু ভোগ করিবার ক্ষমতা হইল না, পাছে ভগবান বঞ্চনা করিতেছেন, এই দোষ আখ্যায়িকা-বর্ণনচ্ছলে উপস্থিত হয়, এইজন্য শ্রীভগবান, অসুরগণকে কহিলেন যে:— আমি অমৃত বিভাগে যাহা উপযুক্ত ভাবিব তাহা করিব, তাহাতে তোমাদের ভাল কি মন্দ যাহাই হউক, আমার প্রতি বিরক্ত হইতে পারিবে না।" অসুরগণ হিতাহিত বিবেকশূন্য; মুগ্ধ, অতএব পূর্ব্ব পশ্চাৎ সকল ভুলিয়া ভোগে আসক্ত হইল। ইহাই তাৎপর্য্য হইতেছে। কামিনীরূপী প্রচুর ভোগ সম্মুখে দেখিয়া অসুরগণ আপনারাই সেই ভোগ করিবে স্থির করিয়া দেবগণকে অর্দ্ধেক অমৃত দানে স্বীকার করিল।

হে মহারাজ! যখন ভগবান দৈত্যগণকে পূর্ব্ব কথা কহিলেন:—সেই অসুরপুঙ্গবেরা প্রকৃত তত্ত্ব না জানিয়া এবং জানিতে চেষ্টা পর্য্যন্ত না করিয়া কামিনীর পূর্ব্ব কথা শ্রবণ-পূর্ব্বক কহিল, "তুমি যাহা ইচ্ছা, কর, আমরা বিরক্ত হইব না এবং কিছু বলিব না।"

অমৃতভোজনরূপী মঙ্গল কার্য্য সুসিদ্ধ হইবে বলিয়া দেবতা ও দৈত্যগণে এক অহো-রাত্র উপবাস করিয়া অধিবাস করিল। অবশেষে কৃতস্নান হইয়া, অগ্নিতে হবি প্রদান করিয়া, গো বিপ্র ও সর্ব্বপ্রাণীকে নমস্কার করিয়া, নিজ নিজ পুরোহিত গুরুগণ কর্ত্তৃক আশীর্ব্বাদিত হইয়া, অখণ্ড ও উপযুক্ত বস্ত্রাদি পরিধান করিয়া, অল-ঙ্কারে অভিভূষিত হইয়া উভয় দেবদৈত্যগণ কুশাসনের অগ্রভাগে উপবেশন করিল।৮।৯।১১।১২

যে গৃহে অমৃত বণ্টন হইবে, সেই গৃহটিকে মাল্য ও দীপাদিতে সুসজ্জিত এবং সুগন্ধি ধূপে আমোদিত করা হইল, সেই গৃহে কুশাসনে উভয় দেব ও দৈত্যগণ উপবেশন করিল।৮।৯।১৩

হে নরেন্দ্র! সেই সময়ে সেই ভগবন্মোহিনী মূর্ত্তির করিশুণ্ডের ন্যায় উরুদেশ মন্থর গমনে কম্পিত ও দুকূলের আচ্ছাদনে নিতম্ব সুন্দর দেখাইতেছিল। তখন তিনি যেন মদিরা পানে বিহ্বলাক্ষী হইয়াছিলেন, ঘটের ন্যায় স্তন যুগল ধারণ করিয়াছিলেন। এইরূপ মনোহর বেশে চরণে কনক নূপুর ধ্বনি করিতে করিতে, করতলে অমৃতকুম্ভ ধারণ করিয়া তিনি সেই গৃহে প্রবেশ করিলেন।৮।৯।১৪

হে মহারাজ। সেই পরম দেবতাখ্য হরি এক্ষণে নারীমূর্ত্তি ধরিয়া যেন রমাদেবীর সখী হইলেন; কনককুণ্ডলচারুকর্ণনাসাকপোলযুক্ত বদনা, মন্থর গমনে স্তন হইতে বিগলিত বসনা সেই কামিনীকে আনন্দ চক্ষে দেবাসুরগণ দর্শন করিয়া একেবারে হতচেতন হইল।৮।৯।১৫

নীতি শাস্ত্রকারেরা কহেন, যেমন সর্পকে দুগ্ধদান তাহাদের বিষবৃদ্ধির কারণ, তদ্রূপ এই নৃসংশ জাতি অসুরগণকে সুধা দান নীতি শাস্ত্রানুসারে অনুপযুক্ত হইতেছে। (তুমি যাহা করিবে তাহাই আমাদের গ্রাহ্য এরূপ অনুমতি অসুরগণ করিয়াছিল বলিয়া) অচ্যুত ভগ-বান, অসুরগণকে অমৃত প্রদান করিবেন না ইহা ভাবিলেন। দেবতা ও অসুরগণকে পৃথক পৃথক পংক্তি কল্পনা করিয়া, সেই জগৎপতি, দেবতার পংক্তিতে দেবগণকে এবং অসুরের শ্রেণীতে অসুরগণকে উপবেশন করাইলেন।৮।৯।১৬।১৭

হে মহারাজ! অমৃতকলসী হস্তে করিয়া ভগবান কামিনীজনোচিত মধুর বাক্যে অসুরগণকে সম্মানিত ও মুগ্ধ করিয়া সেই জরামৃত্যুহরা সুধা লইয়া নিকট বা দূরস্থ সকল দেবগণকে পান করাইলেন।৮।৯।।১৮

অসুরগণ ভগবানের প্রেমস্নেহদৃষ্টিতে মুগ্ধ হইয়াছিল। তিনি যাহা করিবেন, তাহাই স্বীকার্য্য এইরূপ পূর্ব্ব প্রতিজ্ঞা স্মরণ এবং নারীজনের সহিত বিবাদ অতি ঘৃণার কার্য্য ইহা বিবেচনা করিয়া অসুরগণ স্থির হইয়া থাকিল।৮।৯।১৯

হে রাজন্! ভগবান কামিনী মূর্ত্তিজাত মধুর বচনে তাহাদের মান বর্দ্ধন করিয়া-ছিলেন; সেই সকল সাদর সম্বোধনে আবদ্ধ হইয়া; পূর্ব্বে ঐ কামিনী অতিশয় প্রণয় দেখা-ইয়াছিলেন; সেই প্রণয় সম্ভোগার্থ কাতর হইয়া (দেবগণ অমৃত খাইতেছিল, এতদ্দর্শনেও) অসুরগণ রমণীকে কোন প্রকার অপ্রিয় কথা কহিল না।৮।৯।২৯

ব্যাখ্যা। প্রবৃত্তি ও নিবৃত্তি বা পুণ্যগত উভয় বৃত্তির একত্রে মিলন সঙ্ঘটনে আনন্দামৃত উদ্ধার হয় না। তদ্রূপ উভয় বৃত্তি মিলিত হইয়া নখীতে আবদ্ধ ও ভগবানে প্রপন্ন না হইলে আনন্দামৃত উপভোগও হয় না। ইহা বুঝাইতেই দেবাসুরের সমভাগে সুধাভোজনে সম্মতি অসুরেরা প্রকাশ করিল। দেবগণ মোহিনী মূর্ত্তির তত্ত্বে আত্মসমর্পণ করিলেন, ইহাই পুণ্যবৃত্তির স্বধর্ম্ম হইতেছে। পরমাত্মাতে উহারা আত্মসমর্পণ করে। প্রবৃত্তিজনিত অসুরগণ পরমাত্মমায়াশোভারূপী বাহ্যরূপে উন্মত্ত হইল। আনন্দামৃত জ্ঞানেরই প্রাপ্য, ভগবান ইহা বুঝাইতে দেব ও অসুরগণকে একত্রে মিলন ও উপবেশন করাইলেন। বাহ্যরূপে অসুরগণ মুগ্ধ হইল। ভগবান প্রপন্ন দেবগণকে সুধা পান করাইলেন। দূরস্থ হইলেও কৃপাবশে দেবগণকে প্রেমানন্দ দান করিলেন। অসুরেরা দুর্ভাগ্যবশতঃ এতদ্দর্শনেও কিছু করিতে বা বলিতে পারিল না। কারণ উহা তাহাদের ভোগ্য নহে। অনধিকারী হইয়া ভোগেচ্ছা করিলে তাহার কি দুর্দ্দশা হয়, তাহা পরে রাহুসংহার আখ্যায়িকায় বর্ণিত হইবে।

হে মহারাজ॥ রাহু নামে এক দৈত্য অমৃতলোভে আকুল হইয়া কপট দেবমূর্ত্তি ধারণ করিয়া সূর্য্য ও চন্দ্রের মধ্যে উপবেশন করিয়া অমৃত পান করিতেছিল। চন্দ্র ও সূর্য্য দেবতা ইহা জানিতে পারিয়া ভগবানের নিকটে প্রকাশ করিলেন। ৮। ৯। ২১

রাহু দৈত্য তদ্দণ্ডে পান করাতে অমৃত তাহার কণ্ঠের নিম্নে যায় নাই; হরি তৎক্ষণাৎ নিজ তীব্রধারসংযুক্ত সুদর্শনচক্রে তাহার পানকারী শিরোদেশ ছেদন করিলেন। তাহার শিরশূন্য দেহ ভূমে পতিত হইল। ৮। ৯। ২২

অমৃতস্পর্শে রাহু দৈত্যের শিরোদেশ অমরত্ব লাভ করিয়াছিল বলিয়া ভগবান ব্রহ্মা তাহাকে গ্রহরূপে দেবলোকে স্থান দিলেন। কিন্তু দুশ্চরিত্র বশতঃ সেই শত্রুভাধারী রাহু চিরদিন পর্ব্বে পর্ব্বে চন্দ্র ও সূর্য্যকে আক্রমণ ও পীড়ন করিয়া থাকে।

হে মহারাজ! ত্রিলোকপালনকারী ভগবান হরি, এইরূপে দেবগণকে সমস্ত অমৃত পান করাইয়া, সেই অসুরপতিগণের সমক্ষে মোহিনী মূর্ত্তি তিরোহিত করিয়া স্বরূপ মূর্ত্তি ধারণ করিলেন। ৮। ৯। ২৩

হে মহারাজ! এই দেব ও অসুরগণ উভয়েই অমৃত উদ্ধারের জন্য সমানভাবে ক্ষীরসাগরের তীরে আগমন করিল, এক সময়ে মন্থন করিল, মন্থনের হেতুস্বরূপ মন্দরাদি আনয়ন করিল, ঔষধিসমূহ ক্ষেপণরূপী অমৃতোদ্ধারের অর্থ বা উপায় সকলেই একভাবে অবধারণ করিল। এক বুদ্ধিতে উৎসাহিত হইয়া, সমান আয়াসে মন্থনকার্য্য করিয়াছিল। কিন্তু ফলভোগকালে উভয় পক্ষে বিভিন্ন হইল। ভগবানের চরণকমলে একান্ত প্রপন্ন দেবগণ অমৃতরূপী ফল অনায়াসে লাভ করিলেন; অসুরেরা তাহা প্রাপ্ত হইল না। ৮। ৯। ২৪

হে মহারাজ! মনুষ্যগণ, প্রাণ, ধন, মন ও বাক্যাদি দ্বারা দেহ পুত্র পরিবারাদিতে যতই আগ্রহ প্রকাশ করুক না কেন, ভগবদ্ভক্তি হইতে উহা পৃথক ব্যবহৃত হইল বলিয়া

ঐরূপ চেষ্টা বৃথা হইয়া থাকে ; কিন্তু যেমন মূলে জল সেচনে শাখা পত্রাদি সকলেই জীবিত ও পুষ্ট থাকে, শাখায় জল দিলে কখন বৃক্ষ জীবিত থাকে না, তদ্রূপ অপৃথকভাবে একান্ত আগ্রহের সহিত সেই ভগবানে, ধন, প্রাণ, মন বাক্যাদি অর্থাৎ আত্মসমর্পণ করিলে, তাহা হইতে যে ফললাভ হয়, সে ফলে ভোগেরও মঙ্গল সাধিত হয় এবং মোক্ষও লাভ হইয়া থাকে। ৮। ৯। ২৫

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে নবমাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। অনধিকারীতে জ্ঞানামৃত দান করিলে, তাহার পূর্ব্ব চরিত্র ক্ষয় হয় না, সেই জ্ঞানবলে বরং তাহার দুশ্চরিত্র বর্দ্ধিত হইয়া থাকে। এইটি বুঝাইতে আনন্দামৃতে অনধিকারী রাহু দৈত্যের আখ্যায়িকা বলা হইল। অমৃত পানে তাহার অমরত্ব লাভ হইল, কিন্তু হরিপরায়ণত্ব দ্বারা তাহার দুষ্কৃতি ক্ষয় হয় নাই বলিয়া অমরত্ব পাইয়াও চন্দ্রসূর্য্যের চিরবৈরী হইয়া থাকিল। অসুরভাবে অমৃত লাভ হয় না বলিয়া লোভাদি বৃত্তিরূপী রাহু দেবতার অর্থাৎ ভক্তিমণ্ডিত রূপ ধারণ করিয়া তত্ত্বজ্ঞানামৃত লাভে সক্ষম হইল। কিন্তু চন্দ্রসূর্য্যরূপী চিরবিশ্বাসী ভগবানের চক্ষের নিকট তাহা গোপন থাকিবে কেন? পরমাত্মা অমৃতপানে অধিক পরাক্রম হইবে বলিয়া লোভের মস্তকচ্ছেদন করিলেন; সেই ছিন্নমুণ্ডও দেববৈরী থাকিল। অর্থাৎ দুর্জ্জন বা তাহার সম্পর্ক ও দুষ্কৃতি বিনাশ না হইলে সুজন হয় না, ইহাই তাৎপর্য্য। গ্রহণচিহ্নে পৌরাণিকগণ চন্দ্রসূর্য্যের আবরণ চিরদিন দেখাইয়া এই ভাবের উদ্দীপন করেন। পরে পঞ্চবিংশতি শ্লোকে দেবগণে কেন অমৃতপান করিলেন, তাহার তাৎপর্য্য প্রকাশ হইল। ভগবান এই অমৃতপানে পুণ্যবৃত্তিগণকে আত্মজ্ঞানবান ও অনুগত করিয়া নিজ জ্যোতির্ম্ময় রূপ দেখাইলেন; জীব মুক্ত হইল। এই রূপ অসুরের সমক্ষে ধরিলেও তাহারা দেখিতে পায় নাই। মন্দর ও বাসুকী প্রভৃতির অধ্যাত্ম তাৎপর্য্য প্রথমাদি স্কন্ধে বলা হইয়াছে।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে নবমাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ দশম অধ্যায়।

শ্রীশুকদেব রাজা পরীক্ষিতকে সম্বোধন করিয়া কহিলেন:—

হে মহারাজ! দৈত্যগণ কেহই অনুপযুক্ত ছিল না, সাগরমন্থন কার্য্যেও সকলে দেবতাদিগের ন্যায় সমান যত্ন করিয়াছিল, তথাপি তাহারা কেবল বাসুদেবপরাঙ্মুখ হইয়া অমৃতলাভে বঞ্চিত হইল। হে রাজন্! সেই ভগবান গরুড়বাহন হরি সকল প্রাণী দেবতাগণের সমক্ষে অমৃতবণ্টনকার্য্য সাধন করিয়া আপনার অনুগত ভক্তস্বরূপ দেবগণকে পান করাইয়া নিজ বৈকুণ্ঠধামে গমন করিলেন। সেই সময়ে অসুরগণ পরমশত্রু দেবতাগণের অমৃতপানাদি অপূর্ব্বসিদ্ধি ও তাঁহাদের উন্নতি দর্শন করিয়া অসহ্য বোধ করিল। দ্বেষবুদ্ধি অবলম্বন করিয়া দেবতাগণের সহিত যুদ্ধ আরম্ভ করিবে বলিয়া সশস্ত্র হইয়া

তাঁহাদের প্রতি ধাবমান হইল। এঁকে দেবগণ অমৃতপানে বলীয়ান্ হইয়াছিলেন, তদুপরি আবার ভগবান নারায়ণে একান্ত প্রপন্ন ছিলেন, তাঁহারাও অসুরগণের বিক্রমকে আক্রমণ করিতে যুদ্ধে প্রস্তুত হইলেন। ৮। ১০। ১

ব্যাখ্যা। এই দশমাধ্যায়ে দেবাসুরসংগ্রামের আখ্যায়িকা বলা হইবে। ভগবৎ-প্রপন্ন না হইলে অথচ সর্ব্ব ক্ষমতার দক্ষ থাকিলেও জীব সৌভাগ্য লাভে সক্ষম হয় না। ইহার প্রমাণ উপাখ্যানাকারে দেখানই এই অধ্যায়ের তাৎপর্য্য হইতেছে। সমস্ত অধ্যায়ের প্রকৃত অধ্যাত্ম ও লৌকিক তাৎপর্য্য এই এক শ্লোকে উপক্রম করা হইল। দেবগণকে বলা হইল, তাঁহারা কিরূপ? নারায়ণপদাশ্রয়ী। আর অসুরগণ কিরূপ? বাসুদেব-পরাঙ্মুখী। এই নারায়ণপদাশ্রয়ী ও বাসুদেবপরাঙ্মুখীতে সংসারে কি প্রভেদ ঘটে, এবং উহাদের সহিত চিরদিন জীবসংসারে কি সম্বন্ধ থাকে, তাহাই এই অধ্যায়ে বলা হইতেছে। শ্রীশুক রাজাকে বলিলেন:—হে মহারাজ! সেই দানব ও দৈত্যগণে সকলেই উপযুক্ত, কারণ তাঁহাদের কুল, শীল, বল, জ্ঞান, ধন ও সম্মানাদি কিছুরই অভাব ছিল না। কশ্যপ মহর্ষির সন্তান, দিতিনাম্নী মহিমান্বিতা কামিনীর গর্ভজাত বহু বলশালী গোষ্ঠিতে একত্রে অবস্থিত; ধনে অতুলনীয়, বলে অতুলনীয়, জ্ঞানে স্বয়ং শুক্রচার্য্য যাহাদের গুরু, সম্মানে যাহারা বাসুকীর পুচ্ছ পর্য্যন্ত ধরে নাই, এরূপ সকল ক্ষমতা ও বীর্য্যসম্পন্ন হইলেও তাহারা বাসুদেব-পরাঙ্মুখী থাকাতে সকল উপযুক্ত অবস্থা বৃথা হইল। এস্থলে বাসুদেব শব্দ প্রয়োগের তাৎপর্য্য এই যে:—ভগবানের অন্যান্য নামে মহা মহা রসের ও তত্ত্বের চাতুরী প্রকাশ পায়, সেই সকল "গোবিন্দ কৃষ্ণাদি" নাম মহাভক্তিরসব্যঞ্জক হইতেছে; বাসুদেব নামের অর্থে সত্ত্বগুণের অন্তর্যামী আত্মাকে বুঝায়, এইটি ভগবানের সামান্য বিভূতি হইতেছে। এই সামান্য অন্তর্যামীত্ব বিভূতিও যাহাদের গোচর হইল না, তাহারা সম্পূর্ণ অভক্ত হইতেছে। অতএব ভক্তিপূর্ণ দুর্ব্বল ও ভক্তিশূন্য, সকল সম্পদে পূর্ণ, এই উভয়ের মধ্যে ভক্তির এতই ক্ষমতা যে ভক্তের জন্য হরি স্বয়ং আসিয়া তাঁহাদের সমস্ত ভাগ্যফল বিধান করেন। ভক্তিশূন্য ব্যক্তি সেই সকল কৃপাবিধাতা হরির সম্মুখে থাকিয়াও তাঁহাতে প্রপন্ন হইতে পারে না এবং তাঁহার কৃপাও পায় না। দেবাসুরের তুলনায় দেখান হইল, যে, কশ্যপের পুত্র হইয়া ভক্তিবলে দুর্ব্বল দেবতাগণ অমৃত অর্থাৎ সকল সৌভাগ্য লাভ করিলেন। সেই কশ্যপের পুত্র ও বীর্য্যবান হইয়াও দিতির গর্ভজগণ কেবল ভক্তিবিহনে হরির নিকটস্থ হইয়া অসুরভাবে পরিণত হইয়া থাকিল।

এই দেবাসুরের তুলনায় অধ্যাত্মপক্ষে জীবকে দেখান হইতেছে যে রিপুবর্গ ও অজ্ঞানের বৃত্তিসমূহ অসুররূপে দেহরূপী জীবকায়াতে বর্ত্তমান; সেই কায়াতেই জ্ঞান, বুদ্ধি এবং সাত্ত্বিকবৃত্তিরূপী দেবতাগণ বর্ত্তমান। উভয়েরই অন্তর্যামী হরি আত্মারূপে বর্ত্তমান থাকেন। কিন্তু অসুর বা অজ্ঞান ও রিপুগণ সমস্ত জীবজগৎকে অধিকার করিয়া আছে। দেবভাব কেবল রাজসিক ও সাত্ত্বিক মানবদেহের অন্তরে আছে। দেবভাব এত অল্পসংখ্যক

হইলেও কেবল ভগবৎকৃপাপ্রভাবে সমস্ত জগৎব্যাপী অসুরভাবকে আক্রমণ করিয়া আপনারা চিরপবিত্র স্বর্গ ও সৌভাগ্য ভোগ করিয়া থাকে। দেববৃত্তিগুলির এইজন্ত চিরদিনই সুখ ও আনন্দভোগ করিবার জন্ত চেষ্টা বর্ত্তমান। আর অসুর বা পশুবৃত্তিগুলির সর্ব্বদা বিষয়ভোগ করাইবার জন্ত প্রয়াস হইয়া থাকে। এই সুখস্পৃহা বর্ত্তমান থাকাতে কেবল সাত্বিক ও রাজস্ ভাবসম্পন্ন মানব সংসারে ঘোর দুঃখানুভব করিয়া দুঃখাতীত অমৃতানন্দ পানের জন্ত ব্যস্ত হয় এবং ভগবানের কৃপায় ভক্তিবলে তাহারা পরমানন্দলাভে সক্ষমও হইয়া থাকে। এই জীবসংসারের সুখদুঃখভোগ ও পরমানন্দলাভের কার্য্যই লৌকিক উপাখ্যানে শ্রীব্যাসদেব প্রকাশ করিয়াছেন। দেববৃত্তিগুলিকে বিষয়ে আকর্ষণ করাই দেবাসুরসংগ্রামের অধ্যাত্ম তাৎপর্য্য বুঝিতে হইবে। এই প্রকৃত লৌকিক ও আধ্যাত্মিক তাৎপর্য্যই উপাখ্যানাকারে ক্রমে প্রকাশ হইতে চলিল।

হে মহারাজ! এই অমৃতবণ্টন ঘটনার অপেক্ষা করিয়াই দেবাসুরে ভয়ানক সমর হইয়াছিল। সেই মহারণ ক্ষীরোদসাগরের তীরেই ঘটিয়াছিল, এবং সেই ঘটনা এত ভীষণ হইয়াছিল, যে এক্ষণেও শ্রবণ করিলে শরীর রোমাঞ্চিত হইয়া থাকে।৮।১০।২

যখন উভয় দলে সংগ্রাম আরম্ভ হইল, সেই সময়ে পরস্পরে পরস্পরকে মহাশত্রু বিবেচনা করিয়া, অসি, বাণ ও মহা মহা অস্ত্রাদি আঘাত করিতে থাকিল। শংখ, তূরী, মৃদঙ্গ, ভেরী, ডমরু প্রভৃতি বাজিতে থাকিল। রণভূমিতে হস্তী, অশ্ব, রথারূঢ় এবং পদাতিক বীরগণের সিংহনাদে সেই স্থান একেবারে আকুল হইয়াছিল। হে মহারাজ! রথী দেবতাগণের সহিত রথী অসুরগণের, পদাতিক দেবগণের সহিত পদাতিক অসুরগণের, অশ্বারোহী দেবগণের সহিত অশ্বারোহী অসুরগণের, হস্ত্যারোহী দেবগণের সহিত হস্ত্যারোহী অসুরগণের তুমুল সংগ্রাম হইতে থাকিল। অসুরগণের মধ্যে কেহ উষ্ট্রারোহণে, কেহ হস্তী-আরোহণে, কেহ গর্দ্দভারোহণে, কেহ গৌরমুখ (হরিণবিশেষ), কেহ ভল্লুক, কেহ ব্যাঘ্র, কেহ সিংহ প্রভৃতি লইয়া সমরে অগ্রসর হইল; কেহ কেহ গৃধ্র, কেহ কঙ্ক, কেহ বক, কেহ শ্যেন, কেহ ভাসাদি মহা মহা পক্ষী লইয়া আকাশপথে সমরে আসিল; কেহ কেহ তিমিঙ্গিল মৎস্যারোহণে জলে ভাসিয়া সমর করিতে থাকিল; কেহ কেহ শরভ, মহিষ, গণ্ডার, গো, বৃষ, গবয়, অরুণ, কেহ কেহ শৃগাল, ইন্দুর, কৃকলাস, শশক, নর, ছাগল, কৃষ্ণসার, হংস ও শূকরাদি লইয়া সমরে প্রবৃত্ত হইল। কেহ কেহ জলস্থল-চর পক্ষী ও অন্যান্য বিকৃত মূর্ত্তিধারী প্রাণিগণকে লইয়া সমরে উপস্থিত হইল। উভয় দলের মধ্যে দেবসেনাগণ একশ্রেণীতে দণ্ডায়মান হইলেন। আর তাঁহাদের অগ্রে অসুর-সেনাগণ উপস্থিত হইল।৮।১০।৩

হে মহারাজ! এই উভয় দলের মধ্যে মনোহর ধ্বজাগুলি আকাশে উড্ডীন হইতেছিল, মনোহর ও অমল শ্বেতচ্ছত্রগুলি শোভা পাইতেছিল, হে পাণ্ডব! মহারত্নে জড়িত বজ্রাস্ত্র, দণ্ড, ময়ূরপুচ্ছনির্ম্মিত বীজনী, চামরসমূহ, বায়ুতে কম্পিত উত্তরীয়, উষ্ণীষ, শক্তি, বর্ম্ম, ভূষণাদি এবং অন্যান্য শস্ত্রাদি সূর্য্যরশ্মিতে প্রতিফলিত ও জ্যোতির্ম্ময় হইয়া সেই দেবদানব-

সম্পর্কীয় বীরগণকে এমন শোভান্বিত করিয়াছিল, যেন মকর তিমিঙ্গিলাদিমণ্ডিত ঘোর উত্তাল তরঙ্গাকুল দুইটী সাগরের ন্যায় শোভা হইয়াছিল। ৮। ১০। ৪।৫

হে মহারাজ! বিরোচন অসুরপতির পুত্র বলি, সেই মহাসমরে সেনাপতিত্ব গ্রহণ করিলেন। ময়দানবনির্ম্মিত বৈহায়স নামে এক কামচারী যানে (তিনি আরোহণ করিলেন।) হে বিভো! সেই কামচারী বৈহায়স যান অপূর্ব্ব কৌশলে প্রস্তুত হইয়াছিল। মহাশিল্পি ময়দানব তাহারই মধ্যে সংগ্রামের উপযোগী সমস্ত সামগ্রী ও অস্ত্রশস্ত্রাদি রক্ষা করিয়াছিল; তাহা এত আশ্চর্য্য যে বুদ্ধিতে সহজে বুঝা যায় না; নিশ্চয় করা যায় না। তাহা কখন দেখা যায়, কখন অদৃশ্য হইয়া থাকে। সেই যানে মহাবলি বলিরাজ আসীন হইলে চতুর্দ্দিকে চামর, বীজনী ও ছত্রাদি শোভিত হইল। সকল অসুর বীরগণ তাঁহার চতুর্দ্দিকে আসিয়া বেষ্টন করিল। এই অবস্থায় তাঁহাকে উদয়াচলে অবস্থিত নক্ষত্রগ্রহমধ্যবর্ত্তী নিশাপতি চন্দ্রের ন্যায় দেখাইতেছিল। হে মহারাজ! মহীপতি বলী যখন সেই যানে উপবিষ্ট হইলেন, সেই সময়ে চতুর্দ্দিক হইতে নমুচি, শম্বর, বাণ, বিপ্রচিত্তি, অয়োমুখ দ্বিমূর্দ্ধা, কালনাভ, হেতি, প্রহেতি, ইল্বল, শকুনি, ভূতসন্তাপ, বজ্রদংষ্ট্রা, বিরোচন, হয়গ্রীব, শঙ্কুশির, কপিল, মেঘদুন্দুভি, তারক, চক্রজিত, শুম্ভ, নিশুম্ভ, জম্ভ, উৎকল, অরিষ্ট, রিষ্টনেমি, ত্রিপুরাধিপতি ময়, নিবাত, কবচ এবং পুলোমা ও কালেয় বংশীয় অসুরাদি যাহারা বহুবার মহা মহা সমরে অবহেলায় দেবতাগণকে পরাজয় করিয়াছিল এবং বর্ত্তমানে যাহারা সাগরমন্থনে কেবল পরিশ্রমই করিল, অথচ অমৃতলাভ করিতে পারিল না; তাহারা সকলেই এই ঘোর সংগ্রামের অগ্রভাগে উপস্থিত হইল। ঘোর সিংহনাদ করিয়া মহারবকারী, মহাশংখ সমস্ত বাজাইতে থাকিল।

হে মহারাজ! দিবাপতি সূর্য্যদেব যেমন প্রস্রবণপ্রবাহী উদয়াচলে আরোহণ করেন; সেইরূপ বলক্ষয়কারী স্বর্গাধিপতি ইন্দ্রদেব শক্র অসুরগণের বল,গর্ব্ব মর্দন করিয়া ভয়ানক কুপিত হইয়া মদস্রাবী দিগ্‌গজ ঐরাবতে আরোহণ করিয়া গগনপটে প্রকাশ হইলেন। ৮। ১০। ৬।৭

হে মহারাজ! স্বর্গাধিপতি এইরূপে প্রকাশ হইলে, তাঁহার সমীপে বহুবিধ যান, বাহন ও অস্ত্রাদি সমন্বিত বায়ু, অগ্নি, বরুণাদি লোকপাল দেবতাগণে আপনাপন দেবসেনার সহিত উপস্থিত হইলেন। ৮। ১০। ৮

ব্যাখ্যা। এই দ্বিতীয় শ্লোক হইতে অষ্টম শ্লোক পর্য্যন্ত উভয় দলের সমরোদ্যোগের কথা বলা হইল। অসুরগণকে বলবীর্য্য ও সম্মানী বলা হইয়াছে, সহায় সম্পদ থাকিতেও ভক্তিহীনে সর্ব্বক্ষয় বুঝাইতে অসুরপক্ষের উদ্যোগটী সাত শ্লোকে বর্ণনা করিলেন। এই ভীষণ উদ্যোগ নিত্যই সংসারে ঘটিয়া থাকে। কামক্রোধাদির উদোগে বহু বেগ, দম্ভ ও আস্ফালনাদি প্রয়োগ হইয়া থাকে। ব্রত তপস্যা বা সমাধি পুণ্যকার্য্যে তাহার প্রয়োজন হয় না। অথচ জ্ঞান ও ভক্তিবলে পবিত্র শক্তিগুলি চিরদিন সর্ব্বশ্রেষ্ঠ হইতেছে। তাহার উপমাস্বরূপ ব্যাসদেব শুকোক্তিতে বলিলেন :—বলীরাজ নিশাপতি চন্দ্রের ন্যায় বৈহায়স যানে শোভিত হইলেন। এই বলী বিষয়াসক্ত মনের স্বরূপ হইতেছে। ইহার রথ

কামচারী, অপ্রত্যক্ষ, অদৃশ্য ও দৃশ্যমান এবং অনির্দেশ্য হইতেছে। ইহার বাসনাময় ভোগশরীর। জ্ঞানভক্তিপূর্ণ বুদ্ধিই এস্থলে ইন্দ্রের ন্যায় হইতেছেন। নিশাপতি চন্দ্রের প্রকাশে দুষ্প্রকৃতি, নিদ্রা, জড়তা, দুষ্টপশু ও মানবের প্রকাশ ঘটিয়া থাকে। দিবাপতি সূর্য্যের উদয়ে অন্ধকার ক্ষয়, সুকার্য্য প্রকাশ; হিংস্র জন্তুরূপে কামাদির লজ্জাবনতভাবে অবস্থান ঘটিয়া থাকে। এইজন্য বলীকে চন্দ্রমা ও ইন্দ্রকে সূর্য্যের ন্যায় বর্ণনা করা হইল। কামাদি সময়ে সময়ে বুদ্ধি ও জ্ঞানাদিকে আবৃত করে, ইহাই দেবাদির পরাজয় বুঝিতে হইবে। এইরূপে পাপবৃত্তির ভীষণ উদ্যোগ ও দেববৃত্তির সামান্য উদ্যোগ বর্ণনা করিয়া জীবের মনে সতত এই সুখ, দুঃখ, সংগ্রাম স্মরণ রাখিবার জন্য এই আখ্যায়িকা বলা হইতেছে। ভগবান স্বয়ং নিত্যলীলা দ্বারা জীবকে শিখাইতে এইরূপ প্রকৃত ঘটনা ঘটাইয়া থাকেন।

হে মহারাজ! এইরূপে উভয় দলে প্রস্তুত হইয়া পরস্পরে ভীষণ সমর করিতে সমর-ভূমিতে অগ্রসর হইয়া পরস্পরে পরস্পরের নাম ধরিয়া যুদ্ধার্থে আহ্বান করিতে থাকিল। ৮। ১০। ৯

হে মহারাজ! ইন্দ্রের সহিত বলী, কার্ত্তিকেয়ের সহিত তারক, বরুণের সহিত হেতি, মিত্রদেবতার সহিত প্রহেতি, যমের সহিত কালনাভ; বিশ্বকর্ম্মার সহিত ময়দেব, ত্বষ্টার সহিত শম্বর, সবিত্রের সহিত বিরোচন; অজিতের সহিত নমুচি, অশ্বিনীকুমারগণের সহিত বৃষপর্ব্বার, সূর্য্যদেবের সহিত বাণাদি একশত বলিনন্দনের ঘোর সংগ্রাম হইতে থাকিল। ৮। ১০। ১০। ১১

হে মহারাজ! চন্দ্রের সহিত রাহুর, বায়ুর সহিত পুলোমার, স্বয়ং মহাবীর্য্যবতী দেবী ভদ্রকালীর সহিত শুম্ভনিশুম্ভযুগলের, বৃষকপির সহিত জম্ভের, বিভাবসুর সহিত মহিষের, ভৃগু প্রভৃতি ব্রহ্মপুত্রগণের সহিত ইল্বল ও বাতাপি নামক অসুরদ্বয়ের, কামদেবের সহিত দুর্ম্মর্ষের, মাতৃকাগণের সহিত উৎকলের, বৃহস্পতির সহিত শুক্রাচার্য্যের, শনিদেবের সহিত নরকের, মরুতের সহিত নিবাতকবচের, অমরবসুগণের সহিত কালেয় বংশীয় অসুর-গণের, বিশ্বদেব দেবগণের সহিত পৌলমবংশীয় দৈত্যগণের, রুদ্রগণের সহিত অন্যান্য ক্রোধ-বেশী অসুরগণের ঘোর সংগ্রাম উপস্থিত হইল। হে মহারাজ! সেই অসুরসম্পর্কীয় ও দেবপক্ষীয় বীরগণ ভীষণ যুদ্ধে নিমগ্ন হইয়া আপনাপন বল ও বীর্য্যের দর্পে পরস্পরকে জয় করিতে ইচ্ছা করিয়া পরস্পরে পরস্পরকে তীক্ষ্ণশর, অসি, তোমর, ভুষণ্ডি, চক্র, গদা, ঋষ্টি, পট্টিশ, শক্তি, উল্মুক, প্রাস, পরশু, নিস্ত্রিংশ, ভল্ল, পরিঘ, মুদ্গর, ভিন্দিপাল, প্রভৃতি দ্বারা পরস্পর পরস্পরের (অঙ্গে আঘাত) ও মস্তক ছিন্ন করিতে থাকিল। ৮। ১০। ১২

হে মহারাজ! সেই মহাসমরে বহু গজ, তুরঙ্গ, রথ, যান বাহনাদি খণ্ডবিখণ্ড হইতে থাকিল; এবং গজাশ্বরথারোহী ও পদাতিক উভয় দলের সেনাগণের মধ্যে কাহারও বাহু, কাহারও উরু, কন্ধর, চরণ প্রভৃতি খণ্ডবিখণ্ড হইল। কত কত ধ্বজা, ধনু, কবচ এবং ভূষণাদি ছিন্ন ভিন্ন হইয়া ইতস্ততঃ বিক্ষিপ্ত হইল। ৮। ১০। ১৩

হে মহারাজ! দেবদানববীরগণের সংগ্রামকালীন পদাঘাতে ও রথচক্রের ঘূর্ণনে রণভূমি চূর্ণিত হইয়া ধূলিপটল এমন ভাবে উড্ডীন হইয়াছিল যে সেই সমস্ত রেণুতে দশ দিক্, আকাশদেশ ও সূর্য্যদেব পর্য্যন্ত আচ্ছাদিত হইয়াছিল। ক্ষণপরেই যখন পরস্পরের ছেদন আরম্ভ হইল, অমনি রুধিরধারা প্রবাহিত হইয়া রণভূমিকে সিক্ত করিবামাত্রেই ধূলি নিবর্ত্তিত হইয়া গেল। ৮। ১০। ১৪

হে মহারাজ! কিয়ৎ কালের মধ্যেই সেই রণভূমিতে যে সকল বীরগণের মুণ্ড ছিন্ন হইয়া পতিত হইল, সেই সকল শিরোদেশের কিরীট, কুণ্ডল, ঝক্‌মক্ করিতেছিল। তাহাদের মরণসময়পর্য্যন্ত সমরকালিন্ ক্রোধে আরক্ত চক্ষুর রক্তিম আভা তখনও ছিল, অধরদংশনকারী দন্তের জ্যোতিঃ তখনও বিকাশ পাইতেছিল। অস্ত্রধৃত ও আভরণে ভূষিত মহাভুজসমূহ এবং করীশিশুশুণ্ডসম উরুসমূহ সেই রণভূমির চতুর্দ্দিকে বিক্ষিপ্ত ও পতিত হইয়াছিল। ৮। ১০। ১৫

হে মহারাজ! সেই সকল ছিন্ন দেহ হইতে কবন্ধসমূহ প্রকাশ হইয়া, নিজ নিজ পূর্ব্ব দেহের মুণ্ড সমূহ উত্তোলন পূর্ব্বক যথাস্থানে সন্নিবিষ্ট করিয়া সেই মৃত মুণ্ডের নয়ন দ্বারা দর্শন ও হস্তাদিদ্বারা অস্ত্রাদি গ্রহণ করিয়া যুদ্ধে উপস্থিত সেনাগণের প্রতি বিকটভাবে ধাবমান হইতে থাকিল। ৮। ১০। ১৬

হে পাণ্ডব! অনন্তর মহাসমর করিতে করিতে সেই অসুর সেনাপতি বলি দেব মহেন্দ্রকে লক্ষ্য করিয়া দশবাণ পরিত্যাগ করিলেন। ঐরাবতের প্রতি তিন, ঐরাবতের চারি পদরক্ষকের প্রতি চারি বাণ, মাহুতের প্রতি এক বাণ বিক্ষেপ করিয়া সকলকেই বিদ্ধ করিতে প্রয়াস করিলেন। কিন্তু স্বর্গাধিপতি মহেন্দ্র সেই সকল শীঘ্রগামী তীক্ষ্ণশর সমূহ, সকলকে বিদ্ধ করিতে না করিতে আপনার অতি তীক্ষ্ণ ভল্লাস্ত্র দ্বারা হাসিতে হাসিতে অবহেলায় তাহাদের ছেদন করিয়া ফেলিলেন। ৮। ১০। ১৭

ইন্দ্রের এরূপ বীর্য্য প্রত্যক্ষ করিয়া দেববল দর্শনে ক্ষুব্ধ বলি তৎক্ষণাৎ ইন্দ্রের বিরুদ্ধে শক্তি নামক মহাস্ত্র গ্রহণ করিলেন। সেই মহাস্ত্র উল্কার ন্যায় তীব্রবেগে জ্বলিতে জ্বলিতে ইন্দ্রের প্রতি ত্যক্ত হইতে না হইতেই স্বয়ং মহেন্দ্র বলির হস্তেই শক্তিকে ছিন্ন ভিন্ন করিয়া ফেলিলেন। বলি এতদ্দর্শনে কখন শূল, কখন প্রাস, কখন তোমর, কখন ঋষ্টি গ্রহণ করিয়া ত্যাগ করিতে চেষ্টা করিলেন। কিন্তু সুরপতি তৎক্ষণাৎ সেই সেই অস্ত্রকে নষ্ট করিতে থাকিলেন। যখন অস্ত্রে সক্ষম না হইলেন, তখন সেই অসুরবর বলী অন্তর্দ্ধান হইয়া আসুরীমায়া সৃজন করিয়া তদ্দ্বারা যুদ্ধ আরম্ভ করিলেন। হঠাৎ দেবসেনাগণের উপরে কোথা হইতে ভীষণ পর্ব্বত আসিয়া পতিতপ্রায় হইল। ৮। ১০। ১৮

হে মহারাজ! সেই সৈন্যগণের উপরিস্থিত পর্ব্বত হইতে দাবাগ্নিতে দগ্ধ শত শত বৃক্ষ পতিত হইতে থাকিল। অতি তীব্রভাবে অগ্নিময় শিখা সমূহ এবং শিখর সমূহ দেবসেনার উপরে পতিত হইয়া তাঁহাদের চূর্ণ বিচূর্ণ করিতে থাকিল। ক্ষণপরে মহা মহা সর্প রাশি, বৃশ্চিক ও দন্দশূকসমূহ প্রকাশ হইয়া দেবসেনা সমূহকে দংশন করিতে থাকিল। ক্ষণপরে সিংহ, ব্যাঘ্র, বরাহ, মত্ত গজ প্রভৃতি প্রকাশ হইয়া দেবসেনাগণকে মর্দ্দন করিতে আরম্ভ

করিল। ক্ষণেক পরে হে প্রভো! অসংখ্য রাক্ষস এবং উদ্যত শূলহস্ত শত শত যাতুধন প্রকাশ হইয়া, ধর্ ধর্ মার্ মার্ ইত্যাদি ভীষণ চীৎকারের রণস্থল পূর্ণ করিল। ৮।১০।১৯

হে মহারাজ! ক্ষণপরে আকাশপটে ঘোরতর গভীর গর্জ্জনের সহিত মহামেঘ সমূহের প্রকাশ হইল। ভীষণ প্রবল বায়ু প্রবাহিত হইয়া ঘোরতর অঙ্গার বর্ষণ করিতে থাকিল। সৌদামিনী সমূহ ক্রমে ক্ষণে প্রকাশ হইয়া দৃষ্টিহীন করিতে থাকিল। ৮।১০।২০

ক্ষণপরে সেই দৈত্যরাজমায়াতে প্রলয়াগ্নির ন্যায় ভীষণ অগ্নির প্রকাশ হইল, বায়ুরূপী সারথির সাহায্যে ঐ অগ্নিজ্বালা রণভূমি ব্যাপ্ত হইয়া দেবসেনাগণকে দগ্ধ করিতে থাকিল। ক্ষণপরে বিস্তীর্ণ, উদ্বেল তরঙ্গাকুল, ভীষণাবর্ত্তসম্পন্ন প্রচণ্ড পবনাঘাতে গর্জ্জনকারী সাগর প্রকাশ হইল। চতুর্দ্দিকেই সাগর দর্শন করিয়া দেবসেনাগণ যেন তরঙ্গে ভাসিতে ও ডুবিতে থাকিল। ৮।১০।২১।২২

হে নৃপ! এই প্রকারে সেই অলক্ষস্থিত দৈত্যরাজের মহামায়া প্রকাশ হইলে, সেই সৃষ্ট মায়াতে দেবসেনাগণ কর্ত্তৃক হত কতক বিবাদিত হইয়া পড়িল। স্বয়ং সুরপতি ইন্দ্র পর্য্যন্তও এই মায়ার কূটতত্ত্ব অবগত হইতে পারিলেন না, এবং প্রতিবিধান করিতেও সক্ষম হইলেন না। এই বিপদ দেখিয়া ইন্দ্রাদি দেবতাগণে বিপদকাণ্ডারী হরিকে ধ্যান করিতে থাকলেন, বিশ্বপালনকারী ভগবান ধ্যানমাত্রেই তথায় আবির্ভূত হইলেন।৮।১০।২৩।২৪

হে মহারাজ! ভগবান তখন অষ্টবাহু এবং সেই সকল করপল্লবে মহা মহা অস্ত্রধারণ করিয়া গরুড়পৃষ্ঠে নিজ পদারবিন্দ রক্ষা করিয়া সেই স্থানে প্রকাশ হইলেন। তাঁহার পরিধানে পীতবাস ছিল, নববিকসিত কমলের ন্যায় তাঁহার প্রফুল্ল নয়ন বিকসিত ছিল। তাঁহার হৃদয়ে স্বয়ং লক্ষ্মীচিহ্ন ও কৌস্তভ শোভা পাইতেছিল, অমূল্য মণিখচিত কুণ্ডল কর্ণে এবং কিরীট মস্তকে শোভা পাইতেছিল। ৮।১০।২৫

হে মহারাজ! যেমন জাগরণ হইলেই স্বপ্নের বিনাশ ঘটিয়া থাকে, সেইরূপ যে হরির স্মরণমাত্রেই জীব সমস্ত বিপদ হইতে উদ্ধার পায়! সেই হরি স্বয়ং যখন উপস্থিত হইয়াছেন, তখন কি আর আসুরী কূটবুদ্ধিজাত মায়া থাকিতে পারে! হরির মহিমাবলে তাহা তৎক্ষণাৎ নষ্ট হইল। হে মহারাজ! সেই রণস্থলে গরুড়কে দর্শন করিয়া সিংহপৃষ্ঠারোহী কালনেমী নামে মহাসুর পতগরাজকে নাশ করিতে ভীষণ শূল তাহার শিরোদেশ লক্ষ্য করিয়া ত্যাগ করিল। এতদ্দর্শনে ত্রিলোকের অধীশ্বর হরি, অবলীলাক্রমে সেই শূল নিজ হস্তে গ্রহণ করিয়া, তদ্দ্বারাই কালনেমি ও তদীয় বাহন সিংহকে তৎক্ষণাৎ সংহার করিয়া ফেলিলেন। ৮।১০।২৬।২৭

এইরূপে সুমালী ও মালী দৈত্যগণ কালনেমীর পতন দৃষ্টে গরুড় বধের প্রয়াস করিবামাত্রেই ভগবান চক্রদ্বারা তাহাদের সংহার করিলেন। তদ্দর্শনে মাল্যবান নামে দৈত্য ভীমবেগে গদা লইয়া গরুড়ের মস্তক লক্ষ্য করিয়া ত্যাগ করিল, এবং তিরস্কার করিয়া যুদ্ধে গরুড়কে আহ্বান করিতে থাকিল। ভগবান নিজ চক্রের দ্বারা ইহারও মস্তক ছেদন করিলেন।৮।১০।২৮

ইতি শ্রীভাগবতে অষ্টম স্কন্ধে দশমাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। এই কয় শ্লোকে অধ্যায় সমাপ্তি পর্য্যন্ত যে দেবাসুরসমরের কথা বর্ণিত হইল, ইহাতে কেবল ভক্তের জয় ও অভক্তের পরাজয় ইহাই বর্ণিত হইল বুঝিতে হইবে। অজ্ঞানবৃত্তির ভোগবৃত্তিসমূহের এত প্রবলবেগ যাহা দ্বারা পুণ্যজ্ঞানবৃত্তি সহজে আবৃত ও মুগ্ধ হইতে পারে, এইজন্য স্বয়ং ভগবান ঐ সকল প্রপন্নবৃত্তিকে নিজ কৃপায় রক্ষা করেন। অনেকে হয়ত মনে করিতে পারেন, হরি ভক্তকে রক্ষা করেন, অভক্তকে কি রক্ষা করেন না, এই রক্ষণাদি শব্দের তাৎপর্য্য এইরূপ; যাহার যেটি স্বভাব, হরি অকাতরে তাহাই দিয়া থাকেন। যেমন সর্পের আহার ভেক, সিংহের আহার পশু, বৃক্ষের আহার রস ইত্যাদি যাহার যাহা প্রয়োজন, সে সমস্তই তিনি অকুণ্ঠিতভাবে প্রয়োগ করিয়া থাকেন। এই নিয়মে অজ্ঞানবৃত্তির স্বভাবই বিষয়াকৃষ্ট চিত্ত হওয়ায় এবং হরি-পরাঙ্মুখী হওয়ায়, হরি তাহাদের তদ্রূপ বীর্য্য ও বল প্রয়োগ করেন, কিন্তু দুঃখরূপী শাসনে ভক্তির দিকে আকর্ষণ করেন। ভক্তির স্বভাবই ভগবৎপর হওয়া, এইজন্য স্বয়ং ভগবানকে ভক্তের হিতেচ্ছা সাধন করিতে হয়। ভগন্মহিমার নিকট ভোগবীর্য্য কত তুচ্ছ, তাহা বুঝাইবার জন্য বলীর আসুরীমায়ানাশের কথা বর্ণিত হইল। এই যে আসুরী মায়া, ইহার প্রকৃত অধ্যাত্ম তাৎপর্য্য—ভোগাসক্তিজনিত প্রলোভন। প্রথমে পর্ব্বতসম ভোগ্য প্রভাব দেখান হইল, বৃক্ষ যেমন অনন্ত শাখায় পর্ব্বতে থাকিয়া কালে দাবাগ্নিতে-দগ্ধ হয়, সেইরূপ অনন্ত পরিবারবর্গের সহিত বিষয়ভোগ করিতে করিতে কালে মৃত্যুরূপী দৈবাগ্নিতে দগ্ধ দেখান হইল। আগ্নেয়শিখা ও চূড়াসমূহ ভোগ্যকর্ম্মে দুঃখপরিণতি স্বরূপ। স্নেহাদি ভোগপর্ব্বতের সর্পাদি! সিংহ ব্যাঘ্রাদি অহংকার মোহাদি। উলঙ্গ যাতুধান ও রাক্ষসগণই আত্মীয় স্বজনের উপমায় মোহরূপী। অঙ্গারবর্ষী মেঘ, প্রচণ্ড বায়ু ও বিদ্যুদ্দামই সেই ভোগপর্ব্বতের অনুরাগ, দ্বেষ, অভিনিবেশাদি হইতেছে। মহাবহ্নিই জরাস্বরূপ। উদ্বেল তরঙ্গাকুল সাগরই জন্মমৃত্যুরূপী অনন্ত সংসার। এই সকল ভোগের ভয়ে ইন্দ্রাদি জ্ঞানবৃত্তিসমূহ নিজ ক্ষমতায় কোন প্রতিবিধান করিতে পারিলেন না। কারণ ভগবৎকৃপা ব্যতীত জীবের সংসার ক্ষয় হয় না। এইরূপে লৌকিক ও অধ্যাত্ম তাৎপর্য্যে সমর তাৎপর্য্য প্রকাশ করিয়া অধ্যায়ের উপসংহার হইল।

ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টম স্কন্ধে দশমাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ একাদশ অধ্যায়।

মহারাজ পরীক্ষিতকে সম্বোধন করিয়া শ্রীশুকদেব কহিলেন :—

হে মহারাজ! সেই পরম পুরুষের প্রকৃত অনুকম্পালাভ করিয়া দেবগণ পুনরায় বল-বীর্য্য ও চৈতন্যলাভ করিলেন। ভগবৎকৃপায় অসুরীমায়া ধ্বংস হইলে ইন্দ্র, পবন, বরুণাদি দেবগণ সেই সকল অন্যায় রণে আঘাতকারী দৈত্যগণকে ভীষণ ভাবে আক্রমণ করিয়া সংহার করিতে আরম্ভ করিলেন। ৮। ১১। ১

ব্যাখ্যা। এই অধ্যায়ের তাৎপর্য্য পূর্ব্বেই বলা হইয়াছে। ভক্তি জীবের সাধ্যায়ত্ব নহে। এবং ভক্তিবল সর্ব্বাপেক্ষা প্রধান হইতেছে। এই জন্ম ইন্দ্রাদি ভোগমায়া ধ্বংস করিতে নিজের বীর্য্য প্রকাশ করিতে পারিলেন না। ভগবৎকৃপা লাভ করিয়া সেই বলে অসুর বৃত্তিগণকে সংহার করিতে থাকিলেন। সেই ভক্তিবল বুঝাইতে এই অধ্যায়ে অসুরবিজয়-কথা বর্ণিত হইতে আরম্ভ হইল।

হে মহারাজ! ভগবান পাকশাসন বিরোচননন্দন বলিকে যুদ্ধে গ্রহণ করিয়া তাহাকে সংহার করিতে যখন ভীষণ বজ্র উত্তোলন করিলেন, তখন চতুর্দ্দিক হইতে অসুরসমূহ হাহাকার করিতে থাকিল। বজ্র হস্তে করিয়া সেই মনস্বী, সমরদক্ষ, এবং রণভূমিতে সসাহসে বিচরণকারী বলিরাজকে সম্মুখে রক্ষা করিয়া সুরপতি তিরস্কারযোগে এই সকল কথা বলিলেন। ৮। ১১। ২

রে অসুরপতে! নটেরা যেমন কপট বেশ ধারণ করিয়া বালকগুলির মনমুগ্ধ করতঃ তাহাদের নিকট হইতে অর্থ আহরণ করে, সেইরূপ রে মূঢ়! মায়া দেখাইয়া অবিজ্ঞবীরকে মুগ্ধ করিতে পার!! আমরা মায়ার অধীশ্বর, আমাদের সমক্ষে মায়া দেখাইয়া কি সাহসে জয়েচ্ছা করিয়াছ? ৮। ১১। ৩

রে অসুরপতে! যে সকল মায়াবী পুরুষ কৌশলে স্বর্গে আরোহণ করিতে ইচ্ছা করে বা তদূর্দ্ধ মহর্লোকাদির বাসনা করে, সেই দস্যু এবং অজ্ঞগণকে আমি তৎক্ষণাৎ নিপাতিত করি এবং তাহাদের পূর্ব্বাবস্থা হইতে আরও নিম্নাবস্থায় নিক্ষেপ করিয়া থাকি। সেই মায়ানাশকারী ইন্দ্র আমি হইতেছি। রে মন্দাত্মন্! এক্ষণে আমি তোমার মস্তক শতপর্ব্ব বজ্রের সাহায্যে ছেদন করিব, তুমি তোমার জ্ঞাতিগণের সহিত আত্মরক্ষায় যত্ন কর। ইন্দ্রের এই সকল তিরস্কার শ্রবণ করিয়া দৈত্যপতি বলি কহিলেন :—হে মহেন্দ্র! দৈব কর্ত্তৃক বীরগণে সমরে প্রবৃত্ত হইয়া থাকে; যে সকল জ্ঞানী বীরপুরুষ, তাঁহারা সকলেই জানেন যে রণ করিতে হইলেই হয় কীর্ত্তি, না হয় মৃত্যু; হয় জয়, না হয় পরাজয়, ইহা সকলের ভাগ্যেই ঘটিয়া থাকে। পণ্ডিতগণে কালের নিয়তিক্রমে এই সকল ঘটনা দর্শন করিয়া কখন আনন্দিত বা দুঃখিত হয়েন না। তোমার ন্যায় মূর্খ বীরই জয়ের জন্য আনন্দিত ও পরাজয় বা মৃত্যুর জন্য দুঃখিত হইয়া থাকে। ৮। ১১। ৪। ৫

জয় পরাজয় ও কীর্ত্তি প্রভৃতিকে আপনাদের কর্ম্মে ও আয়ত্বে লাভ হয়, এইরূপ অহঙ্কার তোমারা কর বলিয়াই যুদ্ধস্থলে আমাকে ঐরূপ তিরস্কার করিতেছ। (আমায় মায়ারণে তোমরা অসাধু বলিতেছ) কিন্তু তোমরা সাধু হইয়া সেই রণকালে জীবন্ত থাকিয়াও যে ভাবে জয় ও কীর্ত্তির জন্য বিলাপ করিয়াছিলে; আমরা মরিলেও সেরূপ দুঃখের বিলাপ উচ্চারণমাত্র করিতে পারি না। অতএব তোমার কথিত মর্ম্মতাড়নাযুক্ত তিরস্কার আমরা গ্রাহ্য করি না। ৮। ১১। ৬

পূর্ব্ববর্ণনা সমাপ্ত করিয়া শ্রীশুকদেব পুনরায় কহিলেন :—

হে মহারাজ! এই প্রকার তিরস্কার সহযোগে আক্ষেপ করিতে করিতে অসুরপতি

বলি আকর্ণ আকর্ষণ পূর্ব্বক সুরপতির প্রতি নারাচ ত্যাগ করিলেন। সুরপতি বলির বাক্যবাণে পূর্ব্বেই আঘাতিত হইয়াছিলেন, শেষে নারাচাঘাতে ক্রুদ্ধ হইয়া, অঙ্কুশাঘাতে ক্রুদ্ধ মত্ত হস্তীর ন্যায় তাহার নরাচাঘাতকে গ্রাহ্য না করিয়া, নিজের অমোঘ অথচ শত্রু-দমনকারী বজ্রাস্ত্র বলির উপরে ত্যাগ করিলেন। সেই বজ্রাঘাতে দৈত্যপতি ছিন্নপক্ষ পর্ব্বতের ন্যায় যানের সহিত ভূমিতে পতিত হইলেন। বলির পতন দৃষ্টে তাঁহার সখা জম্ভাসুর, নিজসুহৃৎ পতিত হইল, এই দুঃখে ও ক্ষোভে বন্ধুনিধনের প্রতিবিধান করিতে সিংহযানে যুদ্ধে সম্মুখীন হইয়া ভীষণ গদা গ্রহণ করিল। সেই গদার বেগে মহাবল ঐরাবতের সহিত সুরপতিকে তাড়না করিতে থাকিল। এবং উভয়ের স্কন্ধে আঘাত করিল। সেই ভীষণ গদাঘাতে গজরাজ যাতনায় ব্যথিত হইয়া ভূমে জানু পাতিয়া পড়িল, ভীষণ যাতনা অনুভব করিতে থাকিল। ঐরাবত কাতর হইবামাত্রেই মাতলিকর্ত্তৃক সহস্র ঘোটক-যুক্ত এক অতি বৃহৎ রথ তৎক্ষণাৎ সেই স্থানে আনীত হইলে, ইন্দ্র ঐরাবৎ পরিত্যাগ করিয়া রথে আরোহণ করিলেন। সেই দানবসত্তম জম্ভাসুর মাতলির এই কার্য্য দর্শন করিয়া প্রশংসা করিল এবং তৎক্ষণাৎ তাহাকে বধ করিবার জন্য অগ্নিময় এক ভীষণ শূল দ্বারা মুগ্ধ করিয়া তদ্দারা মাতলিকে আঘাত করিল। সেই দুঃসহ শূলপাত-জনিত বেদনা নিজ বীর্য্যদ্বারা মাতলি সহ্য করিল। জম্ভের এই কার্য্যে ইন্দ্র ক্রুদ্ধ হইয়া বজ্রের দ্বারা তাহার মস্তক ছিন্ন করিলেন। ৮। ১১। ৭। ৮। ৯

হে মহারাজ! জম্ভাসুর নিহত হইল, অসুরেরা নারদের মুখে এই কথা শ্রবণ করিবা-মাত্রেই, অসুরবর নমুচি, বল, পাক এই দানবত্রয় ত্বরায় ইন্দ্রের সহিত যুদ্ধার্থে আগমন করিল। ঐ অসুরত্রয় তিরস্কারে দেবরাজের মর্ম্মাঘাত করিল, বৃষ্টিধারা যেমন পর্ব্বতকে আবৃত করে, তদ্রূপ শরজালের দ্বারা তাহারা ইন্দ্রকে রথসহ আচ্ছন্ন করিল। সেই লঘু-হস্ত বাণ অসুরেরা সুরপতির দশ শত অশ্বযুক্ত রথ ও অশ্বাদিকে শরাঘাতে বিনষ্ট করিতে থাকিল। সেই পাকনামে অসুর শরসমূহ দ্বারা মাতলিকে ও রথের উপর ও অধোদেশ এমন ভাবে আঘাতিত করিতে থাকিল, যে উহার শরক্ষেপজনিত সন্ধান ও মোক্ষণজনিত কৌশল রণক্ষেত্রে অদ্ভুত বলিয়া বোধ হইয়াছিল। ৮। ১১। ১০। ১১

হে মহারাজ! সেই সমরাঙ্গনে নমুচি মহেন্দ্রকে স্বর্ণপুচ্ছ পঞ্চদশ মহাবাণে বিদ্ধ করিয়া জলপূর্ণ প্রাবৃট্ কালিন্ মেঘের ন্যায় গর্জ্জন করিতে থাকিল। ক্রমে সেই অসুরত্রয়, শক্র, মাতলি ও রথকে বর্ষার মেঘ যেমন সূর্য্যকে আবৃত করে, তদ্রূপ শরজালদ্বারা আবৃত করিল। সেই সারথী ও রথের সহিত সুরপতিকে শরাবরণে দেবগণে দেখিতে না পাইয়া অনুচরগণসহিত দেবগণে বিহ্বল হইলেন ও বিলাপ করিতে থাকিলেন। যেমন কর্ণধার নষ্ট হইলে সমুদ্রস্থ তরণীমধ্যগত বণিকের দুর্দ্দশা উপস্থিত হয়, তদ্রূপ সেনাপতিশূন্য হইয়া অসুরহস্তে পরাজিত হইলেন, ভাবিয়া দেবগণে হাহাকার করিতে থাকিলেন। ৮। ১১। ১২। ১৩। ১৪

হে মহারাজ! ক্ষণেকের মধ্যেই, সূর্য্য যেমন নিশাপগমে প্রকাশ হইয়া আপন তেজে, দশদিক্, আকাশতল এবং পৃথিবীকে শোভিত করে, তদ্রূপ সুরপতি ইন্দ্র সেই অসুর-

নিক্ষিপ্ত বাণপিঞ্জর হইতে অশ্ব, রথ, ধ্বজ, সারথির সহিত প্রকাশ হইলেন। সেই অবস্থায় যখন দেখিলেন যে, সমস্ত দেবসেনাগণ অসুরগণ কর্ত্তৃক পীড়িত হইতেছে, তখন তিনি অতিমাত্র ক্রুদ্ধ হইয়া শত্রুনাশেচ্ছায় বজ্র ধারণ করিলেন। দেবরাজ সেই অষ্টধারসমন্বিত বজ্র ধারণ করিয়া, রণার্থ উপস্থিত অসুরগণের ভীতি উৎপাদন করিয়া সবল পাকনামক অসুরদ্বয়ের মস্তক এককালে ছেদন করিলেন। ৮। ১১। ১৫

হে নৃপতে! অসুর বীরদ্বয়ের ভীষণভাবে বধ দর্শন করিয়া, দ্বেষ, ক্রোধ ও শোকে ব্যগ্র হইয়া নমুচি দৈত্য ইন্দ্রকে বধ করিবার জন্য যথেষ্ট উদ্যোগ করিতে থাকিল। শেষে ভীষণ স্বর্ণঘণ্টাবিশিষ্ট লৌহসারযুক্ত শূল গ্রহণ করিয়া; "ইন্দ্র তোমায় মারিলাম, মারিলাম" এই বাক্যে তর্জ্জন গর্জ্জন করিতে করিতে সুরপতির সম্মুখীন হইল। মৃগরাজ সিংহের ন্যায় গর্জ্জন করিতে করিতে দেবরাজের উপরে তাহা নিক্ষেপ করিল। মহাবেগে সেই শূল গগনতলে উঠিবামাত্রেই দেবরাজ নিজ তীক্ষ্ণ শরের দ্বারা তাহাকে সহস্রধা করিয়া ফেলিলেন। পরে অতিমাত্র ক্রুদ্ধ হইয়া সেই অসুরকে বিনষ্ট করিতে তাহার কন্ধরে বজ্রপাতিত করিয়া মস্তক ছেদন করিতে বজ্রত্যাগ করিলেন। যে বজ্র অতি দারুণ বীর্য্যবান্ বৃত্রকে নাশ করিয়াছিল, অদ্য তাহা নমুচি দৈত্যের কন্ধরে পতিত হইয়া তথাকার ত্বকও ভেদ করিতে অক্ষম হইল। এই কার্য্যটি অতিশয় অদ্ভুত বলিয়া বোধ হইল, কারণ স্বয়ং সুরপতি নমূচি বধের জন্য যে বজ্রকে প্রবলবেগে ত্যাগ করিয়াছিলেন, তথাপি উহা অসুরের ত্বকও ভেদ করিতে পারিল না!! বজ্র যাহাকে বধ করিতে অক্ষম হয়, ইন্দ্র সেই শত্রুকে অতিশয় ভয় করেন, এই লোক-বিমোহনকারী ঘটনা দৈবযোগে বর্ত্তমানে ঘটিয়াছে দেখিয়া, সুরপতি অতিশয় আশ্চর্য্য হইলেন।৮।১১।১৬।১৭।১৮

এই ঘটনা দর্শনে ইন্দ্র কহিতে থাকিলেন :—হায় হায়, একি হইল!! যখন ভূমিচ্যুত হইয়া, প্রজানাশার্থ পর্ব্বতগুলি সশৃঙ্গে পুরাকালে পতিত হইয়াছিল, আমি যে বজ্রে তাহাদের পক্ষচ্ছেদ করিয়া প্রজারক্ষা ও ভারক্ষয় করিয়াছিলাম; যাহা দধিচী ঋষির তপস্যার একমাত্র সার বস্তু, ত্বষ্টানন্দন মহাবীর বৃত্র যে বজ্রে নষ্ট হইয়াছে; পুরাকালে যে সকল শত্রুর ত্বক্ পর্য্যন্ত অন্য কোন অস্ত্রে ভেদ করা যায় নাই—বজ্র অবহেলায় তাহাদের বিনাশ সাধন করিয়াছে; এই বজ্রই সেই অস্ত্র এবং আমিও সেই বজ্রনিক্ষেপকারী ইন্দ্র বর্ত্তমান আছি, অদ্য সেই বজ্র সামান্য অসুর নমুচিকে বধ করিতে অক্ষম হইল। হায়! হায়! ব্রহ্মতেজ অকারণ হইল! আমি আর সামান্য লগুড়ের ন্যায় বজ্র লইয়া কি করিব!! হে মহারাজ! ইন্দ্র যখন এইরূপে বিলাপ করিতেছিলেন, সেই সময়ে অশরীরিণী দৈববাণী তাঁহাকে সম্বোধন করিয়া এই কথা বলিলেন :—হে সুরপতে! এই দানব শুষ্ক অথবা রসযুক্ত কোন অস্ত্রে মরিবে না।৮।১১।১৯।২০।২১

হে মঘবন্! তোমার এই শত্রুকে পূর্ব্বে আমি এমন বর দিয়াছি, যাহাতে শুষ্ক বা আর্দ্র কোন অস্ত্রে উহার মৃত্যু ঘটিবে না, অতএব তুমি, উহার মৃত্যুর জন্য উপায় চিন্তা কর। হে মহারাজ! সুরপতি এই প্রকার দৈববাণী শ্রবণ করিয়া তৎক্ষণাৎ ভগবানের চরণারবিন্দে সমাহিত হইয়া তদ্বধের উপায় চিন্তা করিতে থাকিলেন। সেই সময়ে চক্ষু উন্মুক্ত করিয়া

ক্ষীরসাগরের প্রতি দৃষ্টিনিক্ষেপমাত্রেই শুষ্কও নহে অথচ রসাল নহে, এমন উভয়ভাবাত্মক ফেণাসমূহ দর্শন করিলেন।৮।১১।২২

ব্যাখ্যা। সামাদি বেদের ব্রাহ্মণভাগে বৃত্র, নমুচি প্রভৃতি মহা মহাসুর চরিত্রকে অজ্ঞানবৃত্তিরূপে বর্ণনা করা হইয়াছে। সেই স্থানের শ্রুতি বলিয়াছেন :—অপাং ফেণেন নমুচেঃ শির ইন্দ্রোহুদাবয়ৎ।" অর্থ:—জলের ফেণা লইয়া ইন্দ্র সেই নমুচির মস্তক ছেদন করিয়াছিলেন। বজ্রে যাহার ত্বক্‌ভেদ করিল না, ফেণায় তাহার মৃত্যু কেমনে ঘটিল, তজ্জন্য দৈবনির্ব্বন্ধরূপে দৈববাণী বলা হইল। ইহার তাৎপর্য্য এই যথা :—বজ্রাদিতেও যাঁহার বীর্য্য ক্ষয় হয় না, সেই মহাবীর ভক্তিবিহীনে সামান্য বস্তুর নিকটে আত্মক্ষয় করিয়া ফেলিল। পূর্ব্বে তপস্যা করিয়া অর্থাৎ নমুচির ন্যায় ভোগী পুরুষ সংসারে সাধনা করিয়া প্রবৃত্তি চরিতার্থ করিতে অমর হইবে এই ভাবিয়া যতই কেন ফললাভ করুক না, ভক্তি-বিহনে অমরতা লাভ হইতে পারে না। ইহাই বলা হইল।

হে মহারাজ! সেই ফেণা শুষ্ক বা আর্দ্র ছিল না, অথচ উভয়াত্মক ছিল, সুরপতি সেই সামান্য বস্তুদ্বারা নমুচি দৈত্যের মস্তকস্পর্শমাত্রে দ্বিখণ্ড করিলেন। এতদ্দর্শনে মুনিগণ তুষ্ট হইয়া, সুরপতির প্রশংসা করিতে করিতে সুগন্ধি মাল্যসমূহ কণ্ঠে প্রদান করিলেন। বিশ্বাবসু ও পরাবসু নামে গন্ধর্ব্বযুগল তাঁহার যশোগান করিতে থাকিলেন। দেবগণ দুন্দুভি-ধ্বনি ও অপ্সরীগণ আনন্দে নৃত্য করিতে থাকিলেন। এই সকল মহা মহা অসুরপতিগণের নিধন হইলে বায়ু, অগ্নি, বরুণ প্রভৃতি দেবগণ অন্যান্য অসুরগণকে সিংহ যেমন অবহেলায় মৃগবধ করে, তদ্রূপ বধ করিতে থাকিলেন। এইরূপ অসুরকুল নির্ম্মূল হইতেছে, দেখিয়া স্বয়ং সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা দেবর্ষি নারদকে সেই স্থলে দৈত্যবধকার্য্য নিবারণ করিতে পাঠাই-লেন। দেবর্ষি সেই কথা ইন্দ্রাদিদেবগণকে জানাইয়া অসুরবধ নিবারণ করিলেন। অধিকন্তু দেবগণকে বলিলেন :—হে দেবগণ! আপনারা ভগবানের ভুজাশ্রয়ে অমৃতলাভ করিয়া অমর হইয়াছেন এবং সমুদ্রমন্থনের সমস্ত সম্পত্তিলাভ করিয়াছেন, অতএব অসুরেরা আর কখনও আপনাদের প্রতিদ্বন্দ্বী হইতে পারিবে না, তবে কেন উহাদের সংহার করিতে-ছেন। যুদ্ধ হইতে বিরত হউন।৮।১১।২৩

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া শ্রীশুকদেব কহিলেন :—হে মহারাজ! মহামুনি নারদের বচন সম্মান করিয়া তৎক্ষণাৎ ইন্দ্রাদি দেবগণ সমর ত্যাগ করিলেন। সকল অনুচরেরা সেই সময়ে ইন্দ্রাদির জয়গীত গাহিতে থাকিল। সেই অবসরে সকল দেবতাই আপনাপন স্বর্গে গমন করিলেন। অবশিষ্ট দানব যাহারা রণভূমিতে জীবিত ছিল, তাহারা নারদের অনু-মতিক্রমে প্রাণশূন্য বলির দেহকে লইয়া অস্তগিরিতে গমন করিল। এদিকে দৈত্যগুরু শুক্রাচার্য্য রণভূমিমধ্যে যে সকল দ্বিখণ্ডিত অসুরের দেহ ও মস্তক পাইলেন, তাহাদের নিজ সঞ্জীবনী বিদ্যাযোগে জীবিত করিয়াছিলেন। স্বয়ং শুক্রাচার্য্যের কৃপাস্পর্শে দৈত্যপতি বলিও তৎক্ষণাৎ প্রাণের সহ ইন্দ্রিয় ও স্মৃতিলাভ করিলেন। তিনি দৈবঘটনাবল বুঝিতেন, এইজন্য পরাজিত হইয়াও দুঃখিত হইলেন না।

ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে একাদশাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। ভক্তি ও ভক্তের প্রভাব দেখাইবার জন্য অধ্যায়ের উপসংহারে দেখান হইল যে, আপনাপন অতুল বীর্য্য সত্বে অসুরেরা পরাজিত ও প্রাণে নষ্ট হইল। কিন্তু নিরস্ত্র ও কৃপাময় নারদাদির অনুমতিমতেই সমর ক্ষয় হইল। আর দেবাদির হৃদয়ে বিরোধেচ্ছা থাকিল না। অন্য পক্ষে দেখান হইল যে :—যতক্ষণ না ভক্তের ব্রহ্মানুভূতি উপস্থিত হয়, ততক্ষণ তাঁহাদের ইন্দ্রিয় ও রিপুবর্গ ভগবদ্বেষের বিপক্ষতাচরণ করে। সেই ব্রহ্মতত্ত্বাবগতি-স্বরূপ নারদের দর্শনমাত্রেই ভক্তে একান্ত নিষ্কাম হইয়া কেবল হরিতে আত্মনির্ভর করিয়া থাকে। ইহাই সমরাবসানের প্রকৃত তাৎপর্য্য হইতেছে। শুক্রাচার্য্যের ন্যায় ভক্তের ক্ষমতায় দেখান হইল, ভক্তে বীর্য্য, বল ও অস্ত্রাদির অপেক্ষা করে না। এমন কি, নিজ অধ্যাত্মশক্তিতে নূতন সৃষ্টি করিতে পারে। দৈত্যেরা বীর্য্যবান হইয়াও, প্রাণবিসর্জ্জন দিল, শুক্রচার্য্য ভক্তিময়ী কৃপায় তাহাদের প্রাণ দান করিয়া জগতে সিদ্ধির গৌরব স্থাপন করিলেন। অন্যপক্ষে দেখান হইল যে, ভোগপর চিত্তই শুক্রাচার্য্যের স্বরূপ। রিপুবর্গ জ্ঞানাদি দ্বারা ধ্বস্ত ও ক্ষীণ হইলে এক জীব হইতে অন্য জীবকে সেই রিপুভোগ করাইতে ঐ ভোগ-পর চিত্তের চিৎশক্তি রিপুগণকে জীবিত করিয়া থাকে। যেমন কোন একটি ভয়ানক ভয়ে বীর্য্যবান কোন পুরুষের কামক্রোধাদি রিপুবর্গ স্তম্ভিত ও ক্ষীণ হইলে পুনরায় প্রবোধে ভয় বিনষ্ট হইলে রিপুগণ জাগরিত ও সক্রিয় হইয়া থাকে। এই অসুরগণের পুনর্জ্জীবন-লাভ অধ্যাত্মপক্ষে সেইরূপ বুঝিতে হইবে।

ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে একাদশাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ দ্বাদশ অধ্যায়।

শ্রীশুকদেব পূর্ব্ব কথা শেষ করিয়া কহিলেন :—হে মহারাজ! মহেশ্বর আপন স্থানে থাকিয়া যখন শ্রবণ করিলেন যে ভগবান হরি এমন অদ্ভুত রমণীরূপ ধারণ করিয়াছিলেন, যাহা দর্শন করিয়া অসুরেরা মুগ্ধ হইয়াছিল। সেই অবসরে তিনি অসুরগণকে বঞ্চিত করিয়া দেবগণকে অমৃত পান করাইয়াছিলেন। ইহা শ্রবণে আশ্চর্য্য হইয়া, সেই মোহিনী মূর্ত্তি দর্শন করিতে সর্ব্বানুচরগণে পরিবৃত হইয়া, যেস্থানে ভগবান মধুসূদন ছিলেন, উমাদেবীর সহিত, তথায় গমন করিলেন।৮।১২।১

ভগবান পার্ব্বতীর সহিত মহেশ্বরকে সাদরে গ্রহণ করিয়া উপযুক্ত আসন প্রদান করিলেন। মহেশ্বরও তাঁহাকে প্রতিপূজাপূর্ব্বক আসনে উপবিষ্ট হইয়া বিস্মিতভাবে এই কথা জিজ্ঞাসা করিলেন। হে দেবদেব! হে জগদ্ব্যাপিন্, হে জগদীশ! হে জগন্ময়! আপনি সকল সৃষ্টবস্তুর আত্মা এবং কারণ অথচ ঈশ্বর বা দ্রষ্টা হইতেছেন। আপনি আদি, আপনি অন্ত এবং এই জগতের মধ্য হইতেছেন। এই সংসারের মধ্যে (এই) অর্থাৎ বর্ত্তমান, (অন্য) অর্থাৎ ভবিষ্যৎ; আমিত্ব ও আমিত্বের অতীত পরত্ব সকলই

আপনি হইতেছেন। কারণ আপনি অব্যয় আছেন বলিয়া ঐ সকল ভাব আপনা হইতে পৃথক থাকিতে পারে না। এই প্রমাণে আপনিই সত্য, চিন্ময় ও সর্ব্বব্যাপী ব্রহ্ম হইতেছেন। ৮। ১২। ২।৩। ৪

ব্যাখ্যা। এই দ্বাদশাধ্যায়ে ভগবানের নিকটে কোন ঐশ্বর্য্যের অভাব হয় না, ইহাই মহেশ্বরের ন্যায় সর্ব্বজ্ঞের যুক্তিতে প্রমাণ করা হইবে। ভগবান পুরুষই বটেন, কিন্তু প্রকৃতি স্বয়ং পার্ব্বতীই হইতেছেন। সগুণ ব্রহ্ম মহেশ্বররূপে সেই প্রকৃতিকে আশ্রয় করিয়া আছেন। ব্রহ্মা অন্যা প্রকৃতি আশ্রয় করিয়াছেন। এতদ্‌ব্যতীত ভগবানে যে নিত্যপ্রকৃতি বর্ত্তমান আছে, ইহা প্রমাণ করিতেই এই অধ্যায় বর্ণিত হইতেছে। যেমন উর্ণনাভি কীট আপনার শরীরের রসে জাল প্রস্তুত করিলে তাহার জালপ্রকাশ-করণ রসশক্তি অন্তরে থাকেই, তদ্রূপ সৃষ্টির জন্য হরি নিজ মায়া প্রকৃতিকে লইয়া প্রাকৃতিক তিন গুণময় হইয়া সত্ত্বগুণে বিষ্ণুমূর্ত্তি ও লক্ষ্মী প্রভৃতি প্রকৃতি প্রকাশ করিয়াছেন; রজোগুণে ব্রহ্মা ও সাবিত্রী প্রভৃতি শক্তি প্রকাশ করিয়াছেন; তমোগুণে মহেশ্বর এবং পার্ব্বতী প্রভৃতি শক্তির সৃষ্টি করিয়াছেন। এই যে তিন পুরুষ ও প্রকৃতি সমূহ, ইঁহারা জগতের সৃষ্টিস্থিতিক্ষয়ের জন্য সগুণভাবপন্ন হইতেছেন। দয়াময় হরি ভক্তকে কৃপা করিতে আর অভক্তকে মুক্ত করিতে নিজের বিশুদ্ধা ও যোগমায়ানাম্নী মহা-প্রকৃতির আশ্রয় গ্রহণ করেন। সেই প্রকৃতি গুণে মিশ্রিত হয় না, অথচ গুণের প্রসব-কারিণী; এই হরিনামক ভগবৎ-অবস্থাও সৃষ্টির বিচ্যুতিতে লিপ্ত নহেন। চিরবিশুদ্ধ ও প্রেমপূর্ণ হইতেছেন। এই অবস্থার আশ্রয়ে জীব মুক্ত হইয়া থাকে মাত্র, অন্য কোন ঐশ্বর্য্য ইহাতে লাভ হয় না। চিরানন্দ ও মুক্তি এই অবস্থায় লাভ হয়। স্বয়ং মহেশ্বর পর্য্যন্ত সেই চিরানন্দময়ী মূর্ত্তি দেখিতে অভিলাষী হইয়াছেন। অর্থাৎ সমস্ত দেবতা হইতে জীব পর্য্যন্ত সেই রূপ দেখিবার জন্য ব্যাকুল হইয়া থাকে। এই মোহিনীভাবে হরি, কেমন করিয়া সকলকে পরমানন্দ বিধান করেন, ইহা বুঝাইবার জন্য ভগবান ব্যাস এই স্থানে এই ঘটনা বর্ণনা করিতেছেন। মহেশ্বরের আশ্চর্য্যে এই তাৎপর্য্য প্রকাশ হইল যে, ভগবান পুরুষ, প্রকৃতি তাঁহা হইতে সৃষ্টিতে ব্যাপ্ত আছেন। পুনরায় প্রকৃতি কোথা হইতে লাভ হইল? দ্বিতীয় আশ্চর্য্যের কথা এই :—যে মূর্ত্তি ধারণ করিয়াছিলেন, সেই মূর্ত্তি দেবতা ও অসুর উভয়েই দেখিয়াছিল, তবে দেবতায় অমৃত এবং অসুরে কি উপায়ে দুঃখ লাভ করিল! এই তাৎপর্য্যই এস্থানে প্রকাশ হইবে।

হে ভগবন্! আপনার যুগলচরণের চিন্তাবই সর্ব্বাপেক্ষা পবিত্র, কারণ যাঁহারা মননশীল ব্যক্তি, তাঁহারা ইহকাল ও পরকালের প্রবৃত্তিভোগজাত ফলাফল দর্শন করিয়া, সেই ফল-সঙ্গ একেবারে ত্যাগ করিয়া থাকেন, এমন যে স্বর্গাদি শ্রেয়োফল, তাঁহারা ইচ্ছা করেন না; এমন যে সংসারভোগ, ইহার আশা পর্য্যন্তও রাখেন না। ৮ ১২।৫

হে ভগবন্! আপনি কেবল ব্রহ্ম হইয়া আসক্ত নহেন, আপনি এই বিশ্বের কারণ হইতেছেন। কেবল কারণ নহেন, সৃষ্টি, স্থিতি ও সংহারাদির কর্ত্তা হইতেছেন। কেবল

কর্ত্তা নহেন, আত্মা অর্থাৎ সকলের চেতয়িতা হইতেছেন। কেবল চেতয়িতা নহেন, ঈশ্বর অর্থাৎ সকলের নিয়ন্তা হইতেছেন। কেবল নিয়ন্তা নহেন, সকলের ফলদাতা হইতেছেন; কিন্তু ফলভোগকারী নহেন। আপনি পূর্ণ, অমৃত, বিগুণ, বিশোক, আনন্দমাত্র; অন্য হইতে ব্যতিরিক্ত ও অবিকারী হইতেছেন।৮।১২।৬

ব্যাখ্যা। ভগবান যে সকল বিষয়ের নিয়ন্তা এবং জ্ঞেয় ও অজ্ঞেয় সকল বিষয়ের উদ্ভাবয়িতা, ইহা বুঝাইবার জন্য এই কয় শ্লোকে মহেশ্বর কর্ত্তৃক স্তবের কথা বলা হইল। মহেশ্বর তৃতীয় শ্লোক হইতে স্তব করিতে যাহা বলিতেছেন, তাহার অর্থ সংক্ষেপে বলা হইতেছে। লোকে যদি বলে যে দেবতারা সর্ব্বজ্ঞ, এই মোহিনীমূর্ত্তির কারণ কি মহেশ্বর জানিতে পারেন নাই!! তদ্বিষয় মীমাংসার জন্য বলা হইল:—ভগবান হরি দেবদেব। অর্থাৎ দেবতারা স্বর্গাদি হইতে জগতের বিষয় জ্ঞাত আছেন। কিন্তু ভগবান হরি দেবগণের প্রকাশক, অতএব তাহার সম্যক্ তত্ত্ব অবগত নহেন। তবে কি জগতের সঙ্গে সম্পর্ক নাই? এই সন্দেহ মিটাইতে বলিতেছেন:—তিনি জগদ্ব্যাপী, জগতের নিয়ন্তা, জগন্ময়, জগতের চেতয়িতা, দ্রষ্টা, আদি, অন্ত, মধ্য অথচ বিশ্বাতীত আছেন। জগতের সর্ব্বাবস্থায় তিনি বর্ত্তমান, ইহা বুঝাইতে বলা হইল:—তিনি বর্ত্তমান দৃশ্য বস্তু বটেন, তিনিই অহংনামে ভোক্তা পুরুষ, তিনিই বাহ্য অর্থাৎ ভোগ্যবস্তু হইতেছেন। এই যে অবস্থাগুলি, ইহারা সকলেই পরিবর্ত্তনীয়, তবে কি ইহাদের সহিত হরির পরিবর্ত্তন ঘটিয়া যায়, সেই শঙ্কা নিবারণার্থে বলা হইল;—তিনি অব্যয়, ব্রহ্ম ও চিন্ময়, তিনি সত্য আছেন বলিয়া এই গুলির পরিবর্ত্তন অনুভব হইতেছে। তবে কি তাঁহাকে অনুভব করা যায় না? তদ্বিষয়ে পঞ্চম শ্লোকে বলা হইতেছে যে:—যদি তাঁহার চরণকমল অর্থাৎ মহিমান্বিত রূপ বা ব্যাপ্তি অনুভবই না হইবে, তবে মননশীল মুনিগণ কেন সর্ব্বস্বত্যাগী হইয়া তাঁহার জন্য বৈরাগ্য অবলম্বন করিবেন। তবে কিরূপে তাঁহার জগতের, জীবের ও জগজ্জীবাতীত অবস্থার অনুভব বা প্রমাণ হয়, ইহা বুঝাইতেই ষষ্ঠ শ্লোক বলা হইল;—তিনি ব্রহ্ম অর্থাৎ সর্ব্বব্যাপী কিরূপে? না বিশ্বের উপাদানকারণ; বিশ্বের সৃষ্টিস্থিতিলয়রূপী কার্য্য এবং আত্মারূপে নিমিত্ত কারণ হইতেছেন। কারণের নিয়ন্তা ঈশ্বর হইতেছেন। ঈশ্বর হইয়াও কেবল সাক্ষী ও ফলদাতা আছেন, ফলভোগকারী নহেন। জগতের পক্ষে এই পর্য্যন্ত, কিন্তু অতীত মুক্তি ও প্রেমাবস্থায় পূর্ণ অর্থাৎ পঙ্কাদিশূন্য, অমৃত অর্থাৎ কেবল সুখরূপী, বিগুণ অর্থাৎ নির্গুণ, বিশোক অর্থাৎ অনুভবজন্য সুখদুঃখাদিবিহীন, অর্থাৎ প্রকৃতি-অনুসারে জীবের সুখদুঃখ তাঁহাকে স্পর্শ করে না। অতএব আনন্দময়; আনন্দময় বলিয়া অবিকারী এবং অবিকারী বলিয়া স্বাধীন অর্থাৎ কোন কার্য্যে অন্যের অপেক্ষা থাকে না। এই উপায় দ্বারা জগতের অন্তর্গত ও অতীত ভাব বুঝান হইল।

হে ভগবন্! স্বর্ণ যেমন কুণ্ডলাদিতে পরিণত হইলে দ্বিতীয় আখ্যা লাভ করে এবং কেবল স্বর্ণ থাকিলে এক আখ্যাই থাকে; তদ্রূপ আপনি সৎ অর্থাৎ কারণরূপে এক এবং অসৎ অর্থাৎ কার্য্য দুই হইয়া থাকেন। এক আপনারই অবস্থাভেদে এই উভয় আখ্যা

ভেদমাত্র হইতেছে। আপনি প্রকৃতভাবে উপাধিশূন্য হইলেও এই সকল দ্বৈতাদ্বৈত কল্পনা অজ্ঞানবশতঃই লোকে আপনাতে আরোপ করিয়া থাকে ।৮।১২।৭

হে হরে! কেহ আপনাকে ব্রহ্ম বলিয়া স্থির করেন। কেহ আপনাকে একমাত্র ধর্ম্ম বলিয়া স্থির করেন। কেহ আপনাকে সদসত্তের অতীত পুরুষ বলিয়া স্থির করেন। কেহ বা আপনাকে নবশক্তিযুক্ত পরমেশ্বর বলিয়া থাকেন। কেহ বা আপনাকে অব্যয় অথচ স্বাধীন মহাপুরুষ বলিয়া চিন্তা করিয়া থাকেন। ৮। ১২। ৮

ব্যাখ্যা। পূর্ব্বে ভগবান মহেশ্বরের উক্তিতে বলা হইয়াছিল যে, ভগবান হরির অবস্থিতি অন্তের অপেক্ষা না রাখিয়া স্বাধীনভাবে বর্ত্তমান আছে। সেই তত্ত্বটি বুঝাইবার জন্য বলা হইতেছে ঃ—আপনি জগৎ ও কারণের পক্ষে দ্বৈত ও অদ্বৈত বটেন। তত্ত্বজ্ঞান দ্বারা সাধুগণে আপনার কারণ ও কার্য্যই বুঝিয়া থাকে; এইজন্য ঐ পর্য্যন্ত বুঝিয়া তাঁহারা আপনাকে কার্য্যাবস্থায় দ্বৈত আর কারণাবস্থায় অদ্বৈত বলেন। কিন্তু ভক্তি ও তৎকৃপা এটি তত্ত্বজ্ঞানের অতীত। এই অবস্থাটি যতক্ষণ না বোধ হয়, ততক্ষণ আপনার দ্বৈতাদ্বৈতের অতীত পদবী বোধ হয় না। তত্ত্বজ্ঞান ও ভক্তিতত্ত্ব উভয় অবগত না হইলে ভগবানের পূর্ণাবস্থা জ্ঞাত হওয়া যায় না, এইজন্য এস্থলে মহেশের উক্তিতে দ্বৈতাদ্বৈতবাদীগণকে অজ্ঞ বলা হইল। এই অজ্ঞ শব্দে মূর্খ বুঝায় না। কেহ ভক্তি জানেন, তত্ত্ব জানেন না, আর কেহ তত্ত্বজ্ঞানে পূর্ণ, কিন্তু ভক্তি জ্ঞাত নহেন; এই একদেশদর্শীতার জন্য অজ্ঞান শব্দ প্রযুক্ত হইল।

সেই দ্বৈতাদ্বৈত কোন কোন বাদীগণে কহেন, তাহা বুঝাইতেই অষ্টমশ্লোকে বলা হইল যে ঃ—বৈদান্তিকেরা কেবল তত্ত্বজ্ঞানবলে কার্য্যকারণময় আপনাকে বুঝিয়া ব্রহ্ম এই আখ্যা দিয়াছেন। মীমাংসকেরা আপনি কেমন করিয়া কর্ম্মফলদাতা, ইহা বুঝিয়া আপনাকে ধর্ম্ম নামে আখ্যা দিয়াছেন। সাংখ্যাচার্য্যেরা সমস্ত প্রকৃতি ও পুরুষ-তত্ত্ব বুঝিয়া আপনাকে তাহার মধ্যে পুরুষ বলিয়া স্থির করিয়াছেন। নারদ পঞ্চরাত্র্যাদি ভক্তিশাস্ত্রের আচার্য্যেরা নবশক্তিযুক্ত পরমেশ্বর এইরূপ বলিয়া থাকেন। পাতঞ্জলাদি ঋষিগণ অব্যয়, স্বাধীন মহাপুরুষ বলিয়া থাকেন।

এই কয়েকটীর দ্বারা ইহা প্রমাণ করা হইল যে, এই বাদীগণ সকলেই ভগবানের এক এক অবস্থা লইয়া কেহ তত্ত্বজ্ঞানে, কেহ জ্ঞানমিশ্রা ভক্তির যোগে তাঁহাকে প্রমাণ করিয়া গিয়াছেন। কিন্তু ভাগবত শাস্ত্রে সেই সকলের নির্ণেয় ভগবানকে স্বরূপভাবে কেবল ভক্তিযোগের লভ্য বলিয়া প্রমাণ করিতেছেন। অর্থাৎ প্রথমে জ্ঞান, তত্ত্বজ্ঞান, জ্ঞানমিশ্রাভক্তি এই সকল অভ্যাস করিয়া পরিণামে ঐ সকল অবস্থার অতীত কেবল ভক্তিসম্পন্ন অবস্থা যখন উপস্থিত হইবে, তখন হরির স্বরূপ অনুভব হইবে, ইহাই নির্দ্দেশ করিলেন।

হে হরে! আমি, ব্রহ্মা, এই মরীচিপ্রমুখ বহুবাদী ঋষিগণ আপনার সত্ত্বগুণ হইতে সৃষ্ট হইয়াও যখন আপনার বিশ্বকার্য্যের সম্যক্ বুঝিতে পারিলাম না, সতত আপনার মায়াতে

আমরা মুগ্ধ হইয়া থাকিলাম; তখন রজো ও তমোগুণসৃষ্ট মানব বা দৈত্যগণ যাহারা সতত ভোগপর, তাহারা কেমন করিয়া আপনার তত্ত্ব জ্ঞাত হইবে!! হে হরে! এই জগৎ ও জন্মস্থিতি সংহারের কারণ, সকল প্রাণীগণের বাসনা, জীবের উৎপত্তি, মায়াবন্ধন ও মোচন, এই সকল বিষয় আপনি বিশেষরূপে জ্ঞাত আছেন। কারণ বায়ু যেমন দেহ ও আকাশের সর্ব্বব্যাপী, তদ্রূপ আপনি জীব ও জগতের আত্মারূপে ব্যাপ্ত আছেন। সমস্তই আপনাতে বর্ত্তমান আছে এবং আপনি সর্ব্বজ্ঞ হইয়া আছেন।৮।১২।৯।১০

ব্যাখ্যা। এই দুই শ্লোকে ভগবানের প্রকৃতাবস্থা বর্ণনা করিয়া স্তবের উপসংহার করা হইতেছে। মহেশ্বর কহিলেন, আমরা আপনার মায়াতে মুগ্ধ, এইজন্য আপনার সকল অবস্থা জানিতে অক্ষম। ইহাতে বিশেষ বলা হইল যে, ব্রহ্মা মহেশ্বরাদি ভগবানের তত্ত্ব আপনাপন তত্ত্বদৃষ্টিবলে সম্যক প্রকারে অবগত হইতে পারেন না, কারণ মরীচি হইতে সাংখ্য পাতঞ্জলাদি তত্ত্বজ্ঞ ঋষিগণ এবং ব্রহ্মাদি সকলেই তাঁহার সৃষ্ট, তিনি হইতেছেন, সৃষ্টির অতীত আনন্দস্বরূপ। এইজন্য তাঁহার স্বরূপ তত্ত্বজ্ঞানে সম্যক্‌লাভ হয় না, কেবল অনুভব বা প্রমাণমাত্র হইয়া থাকে। দশমশ্লোকে সেই রূপ তত্ত্ব প্রকাশ করিতে বলা হইল :—আপনি জীব, জগৎ ও মহেশাদির ন্যায় সৃষ্টির নিয়ন্তা দেবগণের স্রষ্টা, অন্তর্যামী, এবং ফলবিধাতা হইতেছেন। আপনার কৃপা ব্যতীত আপনার কোন তত্ত্বই জানা যায় না। এই কৃপাই কেবল ভক্তি হইতেছে। জ্ঞান হইতে ভক্তির উৎকর্ষ এইজন্য ;-জ্ঞানে ভগবানকে জানিতে চেষ্টা করা যায়। ভক্তিতে তাঁহার স্বরূপ অন্তরে আবির্ভূত হয়। অতএব সকলের নিয়ন্তা, বন্ধনমোক্ষের কর্ত্তা আপনি কৃপা না করিলে সম্যক্ বোধ হয় না। এই সিদ্ধান্ত করিয়া মহেশের উক্তিতে বলা হইল ;—সত্ত্বগুণে সৃষ্ট হইয়া দেবতা ঋষিগণে যখন তত্ত্বজ্ঞানবলেও আপনার স্বরূপ অনুভবে অক্ষম, তখন মানব বা দৈত্য যাহারা ভোগের জন্য লালায়িত, তাহারা কেমন করিয়া আপনার স্বরূপ অনুভব করিবে। এইজন্য অন্তর্যামী আত্মা হইলেও জীবে আপনাকে বুঝিতে পারে না। এইজন্যই মোহিনীমূর্ত্তি দেখিয়া অসুরেরা ভগবানের নিকটেও তাঁহাকে আত্মসমর্পণ করে নাই। এই সিদ্ধান্ত করিয়া মোহিনীরূপ দেখিতে মহেশ্বরের আকাঙ্ক্ষা বলা হইতেছে।

হে মহারাজ! (পূর্ব্ব প্রকাশের স্তব সমাপন করিয়া) মহেশ্বর কহিলেন :—হে প্রভো! আপনি সৃজনাদি ও ধর্ম্মরক্ষণাদি লীলা করিতে আপনি যে যে গুণে যে সকল অবতার হইয়াছিলেন, তাহা আমি দর্শন করিয়াছি। আমি শুনিলাম, আপনি সম্প্রতি মোহিনীমূর্ত্তি ধারণ করিয়াছিলেন। (বারম্বার অবতার দর্শনে যখন আমার অধিকার জন্মিয়াছে, তখন এরূপটি দেখিতেও আমি যোগ্য হইব) আমি আপনার সেই মোহিনীরূপ দর্শন করিতে ইচ্ছা করি। (আমি অন্য কোন মোহিনীমূর্ত্তি দেখিতে চাহি না, কারণ আপনিই প্রকৃতি ইত্যাদি) আপনি যেরূপে দেবদৈত্যকে একত্রে রাখিয়া দৈত্যগণকে মুগ্ধ করিয়া দেবগণকে অমৃত পান করাইয়াছিলেন, আমরা যুগলে সেইরূপ দেখিতে আসিয়াছি। (এতদ্বর্ণনানন্তর শ্রীশুকদেব কহিলেন।) হে মহারাজ! ভগবান শূলপানি কর্ত্তৃক এইরূপে

ভগবান বিষ্ণু অনুরুদ্ধ হইলে, গম্ভীরভাবে হাসিতে হাসিতে তিনি গিরিশকে এই সকল কথা কহিলেন। ৮। ১২। ১১

হে মহেশ্বর! আমি যখন দেখিলাম, বলপূর্ব্বক অসুরেরা অমৃতপাত্র গ্রহণ করিল, সেই সময়ে তাহাদের মুগ্ধ করিবার জন্ত রমণীমূর্ত্তি ধারণ করিয়াছিলাম। হে দেবপ্রধান! আমার সেইরূপ কামীগণের কামভাবোদ্দীপক ও অতি আদরের সামগ্রী হইতেছে। (আপনাদের কোন উপকারে আসিবে না, কারণ আপনি কামজেতা!!) তবে যখন এতদূর কষ্ট করিয়া দর্শনাভিলাষী হইয়া আসিতেছেন, তখন দেখাইতেছি। শ্রীশুকদেব কহিলেন, মহারাজ! ভগবান হরি এইরূপে মহেশ্বরকে পরিচয় দিতে দিতেই তৎক্ষণাৎ অন্তর্হিত হইলেন। পার্ব্বতীর সহিত মহেশ্বর তদ্রূপ দর্শকের জন্ত চতুর্দ্দিকে দৃষ্টি প্রসারণ করিতে থাকিলেন। ৮। ১২। ১২। ১৩

হে রাজন্! সেই সময়ে পার্ব্বতীর সহিত ভগবান মহেশ্বর অদূরে একটি রম্য উপবন দর্শন করিলেন। তথায় মনোহর ও নবীন পুষ্পপত্রবান কোন বৃক্ষতলে এক সুন্দরী রমণীকে দর্শন করিলেন। তাঁহার করে নীলকমল ছিল, সেই কমল পাইয়া লীলা করিবার সময় তাঁহার অঙ্গের বসন ও দুকূলাদি কম্পিত হইয়া কমনীয় রূপভাতি প্রকাশ করিতেছিল, মেখলাযুক্ত নিতম্ব কম্পিত হইতেছিল। ৮। ১২। ১৪

হে মহারাজ! সেই রমণীর অনন্ত রত্নখচিত হারভারে শোভিত যুগল স্তন কমনীয় ও উচ্চ দেখাইতেছিল। উভয় হস্তে কমল ক্ষেপনপূর্ব্বক লীলাকালে তাঁহার প্রবালতুল্য রক্তিম চরণযুগল যখন অগ্র পশ্চাৎ গমন করিতেছিল, সেই গমনের বেগে এবং ক্রীড়ার উর্দ্ধাধো সঞ্চালনে তাঁহার সুসজ্জিত স্তন ও নিতম্ব এমনভাবে কম্পিত হইতেছিল, তাহাতে তাঁহার সূক্ষ্ম কটি যেন ভগ্নপ্রায় বোধ হইতেছিল। ৮। ১২। ১৫

হে রাজন্! সেই ক্রীড়াচ্ছলে তাঁহার আকর্ণবিস্তৃত ও কমলনিভ নয়নের দৃষ্টি অতিশয় চঞ্চলভাব ধরিয়া চতুর্দ্দিকে বিক্ষিপ্ত হইতেছিল। তাঁহার কোমল কপোলদেশের অতি কৃষ্ণকেশাবলি ও কর্ণে দোদুল্যমান মণিময় কুণ্ডলের শোভায় বদনকমল অতি সুন্দর হইয়াছিল। এই ক্রীড়াকালিন ছলনায় তাঁহার মস্তক হইতে দুকূল এবং কবরী হইতে বেণী বিচ্যুত হইলে, তিনি তাহা বাম করে আকর্ষণ, অধিকন্তু দক্ষিণকরে লীলাকন্দুক ধারণ করিবার সময়ে এমনভাবে সর্ব্বাঙ্গের কমনীয়কান্তি বিকাশ করিতেছিলেন, যেন আত্মমায়া দ্বারা সমস্ত জগৎকে মুগ্ধ করিতেছেন, বোধ হইতেছিল। ৮। ১২। ১৬। ১৭

হে মহারাজ! সেই কন্দুকক্রীড়াকারিণী রমণীর ঈষৎ লজ্জাযুক্ত ও ঈষৎহাস্যযুক্ত কটাক্ষ দ্বারা ভগবান মহেশ্বর বারম্বার দৃষ্ট হইলে এবং ভগবান মহেশ্বর তাঁহাকে দর্শন করিলে, তিনি এতদূর মুগ্ধ ও বিহ্বল হইলেন যে, তাঁহার নিকটস্থ ও পার্শ্ববর্ত্তিনী উমাদেবীকে বা নিজানুচরগণ কাহাকেও স্মরণ করিতে পারিলেন না। ৮।১২। ১৮

হে মহারাজ! ক্রীড়ার্থ কন্দুক দূরে ক্ষেপন ছলনায় যখন সেই রমণী ত্বরাত্বরি দূর হইতে তাহা গ্রহণ করিতে গমন করেন, তখন গতির বেগে তাঁহার কটিসূত্রের সহিত পরিধের বসন স্খলিত হইয়াছিল; বসনস্খলনে রমণীরাঙ্গের শোভাতে ভগবান মহেশ্বর

একদৃষ্টে তাহা দর্শন করিতে থাকিলেন। হে রাজন্! সেই মনোহর নিতম্বধারিণী, দৃষ্টিতৃপ্তিকারিণী মনোরমা বারম্বার (নিজ কামকটাক্ষে) ভবকে দর্শন করিতে থাকিলেন। মহেশ্বরও তাঁহাকে এক মনে মুগ্ধ হইয়া দর্শন করিতে থাকিলেন।৮।১২।১৯।২০

হে রাজন্! সেই রমণী হাবভাবলাবণ্যে ও কটাক্ষে মহেশের বিজ্ঞানবুদ্ধি অপহরণ করিলে, ভবানী কর্ত্তৃক দৃষ্ট হইলেও নির্লজ্জ হইয়া স্বয়ং মহেশ্বর কামপীড়িত হইয়া সেই রমণীর নিকটে গমন করিলেন। মহেশ্বর যে সময়ে নিকটে গমন করিতেছিলেন, সেই সময়ে রমণী একপ্রকার বিবস্ত্রা হইয়াছিলেন, ভবকে সম্মুখবর্ত্তী দেখিয়া কপটলজ্জা দেখাইয়া হাসিতে হাসিতে শীঘ্র তথা হইতে নিকটবর্ত্তী বৃক্ষের অন্তরালে গমন করিলেন। মত্তগজ যেমন ঋতুমতী করিণীর পশ্চাৎ গমন করে, তদ্রূপ ভগবান মহেশ্বর কামবশে আপনার ইন্দ্রিয়গুলিকে উন্মত্ত করিয়া সেই রমণীর পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে থাকিলেন। যখন ছলনাক্রমে তাঁহার সহিত কামভোগে অনিচ্ছুক, এইভাব দেখাইতে অতি দ্রুত পলাইতে থাকিলেন, মহেশ তখন বেগে গমন করিলেন। যখন দ্রুত যাইয়া তাঁহাকে বশীভূত করিতে পারিলেন না, তখন মহেশ্বর সেই রমণীর বেণী ধারণ করিয়া কামবলে উভয় বাহুদ্বারা আলিঙ্গন করিয়া ধরিলেন। হে অঙ্গ! মত্তকরী কর্ত্তৃক সঙ্গমার্থ ধৃতা করিণীর স্থায় সেই রমণী মহেশ দ্বারা ধৃতা হইলেন বটে, কিন্তু অনিচ্ছা দেখাইয়া পলায়নের চেষ্টা করিতে থাকিলে, সেই চেষ্টায় তাঁহার কেশগুলি প্রকীর্ণ হইয়া পড়িল। কোন কৌশলে সেই দেবোত্তমের হস্ত হইতে মুক্ত হইয়া সেই দেবমায়ানির্ম্মিতা পৃথুনিতম্বা কামিনী ইতস্ততঃ দৌড়াইতে থাকিলেন। হে রাজন্! অদ্ভুতকর্ম্মা বিষ্ণুর মোহিনীমায়ায় মহেশ্বর আপনার চিরবৈরী কাম দ্বারা এইভাবে পীড়িত ও মুগ্ধ হইলেন। সেই রমণী প্রস্থান করিলে তাঁহার পশ্চাৎ পশ্চাৎ উন্মত্ত হইয়া ধাবিত হইতে থাকিলেন। যেমন ঋতুমতী করিণীর অনুগমনে মত্তকরীর রেত পতিত হইয়া থাকে, তদ্রূপ অনুধাবনকালে অতি কামবশে অমোঘরেতা ভবের রেত পতিত হইতে থাকিল। হে মহীপতে! সেই মহাত্মা হরের রেত পৃথিবীর যে যে স্থানে পতিত হইয়াছিল, তাহাই রুদ্রের স্বর্ণক্ষেত্রনামে বিখ্যাত হইল। ৮। ১২। ২১। ২২

হে রাজন্! (ধাবমানকালে কামবশে মহেশ্বর এতদূর হতজ্ঞান: হইয়াছিলেন যে) সরিৎ, সরোবর, পর্ব্বত, বন, উপবন এমন কি ঋষিগণের আশ্রমে পর্য্যন্ত লজ্জাহীন হইয়া তিনি গমন করিয়াছিলেন। ক্রমে যখন রেতপতন শেষ হইল, হে নৃপশ্রেষ্ঠ! তখন মহেশ্বর আপনাকে আশ্চর্য্য মানিয়া, দৈবীমায়ায় মুগ্ধ ও কামুক হইয়াছেন, ভাবিয়া সেই রমণীর অনুগমনরূপী মন্দকার্য্য হইতে নিবর্ত্তিত হইলেন। হে রাজন্! সেই অপরিজ্ঞেয় ও জগদাত্মা ভগবানের মাহাত্ম্য অবগত হইয়া, আপনার এই উন্মত্তভাবসূচক কর্ম্মকে হর আশ্চর্য্য বলিয়া স্থির করিলেন না। তাঁহাকে অনুতাপ ও লজ্জাহীনভাবে পুনরায় অবস্থিত দর্শন করিয়া, ভগবান মধুসূদন আপনার পৌরুষী তনু ধারণ পূর্ব্বক তদুপরি পরমপ্রীত হইয়া এই সকল কথা কহিলেন ৮। ১২। ২৩। ২৪

হে অঙ্গ! ভগবান কহিলেন:—হে বিবুধশ্রেষ্ঠ! আপনি আপনেচ্ছায় আমার

মোহিনীমূর্ত্তিধারিণী মায়াতে একবার মুগ্ধ হইয়া, পরিণামে আত্মজ্ঞানবলে স্বয়ং সেই মোহ হইতে যে উদ্ধার হইয়াছেন; ইহাই আপনার অপূর্ব্ব ক্ষমতা হইতেছে!! আমার যে মায়া নিত্য নিত্য অনির্ব্বচনীয় ভাব সকল প্রকাশ করিয়া থাকে, যাহা অজ্ঞানীর পক্ষে একেবারে দুস্তরা, আপনার স্থায় পুরুষব্যতীত আমার সেই মায়া হইতে বিরত হয়, এমন পুরুষ আর কে আছে!! (আপনার এই কার্য্যে সন্তুষ্ট হইয়া অদ্যাবধি এই বিধি করিতেছি যে) অদ্যাবধি যত সৃষ্টিকাল বর্ত্তমান হইবে, আমার এই ত্রিগুণময়ী মায়া কোন কালেও আপনাকে মুগ্ধ করিতে পারিবে না। (এই কথা সমাপন করিয়া) শ্রীশুকদেব কহিলেন:—হে রাজন্! ভগবান শ্রীবৎসাঙ্ক দ্বারা মহেশ্বর এইরূপে পূজিত হইয়া স্বয়ং তাঁহাকে পূজা প্রদক্ষিণ করিয়া অনুচরগণের সহিত কৈলাসে গমন করিলেন। হে রাজন্! আপনার অর্দ্ধাঙ্গরূপিণী ভবানী, যাঁহাকে যোগীগণ সতত পূজা করেন, আনন্দের সহিত মহেশ্বর তাঁহাকে সম্বোধন করিয়া এই সকল কথা বলিলেন। হে প্রিয়ে! সেই পরম পুরুষ এবং পরমদেবতা, যাঁহার কলারূপী সমস্ত দেবতার শ্রেষ্ঠ আমি হইতেছি, আমিও যখন সেই অজপুরুষের মায়ায় মুগ্ধ ও অবশ হইয়া পড়িলাম, তখন অতত্ত্বজ্ঞব্যক্তিরূপী মানব দৈত্যাদি যে মুগ্ধ হইবে, ইহাতে আশ্চর্য্য কি!! আমি অনন্তকাল যোগাবস্থা হইতে উপরত হইলে; (আমি যাহার জন্য সমাহিত ছিলাম) যাহা তুমি পূর্ব্বে জিজ্ঞাসা করিয়াছিলে; এই মোহিনীমূর্ত্তি বিকাশকারী হরিই সেই পুরাণপুরুষ হইতেছেন! এই অবস্থার প্রকৃততত্ত্ব সর্ব্বান্তর্যামী হইয়া কাল এবং সর্ব্বজ্ঞ হইয়াও বেদাদি সম্যক্ পরিজ্ঞাত নহে। ৮। ১২। ২৫।২৬

ব্যাখ্যা। এই যে বিষ্ণুর মোহিনীরূপ ধারণ, ইহার তাৎপর্য্য পূর্ব্বে বলা হইয়াছে, এবং স্বয়ং ভগবান ত্রয়োদশশ্লোকে বলিলেন। এই রূপটি মহামায়ার রূপ, এইরূপ হইতে মায়া এবং সমস্ত শক্তির বিকাশ হয়। মায়া জগৎ ও জীবকে মুগ্ধ করে, কিন্তু মহামায়া ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বরাদি ঈশ্বরভাব ও দেবতাদিকেও মুগ্ধ করিতে পারে। এই মহামায়ার অবস্থাগুলি সামান্যা সুন্দরী রমণীর ভাবের সহিত একীকৃত করিয়া শ্রীব্যাস বর্ণনা করিয়াছেন। ইহার তাৎপর্য্য অপূর্ব্ব। যে বৃক্ষের তলে মোহিনীমূর্ত্তি ছিলেন, উহা ভগবানের বিশ্বকার্য্যকারণপ্রসবকারী নবমাত্র পুষ্পধারী বিরাটভাব হইতেছে। কন্দুক বলিতে ক্রীড়ার সামগ্রী; যুবতীগণ যুবকের মনোহরণ করিতে ফুলগুচ্ছ লইয়া লোফালুফী করিয়া ক্রীড়া করে, রসশাস্ত্রে ইহা বর্ণিত আছে। এস্থলে কন্দুক, হাব, ভাব, লাবণ্য, কটাক্ষ, এসমস্ত মায়ার মোহিনীশক্তি হইতেছে। এই মোহিনীশক্তির এতদূর প্রভাব যে স্বয়ং যোগেশ্বর ও নিরস্তা মহেশ্বর মুগ্ধ হইয়া পড়িলেন। মায়াতে ও মহামায়াতে প্রভেদ এই:—মায়াতে সুখ দুঃখ উভয় বর্ত্তমান। অর্থাৎ জীব যখন শোকে মগ্ন হইল, অমনি স্নেহ আনিয়া তাহাকে ভুলাইয়া দেওয়া হইল। এইরূপ আসক্তিউদ্দীপক ভাবগুলিই মায়া চঞ্চল লাবণ্য। কিন্তু মহামায়া কেবল আনন্দময়ী, এইজন্য রতিগলিত আনন্দজনক মোহউদ্দীপন করিতে ঐ কামিনীবেশ বর্ণনা করা হইল। ঐ কামিনীবেশে

এত মোহ হয় যে মহেশ্বরের আত্মজ্ঞান আবৃত হইল, তিনি মায়াতে মগ্নিত হইতে থাকিলেন। মায়াকে ধরিলেন, আলিঙ্গন করিলেন; কিন্তু ভবের কামনা ছিল না বলিয়া মহামায়া তাঁহাকে মায়া না করিয়া দূরে প্রহার করিলেন। ইহাতে দেখান হইল যে নিষ্কামী ভক্ত মুগ্ধ হইলেও মায়া তাঁহাতে মিশ্রিতা হয়েন না। সেই সময়ে মুগ্ধ হরের বীর্য্য ক্ষয় হইতে থাকিল। বীর্য্যক্ষয়মাত্রেই আত্মজ্ঞান আসিয়া উপস্থিত হইল। নিষ্কামী ভক্ত যদি কখন বিষ্ণুমায়ায় মুগ্ধ হয়; তাঁহার মায়াভোগ হয় না, বরং ভগবৎকৃপায় তাঁহার যতটুকু আসক্তি হইয়াছিল, তাহার ক্ষয় হইয়া পড়ে। আসক্তিক্ষয়মাত্রেই পুনরায় তত্ত্বজ্ঞান স্বভাবতঃ উপস্থিত হয়। এই বীর্য্যই জীবের কাম্যভোগের আসক্তি জন্মাইয়া থাকে। এইজন্য আসক্তিকেই এস্থলে হরের বীর্য্যরূপে কল্পনা করা হইল। সেই বীর্য্য যে যে স্থানে পতিত হইল, তাহাই মহেশ্বরের সুবর্ণক্ষেত্র নামে বিখ্যাত হইল, ইহার তাৎপর্য্য ঃ—সুবর্ণ যেমন অগ্নিতে নাশ হয় না, মলিন হয় না, এবং মিশ্রিত হইলেও বিশুদ্ধ করা যায়; তদ্রূপ মহেশের এই লীলাবীর্য্য যে যে ক্ষেত্রে অর্থাৎ সাধকের দেহান্তরে ধৃত বা অনুধ্যাত হইয়াছিল, বা ভবিষ্যতে হইবে, তাহা চিরদিন সুবর্ণের ন্যায় চিরপবিত্র থাকিবে।

পরে চতুর্ব্বিংশতি শ্লোকে বলা হইল যে ঃ—নিজ মোহ কার্য্যের জন্য মহেশ্বরকে অনুতাপরহিত এবং নির্লজ্জ দেখিয়া ভগবান সন্তুষ্ট হইলেন। ইহার তাৎপর্য্য এই ঃ—যে কার্য্যে কেহ সক্ষম, কেহ অক্ষম হয়, সেই কার্য্যের জন্য অক্ষম ব্যক্তি হতাশ হয় বা অনুতাপ করে। এই মহামায়ার মোহিনীশক্তির নিকটে যখন ঈশ্বরের পর্য্যন্ত উদ্ধারের উপায় নাই, তখন আর অনুতাপ কিসের? ভগবান হরি অন্তর্যামী আত্মা হইয়া বর্ত্তমান, তিনি চিরদিন অনাচ্ছাদিত, উলঙ্গ আছেন, তিনি সকল সম্বন্ধের সম্বন্ধীয় হয়েন, অতএব তাঁহাতে লজ্জা হয় না। এস্থলে কাল ও বেদ এই ভগবদ্ভাবের তত্ত্ব সম্যক্ জ্ঞাত নহেন। ইহা বলিবার তাৎপর্য্য এই ঃ—কাল সর্ব্বশক্তিমান ও সর্ব্বান্তর্যামী বটেন, কিন্তু সেই হরির একটি শক্তিমাত্র। চক্ষু যেমন দেহের একটি শক্তি, সেই অন্ধ শক্তি দেখিতে অক্ষম, সেইরূপ সকলের নিয়ন্তা কালও ভগবানের সম্যক্ তত্ত্ব জানেন না। বেদাদি তাঁহার বাক্যমাত্র, তল্লাভোপায় প্রকাশ করিয়াছেন মাত্র, তাঁহার স্বরূপ দেখাইতে অক্ষম হইতেছেন। অতএব কাল ও বেদ যাহা দেখাইতে অক্ষম, তাহা ঈশ্বরাদি হইতে জীবের কাহারও ক্ষমতা নাই যে, নিজের তপস্যাদি ক্ষমতাবলে তাঁহার তত্ত্ব সম্যক্ বুঝিতে পারেন। কেবল সেই হরির কৃপারূপিণী ভক্তিই তাঁহার স্বরূপ দান করেন। ইহা হরের উক্তিতে ভাগবতের সিদ্ধান্ত শ্রীব্যাস প্রকাশ করিলেন।

পূর্ব্বকথা সমাপন করিয়া রাজা পরীক্ষিতকে শুকদেব কহিলেন ঃ—হে তাত ! আপনি আমাকে যে কথা জিজ্ঞাসা করিয়াছিলেন; তদুত্তরে যিনি সাগরমন্থনকালে পৃষ্ঠে মন্দরাচল ধারণ করিয়াছিলেন, সেই বিক্রান্ত ভগবান শার্ঙ্গধন্বার বিক্রমকাহিনী একে একে বর্ণনা করিলাম।৮।১২।২৭

হে মহারাজ ! এইরূপ ভগবানের মায়া বিক্রমলীলা যে ব্যক্তি মুহুর্মুহু কীর্ত্তন বা শ্রবণ

করে, সংসারে কখন তাহার উন্নতির ক্ষয় হয় না। কারণ উত্তমশ্লোক ভগবানের গুণানুবর্ণনই এই জন্মমৃত্যু ও কর্ম্মপ্রবাহ সমন্বিত সংসারের পরিশ্রান্ত জীবের পক্ষে একমাত্র শান্তির আস্পদ হইতেছে। হে মহারাজ! যাঁহার অসদ্গণের অবিষয়, এবং ভাবগম্য চরণকমলে প্রপন্ন অমরগণকে যিনি সিন্ধুমন্থনে উত্থিত অমৃত পান করাইয়াছিলেন, এবং প্রপন্ন অমরগণের শত্রুগণকে আপনার কপট মোহিনী যোগদ্বারা মুগ্ধ করিয়াছিলেন; যিনি এইরূপে আশ্রিত জনের কামনা পূর্ণ করেন; সেই ভগবানকে আমি প্রণাম করি।৮।১২।২৮।২৯

ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে দ্বাদশাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। এই তিন শ্লোকে শুকদেব কপটমূর্ত্তি এবং মোহিনীমূর্ত্তি ধারণের প্রয়োজন সিদ্ধান্ত করিয়া প্রণামপূর্ব্বক অধ্যায়ের উপসংহার করিলেন। কপটমূর্ত্তির তাৎপর্য্য কি? তিনি এমন বলবান যে, সুরাসুর সকল থাকিলেও তাঁহার সহা ব্যতীত মন্দরাদ্রি ধারণ এবং মন্থনে কেহই সক্ষম হইলেন না। অতএব সুরাসুরের মধ্যে তিনি বলবীর্য্যাদিতে শ্রেষ্ঠ হইতেছেন। দ্বিতীয়তঃ অধ্যাত্মভাবে দেখান হইল যে:—জ্ঞানাদি ও ইন্দ্রিয়শক্তিরূপী দেবগণ বা সংসারের দৈবশক্তিরূপী ব্রহ্মাদি এবং রিপু ও ভোগপ্রবৃত্তিরূপী অসুরগণ কাহারও এমন ক্ষমতা হইল না যে আত্মারূপী সর্ব্বান্তর্যামী হরিশক্তি ব্যতীত কোন কার্য্যে সফল হয়েন। হরি সকলের বল, বীর্য্য এবং কর্ম্মফলদাতা হইতেছেন। এই কর্ম্মফলদাতৃত্ব বুঝাইবার জন্ম মোহিনীমূর্ত্তি ধারণের কথা বলা হইল। দেবতাগণে প্রপন্ন, কেমন প্রপন্ন না অসদ্গণের অবিষয় এবং ভাবগম্য ভগবচ্চরণে প্রপন্ন। অসৎগণের অবিষয় বলিতে যাহারা বিষয়বৃত্তিতে চিত্তকে নিরত করিয়া জন্মমৃত্যুর অধীন, তাহাকে অসৎ কহে; তাহারা ভগবৎতত্ত্ব বুঝিতে পারে না বলিয়া অসদ্গণের অবিষয় বলা হইল। তবে সেই ভগবচ্চরণ বা তত্ত্ব কাহাদের ভাগ্যে ও কেমন করিয়া বোধ হয়?—না যাঁহারা প্রপন্ন, তাঁহারা ভাবনা অর্থাৎ ভজনাদ্বারা লাভ করিয়া থাকেন। ইহার প্রমাণরূপে দেখান হইল, হরি সুরাসুর সকলের সমক্ষে কমঠরূপে বীর্য্য দেখাইলেন, মোহিনীরূপে মায়া দেখাইলেন। তথাপি দেবতাগণ তাঁহাতেই নিমগ্ন হইলেন, কিন্তু অসুরেরা তাহা বুঝিতে না পারিয়া মুগ্ধ হইল, অমৃতলাভে অক্ষম হইল। হরি যেমন কৃপা দেখাইলেন, তাহা শ্রীশুকদেব উনত্রিংশ শ্লোকে বলিলেন:—জীবজগৎ সমস্তই ভগবানের মায়াতে মুগ্ধ, তাহারা ভগবানের মহামায়া দর্শনে অধিকার পায় না। কিন্তু হরির সন্নিহিত হইয়াছে বলিয়া ঈশ্বরগণের মোহনকারিণী মহামায়া কান্তি ভগবান অসুরগণকে দেখাইলেন, ইহাতেও তাহারা প্রপন্ন হইল না, অতএব বঞ্চিত হইল। রিপুপ্রভৃতি কুবৃত্তি কখনই ভগবৎপর হয় না ইহা বলা হইল।

ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে দ্বাদশাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ ত্রয়োদশ অধ্যায়।

রাজা পরীক্ষিতকে সম্বোধন করিয়া শ্রীশুকদেব কহিলেন :—

হে মহারাজ! এই বর্ত্তমান মন্বন্তরই সপ্তম মন্বন্তর হইতেছে। এই কালে সূর্য্যানন্দন শ্রাদ্ধদেবই মনু হইয়াছিলেন। ইক্ষ্বাকু, নভগ, ধৃষ্ট, যযাতি, নরিষ্যন্ত, নাভাগদিষ্ট, বারুণ, পৃষধ্র, বসুমান্ এই দশ রাজচক্রবর্ত্তীই সপ্তম মনু মহীপতির সন্তান হইতেছেন। হে রাজন্! আদিত্যসমূহ, বসুগণ, রুদ্রগণ, বিশ্বদেবগণ, মরুদ্গণ, অশ্বিনীকুমার ও ঋভুদেবগণই এই মন্বন্তরের দেবতা হইতেছেন, এবং পুরন্দরনামে দেবতাই ইন্দ্র হইতেছেন। কশ্যপ, অত্রি, বশিষ্ঠ, বিশ্বামিত্র, গৌতম, জামদগ্নি ও ভরদ্বাজাদি এই কালের সপ্তর্ষি হইতেছেন। হে মহারাজ! এই কালেই ঋষি কশ্যপের ঔরসে অদিতি দেবীর গর্ভে আদিত্য প্রভৃতি দেবতা জন্ম গ্রহণ করেন। ভগবান বিষ্ণু এই কালে আদিত্যাদি দেবতার কনিষ্ঠরূপে বামন নামে অবতীর্ণ হইয়াছিলেন। হে রাজন্! আমি প্রাচীন ছয় এবং বর্ত্তমান এক, ক্রমে সপ্ত মন্বন্তরের সংক্ষেপ তত্ত্ব ও ঐ ঐ কালে ভগবান হরি যে যে উপায়ে শক্ত্যাদি সমন্বিত হইয়া অবতীর্ণ হইয়াছিলেন, তাহা বর্ণনা করিলাম। সেই ভগবান ভবিষ্যতে শক্ত্যাদি সমন্বিত হইয়া যে যে স্থানে অবতীর্ণ হইবেন, সেই সেই ভবিষ্যৎ মন্বন্তরের কথা পরে বলিব।৮।১।২।৩।৪

ব্যাখ্যা। এই অধ্যায়ে বর্ত্তমান ও ভবিষ্যৎ মন্বন্তরের কথা বলা হইবে। রাজা পরীক্ষিৎকে লক্ষ্য করিয়া বলা হইতেছে যে, আপনি যে সময়ে বর্ত্তমান, এইটিই সপ্তম মন্বন্তর হইতেছে। আমাদের কালতত্ত্ববিদ্ পণ্ডিতগণে সৃষ্টিতত্ত্ব পর্য্যালোচনা করিয়া নির্দ্দেশ করিয়াছেন যে :—এক মহাপ্রলয়ের পরে জগৎ ও জীবের সৃষ্টি হইয়া কালে কালে পরিণত হইতে হইতে পুনরায় মহাপ্রলয় পর্য্যন্ত যে কাল সংখ্যাত হয়, তাহাকে কল্প কহে। অনন্ত কল্প হইয়া গিয়াছে, এই কল্পের নাম শ্বেতবরাহ কল্প। এই কল্পে চতুর্দ্দশ মন্বন্তর কালে শেষ হইলে পুনরায় মহাপ্রলয় হইবে। সত্য, ত্রেতা, দ্বাপর, কলি, এই চারি যুগের প্রতি অবসানকালকে এক মহাযুগ কহে। এই নিয়মে ছয় মন্বন্তর অতীত হইয়াছে। সপ্তম মন্বন্তরের সপ্তবিংশতি মহাযুগ অতীত হইয়া অষ্টাবিংশ মহাযুগের কলিযুগ বর্ত্তমান আছে। মহাপ্রলয়ের পরে বর্ত্তমানকালের সপ্তবিংশতি যুগ অতীত হইয়াছে, অষ্টাবিংশতি যুগ বর্ত্তমান। এই কল্পের পরমায়ু অর্থাৎ পুনরায় মহাপ্রলয় পর্য্যন্ত অবস্থানকাল ৪৩২০০০০০০০ বর্ষ মাত্র। এই সপ্তম মন্বন্তরের পরমায়ুকাল ৪৩২০০০০ ত্রিচত্বারিংশতি লক্ষ বিংশতি সহস্র হইতেছে। ঐ মন্বন্তরের সত্যযুগ ১৭১৮০০০ সপ্তদশ লক্ষ অষ্টাদশ সহস্র। ত্রেতাযুগের পরিমাণ ১২৯৬০০০ দ্বাদশ লক্ষ ষন্নবতি সহস্র বর্ষ হইতেছে। দ্বাপর যুগের ৮৬৪০০০ অষ্টলক্ষ ষট্চত্বারিংশতি সহস্র বর্ষ এবং কলির ৪৩২০০০ চারি লক্ষ দ্বাত্রিংশতি সহস্র বর্ষ পরিমাণ হইতেছে। অতীত ছয় মন্বন্তর এবং বর্ত্তমানের চারি যুগ অতীত সময় গণনা করিয়া পণ্ডিতগণে সংখ্যা দিয়াছেন। ১৯৭২৯৪৮৯৯৩ বৎসর সাত মন্বন্তরে অতীত

হইয়াছে। অবশিষ্টকাল ভবিষ্যতে সপ্তমমন্বন্তরে গত হইলে মহাপ্রলয় হইবে। পরীক্ষিতের রাজ্যকাল হইতে বর্ত্তমান কলির প্রারম্ভ। আমরা সপ্তমমন্বন্তরের শেষযুগে এবং সৃষ্টির অষ্টাবিংশতি যুগে জন্মগ্রহণ করিয়াছি। এই কলির ৪৩২০০০ বৎসরের মধ্যে ৪৯৯৩ বৎসর অদ্য পর্য্যন্ত অতীত হইয়াছে। অবশিষ্ট অতীত হইলে অষ্টম মন্বন্তর আরম্ভ হইবে।

এই মন্বন্তরের বর্ণনার প্রয়োজন এই যে:—দ্রব্য, জ্ঞান, ক্রিয়া, কাল, কর্ম্ম ও স্বভাব এই ছয় উপাদানে এই বিশ্ব পরিণত, প্রস্তুত ও বর্দ্ধিত হইয়া থাকে। ভগবন্মহিমা প্রকাশ জন্য বেদাদি হইতে সকল শাস্ত্র ঐ ছয় অবস্থা নির্ণয় করিয়া কীর্ত্তন করেন। দর্শনাদি শাস্ত্রে কেবল তাহার নির্ণয় হয় মাত্র, ভক্তি সাধনের কথা থাকে না। পুরাণ মধ্যে সেই দার্শনিক সমস্ত তত্ত্বের অন্তর্গত ভগন্মহিমা বর্ণনা এবং তৎসহযোগে ভগবানে ভক্তি স্থাপনের উপায় নির্দ্দেশ করা হয়। ভূতাদি দ্রব্য, জ্ঞান, ইন্দ্রিয়াদি ক্রিয়া এবং জীবের কর্ম্ম ও স্বভাব এই সমস্ত ভগবানের সত্তা ব্যতীত প্রস্তুত হইতে পারে না এবং সকল হইতে ভগবান শ্রেষ্ঠ, ইহা প্রমাণ করিয়া, শ্রীব্যাস এই স্কন্ধে কালতত্ত্ব দ্বারা তাঁহার মহিমা বর্ণনা করিয়াছেন। কালরূপী মহাশক্তি দ্বারা তিনি কেমন করিয়া সর্ব্বাধিপত্য স্থাপন করেন এবং অনন্ত অষ্টমকালের নির্ণীত সেই হরি যে সকলের ভজনীয়, ইহা বারম্বার বুঝাইতেছেন। ভগবান শুকদেব ছয় অতীত ও এক বর্ত্তমান বর্ণনা করিয়া রাজাকে এই অভিপ্রায় বলিলেন:—হে মহারাজ! অতীত, বর্ত্তমান এবং ভবিষ্যৎ সকল সময়েই সেই হরি ভক্তের প্রতি কৃপা করিয়া তাহার বিপদ বিনাশ পূর্ব্বক নিজপদ দিয়া থাকেন, অতএব আপনি ব্রহ্মশাপগ্রস্থ হইয়া তাঁহাতে প্রপন্ন হউন, উদ্ধার হইবেন।

হে মহারাজ! ইতিপূর্ব্বে আপনাকে বলিয়াছি যে বিশ্বকর্ম্মার সংজ্ঞা এবং ছায়া নামে দুই কন্যা ছিলেন। ঐ উভয় কামিনীই বিবস্বত (নামে কশ্যপনন্দন দেবতাকে) বিবাহ করেন। কেহ কেহ বলেন, ঐ বিবস্বতের বড়বা নামে আর এক ভার্য্যা ছিলেন। ঐ দেবতার ঔরসে সংজ্ঞার গর্ভে যমুনা কন্যা, যম ও শ্রাদ্ধদেব নামে দুই পুত্র জন্মিয়াছিলেন। ছায়ার গর্ভে সাবর্ণি নামে এক পুত্র এবং তপতী নামে এক কন্যা জন্মিয়াছিলেন। ঐ তপতি নৃপতি সম্বরণের বনিতা হয়েন। শেষে ঐ ছায়ার তৃতীয়গর্ভে এক পুত্র জন্মায়, তাহার নাম শনি হইতেছে। তৃতীয় ভার্য্যা বড়বার গর্ভে অশ্বিনীকুমারযুগলের জন্ম হয়। হে মহারাজ! যখন অষ্টম মন্বন্তর উপস্থিত হইবে, তখন সাবর্ণিই মনু হইবেন। সাবর্ণিতনয় নির্ম্মোক ও বিরজস্বা প্রভৃতি রাজচক্রবর্ত্তী হইবেন। সুতপ, বিরাজ ও অমৃতপ্রভ প্রভৃতিই ঐ মন্বন্তরের দেবতা হইবেন। ঐ দেবগণের মধ্যে দৈত্যপতি বিরোচনের পুত্র বলি ইন্দ্র হইবেন। হে মহারাজ! এই সপ্তম মন্বন্তরের শেষেই দৈত্যপতি বলি আপনার সুকর্ম্মবশে ইন্দ্রত্ব লাভ করিয়াছিলেন, কিন্তু ভগবানকে ত্রিপদভূমি, দানচ্ছলে সর্ব্বস্ব দানপূর্ব্বক স্বর্গপদবী ত্যাগ করিয়া হরিচরণকে তদপেক্ষা শ্রেষ্ঠ জ্ঞান করতঃ অদ্যাপি প্রতিজ্ঞাবদ্ধ হইয়া পাতালে আধিপত্য করিতেছেন। কালে ভগবৎকৃপায় বলি পরম ভক্তিযুক্ত সিদ্ধিলাভ করিবেন। হে মহারাজ! গালব, দীপ্তিমান, পরশুরাম

অশ্বত্থামা, কৃপাচার্য্য, ঋষ্যশৃঙ্গ এবং আমার পিতা ব্যাসদেবই ঐ কালে সপ্তর্ষি নামে বিখ্যাত হইবেন। হে মহারাজ! এখন ঐ সকল ঋষিগণ মহা মহা যোগ অবলম্বন করিয়া আপনাপন আশ্রমে কালাতিপাত করিতেছেন। সেই মন্বন্তরে দেবগুহ্যের ঔরস এবং সরস্বতীনাম্নী সতীর গর্ভের আশ্রয়ে সার্ব্বভৌম নামে অভিহিত হইয়া ভগবান আবির্ভূত হইবেন। এই অবতারে তিনি পুরন্দর নামক বর্ত্তমান ইন্দ্রের গর্ব্বনাশ করিতে স্বর্গাদি হরণ করিয়া পাতালস্থ বলিকে প্রদান করিবেন। ৮। ১৩। ৫। ৬। ৭। ৮। ৯

হে মহারাজ! বরুণের পুত্র দক্ষ সাবর্ণি নবম মন্বন্তরের মনু হইবেন। ভূতকেতু দীপ্তিকেতু, প্রভৃতি তাঁহার প্রজাপালক পুত্র হইবেন। পারা, মরীচিগর্ভ প্রভৃতিই এই কালের দেবতা এবং অদ্ভুত নামে দেবতাই ইন্দ্র হইবেন। দ্যুতিমৎ প্রভৃতিই ঐ কালের ঋষিরূপে গণ্য হইবেন। সেই কালে আয়ুষ্মানের ঔরসে এবং অম্বুধারার গর্ভে স্বয়ং ভগবান ঋষভ নামে অবতীর্ণ হইবেন। তিনি নিজবীর্য্যবলে ত্রিলোকের সকল সম্পদ অদ্ভুত নামক ইন্দ্রকে ভোগ করাইবেন। ৮। ১৩। ১০। ১১

হে মহারাজ! উপশ্লোকের পুত্র ব্রহ্মসাবর্ণি দশম মন্বন্তরের মনু হইবেন। ভূরিষেণাদি তাঁহার প্রজাপালক পুত্র হইবেন। হবিষ্ম, সুকৃত, সত্য, জয় ও মূর্ত্তি প্রভৃতিই তখন সপ্তর্ষি নামে বিখ্যাত হইবেন। সুবাসন, অবিরুদ্ধ প্রভৃতিই তখন দেবতা হইবেন। শম্ভু নামে ইন্দ্র হইবেন। হে রাজন্! এইকালে বিশ্বসৃক্ বিপ্রের গৃহে বিসূচীর গর্ভে ভগবান হরি নিজ কলাতে আবির্ভূত হইয়া শম্ভুনামক ইন্দ্রের সহিত বন্ধুত্ব স্থাপন করিবেন। ৮। ১৩। ১২। ১৩

হে মহারাজ! ধর্ম্মসাবর্ণি নামে আত্মতেজী মহাত্মা ত একাদশ মন্বন্তরে মনু হইবেন। সত্য, ধর্ম্ম প্রভৃতি দশজনেই তাঁহার প্রজাপালক পুত্র হইবেন। বিহঙ্গম, কামগমা, নির্ব্বাণ, রুচি প্রভৃতিই সেই সময়ের দেবতা এবং বৈধৃত নামে ইন্দ্র হইবেন। চারুণাদি সেই সময়ে সপ্তর্ষি বলিয়া বিখ্যাত হইবেন। আর্যকের ঔরসে বৈধৃতির গর্ভে অর্য্যক-নামে ভগবতাবতার আবির্ভূত হইয়া ত্রিলোক ধারণ করিবেন। ৮। ১৩। ১৪

হে মহারাজ! রুদ্রসাবর্ণিই দ্বাদশ মন্বন্তরের মনু হইবেন। দেববান্, উপদেব, দেবশ্রেষ্ঠ প্রভৃতিই তাঁহার প্রজাপালক সন্তান হইবেন। সেই কালে ঋতধামা ইন্দ্র এবং হরিতাদিই দেবতা হইবেন। তপোমূর্ত্তি, তপস্বী, অগ্নীধ্রক প্রভৃতি ঋষিরূপে গণ্য হইবেন। সত্যসাহস নামক মহাত্মার ঔরসে এবং সুনৃতার গর্ভে ভগবানের অংশ সুধামা নামে জন্মগ্রহণ করিয়া সেই মনুর প্রিয় সাধন করিবেন। ৮। ১৩। ১৫। ১৬

হে মহারাজ! ত্রয়োদশ ভবিষ্যৎ মন্বন্তরে দেবসাবর্ণিনামে আত্মবান্ পুরুষ মনু হইবেন। চিত্রসেন ও বিচিত্রাদিই তাঁহার রাজ্যপাল পুত্র হইবেন। সুকর্ম্মা ও সুত্রামা নামক দেবতা এবং দিবস্পতি নামে ইন্দ্র হইবেন। নির্ম্মোক ও তত্ত্বদর্শী প্রভৃতিই সেই কালের ঋষি হইবেন। দেবহোত্র নামে মহাত্মার ঔরসে এবং বৃহতীর গর্ভে যোগেশ্বর নামে হরির অংশ আবির্ভূত হইবেন। তিনিই দিবস্পতি ইন্দ্রের একমাত্র সাহায্যকারী থাকিবেন। ৮। ১৩। ১৭

হে মহারাজ! চতুর্দ্দশ মন্বন্তরে ইন্দ্রসাবর্ণিই মনু হইবেন। উরুগম্ভীর এবং ব্রহ্মাদিই তাঁহাদের প্রজাপালক পুত্র হইবেন। পবিত্র ও চাক্ষুষ প্রভৃতিই সেই সময়ের দেবতা হইবেন। শুচি নামে ইন্দ্র হইবেন? অগ্নিবাহু, সুচি, শুক্র, মাগধাদিই ঐ সময়ের ঋষি হইবেন। হে মহারাজ! বিনতানাম্নী সতীর গর্ভে সত্রায়ণ নামীয় মহাত্মার ঔরসে বৃহদ্ভানু নাম ধারণ করিয়া ভগবান আবির্ভূত হইয়া কর্ম্মমার্গ বিস্তার করিবেন। ৮। ১৩। ১৮

হে মহারাজ! ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমান এই ত্রিকালের অনুগত চতুর্দ্দশ মন্বন্তরের কথা আপনাকে বলিলাম। এই চতুর্দ্দশ মন্বন্তরে এক সহস্র যুগ অতীত হইয়া থাকে। এই সহস্র যুগের অবসানে বর্ত্তমান কল্প শেষ হইয়া (পুনরায় প্রলয় হয়)। ৮। ১৩। ১৯

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে ত্রয়োদশাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। এই যে ভূত, ভবিষ্যৎ এবং বর্ত্তমানকাল দ্বারা চতুর্দ্দশ মন্বন্তরের কথা বলা হইল, উহার পরিবর্ত্তনে যেমন পরিণামে জগতের প্রলয় নির্দ্দেশ করা হইল, প্রলয়কালেও হরিতে জীব ও জগতের কারণ তাঁহাতে লীন হইয়া থাকে। আবার সৃষ্টি আরম্ভ হইলে প্রথমে তরলাবস্থায় কারণের প্রকাশক্রমে সেই অবস্থা হইতে শক্তি ও ভূতাদির বিকাশ হইয়া কর্ম্মভূমি সুসজ্জিত হয়। এবিষয়ে কাহারো সন্দেহের প্রয়োজন নাই। কারণ ব্যক্ত ও অব্যক্ত ভাবে এখনো জগতের কার্য্য বর্ত্তমান। দীপ জ্বলিলে যেমন দেখা যায় বলিয়া আকাশ বায়ু ও ভূমিব্যাপী অগ্নি অব্যক্ত থাকিলেও অস্বীকার করা যায় না। কূপে কূপে মেঘে মেঘে বারি দেখা যাইলেও বিশ্বব্যাপী রস অব্যক্ত থাকিলেও যেমন তাহার সত্ত্বা অস্বীকার করা যায় না। তদ্রূপ ইন্দ্রিয়াদি ও জ্ঞানাদির শক্তি ঘটে ঘটে বর্ত্তমান দেখিয়া উহাদের সত্ত্বা যে মহাকাশে ব্যাপ্ত আছে, অথচ অব্যক্ত রহিয়াছে, একথা সকলেই স্বীকার করিতে বাধ্য হইবেন। সেই অব্যক্ত ভূতেন্দ্রিয় জ্ঞানাদির সূক্ষ্মাবস্থা যে অন্য কোন আধার হইতে সূর্য্যরশ্মির ন্যায় বিকাশ হইতেছে, ইহাও সকলে স্বীকার করিতে বাধ্য হইবেন। মেঘাবরণে সূর্য্যকিরণ এবং দীপের দীপ্তি কোন পাত্রে আবৃত করিলে যেমন সংযত হয়, আবার আবরণ নাশে পুনরায় ব্যাপ্ত হয়, তদ্রূপ ভগবানের অনন্তশক্তি প্রকাশও নিরুদ্ধ হইয়া থাকে। হরির অতীত বা ব্যতিরিক্ত কিছুই নাই, এই কথা ভাগবতশাস্ত্রে নির্দ্দেশ করিয়া শুকদেব অধ্যায়ের উপসংহার করিলেন।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে ত্রয়োদশ অধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ চতুর্দ্দশ অধ্যায়।

পূর্ব্ব কথা শ্রবণ করিয়া রাজা পরীক্ষিৎ আশ্চর্য্য লইয়া শ্রীশুকদেবকে জিজ্ঞাসা করিলেন :—

হে ভগবন্! যে সকল ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমান মন্বন্তরাদি ও মনু দেবতাদিগের

পরিচয় আপনার নিকট শ্রবণ করিলাম, প্রতি মন্বন্তরের অন্তে কি উপায়ে কোন ব্যক্তি দ্বারা তাঁহারা আপনাপন কর্ম্মে নিযুক্ত হয়েন, ইহা শুনিতে আমার ইচ্ছা হইয়াছে, অনুগ্রহ করিয়া তদ্বর্ণন করুন। ৮।১৪।১

ব্যাখ্যা। এই অধ্যায়ে রাজার প্রশ্নে এই মীমাংসা হইবে, যে প্রতিমন্বন্তরে মনু, মনুপুত্র, দেবতা, ঋষি ও ভগবদবতার এবং ইন্দ্রাদি সৃষ্টির কথা বর্ণিত হইল। প্রতি চতুর্যুগান্তে কিম্বা মন্বন্তরের অন্তে সকলেরই পূর্ব কর্ম্মস্মৃতি ক্ষয় হইয়া যায়; ইহাই বৈজ্ঞানিক নিয়ম। সেইজন্য রাজা সন্দেহ ও বিস্ময়পূর্ব্বক জিজ্ঞাসা করিতেছেন যে:—মনু প্রভৃতি স্বাধীন কি অন্যের দ্বারা কর্ম্মে প্রতি মন্বন্তরে নিযুক্ত হন এবং প্রতি মন্বন্তরেই নূতন ঋষি দেবাদির প্রয়োজন কি? এই প্রশ্নের উত্তরে সমস্ত মন্বন্তরের তাৎপর্য্য শুকোক্তিতে প্রকাশ হইবে।

রাজার প্রশ্ন শ্রবণে পরমাহ্লাদিত হইয়া শ্রীশুক কহিলেন:—হে মহারাজ! এই যে চতুর্দ্দশ মন্বন্তরে যত মনু, মনুপুত্র, ও মুনি, ইন্দ্র দেবতা সমূহের পরিচয় দেওয়া হইল, ইঁহারা কেহই স্বাধীন নহেন। সকলেই সেই হরির শাসনের অধীন হইতেছেন। হে মহারাজ! চতুর্দ্দশ মন্বন্তরে যে যজ্ঞাদি নামীয় হরির অবতারের কথা বলিয়াছি, তিনি অবতীর্ণ হইয়া প্রতি মনু, দেবতা, ঋষি ও প্রজাপতি প্রভৃতিকে জগতের পালনকার্য্য শিক্ষা দিয়া থাকেন। তাঁহারা তচ্ছিক্ষিত হইয়া কার্য্য করেন। ৮।১৪।২।৩

হে মহারাজ! প্রতি চতুর্যুগান্তে কালের পরিণাম সকল প্রজার স্মৃতি হইতে শ্রুতিগণ লোপ হইয়া থাকেন। এইজন্য মন্বন্তরে মন্বন্তরে যে ঋষিগণ সময়ে সময়ে জন্মগ্রহণ করিয়া, আপনাদের তপস্যাচরণে সনাতন ধর্ম্মতত্ত্ব শ্রুতি প্রভৃতি হইতে দর্শনপূর্ব্বক প্রকাশ করেন। হে নৃপতে! ভগবান হরি প্রতি মন্বন্তরে অবতীর্ণ হইয়া লুপ্ত ধর্ম্মকে চতুষ্পাদে পূর্ণ করেন; তাঁহার আদেশে মনুসমূহ সংসারে চতুষ্পাদ ধর্ম্ম পালন ও প্রচার করেন। যে পর্য্যন্ত এক মন্বন্তরের শেষ না হয়, সেইপর্য্যন্ত মনুর প্রজাপাল পুত্রগণে পুত্র পৌত্রানুসারে সেই ধর্ম্মপালন করেন। ধর্ম্মরক্ষার্থ যে সকল যজ্ঞাদির অনুষ্ঠান হয়, তাহা দেবগণে ভোগ করিয়া সুফল প্রদান করেন। ভগবদ্ভক্ত ত্রিলোকের ঐশ্বর্য্য ইন্দ্র হইয়া ভোগ করেন এবং ত্রিলোকের প্রজাগণকে পুণ্য কর্ম্মফল বিধান করেন। হে মহারাজ! হরি প্রতি যুগে সিদ্ধরূপে জ্ঞান প্রকাশ করেন। ঋষিরূপে কর্ম্ম প্রকাশ করেন। যোগেশরূপে যোগ প্রদান করেন। প্রজাপতিরূপে প্রজাসৃজন করেন; নৃপতিরূপে দুষ্ট ও দস্যুগণকে নষ্ট করেন। (ব্যাধি প্রভৃতির দ্বারা মরিবার উপযুক্ত ও ক্লেশ পাইবার উপযুক্ত) প্রজাসমূহকে সংহার করিতে শীতোষ্ণ ও সুখ দুঃখাদি পুনরায় কালরূপে প্রকাশ করেন। হে মহারাজ! নানাবিধ তত্ত্ব দর্শনশাস্ত্রের দ্বারা মীমাংসিত ও পূজিত হইলেও হরির নাম রূপাদি বহুমূর্ত্তিমতী মায়াতে সেই সকল পণ্ডিত ব্যক্তি মুগ্ধ থাকেন বলিয়া কোন উপায়ে তাঁহাকে দেখিতে পারেন না। হে মহারাজ! প্রাচীন কালতত্ত্ববিদ্ পণ্ডিতগণে যেরূপ নির্দ্দেশ করিয়া থাকেন, আমি (অনুভাবানুসারে ভগবানের) কল্প;

বিকল্প ও চতুর্দ্দশ মন্বন্তরাদিযুক্ত (মহিমা) প্রমাণের সহিত কীর্ত্তন করিলাম। (আপনি বিশেষ করিয়া অন্তরে ধারণা করুন।) ৮।১৪।৪।৫।৬।৭।৮।৯।১০

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে চতুর্দ্দশাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। এই অধ্যায়ে অধ্যাত্ম জগতে ও সৃষ্টিকার্য্যের জন্য মন্বাদির প্রয়োজন, তাহা বলা হইল। অবতারাদির ধর্ম্ম পালনাদির নিয়ম শিক্ষার্থে আবির্ভূত হয়েন। লুপ্ত ধর্ম্মকে উদ্ধার করিতে ঋষিগণের আবশ্যক। ধর্ম্ম ও প্রজাপালন এবং ধর্ম্মবিস্তার করিতে মনুর প্রয়োজন, কর্ম্মফল দিবার জন্য দেবতার এবং কর্ম্মানুষ্ঠান ও দস্যু প্রভৃতি নাশের জন্য প্রজাপালনের প্রয়োজন। ত্রিলোকে কেবল সকামে পুণ্যফল দিবার জন্য ইন্দ্রের প্রয়োজন। সনকাদি সিদ্ধরূপে জ্ঞান, যাজ্ঞবল্ক্যাদি ঋষিরূপে ধর্ম্ম, দত্তাত্রেয়াদিযোগী রূপে যোগ প্রভৃতির প্রচার হইয়া থাকে। সংসারের ও জীবজগতের জন্মমৃত্যু সুখ দুঃখ ব্যাধি প্রভৃতি ঘটাইতে শীতোষ্ণাদি গুণসম্পৃক্ত কালের প্রয়োজন হইয়া থাকে। এই সকল তত্ত্ব, দার্শনিক তত্ত্বের দ্বারা প্রমাণিত হইয়াছে। এবম্ভূত ত্রিকালের প্রভু ও জন্ম, বংশ, সুখ, দুঃখ, পীড়া মৃত্যু, জ্ঞান, পুণ্য ইত্যাদির বিধাতা ঈশ্বররূপী সেই ভগবান হইতেছেন। দার্শনিক পণ্ডিতেরা তাঁহাকে সর্ব্বনিয়ন্তা বলিয়া জানিয়া স্তবও করিয়াছেন। এবম্ভূত হরিতে তাঁহারা প্রপন্ন হইতে পারেন নাই। কারণ তাঁহারা তত্ত্বের অনুসন্ধান করিয়াছেন, মায়ার নির্দ্দেশ করিয়াছেন। মায়া হইতে উদ্ধার হইবার একমাত্র উপায় যে ভক্তি, তাহা তাঁহারা লাভ করিতে পারেন নাই বলিয়া ভগবানকে সম্মুখে দর্শন করিতে পারেন নাই। অতএব ভক্তিব্যতীত ভগবৎসাক্ষাৎ লাভ হয় না, ইহাই ভাগবতশাস্ত্রের উদ্দেশ্য বলা হইল। দার্শনিকগণ ভক্তিবিহীন তত্ত্বজ্ঞানে যখন তাঁহার ঐশ্বর্য্যব্যতীত তাঁহার স্বরূপ দর্শন করিতে অক্ষম হইলেন, তখন ভক্তিবিহীন জীবে কেমন করিয়া উদ্ধার লাভ করিবে।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে চতুর্দ্দশাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ পঞ্চদশ অধ্যায়।

পূর্ব্বকথা শ্রবণ করিয়া পরমাহ্লাদে রাজা পরীক্ষিৎ শুকদেবকে জিজ্ঞাসা করিলেন;—

হে ভগবন্! যিনি সর্ব্বভূতেশ্বর, তিনি ভিক্ষুকের ন্যায় বলির নিকট উপস্থিত হইয়া কিজন্য ত্রিপাদ ভূমি ভিক্ষা করিয়াছিলেন? অধিকন্তু সেই দৈত্যপতি বলিকর্ত্তৃক তাঁহার অভীপ্সিত দান দেওয়া হইলেও হরি কেন তাঁহাকে আবদ্ধ করিলেন? হে গুরো! সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ ঈশ্বরের ভিক্ষা!! এবং দানে অপতিত দাতা বলির বন্ধন!! এই ঘটনা অতিশয় বিস্ময়কর বলিয়া আমার বোধ হইতেছে। ইহার বিশেষ তত্ত্ব জানিতে ইচ্ছা করিতেছি, অনুগ্রহ করিয়া আমাকে বলুন।৮।১৫।১

রাজা পরীক্ষিতের এইরূপ প্রশ্ন শ্রবণ করিয়া শ্রীশুকদেব পরম প্রীত হইয়া কহিলেন। হে মহারাজ! ইহার কারণ শ্রবণ করুন :—সেই উদারচরিত্র দৈত্যপতি বলিরাজ, সুরপতি ইন্দ্রকর্ত্তৃক পূর্ব্বোক্তরূপে পরাজিত, ঐশ্বর্য্যবিহীন এবং অচেতনভাবে মৃত ও পতিত হইলে দৈত্যগুরু শুক্রাচার্য্য কর্ত্তৃক পুনরায় সঞ্জীবিত হইলেন। এই প্রাণলাভরূপী মহোপকারে বাধ্য হইয়া ভৃগুবংশীয় সমস্ত মহাত্মা ও তদীয় শিষ্যগণকে দৈত্যপতি কায়মনে সেবা ও সন্তোষসাধনে যত্ন এবং প্রভূত অর্থ প্রদান পূর্ব্বক অর্চনা করিতে থাকিলেন। ৮।১৫।২

দৈত্যপতি বলিকর্ত্তৃক এইরূপে সুসেবিত হইয়া সেই মহানুভব ভৃগুবংশীয় আচার্য্যগণ পরম প্রীত হইলেন। অসুরপতিকে উপকৃত করিতে ইচ্ছা করিয়া ও তাঁহাকে স্বর্গাধিপত্য পর্য্যন্ত জয় করাইবার জন্য বিধিপূর্ব্বক মহাভিষেকে অভিষিক্ত করিয়া বিশ্বজিৎনামক যজ্ঞ আরম্ভ করাইলেন। ৮।১৫।৩

হে মহারাজ! সেই ভৃগু প্রভৃতি আচার্য্যগণ যজ্ঞে আহুতি প্রদানপূর্ব্বক যজমান বলির কল্যাণ কামনা মাত্রেই, সেই অগ্নি হইতে সুবর্ণে খচিত একখানি রথ, ইন্দ্রের অশ্বের ন্যায় সমবর্ণ ঘোটকসমূহ এবং সিংহাঙ্কিত ধ্বজা, স্বর্ণের রজ্জুতে আবদ্ধ সুন্দর ধনু, অক্ষয় শরপূর্ণ তূণ, এবং দিব্য কবচ উত্থিত হইল। মহাত্মা অসুরপতি ঐ সকল লাভ করিলে, পরমানন্দিত হইয়া তাঁহার পিতামহ প্রহ্লাদ অম্লানমাল্য এবং স্বয়ং শুক্রাচার্য্য তাঁহাকে একটি শঙ্খ প্রদান করিলেন। ৮।১৫।৪।৫

হে মহারাজ! দৈত্যপতি এইরূপে সেই আচার্য্য বিপ্রগণ কর্ত্তৃক স্বস্তিবাচন লাভ এবং যুদ্ধের অপূর্ব্ব উপকরণ প্রাপ্ত হইয়া তাঁহাদের প্রদক্ষিণ ও প্রণামপূর্ব্বক, নিজের পিতামহ প্রহ্লাদকে নমস্কার করিলেন। ৮।১৫।৬

ব্যাখ্যা। পূর্ব্বে চতুর্দ্দশাধ্যায় পর্য্যন্ত পৌরাণিক বর্ণনায় দেবতার বলবীর্য্য এবং অসুরের বীর্য্যক্ষয় ও পরাজয় প্রভৃতি যে সকল কথা বলা হইল, তাহাতে বিশেষ তাৎপর্য্য এই দেখান হইল যে :—কি ঐশ্বর্য্য, কি ভৌতিক বল, কি আয়ু কিম্বা যে কোন উপায়েই হউক না কেন, জীব যদি সম্পত্তিশালী থাকে, অথচ ভগবচ্চরণারবিন্দে অনুগত না হয়, তাহার কল্যাণ নাই। গুরু এবং দৈব এই দুইটিও জীবকে সৌভাগ্য ভোগ করাইয়া থাকে। মন্ত্রদাতাকে গুরু কহে এবং পূর্ব্ব ও ইহজন্মের উত্তম কার্য্য বা অধম কার্য্যজনিত অদৃষ্টফলকে দৈব কহে। এই অধ্যায়ে দেখান হইল যে :—এই গুরুবল ও দৈববল লাভ করিয়া যদি জীবে যশস্বী হয়, এবং ত্রিভুবন পর্য্যন্ত অধিকার করিবার শক্তিও যদি লাভ করিতে সক্ষম হয়, তথাপি ভগবদ্ভক্তি বিহনে সে সমস্ত অকিঞ্চিৎকর হইয়া যায়। এই সকল তাৎপর্য্য বুঝাইতে গুরু এবং দৈবের অনুকূল হইলেও জীবে কতদূর উন্নতি লাভ করিতে পারে, তাহাই এই অধ্যায়ে লিখিত হইল, বুঝিতে হইবে। ভগবদ্ভক্তিবিহীন জীবরূপী অসুরপতি বলি গুরু শুক্রাচার্য্যের কৃপায় যজ্ঞরূপী সাধু দৈবকর্ম্মের বলে পুনরায় জীবন হইতে বলবীর্য্যরূপী সমস্ত শক্তি ও অস্ত্রশস্ত্রাদি লাভ করিলেন ; ইহাই তাৎপর্য্য।

হে মহারাজ! অনন্তর সেই অসুরপতি মহারথ বলি, অম্লান মাল্যে ভূষিত হইলেন,

সুবর্ণ ধনু করে ধারণ, কবচ বন্ধন, খড়্গ গ্রহণ এবং পৃষ্ঠে তূণ উত্তোলন করিলেন। তাঁহার করযুগলে স্বর্ণের অঙ্গদ শোভিত হইল, কর্ণে মকরকুণ্ডল দীপ্তি পাইতে থাকিল, এবম্বিধ ভাবে সুসজ্জিত হইয়া শুক্রাচার্য্য প্রদত্ত দিব্যরথে আরোহণ করিলেন। রথারোহণ করিয়া যজ্ঞকুণ্ডস্থ প্রজ্বলিত অগ্নির ন্যায় বিরাজিত হইলেন।৮।১৫।৭।৮

হে মহারাজ! (গুরু শুক্রাচার্য্যের কৃপায়) তাঁহার ন্যায় অন্যান্য অসুরযূথপতিগণও বল, ঐশ্বর্য্য এবং রণের উপযোগী সমস্ত উপাদান প্রাপ্ত হইয়াছিলেন, তাঁহারা যখন রণসজ্জায় বহির্গত হইল, তখন বদনে তাহারা যেন আকাশতল পান করিতে থাকিল এবং চক্ষের কুটিল দৃষ্টিতে দিক্ সকলকে দগ্ধ করিতে থাকিল। সেই সমকক্ষ যূথপতিগণ এবং অসুর সেনাগণ দ্বারা বলি পুনরায় সেনাপতিপদে বৃত হইলেন। সেই মহতী আসুরীসেনার দর্পে স্বর্গ হইতে পৃথিবী পর্য্যন্ত কম্পিত করিতে করিতে, অতি সমৃদ্ধিসম্পন্ন ইন্দ্রপুরী স্বর্গে গমন করিলেন।৮।১৫।৯।১০

হে মহারাজ! যে স্বর্গস্থলে মনোহর উপবনসমূহ, সকল শোভার আকরস্বরূপ নন্দনাদি উদ্যানসমূহ আছে; বিহঙ্গগুলি মিথুনে মিথুনে আনন্দে যেখানে দিবানিশি কূজন করে; মধুকর যথায় আনন্দে গুঞ্জন করে, তথাকার কল্প ও অমর তরুগুলির প্রবল সমশাখাশ্রেণী ফল ও পুষ্পভারে চিরদিন অবনত থাকে, তথাকার সরোবরসমূহ—হংস, সারস, চক্রবাক্, কারন্তব প্রভৃতিতে সুশোভিত থাকে এবং দেবকন্যাগণ ও অপ্সরাগণ তাহাতে জলকেলি করেন।৮।১৫।১১।১২

হে মহারাজ! সেই স্বর্গের চতুর্দ্দিকে অসুর শত্রু নিবারণের জন্য উচ্চ দুর্গপ্রাচীর আছে। সেই প্রাচীরের উপরে নানাবিধ অগ্নিবর্ণের যুদ্ধের কৌশলস্থান আছে, এবং উহার নিম্নে পরিখার ন্যায় আকাশে গঙ্গাদেবী পরিবৃতা আছেন।৮।১৫।১৩

সেই অলকাপুরীতে বিশ্বকর্ম্মাবিনির্ম্মিত স্বর্ণখচিত দৃঢ়কবাটসমূহ দ্বারে দ্বারে সংযুক্ত আছে, আর স্ফটিকে নির্ম্মিত গোপুরসমূহের সহিত রাজপথ সমস্ত সংযুক্ত রহিয়াছে। সেই পুরীর মধ্যে সুন্দর সভাস্থল, ভ্রমণস্থল, উপমার্গসমূহ আছে, কোটি কোটি বিমান সমূহ সুশোভিত রহিয়াছে; বজ্র, বিদ্রুম ও মণিময় বেদীসমূহ চতুষ্পথে বিরাজিত আছে।৮।১৫।১৪।১৫

হে মহারাজ! অগ্নি যেমন শিখাজ্যোতিতে শোভিত দেখায়, তদ্রূপ সেই অলকাপুরীর নারীগণ চিরযৌবনে, শ্যাম সুন্দরবর্ণে, নির্ম্মল বসনভূষণে এবং অলোকসামান্যরূপে মনোহারিণী হইয়া বর্ত্তমান আছেন। হে রাজন্! অধিক কি বলিব! সেই সুরনারীগণের কেশদামে জড়িত সুগন্ধসম্পন্ন নবকুসুমমাল্যসমূহ যখন স্খলিত হইয়া পথে পতিত হয়, তখন পবন সেই সকল পতিত মাল্যের সৌরভ লইয়া সমস্ত স্বর্গপথ পরিমলময় করিয়া থাকে।৮।১৫।১৬।১৭

হে রাজন্! সেই সুরপুরীমধ্যস্থ দেবগৃহসমূহের স্বর্ণজালমণ্ডিত গবাক্ষদ্বার হইতে অগুরু গন্ধে ধূমরাশি নির্গত হইয়া সর্ব্বদা পথসমূহ আচ্ছন্ন করে, সেই সুগন্ধি ধূম সেবন করিতে করিতে সেই সকল পথে অপ্সরীগণ বিচরণ করেন। হে রাজন্! সেই অলকাপুরীর

দেবগৃহসমূহ মুক্তাখচিত চন্দ্রাতপে এবং স্বর্ণমণিখচিত কেতু ও পতাকা প্রভৃতিযুক্ত বিমান সমূহের অগ্রভাগে সুশোভিত থাকে। সর্ব্বদা সেই সকল প্রাঙ্গনে ময়ূর, পারাবত ও ভ্রমরগণের ধ্বনিতে এবং দেবকামিনীগণের মনোহর মঙ্গল গীত প্রভৃতিতে পূর্ণ রহিয়াছে। তালে তালে মৃদঙ্গ, শংখ, আনবা, দুন্দুভি, বীণা, বেণু প্রভৃতি সর্ব্বদা সেই পুরীতে বাজিয়া থাকে। দিবানিশি গন্ধর্ব্বগণে তথায় নৃত্য গীত ও বাদ্য করিয়া থাকে। এই সকল শোভায় ও ঐশ্বর্য্যে সেই অলকাপুরী আপনার মনোহারিণী সৌন্দর্য্যে ও প্রভায় সকল প্রভাশীল পদার্থ জয় করিয়াছে।৮।১৫।১৮।১৯।২০

হে মহারাজ! এই সুখভোগের উপযুক্ত স্বর্গে কখন অধর্ম্মপরায়ণ, খল, প্রাণিপীড়ক, শঠ, অভিমানী, কামী, লোভী ব্যক্তিগণ প্রবেশ বা ভ্রমণ করিতে পারে না। সাধুগণই তথায় ভ্রমণ করেন।৮।১৫।২১

ব্যাখ্যা। এই স্বর্গ বর্ণনা এবং দেবগণের ঐশ্বর্য্য বর্ণনায় বলা হইল যে যাহারা পুণ্যপথ ও ভগবানে একান্ত নির্ভর করে, তাহারা ভোগাভিলাষ করিলে ভগবান তাহাদের এইরূপ সুখভোগের স্থান দিয়া থাকেন। গুরু ও দৈবের বলেও জীব পুরুষকার লাভ করে, সেই পুরুষকার অর্থাৎ সৌভাগ্য এবং ভগবৎপ্রদত্ত সৌভাগ্য এতদুভয়ের প্রভেদ কি? তাহাই ক্রমে প্রকাশ হইবে। গুরু প্রভৃতির ক্ষমতায় পুরুষকার লাভ হয়, তাহা ভগবৎপর না হইলে জলবুদ্বুদের ন্যায় ক্ষয় হয়। আর গুরুদেবাদির সাহায্যে যদি জীবে সৌভাগ্য লাভ করিয়া ভগবৎপর থাকে, তাহা হইলে বহু দুর্দ্দৈবেও সেই সৌভাগ্য ক্ষয় হয় না। অনেকে সন্দেহ করিতে পারেন:—গুরু ও দৈবের দ্বারা কেমন করিয়া সৌভাগ্য বা বল লাভ হয়!! তদুত্তর এই:—আমাদের মধ্যে যখন কোন বিপদ পতিত হয়, কোন ভয়ঙ্কর অবস্থা উপস্থিত হয়, তখন আমাদের হতাশ উপস্থিত হয়; সেই হতাশের তেজে ধনক্ষয়, বলক্ষয় ও উৎসাহক্ষয় হয়। কিন্তু সেই অবস্থায় যদি সেই বিপদের উপযুক্ত প্রতিবিধানকারী কোন ব্যক্তির পরামর্শ ও সাহায্য পাই, তাহা হইলে, সেই বাক্‌শক্তি আমাদের কর্ণকুহরে প্রবিষ্ট হইবামাত্রেই আমরা বল, বীর্য্য, উৎসাহ লাভ করিয়া থাকি। আমরা সামান্য বৈষয়িক উপদেষ্টার বাক্যে যখন এত উপকার লাভ করি, তখন যিনি অধ্যাত্ম শক্তিবিশিষ্ট ব্যক্তি, তাঁহার ক্ষমতায় সকল শক্তিই লাভ করা সম্ভব।

হে মহারাজ! এদিকে অসুরপতি বলি, অনন্ত অসুর সেনা লইয়া স্বর্ণপুরে উপস্থিত হইয়া প্রথমে বহির্দ্দেশে থাকিয়া সকল পথ অবরোধ করিলেন। শেষে দেবকামিনীগণের ভয়উৎপাদনকারী গুরুদত্ত ভীষণ শংখ নিনাদিত করিলেন। সুরপতি বলির এই ভীষণ সমরোদ্যোগের তত্ত্ব অবগত হইয়া, সকল দেবগণের সহিত আচার্য্য বৃহস্পতিসমীপে গমন করিয়া তাঁহাকে এই কথা জিজ্ঞাসা করিলেন।৮।১৫।২২

ইন্দ্র কহিলেন, হে ভগবন্। আমাদের পূর্ব্ববৈরী বলির অদ্য অপূর্ব্ব সমরোদ্যম দর্শন করিতেছি; এই উদ্যম আমাদের পক্ষে একেবারে অসহ্য হইয়া উঠিয়াছে। কাহার সাহায্যে উহার এরূপ তেজ হইল, অনুগ্রহ পূর্ব্বক বলুন।৮।১৫।২৩

হে গুরো! এই অসুরাধিশ্বর এতাদৃশ তেজ প্রকাশ করিতেছে, যে মুখে যেন বিশ্ব গ্রাস

করিতেছে, জিহ্বায় দশদিক লেহন করিতেছে, সম্বর্তাগ্নির ন্যায় প্রজ্জ্বলিত চক্ষের দৃষ্টিতে দশ দিক্ দগ্ধ করিতেছে। আমার বোধ হয়, ইহার সহিত যুদ্ধ করিতে আমাদের কাহারো ক্ষমতা হইবে না। ৮। ১৫। ২৪

হে আচার্য্য! আমার এই ঘোর শত্রু, কেমন করিয়া এই অপরিমিত বীর্য্য, ওজঃ, সহ, বল এবং তেজের সহিত সমরোদ্যোগ লাভ করিল, ইহার কারণ আমাকে বলুন।৮।১৫।২৫

ইন্দ্রের কথা শ্রবণ করিয়া বৃহস্পতি কহিলেন :—হে সুরপতে! আমি তোমার শত্রুর উন্নতির কারণ অবগত আছি। সমস্ত ব্রহ্মপরায়ণ শিষ্যবর্গের সহিত অসুরাচার্য্য শুক্র প্রীত হইয়া আপনাদের সমস্ত ব্রহ্মতেজ নিজ শিষ্য বলিকে অর্পণ করিয়াছেন, সেই গুরুতেজে বলীয়ান্ বলিকে ভগবান ঈশ্বর হরি ব্যতীত তোমার ন্যায় কোন দেবতাই পরাজয়ে সক্ষম হইবে না। যেমন যমের সম্মুখে কোন লোকের পরিত্রাণ নাই, তদ্রূপ এই ব্রহ্মতেজপূর্ণ বলিকে অন্য কাহারও জয় করিবার ক্ষমতা নাই। সেই জন্য আমার পরামর্শমতে তোমরা সকলে স্বর্গ ত্যাগ করিয়া অদৃশ্যভাবে বিচরণ কর, এবং কালবশে যখন শত্রু পরাজিত হইবে, সেই সময়ের অপেক্ষা কর। ৮। ১৫। ২৬। ২৭

হে সুরপতে! এক্ষণে অসুরপতি উত্তরোত্তর গুরু দৈব ব্রাহ্মণাদির বলে স্পর্দ্ধান্বিত হইবেই হইবে। কালে এমন অবস্থা উপস্থিত হইবে যে, ঐ দর্পে ঐ গুরুবংশীয়ের অবমাননা ঘটিবে, এবং সেই কার্য্য হেতু উহার এই স্বর্গাদিবিজয়জনিত অহঙ্কার ক্ষয় হইবে।

হে মহারাজ! কামরূপী ইন্দ্রাদি দেবগণে সুরগুরুর মুখে এবম্বিধ সুমন্ত্রণা লাভ করিয়া অলকাপুরী ত্যাগ পূর্ব্বক অদৃশ্য হইলেন। দেবগণ অদৃশ্য হইলে শূন্য অলকাপুরী দর্শনে সেই বিরোচননন্দন দেবপুরী অধিকার করিয়া, ক্রমশঃ ত্রিজগৎ জয় করিলেন। ৮। ১৫। ২৮। ২৯

হে মহারাজ! সেই শিষ্যবৎসল ভৃগুবংশীয় ব্রাহ্মণেরা বিশ্বজয়ী নিজ শিষ্য অসুরপতিকে শত অশ্বমেধ যজ্ঞে দীক্ষিত করিয়া তাহা সম্পন্ন করাইয়াছিলেন। যেমন আকাশে চন্দ্র উদয় হইলে কোটি কোটি গ্রহ নক্ষত্র হতপ্রভ হয়, তদ্রূপ বলির শতাশ্বমেধ যজ্ঞের কীর্ত্তি ত্রিভুবন বিখ্যাত ও চতুর্দ্দিকে বিস্তৃত হইয়া পড়িল। ৮। ১৫। ৩০

হে মহারাজ! সেই মহাবল বলি, সেই দ্বিজশ্রেষ্ঠগণের কৃপায় ত্রিভুবনের ঐশ্বর্য্য অবহেলায় ভোগ করিতে পাইয়া আপনাকে পরম কৃতার্থ মনে করিতে থাকিলেন।৮।১৫।৩১

ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে পঞ্চদশাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা।—পূর্ব্বে যাহা বলিয়াছি, তাহা এই অধ্যায়ের লৌকিক তাৎপর্য্য। ইহার অধ্যাত্ম তাৎপর্য্য এই যে :—প্রবল ভোগেচ্ছাযুক্ত মন যদি নিজের কৃতীত্ব বা অহঙ্কার ত্যাগ করিয়া কোন সদ্গুরুর আশ্রয় গ্রহণ করে, এবং সেই গুরুর উপদেশানুসারে সৎবুদ্ধিতে পরিণত হয়, তাহা হইলে তাহার এমন বীর্য্যলাভ হয় যে, ভগবৎকৃপা ব্যতীত সৌভাগ্য ভোগ হয়। কিন্তু সে ভোগ ক্ষণিকের জন্য। এইরূপ মনই বলিরূপে খ্যাত। মনের এই গুরু ও দৈব কৃপা লাভ হইলে সংসারাতীত সুখরাজ্য, যাহা জ্ঞানাদি উপভোগ করে, তাহা অবাধে ভোগ

হয়। ইহা বুঝাইতেই বলির বীর্য্য দর্শনে দেবাদির বিস্ময়ের কথা বর্ণিত হইয়াছে। জ্ঞান, শক্তি বা সত্ত্বারূপী দেবাদি বৃহস্পতিরূপী বুদ্ধির সাহায্যে যখন দেখিলেন যে মহাবীর দৈববীর্য্যে মহাবীর্য্যবান্ হইয়াছে, তখন তাঁহারা বুদ্ধির সহিত দেহরাজ্যে অদৃশ্য হইলেন। ইহা স্বাভাবিক, কারণ জীব যখন ভোগপ্রবণ হইয়া উঠে, হৃদয় তখন মুক্তির ইচ্ছাউদ্রেককারী শক্তিরূপ দেবগণ হৃদয়ে প্রকাশ হয়েন না। ভগবৎকৃপা না হইলে সৌভাগ্যাদি ক্ষণিকের জন্য, ইহা বুঝাইতে অষ্টাবিংশতি শ্লোকে বলা হইল যে :—যে ব্রহ্মতেজে বলির এত সৌভাগ্য, আবার সেই বিপ্রাবমাননার জন্যই উহার সকল তেজ ক্ষয় হইবে। এই শ্লোকে দুইটি কটাক্ষ করা হইয়াছে :—এক কটাক্ষে ভক্তিশূন্য সৌভাগ্য পরিণামে দুঃখের কারণ বলা হইয়াছে। অন্য কটাক্ষে বলা হইল যে :—যে জীব গুরুর কৃপায় নিজ পুরুষকার একবার প্রাপ্ত হইয়া অনন্ত সৌভাগ্য ভোগ ও পুণ্যকার্য্য করিল; অভাব কেবল ভগবদ্ভক্তি মাত্র, তাহার পুনরায় অধোগতি কি প্রকারে সম্ভব হয়! পুরাণে বলির পক্ষে বর্ণিত হই-হইয়াছে;—যদিও বলির ভক্তি ছিল না, কিন্তু সৎকর্ম্ম ও গুরুকৃপায় তাহার ভোগ ক্ষয় হইলেও সে পতিত হয় নাই; সেই পুণ্যকর্ম্মপ্রভাবে সৌভাগ্যহীন হইয়া ভগবদ্দর্শন করিয়াছিল, এবং বিশুদ্ধ হৃদয় থাকাতে এত ভক্তিলাভ করিয়াছিল যে, হরিকে দ্বারের দ্বারী করিয়াছিল। অধ্যাত্ম পক্ষেও দেখান হইল যে সন সাধু কর্ম্ম ও গুরুর উপদেশে একবার বিশুদ্ধ হইলে আর তাহার অধোগতি বা ভোগস্পৃহা থাকে না। ক্রমে স্বভাবতঃ ভগবৎপ্রাপ্তি ঘটিয়া থাকে। এই অধ্যাত্ম ও লৌকিকাবস্থা বুঝাইতেই এই অধ্যায়ের অবতারণ হইল।

ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে পঞ্চদশাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ ষোড়শ অধ্যায়।

পূর্ব্ব কথা সমাপ্ত করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক শ্রীশুকদেব কহিলেন :—

হে মহারাজ! দেবতাগণ দেবগুরুর পরামর্শে বলির ভয়ে যখন অদৃশ্য হইলেন এবং অসুরপতি কর্ত্তৃক স্বর্গপুর যখন অপহৃত হইল, সেই সময়ে দেবমাতা অদিতি পুত্রগণের জন্য দুঃখিতা হইয়া অনাথার ন্যায় পরিতাপ করিতে লাগিলেন। সেই শোকাবস্থার সময়ে, সমাধি পরিত্যাগ করিয়া ইতস্ততঃ ভ্রমণ করিতে করিতে ভগবান কশ্যপ সেই নিরুৎসব ও নিরানন্দময় আশ্রমে আসিয়া উপস্থিত হইলেন। ৮। ১৬। ১।

হে কুরুপতে! সেই ভগবান কশ্যপ পত্নী অদিতি কর্ত্তৃক যথাবিহিত পূজিত এবং প্রদত্ত আসনে উপবিষ্ট হইয়া, পুত্রদুঃখে ম্লানবদনা পত্নীকে যুক্তির সহিত এই সকল কথা জিজ্ঞাসা করিলেন। হে ভদ্রে! (তুমি কি জন্য এত দুঃখিতা?) ইহলোকে ব্রাহ্মণগণের কোন অমঙ্গল ঘটে নাই তো? ইহ সংসারে ধর্ম্মের কোন ব্যতিক্রম ঘটে নাই তো? মৃত্যুর বশবর্ত্তী এই মানবগণের কোন বিপদ ঘটে নাই তো? হে গৃহমেধিনি! তুমি যে গৃহাশ্রমে আছ, ইহা বড় সামান্য নহে, যোগাদি কঠিন অনুষ্ঠান না করিয়াও অযোগী গৃহীগণে

আশ্রমোচিত কর্ম্মানুষ্ঠানে যোগীর উপযুক্ত ধর্ম্মার্থ-কামাদির সৎ ফল লাভ করিয়া থাকে। অতএব তোমার গৃহে ধর্ম্ম, অর্থ বা কাম বিষয়ক কোন বিড়ম্বনা তো ঘটে নাই? ।৮।১৬।২।৩।৪

তুমি কুটুম্বসেবনে নিযুক্তা ছিলে, এমন সময়ে কি কোন অতিথী আসিয়াছিলেন, তিনি তোমার গৃহে পুজিত ও প্রত্যুথানাদির দ্বারা সম্মানিত না হইয়া কি ফিরিয়া গিয়াছেন? যে গৃহে অতিথী প্রবেশ করিলে অভাবতঃ সলিলের দ্বারাও পুজিত না হয়েন এবং বিমুখ হইয়া প্রত্যাবৃত হয়েন, সে গৃহ শৃগালগহ্বরসদৃশ হয়। হে সতি! আমি তপস্যার জন্ত প্রবাসিত ছিলাম বলিয়া তোমার মন আমার জন্ত চঞ্চল থাকাতে, তুমি কি কোন দিন উপযুক্ত সময়ে হবি দ্বারা গৃহমেধীয় অগ্নিতে হোম করিতে বিস্মৃতা হইয়াছিলে? এই গৃহমেধীয় অগ্নি সামান্য নড় নহে, ইহার সেবা করিয়া গৃহীগণে ইচ্ছানুরূপ ফল লাভ করিয়া থাকে। হে দেবি, ব্রাহ্মণ এবং অগ্নি সেই সর্ব্বাত্মা ভগবান বিষ্ণুর মুখস্বরূপ হইতেছে। হে মনস্বিনি! তোমার পুত্রগণ সকলে কুশলে আছেন তো? হে প্রিয়ে! তোমার মুখম্লানাদি লক্ষণ দর্শনে, তোমাকে দুঃখিতা দেখিতেছি; (এ দুঃখের কারণ কি, তাহা বল) ।৮।১৬।৫।৬।৭।৮

ব্যাখ্যা। সুরগুরু বৃহস্পতি ইন্দ্রাদিকে পূর্ব্বাধ্যায়ে বলিয়াছিলেন, যে স্বয়ং ভগবান ব্যতীত অসুরের এই মহাদর্প কেহই নষ্ট করিতে পারিবেন না, এবং দেবতাগণকে সময়ের প্রতীক্ষা করিতে বলিয়াছিলেন। কালই এই বিশ্বচক্রে জীবের অদৃষ্ট অনুসারে বিপদ ও সম্পদ ঘটাইয়া থাকেন। সেই কাল কেমন করিয়া ভক্ত দেবতাগণের দুঃখ নাশ, এবং অসুরের বল ক্ষয় করিবেন, তাহার পূর্ব্ব সূচনা বুঝাইতে এই অধ্যায়ে অদিতি কর্ত্তৃক পুত্রের দুঃখ সম্ভোগ বলা হইল। অসুরগণের গুরু ও দৈবের বল দেখান হইল। এক্ষণে দেবতাগণের পক্ষে গুরু ও দৈববল বলা হইতেছে। মন্ত্রদাতা, জনক, ও জননী ইহারা সকলেই গুরুস্থানীয়। দেবতাগণে ভক্ত বলিয়া তাঁহাদের পক্ষে মন্ত্রদাতা, পিতা, মাতা সকলেই হরির কৃপা দ্বারা বিপদক্ষয়ের চেষ্টা করিতে থাকিলেন। অসুরের দৈব বা অদৃষ্ট কালে ক্ষয় হইবে এবং ভগবৎঅনুগত বলিয়া দেবগণের অদৃষ্টে অনন্ত সুখের উদয় হইবে। স্বয়ং ভগবান ভক্তের জন্য বিপদহারী মূর্ত্তিতে আবর্ভূত হইবেন।

অধ্যাত্মপক্ষে দেখান হইল যে:—কশ্যপ সংসারের জীবউৎপাদক পুরুষ সত্তা এবং অদিতি সাত্বিকী প্রকৃতি হইতেছেন। ভক্তিপূর্ণ জ্ঞানবৃত্তিরূপী দেবতাগণ যখন ভোগের দ্বারা অর্থাৎ অসুর প্রকৃতির দ্বারা অভিভূত হইলেন, তখন সংসারের সাত্বিকী প্রকৃতি ও পুরুষ সত্তা পর্য্যন্ত কম্পিত হইয়া ভগবান পরমাত্মার বল আকর্ষণ করিয়া ঐ সকল বৃত্তির উন্নতির চেষ্টা করিতে থাকিল। এই তত্ত্ব বুঝাইতেই কশ্যপের উক্তিতে যতগুলি দুঃখের কারণ অদিতিকে জিজ্ঞাসা করা হইল, সে গুলি পুণ্যকর্ম্মানুষ্ঠান হইতেছে। কশ্যপ অদিতিকে অন্যপক্ষে জিজ্ঞাসা করিতেছেন যে:—গৃহাশ্রমে জ্ঞানবৃত্তিগুলি পুণ্যকর্ম্মানুষ্ঠানে প্রবল ও ভক্তিপর থাকে। গুরু, দেবতা, অতিথী, হোম প্রভৃতি কার্য্যে ঐ সকল বৃত্তি বীর্য্যবান থাকে, এ অবস্থায় কখনই অসুর অর্থাৎ ভোগাসক্তি তাহাদের অভিভব করিতে

পারে না। তুমি তাহাদের জননীরূপা সাত্ত্বিকী প্রকৃতি; তোমাদ্বারা পুণ্যকর্ম্মানুষ্ঠানের হানি হইলে উহাদের বিপদ হইবে। লৌকিক পক্ষে দেখান হইল যে:—ভক্তিপর জীবে যদি কখন বিপদে পতিত হয়, জনকাদি হইতে কালে দেবতা পর্য্যন্ত তাহার দুঃখ নিবারণে যত্ন করে। এই উভয় নিয়মের সূচনা দেখাইতে অদিতির দুঃখ ও কশ্যপের প্রশ্ন প্রভৃতি বর্ণিত হইল।

ভগবান কশ্যপের এবম্বিধ প্রশ্ন শ্রবণ করিয়া দুঃখিতা শ্রীমতী অদিতি কহিলেন:— হে গৃহমেধিন্! এই আশ্রমের অন্তর্গত গো, ব্রাহ্মণ, ধর্ম্ম এবং লোকসমূহের সম্যক্ মঙ্গল বটে। হে ব্রহ্মন্! এই গৃহাশ্রম ধর্ম্মার্থকামাদি ত্রিবর্গের উদ্ভব ক্ষেত্র, ইহাও আমি জানি এবং (তাহা মৎকর্ত্তৃক যথানিয়মে পালিত হইয়া থাকে।) হে ব্রহ্মন্! (আপনি আমার স্বামী) আপনার অনুধ্যানবলেই এই আশ্রমে সমাগত অতিথী, ভৃত্য, প্রত্যাশী, ভিক্ষুক সকলের অভিলাষ পূর্ণ করিতে সক্ষম হইয়া থাকি, যথানিয়মে অগ্নিহোত্রের কার্য্য সমাধা হইয়া থাকে। এ সমূহের কোন প্রকার অমঙ্গল ঘটে নাই!! ৮।১৬।৯।১০

আপনি স্বয়ং প্রজাপতি এবং আমাকে (অনুগতা ভাবিয়া) ধর্ম্ম উপদেশ দিয়া থাকেন! হে ভগবন্! আপনার অনুগ্রহ থাকিতে আমার মন ইচ্ছানুসারে কামনাপূর্ণ করিতে কেন অক্ষম হইবে? হে মরীচিনন্দন! এই সংসারের সত্ত্ব, রজ ও তমো গুণযুক্ত প্রজা সমস্তই আপনার মন ও শরীর হইতে জন্মগ্রহণ করিয়াছে। আপনি সকলকেই সমান কৃপায় স্নেহ করিয়া থাকেন। হে প্রভো! যেমন মহেশ্বরের পক্ষে সকল প্রাণী কৃপার পাত্র হইলেও, ভক্তকে তিনি অধিক কৃপা করেন; তদ্রূপ আপনিও সকল প্রাণী হইতে দেবগণকে অনুগত জানিয়া, অধিক প্রিয় ভাবিয়া থাকেন। হে সুব্রত! আমি ভক্তিসহকারে চিরদিন আপনার ভজনা করিয়া থাকি; এক্ষণে আমার দুঃখের কারণ অবগত হইয়া, সেই দুঃখাপনোদনের চেষ্টা করুন। হে প্রভো! সপত্নীপুত্র অসুরগণকর্ত্তৃক আমি সন্তানগণের সহিত ঐশ্বর্য্যবিহীনা এবং স্বর্গস্থানবিহীনা হইয়াছি, আমাদের উদ্ধার করুন। অসুরগণ দ্বারা আমি বিবাসিতা হইয়া দুঃখ সাগরে মগ্না হইয়াছি, তাহারা প্রবল বিক্রমে আমার ঐশ্বর্য্য, শ্রী, যশ, অলকাপুরী পর্য্যন্ত হরণ করিয়াছে। হে সাধো, হে কল্যাণবিধানে সক্ষম পুরুষ! আমার পুত্রগণ যাহাতে পূর্ব্বৈশ্বর্য্য লাভ করে, এবং তাহাদের কল্যাণ হয়, এক্ষণে সেই উপায় বিধান করুন। ৮।১৬।১১,১২,১৩

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া শ্রীশুকদেব কহিলেন:—হে মহারাজ! প্রজাপতি কশ্যপ, অদিতিকর্ত্তৃক এইরূপে দেবদুঃখ জানিতে পারিয়া, পরম বিস্ময়ের সহিত কহিলেন:— আহা! এই সংসারে ভগবান বিষ্ণুর মায়াপ্রভাব বুঝা ভার! এই জগৎ একেবারে স্নেহে আবদ্ধ হইয়া রহিয়াছে। হে ভদ্রে! যে দেহ দেখিয়া লোকে স্নেহে আবদ্ধ হয়; এ দেহ আত্মা নহে, ইহা পঞ্চভূতসমষ্টি মাত্র। যাহা আত্মা, তাহা ভৌতিক ও প্রাকৃতিক শক্তিসমষ্টিভূত দেহ হইতে অতীত হইতেছে। (দেহাতীত হইলে) কেবা কাহার পতি! কেবা কাহার পুত্র! মোহই ইহার প্রধান কারণ হইতেছে। ৮।১৬।১৪

হে প্রিয়ে! যিনি ভগবান, যিনি জনার্দ্দন, যিনি সর্ব্বভূতের অন্তর্যামী, যিনি বাসুদেব

এবং যিনি জগতের গুরু হইতেছেন, তুমি তাঁহার শরণ গ্রহণ কর। সেই হরি দীনদয়াল হইতেছেন, তুমি ভগবৎসেবা হইতে নিশ্চয় দুঃখনাশার্থ সংকল্প লাভ করিবে, এবং তিনি তোমার মনোভিলাষ নিশ্চয় পূর্ণ করিবেন। ইহাই আমার অনুমতি হইতেছে ।৮।১৬।১৪।১৬

ব্যাখ্যা। দ্বাদশ শ্লোকে অধ্যাত্মপক্ষে দেখান হইল যে :—কশ্যপ, ত্রিভুবনের স্থাবর হইতে দেবতা পর্য্যন্ত সকল সত্ত্ব, রজো ও তমোগুণ সম্পন্ন প্রাণীবর্গের উৎপাদক পুরুষ সত্ত্বা। অদিতি কেবল সত্ত্বগুণময় দেববৃত্তির প্রকাশিকা শক্তি। লৌকিক বর্ণনার জন্য বলা হইল, কশ্যপ যখন সকলের পিতা, তখন অসুর ও দেবতা সকলেই তাঁহার সমান স্নেহের বস্তু; কিন্তু অদিতির পক্ষে আর সকলে শত্রু হইতেছে। কশ্যপ কাহারো শত্রুতা অবলম্বন না করিয়া অদিতিকে হরির আরাধনা করিতে বলিলেন। কারণ ভগবান স্বয়ংই ভক্তের বিপদ উদ্ধার করিতে নিরত আছেন। ভগবান ব্যতীত নিজের ক্ষমতা দ্বারা বিপদক্ষয়েচ্ছা ভক্তের পক্ষে অসম্ভব। অধ্যাত্মপক্ষে দেখান হইল যে, সাত্ত্বিকী বৃত্তিরূপী দেবগণের উন্নতি পুরুষের কার্য্যে আকর্ষণ করিলেন। পুরুষসত্বা পরমাত্মারূপী ভগবানে সংযত হইবার উপায় দেখাইয়া দিলেন। কশ্যপোক্তিতে পঞ্চদশ শ্লোকে ভগবানের যে পরিচয় দেওয়া হইল, তাহার অর্থ দ্বিভাবে কল্পিত, যথা—শ্রীকশ্যপ অদিতিকে এইরূপ ভগবানে আত্ম-নির্ভর করিতে বলিলেন :—সেই হরি পুরুষ, ভগবান, জনার্দ্দন, সর্ব্বভূতগুহাবাস, বাসুদেব, জগদ্‌গুরু প্রভৃতি গুণবাচক নামধারী হইতেছেন। অদিতি একমাত্র পতিপ্রাণা, তিনি পতি-সেবাতেই এতদূর শুদ্ধচারিণী হইয়াছেন। তাঁহার পতি প্রজাপতি কশ্যপ যে পরমপুরুষকে সাধন করিয়া এইরূপ অলৌকিক ক্ষমতা লাভ করিয়া সকল প্রজার জনক হইয়াছেন, অদিতিকে সেই ভগবানে প্রপন্ন হইবার জন্য বলিতেছেন যে :—হে সতি! এতদিন আমা-কেই সর্ব্বশ্রেষ্ঠ জানিতে, আমি পুরুষরূপে যে সিদ্ধিলাভ করিয়াছিলাম, তাহার সেবায় তোমার দেবতাদি পুত্র এবং জগতে অতিপবিত্রা নারী বলিয়া গণ্যা হইয়াছ। আমাদ্বারা যতদূর উন্নতি হইবার হইয়াছে, আমার অতীত এবং আরাধ্য যে পুরুষ আছেন, তুমি এক্ষণে তাঁহার আশ্রয় গ্রহণ কর। অন্যার্থে দেখান হইল যে :—সেই হরি তোমার, আমার হইতে সেই বলির অবধি আত্মা হইতেছেন। অতএব বলির দর্পোচিত ফল তিনি বিধান করিতে সক্ষম। এক অর্থে ভগবান শব্দে বলা হইল যে :—তিনি সকল ঐশ্বর্য্যের ঈশ্বর, তাঁহাতে প্রপন্ন হইলে তোমার দুঃখ জ্ঞাত হইয়া নিবারণ করিবেন। অন্যার্থে দেখান হইল, যিনি সকল ঐশ্বর্য্যের অধীশ্বর, তিনি সর্ব্বজ্ঞ হইতেছেন, অতএব ঐশ্বর্য্য দেবতার বা অসুরের কাহার ভোগ করা উচিত, ইহা জানেন। জনার্দ্দন শব্দের একার্থে দেখান হইল যে :—হে সতি! বাণ প্রভৃতি কত অসুর তিনি নিজ বীর্য্যে নাশ করিয়াছেন, অতএব তুমি প্রপন্না হও, বলি প্রভৃতি অসুর তিনিই নাশ করিবেন। পরে অন্যার্থে দেখান হইল যে :—(জনং স্বভক্তং বলিং অৰ্দ্দযাতি ত্রিলোকীং যাচিষ্যতে।) বলি দেববিদ্বেষী হইলে ভেবভাবীয় ভগবদ্ভক্ত হইতেছে। অনুকূল ভক্তরূপী দেবগণের জন্য তিনি প্রতিকূল ভক্তরূপী বলির নিকট হইতে ত্রিলোক ভিক্ষা করিয়া লইতে পারেন। কারণ জনশব্দে এস্থলে ভক্তজন এবং অর্দ্দন শব্দে

ভিক্ষাও বুঝাইয়া থাকে। সর্ব্বভূতগুহাবাস শব্দের এক অর্থে :—তিনি যখন সকলের গুহাতে অর্থাৎ বুদ্ধিতে ফলাফলদাতা ঈশ্বররূপে বর্ত্তমান থাকেন, তখন বলির ঐশ্বর্য্যভোগ-জনিত দর্পময়ী বুদ্ধিতে যেরূপ উপযুক্ত ফল হওয়া উচিত, তাহার বিধান তিনি করিবেন। অন্যার্থে :—কি দেবতা, কি অসুর সকলের কর্ম্মানুসারে ফলদাতা অন্তর্যামী হরির কৌশলে সেই দর্পময়ী বুদ্ধিতে মঙ্গলফলই লাভ হইবে। অর্থাৎ পরিণামে গুরুর অনুমতি পর্য্যন্ত হরির কৌশলে অবহেলিত হইবে। তাহার সৌভাগ্যও ক্ষয় হইবে। বাসুদেব এই শব্দের একার্থে বলা হইল যে :—শুদ্ধ সত্বান্তঃকরণে তিনি আবির্ভূত হইয়া থাকেন। অতএব তুমি ব্রতাদির দ্বারা শুদ্ধ সত্বগুণসম্পন্না হও, বাসুদেবরূপে তাঁহার দেখা পাইবে। অন্যপক্ষে দেখান হইল যে :—বলির দানাদি কার্য্যে ক্রমে ভগবানের দর্শন ঘটিলে তিনি তাহাকে শুদ্ধ সত্বগুণময় করিবেন। জগদ্‌গুরু শব্দের একঅর্থে বলা হইল যে :—তোমার, আমার এমন কি অসুরাদি বিশ্বব্যাপী প্রাণীগণের পক্ষে তাঁহার দর্শনেই অজ্ঞান ক্ষয় হয়। অন্যপক্ষে বলির অজ্ঞান তদ্দর্শনে ক্ষয় হইলে, দর্পাদি নাশে, ঐশ্বর্য্যলালসা ক্ষয় হইবে। ইন্দ্রাদির স্বর্গ পুনরায় লাভ হইবে। প্রকৃত অধ্যাত্মপক্ষে দেখান হইল যে :—সাত্বিকী শক্তিরূপী অদিতিকর্ত্তৃক পরমাত্মার আকর্ষণে দেবতাগণের কল্যাণ বুঝান হইল।

প্রজাপতি কশ্যপের কথা শ্রবণপূর্ব্বক আনন্দিতা হইয়া অদিতি দেবী কহিলেন :—হে ব্রহ্মন্! সেই জগতের হিতকারী হরিকে কোন্ উপায়ে উপাসনা করিতে হইবে। যে উপায়ে সত্যসংকল্প ভগবানকে তুষ্ট করিলে আমার মনোরথপূর্ণ হইবে, এবং আমি যে পুত্রগণের সহিত ঘোর দুঃখে কাতর আছি, যে উপায়ে তিনি আমার উপাসনায় তুষ্ট হইয়া দুঃখ নিবারণ করেন, হে দ্বিজশ্রেষ্ঠ! আমাকে সেই উপায় বলুন।৮।১৬ ১৭

শ্রীকশ্যপ কহিলেন :—হে দেবি! একদা আমি প্রজাকামী হইয়া ভগবান ব্রহ্মাকে হরিতোষণের উপায় জিজ্ঞাসা করিয়াছিলাম; তিনি আমাকে যাহা বলিয়াছিলেন, অদ্য আমি তোমাকে সেই কেশবপরিতোষকারী ব্রতের কথা বলিব।৮।১৬।১৮

হে প্রিয়ে! (সেই ব্রতের নিয়ম যথা) ফাল্গুনমাসের শুক্লপক্ষে প্রতিপদাদি হইতে দ্বাদশী পর্য্যন্ত সংযত ও পরম ভক্তিসমন্বিত হইয়া অরবিন্দাক্ষ হরিকে নিয়মিত পূজা করিলে যে ব্রত করা হয়, তাহাকে পয়োব্রত কহে। যদি ফাল্গুনমাসে চতুর্দ্দশীযুক্তা অমাবস্যা লাভ হয়, তবে সেই দিবসে ব্রতধারী ব্যক্তিকে বরাহদন্তোদ্ধৃত মৃত্তিকায় সর্ব্বাঙ্গ লেপন করিয়া যে কোন নদীর জলে স্নান করিতে হইবে এবং স্নানকালে এই মন্ত্র উচ্চারণ করিতে হইবে। (সেই মৃত্তিকাকে লক্ষ্য করিয়া) হে দেবি! মৃত্তিকে! প্রাণীগণকে স্থান দিবার ইচ্ছায় আদি বরাহ মূর্ত্তিতে হরি তোমাকে রসাতল হইতে উদ্ধার করিয়াছেন, আমি তোমাকে নমস্কার করি। তুমি আমার সকল পাপ নাশ কর।৮।১৬।১৯।২০।২১

স্নানপূর্ব্বক (প্রতিপদের প্রাতঃকালে) যথানিয়মে আপনার নিত্য আহ্নিকাদি কার্য্য শেষ করতঃ সমাহিত হইয়া ভগবানের পূজা এইরূপ করিবে :—পূজার জন্য শালগ্রামাদি যে কোন মূর্ত্তিতে, হোমবেদীতে, সূর্য্যে, জলে, হোমাগ্নিতে কিম্বা গুরুতে, যে কোন

আধার অবলম্বন করিয়া পূজা করিবে। পূজাকালে এই মন্ত্র পাঠ করিবে :—হে ভগবান্! তোমায় নমস্কার, তোমার মহাপুরুষ রূপকে নমস্কার; তুমি সর্ব্বভূতের অন্তর্যামী; তোমাকে নমস্কার; তুমি বাসুদেব এবং সাক্ষী, তোমায় নমস্কার করি। তুমি অব্যক্ত, তুমি সূক্ষ্ম, তুমিই প্রধান তত্ব, তুমিই প্রকৃতির নিয়ন্তা পুরুষ, তুমিই চতুর্বিংশতি তত্বজ্ঞ এবং সেই তত্বের প্রকাশ হইতেছ; তোমাকে নমস্কার করি। ৮। ১৬। ২২। ২৩। ২৪

হে (তত্তবে) যজ্ঞফলবিস্তারকর্ত্তা! আপনার দুই মস্তক (প্রায়নীয় ও উদয়নীয় যজ্ঞবিধি) আপনার তিনটি পদ (তিনটি সকল অর্থাৎ প্রাতঃ, মধ্য ও সন্ধ্যাদির নৈমিত্তিক যজ্ঞ।) আপনার চারিটি শৃঙ্গ (চতুর্ব্বেদ) আপনার সাতটি হস্ত (সপ্ত ছন্দঃ) আপনিই যজ্ঞরূপী, বৈদিক মন্ত্রাদি বিদ্যাই আপনার আত্মা অর্থাৎ হৃদয়স্বরূপ হইতেছে; আপনাকে নমস্কার করি। হে হরে! আপনি (শিবার) শান্তমূর্ত্তিধারী, আপনি উগ্রমূর্ত্তিধারী, আপনি সকল শক্তিধর, আপনাকে নমস্কার করি। আপনিই সকল বিদ্যার এবং এবং প্রাণীগণের বা ভূতগণের অধিপতি; আপনাকে নমস্কার করি। ৮। ১৬। ২৫

হে হরে! আপনি হিরণ্যগর্ভ, আপনিই সূত্রাত্মা, আপনি জগতের আত্মা হইতেছেন, আপনাকে নমস্কার করি। আপনি যোগাদির কারণ, এবং কখন শরীর লইলে যোগৈশ্বর্য্য যোগেই শরীর গ্রহণ করেন। অতএব আপনাকে নমস্কার করি। আপনিই আদিদেব হইতেছেন, আপনিই সকলের সাক্ষী ফলদাতা হইতেছেন। আপনিই নারায়ণ, ঋষি, নর ও পাপহারী হরি হইতেছেন, আপনাকে নমস্কার করি। হে হরে! আপনার মরকত শ্যামমূর্ত্তির বক্ষের উপরে কমলা থাকাতে অপূর্ব্ব শোভাই হইয়াছে, আপনি পীতবাস ধারণ করিয়াছেন, আপনি কেশব হইতেছেন, বারম্বার নমস্কার করি। যত বরদাতা দেবগণ আছেন, আপনি সকল বরদাতার শ্রেষ্ঠ হইতেছেন। এইজন্য সকল ভক্তজনে নিজের কল্যাণ হেতু আপনার পদরেণুর উপাসনা করিয়া থাকেন। ৮। ১৬। ২৬। ২৭

দেবগণ যাঁহার চিরানুগত হইয়া এবং স্বয়ং কমলাদেবী যাঁহার পদসেবা করিয়া পরমানন্দ লাভ করেন, আমি সেই ভগবান্‌কে পূজা করিতেছি, তিনি আমার প্রতি প্রসন্ন হউন। ৮। ১৬। ২৮

হে ঋষি! এই সকল মন্ত্রের দ্বারা ভগবান্ হৃষিকেশকে পূজাধারে সম্মানের সহিত আবাহন পূর্ব্বক সম্মুখে পাদ্যাদি দ্বারা অভ্যর্থনা করিয়া পরম শ্রদ্ধাযোগে পূজা করিতে হয়। প্রথমে সুগন্ধ ও মাল্যাদি দ্বারা পূজা করিয়া, দুগ্ধযোগে বিভুকে স্নান করাইবে, পরে হরিকে, বসন, উপবীত, অলঙ্কার, পাদ্য, গন্ধ, ধূপ, দীপাদিযোগে দ্বাদশাক্ষরী মন্ত্রে (নমো ভগবতে ভুভ্যং বাসুদেবায়) পূজা করিবে। সতি! ক্ষমতানুসারে শালী প্রভৃতি যে কোন অন্নের দ্বারা দুগ্ধযোগে পায়স প্রস্তুত করিয়া ভগবান্‌কে নিবেদন করিবে। সেই পায়সে ঘৃত ও গুড় মিশ্রিত করতঃ মূল দ্বাদশাক্ষরী মন্ত্রের যোগে হোম করিবে। এইরূপে নিবেদিত পায়সান্ন উপস্থিত ভক্তকে প্রদান করিবে এবং স্বয়ং ভোজন করিবে। পরে আচমনদানে পূজা করিয়া তাম্বুল নিবেদন করিবে। পরে অষ্টোত্তর শত জপ করিবে, বহু স্তুতি দ্বারা প্রভুকে স্তব করিবে। পরে দেবতাকে প্রদক্ষিণ করিয়া ভূমে দণ্ডবৎ

পতিত হইয়া প্রণাম করিবে। পরে মস্তকে নির্ম্মাল্য ধারণ করিয়া প্রভুকে বিসর্জ্জন করিবে ৮। ১৬। ২৯। ৩০। ৩১। ৩২। ৩৩

হে দেবি! পরে দুইটির ন্যূন না হয়, ব্রাহ্মণ নিমন্ত্রণ করিয়া মাল্য চন্দনাদিযোগে পূজা করতঃ পায়স ভোজন করাইবে, শেষে তাঁহাদের অনুমতি লইয়া আত্মীয় স্বজনের সহিত নিজে ভোজন করিতে পারিবে। এইরূপে পূজাদি কার্য্য করিয়া ব্রহ্মচারীর ন্যায় থাকিতে হইবে। নিশাপ্রভাতে পুনরায় দিবার প্রথমভাগে স্নাত ও পবিত্র হইয়া পূর্ব্বোক্ত বিধিতে সমাহিত হইয়া হরির পূজা করিবে। পূর্ব্ব নিয়মে দুগ্ধাদিতে স্নানাদি করাইবে। এই নিয়মে (শুক্লা দ্বাদশী) পর্য্যন্ত যাবৎ ব্রত সমাপন না হয়, বিষ্ণুপূজা এবং দুগ্ধভোজী হইয়া ব্রতাচারী থাকিতে হইবে। পূর্ব্বকথিত নিয়মে পায়স হোম করিবে, ব্রাহ্মণাদি ভোজন করাইবে। প্রত্যহ নিয়মিত পূজাদি করিয়া দ্বাদশাহ পয়োব্রত ধারণ করিবে। হরির পূজা, হোম এবং ব্রাহ্মণাদি ভোজন প্রভৃতি কার্য্য প্রতিপদ হইতে শুক্ল ত্রয়োদশীর (প্রাতঃকাল) পর্য্যন্ত যথানিয়মে অনুষ্ঠান করিবে। হে দেবি! এই ব্রতধারণকালে (কি পুরুষ কি নারীর) ব্রহ্মচারীভাবে (স্বামী কি স্ত্রী সহবাস রহিত হইয়া) থাকিতে হইবে। ভূমি শয্যায় শয়ন এবং ত্রিসন্ধ্যায় স্নান করিবে। অসদালাপ বা উৎকৃষ্ট কি নিকৃষ্ট কোনপ্রকার ভোগ হইতে বিরত হইতে হইবে। কোন প্রাণীর হিংসা না করিয়া একান্ত বাসুদেবপরায়ণ থাকিতে হইবে। ত্রয়োদশী উপস্থিত হইলে (ব্রত উদ্‌যাপনের পূজা করিতে হইবে, ভগবান বিষ্ণুকে পঞ্চামৃতে স্নান করাইবে। শঠতা পরিত্যাগ করিয়া শাস্ত্রজ্ঞ বহু ব্রাহ্মণের পরামর্শানুসারে যথাসাধ্য অর্থব্যয় পূর্ব্বক ভগবানে শাস্ত্রানুসারী পূজা করিবে। সর্ব্ববিপদহারী সেই ভগবান্ বিষ্ণুকে দুগ্ধযোগে চরু প্রস্তুত করিয়া নিবেদন পূর্ব্বক একান্তমনে বেদমন্ত্রের দ্বারা সেই মহাপুরুষের ভজনা করিবে। সেই মহাপুরুষের তুষ্টি উৎপাদন করিতে বহুবিধ দ্রব্যযোগে সাধ্যানুসারে নৈবিদ্যাদি প্রদান করিবে। হে শুচিস্মিতে! যে জ্ঞানসম্পন্ন আচার্য্য ও ঋত্বিক্‌গণ এই ব্রত উদ্‌যাপন করাইয়া দেন, সেই ব্রাহ্মণগণকে বহুবিধ উপায়নযোগে সদন্ন ভোজন করাইয়া, দক্ষিণারূপে বস্ত্র, আভরণ, ধেনু প্রভৃতি দানে তাঁহাদের তুষ্টি উৎপাদন করিতে হইবে। ইহাকে হরি আরাধনার (প্রধান অঙ্গ) কহে। পরে উপস্থিত ঋত্বিক্ ও ব্রাহ্মণকে যিনি যেরূপ সম্মানের উপযুক্ত, তাঁহাকে সেইরূপ যথাশক্তি দক্ষিণা প্রদান করিবে। স্বকীয় গুরুকে যথাসাধ্য দক্ষিণা প্রদান করিবে। অন্যান্য উপাগত ব্রাহ্মণাদি বহুযত্নে ভোজন করাইয়া শেষে উপস্থিত দুঃখী, অন্ধ ব্যাধিত ইত্যাদি ব্যক্তিকে ভোজন করাইবে। এইরূপে সকলকে দান ও ভোজনাদি সমাধা হইলে ভগবান বিষ্ণু প্রীত হইলেন, মনে ভাবিয়া ব্রতচারী আপনার বন্ধু আত্মীয় কুটুম্বের সহিত ভোজন করিবে। পরে নৃত্যবাদ্যাদিযোগে যাহারা হরির গুণগান ও স্তব করিতে পারে, তদ্দ্বারা নৃত্যগীত স্তুতি করাইবে এবং তৎকর্ম যাঁহারা জানেন, তন্মুখে সেই কথা শ্রবণ করিতে হইবে। ব্রতকালে ও পূজার শেষে এইরূপ গুণকীর্ত্তনাদি করাইতে হয়। ৮। ১৬। ৩৪। ৩৫। ৩৬। ৩৭। ৩৮

হে দেবি! সেই মহাপুরুষের প্রধান আরাধনার স্বরূপ এই পয়োব্রতের কথা স্বয়ং

পিতামহ আমাকে বলিয়াছিলেন, আমি তোমাকে বিশেষ করিয়া বলিলাম। হে মহাভাগে! তুমি অবিলম্বে আপনার প্রাণ মনকে বিশুদ্ধ করিয়া সকলের ভজনীয় অব্যয় সেই কেশবকে পূর্ব্বোক্ত নিয়মে পূজা কর। এই ব্রতই সর্ব্ব যজ্ঞের সার ও সকল ব্রতের প্রধান হইতেছে। হে ভদ্রে! যে কোন উপায়ে ঈশ্বর তুষ্টির, দানের ও তপস্যার কথা (শাস্ত্রে কথিত আছে); এই ব্রতই সকলের শ্রেষ্ঠ হইতেছে। এই ব্রতাচরণ অপেক্ষা নিয়ম ও যমের উত্তম উপায় আর নাই; যে যে তপস্যায়, দানে, ব্রতে, যজ্ঞে অধোক্ষজ হরি তুষ্ট হয়েন, এই ব্রতই সে সকলের শ্রেষ্ঠ হইতেছে। অতএব হে ভদ্রে! তুমি শ্রদ্ধার সহিত এই ব্রতের অনুষ্ঠান ও আচরণ কর। ভগবান হরি অতি শীঘ্র তোমার প্রতি তুষ্ট হইয়া তোমার অভিলষিত বর প্রদান করিবেন। ৮। ১৬। ৩৯। ৪০

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে ষোড়শাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। এক পক্ষে দেখান হইল, ভগবদ্ভক্তি ভিন্ন প্রজাপতি কশ্যপ পর্য্যন্ত বিপদোদ্ধারের অন্য উপায় বলিলেন না, অতএব ভক্তিই সকলের ভজনীয় হইতেছে। অধ্যাত্মবাদে দেখান হইল, প্রকৃতিঅন্তর্গত পুরুষসত্তা কশ্যপ সাত্ত্বিকীশক্তিকে অতিমাত্র পরমাত্মার আকর্ষণে বিশুদ্ধসত্বগুণসম্পন্না করাইতেছেন। কারণ বিশুদ্ধ সত্বগুণময়ী প্রকৃতি না পাইলে পরমাত্মা প্রতিফলিত হয়েন না। এই প্রতিফলন পরে বামনাবতার রূপে বর্ণিত হইবেন।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে ষোড়শাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ সপ্তদশ অধ্যায়।

পূর্ব্বকথা সমাপন করিয়া শ্রীশুকদেব রাজা পরীক্ষিৎকে কহিলেন:—হে মহারাজ! সেই অদিতি দেবী আপন ভর্ত্তা প্রজাপতি কশ্যপের নিকটে পূর্ব্বকথিত পয়োব্রতের ফল শ্রবণ করিয়া একমনে দ্বাদশাহব্যাপী সেই ব্রত ধারণ করিলেন। তিনি বুদ্ধিরূপী সারথির সংযোগে মনোরূপ রজ্জুদ্বারা ইন্দ্রিয় নামক অশ্বগণকে বশীভূত করিলেন। শেষে ভগবান্ অখিলাত্মা বাসুদেবে একাগ্র বুদ্ধির সহিত মনকে নিরোধপূর্ব্বক তিনি পয়োব্রত আচরণ করিতে থাকিলেন। হে বৎস! (সেই অদিতি দেবীর ব্রতপূর্ণ এবং চিত্ত স্থির হইলে) ভগবান্ আদিপুরুষ পীতবসন এবং চারি ভুজে শঙ্খ, চক্র, গদা, পদ্ম ধারণ করিয়া, তাঁহাতে আবির্ভূত হইলেন। ভগবান্‌কে এইরূপ সম্পন্ন অবলোকন করিয়া, অদিতি দেবী সহসা সমাধি হইতে গাত্রোত্থান করিলেন। তিনি প্রেমে একান্ত বিহ্বলা হইয়া পরমানন্দে ভূমিতে দণ্ডবৎ পতিত হইয়া প্রণাম করিলেন। ৮।১৭।১

ব্যাখ্যা। পূর্ব্বে অধ্যাত্মপক্ষে বলা হইয়াছে যে, বিশুদ্ধ সত্বগুণসম্পন্ন জীবের হৃদয়ে ভগবান্ আবির্ভূত হয়েন অর্থাৎ পরমাত্মদর্শন ঘটে। অদিতিপক্ষে পুরাণ তাহাই বর্ণনা

করিলেন ; তিনি ব্রতচারিণী হইয়া যখন মনের যোগে ইন্দ্রিয়াশ্বগুলিকে বশীভূত করিলেন, সেই সময়ে সমাহিত অবস্থায় ভগবন্মূর্ত্তি অদিতির নয়নগোচর হইল। এই ভগবন্মূর্ত্তির তত্ব প্রথমাদি স্কন্ধে ব্যাখ্যাত হইয়াছে। ভগবদ্দর্শনেই জীবের কিরূপ আনন্দের উদয় হয়, এবং সেই আনন্দের লক্ষণ কি ? তাহাই অদিতির কার্য্যে শ্রীশুকদেব পরে বলিতেছেন।

হে মহারাজ! (ভগবদ্দর্শনে অদিতির কিরূপ অবস্থা ঘটিয়াছিল, শ্রবণ করুন।) অদিতি সতী ভগবান্‌কে দেখিয়া প্রথমে বদ্ধাঞ্জলিযোগে কত মনোবেদনা বলিবেন বলিয়া গাত্রোত্থান করিলেন বটে, কিন্তু ভগবানের সম্মুখে কিছু বলিতে সক্ষম হইলেন না, দাঁড়াইতে যেন অক্ষম হইতে থাকিলেন। আনন্দাশ্রুতে তাঁহার উভয় নয়ন পূর্ণ হইয়া আসিল। তাঁহার সর্ব্বাঙ্গ পুলকে আকুল হইল ; ভগবন্মূর্ত্তি দর্শনে তাঁহার এত আনন্দ হইয়াছিল যে, সর্ব্বাঙ্গ থরথর করিয়া কম্পিত হইতে থাকিল। হে কুরুপতে! অতিপ্রীতিহেতু অদিতি দেবী ক্ষণপরে অতি ত্বরান্বিত ও অস্ফুটভাবে হরিকে স্তব করিতে থাকিলেন, এবং সতৃষ্ণনয়নে এমনভাবে তাঁহাকে উর্দ্ধমুখে দেখিতেছিলেন, যেন, দৃষ্টিবলে তিনি রমাপতি, যজ্ঞপতি, এবং জগৎপতিকে পান করিতে থাকিলেন।৮।১৭।২।৩

ব্যাখ্যা। একপক্ষে ভগবদ্দর্শনে যে ভাবে অষ্ট সাত্বিক লক্ষণ প্রকাশ হয়, তাহাই অদিতিতে প্রকাশ হইল। জীবের অতিমাত্র আনন্দ উপস্থিত হইলে বাহ্যভাব দূরীভূত হইয়া যায়। আনন্দময় অন্তর হওয়াতে আটটি লক্ষণ প্রকাশ হয়। স্বেদ, হর্ষ, পুলক, লোমাঞ্চ, স্তম্ভ, স্বরভঙ্গ, বেপথু, অশ্রু, এই অষ্ট লক্ষণ দেখিলেই একান্ত আনন্দিত বুঝায়। অন্তরে অতিমাত্র ভাবের উদয় হইলে বাহিরের শক্তি সমস্ত ক্ষীণ হয়। এই অবস্থায় স্বেদ প্রকাশ হয় ; ঐ ভাব সুখোৎপাদক বলিয়া হর্ষের চিহ্ন প্রকাশ হয়। সেই হর্ষের চিহ্নই পুলক, লোমাঞ্চ ইত্যাদি। অন্তরে একাগ্রভাব উদয় হইলে জীব চলৎশক্তিহীন হয় ; তাহাই স্তম্ভরূপে গণ্য। অতিমাত্র ভাবাবেগে সকল কথা স্পষ্ট বাহির হয় না, তাহাই স্বরভঙ্গ হইতেছে। ভাব একেবারে স্ফুটন না হইলে কম্প উপস্থিত হয়। ভাবাবৃত হইয়া জীবকে উন্নত করিয়া ফেলিলে সেই ভাবের উষ্ণতা অশ্রুরূপে প্রকাশ হইয়া থাকে। এই অবস্থা অন্তরের একান্ত ভাবাবেশে নিত্য প্রকাশ হয়। অতিমাত্র শোক বা দুঃখ বিপদেও দেখা যায়, কিন্তু দুঃখাদিতে এই স্বেদাদি উপস্থিত হইলে হর্ষ, পুলক. লোমাঞ্চ এই তিনটী লক্ষণ দেখা যায় না। কেবল আনন্দে ভাবোদগমে সম্পূর্ণ আটটী লক্ষণ দেখা যায়, এইজন্য অষ্ট লক্ষণ পূর্ণ হইলেই তাহাকে বিশুদ্ধ সত্বগুণের চিহ্ন বলা যায়। অদিতির ভগবদ্দর্শনে তাহাই ঘটিল। তিনি উঠিলেন, কিন্তু স্তম্ভের ন্যায় দণ্ডায়মান থাকিলেন, হর্ষ, পুলক, লোমাঞ্চে আকৃতি পূর্ণ হইল, অত্যানন্দে শরীর কম্পিত ও অশ্রুবর্ষণ হইতে থাকিল, স্বেদাদির লক্ষণ দেখা গেল, ভঙ্গস্বরে স্তুতি বহির্গত হইল। এই সকল লক্ষণে তাঁহাকে সত্বগুণময়ী বুঝান হইল। অধ্যাত্মপক্ষে দেখান হইল যে ;—হরি আপনার বিশুদ্ধা প্রকৃতিতেই আপনি অধিষ্ঠিত হয়েন। পরমাত্মা জ্ঞানবৃত্তিগুলির বলাধান করিতে, ভোগগ্লানি যাহা সংসারে উপস্থিত হইয়াছে, তাহা ক্ষয় করিতে সাত্বিকী প্রকৃতিরূপিণী অদিতিতে প্রকাশ হইলেন।

. (হে মহারাজ! সেই দেবী অদিতি ইহা বলিয়া ভগবান্‌কে স্তব করিতে থাকিলেন।) আপনি যজ্ঞেশ্বর, কারণ আপনি সকল যজ্ঞে ফল দিতেছেন; আপনি যজ্ঞপুরুষ, কারণ যাজন মাত্রেই প্রকাশ হয়েন। আপনি অচ্যুত, কারণ আপনার বর্ত্তমান আবির্ভাবে বুঝিলাম যে আপনি একবার ভক্তিতে কাহারও হৃদয়ে যুক্ত হইলে আর বিচ্যুত হয়েন না, এবং ভক্তকে পরিত্যাগ করেন না। আপনি তীর্থপাদ, কারণ আপনার পদস্পর্শ জন্যই গঙ্গাদিরূপে বর্ত্তমান আছে। আপনি তীর্থশ্রব, কারণ আপনার কীর্ত্তি শ্রবণমাত্রেই হৃদয় পবিত্র হইয়া যায়। আপনি শ্রবণমঙ্গলনামধারী, কারণ আপনার লীলাযুক্ত ভাবপূর্ণ নামগুলি শুনিলেই সকলের কল্যাণ অর্থাৎ পাপক্ষয় হয়। বিপন্নলোকসমূহ আপনার আশ্রয় গ্রহণমাত্রে আপনি তাহাদের বিপদ বিনাশের জন্য স্বয়ং প্রকাশ হইয়া থাকেন। আপনি সকলের আদি হইতেছেন, আপনি সকল ঐশ্বর্য্যের ঈশ্বর হইতেছেন; আপনার কোন অভাব না থাকিলেও, আপনি শরণাগত দীনজনের আশ্রয়দাতা হইতেছেন। হে ঈশ্বর! আমার মঙ্গল করুন।৮।১৭।৪

আপনি অতি মহিমাবিশিষ্ট, কারণ আপনিই এই বিশ্বের কারণস্বরূপ হইতেছেন; আপনিই আপনার বহুগুণময়ী শক্তিযোগে এই বিশ্বের সৃষ্টি, স্থিতি, হরণাদি করিয়া থাকেন। (এই কার্য্যকারিণী মায়াশক্তি অজ্ঞানময়ী হইলেও আপনা হইতে উহার প্রকাশ থাকিলেও, আপনি উহাতে অভিভূত হয়েন না, কারণ আপনি পূর্ণ বোধস্বরূপ এবং আপনার প্রণীত বিশ্ব সৃষ্টাদিতে পরিণত হয়, কিন্তু আপনি স্বস্থ অর্থাৎ অপরিণত হইয়া আছেন। আপনি পূর্ণবোধরূপী বলিয়া স্মরণমাত্রে জীবের অজ্ঞান হৃত হয়, অজ্ঞান নাশমাত্রেই আপনি তাহাদের মনোহরণ করেন বলিয়া হরি নাম ধারণ করিয়াছেন, অতএব আপনাকে নমস্কার করি।৮।১৭।৫

হে ভগবন্! জীবে আপনার তুষ্টি উৎপাদন করিলে, ব্রহ্মাদির ন্যায় আয়ুপ্রাপ্ত করিতে পারে; ইচ্ছানুসারে দেবতাদির ন্যায় শরীর ধারণ করিতে পারে; স্বর্গ, মর্ত্ত্য ও পাতালের অতুল ঐশ্বর্য্য লাভ করিতে পারে; যোগের অনিমাদি সকল ঐশ্বর্য্য লাভ করিতে পারে। ধর্ম্মার্থকাম এবং নির্ব্বিশেষ মোক্ষজ্ঞান যাহা সহজে লাভ হয় না, তাহাও মর্ত্ত্য মানবে লাভ করিতে পারে!! আমি দেবমাতা, মানবী নহি, আমি আপনার তুষ্টি উৎপাদন করিয়া দর্শন পাইয়াছি, আমার পক্ষে অসুর জয়াদির বাসনা সফল হইতে আর আশঙ্কা কি? ৮।১৭।৬

রাজাকে সম্বোধন করিয়া শ্রীশুকদেব কহিলেন:—হে মহারাজ! সেই সর্ব্বান্তর্যামী, পদ্মলোচন ভগবান্, অদিতি দেবীকর্ত্তৃক স্তুত হইয়া পরম প্রফুল্লভাবে তাঁহাকে এই সকল কথা বলিলেন। শ্রীভগবান্ কহিলেন:—হে দেবমাতঃ! আপনার বহুযত্নে ধৃত মনোভাব আমি জানিতে পারিয়াছি। আপনার পুত্রেরা দুর্ম্মদ অসুরশ্রেষ্ঠ শত্রুগণকর্ত্তৃক রণে পরাজিত ও ঐশ্বর্য্যবিহীন হইয়া স্বর্গলোকবিচ্যুত হইয়াছেন। সেই পুত্রগণ যাহাতে পুনরায় স্বর্গধাম ও ঐশ্বর্য্যলাভ করেন, অসুরগণকে জয় করেন, আপনি পুনরায় অমরাপুরীতে তাঁহাদের সহিত একত্রে বাস করেন, এই ইচ্ছা করিয়াছেন। (যখন দেবতাগণের পরাজয়ে দেবনারীগণ ক্রন্দন করিতেছেন) সেই ইন্দ্রাদি দেবগণ সেই অসুরশ্রেষ্ঠগণকে রণে নিহত

করিলে সেই সকল অরাতির পত্নীগণ হাহাকার করিয়া ক্রন্দন করিবে; পরম দুঃখসাগরে ভাসিবে; ইহা আপনি দেখিতে ইচ্ছা করিয়াছেন। পুত্রগণ রণজয়ী হইয়া পুনরায় সর্ব্বৈশ্বর্য্যলাভ পূর্ব্বক অলকাপুরীতে আনন্দে ক্রীড়া করিবেন, ইহা আপনি দেখিতে ইচ্ছা করিয়াছেন।৮।১৭।৭.৮।৯।১০

হে দেবি! আপনাদের শত্রু সেই সকল অসুরযূথপতি এক্ষণে সহজে দেবতাদি দ্বারা পরাজিত হইবে না, ইহা আমি বুঝিয়াছি। কারণ তাহারা মহা মহা তপস্বী ব্রাহ্মণগণের ব্রহ্মতেজে রক্ষিত হইতেছে। এস্থলে যুদ্ধাদি দ্বারা জয়লাভ করা বড় সুখকর হইবে না।৮।১৭।১১

হে দেবি! আমি আপনার ব্রতাচরণে অতিমাত্র সন্তুষ্ট হইয়াছি, এবং আপনার উদ্ধারের এক উপায় চিন্তা করিয়াছি। হে দেবমাতঃ! আমার অর্চ্চনা কখন নিষ্ফল হয় না; অর্চ্চনা বিষয়ে যাহার যেরূপ শ্রদ্ধা, সে তদনুরূপ ফল নিশ্চয় পাইয়া থাকে। পয়োব্রত আচরণকালে আপনি একাগ্রভাবে যথানিয়মে আমাকে পূজা করিয়াছিলেন। সেই পূজাতে আমি আপনার পুত্রগুলিকে বিপদ হইতে রক্ষা করিব এই কামনা ছিল। অতএব ব্রতের ফলস্বরূপ, হে দেবি! আমি নিজশক্তি ও অংশের সহযোগে প্রজাপতি কশ্যপের তপোবলে আকর্ষিত হইব এবং আপনার পুত্রত্ব লাভ করিয়া আপনার সকল পুত্রগণকে রক্ষা করিব। হে ভদ্রে! এক্ষণে আপনি আপনার পবিত্র পতির নিকটে গমন করুন। আমাকে যে শ্যামসুন্দররূপে দর্শন করিলেন, এইরূপে আমি আপনার পতিতে অবস্থিত আছি, এইভাবে আমাকে ধ্যান করিতে করিতে আপনি নিজ পতিকে ভজনা করুন। ৮। ১৭। ১২। ১৩। ১৪

হে দেবি! দেবগণের (ধর্ম্মরক্ষার্থ) গোপনীয় কার্য্য সমস্ত কখন অভক্তকে প্রকাশ করিতে নাই। দেবগণের গোপনীয় লীলা যত গোপনে রক্ষিত হইবে, ততই মঙ্গল ঘটিবে। (অতএব আপনি প্রকাশ করিবেন না।) শ্রীশুকদেব রাজাকে সম্বোধন করিয়া কহিলেন। হে মহারাজ! ভগবান্ অদিতিদেবীকে এই সকল নিবেদন করিয়া, সেই স্থানে অন্তর্হিত হইলেন। ৮। ১৭। ১৫

ব্যাখ্যা। এই শ্লোক দ্বারা ভগবানের বামনাবতারের সূচনা করা হইল। যেমন জ্যোতির্ম্ময় বস্তুমাত্রেই তেজের আকর্ষণ করিতে সক্ষম হয়, তদ্রূপ ব্রত, উপাসনা প্রভৃতি যোগে হৃদয় বিশুদ্ধ হইলে তাহাকে হরি প্রতিবিম্বিত হয়েন। (অদিতির ব্রতাচরণে বিশুদ্ধি-হেতু, ভগবদ্দর্শন ঘটিল। ভগবান্ কি দ্বেষ কি অনুকূল কিছুতেই ক্ষুণ্ণ বা হৃষ্ট নহেন। কিন্তু শ্রদ্ধাযোগেই হউক বা দ্বেষভাবেই হউক, সৎকর্ম্ম করিলেই তিনি অনুরূপ ফল দান করিয়া থাকেন। এই ভাবটি কটাক্ষ করিতে দ্বাদশশ্লোকে বলা হইল, কর্ম্মানুসারী শ্রদ্ধা-হেতু জীবে ফল লাভ করিয়া থাকে, হরি স্বয়ং কাহারো অনুকূল বা প্রতিকূল নহেন। সেই কথা বুঝাইতে ভগবান্ অদিতিকে বলিলেন:—হে দেবি! আপনি বিশেষ যত্নে ব্রতাচরণে শ্রদ্ধাযুক্ত অনুকূল বুদ্ধিতে আমাকে পূজা করিয়াছেন, অন্তরের বাসনা অসুর বিজয়ের

জন্য বর্ত্তমান আছে। অসুরেরাও তপস্বী ব্রাহ্মণগণের ব্রহ্মতেজে ত্রিলোকের ঐশ্বর্য্য ভোগ করিতে দ্বেষ বুদ্ধিতে যজ্ঞাদি করিতেছে। হে দেবি! আপনার ব্রতে এবং অসুরের যজ্ঞে আমি সন্তুষ্ট আছি। কিন্তু অনুকূল শ্রদ্ধা এবং প্রতিকূল ভাবই উভয়কে উত্তর ফল প্রদান করিবে। তোমার অনুকূলভাবে আমার দর্শনলাভ করিলে এবং আমি তোমার পুত্রত্ব লাভ করিব। অসুরের প্রতিকূলভাবে আমি তাহার সর্ব্বস্ব অপহরণ করিব। আমিই কর্ম্মফলদাতা, তোমার পুত্রাদির যুদ্ধাদি কর্ত্তৃত্বের প্রয়োজন হইবে না। ভগবান্ এইরূপে প্রকৃত কর্ম্মফলের লীলা বুঝাইয়া কেমন করিয়া আবির্ভাব হইবেন, তাহাই বলিলেন:—প্রজাপতি কশ্যপের তপোবলে আকর্ষিত হইয়া থাকিব, আপনি আমাকে সেই পতির অন্তরে ভাবনা করিলে পুত্ররূপে পাইবেন। অধ্যাত্মপক্ষে দেখান হইল যে:—প্রকৃতি বিশুদ্ধ হইবামাত্র ভগবানের চিচ্ছায়া তাঁহাতে পতিত হইল। ভগবান্ পরমাত্মা জীবের বা প্রকৃতির ভূতময় দেহ ধারণ করেন না। আবির্ভাবকালে নিজের জ্ঞানময়, ঐশ্বর্য্যময় সত্বাতে মূর্ত্তিপরিগ্রহ করিয়া থাকেন। পুরুষ ও প্রকৃতির বিশুদ্ধাংশ গ্রহণ করিয়া লীলা করেন। ইহা বুঝাইতেই কশ্যপরূপী পুংসত্বার তপস্তেজে অদিতির অন্তরে প্রবিষ্ট হইবেন, এইরূপ পুরাণে লেখা হইল। সাত্বিকী প্রকৃতির তেজবৃদ্ধি হওয়াতে দেবগণের রক্ষা ঘটিবে; অসুরের বল কমিবে; কারণ জ্ঞান প্রেমাদির বর্দ্ধনে ভোগপ্রয়াস স্তিমিত হইবে। এই সকল পরম যোগের কথা অশ্রদ্ধাবান্ লোকেরা বুঝিতে বা বিশ্বাস করিতে পারে না বলিয়া প্রকাশ করিতে নিষেধ করা হইল। পরে ভগবান কেমন করিয়া চিন্ময় বপু ধারণ করিয়া অসুরদর্প ক্ষয় করিলেন, তাহা পরে বলা হইতেছে।

হে মহারাজ! দেবী অদিতি আপনাতে প্রভু হরির দুর্ল্লভ জন্ম ঘটিবে, ইহা নিশ্চয় বুঝিয়া আপনাকে কৃতার্থ ভাবিয়া পরমাভক্তির সহিত আপন পতিকে ভজনা করিতে থাকিলেন, সেই অব্যর্থজ্ঞানসম্পন্ন প্রজাপতি কশ্যপ, আপনার অন্তরে ভগবান হরির অংশতেজ প্রবিষ্ট হইল, ইহা সমাধিযোগে দর্শন করিলেন। হে মহারাজ! বহুযত্নে ও তপস্যাবলে সেই ভগবদ্রূপময় বীর্য্য ধ্যান করিতে করিতে, অনিল যেমন কাষ্ঠে অগ্নি প্রবেশ করাইয়া দেয়, তদ্রূপ প্রজাপতি কশ্যপ অদিতিকে সেই ভগবদ্রূপময় বীর্য্য আধান করিলেন।৮।১৭।১৬।১৭।১৮

ব্যাখ্যা। এই অদিতিতে ভগবদ্রূপময়ের বীর্য্য প্রদানে শুক্র শোণিতাদির সংযোগ নাই। ভগবান্ নিজ বিশুদ্ধা প্রকৃতি অবলম্বন করিয়া প্রকাশ হইলেন মাত্র। মনে মনে ভগবান্ দ্বারা বীর্য্যাধান বুঝিতে হইবে। সঙ্গম দ্বারা নহে। এইজন্য সকলকে সাবধান করিতে শ্রীব্যাস শুকোক্তিতে উপমা দিলেন:—বায়ু, অগ্নি ও কাষ্ঠ তিনটিই পৃথক বস্তু বটে। কিন্তু বন ধ্বংস করিবার কালে বায়ু নিজবলে শুষ্কবৃক্ষ কাষ্ঠকে ঘর্ষণ করিয়া নিজ হৃদয়স্থ অগ্নি যেমন তাহাতে আধান করে, তদ্রূপ ভগবদ্রূপপ্রকাশকারী তেজ প্রজাপতি কশ্যপ তপোবলে ধারণ করিয়া সমাধিযোগে মনে মনে অদিতিকে প্রদান করিলেন। ইহাতে কেবল পুরুষসত্বা ও প্রকৃতির আশ্রয়ে প্রকাশ বুঝান হইল।

হে মহারাজ! অদিতির গর্ভকে আশ্রয় করিয়া সনাতন ভগবান্ প্রকাশ হইলেন, এই কথা হিরণ্যগর্ভ জানিতে পারিয়া তৎক্ষণাৎ সেই স্থানে উপস্থিত হইয়া, ভগবানের অতি গোপনীয় নামাদিযোগে স্তুতি করিতে থাকিলেন। পরমানন্দে শ্রীব্রহ্মা কহিলেন:—হে ভগবন্! আপনি উরুগায় হইতেছেন, কারণ বহুরূপে আপনার লীলাদি ভক্তজনে গান করেন; আপনি উরুক্রম হইতেছেন; কারণ বহু উপায়ে আপনি সকল বিশ্ব আক্রমণ করিয়া আছেন। আপনি ব্রহ্মণ্যদেব হইতেছেন; কারণ বেদোচিত কর্ম্মজ্ঞানাদি আপনিই প্রকাশ করেন। আপনি ত্রিযুগ হইতেছেন অর্থাৎ ভূত, ভবিষ্যৎ এবং বর্ত্তমান ত্রিকালেই আপনি বর্ত্তমান আছেন। অতএব আপনাকে বারম্বার প্রণাম করি। এই অদিতি পূর্ব্বজন্মে প্রশ্নি নামে ছিলেন, আপনি সে কালেও তাঁহার গর্ভে প্রকাশ হইয়াছিলেন। আপনি সকল বেদমন্ত্রে প্রকাশ হয়েন। আপনি স্বয়ং কর্ম্মফলদাতা বিধাতা, আপনি ত্রিলোকের মধ্যবর্ত্তী এবং ত্রিলোকের অতীত হইয়া উপরেও বর্ত্তমান আছেন। আপনি সকল প্রাণীর অন্তর্যামী আত্মা এবং সর্ব্বব্যাপী হইতেছেন, আপনাকে নমস্কার করি। বেদাদি যাঁহাকে এই ভুবনের আদি, অন্ত, মধ্য এবং অন্তে শক্তিমান্ পুরুষ কহে, আপনি সেই (মহাপুরুষ) হইতেছেন। স্রোতের আবর্ত্তে পতিত হইলে তৃণাদি যেমন মধ্যভাগে আকর্ষিত হয়, তদ্রূপ আপনি সর্ব্বদ্রষ্টা কালরূপে এই বিশ্বকে আকর্ষণ করেন। আপনিই স্থাবর জঙ্গমাত্মক প্রজাগণের ও প্রজাপতিগণের উদ্ভবকর্ত্তা হইতেছেন। (আপনাকে নমস্কার করি।) হে দেব! দেবতাগণ বিপন্ন হইয়া স্বর্গচ্যুত হইয়াছেন, আপনি তাঁহাদের একমাত্র আশ্রয় হইতেছেন। যেমন জলমগ্নপ্রায় নৌকাকে উদ্ধার করিতে সুদক্ষ কাণ্ডারীর প্রয়োজন, তদ্রূপ আপনি দেবগণকে বিপদসাগর হইতে উদ্ধার করুন। ৮। ১৭। ১৯। ২০। ২১। ২২

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে সপ্তদশাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। অতিমাত্র ভক্তিবলে ভগবান্ আকর্ষিত হইলেন, অনুগত জনকে রক্ষা করিতে সকল কার্য্যভার স্বয়ং গ্রহণ করিলেন। ভক্তিবলে এতদূর হইল, শেষে ব্রহ্ম বেদ-বাক্য দ্বারা হরিকে ভক্তরক্ষাকার্য্যে অনুরোধ করিলেন। অর্থাৎ ভক্ত সর্ব্বতোভাবে রক্ষণীয়, ইহাই বুঝান হইল। অধ্যাত্মপক্ষে দেখান হইল যে, প্রকৃতি যত বিশুদ্ধা হইবে, জ্ঞানাদি ততই বর্দ্ধিত হইয়া সংসারের মঙ্গল সাধন করিবে। হরি সেই জ্ঞানময়ী বৃত্তিগুলির একান্ত প্রেমভক্তিতে আকর্ষিত হইয়া সংসারদুঃখ নাশ করিতে আবির্ভূত হইয়া থাকেন।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে সপ্তদশাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ অষ্টাদশ অধ্যায়

পূর্ব্ব কথা সমাপ্ত করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধনপূর্ব্বক শুকদেব কহিলেন:—হে মহারাজ! ভগবান্ ব্রহ্মাকর্ত্তৃক নিজ কর্ম্ম ও বীর্য্যবিষয়ক স্তবাবলিতে সন্তুষ্ট হইয়া সেই জন্ম ও মৃত্যুশূন্য হরি, অদিতিতে আবির্ভূত হইলেন। তাঁহার চতুর্ভুজে শঙ্খচক্রগদাপদ্মসমন্বিত

চারিটি ভুজ এবং পীতবসন শোভা পাইতে থাকিল। কমলের ন্যায় আঁখিতে প্রসন্ন দৃষ্টি ভূষিত হইল। তাঁহার বর্ণ অতি উজ্জ্বল শ্যামবর্ণময় হইল। তাঁহার কর্ণবিলম্বিত মকর-কুণ্ডলের জ্যোতিতে বদনকমলের শোভা অধিক হইয়াছিল। তাঁহার বক্ষে শ্রীবৎসচিহ্ন, তাঁহার করে বলয় ও অঙ্গদাদি, মস্তকে উজ্জ্বল কিরীট, কটিদেশে কাঞ্চী এবং চরণে মনোহর নূপুর ছিল। তাঁহার বক্ষবিলম্বিত মধুযুক্ত বনপুষ্পমাল্যে মধুকরগুলি মধুলোভে গুঞ্জন করিতেছিল। এবম্বিধ রূপধারী ও সদলঙ্কৃত হরি, নিজ জ্যোতিঃ ও কণ্ঠলগ্ন কৌস্তুভের জ্যোতিতে প্রজাপতি কশ্যপের গৃহস্থ অন্ধকার নাশ করিলেন।৮।১৮।১।২।৩

হে মহারাজ! ভগবানের আবির্ভাবে, দিক্‌সকল প্রসন্ন হইল, সলিল সমূহ বিশুদ্ধ ও পূর্ণ হইয়া উঠিল, প্রজাসমূহ আনন্দিত হইল, ঋতুসমূহ যথানিয়মে প্রকাশ হইল। আকাশ, স্বর্গ, পৃথিবী, দেব, দ্বিজ, গোসমূহ এবং পর্ব্বতসমূহ আনন্দিত হইয়া উঠিল।৮।১৮।৪

হে রাজন্! যে সময়ে অশ্বিন্যাদি নক্ষত্রগণ ও গুরু, শুক্র, সূর্য্য প্রভৃতি গ্রহগণ শুভফল প্রদান করিতেছিল, সেই সময়ে শ্রাবণ মাসের শুক্লাদ্বাদশীতে অভিজিৎ নাক্ষত্রিক মুহূর্ত্তে প্রভু হরি জন্মগ্রহণ করিয়াছিলেন। সেই দ্বাদশী দিবসে সূর্য্য যখন দ্বিপ্রহরকালে বর্ত্তমান ছিলেন, সেই সময়ে অসুর বিজয়ার্থ ভগবান্ আবির্ভূত হয়েন বলিয়া, সেই পণ্ডিতগণ সেই দ্বাদশীকে বিজয়া নাম প্রদান করিয়াছিলেন। চতুর্দ্দিকে শংখ, দুন্দুভী, ভেরী, মৃদঙ্গ, প্রণব ও আনক প্রভৃতি বিবিধ বাদ্যে চতুর্দ্দিক আনন্দধ্বনিতে পূর্ণ হইয়া উঠিল।৮।১৮।৫।৬।৭

হে রাজন্! অপ্সরাসমূহ প্রেমে উন্মত্ত হইয়া নৃত্য করিতে থাকিল। গন্ধর্ব্বপ্রধানেরা তাঁহার লীলাগুণ গান করিতে থাকিল। মুনিগণ স্তব করিতে থাকিলেন। দেবগণ, মন্বন্তরা-ধিপতি মনুগণ, পিতৃগণ, অগ্নিগণ, সিদ্ধবিদ্যাধরগণ, কিম্পুরুষ কিন্নরগণ, চারণ, যক্ষ, রক্ষগণ, গরুড়াদি পক্ষী ও অনন্তাদি নাগগণ, দেবানুচরগণ, এবং আদিত্যগণ সেই আশ্রমমধ্যে আগমন করিয়া পুষ্প বর্ষণ করিতে থাকিলেন; ভগবানের গুণগান ও বীর্য্যের প্রশংসা করিয়া সকলে নৃত্য করিতে থাকিলেন। নিজ গর্ভ হইতে সেই পরম পুরুষ হরি বিকশিত হইলে, অদিতি দেবী এতদ্দর্শনে আনন্দিতা ও বিস্মিতা হইলেন। নিজ যোগমায়াবলে মূর্ত্তি গ্রহণ করিয়া হরি প্রকাশ হইলেন, এতদ্দর্শনে প্রজাপতি কশ্যপ বিস্মিত ও জয় জয় শব্দ করিতে থাকিলেন।৮।১৮।৮

হে মহারাজ! এতক্ষণ ভগবান্ হরি যে চতুর্ব্বাহু প্রভৃতি এবং অস্ত্রবিভূষণাদিযুক্ত জ্যোতির্ম্ময়ী মূর্ত্তি ধারণ করিয়াছিলেন, তাহা তাঁহার অব্যক্ত চিদ্রূপের ব্যক্তভাব মাত্র। নট যেমন আপন ইচ্ছায় নানা বেশ ধারণ করে, তদ্রূপ ভগবান্ বিস্মিত পিতামাতার সাক্ষাতে, আপনার পূর্ব্ব চিন্ময়রূপের উপকরণেই তৎক্ষণাৎ বামনভাবসম্পন্ন শিশুমূর্ত্তি গ্রহণ করিলেন।৮।১৮।৯

ব্যাখ্যা। পরমাত্মার আবির্ভাবে জীবের অন্তর যখন প্রেমরসে সিক্ত হয়, তখন সত্ত্বগুণের উদ্রেকে অনাহত ধ্বনির প্রকাশ হয়, তাহাই শঙ্খাদির বাদ্যরূপে পুরাণে বর্ণিত হইল। প্রেম, আনন্দ ও ভক্তি, পুণ্য, ধর্ম্ম ইত্যাদি সাধুবৃত্তিগুলি প্রসন্ন হয়, ইহা বুঝাইতে

দেবতাদির গীত নৃত্যাদি বলা হইল। প্রকৃতি কর্ম্মতত্ত্ব প্রকাশ করেন, কিন্তু কারণ জানেন না, তাহা বুঝাইতেই অদিতির কেবল বিস্ময় বলা হইল। পুরুষ জীব পরমাত্মপ্রকাশতত্ত্ব বুঝেন, এইজন্য কশ্যপ দেখিলেন, হরি সংসারকর্ত্রী মায়ার অতীত জ্ঞানময়ী নিজ যোগমায়াকে আশ্রয় করিয়া নিজ চিন্ময় ও অব্যক্তভাবকে দর্শনীয়রূপে ব্যক্ত করিলেন। শেষে সেই চিন্ময়ভাবে অঙ্গুষ্ঠপরিমাণ জীবাত্মাতে মিশিলেন। ইহাই বামনরূপ গ্রহণের অধ্যাত্ম তাৎপর্য্য হইতেছে। লৌকিকার্থ এই যে :—(দুষ্টানাং বাময়তীতি ছলয়তি—বামনঃ।) দুষ্টকে কৌশলে বশীভূত করেন বলিয়া হরির বামননাম হইল। নিজবীর্য্য প্রথমে দেখাইবেন না অর্থাৎ সাগর মন্থনাদিতে আপনার বিরাট এবং বিস্তীর্ণ বপুর কার্য্য দেখান হইয়াছে। নারী মূর্ত্তিতে অসুরগণকে ছলনা, এমন কি মহেশ্বরাদিকেও মুগ্ধ করা হইয়াছে। এক্ষণে সর্ব্বাপেক্ষা ক্ষুদ্রমূর্ত্তি ধারণ করিলেও যে নিজবীর্য্য ক্ষয় হয় না, ইহা বুঝাইতে বামন ভাব ধারণ করিলেন। কারণ শ্রুতি বলেন :—ভগবান্ মহান্ হইতে মহান্ এবং ক্ষুদ্র হইতে ক্ষুদ্রতম হইতেছেন। অসুরকে ক্ষুদ্র হইয়া নিজ বীর্য্যযোগে বিস্মিত করিতে এবং জগৎকে নিজবীর্য্য দেখাইতে এই লীলা প্রকাশ করিলেন, বুঝিতে হইবে।

হে মহারাজ! সেই শিশুমূর্ত্তি হরিকে বামনভাবসম্পন্ন দেখিয়া মহর্ষি সমস্ত আনন্দিত হইলেন, এবং প্রজাপতি কশ্যপের সহিত সেই কুমারের জাতকর্ম্ম হইতে বয়োবৃদ্ধির সহিত চূড়াকরণ ও উপনয়নাদি সংস্কার কর্ম্ম সমাধা করিতে থাকিলেন। যে সময়ে সেই শিশুর উপনয়নকার্য্য আরম্ভ হইল, সেই সময়ে স্বয়ং সূর্য্যদেব তাঁহাকে গায়ত্রী উপদেশ করিলেন, সুরগুরু বৃহস্পতি ব্রহ্মসূত্র এবং পিতা কশ্যপ মেখলা প্রদান করিলেন। স্বয়ং মেদিনী তাঁহাকে কৃষ্ণাজিন এবং বনস্পতি সোমদেব তাঁহাকে দণ্ড প্রদান করিলেন। জননী অদিতি তাঁহাকে আচ্ছাদনার্থ কৌপীন এবং সেই জগৎপতিকে স্বয়ং স্বর্গরাজ্য ছত্র প্রদান করিলেন, বেদগর্ভ ব্রহ্মা তাঁহাকে কমণ্ডলু এবং সপ্তর্ষিগণ তাঁহাকে কুশ প্রদান করিলেন। হে মহারাজ! স্বয়ং দেবী সরস্বতী সেই অব্যয়াত্মা পুরুষকে অক্ষমালা দান করিলেন।৮।১৮।১০।১১

হে মহারাজ! বামনরূপী হরির উপনয়নকালে স্বয়ং যক্ষরাজ কুবের ভিক্ষাপাত্র দান করিলেন। ভগবতী অম্বিকা সতী তাঁহাকে ভিক্ষা প্রদান করিলেন। অনন্তর সেই দেবব্রহ্মর্ষিমিলিত সভামধ্যে সেই শিশুমূর্ত্তিধারী হরি উপনীত হইয়া নিজ ব্রহ্মতেজে সকলের শ্রেষ্ঠ দেখাইতে থাকিলেন। অবশেষে তিনি স্বয়ং অগ্নিকুণ্ড মার্জ্জনা এবং তাহাতে অগ্নি প্রদানপূর্ব্বক চতুর্দ্দিকে কুশ বিস্তীর্ণ ও অগ্নিদেবের অর্চ্চনা করিয়া সমিধ দ্বারা হোমকার্য্য সাধন করিলেন।৮।১৮।১২।১৩

হে মহারাজ! (এই সকল আশ্রমধর্ম্মমর্য্যাদা রক্ষা করিয়া) একদা তিনি শ্রবণ করিলেন যে, মহাতপস্বী ভৃগুবংশীয় আচার্য্যগণের অনুষ্ঠানে এবং সাহায্যে অতি দর্পিত যজমান বলি অশ্বমেধ যজ্ঞ করিতেছেন। তাঁহার চরণে ও অঙ্গে সমস্ত সংসারের ভার সংযুক্ত আছে, সেই দেহকে বামন অর্থাৎ ক্ষুদ্র দেখাইয়া, প্রতি পাদক্ষেপে পৃথিবী কম্পিত করিতে করিতে সেই বলির যজ্ঞদর্শনে গমন করিলেন। পবিত্রা নর্ম্মদানদীর উত্তরতটে ভৃগুকচ্ছ নামক স্থলে

অসুরপতি বলির অশ্বমেধ যজ্ঞে যে সকল ভৃগুবংশীয় ঋত্বিক্‌ব্রাহ্মণ যজ্ঞকার্য্য করিতেছিলেন, তাঁহারা দূর হইতে বামনদেবকে পূর্ব্বগগনে সমুদিত তপনদেবের ন্যায় দর্শন করিলেন। হে নৃপ! সেই ঋত্বিক্‌গণ, স্বয়ং যজমান বলি, সদস্য প্রভৃতি যজ্ঞস্থলীয় সকলেই সমাগত বামনদেবের অঙ্গতেজঃ আকর্ষণে হততেজ হইলেন এবং স্বয়ং সূর্য্যদেব, বিভাবসু কিম্বা সনৎ-কুমার যজ্ঞদর্শনে বোধ হয় আসিতেছেন, ইহা বলিয়া সকলেই বিতর্ক করিতে থাকিলেন। এইরূপে যখন শিষ্যগণের সহিত ভার্গবাচার্য্যগণ বিতর্ক করিতেছিলেন, সেই সময়ে ভগবান্ বামনদেব দণ্ড, ছত্র ও সজল কমণ্ডলুতে ভূষিত হইয়া যজ্ঞমণ্ডপে প্রবেশ করিলেন। হে মহারাজ! তাঁহার কটিদেশে মুঞ্জাতৃণনির্ম্মিত মেখলা জড়িত ছিল, উপবীতের ন্যায় অজিন-নির্ম্মিত উত্তরীয় স্কন্ধ ও বক্ষদেশে জড়িত ছিল। মস্তকে জটাভার ছিল, শরীরটি দেখিতে খর্ব্ব অথচ বেদাভ্যাসী বিপ্রলক্ষণ তাহাতে ছিল। এবম্বিধ মায়াবামনমূর্ত্তিধারী হরিকে সেই যজ্ঞমণ্ডপে সমাগত দেখিয়া, তাঁহার তেজে বিস্মিত হইয়া, শিষ্য ও অগ্নিগণের সহিত গাত্রোত্থান ও বিনয় অর্ঘ্যাদি দানাদি দ্বারা সম্মানপূর্ব্বক গ্রহণ করিলেন। ৮। ১৮। ১৪। ১৫ ১৬। ১৭। ১৮। ১৯

ব্যাখ্যা। অধ্যাত্মপক্ষে দেখান হইল যে :—জীবের প্রকৃতি ও পুরুষ সত্তাতে পরমাত্ম-দর্শন ঘটিলে, আর জীবের চেষ্টা থাকে না। জীব নিম্মুক্তভাবে ভবদ্দর্শনে মুগ্ধ থাকে। স্বয়ং পরমাত্মতেজ ভক্তিপূর্ণজীবকে কৃতার্থ করিতে ভোগপূর্ণবৃত্তিগণকে বশীভূত করিয়া ভোগ্যমনকে নিজাধীন করিয়া রাখেন। এই অবস্থা বুঝাইতেই বামনের আবির্ভাবে সমস্ত দেবতাদির উপনয়নার্থ উপায়নদানে আশ্রয় গ্রহণ কথা বলা হইল। এবং বলিরূপী ভোগবৃত্তির অন্তর্গত মনকে ভোগবিমুখ করিতে এইজন্যই স্বয়ং চেষ্টা করিলেন। পরে লৌকিকপক্ষে দেখান হইল যে : ভক্তিসহকারে দেবাদি হইতে যে কোন জীব ভগবানে আত্মসমর্পণ করিবেন, ভগবান্ তাহাদের সকল দুঃখ স্বয়ং হরণ করেন। এই দুঃখ-হরণ-কার্য্যে হরি ভক্তের এবং দুঃখদাতার উভয়ের বিমুক্তি ঘটাইয়া থাকেন। সেই কার্য্য কেমন করিয়া ঘটে, তাহা বুঝাইতেই বলা হইল যে বলির আচার্য্য হরিদ্বেষী এবং ঋত্বিক্ পুরোহিতের সহিত বলি স্বয়ং ভক্তিশূন্য ছিলেন, কেবল অনন্ত বিষয়ভোগলালসায় অশ্ব-মেধাদি সৎকার্য্য করিতেছিলেন। এত যে তাঁহাদের বুদ্ধি, বীর্য্য, সহায়বলে তাঁহারা স্বর্গাদি জয় করিয়াছিলেন, কিন্তু ভগবানের বিরাট্‌মূর্ত্তি দেখা দূরে থাক্, অতি ক্ষুদ্র বামন মূর্ত্তির তেজেই সকলে হতবুদ্ধি হইলেন। আর তাঁহাদের ঐশ্বর্য্যভোগইচ্ছা হইল না। বামনদেবকে না জানিয়াও সকলে পূজা করিলেন। কারণ আত্মাকে কেহ অনাদর করিতে পারে না। যে বলির ও তদীয় আচার্য্যগণের এত ঐশ্বর্য্যে আসক্তি ছিল, ভগবানে কেমন করিয়া তাহা অর্পিত হইল, তাহা পরে প্রকাশ হইতেছে।

হে মহারাজ! সেই মায়াবামনমূর্ত্তিতে যেমন শিশুবয়স, তাহাতে আবার অনুরূপ কমনীয় গঠনসৌন্দর্য্য থাকাতে চক্ষের ও মনের অতিশয় আনন্দ উদ্দীপিত হইতেছিল। (অন্যপক্ষে :—চক্ষের আনন্দ দর্শনে এবং মনের আনন্দ ধ্যানে বুঝায়) যজমান বলি

এই অপূর্ব্ব মূর্ত্তি দর্শনমাত্রেই আনন্দিত হইয়া স্বয়ং আসন প্রদান করিলেন। পরে আগমনের কুশল জিজ্ঞাসা করিলেন। পরে অসুরপতি বলি স্বয়ং তাঁহার পাদবন্দনাপূর্ব্বক পবিত্র জলে পদধৌত করাইয়া সেই মুক্তপুরুষের ও মনোহারী হরির অর্চ্চনা করিলেন। হে মহারাজ! ভগবানের যে চরণামৃত স্বয়ং দেবদেব মহেশ্বর অমৃতপূর্ণ চন্দ্রকে ললাটে রাখিয়া পরমাভক্তির সহিত মস্তকে ধারণ করিয়াছেন; অদ্য ধর্ম্মতত্ত্ববিৎ বলি সেই নিজবংশীয় পাপক্ষয় ও মঙ্গলের উপযুক্ত পাদোদক নিজ মস্তকে ধারণ করিলেন।৮।১৮।২০.২১

পূর্ব্বপ্রকারে বামনদেবকে স্তোত্র করিয়া বলি কহিলেন:—হে ব্রহ্মন্! আমার যজ্ঞস্থলে আগমনে বোধ হয় আপনার কোন কষ্ট হয় নাই। হে আর্য্য! আপনার এই ক্ষুদ্র মূর্ত্তিটি যেন ব্রহ্মর্ষিগণের তপস্যার তেজে মণ্ডিত বলিয়া বোধ হইতেছে; আমি আপনাকে প্রণাম করি। বলুন, আমাকে কি করিতে হইবে? আপনি আমার এই যজ্ঞস্থলে আগমন করাতে, অদ্য আমার পিতৃগণ তৃপ্ত হইলেন। আমার কুল পবিত্র হইল, আমার অনুষ্ঠিত যজ্ঞেরও সৎফল লাভ হইল। হে দ্বিজাত্মজ! আমি যে এত যত্নে যজ্ঞে হোম করিতেছিলাম, আপনার আগমনে তাহার পূর্ণাহুতি হইল, আপনার পদধৌতবারি মস্তকে ধারণ করিয়াছি বলিয়া আমার সকল পাপ ক্ষয় হইল; আপনার পদস্পৃষ্টজলের এবং আপনার কোমলচরণের স্পর্শে অদ্য আমার যজ্ঞভূমি পবিত্র হইল। হে শিশো! ব্রাহ্মণনন্দন! আপনার ভাব দেখিয়া (অর্থাৎ ব্রহ্মচারীবেশে গুরুর জন্য ভিক্ষা বুঝায়) বোধ হইতেছে, আপনি আমার নিকটে কিছু লাভার্থ বাসনা করিয়াছেন, যাহা আপনার ইচ্ছা, আমাকে বলুন। হে পূজনীয়! গো, কাঞ্চন, সুন্দরগৃহ, উত্তমান্ন, বিপ্রকন্যা, সমৃদ্ধিপূর্ণ গ্রাম, অশ্ব, গজ বা রথ, যাহা আপনার অভিরুচি, তাহাই আমার নিকট হইতে গ্রহণ করুন।৮।১৮।২২।২৩।২৪।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে অষ্টাদশাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। অধ্যাত্মপক্ষে দেখান হইল যে:—জীবের পরমাত্মসম্পর্কলাভমাত্রেই তাহার ভোগপর মন হইতে স্বভাবতঃই ভোগস্পৃহা ক্ষয় হয়, এবং মন ও পরমাত্মাতে লীন হইবার চেষ্টা করে। বলি ভোগপর মন, পরমাত্ম অনুভবমাত্রেই তাঁহার একান্ত বশীভূত এবং সর্ব্বস্ব তাঁহাতে অর্পণ করিতে বাধ্য হইল। লৌকিকপক্ষে দেখান হইল যে, কি ভক্ত, কি অভক্ত, ভগবানের চিন্ময়ীমূর্ত্তি দেখিলেই বশীভূত হইয়া থাকে। বলির তাহাই ঘটিল। বিশেষ দেখান হইল যে, শুক্রাদি আচার্য্যগণ যে বলিকে কেবল ভোগৈশ্বর্য্যে উন্মত্ত করিয়াছিলেন, যাঁহাদের পরামর্শ ব্যতীত বলি কোন কার্য্য করিতেন না। যেমন আলোক দেখিলে পতঙ্গ মৃত্যুভাবনা না ভাবিয়া দ্রুত গমন করে, তদ্রূপ ভগবানের চিন্ময়ী মূর্ত্তির প্রকৃত তত্ত্ব না জানিয়া এবং গুরুর আদেশ না লইয়া বলি ভগবানে প্রপন্ন হইল। এস্থলে প্রপন্নতায় কেবল বাহ্যদান বলা হইল। কিন্তু বলি যত শ্রীমূর্ত্তি দেখিতে থাকিল, ততই হরি তাঁহার হৃদয় অধিকার করাতে ক্রমে আপনার মনোপ্রাণও অর্পণ করা হইবে, পরে তাহা বলা হইতেছে।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে অষ্টাদশাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ একোনবিংশ অধ্যায়।

পূর্ব্ব কথা সমাপ্ত করিয়া শ্রীশুকদেব রাজাকে কহিলেন :—হে মহারাজ! সেই ভগবান্ বামনদেব বিরোচননন্দন বলির এবম্বিধ ধর্ম্মযুক্ত ও সত্য প্রতিজ্ঞা শ্রবণ করিয়া, তাঁহাকে যথেষ্ট ধন্যবাদ দিয়া প্রফুল্লচিত্তে এই সকল কথা বলিলেন। শ্রীভগবান্ কহিলেন :—হে জনদেব! আপনি আমাকে যেরূপ বলিলেন, ইহা আপনার কুলোচিত, সত্য, ধর্ম্মযুক্ত এবং যশোবৃদ্ধিকারী হইতেছে। আপনি যে সত্যপ্রতিজ্ঞ ধার্ম্মিক লোক, তাহার অধিক প্রমাণ আর কি দেখিতে হইবে!! ইহকালে ধার্ম্মিক ভৃগুগণ আপনার আচার্য্য হইতেছেন, এবং পরকালে দেখিতে হইলে, কুলবৃদ্ধ, প্রশান্ত আপনার পিতামহ প্রহ্লাদই প্রমাণস্থল হইতেছেন। হে বলে! আপনার এই বংশে কেহ কখন এমন নিঃসত্ত্ব পুরুষ জন্মায় নাই যে ভিক্ষুক ব্রাহ্মণকে দান করে নাই, আপনার কুলে এমন কৃপণ কেহ কোথায় নাই যে, ব্রাহ্মণগণকে দান করিব প্রতিজ্ঞা করিয়া পরে দান করে নাই। হে নৃপ! আপনার বংশে এমন নৃপতি জন্মায় নাই, যিনি তীর্থে কোন ভিক্ষুক ব্রাহ্মণকে তাহার ইচ্ছানুরূপ দান করেন নাই। আপনার কুলে এমন কোন নির্বীর্য্য পুরুষ জন্মায় নাই, যিনি যুদ্ধে কাহা কর্ত্তৃক আমন্ত্রিত হইয়া পরাঙ্মুখ হইয়াছেন। অধিক কি, আপনার বংশের নির্ম্মল যশের জ্যোতিতে ভূষিত গগনস্থ চন্দ্রের ন্যায় মহামতি প্রহ্লাদ শোভা পাইতেছেন। ৮। ১৯। ১। ২। ৩। ৪

ব্যাখ্যা। ভগবান্ কি উপায়ে ঐশ্বর্য্যভোগগর্ব্বিত চিত্ত বলিকে আত্মপর করিতেছেন, তাহাই বলা হইতেছে। জন্ম, কর্ম্ম ও গুণ এই সকলের আখ্যানে উদ্ধত জীবের মন নিস্তেজ হইয়া থাকে। মীমাংসকেরা কহেন, অজ্ঞানই জীবের দুঃখের উৎপাদক; জীবের নিজতত্ত্ব ও কর্ত্তব্যতত্ত্ব বোধমাত্রেই অহংকারের ক্ষয় হয়। এইটি বুঝাইতেই এই সকল শ্লোকে এবং পরবর্ত্তী কয়েকটি শ্লোকে ভগবান্ কর্ত্তৃক বলির জন্মপ্রশংসা করা হইতেছে। প্রথমেই বিরোচননন্দন বলা হইল। অর্থাৎ প্রহ্লাদের পুত্র বিরোচন, তৎপুত্র বলি। ইহাতে প্রহ্লাদের অন্তর্গত ভক্তি ও ভগবৎপ্রপন্নতা বলিতে থাকা উচিত; পূর্ব্ব পুরুষগণেরও বংশের প্রশংসাতে জন্মপ্রশংসা করা হইতেছে।

হে নৃপশ্রেষ্ঠ! আপনার বংশেই পূর্ব্বকালে হিরণ্যাক্ষ নামে মহাবীর জন্মগ্রহণ করিয়াছিলেন। তিনি দিগ্বিজয় ইচ্ছা করিয়া যুগল করে গদা ধারণপূর্ব্বক যখন একা নির্গত হইয়াছিলেন; সেই সময়ে তাঁহার উপযুক্ত প্রতিদ্বন্দ্বী বলী কাহাকেও এই পৃথিবীমধ্যে দেখেন নাই। পৃথিবী উদ্ধার করিবার জন্য যখন জগৎপতি বিষ্ণু (বরাহরূপে) উপস্থিত হইয়াছিলেন, তখন তিনি হিরণ্যাক্ষের সহিত সমর করিয়া অতি কষ্টে জয়লাভ করিয়াছিলেন বটে, কিন্তু সেই বীরের অতুল পরাক্রম স্মরণ করিয়া আপনাকে বিশ্বজয়ী মনে করিয়াছিলেন। অধিক কি বলিব! আপনারই বংশে হিরণ্যাক্ষের ভ্রাতা মহাবীর হিরণ্য-

কশিপুর জন্ম হইয়াছিল। তিনি ভ্রাতৃহত্যাকারী হরিকে বধ করিতে ইচ্ছা করিয়া অতি ক্রোধে বৈকুণ্ঠ পর্য্যন্ত গমন করিয়াছিলেন। ভীষণ শূলহস্তে দ্বিতীয় কৃতান্তের ন্যায় নিজ পুরীতে সমাগত সেই বীরকে দর্শন করিয়া, কালজ্ঞ এবং মায়াবীগণের শ্রেষ্ঠ স্বয়ং হরিও চিন্তিত হইয়াছিলেন।৮।১৯।৫।৬

তিনি চিন্তাকালে বলিয়াছিলেন :—(একি! এমন বীর ত দেখি নাই! আমি যে যে স্থানে বর্ত্তমান হইতেছি, এই অসুর সেই সেই স্থানে আসিতেছে, কিন্তু এই ব্যক্তির বহির্জগতেই দৃষ্টি বা যাইবার ক্ষমতা আছে; ইহার অন্তর্জগতে যাইবার ক্ষমতা নাই; অতএব আমি ইহার হৃদয়ে অলক্ষ্যে প্রবেশ করি। হে নৃপতে! সেই সুরশ্রেষ্ঠ ভগবান্ ইহা নিশ্চয় করিয়া সম্মুখে সমাগত সেই শত্রুরূপী হিরণ্যকশিপুকে দেখিয়া, বিহ্বলচিত্তে তাঁহার নাসারন্ধ্র দিয়া অন্তরে প্রবেশ করিয়াছিলেন। প্রবেশকালে সেই অসুরবীরবরের শ্বাসানিলে তাঁহার সূক্ষ্মদেহ অন্তর্হিত হইয়াছিল।৮।১৯।৭।৮

ব্যাখ্যা। এইরূপে বংশস্তুতি শুনাইয়া গর্ব্বীর মনকে নিজ বশে আনিতে যে সকল কথা বলিতেছেন, একপক্ষে অসুরকে বলবান এবং স্বয়ং নির্ব্বীর্য্য দেখান হইতেছে। অন্যপক্ষে বলা হইতেছে যে :—হরি বড় সামান্য বীর্য্যবান্ এবং দয়ালু নহেন। হিরণ্যাক্ষের ন্যায় অসুর, যে ধরাকে গ্রাস করিতে সক্ষম হইয়াছিল, হরি অবহেলায় তাহাকে বধ ও ধরার উদ্ধার করিয়া বীর্য্য দেখাইয়াছেন এবং অসুরকে পরিণামে মুক্ত করিয়া দয়া দেখাইয়াছেন। তদ্ভ্রাতা হিরণ্যকশিপু মহাবীর ছিল, তাহাকে দেখিয়া হরি বৈকুণ্ঠ ত্যাগ করিয়া তাহারি হৃদয়ে বিহ্বল হইয়া লুকায়িত ছিলেন, ইহা একপক্ষে বলা হইল। অন্যপক্ষে দেখান হইল যে :—হরির এত কৌশল ও বীর্য্য যে সেই ত্রিভুবনজয়কারী হিরণ্যকশিপুকে হিরণ্যাক্ষের ন্যায় সমরে বল না দেখাইয়া অন্তরে প্রবিষ্ট হইয়া সংহার করিয়াছিলেন। এত দয়া যে :—অসুর সম্মুখীন হইয়া সেই শ্যামসুন্দর মূর্ত্তি দেখাইয়াছিল বলিয়া যোগীন্দ্রের গতি লাভ করিল। কারণ যোগীগণ ধ্যানবলে সকামযোগে ভগবন্মূর্ত্তি হৃদয়ে ধারণ করিয়া কৃতার্থ হয়; অসুর তাহা জানিত না বলিয়া হরি স্বয়ং তাহাকে ধ্যানানন্দ দিবার জন্য শ্বাসযোগে হৃদয়ে প্রবেশ করিয়াছিলেন। ভগবান্ বলিকে জন্মপ্রশংসার সহিত কৌশলে নিজবীর্য্য, লীলা, গুণ ইত্যাদি শ্রবণ করাইয়া অন্তরে ভক্তির সঞ্চার করাইতেছেন। ইহাই শুকদেবের অভিপ্রায় হইতেছে।

হে অসুরপতে! হিরণ্যকশিপু যখন বিষ্ণু অন্তর্দ্ধানে শূন্যপুরী দর্শন করিলেন, তখন তিনি ক্রোধে ভয়ানক গর্জ্জন করিতে করিতে স্বর্গ, পৃথিবী, দশদিক্, আকাশ, রসাতলের বিবর সমূহ, সমুদ্রসমূহ, এবং সকল স্থানেই বিষ্ণুকে অন্বেষণ করিলেন, কিন্তু তাঁহাকে সেই বীর কোথাও দেখিতে পাইলেন না। অবশেষে অসুর বীর বলিয়াছিলেন :—আমি এই সমস্ত জগৎ অন্বেষণ করিয়াও যখন বিষ্ণুকে দেখিতে না পাইলাম, তখন বোধ হয়, যে স্থানে যাইলে পুরুষে আর ফিরিতে পারে না, আমার ভ্রাতৃহন্তা সেই স্থানে গিয়াছে। হে মহারাজ! [illegible] গণের ক্রোধ অজ্ঞান হইতেই প্রকাশ হয়। সেই ক্রোধে এবং নিজবীর্য্যে

অহংকারী হইয়া হিরণ্যকশিপু মৃত্যুকাল পর্য্যন্ত বিষ্ণুর বিপক্ষে শত্রুভাব রক্ষা করিয়াছিলেন ।৮।১৯।১০।১১

ব্যাখ্যা। জগতের বাহিরে ভগবান্‌কে না দেখিয়া জীবে অহংকারী ও ভোগে উন্মত্ত হয়, হিরণ্যকশিপু সেইরূপ হইয়াছিল। হরিকে যে বাহ্যে দেখা যায় না, এ প্রমাণ ঐ অসুর সর্ব্বত্রান্বেষণ করিয়া স্থির করিয়াছে। এই কথা বলিকে বলা হইতেছে যে :—ভগবান্‌কে বাহ্যদৃষ্টিতে দেখা যায় না, ইহা তোমারই পূর্ব্বপুরুষ হিরণ্যকশিপু স্থির করিয়াছেন। পরে দশম শ্লোকে হিরণ্যকশিপুর উক্তিতে বলা হইল যে :—যে স্থান হইতে পুরুষে আর ফিরিয়া আইসে না, বিষ্ণু তথায় গমন করিয়াছে। এই বাক্যে একপক্ষে দেখান হইল :—অসুরের নাম শুনিয়াই ভয়ে হরি মৃত্যুভবনে গমন করিয়াছেন। এইটি অহংকারের চিন্তা ; অন্যপক্ষে দেখান হইল যে :—যে ব্রহ্মানন্দে ভক্তজনে গমন করিলে চিরনির্ম্মুক্ত হয়েন, ভগবান্ সেই নিজস্থানে গমন করিয়াছেন। অবশেষে শ্লেষস্তুতিচ্ছলে বলা হইল :—হে বলে! হরিদ্বেষ করিলে কি হইবে ? তোমার পূর্ব্বপুরুষ এবং তোমাপেক্ষা অধিক ক্ষমতাশালী হিরণ্যকশিপু মৃত্যুকাল পর্য্যন্ত হরিদ্বেষ করিয়াছিলেন, তথাপি হরিবীর্য্য স্থির করিতে পারেন নাই। কিন্তু দয়াল হরি তাঁহাকে নিজপদ দিয়াছিলেন। অতএব তুমি ভক্তিপর হও। এ সকল কথাতেও কটাক্ষে নিজলীলা, বীর্য্যাদি শ্রবণ করান হইতেছে।

হে রাজন্! অধিক কি বলিব! আপনার পিতা, প্রহ্লাদনন্দন বিরোচন মহীপতির ব্রাহ্মণে অচলা ভক্তি ছিল। দেবগণ তাঁহার সহিত সমরে সক্ষম না হইয়া ব্রাহ্মণবেশ ধারণ করিয়া তাঁহার আয়ুভিক্ষা করিয়াছিলেন। আপনার পিতা তাহা জ্ঞাত হইয়াও ব্রাহ্মণসেবায় সম্মান করিয়া নিজপ্রাণ অকাতরে দান করিয়াছিলেন। হে অসুরপতে! গৃহীগণের উপযুক্ত আশ্রম ধর্ম্ম ; যাহা ব্রাহ্মণ ও প্রাচীন বীরগণ আচরণ করিয়া যশস্বী হইয়া গিয়াছেন, তাহাই আচরণ করিতেছেন। ১২। আমি আপনার ন্যায় দাতার নিকট হইতে ভূমি ভিক্ষা করিতে ইচ্ছা করিয়াছি ; হে দৈত্যেন্দ্র! আমার এই পদের পরিমাণে তিন পদ ভূমি আমাকে দান করুন। ১৩। হে রাজন্! যতটুকু প্রয়োজন, সেই মাত্রই বুদ্ধিমান্ ব্যক্তি দাতার নিকট হইতে গ্রহণ করেন। আপনি জগতের ঈশ্বর হইয়াছেন, (বহুদান করিতে পারেন বটে) কিন্তু আমার ত্রিপদের অতীত আর কিছু আপনার নিকটে আশা করি না ।৮।১৯।১৪

অসুরপতি বলি কহিলেন :—অহো কি আশ্চর্য্য! হে ব্রাহ্মণকুমার! আপনার কথাগুলি বৃদ্ধের ন্যায় যুক্তিযুক্ত, কিন্তু যেমন মূর্খলোকে আপনার স্বার্থের প্রতি দৃষ্টি রাখে না, সেইরূপ বালক বলিয়া আপনারও স্বার্থে যত্ন দেখিতেছি না। ১৫। হে বালক! আমি এই ত্রিলোকের একমাত্র ঈশ্বর হইতেছি, আমি ইচ্ছা করিলে এক এক মহাদ্বীপ দান করিতে পারি, যে ব্যক্তি এরূপ ঐশ্বর্য্যশালী আমাকে নানাবিধ স্তুতিবাক্যে আরাধনা করিয়া, ত্রিপাদভূমি ভিক্ষা করে, তাহার ন্যায় বুদ্ধিহীন আর কে হইতে পারে ? ১৬। হে বিপ্রতনয়! যে ব্যক্তি একবার আমার নিকট হইতে দান গ্রহণ করে, অন্যত্র ভিক্ষা করে, তাহা আর উচিত

হয় না। অতএব আপনার চিরদিন সুখে অতিবাহিত হয়, এমন বৃত্তির উপযুক্ত ভূমি আপনি আমার নিকট হইতে গ্রহণ করুন।৮।১৯।১৭

ব্যাখ্যা। ত্রয়োদশ শ্লোকে ভগবান্ বলিলেন :—আমার পদের যত পরিমাণ, তদনুরূপ ত্রিপদ ভূমি চাহি। ভবিষ্যতে ত্রিপদে ত্রিলোক গ্রহণ কালে বলি এ কথা না বলিতে পারেন যে :—যাহার হউক পদ পরিমাণে ত্রিপদ ভূমি দান করিব। এইজন্ত ভগবান্ আমার পদের পরিমাণ বলিলেন। চতুর্দ্দশশ্লোকে কটাক্ষে ভগবান্ বলিলেন :—নিজের যতটুকু প্রয়োজন, বুদ্ধিমান্ ব্যক্তি তাহাই গ্রহণ করেন। ইহার তাৎপর্য্য এই :—দেবতা ও জীবগণের ভক্তিভোগের জন্ত ত্রিলোক গ্রহণ ভগবানের প্রয়োজন হইতেছে। পঞ্চদশ শ্লোকে বলি ভগবান্‌কে উপেক্ষা করিয়া স্বার্থবোধশূন্ত বালক বলিলেন :—ইহার প্রকৃত অর্থ এই :—ভগবান্ ভক্তের জন্যই লীলা এবং কার্য্যাদি করেন। ধর্ম্মরক্ষা ও ভক্ত প্রতিপালনই প্রয়োজন, প্রকৃতই তাঁহার নিজের কোন স্বার্থ নাই। ষোড়শ ও সপ্তদশ শ্লোকে বলির ঐশ্বর্য্যগর্ব্ব প্রকাশ করা হইল। পূর্ব্বকথিত সাধুবাক্যে ও ব্যবহারে বলির ভগবদ্দর্শন ঘটিবে এবং এই অহংকারের জন্য কুফলস্বরূপ রসাতলে তাহার বন্ধন ঘটিবে। ইহার সূচনা করা হইল মাত্র।

অসুরপতি বলির কথা শ্রবণ করিয়া তাঁহাকে ভগবান্ কহিলেন :—হে নৃপ! যাহারা অজিতেন্দ্রিয়; এই ত্রিলোকের মধ্যে যত প্রিয় বস্তু আছে; সে সমস্ত পাইলেও তাহারা আপনার বাসনাকে পূর্ণ করিতে সক্ষম হয় না। ১৮। যে ব্যক্তি এই ত্রিপাদ ভূমিতে সন্তুষ্ট নহে; সে কখনই দ্বীপ পাইলে কিম্বা নববর্ষসমেত সপ্তদ্বীপ পাইলেও আপনার বাসনাকে পূর্ণ করিতে পারে না। ১৯। পৃথু, গয় প্রভৃতি মহীপতিগণে এই সপ্তদ্বীপা পৃথিবীর আধিপত্য এবং অনন্ত অর্থ ও কামভোগ করিয়াও ভোগজনিত তৃষ্ণা নিবারণ করিতে পারেন নাই। একথা কি আপনি শ্রবণ করেন নাই? (এই পৃথু গয়াদি পূর্ব্ব মন্বন্তরের অধিপতি বুঝিতে হইবে। কারণ যে মন্বন্তরে বলির সহিত ভগবানের কথা হইতেছে, এ মন্বন্তরে এখনো পৃথু প্রভৃতি প্রকাশ হয় নাই।) এই সকল পূর্ব্বকথাতে বলিকে ভোগস্পৃহা হইতে নিবৃত্ত করিতে ভগবান্ কৌশলে ভোগবাসনার নিন্দা করিতেছেন।) ২০। যে ব্যক্তি প্রয়োজন মাত্র বস্তুলাভে সন্তুষ্ট হইতে পারে, ইহসংসারে সে ব্যক্তিই সুখভোগ করিতে পারে। অজিতাত্মা ব্যক্তির সম্মুখে ত্রিলোকের ঐশ্বর্য্য উপস্থিত হইলেও কখন সন্তুষ্ট হইতে পারে না। হে রাজন্! উপস্থিত অর্থ ও কামভোগে অসন্তুষ্টি ইহজগতে সংসারবন্ধনের কারণ হইতেছে। যাহা কিছু লাভমাত্রে যে সন্তুষ্টি উপস্থিত হয়, তাহাই মুক্তির কারণ হইতেছে। ২১। রাজন্! যথালাভে সন্তুষ্টিই ব্রাহ্মণের ব্রহ্মতেজ বর্দ্ধন করে, এবং তদ্ভাবে অসন্তুষ্টিই, জলস্পর্শে অগ্নি নির্ব্বাণের ন্যায় ব্রহ্মতেজ ক্ষয় করিয়া থাকে। ২২। সেইজন্য আপনার ন্যায় বরদর্ষভের নিকট আমার অধিক গ্রহণে ইচ্ছা নাই। আমি যে ত্রিপাদ ভূমি ভিক্ষা করিয়াছি, ইহাতেই আমার সকল প্রয়োজনানুসারী বিত্তলাভ হইবে। রাজা পরীক্ষিৎকে সম্বোধন করিয়া শ্রীশুকদেব কহিলেন :—হে মহারাজ! অসুরপতি বলি, বামনদেবের এই সকল কথা শ্রবণ করিয়া

(অতি সামান্য দান করিতে হইল, এই ভাবিয়া) হাসিতে হাসিতে, ত্রিপদ ভূমি দানার্থ জলপাত্র হস্তে করিয়া বলিলেন :—তবে আপনার অভিলষিত ভূমি গ্রহণ করুন। এমন সময়ে সর্ব্বজ্ঞ শুক্রাচার্য্য, ভগবান্ বিষ্ণুর এই অপূর্ব্বকৌশলে তাঁহাকে সমস্ত দান করিতে হইবে, ইহা বুঝিতে পারিয়া, সেই ভূমিদানার্থ দণ্ডায়মান নিজ শিষ্য অসুরেশ্বরকে কিছু বলিলেন।—শ্রীশুক্র কহিলেন। হে বিরোচননন্দন! তোমার সম্মুখে এই যে ব্রাহ্মণকুমার, ইনি দেবগণের কার্য্যসাধন করিবার জন্য কশ্যপের যোগে অদিতিতে জন্মগ্রহণ করিয়াছেন। ইনি সাক্ষাৎ ভগবান্ অব্যয় বিষ্ণু হইতেছেন। ২৩। তুমি এই কৌশল না বুঝিয়া বিশেষ অনর্থ ঘটাইয়াছ। তুমি যদি এই ব্রাহ্মণরূপী বিষ্ণুকে প্রতিশ্রুত ভূমি প্রদান কর, তাহা হইলে দৈত্যগণপক্ষে ভয়ানক অমঙ্গল ঘটিবে ; এইজন্য এই দানকার্য্য আমি সাধু ভাবিতেছি না। ২৪। এই দানগ্রহণকৌশলে এই মায়াবামনমূর্ত্তিধারী হরি, তোমার আধিপত্য, ঐশ্বর্য্য, সৌভাগ্য, তেজ ও যশ হরণ করিয়া ইন্দ্রকে প্রদান করিবেন, ইহা আমি শ্রবণ করিয়াছি। ২৫। হে মূঢ়! (এই ত্রিপদভিক্ষা বড় সহজ নহে!) এই বিশ্বমূর্ত্তিমান্ হরি ত্রিপদচ্ছলে ত্রিসংসার আক্রমণ করিবেন। তুমি সর্ব্বস্ব বিষ্ণুকে দান করিয়া কোথায় থাকিবে? ২৬। রে নৃপতি হইবার অযোগ্যপুরুষ! এই বামনদেব একপদে পৃথিবী অধিকার করিবেন, দ্বিতীয়পদে স্বর্গ আক্রমণ করিবেন। বিশাল শরীরে আকাশতল ব্যাপ্ত থাকিবে। তবে তৃতীয়পদের স্থান কোথায় পাইবে? তুমি ত্রিপদ ভূমি দিব বলিয়া যে প্রতিজ্ঞা করিয়াছ, তাহা কেমন করিয়া রক্ষিত হইবে? যে ব্যক্তি প্রতিশ্রুত হইয়া দান না করে, তাহার নরকে গতি হয়, এক্ষণে তোমারও সেই দুর্দ্দশা ঘটিবে। ২৭। লোকের সম্পত্তি থাকিলেই, তাহার সাহায্যে দান, যজ্ঞ, তপস্যা এবং অন্যান্য কার্য্য সংসারে সম্পন্ন হয়। যে দানে সেই সম্পত্তির বিপর্য্যয় ঘটে, পণ্ডিতগণে সেরূপ দানকে প্রশংসা করেন না। সম্পত্তিকে ধর্ম্মের জন্য, যশের জন্য, ভোগার্থে জয়ের জন্য, আত্মীয় স্বজনকে দিবার জন্য সমান পঞ্চভাগে বিভাজিত করিয়া ব্যবহার করিলে ইহ ও পরকালে সুখভোগ হইয়া থাকে। ২৮। হে সুরসত্তম! দানাদির যুক্তিবিষয়ে বহ্বৃচ্ শ্রুতি যাহা গান করিয়াছেন, আমি তোমাকে তাহা বলিতেছি, শ্রবণ কর। কোন কার্য্যকালে ওঁকার উচ্চারণপূর্ব্বক সংকল্প করিলেই সত্য প্রতিজ্ঞা করা হইল, ইহা জানিবে এবং যতক্ষণ ঐ প্রণবোচ্চারণে সংকল্প না করা হয়, ততক্ষণ সকল প্রতিজ্ঞাই মিথ্যা হইয়া থাকে। ২৯। শ্রুতি বলেন, এই দেহটিই বৃক্ষরূপী হইতেছে, সত্যটি তাহার ফল ও পুষ্পস্বরূপ ; এই দেহমূলই মিথ্যা বা অজ্ঞান প্রপঞ্চ হইতেছে, বৃক্ষ না বাঁচিলে ফলপুষ্প যেমন নষ্ট হয় ; (তদ্রূপ দেহরক্ষা পাইলে সত্য রক্ষিত হইয়া থাকে)। ৩০। যেমন বৃক্ষ উন্মূলিত হইলে তৎক্ষণাৎ পতিত ও শুষ্ক হইয়া যায় ; সেইরূপ এই দেহ হইতে মিথ্যাকে একেবারে নষ্ট করিলে, ভোগহীন হইয়া দেহ তৎক্ষণাৎ শুষ্ক ও নষ্ট হইবে, এ বিষয়ে সন্দেহ নাই। (অর্থাৎ ভোগ না থাকিলে দেহ থাকিবে না। সমস্ত ভোগ্য ঐশ্বর্য্য সংকল্প করিয়া দান করিলে জীবে ভোগ করিয়া মরিয়া যাইতে পারে। এ অবস্থায় না বুঝিয়া যদি কাহাকেও সর্ব্বস্ব দানের প্রতিজ্ঞা করা হয়, তাহা হইলে ধর্ম্মকর্ম্ম ও ভোগাদি যে সম্পত্তিতে নির্ব্বাহ হয় এবং দেহরক্ষা হয়, এমন সম্পত্তি সমস্ত দান করা রূপ

সত্যপালন করা অপেক্ষা কিছু দান, কিছু গোপনমূলী মিথ্যা অবলম্বন বা প্রতিজ্ঞায় অস্বীকার করিয়া দেহরক্ষা করা উচিত। ইহাই প্রবৃত্তিমার্গীয় হিতের জন্য শুক্রাচার্য্য বিষয়ভোগ-সম্বন্ধীয় উপদেশ দিতেছেন; নিবৃত্তির জন্য নহে) ৩১। হে অসুরেশ্বর! (সংকল্প বিষয়ের মধ্যে সত্য মিথ্যার দোষগুণ এইরূপ হইতেছে।) ওঁ উচ্চারণপূর্ব্বক সংকল্প করিলেই দানকার্য্যে সম্পত্তির হয় সমস্ত না হয় কিঞ্চিৎ ক্ষয় হইয়া থাকে, এইজন্য ভোগীপুরুষের পক্ষে প্রণব উচ্চারণ পূর্ব্বক দান সংকল্প দ্বারা সম্পত্তি ক্ষয় হইয়া থাকে। (এ কার্য্য ভাল নহে।) ৩২। হে রাজন্! ওঁকার উচ্চারণপূর্ব্বক ভিক্ষুক সমস্ত দান করিলে, সেই দাতা কখনই আপনার অভিলাষ পরে পূর্ণ করিতে পারে না। যদি দানে অস্বীকারপূর্ব্বক ধন থাকিতে মিথ্যা অবলম্বন করে, তবে তাহার ধনক্ষয় হয় না, বরং সে চিরদিন নিজ বাসনাকে ভোগপূর্ণ করিয়া রক্ষা করিতে পারে। (অতএব ধনরক্ষার ও ভোগ করিবার জন্য সত্য অপেক্ষা মিথ্যা প্রয়োগ ভাল। ইহা যুক্তির দ্বারা শুক্রাচার্য্য বলিকে বুঝাইতেছেন মাত্র।)৩৩ হে রাজন্! (আমি বিষয়রক্ষার জন্য সত্যাপেক্ষা মিথ্যাকে অবলম্বন করা শ্রেষ্ঠ বলিলাম বলিয়া মিথ্যাই ভোগীর পক্ষে প্রধান সেবনীয়, ইহা মনে করিও না।) যে ব্যক্তি সকল বিষয়ে মিথ্যা অবলম্বন করে, তাহার অকীর্ত্তি প্রচার হয় এবং সে ব্যক্তি জীবিত হইয়াও মৃতভাবে থাকে। ৩৪। হে মহারাজ! কামিনীগণকে বশীভূত করিতে, পরিহাসের কালে, বিবাহকালে পাত্রপাত্রীর প্রশংসা জন্য, সম্পত্তি গোপনে রক্ষার জন্য, প্রাণসঙ্কটকাল উপস্থিত হইলে, গোব্রাহ্মণের হিতার্থে, কাহারও বধকাল উপস্থিত দেখিলে, যদি কেহ মিথ্যা প্রয়োগ করে, সে মিথ্যা ঘৃণিত বা নরকের জন্য নহে ।৮।১৯।৩৫

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে ঊনবিংশাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। এই বলির চরিত্রে অপূর্ব্ব ঘটনা শ্রীব্যাস শুকোক্তিতে দেখাইতেছেন। একে বলি মহাভোগী এবং অহংভাবে পরিপূর্ণ; তাহাতে আবার ভোগ ও বিষয় রক্ষা বিষয়ে উৎসাহদাতা গুরু শুক্রাচার্য্য সহায় হইতেছেন। অন্যদিকে স্বয়ং ভগবান্ বামনমূর্ত্তিতে সম্মুখে বর্ত্তমান; যে মূর্ত্তি দর্শনমাত্রেই বৈরাগ্য এবং ভক্তিতে হৃদয় পূর্ণ হয়, আত্মসমর্পণ করিতে জীবের বাসনা হইয়া থাকে। এই উভয় লক্ষ্যের মধ্যে থাকাতেও বলির শেষে কি ঘটিবে, তাহা পরে প্রকাশ হইবে। অধ্যাত্মপক্ষে দেখান হইল যে:—পরমাত্মদর্শনমাত্রেই জীবের ভোগপর মন, ভোগ্যবস্তু ও তাহার উপদেষ্টা ভোগবুদ্ধি থাকিলেও কি ভাব অবলম্বন করে, তাহা বুঝাইতেই এই অধ্যায়ের উপসংহার করা হইল। বহু যুক্তির দ্বারা প্রতিশ্রুত দানকার্য্য হইতে শুক্রাচার্য্য নিরস্ত হইতে বলিকে অনুরোধ করিলেন। পরে কি ঘটিল, পরাধ্যায়ে প্রকাশ হইবে।

ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে ঊনবিংশাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ বিংশ অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া রাজা পরীক্ষিৎকে শ্রীশুকদেব কহিলেন :—সেই গৃহপতি বলি কুলাচার্য্যকর্তৃক এইরূপে উপদিষ্ট হইলে, তিনি ক্ষণেক পূর্ব্বাপর চিন্তা করিয়া সেই গুরুদেবকে অবহিতচিত্তে বলিলেন। ১। অসুরপতি বলি কহিলেন :—হে ভগবন্! আপনি যে সকল যুক্তিযুক্ত উপদেশ দিলেন, ইহাই গৃহাশ্রমীগণের উপযুক্ত পালনীয় ধর্ম্ম হইতেছে, ইহাই সত্য বটে। এই উপায় অবলম্বন করিলে কখনই (গৃহীর পক্ষে) অর্থ, কাম, যশ ও সম্পত্তির বাধা উপস্থিত হয় না। ২। হে গুরো! শঠেরা যেমন প্রতিজ্ঞা লঙ্ঘন করে, আমি প্রহ্লাদের পৌত্র হইয়া সামান্য সম্পত্তির লোভে, পূর্ব্বে দানের প্রতিজ্ঞা করিয়া, এক্ষণে কিরূপে ব্রাহ্মণকে না বলিব!! হে দেব! অসত্য অপেক্ষা পরম অধর্ম্ম আর নাই, ইহা স্বয়ং মেদিনী বলিয়াছেন। তিনি বলেন, "আমি সকল ভার বহন করিতে পারি, কিন্তু মিথ্যাপর মানবের ভার আমি বহন করিতে অক্ষম হইতেছি।" ৩। হে গুরো! কি নরক, কি দরিদ্রতা, কি সাগরসম দুঃখ, কি আমার আধিপত্যক্ষয়, ইহার মধ্যে কোন বিষয় হইতেই আমি ভয় পাই না। ব্রাহ্মণকে প্রলোভন দেখাইয়া প্রত্যাখ্যান করাকে আমি অতিশয় ভয় করি।৮।২০।৪

হে গুরো! এই যে ঐশ্বর্য্যসমন্বিত আধিপত্য প্রভৃতি দেখা যাইতেছে, অধিকারীগণ মরিলেই আধিপত্য প্রভৃতি তাহাদের ত্যাগ করিয়া থাকে। (অতএব যে বস্তুর সহিত জীবনমাত্র সম্বন্ধ) তাহা দানে যদি এই ব্রাহ্মণের তুষ্টি উৎপাদন করা যায়, তাহাতে বাধা কি? ৫। আমি শ্রবণ করিয়াছি, যে প্রাণ সহজে ত্যাগ করা যায় না, প্রাণীগণের মঙ্গলের জন্য অকাতরে, মহর্ষি দধিচী এবং মহীপতি শিবি প্রভৃতি সাধুগণ, অকাতরে তাহা দান করিয়াছেন। (পরের হিতার্থে যদি ইহ ও পরকালের একমাত্র সম্বল প্রাণপর্য্যন্ত দেওয়া যায়, তবে মৃত্যু পর্য্যন্ত সম্বন্ধমাত্র) এই ধরাদি আধিপত্য দান করিতে বিকল্প কি? ৬। হে ব্রহ্মন্! আপনাকে আমি আর অধিক কি বলিব!! বিষয় ও বীর্য্যভোগে অনিবৃত্ত মদীয় পূর্ব্বপুরুষ যে সকল দৈত্যেন্দ্র এই ধরাকে একছত্রে ভোগ করিয়াছিলেন, কাল তাঁহাদের সংহার করিয়াছে, কিন্তু ইহসংসারে তাঁহারা যে সকল কীর্ত্তি রাখিয়া গিয়াছেন, কাল তাহা গ্রাস করিতে পারে নাই। (অতএব সকল বিষয়ের পরিবর্ত্তে কীর্ত্তি রক্ষা করাই উচিত হইতেছে) ৭। হে বিপ্রর্ষে! যুদ্ধাদিতে তনুত্যাগ করিলে যে যশলাভ হয়, তাহা সুলভ, (কারণ প্রাচীনেরা অনেকেই সে কার্য্য করিয়াছেন।) কিন্তু উপযুক্ত পবিত্র পাত্র উপস্থিত হইলে, শ্রদ্ধাপূর্ব্বক তাঁহাতে ধন দান সহজে ঘটিয়া উঠে না!! ৮। হে গুরো! যে ব্যক্তি মনস্বী ও দয়ালু, সে ব্যক্তি উপযুক্ত সৎপাত্র যাচকের কামনা পূর্ণ করিয়া যদি দুর্গতি অর্থাৎ দরিদ্রতা লাভ করে, তাহা সুখ্যাতির কারণ হইয়া থাকে। অতএব আপনাদের ন্যায় বেদতত্ত্বজ্ঞ ব্যক্তিকে সর্ব্বস্ব দান করিয়া দরিদ্র হইলে ক্ষতি কি? অতএব (অনুমতি করুন) আমি বিপ্রনন্দনের অভিলষিত ভূমি দান করি। ৯। হে মুনে! আপনাদের ন্যায় বেদতত্ত্বজ্ঞ ঋষিগণ ক্ষুদ্র

মহতাদি যজ্ঞে যাঁহার অর্চনা করিয়া থাকেন, এই বিপ্রতনয় সেই বরদাতা বিষ্ণুই হউন বা আমার পরম শত্রুই হউন, আমি ইঁহার অভিলষিত ভূমি দান করিব। আমার ন্যায় নিষ্পাপীকে ইনি যদি অধর্ম্মপর হইয়া বন্ধনে আবদ্ধ করেন, করুন; তথাপি আমি এই ব্রাহ্মণবেশধারী ভীত রিপুকে হিংসা করিব না। ১০। যদি প্রকৃতই ইনি গোপনবেশধারী উত্তমঃশ্লোক বিষ্ণুই হয়েন, এবং এক্ষণে আমি যদি ইঁহাকে ভূমি দান না করি!! তাহা হইলে ইনি নিজ যশ ও বীর্য্য রক্ষার্থে আমার সহিত যুদ্ধে প্রস্তুত হইবেন। যুদ্ধের প্রার্থী হইলে আমাকে যুদ্ধ করিতেই হইবে। সেই সময়ে হয় ইনি জয়লাভ করিয়া ভূমি হরণ করিবেন, না হয় আমার হস্তে নিহত হইয়া ভূমিশায়ী হইবেন।৮।২০।১১

ব্যাখ্যা। পূর্ব্বাধ্যায়ে বলা হইয়াছে যে:—মহাত্মা বলি শুক্রাচার্য্যের ভোগবিষয়ক উপদেশ ও সাহায্য এবং নিজের ঘোর অহংভোগেচ্ছার বশবর্ত্তী হইয়া আছেন, অথচ সম্মুখে ভগবানের প্রচ্ছন্ন মূর্ত্তি দেখিতেছেন। এই অবস্থায় মূর্ত্তিদর্শন ও ভগবন্মুখে তল্লীলাগুণাদি শ্রবণ করিয়া তাঁহার কৃপায় অসুরপতি ভক্তি ও বৈরাগ্যে হৃদয়কে পূর্ণ করিলেন; ইহাই কয়শ্লোকে বলির উক্তিতে দেখান হইল। ভগবান্ স্বয়ং কৃপাপরবশ হইয়া নিজভক্তি প্রদান করিলেন বলিয়া বলিকে কৃপাসিদ্ধ সাধক বলিয়া শাস্ত্র নির্দ্দেশ করিয়াছেন। ভগবানে একান্ত আসক্তি হওয়াতে তাঁহার ভোগোপদেশ গ্রাহ্য হইল না, কাজেই গুরু শুক্রাচার্য্যের আজ্ঞা রক্ষা হইল না। গুরুর অবহেলা করা হইল। অধ্যাত্মপক্ষে দেখান হইল যে:—একবার অন্তরে ভক্তি ও বৈরাগ্যের উদয় হইলে কোন প্রকার ভোগে মনকে আসক্ত রাখা যায় না। অষ্টমশ্লোকে কটাক্ষে বলা হইল:—হে বিপ্রর্ষে! ভগবানের সহিত যুদ্ধ করিয়া, হিরণ্যাক্ষ, হিরণ্যকশিপু প্রভৃতি আমার পূর্ব্বপুরুষেরা তৎপদ লাভ করিয়াছেন, কিন্তু তাঁহারা হরিতে সর্ব্বস্ব দান করিতে পারেন নাই। তাঁহারা আধিপত্য ও ঐশ্বর্য্য রক্ষার জন্যই যুদ্ধে প্রাণ দিয়াছেন, ইহাতে বেশ বুঝা যায় যে, ভোগীর পক্ষে প্রাণের মমতা অপেক্ষা ধনের মমতা অত্যন্ত অধিক। আমার পূর্ব্বপুরুষেরা যাহা না করিয়াছেন, আমি সেই ধন দান করিয়া তাঁহাদের অপেক্ষা কীর্ত্তি রাখিব। দশম ও একাদশ শ্লোকে হরিকে শত্রু ও ভগবান্ এই দুই ভাবেই পরিচয় দেওয়া হইল। ইহাতে দেখান হইল যে:—তিনি আমার ন্যায় ভোগীর ও অহংকারী শত্রুরূপে ভজনীয় এবং অহংশূন্য ব্যক্তির পক্ষে তিনি মিত্র হইতেছেন। বলির চরিত্রে ভগবান্ ব্যাস এই সৌন্দর্য্য দেখাইতেছেন যে:—শত্রু ও মিত্র এই *উভয়ভাবে ভগবান্‌কে বলি অর্চনা করিয়াছিলেন।*

শ্রীশুকদেব রাজা পরীক্ষিৎকে পুনরায় কহিলেন:—হে রাজন্! এইরূপে গুরুর আদেশে অশ্রদ্ধান্বিত অথচ দানবিষয়ে সত্যসন্ধ ও মনস্বী শিষ্য বলিকে, শুক্রাচার্য্য দৈবপ্রেরিত বুদ্ধিতে অভিসম্পাতিত করিলেন। (শাপদানকালে তিনি কহিলেন:—রে অজ্ঞ! তুমি আপনাকে যুক্তিমান্ মহাপণ্ডিত বলিয়া নিশ্চয় পূর্ব্বক আমার শাসন ও অনুজ্ঞা অতিক্রম করিতেছ, অচিরে তোমার সৌভাগ্য ক্ষয় হউক।) হে মহারাজ! গুরুকর্ত্তৃক এবম্বিধ ঘোরতর অভি-

শপ্ত হইয়াও সেই মহাত্মা বলি, আপনার সত্য প্রতিজ্ঞা হইতে বিচলিত হইলেন না। তিনি বামনদেবকে পূজা করিয়া জলগ্রহণপূর্ব্বক ভূমি দান করিলেন।৮।২০।১২

ব্যাখ্যা। কশ্যপ ও অদিতিকে ভগবান্ পয়োব্রত উদ্‌যাপনকালে বলিয়াছিলেন "আমি কর্ম্মফলদাতা মাত্র।" সেই সত্য পূর্ণ করিতে দেখান হইল যে:—পূর্ব্বে বলিকর্ত্তৃক সংসার উৎপীড়িত হইয়াছিল, এমন কি দেবগণকে পর্য্যন্ত স্বর্গচ্যুত করা হইয়াছিল, বিষ্ণুদ্বেষ করা হইয়াছিল, এই সকল পাপকার্য্যের জন্য ভগবান্ তাঁহার শত্রু হইয়াছিলেন, যজ্ঞ এবং দানাদি সৎকার্য্যের জন্য তাঁহার মিত্র হইয়াছিলেন। পূর্ব্ব মন্দকার্য্যের জন্য অমঙ্গল ফল নিশ্চয় ঘটিবে, এইজন্য গুরু শুক্রাচার্য্যের বুদ্ধিতে দৈব অর্থাৎ কালদেবতা ক্রোধরূপে আবির্ভূত হইলেন। শুক্রাচার্য্য সেইজন্য অভিসম্পাত দিলেন। এই শাপভাবে শ্রীব্যাস দুই ভাব রক্ষা করিলেন। পূর্ব্বে বলা হইয়াছে যে:—গুরু এবং দৈবই জীবকে সুখদুঃখভোগ করাইয়া থাকে। আচার্য্য শুক্র বিষ্ণুদ্বেষী হইতে উপদেশ দিয়াছিলেন; কিন্তু ব্রাহ্মণের উপদেশ কখন মন্দপথে যায় না, এইজন্য অশ্বমেধ যজ্ঞে সৎফলরূপে বিষ্ণুর গোপন বামনমূর্ত্তির দর্শন ঘটিল। পূর্ব্বাদৃষ্ট অনুসারে গুরুর অভিসম্পাৎ লাভ হইল বটে, কিন্তু ব্রাহ্মণাদি পুত্রের শাসনের ন্যায় অভিসম্পাত করেন বটে, ভবিষ্যতে তাহার ফল উৎকৃষ্ট হয়। বলির পূর্ব্বকৃত পাপজন্য ফল পরিণামে কখন ভোগ হইত, তাহার নিশ্চয় ছিল না, কিন্তু শুক্রের শাপে, তাহা সদ্য ফলিল, কিন্তু আলোকের সম্মুখে যেমন অন্ধকার থাকিতে পারে না, তদ্রূপ তাঁহার শাপকথিত দুর্দ্দশা ভগবানের সম্মুখে ক্ষয় হইয়া গেল। কারণ হরির সম্মুখে পাপ কখন থাকিতে পারে না। এমন নিষ্পাপ ও বিশুদ্ধাবস্থা পূর্ণ ভক্তিবৈরাগ্যের তেজে বলি ভগবানে ঐশ্বর্য্য দান করিলেন। এই ঐশ্বর্য্য দান হইতে কিরূপ সৎফল লাভ হয়, তাহা পরে বলা হইতেছে। অধ্যাত্মপক্ষে দেখান হইল যে, ভোগপর মন যখন ভগবন্নিষ্ঠ হইতে যায়, তখন ভোগবুদ্ধিরূপী গুরু হইতে বহু প্রলোভন ও বাধালাভ হইয়া থাকে। তাহাই অভিসম্পাতাদিরূপে কল্পিত হইল, বুঝিতে হইবে। ইহাতে শ্রীপরীক্ষিৎকে শ্রীশুকদেব দেখাইছেন:—হে মহারাজ! আপনিও বিপ্রকর্ত্তৃক অভিশপ্ত হইয়া কঠোর বিষয়ে বিতৃষ্ণ এবং পরম বৈরাগ্যবলে ভক্তিরত্ন লাভ করিয়া আমার নিকটে ভাগবত শ্রবণ করিতেছেন। অতএব ব্রাহ্মণাদি ভগবৎপর জীব হইতে অমঙ্গল সম্ভাবনা নাই। পরে কি ঘটিল, শ্রবণ করুন।

হে মহারাজ! (স্বামী অসুরপতির এইকার্য্যে বৈরাগ্যযুক্ত হইয়া) তৎপত্নী বিন্ধ্যাবলী মুক্তাভরণে ভূষিতা হইয়া, স্বর্ণকলসপূর্ণ পাদপ্রক্ষালনোপযোগী বারি লইয়া উপস্থিত হইলেন। যজ্ঞকারী স্বয়ং সেই জলগ্রহণ করিয়া, আনন্দের সহিত ভগবৎচিহ্নাঙ্কিত পাদ ধৌত করিলেন এবং সেই বিশ্বপাবনী জল নিজমস্তকে ধারণ করিলেন। হে রাজন! এই কার্য্য ঘটিবামাত্রেই, দেবতা, গন্ধর্ব্ব, বিদ্যাধর, সিদ্ধচারণাদি সকলেই অসুরপতি বলির এই মহাদানকার্য্যের প্রশংসা করিতে থাকিলেন। সকলে আনন্দিত হইয়া কুসুমবর্ষণ করিতে থাকিলেন। সহস্র সহস্র দুন্দুভি ঘন ঘন বাজিতে থাকিল। শত্রুকে কেহ কখন কিছুই দান করিতে পারে না, কিন্তু সেই মনস্বী ও বুদ্ধিমান্ অসুরপতি বামনদেবকে নিজ কুরশত্রু

বিষ্ণু জানিয়াও ত্রিজগৎদানরূপী দুষ্কর কার্য্য করিলেন। এই কথা গন্ধর্ব্ব, কিন্নরকিন্নরী-গণ আনন্দে গান করিতে থাকিলেন।৮।২০।১৩

হে মহারাজ! (দানকালে বামনদেবকে ইচ্ছানুসারে ত্রিপদভূমি গ্রহণ করিতে বলি অনুরোধ করিয়াছিলেন, এইজন্য) অনন্তমূর্ত্তিধারী হরির যেরূপ পূর্ব্বে বামনভাব ছিল; এক্ষণে সেইরূপ ত্রিগুণাত্মক সৃষ্টিতে ব্যাপিত হইয়া অদ্ভুতভাবে বর্দ্ধিত হইল। সেই বর্দ্ধিত বিরাটরূপে, চরাচর জগৎ অর্থাৎ ভূমি, আকাশ, স্বর্গ, দশদিক্, পাতালবিবরসমূহ, সাগর সমূহ, তির্য্যক্, মানব, দেবতা, ঋষিপ্রভৃতি শোভা পাইতে থাকিল। ১৪। সেই মহা-বিভূতিসম্পন্ন এবং জ্ঞান, ঐশ্বর্য্য, বল, বীর্য্য, শক্তিতেজাদি বিরাটকায়াতে, ঋত্বিক্, আচার্য্য এবং সদস্তগণের সহিত অসুরপতি বলি, পঞ্চভূত, ইন্দ্রিয়, পঞ্চবিষয় এবং বাসনাসম্পন্ন জীবযুক্ত, ত্রিগুণমণ্ডিত এই বিশ্বকে দর্শন করিতে থাকিলেন। ১৫। হে রাজন্! ইন্দ্র-তুল্য সেনাবলসম্পন্ন বলি দেখিলেন:—সেই বিশ্বকায় বিরাটমূর্ত্তির পদতলে পাতালপুরী রহিয়াছে। পদের উপরিভাগে নগরাদিবেষ্টিত পৃথিবী রহিয়াছে, সেই পুরুষের জংঘাদেশে পর্ব্বতাদি রহিয়াছে; জানুদেশে আকাশসহিত পক্ষীরাজি রহিয়াছে; উরুদেশে মরুদ্‌গণ বর্ত্তমান আছে। ১৬। সেই বিভুর বসনে সন্ধ্যা, গুহ্যদেশে প্রজাপতিসমূহ, নিতম্বদেশে স্বয়ং বলি হইতে প্রধান প্রধান অসুরবৃন্দ রহিয়াছে। নাভিদেশে নভঃস্থল, কুক্ষিতে সপ্ত-সাগর এবং সেই উরুক্রম হইয়া বক্ষমধ্যে নক্ষত্রমালা রহিয়াছে। ১৭। হে মহারাজ! সেই মুরারির হৃদয়ে ধর্ম্ম, উভয়স্তনে প্রিয়বাক্য এবং সত্য এবং মনে চন্দ্র বর্ত্তমান আছে। বক্ষের উপরিদেশে কমলহস্তা লক্ষ্মীদেবী, কণ্ঠদেশে সামাদিবেদ সংহিতা এবং সকল স্বরাদি বর্ণ রহিয়াছে।১৮। হে রাজন্! ইন্দ্রপ্রধান দেবগণ সেই বিশ্বকায়ার করদেশে, দশদিক্ তাঁহার কর্ণদেশে এবং স্বর্গপুরি তাঁহার শিরোদেশে বর্ত্তমান রহিয়াছে। তাঁহার কেশদামে মেঘ-সমূহ, নাসাদেশে বায়ু, উভয় চক্ষে সূর্য্য এবং বদনে বহ্নি রহিয়াছে। ১৯। হে রাজন্! বলি দেখিলেন, সেই বিশ্বমূর্ত্তির বাণীতে সমস্ত বৈদিক ছন্দ, তাঁহার রসনায় বরুণদেবতা, ভ্রূযুগলে বৈদিক নিষেধ নিয়ম, এবং বৈদিক অনুজ্ঞাবিধি বর্ত্তমান আছে। আঁখির উভয় পক্ষে দিবা ও রাত্রি রহিয়াছে। সেই পরম পুরুষের ললাটে ক্রোধ এবং তাঁহার অধরে লোভ রহিয়াছে। ২০। হে নৃপ! সে মূর্ত্তির ত্বকে কাম, রেতে জল, পৃষ্ঠে অধর্ম্ম, এবং প্রতি পদন্যাসে যজ্ঞ রহিয়াছে। তাঁহার অনবস্থরূপী ছায়াতে মৃত্যু, হাস্যে মায়া, লোমা-বলিতে সমস্ত ঔষধি বর্ত্তমান রহিয়াছে। ২১। হে মহারাজ! সেই মূর্ত্তির নাড়ীসমূহে নদী সকল, নখসমূহে শিলা সকল, বুদ্ধিতে ব্রহ্মা, এবং ইন্দ্রিয়াদিতে দেবতা ঋষিসমূহ রহি-য়াছে। সেই বিশ্বকায়ার সর্ব্বাঙ্গে স্থাবর জঙ্গমাত্মক সকল প্রাণীগণ বর্ত্তমান আছে, ইহা মহাবীর বলি (সকলের সহিত) দর্শন করিলেন। ২২। হে রাজন্! সেই বিশ্বমূর্ত্তির সর্ব্বাঙ্গে এইরূপে ত্রিভুবন দৃষ্ট হইল পরে অসুরবরেরা দেখিলেন:—ভগবানের করাদিতে অসহ্যতেজা সুদর্শনচক্র, বিদ্যুৎবৎ উজ্জ্বল শঙ্গ নামে ধনু। ২৩। মেঘগম্ভীরগর্জ্জনতুল্য শব্দায়মান পাঞ্চজন্যশংখ, অতি বেগবতী কৌমুদীনামে বিষ্ণুগদা, বিদ্যাধর নামক অসি, শতচন্দ্রযুক্ত উত্তম তূণ, তাহাতে অক্ষয় বাণসমূহ বর্ত্তমান আছে। সেই সর্ব্বৈশ্বর্য্য এবং

সর্ব্বাস্ত্রপূর্ণ ঈশমূর্ত্তির চতুর্দ্দিকে নন্দ সুনন্দাদি শ্রেষ্ঠ পার্ষদ ও লোকপালগণ উপস্থিত থাকিয়া স্তব করিতেছেন। ইহা সেই অসুরগণ সহিত বলি দর্শন করিলেন। ২৪। হে মহারাজ! অধিকন্তু সেই বলি প্রভৃতি অসুরেরা দেখিলেন:—যথাক্রমে ভগবান্মূর্ত্তির সর্ব্বাঙ্গে কিরীট, অঙ্গদ, মকরকুণ্ডল, শ্রীবৎস, কৌস্তুভ, মেখলা, পীতবসন, এবং মধুকরগুঞ্জনে মণ্ডিত বনমালা প্রভৃতি শোভিত ছিল। ২৫। হে মহারাজ! অনন্তর ভগবান্ নিজ বিশ্বমূর্ত্তির একপদ বিন্যাসে অসুরপতি বলির সমস্ত ধরাধিপত্য আক্রমণ করিলেন। বিশাল শরীরে আকাশতল এবং অনন্ত বাহুতে দিক্ সকল অবরোধ করিলেন। ২৬। হে রাজন্! সেই উরুক্রমের দ্বিতীয় পদ স্বর্গ হইতে ক্রমে উপর্য্যুপরি মহঃ, জন, তপঃ এবং সত্যলোক পর্য্যন্ত আক্রমণ করিল। তাঁহার তৃতীয় পদবিন্যাসের আর স্থান রহিল না। ৮। ২০। ২৭

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে বিংশতি অধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। বলির সম্মুখে যজ্ঞক্রিয়ায় যে সকল অসুর এবং আচার্য্যাদি ব্রাহ্মণ ছিলেন, তাঁহারাও সৎক্রিয়াসংযুক্ত থাকাতে ক্রমে ভগবানের এই বিরাট বপু দেখিয়া কৃতার্থ হইলেন। অজ্ঞান ভোগকারী অসুরগণের সাক্ষাতে স্বয়ং হরি ঐশ্বর্য্যবলে ক্ষুদ্র এবং মহান্ হইতে পারেন, ইহা বামন ও বিরাট মূর্ত্তিতে দেখাইয়া, সকলকে নিজ কৃপায় ভক্ত করিলেন। অধ্যাত্মপক্ষে দেখান হইল যে:—ভগবান্ জীবের অন্তরে যখন ভোগপর মন সংসারবন্ধন হইতে নির্ম্মুক্ত করেন, তখন ভোগবুদ্ধি বৃত্তিসমূহরূপী আচার্য্যাদির এবং রিপু প্রভৃতি অসুরেরাও মনের সহিত ভগবানের মহিমায় লীন হইয়া থাকে। ভগবান্ নিজ বিরাট বপুতে সূক্ষ্ম ব্রহ্মাণ্ডরূপী দেহকে দুই পদে স্থূল ও সূক্ষ্ম ব্যাপ্তিতে অধিকার করিয়া তৃতীয় অর্থাৎ নিজ কারণ অবস্থা যাহা পদ তাহা আত্মাকে প্রদান করেন। তাহা পরে বলা হইবে।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে বিংশতি অধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ একবিংশতি অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া শুকদেব রাজা পরীক্ষিৎকে কহিলেন:—হে মহারাজ! ভগবানের দ্বিতীয় পদ যখন সত্যলোকে প্রবেশ করিল, তখন সেই পদের নখচন্দ্রের জ্যোতিতে সত্য ও ব্রহ্মাদিলোকের জ্যোতিঃ ম্লান হওয়াতে, ব্রহ্মা ও মহেশ্বর, মরীচি প্রভৃতি ঋষিগণ, মহাব্রতধারী সুনন্দাদি যোগীগণ, সেই জ্যোতিতে আচ্ছন্ন হইয়া ঐ চরণের সমীপে আগমন করিলেন। ৮। ২১। ১ হে রাজন্! বেদ, উপবেদ, নিয়ম, যজ্ঞ, তর্ক, ইতিহাস, বেদাঙ্গ, পুরাণ এবং সংহিতাসমূহ তাঁহার চরণের সমীপে উপস্থিত হইলেন। যে সকল জীবের যোগসমীরণে জ্ঞানাগ্নি প্রজ্বলিত হইয়া প্রারব্ধ, সঞ্চিত ও ক্রিয়মান কর্ম্মত্রয় বাসনার সহিত দগ্ধ হইয়াছে বলিয়া যাঁহারা সত্যাদিলোকে স্থান পাইয়াছেন, তাঁহারাও ভগবচ্চরণ-

সমীপে আগমন করিলেন। ২। যে ভগবচ্চরণ নিষ্কাম ভক্তি না হইলে লাভ হয় না, সেই চরণের স্মরণমাত্রে, ঐ সকল জ্ঞানীগণ (ভক্তিপূর্ণ) হইয়া দুর্লভ ব্রহ্মলোকে প্রবেশপূর্ব্বক ভগবচ্চরণ বন্দনা করিতে থাকিলেন। ৮। ২১। ৩

ব্যাখ্যা। ভগবান্ যেমন মূর্ত্তি ধারণ করিয়া যখন মহান হইলেন, এবং তাঁহার পদ যখন সত্যলোক স্পর্শ করিল, তখন দেবতা হইতে সকলেই সেই চরণের সমীপে গিয়া পূজা করিলেন। পদ ব্যাপ্তি। স্থূল, সূক্ষ্ম ও কারণ এই ত্রিবিধ অবস্থায় ব্রহ্মাণ্ড ও জীবদেহের সৃষ্টি। তন্মধ্যে স্থূল ব্রহ্মাণ্ড পঞ্চভূতব্যাপী বিশ্ব ভাণ্ডার। স্বর্গাদি হইতে সত্যলোক পর্য্যন্ত সূক্ষ্মাতিসূক্ষ্ম চৈতন্য প্রাপ্তি হইতেছে। কারণাবস্থায় তিনি স্বয়ং আত্মা ও পরমাত্মাদিরূপে থাকেন। স্বয়ং পরমাত্মার অণু ও মহান্ হইয়া বামন ও বিরাটভাবে জগৎকে শিক্ষা প্রদান করিতেছেন। ভগবানের সূক্ষ্মব্যাপ্তিরূপে দ্বিতীয় চরণ সত্যলোক পর্য্যন্ত ব্যাপী হইল অর্থাৎ প্রকাশ হইল। সেই প্রকাশভাবটী বুঝাইতে জ্যোতিতে সত্যাদিলোকের প্রভাম্লানের কথা বলা হইয়াছে। সেই চরণ এত মহিমাময় যে ব্রহ্মাদি দেবতাগণ, যোগীঋষিগণ, বেদাদি মূর্ত্তিমান শাস্ত্রগণ জ্যোতিঃ দর্শনে পতঙ্গের ন্যায় ভক্তিতে আকৃষ্ট হইয়া সমীপস্থ হইলেন। যাঁহারা যোগবলে ও জ্ঞানময় হইয়া জন বা তপোলোক লাভ করিয়াছিলেন, তাঁহাদের সত্যাদিলোকে গমনে অধিকার ছিল না। ভগবৎ প্রকাশ স্মরণ ও দর্শনমাত্রে তাঁহারা ভক্তিলাভ করিয়া সত্যলোকের অধিকারী হইয়া তথায় গমন ও ভগবদ্ব্যাপ্তি দর্শনপূর্ব্বক কৃতার্থ হইলেন। অর্থাৎ ভগবানের চরণ কেবল যে বলিকে অনুকম্পা করিতে প্রকাশ হইল, তাহা নহে। যেমন নিজের প্রয়োজনে লোকে দীপ জ্বালিলে, তাহার আলোকে গৃহস্থ মণিমুক্তাদিরও প্রতিফলন ঘটে, সেইরূপ ভগবদাবির্ভাবে বলি হইতে ব্রহ্মাদি পর্য্যন্ত সকলেই আনন্দিত ও কৃতার্থ হইলেন। অধ্যাত্মপক্ষে দেখান হইল যে:—হৃদয় হইতে ব্রহ্মরন্ধ্র পর্য্যন্ত সত্যাদিলোকের কল্পনা। পরমাত্মা নিজ কৃপাযুক্ত ঐশ্বর্য্যভোগপর মনকে দেখাইতে যখন তাহার সমক্ষে ব্রহ্মরন্ধ্র পর্য্যন্ত ব্যাপী হইলেন, তখন ষট্‌চক্র মধ্যস্থ দেবশক্তি সমূহ সাত্ত্বিকীবৃত্তিরূপী সনন্দাদি যোগীগণ এবং কর্ম্মবৃত্তিরূপী মরীচি প্রভৃতি ঋষিগণ সকলেই তাঁহাতেই লীন হইলেন; এই পরমাত্মাতে প্রলীন অবস্থাটি সেই পূর্ব্ব অহংভোগকারী মন অনুভব করিয়া আকুল হইতে থাকিল। অর্থাৎ একান্ত বিষয়ত্যাগী হইয়া তাঁহাতে প্রপন্ন হইতে থাকিল। এই প্রপন্নাবস্থা বুঝাইতে পুরাণ সকল কর্ত্তৃক পূজাদির কথা বলা হইতেছে।

হে মহারাজ! যাঁহার নাভিপদ্ম হইতে স্বয়ং ব্রহ্মা জন্মগ্রহণ করিয়াছিলেন, অদ্য সেই বিষ্ণুর চরণকে ঊর্দ্ধে আগত দেখিয়া, পূজোপযুক্ত বারি লইয়া তিনি সেই চরণধৌত করিলেন, পূজা করিলেন, শেষে যাহা শুনিলে পাপক্ষয় হয়, এরূপ মন্ত্রে স্তব করিলেন। ৪

হে নরেন্দ্র! যখন বিধাতা নিজ কমণ্ডলুজল লইয়া সর্ব্বব্যাপী ভগবানের চরণ ধৌত করিলেন, তৎক্ষণাৎ সেই জল পবিত্রমূর্ত্তিমতী হইয়া স্বর্গনদী (অলকানন্দা) নাম ধারণ করিলেন। কালক্রমে সেই বারিধারাই গগনতল ভেদ করিয়া, ভগবানের অমল কীর্ত্তি-

স্বরূপে, ত্রিভুবনব্যাপী হইয়া সকলকে পবিত্র করিয়াছেন। ৫। হে মহারাজ! অনন্তর ভগবান্ সকলের সমক্ষে আপনার বিরাটবিভূতি উপসংহার করিয়া বামন মূর্ত্তি ধারণ করিলেন। সত্য ব্রহ্মাদিলোকনামে ব্রহ্মাদি দেবগণ, অনুগত দেবতা ঋষিগণের সহিত আপনাদিগের আশ্রয়স্বরূপ বামনদেবকে পূজা করিবার জন্য সমস্ত উপহার লইয়া তন্নিকটে উপস্থিত হইলেন। পবিত্র জল, পূজার উপযুক্ত মাল্য এবং স্বর্গীয় চন্দনাদি অনুলেপন, ধূপ, দীপ, সুরভি, লাজ, অক্ষত, সুপক স্বর্গীয় ফলরাশি লইয়া স্তব মন্ত্রাদির সহিত ব্রহ্মাদিদেবগণে ভগবান্ বামনের পূজা করিলেন। সকলে তাঁহার বীর্য্য, মহিমা বর্ণনা করিয়া জয় জয় শব্দ উচ্চারণ করিতে থাকিলেন। সকলে মিলিয়া নৃত্য, বাদ্য, গীত, শংখ, দুন্দুভিনাদ প্রভৃতিযোগে আনন্দ প্রকাশ করিলেন। মনের ন্যায় বেগবান জাম্ববান্ নামে ঋক্ষরাজ (নিমিষের মধ্যে) ভগবান্ কর্ত্তৃক বামনরূপে বলিবিজয়কীর্ত্তি দশদিকে ভেরীশব্দে ঘোষণা করিলেন। ৮। ২১। ৬

হে মহারাজ! অসুরগণ যখন দেখিল যে:—যজ্ঞদীক্ষিত নৃপতির নিকটে কৌশলে ত্রিপদভূমি ভিক্ষাচ্ছলে সেই বামন মূর্ত্তি সমস্ত পৃথিবী গ্রহণ করিলেন, তখন তাহারা অতি ক্রুদ্ধ হইয়া আপনাপনি এই সকল কথা বলিতে থাকিল। এই যে বামন মূর্ত্তি; ইহা ব্রাহ্মণের বেশে আবৃত আছে বটে, এ ব্যক্তি হয় ব্রাহ্মণাধম, না হয় মায়াবীগণের শ্রেষ্ঠ বিষ্ণু হইবে; দেবকার্য্য সাধনের জন্য এই ভাবে আসিয়াছে। হায়! হায়! আমাদের নৃপতি সত্যব্রতে সতত দীক্ষিত আছেন, কখন মিথ্যা কথা কহেন না, ব্রাহ্মণগণের প্রতি একান্ত দয়াবান হইতেছেন; যিনি এক্ষণে যজ্ঞে নিযুক্ত অথচ তাহা সমাধাও করেন নাই; সেই নৃপতির নিকটে এই শিশুমূর্ত্তিমান শত্রু ভিক্ষা করিয়া সর্ব্বস্ব অপহরণ করিল। ৭। স্বামীর মঙ্গলের জন্য এক্ষণে এই শত্রুর বধ সাধন করাই আমাদের উচিত হইতেছে। হে মহারাজ! বলির অনুমতি ব্যতিরেকে সেই অসুরেরা এইরূপ পরামর্শ করিয়া অতি ক্রোধে, শূল, পট্টিসাদি অস্ত্র লইয়া বামনদেবকে বধ করিতে আগমন করিল। ৮।

হে নৃপ! সেই দৈত্যসেনাগণকে সমরোন্মুখী দর্শন করিয়া, আপনাপন অস্ত্রাদি উত্তোলন পূর্ব্বক ভগবান্ বিষ্ণুর অনুচরগণ হাস্য করিতে থাকিলেন। সেই (ব্রহ্মাদির সহিত সমাগত ভগবদনুচরগণের মধ্যে) নন্দ, সুনন্দ, জয়, বিজয়, বল, প্রবল, কুমুদ, কুমুদাক্ষ, বিষ্বক্সেন, পক্ষীরাজ গরুড়, জয়ন্ত, শ্রুতদেব, পুষ্পদন্ত এবং সাত্বত প্রভৃতি সকলেই অযুত মত্তহস্তীর বল ধারণ করেন। তাঁহারা সকলে অসুরসেনাসমূহ বধ করিতে আরম্ভ করিলেন। সেই মহাপুরুষ বিষ্ণুর অনুচরগণদ্বারা নিজ সেনাসমূহ নিহত হইতেছে, এমন সময়ে অসুরপতি বলির মনে, কুলগুরু শুক্রাচার্য্যের শাপবাক্য স্মরণ হইল। তখন তিনি সকল অসুরকে যুদ্ধ করিতে নিবারণ করিলেন। ৯। বলি সম্বোধন করিয়া কহিলেন:—হে বিপ্রচিত্তে! হে রাহো! হে নেমে! বর্ত্তমান কাল আমাদের অনুকূল নহে, অতএব তোমরা আমার কথা শুনিয়া যুদ্ধ হইতে ক্ষান্ত হও। ১০। যে কালদেবতা অদৃষ্টরূপী সকল প্রাণীর সুখদুঃখের উৎপাদনকর্ত্তা হইতেছেন; হে দৈত্যগণ! পুরুষার্থের দ্বারা সক্ষম হইলেও তাহাকে অতিক্রম করিতে কোন পুরুষেই সক্ষম হয় না। হে অসুরগণ! তাহার প্রমাণ

অদ্যই অবলোকন কর। যে কালদেবতা পূর্ব্বে আমাদের কল্যাণ ও দেবতাগণের অকল্যাণ পক্ষে বর্ত্তমান ছিলেন; এক্ষণে সেই ভগবান্ই প্রতিকূল হইয়াছেন। অতএব ইঁহাতে বুঝা যায় যে, লোকের যতই বল, বুদ্ধিমান সচিব, দুর্ভেদ্য দুর্গ, মন্ত্র, ঔষধ, সামাদি কৌশল থাকুক না কেন; কালকে অতিক্রম করিতে কাহারও ক্ষমতা নাই!! ১১। যখন অদৃষ্ট তোমাদের অনুকূল ছিল, তখন তোমরা হরির অনুচর ও দেবতাগণকে বহু বহু বার সমরে পরাজয় করিয়াছ, কিন্তু এখন দৈব প্রতিকূল হওয়াতে তাঁহারা তোমাদের পরাজিত করিয়া আনন্দে জয় ঘোষণা করিতেছেন। যদি কখন দৈব আমাদের উপরে প্রসন্ন হয়েন, আমরা আবার দেবতাগণকে জয় করিব। অতএব যতদিন অদৃষ্ট অনুকূল না হয়, সেই সময় পর্য্যন্ত সকলে প্রতীক্ষা কর। পূর্ব্বকথা বর্ণনা পূর্ব্বক শ্রীশুকদেব কহিলেন, হে মহারাজ! নৃপতি বলির এই সকল কথা শ্রবণ করিয়া দৈত্যদানব যূথপতিগণে, বিষ্ণুপার্ষদগণ কর্ত্তৃক তাড়িত হইয়া রসাতলে প্রবেশ করিল। ১২। ১৩।

ব্যাখ্যা। কামাদি রিপু এবং অনুরাগ, মমতা, হিংসা প্রভৃতি উভয় শ্রেণীর কুবৃত্তি সমস্তকেই অধ্যাত্মতত্ত্বে অসুর কহে। পরমাত্মদর্শনমাত্রে জীবভাবীয় মন সংসারের প্রধান অজ্ঞানবৃত্তিরূপী অনুরাগ মমতাদিকে অনুগত করিয়া অর্থাৎ বিশুদ্ধ করিয়া থাকে। কামাদি হইতে এই মুক্তি কালে অব্যাহতি লাভ হয় বটে। কিন্তু জীবাদৃষ্টের সহিত উহারা বীজরূপে রক্ষিত হয়, কালে কখন বিষয়সংস্পর্শ হইলেই প্রকাশ হয়, যেমন মুক্তির পরে বৈকুণ্ঠবাসী জয় বিজয়ের হইয়াছিল। যেমন জীবন্মুক্ত রাজর্ষি ভরতের মৃগত্বলাভ হইয়াছিল। এই জন্য বলিরূপী মুমুক্ষু জীবের পরমাত্মদর্শনমাত্রে মমতা হিংসাদি শ্রেণীর অসুরের অনুগত হইয়াছিল। কিন্তু কামাদি কখন অনুগত হইবার নহে, এই জন্য পুনরায় বামনের বিপক্ষে যুদ্ধোদ্যম বর্ণিত হইল। অদৃষ্টের সহিত বীজাবস্থায় উহারা থাকে, ইহা বুঝাইতে রসাতলে প্রবেশ বলা হইল। ভোগপর মন বা দৈব ভাবের হৃদয় হইতে তখনও ভোগবাসনা রিপুসঙ্গে নষ্ট হয় নাই বলিয়া বলি কর্ত্তৃক কালে ভোগ হইবে, এই আশা দৈত্যগণকে দেওয়া হইল। জীবের নির্ম্মুক্ত হইবার অবস্থায় যত ভগবন্মূর্ত্তি হৃদগত হইতে থাকেন, ততই কামাদি দূরে যায়, ইহা বুঝাইতেই সাত্বিকী বৃত্তিস্বরূপ বিষ্ণু পার্ষদেরা ঐ যুদ্ধার্থ সমাগত ও অসন্তুষ্ট দৈত্যগণকে তাড়াইয়া দিলেন। লৌকিক বর্ণনায় দেখান হইল যে:— উত্তম কার্য্য জন্য বলি অসুর হইয়াও ভগবৎকৃপা লাভ করিলেন বটে; কিন্তু ভোগস্পৃহা এত দুস্ত্যজ্য যে ভগবৎসাক্ষাতেও বলি কালে পুনরায় ঐশ্বর্য্য ভোগ করিবেন, এমন বাসনা প্রকাশ করিতে থাকিলেন। বলি ভক্তিবলে মুক্ত হইতে চাহিলেন। ভগবান্ তাঁহাকে বলক্ষয় করিয়া কিরূপে কৃপা করিলেন, তাহাই পর শ্লোক হইতে বর্ণিত হইতে থাকিল।

হে মহারাজ! (বলি দুই পদ ভূমি দিয়াছেন, তৃতীয় পদ দিতে পারেন নাই। এই জন্য ঋণীকে আবদ্ধ করিবার অভিপ্রায় প্রকাশ করিলে) পক্ষীরাজ গরুড় ভগবানের অভিপ্রায় জ্ঞাত হইয়া যে দিনে যজ্ঞে সোমপান উৎসব হইবে, সেই দিনে তাহাকে বন্ধনপাশে আবদ্ধ করিল। ৮। ২১। ১৪

হে মহারাজ! যখন সর্ব্বব্যাপী বিক্রমশালী বিষ্ণু কর্ত্তৃক অসুরপতি আবদ্ধ হইলেন, সেই সময়ে স্বর্গ ও পৃথিবী হইতে (অসুরেরা) হাহাকার করিয়া চতুর্দ্দিক পূর্ণ করিল। যাঁহার সৌভাগ্য ক্ষয় হইয়াছিল, যিনি সত্য হইতে বিচলিত হয়েন নাই, যাঁহার দানাদি উদার কার্য্যে চতুর্দ্দিকে কীর্ত্তি প্রচার হইয়াছিল, সেই বরুণপাশে আবদ্ধ অসুরপতিকে ভগবান্ বামন কহিলেন; হে অসুর! তুমি আমাকে তিন পদ ভূমি দান করিয়াছ, আমার দুই পদে স্বর্গ পৃথিবী প্রভৃতি লোক আক্রান্ত হইয়াছে, এক্ষণে তৃতীয় পদের জন্য কোন্ স্থান প্রদান করিবে, তাহা স্থির কর। ১৫।১৬। সূর্য্য যে পর্য্যন্ত কিরণ বিস্তার করেন, নক্ষত্রমালার সহিত চন্দ্রমা যতদূর অংশু দিয়া থাকেন, মেঘ যে পর্য্যন্ত বর্ষিত হয়, সেই পর্য্যন্ত এই পৃথিবীতে তোমার অধিকার ছিল। সেই ভূলোক আমি একপদে গ্রহণ করিয়াছি। তোমার সম্মুখেই আকাশ ও দিক সকল আমার শরীরে আক্রান্ত হইবার পরে তবে আমার দ্বিতীয় চরণ স্বর্লোক আক্রমণ করিয়াছে। ইহা তুমি স্বচক্ষে দেখিয়াছ। ১৭। প্রতিশ্রুত দান সম্পূর্ণ না দিলে দাতা নরকে বাস করিয়া থাকে; তোমার গুরুর অনুমতি লইয়া এক্ষণে তবে নিরয়ে গমন কর। ১৮। তুমি যে দান যজ্ঞাদি কর্ম্মের অনুষ্ঠানকালে মনে করিয়াছিলে যে:—স্বর্গাদি ভোগ করিবে!! তোমার সে মনোরথ বৃথা হইল, কারণ যে ব্যক্তি বিপ্রের নিকট প্রতিশ্রুত হইয়া দান না করে, সে স্বর্গ হইতেও অতি দূরে কিম্বা স্বর্গাধঃস্থলে পতিত হয়। ১৯। তুমি উন্মত্ত হইয়া আপনাকে সকল ঐশ্বর্য্যের ঈশ্বর মনে করিয়াছিলে, আমাকে "ত্রিপদ ভূমি দিলাম" বলিয়া এক্ষণে দিতে পারিলে না। এই বিপ্রলব্ধ ও ব্যলীকতার ফলস্বরূপ কিছুকাল নিরয় ভোগ কর। ৮। ২১। ২০

ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে একবিংশাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। বিংশতি শ্লোক পর্য্যন্ত বর্ণনায় দেখান হইল যে, বলির অন্তরের রাজসভাবাপন্ন ভোগাসক্তি ক্ষয় করিবার জন্য তাহাকে বারুণপাশে আবদ্ধ করা হইল। ঐ ভোগীকে ভগবান্ বলিলেন যে:—রে ভোগকারী! তুমি কতদূর ভোগ করিবে? নিজের তেজে ও পুরুষকারে পৃথিবী ও স্বর্গাদি ভোগ করিতে পারিবে। আমি যে বস্তু, তাহা ত্রিভুবনের অতীত। যখন আমার দুই পদ ত্রিভুবনব্যাপী হইল, তখন আমার সত্তা কত মহান্, তাহা মনে কর। অতএব আমা অপেক্ষা যখন মহান্, পূর্ণ এবং শ্রেষ্ঠ নাই, তখন আমাকেই যে ভোগ করিতে পারে, সেই ব্যক্তিই সকলের প্রধান ভোগকারী হইতেছে। তুমি সামান্য স্বর্গাদি অধিকার করিয়া মনে মনে এত অহংকারী হইয়াছ যে কর্ম্মযজ্ঞাদি করিয়া পুরুষার্থবলে চিরসৌভাগ্য ভোগ করিবে মনে করিয়াছ। তুমি কি জাননা যে দান, কর্ম্ম, যজ্ঞাদি করিলে বহু অনুষ্ঠান করিতে হয়, কিন্তু একটু অঙ্গহানি হইলে নরকে যাইতে হয়। একথা সত্য কি না, গুরুকে জিজ্ঞাসা কর, এবং ত্রিপদদানে সক্ষম হইলে না বলিয়া নরকে গমন কর। ইহাতে জগতের ভোগকারী কর্ম্মীগণকে শিক্ষা দেওয়া হইল যে:—যে কর্ম্মে ভক্তি নাই অর্থাৎ ভগবৎপরায়ণ বা যাহা নিষ্কামভাবে অনুষ্ঠিত না হয়, সেই সকাম কার্য্যে বলির

ন্যায় ত্রিভুবনবিজেতা হইলেও অঙ্গহানিবশে নরকে গমন করিতে হয়। অর্থাৎ সকামকর্ম্মে পুরুষার্থ চিরদিন নিশ্চয় থাকিতে পারে না।

অন্যপক্ষে দেখান হইল যে:—সৎকর্ম্মের অনুষ্ঠানে ভগবান্ যখন কৃপা করিতে বলির পক্ষে উপস্থিত হইলেন, তখন বলির কর্ম্মের অঙ্গহানি হইলেও তাহা পূর্ণ হইল। এই কর্ম্মফল পূর্ণ হইল বলিয়া ভগবান্ বরুণপাশে তাহাকে বাঁধিলেন। যে আবরণ কখন ছিন্ন করা যায় না, তাহাকে বরুণপাশ কহে। এস্থলে বিবেকপাশকেই বরুণপাশ কহে। বিবেক সংযুক্ত করিয়া বলিকে কহিলেন:—পুরুষার্থের দ্বারা তুমি গুরুর আশ্রয়ে ভগবদ্ভক্তিবিহীন ও নিষ্কাম না হইয়া যে ঐশ্বর্য্য লাভ করিয়াছিলে, তাহা যখন আমাকে অর্পণ করিয়াছ, তখন তোমার জন্মমৃত্যুজনিত সংসারদুঃখ গিয়াছে। আমাকে যে ব্যক্তি জানিয়া বা না জানিয়া সর্ব্বস্বার্পণ করিতে পারে, আমি তাহাকে অপূর্ব্ব ফল দান করি। অতএব তুমি সেই ফলস্বরূপ সংসারে ভোগৈশ্বর্য্য ত্যাগ করিয়া নিরয়ে গমন কর। ব্যাকরণমতে (রলয়োরৈক্যাৎ) এই সূত্রে নিরয় শব্দের র অক্ষরটি লকারে পরিণত করিলে নিলয় হয়। এস্থলে নিলয় বলিতে ভগবদ্ধাম বৈকুণ্ঠ। বলিকে ভগবান্ কটাক্ষে বৈকুণ্ঠে পাঠাইবেন, বলিলেন। এক্ষণে সুতল নামক ভগবৎকৃপানিলয়ে পাঠাইবার কথা পরে বলা হইবে। এই কটাক্ষটি দৃঢ় করিবার জন্য উনবিংশতি ও বিংশতি শ্লোকে বলা হইল:—"তুমি দানাদি, যজ্ঞাদি করিয়া পুরুষার্থবলে অনন্তকাল স্বর্গাদি ভোগ করিবে; বিপ্রকে প্রতিশ্রুত দান না করাতে তোমার সে মনোরথ বৃথা হইল, তজ্জন্য তুমি স্বর্গের অতিদূরে বা অধঃস্থলে পতিত হইবে।" এই শ্লোকের বিপ্র শব্দটিকে অন্যার্থে ব্যবহার করিলে অনুকূল অর্থ হইয়া থাকে। যাঁহাকে বিশিষ্ট ও প্রকৃষ্ট ভক্তিদ্বারা লাভ হয়, তাঁহাকে বিপ্র অর্থাৎ ঈশ্বর কহে। কোন ব্যক্তি সর্ব্বস্বার্পণ করিয়াও সেই ঈশ্বরকে সমস্ত দানপ্রতিজ্ঞা পূর্ণ করিতে পারে না। কারণ ভোগাধিপত্য পর্য্যন্ত দান হয়, নিষ্কাম অবস্থা দান হইতে পারে না। কিন্তু ঈশ্বরের নিকটে দান সম্পূর্ণ না হইলেও বাহ্যদানের ফলে জীবে এমন ফললাভ করে, যাহা স্বর্গ হইতে অতি দূরে অবস্থিত অর্থাৎ বৈকুণ্ঠনামে গণ্য। স্বর্গের অধঃস্থলে বলিতে যেস্থানে স্বর্গের ভোগ অধঃ অর্থাৎ নিম্ন হইয়াছে, এমন ভগবৎকৃপাপূর্ণস্থলে ঈশ্বরে আত্মসমর্পণকারী গমন করে। বিংশতি শ্লোকে বলা হইল:—তুমি আপনাকে সকল ঐশ্বর্য্যের অধিপতি মনে করিয়া আমার নিকটে বিপ্রলব্ধ ও ব্যলীকতা ব্যবহার করিয়াছ, তজ্জন্য কিছুকাল নিরয়ে গমন কর।" ইহার অন্যার্থ এই যে:—বিপ্রলব্ধ শব্দের অর্থ এস্থলে (বি+প্র+লব্ধ) অর্থাৎ বিশেষ চেষ্টায় সর্ব্বতোভাবে যাহা লাভ হয়। ব্যলীক শব্দের অর্থ এস্থলে (বি+অলীক) বিগত হইয়াছে মিথ্যা যাহাতে তাহাই। অর্থাৎ তুমি নিজের সম্পূর্ণ পুরুষার্থের চেষ্টায় যে ত্রিভুবনের আধিপত্য লাভ করিয়াছিলে, সে সমস্তই অকপটে আমাকে দান করিয়াছ। আমার তৃতীয় পদ দিবার উপায় তোমার নাই, তজ্জন্য ক্ষতি নাই। তুমি এই আত্মসমর্পণ কার্য্যের দ্বারা প্রকৃতই ইন্দ্রাদি অপেক্ষা অধিক মানলাভ করিলে, এবং অধিক ঐশ্বর্য্য অর্থাৎ মদীয় কৃপা লাভ করিলে, তাহার ফলস্বরূপ কিছুকাল মমনির্ম্মিত নিলয়স্বরূপ সুতলে অবস্থান করিবে; আমি তোমার দ্বারপাল থাকিব!! পরে অষ্টম মন্বন্তরে তোমার বীজভূত ভোগবাসনা ক্ষয়

করিতে, ইন্দ্রত্ব প্রদান করিব, তদবসানে বৈকুণ্ঠে স্থান দিব। ইহা অভিপ্রায় হইল।

অধ্যাত্মপক্ষে দেখান হইল যে:—জীব যখন পরমাত্মদর্শনে একদিকে মুক্তির ঐশ্বর্য্য, আর একদিকে পুরুষার্থের ঐশ্বর্য্য দর্শন করে, তখন পুরুষার্থের অর্জ্জিত ঐশ্বর্য্যভোগে ভক্তি-শূন্য হইয়া অবস্থানকালে, তৎপরিণামফলে নরক লাভ হয়, ইহা পরমাত্মকর্ত্তৃক নিশ্চয় বুঝিলে তাহার ভোগপর মন কি উপায় অবলম্বন করে; তাহার কি অবস্থা উপস্থিত হয়, তাহার কিছু, এই অধ্যায়ের উপসংহারে দেখান হইল, পরাধ্যায়ে বিশেষ দেখান হইবে।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে একবিংশাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ দ্বাবিংশতি অধ্যায়

মহারাজ পরীক্ষিৎকে সম্বোধন করিয়া শ্রীশুকদেব কহিলেন:—হে মহারাজ! সেই অসুরপতি বলি বামনদেবকে ত্রিপদভূমি দান করিবেন, এই সত্য করিয়াছিলেন, কিন্তু দ্বিপদে সর্ব্বত্র আক্রান্ত হইল, তাঁহার পূর্ব্ব সত্য রক্ষা পাইল না, (তিনি ঋণী হইয়া বরুণপাশে আবদ্ধ থাকিলেন,) এ অবস্থাতেও তাঁহার চিত্ত বিচলিত হইল না, তিনি নিজবাক্য সত্য করিবার জন্য ভগবান্‌কে ইহা বলিয়াছিলেন। ১। বলি কহিলেন:—আপনি সুরশ্রেষ্ঠ হইতেছেন, আপনি উত্তমশ্লোক হইতেছেন। আমি যে সত্য আপনার নিকট করিয়াছি, তাহা মিথ্যা হইল, মনে করিয়াছেন। আমার কথা কখন মিথ্যা হইবার নহে। (আমার বাহ্য সম্পদ লইয়াছেন, এখনো আমার মমত্ব বর্ত্তমান আছে।) আপনি তৃতীয়পদ আমার মস্তকে অর্পণ করুন। ২। হে ভগবন্! আমি দান করিতে অক্ষম হইলাম, এই অপবাদকেই যত ভয় করি, ততদূর ভয় আমার নরকপতনে, পাশবন্ধনে, সর্ব্বস্বহানিজনিত বিপদে, ধনক্ষয়ে, কিম্বা আপনার পীড়নেও উপস্থিত হয় না। ৮।২২।৩

ব্যাখ্যা। এই অধ্যায়ে অকপটভক্তি ভক্তকে হরি কিরূপ কৃপা করেন, তাহাই বর্ণিত হইবে। অসুরপতি বলি, ভগবান্‌কর্ত্তৃক দ্বিপদে ত্রিভুবনের ঐশ্বর্য্যশূন্য হইলেন। ঋণী হইয়া বরুণপাশে আবদ্ধ হইলেন। এমনভাবে পরীক্ষার জন্য পীড়িত হইয়াও তাঁহার স্তব করিয়া শেষে নিজ মমতাস্পদ দেহ তৃতীয়পদে প্রদান করিলেন; ইহাতে একান্ত অকপট ভক্তির পরীক্ষাই দেওয়া হইল। অধ্যাত্মপক্ষে দেখান হইল যে:—একবার ভোগপর মন ভগবদ্দর্শন করিলে আর বহু বিড়ম্বনাতেও সে দর্শনজনিত আনন্দ হইতে বিরত হয় না।

হে ভগবন্! পূজ্যতম ব্যক্তিগণ যে সকল দণ্ড, দোষীজনকে বিধান করেন, মাতাপিতা ভ্রাতা বা সুহৃদাদি কেহই সেরূপ (দণ্ডযোগে হিত সাধন করিতে) পারেন না। অতএব এবম্বিধ দণ্ড পুরুষের পক্ষে প্রার্থনীয় হইতেছে। (কারণ মাতাপিতাদি শাসনদ্বারা পূজ্যা-

দির ইহকালের উন্নতি বিধান করেন, পূজ্যতম সাধু বা দেবতাদি, ইহ এবং পর, উভয় কালের হিত বিধান করেন।) ৮।২২।৪

হে ভগবন্! আমরা অসুরজাতি, বহু বিষয়ভোগে আমরা মদান্ধ হইয়াছি। আপনি (পূজ্যতম বলিয়া) শত্রুচ্ছলে আমাদের সম্মুখে আসিয়া পরম গুরুর কার্য্য করিলেন; কারণ আমাদের মদান্ধচক্ষে জ্ঞানদৃষ্টি প্রদান করিলেন।৮।২২।৫

অধিক আর কি বলিব! আহা!! একান্ত ভক্তিযোগবলে যোগীগণ যে গতি লাভ করেন, বহু অসুরগণ আপনাতে একান্ত শত্রুতা করিয়াও সেই পরমা সিদ্ধি লাভ করিয়া থাকে। ৬। আপনি অদ্ভুতকর্ম্মা হইতেছেন; (আপনি শত্রুকেও সিদ্ধিদান করেন, ইহা ভাবিয়া) আপনার দ্বারা অদ্য আমি এরূপে নিগৃহীত এবং বরুণপাশে আবদ্ধ হইয়াও লজ্জিত হইতেছি না!! মনে ব্যথা পাইতেছি না। ৭। হে ভগবন্! (আপনি আমার উপরে যে দণ্ডরূপী অনুগ্রহ করিলেন, ইহার অধিকারী আমি নহি তবে!—) আমার পিতামহ প্রহ্লাদ, আপনার পরম বিপক্ষ নিজ পিতা হিরণ্যকশিপুকর্তৃক ভীষণ এবং বিচিত্র যন্ত্রণা প্রাপ্ত হইয়াও আপনার সম্মত ভক্তিবৈরাগ্যপথ অবলম্বন করিয়া (আপনার কৃপাপাত্র হইয়াছিলেন, আমি আপনার ভক্তের পৌত্র বলিয়া আমাকে এরূপ কৃপা করিলেন।) ৮। হে দেব! পুত্রাদি এবং আত্মীয়স্বজনরূপা দস্যুগণ কর্ত্তার মৃত্যুমাত্রেই ধনগৃহাদি হরণ করিয়া তাহার দেহকে পরিত্যাগ করিয়া থাকে, এমন দেহে মমতা করায় কি প্রয়োজন? যিনি সংসারাসক্তির হেতুভূতা, এমন জায়াতেই বা কি প্রয়োজন? মরণশীল জীবের গৃহই আয়ুর বৃথা-ক্ষয়কারী, অতএব সে গৃহেই বা কি প্রয়োজন? ৯। অগাধবোধ এবং মহাত্মা আমার পিতামহ ইহা নিশ্চয় করিয়া, নিজ অসুরকুলের ক্ষয় হইবে, ইহা নিশ্চয় জানিয়াও, স্বজনাদি হইতে ভয়লাভ করিয়াও, আপনার যে পাদপদ্ম জীবের সকল ভয়নাশকারী এবং ধ্রুব, সেই চরণের আশ্রয় লইয়াছিলেন। ১০। হে দেব! যে বিষয়ভোগৈশ্বর্য্য শ্রীভোগ করিয়া, জীবে মূঢ়মতি হইয়া, কৃতান্তের সমীপবর্ত্তী এই দেহকে অনিশ্চিত বলিয়া বুঝিতে পারে না; অদ্য দৈবকর্তৃক আমার সেই ভোগশ্রী ত্যক্ত হইয়াছে বলিয়া আমি নিজ রিপুস্বরূপ আপনার চরণান্তিকে স্থানপ্রাপ্ত হইয়াছি। (অর্থাৎ ভোগীর শত্রু ভগবদ্ভক্তি, এইজন্য বলি ভগবানকে স্তবেও শত্রু বলিতেছেন।) ৮।২২।১১

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া শ্রীশুক কহিলেন:—হে মহারাজ! যখন অসুরপতি বলি ভগবান্‌কে এই সকল কথা বলিতেছিলেন, সেই সময়ে গগনে সমুদিত পূর্ণচন্দ্রের ন্যায়, তথায় ভগবদ্ভক্ত প্রহ্লাদ আবির্ভূত হইলেন। ১২। যাঁহার সর্ব্বাঙ্গে প্রেমশ্রী বিরাজ করিতেছিল, যাঁহার নয়ন কমলের ন্যায় বিস্তৃত ছিল, পীতবাস এবং শ্যামবর্ণে যাঁহার উন্নত কায়া মণ্ডিত ছিল, যাঁহার যুগলবাহু আজানুলম্বিত ছিল, এবম্বিধ সর্ব্বলোকপ্রিয় নিজ পিতামহ প্রহ্লাদকে সেই ইন্দ্রসমকক্ষ বলীয়ান্ অসুরপতি দর্শন করিলেন। ১৩। হে রাজন্! অসুরপতি বলি তখন বারুণপাশে আবদ্ধ ছিলেন, এইজন্য পূর্ব্বের ন্যায় পাদ্যার্ঘাদি তাঁহাকে প্রদান করিতে না পারিয়া অশ্রুপূর্ণলোচনে তাঁহাকে মস্তকাবনত করিয়া প্রণাম করিলেন এবং (নিজকৃতাপরাধহেতু আবদ্ধ আছেন ভাবিয়া) লজ্জায় অধোবদন রহিলেন। ৮। ২২। ১৪

ব্যাখ্যা। এস্থলে প্রহ্লাদের আবির্ভাব হইবার কারণ এই যে:—ভগবান্ নিজকৃপার দৃষ্টান্ত দেখাইতেছেন। প্রহ্লাদ অসুরবংশে জন্মগ্রহণ করিয়াও ভক্তিবলে যে পরমৈশ্বর্য্যের অধিপতি এবং সৌভাগ্যপূর্ণ মূর্ত্তি ধারণ করিয়াছেন, বলি পার্থিব ঐশ্বর্য্যে তাহার একাংশও দেখাইতে পারিলেন না। বরং পার্থিব ঐশ্বর্য্যভোগে ঘোর অহংকারী হইয়া ভক্তিশূন্য দানাদি কার্য্যে দোষ হওয়াতে অত্যন্ত অপরাধী হইয়া আবদ্ধ আছেন। ভগবদ্ভক্ত ও ঐশ্বর্য্য-ভোগী অহংকারী জীব উভয়ে সম্মুখবর্ত্তী হইলে, ভোগী নিজাহংমমতাক্ষয়ে পূর্ব্বাপরাধ স্মরণে দুঃখিত, অনুতাপিত এবং লজ্জিত হয়, ইহাই প্রকারান্তরে দেখান হইল।

হে মহারাজ! সুনন্দাদি পার্ষদগণ দ্বারা উপাসিত এবং সাধুগণের আশ্রয়স্বরূপ সেই হরিকে (অসাধুরূপী) বলির সমীপে আসীন দর্শন করিয়া (ভগবদনুগ্রহ স্মরণপূর্ব্বক) প্রহ্লাদ আনন্দাশ্রু বিসর্জ্জন করিতে থাকিলেন। অবশেষে সেই মহামনা, মস্তকদ্বারা ভূমি স্পর্শ করিয়া প্রণাম করিতে করিতে তাঁহার সমীপে গমন করিলেন। ১৫। অনন্তর প্রহ্লাদ কহিলেন:—হে আদ্য! আপনিই ইহাকে ইন্দ্রপদাপেক্ষা ঐশ্বর্য্যপূর্ণ পদ প্রদান করিয়াছিলেন। (কারণ ইন্দ্র কেবল স্বর্গাধিকার করেন, বলি ত্রিভুবন অধিকার করিয়া-ছিলেন।) সেই ঐশ্বর্য্য ভোগ করিয়া আত্মহারা অর্থাৎ অসুরপতি জ্ঞানান্ধ হইয়াছিল, তদ্ধেতু সেই সৌভাগ্যশ্রী হইতে বিচ্যুত হইল। এক্ষণে অজ্ঞানোৎপাদনকারিণী সেই ভোগশ্রী আপনি হরণ করিলেন। এই কার্য্যে আপনার কোন দোষ ঘটে নাই, কারণ এই কার্য্যে আপনি ইহাকে অতিশয় অনুগ্রহ করিলেন, ইহা আমি বুঝিলাম। (ভাবার্থ এই:—বলি সত্যপূর্ণ করিতে পারিল না বলিয়া আবদ্ধ হইল; কিন্তু হরি পূর্ব্বে তপস্যায় সন্তুষ্ট হইয়া বলিকে ত্রিভুবনের ঐশ্বর্য্য তাহার পুরুষার্থ দান করিয়াছিলেন। এক্ষণে দ্বিপদে তাহা গ্রহণ করাতে দত্তাপহারী দোষ তাঁহাতে ঘটিতে পারে। সেই দোষস্খলনে প্রহ্লাদ বলিলেন:—পিতা যেমন অপব্যবহারকারী পুত্রের হস্ত হইতে দত্ত বস্তু পুনরায় গ্রহণ করেন, তদ্রূপ ভোগের অপব্যয়ে অজ্ঞান লাভ হইল দেখিয়া হরি বলির ঐশ্বর্য্য গ্রহণ করিলেন। ইহাতে দত্তাপহারী দোষ ঘটিতে পারে না। কারণ অজ্ঞান অপহরণ করিয়া নিজ কৃপাবলে প্রেমভক্তি স্বয়ং তাঁহাকে দান করিলেন।) ১৬। হে হরে! (আপনি জীবের অজ্ঞান হরণ না করিলে কখনই ঐশ্বর্য্যভোগ হইতে আত্মজ্ঞান জন্মাইতে পারে না) কারণ ঐশ্বর্য্যশ্রী ভোগে, কি বিদ্বান্, কি যোগী একবার মুগ্ধ হইলে, আর আপনার আত্মতত্ত্ব বা উদ্ধারের উপায় স্থির করিতে পারে না। (আপনি সকলের উদ্ধারকর্ত্তা) নারায়ণ হইতেছেন, অখিল সংসারের সাক্ষী হইতেছেন। আপনি এই জগতের ঈশ্বর হইতেছেন; আপনাকে নমস্কার করি। ৮। ২২। ১৭

পূর্ব্বকথান্তে শ্রীশুকদেব কহিলেন:—হে রাজন্! কৃতাঞ্জলিভাবে অবস্থিত প্রহ্লাদ ভগবান্‌কে পূর্ব্ব কথা বলিয়া স্থির হইলে, ভগবান্ হিরণ্যগর্ভ (বামনরূপী) মধুসূদনকে এই সকল কথা বলিতে প্রবৃত্ত হইলেন। ১৮। হে নৃপ! এই সময়ে পতিকে বারুণ-পাশে আবদ্ধ দেখিয়া সাধ্বী ভয়বিহ্বলা তৎপত্নী কৃতাঞ্জলিপূর্ব্বক অধোবদনে ভগবান্

উপেন্দ্রকে এই সকল কথা বলিতে আরম্ভ করিলেন। ১৯। হে রাজন্! শ্রীমতি বিন্ধ্যাবলি কহিলেন :—হে ঈশ! আপনি নিজের লীলার জন্যই এই ত্রিজগৎ সৃজন করিয়াছেন; আপনি ইহার পালনকর্ত্তা ও সংহারকর্ত্তা হইতেছেন। যে সকল ব্যক্তির বুদ্ধি প্রকৃষ্ট নহে, তাহারাই আমার সর্ব্বস্ব, এই কথা বলিয়া থাকে। সেই সকল অহংকারী ও লজ্জাহীন ব্যক্তির "আমার সর্ব্বস্ব" এই কথা অদ্য (বিপদে ত্রিভুবন গ্রহণে) মিথ্যা হইল (তাৎপর্য্য এই যে :—আমার স্বামী ভোগবুদ্ধিহীন হইয়াছিলেন, এই জন্য "আমার সর্ব্বস্ব" এই অভিমানে যে আপনি সকল জগতের কর্ত্তা, সেই আপনাকে ত্রিভুবন এবং নিজের দেহ দিলাম, এই কথা বলিতেছেন। আপনার নিকটে দিলাম, বা লইলাম, একথা মূর্খেরা কহে; আপনার কাছে প্রিয়াপ্রিয় বা দেওয়া লওয়া নাই। আপনিই সর্ব্বস্ব হইতেছেন। ২০। পরে শ্রীব্রহ্মা কহিলেন :—হে ভূতভাবন! হে ভূতেশ! হে দেবদেব! হে জগন্ময়! আপনি ইহার সর্ব্বস্ব গ্রহণ করিয়াছেন; আর ইহাকে নিগৃহীত করা উচিত হয় না, ইহাকে মুক্ত করুন। ২১। হে ভগবন্! এই অসুরপতি আপনার পুরুষার্থবলে এবং নিজ গুরুসেবাদি কর্ম্মফলে ত্রিভুবনের যত কিছু অধিকার করিয়াছিলেন, প্রসন্নবুদ্ধিতে সেই সমস্ত অধিকার এবং আপনার দেহ পর্য্যন্ত আপনাকে অর্পণ করিয়াছেন। ২২। হে হরে! অকপটচিত্তে আপনার চরণকমলে জলগণ্ডূষ বা দূর্ব্বাঙ্কুরমাত্র দান করিয়া, সামান্য সেবা করিয়া জীবে উত্তমাগতি লাভ করিয়া থাকে। কিন্তু এই বলি, প্রসন্ন মনে আপনাকে ত্রিলোক (সহিত নিজদেহ) দান করিয়া কেন এখনো পীড়িত হইতেছে!! (ইহাকে মুক্ত করুন।) ২৩। সকলের প্রস্তাবনা শ্রবণ করিয়া শ্রীভগবান্ কহিলেন :—হে ব্রহ্মন্! যে ভোগে উন্মত্ত হইয়া মদভরে লোকে আমাকে গ্রাহ্য করে না, আমি যাহাকে অনুগ্রহ করি, অগ্রে তাহারই সেই ঐশ্বর্য্য নষ্ট করিয়া থাকি। ২৪। হে ব্রহ্মন্! ইহসংসারে জীবাত্মা অহংকারে স্বাধীন ভাবিয়া, আপনার ইচ্ছানুসারী কর্ম্মে এই সংসারে নানা কৃমি কীটাদিরূপে জন্মগ্রহণ করে। (বহু অনুতাপের পরে) কদাচিৎ এই পৌরুষী অর্থাৎ পুরুষার্থসম্পন্নদেহ প্রাপ্ত হয়। ২৫। এই পুরুষার্থসম্পন্ন জন্মলাভ করিয়া, নিজ কর্ম্মে, যৌবনাদি বয়সে, সুন্দর রূপে, প্রভূত বিদ্যাতে, অসীম ঐশ্বর্য্যে ও ধনাদিতে যে ব্যক্তির বুদ্ধি মুগ্ধ না হয়, তাহার প্রতিই আমার অনুগ্রহ প্রকাশ হইয়াছে (ইহা বুঝিবে)। ২৬। হে বিধাতঃ! আমাতে যাহার একান্ত ভক্তি পরিণত থাকে, সকল ঐশ্বর্য্যভোগ থাকিতে, অহংকার ও গর্ব্বের আস্পদস্বরূপ পূর্ব্বোক্ত জন্ম কর্ম্মমরণাদি সত্ত্বেও কোনমতে তাহাদের মোহ উপস্থিত হয় না। ২৭। হে ব্রহ্মন্! এই বলি, দৈত্য ও দানবগণের পতি হইতেছে এবং তাহাদের কীর্ত্তিকে বিস্তার করিয়াছে। এক্ষণে আমার ও মদীয় অনুচরবর্গরূপী শত্রুগণ দ্বারা নির্ধন, অধিকারচ্যুত, বিপদে নিক্ষিপ্ত ও বন্ধনে আবদ্ধ হইয়াছে। ইহার দুর্দ্দশা দেখিয়া জ্ঞাতিগণ ইহাকে কত প্রকার তিরস্কারপূর্ব্বক পরিত্যাগ করিয়াছে। এব্যক্তি অজেয়া মায়াকে এক্ষণে জয় করিয়াছে বলিয়া আপনার পূর্ব্বাধিপত্য এবং বর্ত্তমান দুর্দ্দশা স্মরণ করিয়া মুগ্ধ হইতেছে না। ২৮। এব্যক্তি এক্ষণে এত সত্যব্রতী হইয়াছে যে গুরুকর্ত্তৃক অভিশপ্ত হইয়া নিজের সত্যনিষ্ঠা ত্যাগ করে নাই। এমন কি, আমি ইহাকে পরীক্ষা করিতে অধর্ম্ম

বিষয়কে ছলপূর্ব্বক ধর্ম্ম বলিয়া উপদেশ দিয়াছিলাম, তাহাতেও এই সত্যবাদী বলি প্রকৃত ধর্ম্মত্যাগ করে নাই। ২৯। হে ব্রহ্মন্! এইরূপ অচলা ভক্তির জন্য আমি এই বলিকে এমন স্থানে অধিকার প্রদান করিব, যাহা দেবগণেও কখন লাভ করিতে পারেন নাই। পরে সাবর্ণি মন্বন্তরে আমি ইহাকে ইন্দ্রপদ দিয়া, ইহাকে সকলাবস্থায় আশ্রয় করিয়া থাকিব। ৩০। (যে পর্য্যন্ত না সাবর্ণি মন্বন্তর কাল উপস্থিত হয়।) সেইকাল পর্য্যন্ত বিশ্বকর্ম্মাবিনির্ম্মিত সুতলপুরীতে এই বলি অবস্থান করুক। সেই পুরীতে আমার কৃপা-দৃষ্টি আছে বলিয়া তথায় আধি, ব্যাধি, শ্রান্তি, আলস্য, পরাজয় প্রভৃতি উপসর্গ, যে সকল লোকে তথায় বাস করে, তাহাদের অধিকার করিতে পারে না। ৩১। হে মহারাজ! ভগবান্ হরি, ব্রহ্মাদিকে পূর্ব্বকথা বলিয়া বলিকে কহিলেন:—হে ইন্দ্রসেন! হে মহারাজ! তোমার কার্য্যে আমি সন্তুষ্ট হইয়া আশীর্ব্বাদ করিতেছি; তোমার মঙ্গল হউক। যে স্থান স্বর্গবাসীগণ প্রার্থনা করেন, সেই সুতল পুরীতে তুমি জ্ঞাতিগণের সহিত পরিবৃত হইয়া গমন কর। ৩২। হে বলে! অন্যের কথা দূরে থাকুক, ব্রহ্মাদি লোকেশ্বরগণও তথায় তোমাকে কষ্ট দিতে পারিবে না। যদি কখন দৈত্যগণ তোমার শাসন অতিক্রম করে, আমার সুদর্শনচক্র, তৎক্ষণাৎ তাহাদের ছেদন করিবে। ৩৩। হে বীর! আমি সেই পুরীতে সর্ব্বদাই তোমার সন্নিহিত থাকিব, আমি আমার বেশযুক্ত বৈকুণ্ঠপার্ষদগণের সহিত তোমাকে সকল বিপদ হইতে উদ্ধার করিব। তথায় তুমি আমাকে সর্ব্বদা দেখিতে পাইবে। ৩৪। হে বলে! তুমি পুনরায় দৈত্য দানবের সহিত থাকিবে বলিয়া (দুঃসঙ্গের ভয় করিও না।) দৈত্যাদির সঙ্গজনিত স্বদীয় আসুরভাব, আমাকে স্মরণ করিলে এবং সর্ব্বদা দর্শন করিলে নিশ্চয় কুণ্ঠিত ও বিনষ্ট হইয়া যাইবে। ৮। ২২। ৩৫

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে দ্বাবিংশতি অধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। বলির চরিত্রে ভক্তির কৃপাসিদ্ধিজনিত অভিনয় ভগবান্ ব্যাস এই স্থানে দেখাইলেন। জানিয়া বা জানিয়া যে কোন উপায়ে হউক, সৎকর্ম্ম আরম্ভ করিলে জীবে ভগবৎকৃপা লাভ করে। অজ্ঞানীর সৎকর্ম্মে ভগবান্ জ্ঞান দিয়া ক্রমে নিজ ভক্তি দেখাইয়া থাকেন। এইরূপ কৃপাসিদ্ধ ভক্তকে নিজের কৃপাপুরীতে রক্ষা করিয়া স্বয়ং সেই পুরীর রক্ষক হইয়া থাকেন। অধ্যাত্মতত্ত্বে দেখান হইল যে, পরমাত্মাতে ভোগী মন সমাহিত হইলে, হরি তাহাদের ক্ষুধা তৃষ্ণাদি আধ্যাত্মিক, শক্রভয়াদি আধিভৌতিক, গ্রহ ও অদৃষ্ট-পীড়াদি আধিদৈবিক এই ত্রিবিধ দুঃখ হইতে উদ্ধার করিয়া পরমপুরুষার্থে রক্ষা করিয়া থাকেন। ভক্ত এই অবস্থায় সমস্ত সংসারাসক্তির মধ্যে থাকিলেও ভগবদ্দর্শন ও তচ্চরণা-দিতে মত্ত থাকায় আর তাহার ভোগাসক্তি উপস্থিত হয় না। ভক্তিবলে এই অবস্থায় ভক্তের চিরপ্রেমজনিত আনন্দভোগ হইয়া থাকে। ভক্ত ইহাই চাহে, নির্ম্মুক্ত হইতে চাহে না।

ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে দ্বাবিংশতি অধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ ত্রয়োবিংশতি অধ্যায়।

পূর্ব্বকথা সমাপনান্তে রাজা পরীক্ষিৎকে সম্বোধন করিয়া শ্রীশুকদেব কহিলেন:— হে মহারাজ! মহানুভব বলিরাজ, যে কার্য্য করিলেন, তাহা ত্রিকালের সকল ভক্তেরই সম্মত হইতেছে। তিনি মহাপুরুষ বামনদেবের মুখে, নিজের সুতলে গমনানুজ্ঞা এবং ভগবানের ভক্তপালনাদি বিধি, বিশেষতঃ ভগবান্ স্বয়ং তাঁহাকে সুতলে সপার্ষদ রক্ষা করিবেন ও দেখা দিবেন; এই সকল কথা শ্রবণ করিয়া, সাত্ত্বিকী ভক্তির উদয় হওয়াতে তাঁহার চক্ষু বাষ্পাকুল হইয়া আসিল, স্বরস্তম্ভ হইয়া আসিল; অবশেষে কম্পিতকণ্ঠে বদ্ধাঞ্জলি হইয়া তিনি ভগবান্কে কহিলেন। ৮। ২৩। ১। হে ভগবন্! (আপনার আশ্চর্য্য দয়া হইতেছে!) আপনার যে কৃপাপদবী প্রপন্ন ভক্তে লাভ করিয়া থাকেন, আমি কেবল আপনাকে প্রণামের উদ্যমমাত্র করিয়াছিলাম, (সম্যক্ প্রণামও করি নাই!) আমাতে তাহা অর্পিত হইল!! আমি অতি নীচ এবং রাক্ষসভাবসম্পন্ন অসুরজাতি হইতেছি; আপনার যে কৃপা লোকপালগণ এবং দেবগণও লাভ করিতে পারেন না, আমাকে সেই (সুতলাধিপত্য) দান করা হইল!! শ্রীশুকদেব কহিলেন:—হে মহারাজ! অসুরপতি বলি ভগবান্কে এই সকল কথা বলিয়া, ব্রহ্মা ও মহেশ্বরের সহিত ভগবান্কে প্রণাম করিলেন। প্রণাম মাত্রে তিনি বারুণপাশ হইতে মুক্ত হইলেন। অবশেষে আত্মীয় অসুরগণের সহিত প্রফুল্লমনে সুতলে গমন করিলেন। ২। হে মহারাজ! ভগবান্ বামনমূর্ত্তিতে এইরূপে বলির নিকট হইতে স্বর্গাদিলোক গ্রহণ করিয়া ইন্দ্রকে প্রদান করিলেন। অদিতির কামনা পূর্ণ করিয়া, সকল জগৎ পালন করিয়াছিলেন। এ দিকে আপনার বংশধর পৌত্র বলিকে, বারুণপাশ হইতে মুক্ত এবং ভগবৎকৃপাপ্রাপ্ত দর্শন করিয়া ভক্তিপ্রবণ হৃদয়ে মহাত্মা প্রহ্লাদ ভগবান্কে এই সকল কথা বলিয়াছিলেন। ৩। প্রহ্লাদ কহিলেন:—হে ভগবন্! আপনি চরাচরবিশ্বের বন্দনীয় আর্য্য হইতেছেন। আপনি এক্ষণে কৃপাপরবশে সুতলে অসুরগণের দুর্গরক্ষক প্রহরী হইলেন। আমার বিবেচনায় এতদূর কৃপা, স্বয়ং ব্রহ্মা কি মহেশ্বর কিম্বা লক্ষ্মীদেবী কিম্বা অন্য কেহও কখন লাভ করেন নাই! ৪। হে বিভো! আমি জানি যে, আপনি শরণদ অর্থাৎ অনুগতজনকে আশ্রয় দান করিয়া থাকেন। সেই জন্য ব্রহ্মাদি হইতে সকল অনুকূলজনেই আপনার পাদপদ্মমকরন্দ সেবা করিয়া নানা বিভূতি ভোগ করিয়া থাকেন। কিন্তু আমরা কুপথগামী এবং উগ্রজাতি হইতেছি, আপনার করুণাদৃষ্টিজনিত ফল আপনি কি জন্য যে আমাদের উপরে বিধান করিলেন, ইহা আমি বুঝিতে পারি না!! ৫। আপনি যে কৌশলে যোগমায়াবলে এই ত্রিভুবন সৃষ্টি সঞ্জাত লীলা করেন, এবং সর্ব্বজ্ঞ থাকেন, তাহাই অতীব আশ্চর্য্যের বিষয় হইতেছে!! আপনি আবার কল্পতরু স্বভাবধারণ করিয়া, সকলের প্রতি সমদর্শী ও কৃপাপরবশ এবং যে উপায়ে ভক্তপ্রিয় হইয়াছেন, (ইহাও অধিক আশ্চর্য্যের বিষয় হইতেছে!!) প্রহ্লাদের বাক্যাবসানে ভগবান্

কহিলেন :—হে প্রহ্লাদ! তোমার কুশল হউক, তুমি এক্ষণে সুতলালয়ে গমন করিয়া নিজ পৌত্র এবং জ্ঞাতিগণের সহিত প্রফুল্লচিত্তে সুখ ভোগ কর। ৬। তুমি সেই স্থানে গদাধারী আমাকে নিত্য দর্শন করিবে, আমাকে দর্শনজনিত পরমানন্দ উপস্থিত হইলে, তোমার সকল কর্ম্মবন্ধন ক্ষয় হইয়া যাইবে। রাজাকে সম্বোধন করিয়া শ্রীশুকদেব কহিলেন :—হে রাজন্! অমলমতি প্রহ্লাদ অসুরপতি বলির সহিত ভগবানের আজ্ঞাকে কৃতাঞ্জলিভাবে শিরোধার্য্য করিলেন। অবশেষে সেই সকল অসুরসেনাপতি বলি ও প্রহ্লাদের সহিত সেই আদিপুরুষকে প্রণাম ও প্রদক্ষিণ পূর্ব্বক, তাঁহার অনুজ্ঞামতে মহাবিল সুতলে প্রবেশ করিলেন। হে মহারাজ! সেই যজ্ঞস্থলে সমস্ত ঋত্বিকৃগণের মধ্যে ব্রহ্মবাদী ঋষিগণের সভায় আসীন শুক্রাচার্য্যকে দর্শন করিয়া, ভগবান্ নারায়ণ কহিলেন :—হে ব্রহ্মন্! আপনার শিষ্যের এই অসমাপ্ত যজ্ঞকে আপনি সমাপ্ত করুন। (যজমান বিনা যজ্ঞপূর্ণ হয় না, এ কথা বলিবেন না, কারণ) ব্রাহ্মণের কৃপাদৃষ্টিতে আবদ্ধ কর্ম্মের সমস্ত বৈষম্য ক্ষয় হইয়া, কর্ম্ম পূর্ণ হইয়া থাকে। ২৩। ৬। ৭। ৮

ব্যাখ্যা। বলিকে কৃপা করা হইল; এবং সকাম কর্ম্মে অঙ্গহানি হইলে অনুষ্ঠানকারীর মহাবিপদ লাভ হয়। অতএব সকাম হইতে নিষ্কাম কর্ম্মই অনুষ্ঠেয়; এই কথা পূর্ব্বে বলা হইয়াছে, এই কথাতে পাছে এ আশঙ্কা হয় যে :—বেদবিহিত যজ্ঞাদি দানাদি সকাম কর্ম্ম মিথ্যা। কারণ স্বয়ং ভগবান্ বলিকে যজ্ঞকর্ম্ম পূর্ণ হইতে না দিয়া কৃপা করিলেন। ভগবদ্বাক্যের সে তাৎপর্য্য নহে, ভগবান্ বলিতেছেন, ভগবন্নিষ্ঠ হইয়া কি সকাম, নিষ্কাম যে কোন কর্ম্ম অনুষ্ঠিত হউক না কেন, তাহা সুফল প্রসব করে। বরং ভগবৎপ্রপন্ন হইয়া সকাম কর্ম্ম অনুষ্ঠিত হইলে, তাহা হইতেই নিষ্কাম ফললাভ হইয়া থাকে। শুক্রাচার্য্য গুরুরূপে, ভক্তিব্যতীত কেবল পুরুষার্থবলে যজমানকে কর্ম্মফল লাভ করাইবেন বলিয়া বলিকে যজ্ঞে দীক্ষিত করিয়াছিলেন। ভগবান্ বলির নিগ্রহ ও অনুগ্রহ দেখাইয়া ভক্তি বিনা কোন কর্ম্মই সুফল প্রসব করে না, ইহা বুঝাইয়া, সেই শুক্রাচার্য্য মহাত্মাকেই কর্ম্ম সমাধা করিতে বলিতেছেন। ইহাতে শুক্রাচার্য্যকেও ভক্তি শিক্ষা দেওয়া হইল। এই অষ্টমশ্লোকে ভক্তি বুঝাইতেই বলা হইল, ব্রাহ্মণ নিজ ব্রহ্মতেজসম্পন্ন ভক্তিদৃষ্টিতে দেখিলেই কর্ম্ম পূর্ণ হইয়া থাকে। অধ্যাত্মপক্ষে বলা হইল যে :—ভোগপর মন পরমাত্মপর হইলে তাহার ভোগবুদ্ধিরূপী গুরুও তত্ত্বাবময় হইয়া থাকে, এই প্রমাণানুসারে যে শুক্রাচার্য্য ভগবদ্বিদ্বেষী ছিলেন, এক্ষণে প্রপন্ন হইয়া কি করিলেন, তাহা বলা হইতেছে।

ভগবানের কথা শ্রবণ করিয়া শুক্রাচার্য্য কহিলেন :—হে ভগবন্! আর যজ্ঞ অসম্পূর্ণ কোথায় রহিল!! আপনি সর্ব্বকর্ম্মেশ্বর, সর্ব্বযজ্ঞেশ্বর এবং যজ্ঞপুরুষ হইতেছেন; আপনি এই যজ্ঞে সর্ব্বতোভাবে পূজিত হইয়াছেন। ৮। ২৩। ১। ৯। আমি জানি, যদি কোন আরব্ধ কর্ম্মের :—মন্ত্রে, তন্ত্রে, কুদেশ জন্য, অকাল জন্য, উপায়ন দ্রব্যাভাবে ছিদ্র উপস্থিত হয়, আপনার স্মরণে ও অনুকীর্ত্তনে তাহা পূর্ণ হইয়া থাকে, তথাপি আপনি যখন স্বয়ং যজ্ঞে পূর্ণাহুতি দিতে অনুজ্ঞা করিতেছেন, তখন, আপনার আজ্ঞামতে আমি কার্য্য করিতেছি, কারণ আপ-

নার অনুমতি পালন করাই পুরুষের পক্ষে পরম কল্যাণলাভ হইতেছে। ১০। হে মহারাজ! অনন্তর ভগবান্ উশনা, বিপ্রর্ষিগণের সহিত মহীপতি বলির অসমাপ্ত যজ্ঞ, হরির আজ্ঞা সমাদরে গ্রহণ করিয়া, সমাপ্ত করিলেন। ভগবান্ এইরূপে বামনমূর্ত্তিতে বলির নিকট হইতে মহী ভিক্ষা লইলেন। নিজ ভ্রাতা মহেন্দ্রকে শত্রুকর্ত্তৃক অপহৃত স্বর্গ পুনরায় প্রদান করিলেন। ১১। হে মহারাজ! (এই অদ্ভুত লীলার অবসরে) সকল প্রজাপতিশ্রেষ্ঠ ভগবান্ ব্রহ্মা, সকল দেবতা, ঋষি, পিতৃ, মনু, দক্ষ, ভৃগু, অঙ্গিরা, কার্ত্তিকেয়, মহেশ্বর, সকল লোক ও লোকপালের সমক্ষে, কশ্যপ ও অদিতিকে সুখী করিতে এবং সকল প্রাণীর মঙ্গলের জন্য সেই বামনদেবকে সকলের পতি অর্থাৎ পালনকর্ত্তা করিলেন। ১২। (সুরপতি ইন্দ্র কেবল স্বর্গ ও দেবতাই পালন করেন, কিন্তু) সমস্ত বেদ, সমস্ত দেবতা, ধর্ম্ম, যশ, সৌভাগ্য, সমস্ত কল্যাণ, সমস্ত ব্রত, সমস্ত কল্প, সমস্ত স্বর্গ ও মোক্ষ, সকল প্রাণীর হিতের জন্য রক্ষা করিবেন বলিয়া ব্রহ্মা বামনদেবকে 'উপেন্দ্র' এই আখ্যা প্রদান করিলেন। হে মহারাজ! ইহা শ্রবণে ও দর্শনে সকল প্রাণীই পরমানন্দ লাভ করিল। ১৩। অনন্তর ব্রহ্মা ও লোকপালগণ কর্ত্তৃক অনুমোদিত হইয়া, সুরপতি ইন্দ্র বামনদেবকে বস্ত্রালঙ্কারে সুসজ্জিত করতঃ দেবযানযোগে স্বর্গপুরীতে লইয়া গেলেন। সেই ভগবান্ উপেন্দ্রকরে রক্ষিত হইয়া এবং ত্রিভুবনের সকল ঐশ্বর্য্য ও সৌভাগ্যশ্রী লাভ করিয়া সুরপতি ইন্দ্র পূর্ব্ব-দুঃখনাশে পরমানন্দে থাকিলেন। হে নৃপ! অবশেষে ব্রহ্মা, মহেশ্বর, কুমার কার্ত্তিকেয়, ভৃগু প্রভৃতি মুনিগণ, পিতৃগণ, অন্যান্য প্রাণীগণ, সিদ্ধগণ, অন্যান্য উপদেবগণ সকলে মিলিত হইয়া ভগবানের এই অদ্ভুত লীলাকথা গান করিতে করিতে, অদিতি দেবীকে প্রশংসা করিতে করিতে আপনাপন স্থানে গমন করিলেন। হে পাণ্ডুকুলনন্দন! যাহা শ্রবণমাত্রে শ্রবণকারীর সকল পাপক্ষয় হইয়া যায় এবং আপনি যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, এক্ষণে ভগবান্ উরুক্রমের সেই চরিত্রকথা সম্পূর্ণরূপে আপনাকে শুনাইলাম। ১৪। হে মহারাজ! (আমি আপনাকে ভগবানের একটি লীলাই বলিলাম) বাস্তবিক যে ব্যক্তি উরুবিক্রম ভগবান্ বিষ্ণুমহিমা কীর্ত্তন করিতে সম্যক্ সক্ষম হয়, সে ব্যক্তি মর্ত্ত্য হইয়াও পার্থিব পরমাণুও গণনা করিতে পারে! এইজন্য মন্ত্রদ্রষ্টা ঋষি বশিষ্ঠ বলিয়াছেন:—জন্মমৃত্যু লাভ করিয়া কোন ব্যক্তিই সেই পরম পুরুষের মহিমাসাগরের পার দেখিতে পান নাই!! ১৫। হে মহারাজ! দেবদেব অদ্ভুতকর্ম্মা হরির এই বামনমূর্ত্তিজনিত অবতারলীলাচরিত্র যে ব্যক্তি অবহিত হইয়া শ্রবণ করে, সেই বৈকুণ্ঠলাভ করিয়া থাকে। ১৬। বিশেষতঃ কোন যজ্ঞে, দৈবকর্ম্মে, শ্রাদ্ধাদি পিতৃকর্ম্মে বা দানাদি লৌকিককর্ম্মে যদি এই চরিত্র অনুকীর্ত্তিত হয়, তবে সেই কর্ম্ম সুফল প্রসব করিয়া থাকে। ৮।২৩।১৭

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে ত্রয়োবিংশতি অধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। চতুর্দশশ্লোকে পরীক্ষিৎকে পাণ্ডুকুলনন্দন বলা হইল; যিনি আনন্দিত করেন, তিনিই নন্দন, পাণ্ডুরবংশকে যিনি আনন্দিত করেন, তিনি পাণ্ডুকুলনন্দন। ব্রহ্মশাপে পরীক্ষিৎ উক্ত ভক্তবংশকে কলঙ্কিত করিতে বসিয়াছে, তবে এরূপ সম্বোধন কেন করা হইল?

না—ব্রহ্মশাপগ্রস্ত হইয়াও পরীক্ষিৎ হরিভক্তি ও তল্লীলা শ্রবণে বারম্বার উৎসুক হইতেছেন। ইহাতে পরমা ভক্তিবলে পবিত্র হইয়া বংশকে পবিত্র করিতেছেন। অধ্যাত্মপক্ষে দেখান হইল যে:—যখন মন ভগবৎপর হইল, তখন ইন্দ্রাদি জ্ঞানময়ী বৃত্তিগুলি পরমাত্মাতে সংযুক্ত হইয়া পরমানন্দ ভোগ করিতে থাকিলেন। বিশেষ করিয়া বলা হইল যে:—কি সকাম, কি নিষ্কাম যে কোন কর্ম্ম অনুষ্ঠিত হউক না কেন, ভক্তিভিন্ন কিছুতেই সুফললাভ হইতে পারে না।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে ত্রয়োবিংশতি অধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ চতুর্বিংশতি অধ্যায়।

পূর্ব্বকথা শ্রবণ করিয়া রাজা পরীক্ষিৎ পরমানন্দে পুনরায় শ্রীশুকদেবকে জিজ্ঞাসা করিলেন:—হে ভগবন্! (বামনমূর্ত্তিতে সেই ভগবান্ যেরূপে বিশ্বব্যাপী বিরাট্ হইলেন, এই অবতারচরিত্রকথাশ্রবণে অতিশয় আশ্চর্য্য হইলাম।) সেই অদ্ভুতকর্ম্মা হরি আদি অবতারে কেমন করিয়া সামান্য মায়া মৎস্যমূর্ত্তি ধারণ করিয়াছিলেন, এক্ষণে সেই কথা শ্রবণে অতিশয় ইচ্ছা হইয়াছে। ৮।২৪।১। হে দেব! যে মৎস্যমূর্ত্তি তমঃ প্রকৃতিতে সূক্ষ্ম, যাহা অদৃষ্টবশে অতি দুঃসহ, স্বয়ং ঈশ্বর সেই সর্ব্বলোকঘৃণিত মৎস্যমূর্ত্তি যে জন্য ধারণ করিয়াছিলেন, এক্ষণে বিশেষরূপে সেই কথা আমাকে বলুন। কারণ সেই উত্তমঃশ্লোক চরিত্র সকল লোকেরই সুখ উদ্দীপন করিয়া থাকে।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া শ্রীসূতগোস্বামী শৌনকাদি ঋষিগণকে সম্বোধন করিয়া কহিলেন:—হে ঋষিগণ! সেই বাদরায়ণি শুকদেব বিষ্ণুরাৎ পরীক্ষিৎকর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া, ভগবান্ বিষ্ণু অপূর্ব্ব মৎস্যাবতার গ্রহণ করিয়া যে যে লীলা করিয়াছিলেন; তাহা বলিতে আরম্ভ করিলেন।৮।২৪।২

ব্যাখ্যা। স্বয়ম্ভুব মন্বন্তরের আদিভাগে মৎস্য অবতার হইয়াছিলেন, এক্ষণে পরবর্ত্তী মন্বন্তরকথিত বামনাবতার কথা শ্রবণ করিয়া রাজা পূর্ব্বকথা জিজ্ঞাসা করিতেছেন। এ জিজ্ঞাসার কারণ এই:—ভগবান্ বামনমূর্ত্তি ধরিয়াছিলেন; এবং সর্ব্বস্বদাতা বলিকে বন্ধন করিয়াছিলেন। এই উভয় কর্ম্মই শুনিলে প্রথমে ঘৃণিত বলিয়া বোধ হয়, কিন্তু যখন শুকদেবমুখে তাহার যথার্থ তত্ত্ব শ্রবণ করিলেন, তখন পরমানন্দের উদয় হইল। সেইরূপ মৎস্য মূর্ত্তিটি অধিকতর ঘৃণার্হ হইতেছে। এ অবস্থায় ভগবান্ কি করিয়াছিলেন, ইহা জানিতে অতিশয় উৎসুক হইল বলিয়া পূর্ব্বাবতার হইলেও পরে রাজা শ্রবণে ইচ্ছা প্রকাশ করিলেন। ভক্তিপূর্ণ রাজা শ্রবণ করিয়া নিজে সুখী হইবেন, এমন ইচ্ছা নহে, তাঁহার শ্রবণে সকলে ভবিষ্যতে ও বর্ত্তমানে শ্রবণ করিয়া সুখী হইবে, এই ইচ্ছা প্রকাশ করিলেন। এই উপাখ্যানের অধ্যাত্মতত্ত্ব পরে প্রকাশ হইবে।

রাজার প্রশ্ন শ্রবণ করিয়া পরমানন্দে শ্রীশুকদেব কহিলেন :—হে মহারাজ! গো, বিপ্র, দেবতা, ভক্ত, বেদাদি, ধর্ম্ম এবং যজ্ঞাদি রক্ষা করিবার জন্য সেই ভগবান্ সর্ব্বেশ্বর হইয়াও এই (মৎস্য) তনু ধারণ করিয়াছিলেন। ৮।২৪।৩। (হে মহারাজ! তিনি যে মৎস্য-নামক ঘৃণিত জীবের মূর্ত্তি অবতারকালে ধারণ করিয়াছিলেন, ইহার জন্য তাঁহাতে কোন দোষ স্পৃষ্ট হইতে পারে না।) কারণ তিনি স্বয়ং স্বরূপে নির্গুণ অর্থাৎ শুদ্ধসত্ত্বময় হইতে-ছেন, তাঁহাকর্ত্তৃক ধৃত যে কোন পশু, মানব, দেবতাদির আকার কখনই (তমো প্রভৃতি ঘৃণিত গুণে স্পৃষ্ট হইতে পারে না)। বায়ু যেমন আপন প্রকৃতিযোগে নীচ ও উচ্চ প্রাণীতে এবং পবিত্র ও ঘৃণিত বস্তুতে বিহার করে, তদ্রূপ সেই ভগবান্ আপনার শুদ্ধসত্ত্বময়ী প্রকৃতি অবলম্বন করিয়া, নানা মূর্ত্তিধারণ পূর্ব্বক লীলা করিয়া থাকেন। ৪।

হে মহারাজ! (ভগবান্ মৎস্যরূপ ধারণ করিয়াছিলেন বলিয়া তিনি যে তমোগুণমণ্ডিত হয়েন নাই, একথা বর্ণনা করিলাম। এক্ষণে সেই মৎস্যাবতারের প্রয়োজন শ্রবণ করুন)। অতীত কল্পান্তে একসময়ে নৈমিত্তিক প্রলয় উপস্থিত হইয়াছিল, সেই সময়ে সমুদ্রকর্ত্তৃক সমস্ত পৃথিবী জলমগ্ন ছিল। ভগবান্ ব্রহ্মা সেই অবসরে কিছুকাল নিদ্রিত ছিলেন। ৫। কালের পরিবর্ত্তনকৌশলে ভগবান্ বিধাতার নিদ্রিত অবস্থাতেই, তাঁহার মুখ হইতে বেদ-সকল নিঃসৃত হইতেছিল। হয়গ্রীব নামে এক পরাক্রান্ত অসুর এতদ্দর্শনে ব্রহ্মার সমীপস্থ হইয়া বেদসকল হরণ করিয়াছিল। ৬। এই দানবেন্দ্রকর্ত্তৃক বেদ হৃত হইলে, (পুনরায় পৃথিবীতে বেদ বিনা ধর্ম্ম স্থাপন হইবে না,) এই ভাবিয়া, সর্ব্বদ্রষ্টা ভগবান্ হরি, (সেই বেদ উদ্ধারের জন্য প্রথমে শফরী মৎস্যের রূপধারণ করিয়াছিলেন। ৮।২৪।৭

ব্যাখ্যা। বামনরূপে অতি ক্ষুদ্র হইয়া মহান্ হইয়াছিলেন। ইহাতে রাজা পরীক্ষিতের বিস্ময় জন্মিয়াছিল, কিন্তু মৎস্যমূর্ত্তিতেও শফরী নামে ক্ষুদ্র মৎস্যরূপ ধারণ করিয়া প্রলয় কালে বেদ উদ্ধার করিয়াছিলেন। ইহা ততোধিক বিস্ময়ের কারণ হইতেছে। এই মৎস্যরূপের প্রকৃত তাৎপর্য্য পূর্ব্বে প্রকাশ করা হইয়াছে। মৎস্যমূর্ত্তির প্রকৃত তাৎপর্য্য এই :—কি ক্ষুদ্র, কি বৃহৎ যে কোন বস্তুকে ঈশ্বর প্রলয়কালে সমভাবে আপনাতে রক্ষা করেন; এই হেতু মৎস্যশব্দের অর্থ সমভাব হইতেছে। মৎস্য শব্দটি আমাদের শাস্ত্রে বহু উপায়ে ব্যবহার হইয়া থাকে। যে উপায়ে বা কৌশলে দেহকে রাখিলে বায়ুপিত্তকফাদি সমভাব প্রাপ্ত হয়, তাহাকে মৎস্যমুদ্রাযোগ কহে। মদ্ ধাতুর উত্তর স্য প্রত্যয় করিলে মৎস্য শব্দ উদ্ধার হয়। মদ্ ধাতুর অর্থ আনন্দিত হওয়া। ত+ন্ত্র এই মুখ্যার্থ অবলম্বন করিয়া পঞ্চমকার মহামন্ত্রের দ্বিতীয় মন্ত্র মৎস্য স্থির করিয়াছেন। সেই মৎস্য মন্ত্রটির ব্যুৎ-পত্তি করিতে গিয়া কুলার্ণব তন্ত্রের পঞ্চমখণ্ডে সপ্তদশোল্লাসে এইরূপ বর্ণিত হইয়াছে :—

"মায়া মলাদি শমনান্মোক্ষমার্গ নিরূপণাৎ।
অষ্টদুঃখাদি বিরহান্মৎস্যেতি পরিকীর্ত্তিতঃ॥"

অস্যার্থঃ—যে মন্ত্র সাধন করিলে মন হইতে মায়া মলিনতা ক্ষয় হয়, অষ্টদুঃখ বিনাশ হয়, মোক্ষমার্গ নিরূপিত হয়, তাহাকে মৎস্যমন্ত্র কহে। সমভাব দ্বারা আত্মজ্ঞানবলে, মন

মোক্ষলাভ করিয়া থাকে। শাস্ত্রে যে যে স্থলে মৎস্য শব্দ সাধন প্রণালীতে ব্যবহার আছে, সে সকলের প্রকৃতার্থ শমভাব বুঝায়। সেই নিয়মে পুরাণে ভগবানের যে অবতারমূর্ত্তির মৎস্যনাম দেওয়া হইয়াছে, তাহারো প্রকৃতার্থঃ—সেই হরি প্রলয়াদি সংহারকালে, সমস্ত ধর্ম্ম বেদাদি ও জীবকারণাদিকে সমভাবে আপনাতে যে লীলায় রক্ষা করেন, তাহার নামই মৎস্য হইতেছে। প্রলয়াদিকে জলপূর্ণ অবস্থা বলা হইয়াছে, সেই কারণ জলে একা পরমাত্মাই সকল কারণের সহিত বিহার করেন বলিয়া জলচর অর্থাৎ মৎস্য এই আখ্যা পাইয়াছেন।

এই যে বেদোদ্ধারজনিত মৎস্যাবতারলীলা ইহা মহাপ্রলয়কালে নহে। নৈমিত্তিক উপায়ে এই প্রলয় ঘটিয়াছিল। সত্যব্রত নামে কোন সাধুনৃপতি ভগবানের জগৎপালনী লীলা দর্শনার্থ মহাসাধন করিয়াছিলেন। সেই ভক্ত নৃপতিকে নিজ পালনীলীলা দেখাইবার জন্য তিনি স্বইচ্ছায় নৃপতিকে প্রলয় দেখাইয়াছিলেন। তাঁহারই মায়াবলে সমুদ্রে পৃথিবী মগ্ন হইয়াছিল, ব্রহ্মা নিদ্রিত হইয়াছিল; হয়গ্রীবাসুর বেদ হরণ করিয়াছিল। তিনি ক্ষুদ্র মৎস্য হইতে অতি মহান্ হইয়া ক্রমে সমস্ত জীবকারণের সহিত সত্যব্রত নৃপতিকে আপনাতে রক্ষা করিয়া পুনরায় সৃষ্টিকালে বেদাদি বিস্তার করিয়াছিলেন। এই মায়া নিমিত্তকে অপেক্ষা করিয়া প্রলয় হইয়াছিল বলিয়া পঞ্চমশ্লোকে নৈমিত্তিক প্রলয় বলা হইয়াছে। আর চাক্ষুষ মন্বন্তরে মৎস্যরূপে ভগবান্ আবির্ভূত হইয়াছিলেন। ঐ মন্বন্তরে মহাপ্রলয়ের সম্ভাবনা শাস্ত্র নির্দ্দেশ করেন না। এইরূপে শ্রীশুকদেব মৎস্যলীলার প্রয়োজন বর্ণনা করিয়া লীলার ঘটনা বর্ণনা করিতেছেন। অধ্যাত্ম পক্ষে ভগবান্ আত্মশক্তিবলে অজ্ঞানগ্রস্ত বেদাদি আত্মজ্ঞানকে কেমন করিয়া উদ্ধার করেন, তাহা এই মৎস্যাবতারে বলা হইতেছে। হয়গ্রীবটি অজ্ঞানস্বরূপ হইতেছে। অর্থাৎ জীবের সৃষ্টি বুদ্ধিস্বরূপ ব্রহ্মা যখন ভগবন্মায়ানিদ্রায় অর্থাৎ সংসারে নিদ্রিত বা মুগ্ধ হয়েন, সেই সময়ে তাঁহার অন্তর হইতে জ্ঞান সত্ত্বাদি অজ্ঞানে আবৃত করিয়া থাকে। জৈববুদ্ধি অজ্ঞানে সমাচ্ছন্ন হইলেই জীবলোক কালকর্ত্তৃক সংহৃত হয়। সেই সৃষ্টিস্থাপন স্বয়ং ভগবান্ নিজের আত্মজ্ঞানশক্তি দ্বারা করেন। ইহাই অধ্যাত্মপক্ষে মৎস্যলীলার তাৎপর্য্য হইতেছে। পরে বিস্তৃতভাব প্রকাশ হইবে।

হে মহারাজ! সেই ভগবান্ মৎস্যরূপে কেমন করিয়া লীলা করিয়াছিলেন, তাহা শ্রবণ কর। সেই (চাক্ষুষ) মন্বন্তরকালে সত্যব্রত নামে কোন মহাত্মা রাজর্ষি, জলে যোগাসন নির্ম্মাণ করিয়া যে তপস্যায় নারায়ণকে লাভ হয়, সেই নারায়ণপর তপস্যা করিতেন। ৮। ২৪। ৮। সেই রাজর্ষিই পূর্ব্ব তপস্যার ফলে, এই মহাকল্পের বিবস্বতে সূর্য্যের পুত্র শ্রাদ্ধদেবনামে বিখ্যাত এবং ভগবান্ হরির কৃপায় মনু হইয়াছিলেন। ৯। হে মহারাজ! সেই রাজর্ষি একদা (নিজতপস্যার স্বরূপরূপী) কৃতমালা নদীতে জল তর্পণ করিতেছিলেন। হঠাৎ তাঁহার অঞ্জলিধৃত জলে এক শফরী মৎস্য উত্থিত হইয়াছিল। হে ভারত! সেই দ্রবিড়দেশপতি সত্যব্রত রাজর্ষি আপনার অঞ্জলিস্থ জলে

শফরী দেখিয়া তৎক্ষণাৎ জলসহিত সেই মৎস্যকে নদীর জলে নিক্ষেপ করিলেন। সেই শফরী নদীর জলে নিক্ষিপ্তা হইয়া পরমকারুণিক সেই নৃপতিকে সকাতরে কহিল, আমি অতি দুঃখিনী, স্বজনঘাতী বৃহৎ মৎস্যগণ হইতে আমার দারুণ ভয় হইতেছে। আমি জানি, আপনি দুঃখীকে আশ্রয় দিয়া সাহায্য করেন, তবে কেন এই শত্রুসঙ্কুল নদীজলে আমাকে ত্যাগ করিলেন? হে মহারাজ! সেই রাজর্ষির তপস্যায় প্রীত হইয়া স্বয়ং মৎস্যবপুধারী হরি যে তাঁহাকে কৃপা করিতে আসিয়াছেন, একথা নৃপতি বুঝিতে পারিলেন না। নৃপতি সেই শফরীর করুণাময় কথা শ্রবণ করিয়া তাহাকে আশ্রয় প্রদান ও রক্ষা করিতে সম্মত হইলেন। অনন্তর দয়ালু নৃপতি সেই শফরীকে নিজ কমণ্ডলুজলে ধারণ করিয়া নিজ আশ্রমে আনয়ন করিলেন। সেই শফরী একরাত্রে এত দেহ বর্দ্ধিত করিল, যে আর কমণ্ডলুতে থাকিতে স্থান পাইল না। এমনাবস্থায় সে রাজাকে কহিল। ১০। হে রাজর্ষে! আর আমার দেহ কমণ্ডলুতে ধরিতেছে না। যাহাতে আমি সুখে বাস করিতে পারি, এমন সুবিস্তৃত স্থান আমাকে প্রদান করুন। ১১। হে মহারাজ! শফরীর কথা শ্রবণ করিয়া, সেই দয়ালু নৃপতি তাহাকে লইয়া এক জলপূর্ণ মণিকচ্ছে (জালাতে) স্থাপন করিলেন। তাহাতে প্রবেশান্তে মুহূর্ত্ত মাত্রেই সেই শফরীর দেহ তিন হস্ত প্রমাণ বর্দ্ধিত হইল। তখন সেই মৎস্য রাজাকে কহিল:—হে রাজন্! আমি আপনার শরণাগতা। আমার দেহ এই মণিকচ্ছেও ধরিতেছেনা; অন্য কোন উপযুক্ত স্থানে আমাকে রক্ষা করুন। নৃপতি ইহা শ্রবণে এক বৃহৎ সরোবরে তাহাকে নিক্ষেপ করিলেন। সেই মহামীন ক্ষেপণমাত্রেই নিজদেহ বিস্তার করিয়া সরোবর আবৃত করিয়া ফেলিল। ১২। তখন সেই মৎস্য রাজাকে কহিল:— হে রাজন্! এপরিমিত জলাশয়ে আমার সুখে থাকা হইতেছে না। অতএব যে আধারের জল চিরদিন পূর্ণ থাকে, সেই হ্রদে, আমাকে রক্ষা করুন। ১৩। রাজা তৎক্ষণাৎ সেই মৎস্যকে অপক্ষয়শূন্য হ্রদে নিক্ষেপ করিলেন। সেই হ্রদেও তাহার শরীর ক্ষণমধ্যে বর্দ্ধিত ও ধরিল না দেখিয়া তাহাকে নৃপতি সমুদ্রে নিক্ষেপ করিতে লইয়া গেলেন। সমুদ্রতীরে যাইয়া যখন তাহাকে নিক্ষেপ করিতে উদ্যত হইয়াছেন, এমন সময়ে সেই মৎস্য কহিল:—হে মহারাজ! এই সাগরে মকরাদি ভীষণ মৎস্য আছে, ইহাতে ক্ষেপণ করিলেই, উহারা আমাকে খাইয়া ফেলিবে। অতএব আমাকে সাগরে ফেলিবেন না। যখন মৎস্য রাজার হস্তে থাকিয়া এই সকল কথা বলিল; নৃপতি তাহার মিষ্টবচনে বিমুগ্ধ হইয়া কহিলেন:—হে মৎস্য! মৎস্যরূপ ধারণ করিয়া আমাকে মুগ্ধ করিতেছেন!! আপনি কে হইতেছেন? ১৪। এমন বীর্য্যসম্পন্ন জলচর আমরা কখন দেখি নাই এবং আমরা কখন শ্রবণ করি নাই। এক দিবসের মধ্যে আপনি শতযোজনবিস্তীর্ণ হ্রদ নিজদেহ বিস্তারে আবৃত করিয়া ফেলিলেন। আমার বোধ হয়, আপনি সাক্ষাৎ নারায়ণ হরি হইতেছেন। প্রাণীসমূহকে কৃপা দেখাইতে এই জলচরমূর্ত্তি ধারণ করিয়াছেন। ৮। ২৪। ১৫

ব্যাখ্যা। লৌকিকপক্ষে দেখান হইল যে:—তপোপরায়ণ রাজাকে কৃপা করিতে

এবং নিজ অচিন্ত্যপালনী লীলা দেখাইতে, ভগবান্ ভক্তের নিকটে প্রথমে অতি ক্ষুদ্র দেখাইলেন। ক্রমে ভক্তের নিকটে আত্মবীর্য্য দেখাইতে মহান্ হইলেন। অধ্যাত্মপক্ষে দেখান হইল যে:—ভক্তিপূর্ণ সাধকরূপী রাজার বাহেন্দ্রিয়ে প্রথমে জীবাত্মা শফরীর ন্যায় দৃষ্ট হইল। শফরী যেমন অল্প জলে অতি চঞ্চল ভাবে বিহার করে, তদ্রূপ জীবাত্মা বাহেন্দ্রিয়ে কর্ম্মাবৃত হইয়া অতি ক্ষুদ্র ও কর্ম্মবলে চঞ্চল দেখায়! এইজন্য প্রথমে জীবাত্মাকে অঞ্জলিরূপে বাহেন্দ্রিয়ে দৃষ্ট হইল। পরে আশ্রমে অর্থাৎ মনে কমণ্ডলুরূপীচিত্তে দৃষ্ট হইল। পরে মণিকচ্ছরূপী সূক্ষ্ম দেহে প্রতীয়মান হইল। ক্রমে ক্রমে হৃদয়সরোবরে আত্মা অর্থাৎ বিস্তৃতরূপে দেখা গেল। ক্রমে ইহপরলোকব্যাপী হ্রদে অর্থাৎ অবস্থায় আত্মারূপে দৃষ্ট হইল। যখন ইহকালপরকালব্যাপী বলিয়া সাধকের বোধ হইল, সেই সময়ে ভগবান্ আপনার সর্ব্বব্যাপী পরমাত্মারূপ ধারণ করিয়া বিশ্বসাগরের সমক্ষে রাজাকে বলিলেন:—যে মকরাদির ভয় আছে বলিয়া এসাগরে আর ফেলা উচিত হয় না। ইহার তাৎপর্য্য এই যে:—বিশ্বসাগরে সংসারতরঙ্গ বর্ত্তমান, বিষাহংকার ও রিপু প্রভৃতি হিংস্র অর্থাৎ অজ্ঞানবৃত্তি আছে। উহাতে আবৃত করা ভাল হয় না। আমি পরমাত্মারূপে ভক্তিজলে ভক্তকেই আশ্রয় করিয়া থাকি। রাজাকে পরমাত্মারূপে দেখা দিয়া ক্রমে আত্মজ্ঞান বলিতেছেন।

হে পুরুষশ্রেষ্ঠ! আপনিই সৃষ্টির সৃজন, পালন ও হরণের ঈশ্বর হইতেছেন। আমাদের ন্যায় প্রপন্ন ভক্তদিগের আপনিই প্রধান আশ্রয় ও গতি হইতেছেন। হে বিভো! আপনাকে নমস্কার করি। হে হরে! সকল প্রাণীর হিতের জন্যই আপনি সকল লীলাতে অবতারমূর্ত্তিধারণ করিয়া থাকেন। এক্ষণে এই যে মৎস্যমূর্ত্তি ধারণ করিয়াছেন, ইহার প্রকৃততত্ত্ব আমি জানিতে ইচ্ছা করিতেছি। ৮। ২৪। ১৬। হে অরবিন্দাক্ষ! ঐশীক্ষমতাশূন্য দেহাভিমানীলোকের পদসেবা করিলে কখনই সৎফল লাভ হইতে পারে না!! আপনার পদসেবামাত্রেই সৎফল লাভ হইয়া থাকে। (আপনি অবশ্যই কোন সৎফল দিবার জন্য) সকলের সুহৃদ ও প্রিয় আত্মা হইয়াও আমাদের সমক্ষে এই অদ্ভুত মৎস্যমূর্ত্তি দেখাইতেছেন। ১৭। হে মহারাজ! যিনি একান্ত ভক্তিপূর্ণ জনের প্রিয়বস্তু ও উদ্ধারকর্ত্তা প্রভু হইতেছেন, তিনি যুগক্ষয়ে প্রলয়ার্ণবে কেন মৎস্যমূর্ত্তিতে বিহার করিতে ইচ্ছা করিয়াছেন; সেই কথা স্বয়ং জগৎপতি নৃপতি সত্যব্রতকে বলিতে আরম্ভ করিলেন। ১৮। শ্রীভগবান্ কহিলেন:—হে অরিন্দম! অদ্য হইতে সপ্তম দিবসে ভূর্ভুবাদি ত্রিলোক প্রলয়জলে নিমগ্ন হইয়া যাইবে। ১৯। সেই প্রলয়জলে ত্রিলোক প্লাবিত হইবার কালে মৎকর্ত্তৃক প্রেরিত কোন বিশাল নৌকা তোমার নিকটে উপস্থিত হইবে। ২০। তুমি সেই সময়ে সকল শ্রেষ্ঠ ও নিকৃষ্ট ঔষধি প্রভৃতির বীজ, সকল প্রাণী এবং সপ্তর্ষিগণে পরিবৃত হইয়া প্রস্তুত থাকিবে। ২১। নৌকা উপস্থিতমাত্রেই তুমি সকলের সহিত তাহাতে আরোহণ করিবে। তৎসাহায্যে অকাতরে প্রলয়জলে বিচরণ করিতে পারিবে। একার্ণব হইবে বলিয়া ঘোর অন্ধকারে চতুর্দ্দিক পূর্ণ হইবে। তোমার নিকটস্থ

ঋষিগণের তপোতেজে তুমি সমস্ত দেখিতে পাইবে। সেই প্রলয়সমীরণের তাড়নায় তোমার নৌকা কম্পিত হইবে। সেই সময়ে আমি এই মৎস্যরূপে তোমার নিকটে উপস্থিত হইব। অনন্তসর্পকে রজ্জুরূপে গ্রহণ করিয়া তোমার নৌকাকে আমার শৃঙ্গে আবদ্ধ করিয়া রাখিবে। যে পর্য্যন্ত ব্রহ্মার নিদ্রাভঙ্গ না হয়, সেই প্রলয়রজনীকালের প্রভাত পর্য্যন্ত আমি সপ্তর্ষি ও প্রাণীগণমণ্ডিত তোমার নৌকাকে প্রলয়জলে আকর্ষণ করিয়া বিহার করিব। ২২। সেই প্রলয়ে ভাসমান অবস্থায় আমার কৃপায় তোমার মদীয় তত্ত্ব জানিতে ইচ্ছা হইবে। তাহাতে তুমি যে সকল প্রশ্ন করিবে, সেই প্রশ্নের উত্তরে আমি তোমাকে আমার পরব্রহ্মরূপী মহিমাকে বিস্তার করিয়া বলিব। তুমি হৃদয়ে তাহা অনুভব করিতে পারিবে। হে মহারাজ! রাজা সত্যব্রতকে মৎস্যরূপধারী হরি এইরূপ আদেশ করিয়া তৎক্ষণাৎ অন্তর্হিত হইলেন। হৃষীকেশ হরি যে সময়ে এই সকল ঘটিবে আদেশ করিলেন, রাজা সেই কালের অপেক্ষা করিতে থাকিলেন। কুশাগ্র সমস্ত পূর্ব্বমুখী করিয়া আসনরূপে বিস্তারপূর্ব্বক রাজর্ষি সত্যব্রত পূর্ব্বমুখী হইয়া ধ্যানে বসিলেন। সেই মৎস্যরূপ-ধারী হরির পদযুগল হৃদয়ে চিন্তা করিতে থাকিলেন। হে মহারাজ! ক্রমে প্রাগুক্ত সময় উপস্থিত হইলে, সমুদ্র উদ্বেলিত হইয়া সমগ্র পৃথিবীতে প্লাবিত হইতে থাকিল, মহামেঘসমূহ আকাশে সমুদিত হইয়া বারি বর্ষণ করিতে থাকিল। রাজর্ষি ইহা দর্শন করিলেন। এমন সময়ে তাঁহার সম্মুখে পূর্ব্বকথিত নৌকা উপস্থিত হইল; এতদ্দর্শনে এবং ভগবানের পূর্ব্বকথা স্মরণ করিয়া, তাঁহা কর্ত্তৃক পূর্ব্বসংগৃহীত ঔষধি বীরুধাদির বীজ, (প্রাণীসমূহ) এবং আম-ন্ত্রিত সপ্তর্ষিগণকে লইয়া সেই নৌকাতে তিনি আরোহণ করাইলেন। এই কার্য্যে সেই মুনিগণ প্রীত হইয়া রাজাকে কহিলেন :—হে রাজন্! আপনি একান্তমনে সেই কেশবকে ধ্যান করুন। তিনিই এই ঘোর সঙ্কট হইতে আমাদের উদ্ধারকর্ত্তা হইয়া মঙ্গল বিধান করি-বেন। হে মহারাজ! সেই মুনিগণের অনুজ্ঞামতে রাজর্ষি ভগবানের ধ্যান করিতে থাকিলেন। সেই সময়ে সেই মহার্ণবে, নিযুতযোজনবিস্তীর্ণ, একশৃঙ্গধর, স্বর্ণময় একটি মৎস্যমূর্ত্তি আবি-র্ভূত হইল। ২৩। এতদ্দর্শনে রাজা স্তবচ্ছলে বলিতে থাকিলেন :—এই ঘোরা অনাদি অবি-দ্যাতে আচ্ছন্ন হইয়া জীবে আপনার তত্ত্বজ্ঞান হারাইয়া এই অজ্ঞানের মূলস্বরূপ সংসারভোগে যে জন্মমৃত্যুজনিত কষ্টে অতি পরিশ্রান্ত হইয়া থাকে। সেই পরিশ্রান্ত ব্যক্তিদিগের প্রতি যাঁহার কৃপা হইলে, অজ্ঞানক্ষয়ে জীবে যাঁহাকে প্রাপ্ত হয়, আপনি (মৎস্যরূপে) আমাদের পক্ষে মুক্তিদাতা ও পরমগুরু হইতেছেন। ২৪। ২৫। যতক্ষণ লোকে নিজ কর্ম্মবন্ধনের জন্য এক কর্ম্মে দুঃখভোগ করিয়া সুখলাভের জন্য অন্য সকল কর্ম্মের ইচ্ছা করে, ততক্ষণ সে ব্যক্তি জ্ঞানশূন্য হইতেছে। যাঁহার সেবারূপী কর্ম্মে সেই সকল কর্ম্মরূপী অসাধু ইচ্ছা ও হৃদয়-গ্রন্থি অর্থাৎ কর্ম্মভোগবাসনা ক্ষয় হইয়া যায়; আপনি আমাদের সেইরূপ পরমগুরু হইতে-ছেন।২৬। রৌপ্য যেমন অগ্নির সংযোগে নিজের মালিন্যক্ষয়ে স্বরূপ লাভ করে, তদ্রূপ যাঁহার সেবা করিলে পুরুষের অজ্ঞান ক্ষয় হয়, তৎস্বরূপলাভ হয়, সেই অব্যয় ঈশ্বর আপনি হইতেছেন। আমাদের জ্ঞানদাতা পরমগুরু হইতেও আপনি গুরু হইতেছেন। ২৭। জগ-তের সমস্ত ভাগ্যবিধাতা দেবতা এবং উপদেষ্টাগুরুগণ লোকসমূহকে যে কৃপাবিধান করেন,

সে কৃপা আপনার পূর্ণপ্রসাদের অযুতভাগের এক ভাগের সমতুল্যও হইতে পারে না; আপনি সেই কৃপাবিধাতা ঈশ্বর হইতেছেন"। আমরা আপনার আশ্রয় ভিক্ষা করিতেছি।২৮। যেমন চক্ষুহীন অন্ধ ব্যক্তিকে অন্য চক্ষুহীন ব্যক্তি পথ প্রদর্শন করিলে বিপথে গমন ঘটে, তদ্রূপ ভগবত্তত্ত্ববিষয়ে অজ্ঞজনকে গুরু করিলে, মুর্খ জীবের বিষয়পথেই গতি ঘটে। কিন্তু যাঁহার চক্ষু সূর্য্যের ন্যায় অন্ধকারনাশী ও সর্ব্বত্র বিস্তৃত, আমরা নিজ নিজ গতি জানিতে ইচ্ছা করিয়া, সেই আপনাকেই গুরুপদে বরণ করিতেছি; (আমাদের উদ্ধার করুন)। ২৯। মর্ত্ত্যজীব মর্ত্ত্যজীবের গুরু হইয়া যে সকল উপদেশ প্রদান করে, তাহাতে অর্থকামাদিপূর্ণ অসাধু পথেই গমন ঘটে। তাহাতে জীবের ঘোর সংসারই ঘটিয়া থাকে। আপনি নির্ম্মল জ্ঞানে পূর্ণ এবং অব্যয় পুরুষ হইতেছেন। আপনাতে প্রপন্ন হইলে জীব আপনার অমৃত পদবী লাভ করিয়া থাকে। ৩০। আপনি সকল জীবের বন্ধু, প্রিয়, ঈশ্বর, আত্মা, জ্ঞান এবং প্রকৃত সিদ্ধিস্বরূপ হইতেছেন। ইহসংসারী জীবের হৃদয়ে সংসারজনিত অজ্ঞানকামনা বদ্ধমূল থাকাতে আপনি হৃদয়স্থ থাকিতেও আপনাকে তাহারা জানিতে পারে না। ৩১। হে দেববর! হে বরেণ্য! আমি আপনাকে ঈশ্বর জানিয়াই উপদেশ লাভার্থ প্রপন্ন হইতেছি। পরমার্থ-প্রকাশক বাক্যে আমাদের হৃদয়স্থ অহঙ্কারাদি গ্রন্থি ছেদন করুন। আপনার অমৃত-পদবী প্রকাশ করুন। ৩২। পূর্ব্বকথা সমাপন করিয়া শ্রীশুকদেব কহিলেন :—নৃপতি সত্যব্রত এইরূপে স্তব করিলে মৎস্যরূপে প্রলয়সাগরে বিচরণকারী সেই ভগবান্ আদি পুরুষ, নৃপতিকে বহু উপদেশ দিয়াছিলেন। ৩৩। সেই উপদেশচ্ছলে ভগবান্ যাহা বলিয়াছিলেন, তাহাই সাংখ্যযোগক্রিয়াবতী পবিত্রা মৎস্যপুরাণসংহিতা হইতেছে। তাহাতে ভগবান্ রাজর্ষি সত্যব্রতকে গোপনীয় আত্মতত্ত্বকথা বর্ণনা করিয়াছিলেন। ৩৪। ভগবান্ উপদেশ-চ্ছলে যে সনাতন বেদ ও অসংশিত আত্মতত্ত্ব বলিয়াছিলেন; নৌকারোহণে নৃপতি সত্যব্রত তাহা সপ্তর্ষিগণের সহিত শ্রবণ করিয়াছিলেন। ৩৫। এইরূপ উপদেশ করিতে করিতে ব্রহ্মা জাগ্রত হইলে, প্রলয় অতীত হইল। তখন ভগবান্ হরি হয়গ্রীবাসুরকে বধ করিয়া বেদ উদ্ধার করিয়াছিলেন। ৩৬। হে রাজন্! সেই সত্যব্রত মহীপতি ভগবান্ বিষ্ণুর কৃপায় জ্ঞানবিজ্ঞানসংযুক্ত হইয়া বর্ত্তমান বৈবস্বত মন্বন্তরে বৈবস্বতমনু হইয়াছিলেন। ৩৭। সেই শার্ঙ্গধন্বা হরির এই মায়ামৎস্যভাবজনিত লীলা এবং রাজর্ষি সত্যব্রতের চরিত্ররূপী মহদাখ্যান যে ব্যক্তি শ্রবণ করে, সে মহাপাপ হইতে মুক্ত হয়। ৩৮। হরির এই লীলা-বতার-কথা যে ব্যক্তি নিত্য নিত্য কীর্ত্তন করে, তাহার সকল সংকল্প সুফল প্রসব করে, অন্তে সে পরমাগতি প্রাপ্ত হয়। ৩৯। ব্রহ্মা নিদ্রিত হইলে তাঁহার বদন হইতে নিঃসৃত বেদ অসুর কর্ত্তৃক প্রলয়সলিলে অপহৃত হইলে, যিনি অসুরবধ করিয়া তাহা উদ্ধার করেন, যিনি সত্যব্রতাদি ঋষিগণকে বেদ ব্যাখ্যান করেন; সেই অখিল-কর্ম্ম-প্রকাশ-কর্ত্তা মায়ামৎস্যরূপ-ধারী হরিকে আমি বারম্বার প্রণাম করি। ৮। ২৪। ৪০।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে চতুর্ব্বিংশতি অধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। এই শেষ শ্লোকে শ্রীশুকদেবের স্তবে মৎস্যরূপের পরমার্থ বিশেষরূপেই প্রকাশ হইল। যখনই প্রলয় হয় অর্থাৎ চৈতন্য জ্ঞানাদির ক্ষয়ে সংসারে মহাপ্রলয় উপস্থিত হইলে সর্ব্বাধার ব্রহ্মা অর্থাৎ ঈশবুদ্ধি তখন নিশ্চেষ্ট ও কর্ম্মশক্তিহীন বা নিদ্রিত হয়েন। তখন তাঁহার মুখনিঃসৃত অর্থাৎ ব্রহ্মবুদ্ধি প্রকাশ্য জ্ঞানকর্ম্মাদিতত্ত্বরূপী বেদ অজ্ঞান অসুরে গ্রাস অর্থাৎ আবৃত করে। সেই সময়ে, অজ্ঞান নাশ করিতে এবং ভক্তজনকে আত্মতত্ত্বোপদেশ দিতে যিনি মৎস্যমূর্ত্তি অর্থাৎ সর্ব্বাধার মূর্ত্তিধারণ করেন; সেই পরমাত্মাকে শুকদেব প্রণাম করিতেছেন। ইহাই ভগবানের পক্ষে জীব ও জগতের পালনীলীলা হইতেছে। শুকদেব রাজা পরীক্ষিৎকে হরির এই কৃপাযুক্তা পালনী লীলার তত্ত্ব মৎস্যাবতার-কথা প্রসঙ্গে বর্ণনা করিয়া অষ্টমস্কন্ধের উপসংহার করিলেন।

ইতি শ্রীভাগবতে অষ্টমস্কন্ধে চতুর্ব্বিংশতি অধ্যায়ে ক্ষত্রিয়বর্ণস্থ বিশ্বামিত্র গোত্রজ
ব্রহ্ম কায়স্থ বংশে জাত চণ্ডীচরণাত্মজ কালিদাস সুতোমেশচন্দ্র
বরদাগর্ভজোপেন্দ্র কৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

ইতি অষ্টমস্কন্ধ সমাপ্ত।

সচিত্র সানুবাদ সটীক

শ্রীমদ্ভাগবতসংহিতা।

মহাপুরাণ।

(শ্রুতি, মীমাংসা, ন্যায়, বেদান্ত, বৈষ্ণবশাস্ত্র ও সংহিতাদির মতে সাধারণ ও আধ্যাত্মিক-ব্যাখ্যাসংযুক্ত)

নবমস্কন্ধ।

মদনমোহন মূর্ত্তি।

শ্রীউপেন্দ্র চন্দ্র মিত্র ভক্তিতীর্থ কর্ত্তৃক সঙ্কলিত।

কলিকাতা ১৬৪ নং মাণিকতলা ষ্ট্রীট, ভাগবত-সভা হইতে প্রকাশিত।

[দ্বিতীয় সংস্করণ।]

৫৪।২।১ নং গ্রে ষ্ট্রীট, আর্য্যযন্ত্রে, শ্রীগিরিশচন্দ্র ঘোষ দ্বারা মুদ্রিত।

সন ১৩০০ সাল।

ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

শ্রীমদ্ভাগবতসংহিতা।

নবম স্কন্ধ।

অথ প্রথম অধ্যায়।

পূর্ব্বকথা শ্রবণ করিয়া পরমাশ্চর্য্যে রাজা পরীক্ষিৎ শ্রীশুকদেবকে জিজ্ঞাসা করিলেন—হে গুরো! সমুদয় মন্বন্তর এবং সেই সকল মন্বন্তরে অনন্তবীর্য্য ভগবান্ হরি যে সমস্ত বীর্য্য ও কর্ম্ম প্রকাশ করিয়াছেন, তৎসমস্ত আপনি কহিলেন—আমি শ্রবণ করিলাম। ১।

ব্যাখ্যা। এই স্কন্ধটি চতুর্ব্বিংশতি অধ্যায়ে পূর্ণ হইতেছে। ইহাতে রাজা পরীক্ষিৎ ইক্ষ্বাকু প্রভৃতি নৃপতিগণের চরিত্র হইতে তাঁহাদের বংশপরম্পরায় যে সূর্য্য ও চন্দ্রবংশ প্রকাশ হইয়াছিল; সেই সকল বংশীয় নৃপতিগণের চরিত্র শুনিতে ইচ্ছা করিতেছেন। অষ্টমস্কন্ধে ভগবান্ কি ভাবে মন্বন্তরে মন্বন্তরে অবতীর্ণ হয়েন, কি ভাবে ধর্ম্মাদি স্থাপন করিয়া সংসার পালন করেন, তাহাই বর্ণিত হইয়াছে। অষ্টমস্কন্ধে পঞ্চমাধ্যায়ের দশমশ্লোকে ভগবান্ ব্রহ্মার উক্তিতে শ্রীশুকদেব বলিয়াছেন যে:—দেবতাদি হইতে মনু ও নৃপতিবর্গ সকলেই ভগবানের ঐশ্বর্য্যরূপী অবতার হইতেছেন। রাজা পরীক্ষিৎ সেই কথার বিস্তার তত্ত্ব জানিবার জন্য এই স্কন্ধে শুকদেবকে জিজ্ঞাসা করিলেন:—কেবল নৃপতি সত্যব্রতকে ভগবান মৎস্যরূপে জ্ঞানধর্ম্মাদি শিক্ষা দিলেন এবং বৈবস্বৎ মন্বন্তরে তিনিই মনু হইবেন, এরূপ আশীর্ব্বাদ করিলেন। সেই ভগবচ্ছিষ্যস্বরূপ বৈবস্বত মনুই বর্ত্তমান বৈবস্বত মন্বন্তরের আদি পৃথিবী পালনকর্ত্তা হইতেছেন। ইক্ষ্বাকু প্রভৃতি তাঁহারই পুত্র হইতেছেন। সেই ইক্ষ্বাকু প্রভৃতি হইতে চন্দ্র ও সূর্য্যবংশের প্রকাশ হইয়াছে। আমি যে পাণ্ডবনন্দন, আমিও সেই ভগবানের কৃপাসৃষ্ট চন্দ্রবংশের পুত্র হইতেছি। অতএব হে গুরো! আমাদের পূর্ব্বপুরুষ-স্বরূপ সেই সূর্য্যচন্দ্রবংশীয় নৃপতিগণ, যাঁহাদের পূর্ব্বপুরুষ ভগবানের নিজ শিষ্য হইতেছেন, তাঁহারা কিরূপে ধর্ম্মমতে পৃথিবীপালনরূপী সংসার-কার্য্য করিয়া ভগবানে চিত্তার্পণ করিয়াছিলেন; সেই কথা আমাকে বলুন। কারণ স্বয়ং ভগবান্ সত্যব্রত নৃপতিকে অর্থাৎ বৈবস্বত মনুকে সংসার-কার্য্যের সহিত ভক্তিপালন করিতে শিক্ষা দিয়াছেন। এই অধ্যায়ের বিশেষ তাৎপর্য্য এই যে:—সংসারে বিষয়ভোগ ও ভগবৎপরায়ণতা এই দুইটিই পরস্পর বিরুদ্ধ স্বভাবসম্পন্ন হইতেছে। কিন্তু মনুকে ভগবান্ তাহাই উপদেশ দিয়াছেন। কি প্রকারে চন্দ্র-সূর্য্যবংশীয় নৃপতিগণ সংসার ও বৈরাগ্য উভয় ভোগ করিয়াছিলেন; তাঁহাদের চরিত্রে নৃপতি পরীক্ষিৎ ইহাই জানিতে চাহিতেছেন। জীবের পক্ষে ধর্ম্মপালন, ভক্তিসাধন অথচ সংসার-

জনিত বিষয়ভোগ একত্রে কিরূপে সংভুক্ত হইতে পারে, এবং তাহার ফলই বা কি, তাহাই অধ্যাত্ম-পক্ষে এই অধ্যায়ে প্রকাশ হইবে।

দ্রাবিড়াধিপতি সত্যব্রত নামক রাজর্ষি, অতীত কল্পের শেষভাগে যে প্রকারে ভগবানের সেবা করিয়া জ্ঞানলাভ করিয়াছিলেন।২। পরে তিনি যে উপায়ে বিবস্বৎপুত্র মনু হইয়া উৎপন্ন হন, তাহাও শুনিলাম। ইক্ষ্বাকু প্রভৃতি রাজগণ সেই বৈবস্বত মনুর তনয় হইতেছেন।৩। ঐ সকল রাজার পৃথক্ পৃথক্ বংশ ও বংশানুচরিত শ্রবণ করিতে আমার সর্ব্বদাই অভিলাষ হইতেছে। হে ব্রহ্মন্! অনুগ্রহপূর্ব্বক উহা কীর্ত্তন করুন।৪। হে মহাত্মন্! ঐ বংশে যে সকল ব্যক্তি পূর্ব্বে অবতীর্ণ হইয়াছিলেন; যাঁহারা পরে হইবেন, এবং যাঁহারা সম্প্রতি বর্ত্তমান আছেন,—সেই সকল পুণ্যকীর্ত্তিবান্ মানবগণের বিক্রমসমূহ যথানিয়মে বর্ণনা করিতে আজ্ঞা হউক।৫। শৌনকাদিকে সম্বোধন পূর্ব্বক শ্রীসূত কহিলেন,—ব্রহ্মবাদী ঋষিগণের সভামধ্যে রাজা পরীক্ষিৎকর্ত্তৃক এই প্রকার জিজ্ঞাসিত হইয়া পরমধর্ম্মজ্ঞ শুকদেবঃপুনর্ব্বার এই সকল কথা বলিতে আরম্ভ করিলেন।৬। শ্রীশুকদেব কহিলেন:—হে পরন্তপ! বহুশত বৎসরেও মনুবংশের বিস্তৃত বৃত্তান্ত বলিতে পারা যায় না। তবে আমি যথাসাধ্য প্রচুররূপে কীর্ত্তন করিতেছি—শ্রবণ কর।৯ম।১।৭।

হে মহারাজ! যে পরম-পুরুষ, উৎকৃষ্ট ও অপকৃষ্ট—সকল ভূতেরই আত্মা। কল্পান্তে একমাত্র তিনিই ছিলেন,—অন্য কিছুই ছিল না।৮। সেই পুরুষের নাভি হইতে একটী হিরণ্ময় পদ্ম উৎপন্ন হয়। হে মহারাজ! তাহা হইতে চতুরানন স্বয়ম্ভু ব্রহ্মা উদ্ভূত হয়েন।৯। তাঁহার মন হইতে মরীচি উৎপন্ন হয়েন। মরীচির পুত্র কশ্যপ হইতেছেন। তাঁহার ঔরসে দাক্ষায়ণী অদিতির গর্ভে বিবস্বান্ উৎপন্ন হয়েন।১০। হে ভারত! সেই বিবস্বান্ হইতে দেবী সংজ্ঞার গর্ভে শ্রাদ্ধদেব নামে মনু জন্মগ্রহণ করেন। তাঁহার ঔরসে তদীয় পত্নী শ্রদ্ধার গর্ভে দশটী পুত্র উৎপন্ন হইয়াছিল।১১। তাহাদের নাম,—ইক্ষ্বাকু, নৃগ, শর্য্যাতি, দিষ্ট, ধৃষ্ট, করূষ, নরিষ্যন্ত, পৃষধ্র, নভগ ও কবি হইতেছে।১২। হে রাজন্! ইক্ষ্বাকু-প্রভৃতি সন্তান জন্মাইবার পূর্ব্বে শ্রাদ্ধদেব মনু নিঃসন্তান ছিলেন; সেই জন্য ক্ষমতাশালী ব্রহ্মপুত্র ভগবান্ বশিষ্ঠ তাঁহার সন্তানার্থ মিত্রাবরুণ নামে যজ্ঞ করেন।১৩। মনুর পত্নী শ্রদ্ধা, সেই যজ্ঞে পয়োমাত্রপানরূপী ব্রত করিয়া, উৎকট নিয়ম ধারণপূর্ব্বক হোতার নিকট গমন এবং তাঁহাকে প্রণাম করিয়া একটী কন্যার জন্য প্রার্থনা করেন।১৪। অধ্বর্য্যু তাঁহার কথায় কন্যার জন্য যাগ কর, হোতাকে এইরূপ বলিলে, হোতা হবিগ্রহণ করিয়া মুখে বষট্কার উচ্চারণ এবং অন্তরে কন্যা প্রার্থনা করতঃ যজ্ঞ করিলেন।১৫। মনুদেব পুত্রার্থে যজ্ঞ করিতেছিলেন। তৎপত্নীর কথায় হোতা কন্যা প্রার্থনা করিলেন। হোতার এতাদৃশ মন্ত্র ব্যভিচারে ইলা নামে কন্যা হইল। মনু কন্যা দেখিয়া অসন্তুষ্টমনে গুরুকে কহিলেন:—১৬। হে ভগবন্! আপনারা ব্রহ্মবাদী, আপনাদের একি বিপরীত কর্ম্ম হইল! কি কষ্ট! কি আশ্চর্য্য! আপনাদের দ্বারা এ প্রকারে মন্ত্রের অন্যথা হওয়া উচিত হয় নাই।১৭। আপনারা ব্রহ্মজ্ঞ এবং যোগী; তপোরূপ অগ্নিতে আপনাদের অশেষ কলুষ দগ্ধ হইয়াছে; দেবগণের পক্ষে

ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

শ্রীমদ্ভাগবতসংহিতা।

নবম স্কন্ধ।

অথ প্রথম অধ্যায়।

পূর্ব্বকথা শ্রবণ করিয়া পরমাশ্চর্য্যে রাজা পরীক্ষিৎ শ্রীশুকদেবকে জিজ্ঞাসা করিলেন—হে গুরো! সমুদয় মন্বন্তর এবং সেই সকল মন্বন্তরে অনন্তবীর্য্য ভগবান্ হরি যে সমস্ত বীর্য্য ও কর্ম্ম প্রকাশ করিয়াছেন, তৎসমস্ত আপনি কহিলেন—আমি শ্রবণ করিলাম। ১।

ব্যাখ্যা। এই স্কন্ধটি চতুর্ব্বিংশতি অধ্যায়ে পূর্ণ হইতেছে। ইহাতে রাজা পরীক্ষিৎ ইক্ষ্বাকু প্রভৃতি নৃপতিগণের চরিত্র হইতে তাঁহাদের বংশপরম্পরায় যে সূর্য্য ও চন্দ্রবংশ প্রকাশ হইয়াছিল; সেই সকল বংশীয় নৃপতিগণের চরিত্র শুনিতে ইচ্ছা করিতেছেন। অষ্টমস্কন্ধে ভগবান্ কি ভাবে মন্বন্তরে মন্বন্তরে অবতীর্ণ হয়েন, কি ভাবে ধর্ম্মাদি স্থাপন করিয়া সংসার পালন করেন, তাহাই বর্ণিত হইয়াছে। অষ্টমস্কন্ধে পঞ্চমাধ্যায়ের দশমশ্লোকে ভগবান্ ব্রহ্মার উক্তিতে শ্রীশুকদেব বলিয়াছেন যে:—দেবতাদি হইতে মনু ও নৃপতিবর্গ সকলেই ভগবানের ঐশ্বর্য্যরূপী অবতার হইতেছেন। রাজা পরীক্ষিৎ সেই কথার বিস্তার তত্ত্ব জানিবার জন্য এই স্কন্ধে শুকদেবকে জিজ্ঞাসা করিলেন:—কেবল নৃপতি সত্যব্রতকে ভগবান মৎস্যরূপে জ্ঞানধর্ম্মাদি শিক্ষা দিলেন এবং বৈবস্বৎ মন্বন্তরে তিনিই মনু হইবেন, এরূপ আশীর্ব্বাদ করিলেন। সেই ভগবচ্ছিষ্যস্বরূপ বৈবস্বত মনুই বর্ত্তমান বৈবস্বত মন্বন্তরের আদি পৃথিবী পালনকর্ত্তা হইতেছেন। ইক্ষ্বাকু প্রভৃতি তাঁহারই পুত্র হইতেছেন। সেই ইক্ষ্বাকু প্রভৃতি হইতে চন্দ্র ও সূর্য্যবংশের প্রকাশ হইয়াছে। আমি যে পাণ্ডবনন্দন, আমিও সেই ভগবানের কৃপাসৃষ্ট চন্দ্রবংশের পুত্র হইতেছি। অতএব হে গুরো! আমাদের পূর্ব্বপুরুষস্বরূপ সেই সূর্য্যচন্দ্রবংশীয় নৃপতিগণ, যাঁহাদের পূর্ব্বপুরুষ ভগবানের নিজ শিষ্য হইতেছেন, তাঁহারা কিরূপে ধর্ম্মমতে পৃথিবীপালনরূপী সংসার-কার্য্য করিয়া ভগবানে চিত্তার্পণ করিয়াছিলেন; সেই কথা আমাকে বলুন। কারণ স্বয়ং ভগবান্ সত্যব্রত নৃপতিকে অর্থাৎ বৈবস্বত মনুকে সংসার-কার্য্যের সহিত ভক্তিপালন করিতে শিক্ষা দিয়াছেন। এই অধ্যায়ের বিশেষ তাৎপর্য্য এই যে:—সংসারে বিষয়ভোগ ও ভগবৎপরায়ণতা এই দুইটিই পরস্পর বিরুদ্ধ স্বভাবসম্পন্ন হইতেছে। কিন্তু মনুকে ভগবান্ তাহাই উপদেশ দিয়াছেন। কি প্রকারে চন্দ্র-সূর্য্যবংশীয় নৃপতিগণ সংসার ও বৈরাগ্য উভয় ভোগ করিয়াছিলেন; তাঁহাদের চরিত্রে নৃপতি পরীক্ষিৎ ইহাই জানিতে চাহিতেছেন। জীবের পক্ষে ধর্ম্মপালন, ভক্তিসাধন অথচ সংসার-

জনিত বিষয়ভোগ একত্রে কিরূপে সংভুক্ত হইতে পারে, এবং তাহার ফলই বা কি, তাহাই অধ্যাত্ম-পক্ষে এই অধ্যায়ে প্রকাশ হইবে।

দ্রাবিড়াধিপতি সত্যব্রত নামক রাজর্ষি, অতীত কল্পের শেষভাগে যে প্রকারে ভগবানের সেবা করিয়া জ্ঞানলাভ করিয়াছিলেন।২। পরে তিনি যে উপায়ে বিবস্বৎপুত্র মনু হইয়া উৎপন্ন হন, তাহাও শুনিলাম। ইক্ষ্বাকু প্রভৃতি রাজগণ সেই বৈবস্বত মনুর তনয় হইতেছেন।৩। ঐ সকল রাজার পৃথক্ পৃথক্ বংশ ও বংশানুচরিত শ্রবণ করিতে আমার সর্ব্বদাই অভিলাষ হইতেছে। হে ব্রহ্মন্! অনুগ্রহপূর্ব্বক উহা কীর্ত্তন করুন।৪। হে মহাত্মন্! ঐ বংশে যে সকল ব্যক্তি পূর্ব্বে অবতীর্ণ হইয়াছিলেন; যাঁহারা পরে হইবেন, এবং যাঁহারা সম্প্রতি বর্ত্তমান আছেন,—সেই সকল পুণ্যকীর্ত্তিমান্ মানবগণের বিক্রমসমূহ যথানিয়মে বর্ণনা করিতে আজ্ঞা হউক।৫। শৌনকাদিকে সম্বোধন পূর্ব্বক শ্রীসূত কহিলেন,—ব্রহ্মবাদী ঋষিগণের সভামধ্যে রাজা পরীক্ষিৎকর্ত্তৃক এই প্রকার জিজ্ঞাসিত হইয়া পরমধর্ম্মজ্ঞ শুকদেব পুনর্ব্বার এই সকল কথা বলিতে আরম্ভ করিলেন।৬। শ্রীশুকদেব কহিলেন:—হে পরন্তপ! বহুশত বৎসরেও মনুবংশের বিস্তৃত বৃত্তান্ত বলিতে পারা যায় না। তবে আমি যথাসাধ্য প্রচুররূপে কীর্ত্তন করিতেছি—শ্রবণ কর।৯ম।১।৭।

হে মহারাজ! যে পরম-পুরুষ, উৎকৃষ্ট ও অপকৃষ্ট—সকল ভূতেরই আত্মা। কল্পান্তে একমাত্র তিনিই ছিলেন,—অন্য কিছুই ছিল না।৮। সেই পুরুষের নাভি হইতে একটী হিরণ্ময় পদ্ম উৎপন্ন হয়। হে মহারাজ! তাহা হইতে চতুরানন স্বয়ম্ভূ ব্রহ্মা উদ্ভূত হয়েন।৯। তাঁহার মন হইতে মরীচি উৎপন্ন হয়েন। মরীচির পুত্র কশ্যপ হইতেছেন। তাঁহার ঔরসে দাক্ষায়ণী অদিতির গর্ভে বিবস্বান্ উৎপন্ন হয়েন।১০। হে ভারত! সেই বিবস্বান্ হইতে দেবী সংজ্ঞার গর্ভে শ্রাদ্ধদেব নামে মনু জন্মগ্রহণ করেন। তাঁহার ঔরসে তদীয় পত্নী শ্রদ্ধার গর্ভে দশটী পুত্র উৎপন্ন হইয়াছিল।১১। তাহাদের নাম,—ইক্ষ্বাকু, নৃগ, শর্য্যাতি, দিষ্ট, ধৃষ্ট, করূষ, নরিষ্যন্ত, পৃষধ্র, নভগ ও কবি হইতেছে।১২। হে রাজন্! ইক্ষ্বাকু-প্রভৃতি সন্তান জন্মাইবার পূর্ব্বে শ্রাদ্ধদেব মনু নিঃসন্তান ছিলেন; সেই জন্য ক্ষমতাশালী ব্রহ্মপুত্র ভগবান্ বশিষ্ঠ তাঁহার সন্তানার্থ মিত্রাবরুণ নামে যজ্ঞ করেন।১৩। মনুর পত্নী শ্রদ্ধা, সেই যজ্ঞে পয়োমাত্রপানরূপী ব্রত করিয়া, উৎকট নিয়ম ধারণপূর্ব্বক হোতার নিকট গমন এবং তাঁহাকে প্রণাম করিয়া একটী কন্যার জন্য প্রার্থনা করেন।১৪। অধ্বর্য্যু তাঁহার কথায় কন্যার জন্য যাগ কর, হোতাকে এইরূপ বলিলে, হোতা হবির্গ্রহণ করিয়া মুখে বষট্‌কার উচ্চারণ এবং অন্তরে কন্যা প্রার্থনা করতঃ যজ্ঞ করিলেন।১৫। মনুদেব পুত্রার্থে যজ্ঞ করিতেছিলেন। তৎপত্নীর কথায় হোতা কন্যা প্রার্থনা করিলেন। হোতার এতাদৃশ মন্ত্র ব্যভিচারে ইলা নামে কন্যা হইল। মনু কন্যা দেখিয়া অসন্তুষ্টমনে গুরুকে কহিলেন:—১৬। হে ভগবন্! আপনারা ব্রহ্মবাদী, আপনাদের একি বিপরীত কর্ম্ম হইল! কি কষ্ট! কি আশ্চর্য্য! আপনাদের দ্বারা এ প্রকারে মন্ত্রের অন্যথা হওয়া উচিত হয় নাই।১৭। আপনারা ব্রহ্মজ্ঞ এবং যোগী; তপোরূপ অগ্নিতে আপনাদের অশেষ কলুষ দগ্ধ হইয়াছে; দেবগণের পক্ষে

মিথ্যা যেমন অসম্ভবনীয়, তদ্রূপ আপনাদিগের সঙ্কল্পবৈষম্য অসম্ভব হইতেছে। ১৮। হে রাজন্! মনুর ঐ সকল বাক্য শ্রবণানন্তর প্রপিতামহ মহর্ষি বশিষ্ঠ, হোতার ব্যতিক্রম বুঝিতে পারিয়া সূর্য্যপুত্রকে ইহা কহিলেন। ১৯। হে বৎস! যদিও তোমার হোতাগণ মন্ত্রের অন্যথাচরণ করিয়াছেন, তথাপি আমি স্বীয় তেজে তোমাকে সৎপুত্রবান্ করিব। ২০। হে রাজন্! ভগবান্ মহাযশা বশিষ্ঠ এইরূপ উদ্যোগী হইয়া সেই মনু-কন্যা ইলার পুরুষত্ব কামনায় আদি-পুরুষের স্তব করিতে লাগিলেন। ২১। তাঁহার স্তবে তুষ্ট হইয়া ভক্তের ভগবান্ হরি, তাঁহার কামনানুরূপ বরদান করিলেন। সেই বরপ্রভাবে মনু-কন্যা ইলা সুদ্যুম্ন নামে এক শ্রেষ্ঠপুরুষরূপ ধারণ করিলেন। ২২। হে মহারাজ! মহাবীর সুদ্যুম্ন একদা বনে মৃগয়া করিবার জন্য, সৈন্ধব অশ্বে আরোহণপূর্ব্বক কতিপয় অমাত্যসেনা পরিবৃত হইয়া, অরণ্যে গমন করিয়াছিলেন। ২৩। তিনি মনোহর শরাসন ও পরমাদ্ভুত শরসমুদায় ধারণ করতঃ অরণ্যে প্রবেশ করিয়া মৃগের পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইতে হইতে উত্তরদিকে যাইতে লাগিলেন। ২৪। সেই উত্তর দিকে যাইতে যাইতে মেরুর অধঃস্থিত হর-পার্ব্বতীর বিহারস্থানরূপী সুকুমার নামক বনে প্রবিষ্ট হইলেন। ২৫। হে মহারাজ! সেই অরণ্যমধ্যে প্রবিষ্ট হইবামাত্র সেই শত্রুঘ্ন সুদ্যুম্ন স্ত্রীত্ব প্রাপ্ত হইলেন; তাঁহার ঘোটক, ঘোটকীতে পরিণত হইল। তিনি আপনাকে স্ত্রীরূপী এবং ঘোটককে বড়বারূপী দেখিলেন। ২৬। তাঁহার অনুচর সকলেও আপনাদিগের নারীরূপ দেখিয়া পরস্পরে পরস্পরের প্রতি দৃষ্টিনিক্ষেপপূর্ব্বক অতি দুঃখিত হইল। ২৭। শ্রীশুকদেবের বর্ণনায় ইহা শ্রবণে আশ্চর্য্য হইয়া রাজা কহিলেন, হে ভগবন্! ঐ স্থান কি কারণে ঐরূপ গুণযুক্ত হইয়াছিল এবং কোন্ ব্যক্তিই বা ঐ স্থানকে তদ্রূপ করিয়াছিলেন? এ বিষয় জানিতে আমার পরম কৌতূহল হইয়াছে, অনুগ্রহপূর্ব্বক আমার এই প্রশ্নের উত্তর দিউন। ২৮। শ্রীশুকদেব কহিলেন, হে রাজন্! একদা সুব্রত সনকাদি—ঋষিগণ, ভগবান্ গিরীশের দর্শন-বাসনায় স্ব স্ব প্রভাব দ্বারা দিক্ সকলের অন্ধকার হরণ এবং সূর্য্যাদি গ্রহজনিত প্রভাব দীপ্তি নাশ করিয়া ঐ কাননে প্রবিষ্ট হইয়াছিলেন। ২৯। তৎকালে ভগবতী অম্বিকা দেবী বিবসনা ছিলেন। মুনিদিগকে অবলোকন করিয়া তিনি সাতিশয় লজ্জিতা হইলেন এবং ব্যস্ত সমস্ত হইয়া পতির অঙ্ক হইতে উত্থান করিয়া সত্বর কটিবসন পরিধান করিলেন। ৩০। হর-গৌরীর রতি-ক্রীড়াভিনিবেশ দর্শন করিয়া সেই সকল ঋষিরও মানস স্ত্রীপ্রসঙ্গে কলুষিত হইবার উপক্রম হইল, তাঁহারা তৎক্ষণাৎ সেই কানন হইতে নির্গত হইয়া, নরনারায়ণাশ্রমে গমন করিলেন। ৩১। গৌরীদেবীকে দুঃখিতা ও লজ্জিতা দেখিয়া ভগবান্ শঙ্কর, প্রেয়সীর প্রিয়-কামনায় তাঁহাকে সান্ত্বনা করিয়া কহিলেন, হে দেবি! এখন হইতে যে পুরুষ এ স্থানে প্রবেশ করিবে, সে তৎক্ষণাৎ স্ত্রীত্ব প্রাপ্ত হইবে। ৩২। হে রাজন্! তদবধি পুরুষমাত্রেই ঐ অরণ্য পরিত্যাগ করিয়াছিল। এই হেতু রাজা সুদ্যুম্ন সানুচরে এইরূপ স্ত্রীত্ব প্রাপ্ত হইয়া বনে বনে ভ্রমণ করিতে লাগিলেন। ৩৩। একদা তিনি সেই সমস্ত অনুচরী স্ত্রীগণে পরিবৃত হইয়া ভগবান্ বুধের আশ্রম-সমীপে উপনীত হয়েন। বুধ সেই সুন্দরী কামিনীকে দেখিতে পাইলেন; দেখিবামাত্র তাঁহার কামে ভুর হইল। ৩৪। এদিকে সোমদেবতনয় বুধকে নয়ন গোচর করিয়া প্রমদা-

রূপী সুদ্যুম্নেরও তাঁহাকে পতি করিতে অভিলাষ হইল। বুধ তাঁহাকে পরিগ্রহ করিয়া তদগর্ভে পুরূরবা নামে একটী পুত্র উৎপাদন করিলেন। ৩৫। হে রাজন্! আমি শুনিয়াছি যে, মনুপুত্র সুদ্যুম্ন ঐরূপে স্ত্রীত্ব প্রাপ্ত হইয়া কিছুদিন পরে স্বীয় কুলাচার্য্য মহর্ষি বশিষ্ঠকে স্মরণ করিয়াছিলেন। ৩৬। মহর্ষি আসিয়া তাঁহার সেই স্ত্রীদশা দর্শন করতঃ কৃপা বশতঃ অতিশয় কাতর হইলেন; এবং তাঁহাকে পুনরায় পুরুষ করিবার জন্য শঙ্কর-সান্নিধানে গমন-পূর্ব্বক স্তবস্তুতি করিলেন। ৩৭। হে নরনাথ! ভগবান্ ভব বশিষ্ঠস্তবে পরিতুষ্ট হইয়া তাঁহার প্রিয়কার্য্য ও নিজ বাক্যের সত্যতা রক্ষা করিতে তাঁহাকে ইহা কহিলেনঃ—৩৮। হে মুনে! তোমার গোত্রজ এই সুদ্যুম্ন এক মাস পুরুষ ও এক মাস স্ত্রী থাকিবেন। এইরূপ ব্যবস্থায় ঐ রাজকুমার পৃথিবী পালন করিবেন। ৩৯। হে রাজন্! ঐ কুলাচার্য্য বশিষ্ঠের অনুগ্রহে যদিও সুদ্যুম্ন পুনরায় পুরুষত্ব লাভ করিয়া ব্যবস্থাক্রমে পৃথিবী পালন করিয়াছিলেন, তথাপি মাসান্তরে স্ত্রীত্ব হওয়াতে লজ্জাপ্রযুক্ত গোপনে থাকিতে বাধ্য হইতেন; সুতরাং প্রজাপুঞ্জ তাঁহার প্রতি সন্তুষ্ট হয় নাই। ৪০। ঐ সুদ্যুম্নের তিন পুত্র ছিল;—উৎকল, গয় ও বিমল। তাঁহারা তিন জনেই ধর্ম্মপরায়ণ এবং দক্ষিণাপথ দেশের রাজা হয়েন। ৪১। প্রতিষ্ঠানপতি প্রভু সুদ্যুম্ন বৃদ্ধ হইলে স্বীয় পুত্র পুরূরবাকে পৃথিবীর রাজ্য প্রদান করিয়া ভগবদারাধনার জন্য বনে গমন করিয়াছিলেন। ৪২।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে প্রথমাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। এই চন্দ্র ও সূর্য্যবংশ-বর্ণনাচ্ছলে উভয় বংশীয় আদিপুরুষ নৃপতি সুদ্যুম্নের কথা বলা হইল। এই সুদ্যুম্ন রাজা একাই নারী হইয়া চন্দ্রনন্দন বুধের ঔরসে যে পুত্র প্রসব করেন, তাঁহার নাম পুরূরবা। ইনিই চন্দ্রবংশীয় নৃপতির আদিপুরুষ হইতেছেন। আর নৃপতি পুরুষরূপে নিজপত্নীতে উৎকলাদি যে সকল পুত্র উৎপাদন করেন, তাঁহারা এবং শ্রাদ্ধদেব মনুর অন্যান্য ইক্ষ্বাকু প্রভৃতি পুত্রগণ হইতেই সূর্য্যবংশের প্রকাশ হইয়াছে। সুদ্যুম্ন-চরিত্রে বিশেষ দেখান এই হইল যে, লোকে কেবল পুরুষ হইয়াই সংসারাসক্তি হইতে বৈরাগ্য লাভ করিতে পারে না। রাজা সুদ্যুম্ন একাই পুরুষ এবং নারীত্ব দৈববলে লাভ করিয়া সংসারে বিষয়ভোগ করিয়াছিলেন, এবং পরিণামে বৈরাগ্য অবলম্বন করিয়া ভগবদ্ভক্তি লাভ করিয়াছিলেন। অতএব জীবের পক্ষে সংসারভোগ হইতেও ভক্তিসাধন হইতে পারে, ইহাই বুঝান হইল। ঊনত্রিংশতি শ্লোক হইতে, দ্বাত্রিংশতি শ্লোক পর্য্যন্ত মহেশ্বরের বিহারস্থলরূপী যে সুকুমার বনের কথা বলা হইল, তাহার তাৎপর্য্য এইঃ—মহেশ্বর আত্মা বা পুরুষতত্ত্ব হইতেছেন, গৌরীদেবী বিশ্বপ্রসবিনী মায়াশক্তি হইতেছেন। এই পুরুষ এবং প্রকৃতি ইচ্ছানুসারে কখন নির্ম্মুক্ত ও কখন সৃষ্টিতে নিরত হইতেছেন। যখন নির্ম্মুক্ত ও নিষ্কাম ভাবে বিশুদ্ধ, তখন বৈরাগীর পক্ষে পরমানন্দদাতা ও আরাধ্য হইতেছেন। যখন সৃষ্টিতে নিরত, তখন কামভাবে পরিপূর্ণ হইতেছেন। এই জন্য নিষ্কামাবস্থায় যোগীন্দ্র মুনীন্দ্রগণের দর্শনীয়, সে অবস্থার প্রকাশ-স্থান বিশুদ্ধসত্ত্বগুণাভাবরূপী কৈলাশ হইতেছে। আর মায়া-সংযোগে বিশ্বপ্রসবকার্য্যের ত্রিগুণময় অবস্থার নামই সুকুমার বন হইতেছে। আশক্তি ও

মিথ্যা যেমন অসম্ভাবনীয়, তদ্রূপ আপনাদিগের সঙ্কল্পবৈষম্য অসম্ভব হইতেছে। ১৮। হে রাজন্! মনুর ঐ সকল বাক্য শ্রবণানন্তর প্রপিতামহ মহর্ষি বশিষ্ঠ, হোতার ব্যতিক্রম বুঝিতে পারিয়া সূর্য্যপুত্রকে ইহা কহিলেন। ১৯। হে বৎস! যদিও তোমার হোতাগণ মন্ত্রের অন্যথাচরণ করিয়াছেন, তথাপি আমি স্বীয় তেজে তোমাকে সৎপুত্রবান্ করিব। ২০। হে রাজন্! ভগবান্ মহাযশা বশিষ্ঠ এইরূপ উদ্‌যোগী হইয়া সেই মনু-কন্যা ইলার পুরুষত্ব কামনায় আদি-পুরুষের স্তব করিতে লাগিলেন। ২১। তাঁহার স্তবে তুষ্ট হইয়া ভক্তের ভগবান্ হরি, তাঁহার কামনানুরূপ বরদান করিলেন। সেই বরপ্রভাবে মনু-কন্যা ইলা সুদ্যুম্ন নামে এক শ্রেষ্ঠপুরুষরূপ ধারণ করিলেন। ২২। হে মহারাজ! মহাবীর সুদ্যুম্ন একদা বনে মৃগয়া করিবার জন্য, সৈন্ধব অশ্বে আরোহণপূর্ব্বক কতিপয় অমাত্যসেনা পরিবৃত হইয়া, অরণ্যে গমন করিয়াছিলেন। ২৩। তিনি মনোহর শরাসন ও পরমাদ্ভুত শরসমুদায় ধারণ করতঃ অরণ্যে প্রবেশ করিয়া মৃগের পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইতে হইতে উত্তরদিকে যাইতে লাগিলেন। ২৪। সেই উত্তর দিকে যাইতে যাইতে মেরুর অধঃস্থিত হর-পার্ব্বতীর বিহারস্থানরূপী সুকুমার নামক বনে প্রবিষ্ট হইলেন। ২৫। হে মহারাজ! সেই অরণ্যমধ্যে প্রবিষ্ট হইবামাত্র সেই শত্রুর সুদ্যুম্ন স্ত্রীত্ব প্রাপ্ত হইলেন; তাঁহার ঘোটক, ঘোটকীতে পরিণত হইল। তিনি আপনাকে স্ত্রীরূপী এবং ঘোটককে বড়বারূপী দেখিলেন। ২৬। তাঁহার অনুচর সকলেও আপনাদিগের নারীরূপ দেখিয়া পরস্পরে পরস্পরের প্রতি দৃষ্টিনিক্ষেপপূর্ব্বক অতি দুঃখিত হইল। ২৭। শ্রীশুকদেবের বর্ণনায় ইহা শ্রবণে আশ্চর্য্য হইয়া রাজা কহিলেন, হে ভগবন্! ঐ স্থান কি কারণে ঐরূপ গুণযুক্ত হইয়াছিল এবং কোন্ ব্যক্তিই বা ঐ স্থানকে তদ্রূপ করিয়াছিলেন? এ বিষয় জানিতে আমার পরম কৌতূহল হইয়াছে, অনুগ্রহপূর্ব্বক আমার এই প্রশ্নের উত্তর দিউন। ২৮। শ্রীশুকদেব কহিলেন, হে রাজন্! একদা সুব্রত সনকাদি—ঋষিগণ, ভগবান্ গিরীশের দর্শন-বাসনায় স্ব স্ব প্রভাব দ্বারা দিক্ সকলের অন্ধকার হরণ এবং সূর্য্যাদি গ্রহজনিত প্রভার দীপ্তি নাশ করিয়া ঐ কাননে প্রবিষ্ট হইয়াছিলেন। ২৯। তৎকালে ভগবতী অম্বিকা দেবী বিবসনা ছিলেন। মুনিদিগকে অবলোকন করিয়া তিনি সাতিশয় লজ্জিতা হইলেন এবং ব্যস্ত-সমস্ত হইয়া পতির অঙ্ক হইতে উত্থান করিয়া সত্বর কটিবসন পরিধান করিলেন। ৩০। হর-গৌরীর রতি-ক্রীড়াভিনিবেশ দর্শন করিয়া সেই সকল ঋষিরও মানস স্ত্রীপ্রসঙ্গে কলুষিত হইবার উপক্রম হইল, তাঁহারা তৎক্ষণাৎ সেই কানন হইতে নির্গত হইয়া, নরনারায়ণাশ্রমে গমন করিলেন। ৩১। গৌরীদেবীকে দুঃখিতা ও লজ্জিতা দেখিয়া ভগবান্ শঙ্কর, প্রেয়সীর প্রিয়-কামনায় তাঁহাকে সান্ত্বনা করিয়া কহিলেন, হে দেবি! এখন হইতে যে পুরুষ এ স্থানে প্রবেশ করিবে, সে তৎক্ষণাৎ স্ত্রীত্ব প্রাপ্ত হইবে। ৩২। হে রাজন্! তদবধি পুরুষমাত্রেই ঐ অরণ্য পরিত্যাগ করিয়াছিল। এই হেতু রাজা সুদ্যুম্ন সানুচরে এইরূপ স্ত্রীত্ব প্রাপ্ত হইয়া বনে বনে ভ্রমণ করিতে লাগিলেন। ৩৩। একদা তিনি সেই সমস্ত অনুচরী স্ত্রীগণে পরিবৃত হইয়া ভগবান্ বুধের আশ্রম-সমীপে উপনীত হয়েন। বুধ সেই সুন্দরী কামিনীকে দেখিতে পাইলেন; দেখিবামাত্র তাঁহার কামোদ্রেক হইল। ৩৪। এদিকে সোমাত্মজ বুধকে [illegible] করিয়া প্রমদা-

রূপী সুদ্যুম্নেরও তাঁহাকে পতি করিতে অভিলাষ হইল। বুধ তাঁহাকে পরিগ্রহ করিয়া তদ্গর্ভে পুরূরবা নামে একটী পুত্র উৎপাদন করিলেন। ৩৫। হে রাজন্! আমি শুনিয়াছি যে, মনুপুত্র সুদ্যুম্ন ঐরূপে স্ত্রীত্ব প্রাপ্ত হইয়া কিছুদিন পরে স্বীয় কুলাচার্য্য মহর্ষি বশিষ্ঠকে স্মরণ করিয়াছিলেন। ৩৬। মহর্ষি আসিয়া তাঁহার সেই স্ত্রীদশা দর্শন করতঃ কৃপা বশতঃ অতিশয় কাতর হইলেন; এবং তাঁহাকে পুনরায় পুরুষ করিবার জন্য শঙ্কর-সন্নিধানে গমন-পূর্ব্বক স্তবস্তুতি করিলেন। ৩৭। হে নরনাথ! ভগবান্ ভব বশিষ্ঠস্তবে পরিতুষ্ট হইয়া তাঁহার প্রিয়কার্য্য ও নিজ বাক্যের সত্যতা রক্ষা করিতে তাঁহাকে ইহা কহিলেনঃ—৩৮। হে মুনে! তোমার গোত্রজ এই সুদ্যুম্ন এক মাস পুরুষ ও এক মাস স্ত্রী থাকিবেন। এইরূপ ব্যবস্থায় ঐ রাজকুমার পৃথিবী পালন করিবেন। ৩৯। হে রাজন্! ঐ কুলাচার্য্য বশিষ্ঠের অনুগ্রহে যদিও সুদ্যুম্ন পুনরায় পুরুষত্ব লাভ করিয়া ব্যবস্থাক্রমে পৃথিবী পালন করিয়াছিলেন, তথাপি মাসান্তরে স্ত্রীত্ব হওয়াতে লজ্জাপ্রযুক্ত গোপনে থাকিতে বাধ্য হইতেন; সুতরাং প্রজাপুঞ্জ তাঁহার প্রতি সন্তুষ্ট হয় নাই। ৪০। ঐ সুদ্যুম্নের তিন পুত্র ছিল;—উৎকল, গয় ও বিমল। তাঁহারা তিন জনেই ধর্ম্মপরায়ণ এবং দক্ষিণাপথ দেশের রাজা হয়েন। ৪১। প্রতিষ্ঠানপতি প্রভু সুদ্যুম্ন বৃদ্ধ হইলে স্বীয় পুত্র পুরূরবাকে পৃথিবীর রাজ্য প্রদান করিয়া ভগবদারাধনার জন্য বনে গমন করিয়াছিলেন। ৪২।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে প্রথমাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। এই চন্দ্র ও সূর্য্যবংশ-বর্ণনাচ্ছলে উভয় বংশীয় আদিপুরুষ নৃপতি সুদ্যুম্নের কথা বলা হইল। এই সুদ্যুম্ন রাজা একাই নারী হইয়া চন্দ্রনন্দন বুধের ঔরসে যে পুত্র প্রসব করেন, তাঁহার নাম পুরূরবা। ইনিই চন্দ্রবংশীয় নৃপতির আদিপুরুষ হইতেছেন। আর নৃপতি পুরুষরূপে নিজপত্নীতে উৎকলাদি যে সকল পুত্র উৎপাদন করেন, তাঁহারা এবং শ্রাদ্ধদেব মনুর অন্যান্য ইক্ষ্বাকু প্রভৃতি পুত্রগণ হইতেই সূর্য্যবংশের প্রকাশ হইয়াছে। সুদ্যুম্ন-চরিত্রে বিশেষ দেখান এই হইল যে, লোকে কেবল পুরুষ হইয়াই সংসারাসক্তি হইতে বৈরাগ্য লাভ করিতে পারে না। রাজা সুদ্যুম্ন একাই পুরুষ এবং নারীত্ব দৈববলে লাভ করিয়া সংসারে বিষয়ভোগ করিয়াছিলেন, এবং পরিণামে বৈরাগ্য অবলম্বন করিয়া ভগবদ্ভক্তি লাভ করিয়াছিলেন। অতএব জীবের পক্ষে সংসারভোগ হইতেও ভক্তিসাধন হইতে পারে, ইহাই বুঝান হইল। ঊনত্রিংশতি শ্লোক হইতে, দ্বাত্রিংশতি শ্লোক পর্য্যন্ত মহেশ্বরের বিহারস্থলরূপী যে সুকুমার বনের কথা বলা হইল, তাহার তাৎপর্য্য এইঃ—মহেশ্বর আত্মা বা পুরুষতত্ত্ব হইতেছেন, গৌরীদেবী বিশ্বপ্রসবিনী মায়াশক্তি হইতেছেন। এই পুরুষ এবং প্রকৃতি ইচ্ছানুসারে কখন নির্ম্মুক্ত ও কখন সৃষ্টিতে নিরত হইতেছেন। যখন নির্ম্মুক্ত ও নিষ্কাম ভাবে বিশুদ্ধ,তখন বৈরাগীর পক্ষে পরমানন্দদাতা ও আরাধ্য হইতেছেন। যখন সৃষ্টিতে নিরত, তখন কামভাবে পরিপূর্ণ হইতেছেন। এই জন্য নিষ্কামাবস্থায় যোগীন্দ্র মুনীন্দ্রগণের দর্শনীয়, সে অবস্থার প্রকাশ-স্থান বিশুদ্ধসত্ত্বগুণাভাষরূপী কৈলাশ হইতেছে। আর মায়া-সংযোগে বিশ্বপ্রসবকার্য্যের ত্রিগুণময় অবস্থার নামই সুকুমার বন হইতেছে। আশক্তি ও

সম্ভোগাদি স্বভাব স্পর্শমাত্রেই হৃদয়ে তত্ত্বাবের সঞ্চার হয় এবং সেই সঞ্চার বিদ্যুতের ন্যায় কত তীব্র, তাহা বুঝাইতে বলা হইল যে সনকাদি আজন্মবৈরাগী ঋষিগণের হৃদয়ও ঐ পুরুষ প্রকৃতির বিশ্বপ্রসবকার্য্যাশক্তি দর্শনমাত্রেই মুগ্ধ হইয়াছিল। এই আশক্তির অনুধ্যানেই সংসারে সকল জীব সম্ভোগাদি কার্য্যে সৃষ্টি বৃদ্ধি করিয়া থাকে। সুকুমার বনে অর্থাৎ যেখানে আদি পুরুষপ্রকৃতিজাতা মায়ালীলার নিত্য প্রকাশ, সেখানে আশক্তির এত প্রভাব, যে দর্শনমাত্রেই পুরুষ হইলেও স্ত্রীত্ব লাভ হয়। এই জন্য এই বিশ্বে একমাত্র পরমাত্মাই পুরুষ এবং তদ্ব্যতীত সমস্তই শক্তিরূপী নারীভাবে সংসার-কার্য্যে ব্যাপৃত। সুদ্যুম্নের পক্ষে এক দেহে নারীত্ব ও পুরুষত্ব কিরূপে সম্ভব হইল, তাহার তাৎপর্য্য এই :—বেদবাক্যের এবং ভগবৎপরায়ণ ঋষিগণের এতই ক্ষমতা যে, তাঁহারা সৃষ্টির পরিবর্ত্তন ঘটাইতে পারেন। ভক্ত ও ভগবান্ সহজ মানব হইতে এত উচ্চ ক্ষমতা লাভ করিয়া বর্ত্তমান আছেন যে, তাঁহাদের ইচ্ছায় জীবের পক্ষে যাহা অসম্ভব, তাহাও ঘটিতে পারে!! ইহাই সকল ভক্তজীবনের ও ভগবল্লীলার প্রমাণস্বরূপ হইতেছে। সুদ্যুম্ন নৃপতির ভাগ্যে তাহাই ঘটিয়াছিল। ইহাতে সুদ্যুম্ন নৃপতিকে বহু ভাগ্যবান্ প্রমাণ করা হইল, কারণ ভক্তরূপী বশিষ্ঠ এবং মহেশ্বররূপী ভগবান্, উভয়েই তাঁহাকে কৃপা করিলেন।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে প্রথমাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ দ্বিতীয় অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক শ্রীশুকদেব কহিলেন :—হে রাজন্! মহাত্মা সুদ্যুম্ন এই ঘটনায় বহুদিন বনে বাস করিলে তাহার কোন সংবাদ না পাইয়া বৈবস্বত-মনু পুনরায় পুত্রকামনায় শত বৎসর যমুনা-তীরে তপস্যা করিয়াছিলেন। ১। পুত্র-লাভের নিমিত্ত মহামতি মনু দ্বিতীয়বার প্রভু হরির যজ্ঞ করায়, তিনি আত্ম-সদৃশ দশপুত্র লাভ করেন। সেই দশপুত্রের মধ্যে ইক্ষ্বাকুই জ্যেষ্ঠ ছিলেন। ২। মনুর পৃষধ্র নামে যে পুত্র ছিলেন, গুরু তাঁহাকে গো-পালনে নিযুক্ত করিয়াছিলেন; তাহাতে তিনি বীরাসনরূপী ব্রত অবলম্বনপূর্ব্বক রাত্রিকালে সাবধানভাবে গোসকলের রক্ষণাবেক্ষণ করিতেন। ৩। একদিন রাত্রিতে বৃষ্টি হইতেছিল; এমন সময়ে একটা ব্যাঘ্র আসিয়া গোষ্ঠমধ্যে প্রবেশ করিল। তৎক্ষণাৎ গো সকল ভয়ে ব্যস্ত হইয়া গোষ্ঠমধ্যে ভ্রমণ করিতে লাগিল। ৪। হে রাজন্! সেই শার্দ্দূল বলবান্ ছিল, হঠাৎ সে একটা গাভীকে বলপূর্ব্বক গ্রহণ করায় সেই ধেনু ভয়াতুরা হইয়া কাতরধ্বনি করিতে লাগিল। তাহার চীৎকার-ধ্বনি শ্রবণে পৃষধ্র সেই শার্দ্দূলের অনুসরণ করিলেন। ৫। সেই সময়ে নক্ষত্র পর্য্যন্ত জলদাবৃত থাকায় গভীরান্ধকারময়ী রজনীতে ব্যাঘ্রস্থানে উপস্থিত হইয়া, পৃষধ্র না দেখিয়া, শার্দ্দূল-ভ্রমে কপিলা-গাভীর শিরশ্ছেদ করিলেন। ৬। ব্যাঘ্রও তদীয় খড়্গাগ্র-আঘাতে ছিন্নকর্ণ হইয়া

সাতিশয় ভীতচিত্তে পথিমধ্যে রক্তধারা বর্ষণ করিতে করিতে তথা হইতে পলায়ন করিল। ৭। বীরশত্রুনাশন মহামতি পৃষধ্র মনে করিয়াছিলেন,—ব্যাঘ্র নিহত হইয়াছে; কিন্তু রজনী প্রভাতা হইলে ব্যাঘ্রভ্রমে আপনি কপিলাকে নিহত করিয়াছেন—দেখিলেন। ৮। তিনি কপিলাকে নিহত দেখিয়া অতিশয় দুঃখিত হইলেন। এই ঘটনা জানিতে পারিয়া অজ্ঞানকৃত অপরাধী মনু-তনয়কে কুলাচার্য্য ইহা বলিয়া শাপ দিলেন,—"রে মনু-তনয়! তুই যে কার্য্য করিয়াছিস্, তাহাতে ক্ষত্রবন্ধুও হইতে পারিবি না;—এই কর্ম্মফলে শূদ্র হইবি"। ৯। আচার্য্য এইরূপে অভিশাপ দিলে, মহাত্মা পৃষধ্র কৃতাঞ্জলি হইয়া তাহাই স্বীকার করিলেন; পরে ঊর্দ্ধরেতা হইয়া মুনিজনপ্রিয় ব্রহ্মচর্য্যব্রত গ্রহণ করিলেন। ১০। তদনন্তর তিনি সেই সর্ব্বাত্মা নির্ম্মল পরম-পুরুষ ভগবান্ বাসুদেবে ভক্তি স্থাপন করিয়া তাহাতে ঐকান্তিকতা প্রাপ্ত এবং সর্ব্বভূতের সুহৃদ্ ও সর্ব্বত্র সমদর্শী হইলেন। ১১। তিনি বিষয়-সঙ্গ ত্যাগ করিলেন;—ইন্দ্রিয় দমন করিলেন। অবশেষে তিনি পরিগ্রহশূন্য হইয়া যদৃচ্ছালব্ধ দ্রব্যে আপনার জীবিকা নির্ব্বাহ করিতে লাগিলেন। ১২। পরে পরমাত্মায় আত্ম-সমাধানপূর্ব্বক সমাধিযোগে আত্মতৃপ্ত হইলেন। জড়, অন্ধ এবং বধিরের ন্যায় বিষয়ভোগশূন্য হইয়া পৃথিবী পরিভ্রমণে প্রবৃত্ত হইলেন। ১৩। এইরূপ সদাচার-সম্পন্ন মুনি পৃষধ্র, কোন সময়ে বনগমন করিয়া প্রজ্জলিত দাবাগ্নি দেখিতে পাইলেন এবং তদ্দ্বারা পার্থিব দেহকে দগ্ধ করিয়া পর-ব্রহ্মে লীন হইলেন। ১৪। মহাপণ্ডিত কবি, মনুর কনিষ্ঠ পুত্র ছিলেন। তিনি বিষয়ে নিঃস্পৃহ হওয়ায় বন্ধু-বান্ধব সহ রাজ্যপরিত্যাগ করতঃ স্বপ্রকাশ পরম-পুরুষকে হৃদয়ে নিশ্চয় করিয়া কিশোর-বয়সেই ব্রহ্মপ্রাপ্ত হয়েন। (সুতরাং তাঁহার পুত্রাদি হয় নাই)। ১৫। মনুপুত্র করূষ হইতে কারূষ নামে বিখ্যাত ব্রহ্মণ্য-ধর্ম্মবৎসল উত্তরাপথ-রক্ষক ক্ষত্রিয়জাতি উৎপন্ন হয়। ১৬। এইরূপে ধৃষ্ট নামক মনুতনয়-হইতে ধার্ষ্ট নামে প্রসিদ্ধ ক্ষত্রিয়জাতি উৎপন্ন হয়; তাহারা সাধনবলে অবনী-মণ্ডলে ব্রাহ্মণত্ব প্রাপ্ত হইয়াছে। হে রাজন্! নৃগ নামক যে মনুতনয়, তাঁহার পুত্র সুমতি; সুমতির পুত্র ভূতজ্যোতিঃ, ভূতজ্যোতির পুত্র বসু হইতেছেন। ১৭। বসু হইতে প্রতীক; তাঁহার পুত্র ওঘবান্। ঐ ওঘবানেরও ওঘবান্ নামে এক পুত্র ও ওঘবতী নাম্নী এক কন্যা জন্মে। সুদর্শন রাজা ঐ কন্যার পাণিগ্রহণ করেন। ১৮। হে রাজন্! মনুপুত্র নরিষ্যন্তের পুত্র চিত্রসেন হইতেছেন; তাঁহার পুত্র ঋক্ষ; ঋক্ষের তনয় মীঢ়ান্; তাঁহা হইতে পূর্ণ, সেই পূর্ণের পুত্র ইন্দ্রসেন হয়েন। ১৯। ইন্দ্রসেন হইতে বীতিহোত্র; বীতিহোত্রের সত্যশ্রবা নামে এক পুত্র হয়। তাঁহার পুত্র উরুশ্রবা, তাঁহা হইতে দেবদত্ত উদ্ভূত হয়েন। ২০। ভগবান্ অগ্নি অগ্নিবেশ্য নামে স্বয়ং দেবদত্তের পুত্ররূপে উৎপন্ন হইয়াছিলেন। সাধনবলে ঐ অগ্নিবেশ্যই মহর্ষিত্ব লাভ করিয়া কানীন ও জাতূকর্ণ নামে বিখ্যাত হয়েন। ২১। হে রাজন্! তাঁহা হইতেই অগ্নিবেশ্যায়ন নামে ব্রাহ্মণবংশ উৎপন্ন হইয়াছে। হে নৃপ! নরিষ্যন্তের বংশ বর্ণিত হইল; অতঃপর দিষ্ট-বংশ-কথা শ্রবণ কর। ২২। দিষ্টের পুত্র নাভাগ। ইতঃপর যে নাভাগের কথা বলিব, ইনি সে নাভাগ নহেন; ইনি কর্ম্মবশে বৈশ্যতা প্রাপ্ত হইয়াছিলেন। ইঁহার তনয় ভলন্দন হইতে বৎসপ্রীতি নামে পুত্র হয়। ২৩। বৎসপ্রীতির পুত্র

প্রাংশু; তাঁহার পুত্র প্রমিতি। প্রমিতির পুত্র খনিত্র; তাঁহা হইতে চাক্ষুষ; চাক্ষুষের পুত্র বিবিংশতি হইতেছেন। ২৪। বিবিংশতির পুত্র রম্ভ। রম্ভের পুত্র পরম-ধার্ম্মিক খনীনেত্র। রাজা করন্ধম ঐ খনীনেত্রের আত্মজ হইতেছেন। ২৫। সেই করন্ধমের পুত্র অবিক্ষিৎ; তাঁহার পুত্র মরুত্ত, তিনি রাজচক্রবর্ত্তী হয়েন; অঙ্গিরার পুত্র মহাযোগী সম্বর্ত্ত, ইহাঁকে রাজসূয় যজ্ঞ করাইয়াছিলেন। ২৬। মরুত্তের যজ্ঞ যদ্রূপ প্রসিদ্ধ, তাঁহার অন্য কিছুই তদ্রূপ নহে। ২৭। অন্য কোন রাজা এরূপ যজ্ঞ করিতে পারেন নাই; কারণ তাঁহার সমস্ত যজ্ঞ-পাত্রাদি হিরণ্ময় বলিয়া সুবিখ্যাত হইয়াছিল। মরুত্তের যজ্ঞে ইন্দ্র সোম-রস পান করিয়া এবং বিপ্রবর্গ প্রচুর দক্ষিণা পাইয়া হৃষ্ট হন। এই যজ্ঞে মরুদ্গণ পরিবেষ্টা ও বিশ্বদেবগণ সভাসদ্ ছিলেন। ২৮। মরুত্তের পুত্র দম; তাঁহার পুত্র রাজবর্দ্ধন; রাজ-বর্দ্ধনের পুত্র সুধৃতি; সুধৃতির পুত্র নর হইতেছেন। ২৯। নরের পুত্র কেবল, কেবলের পুত্র ধুন্ধুমান্, ধুন্ধুমানের পুত্র বেগবান্, বেগবানের পুত্র বুধ, বুধের পুত্র রাজা তৃণবিন্দু হইতেছেন। ৩০। শ্রেষ্ঠ অপ্সরা অলম্বুষা দেবী, ভজনীয় গুণগ্রাম-ভূষিত নৃপতি তৃণবিন্দুকে ভজনা করেন। ঐ অপ্সরার গর্ভে তৃণবিন্দুর কতিপয় পুত্র এবং ইলবিলা নাম্নী এক কন্যা উৎপন্ন হয়। ৩১। যোগেশ্বর বিশ্রবা ঋষি, পিতার নিকট পরমবিদ্যা প্রাপ্ত হইয়া ঐ ইল-বিলার গর্ভে ধনাধিপতি কুবেরকে উৎপন্ন করেন। ৩২। বিশাল, শূন্যবন্ধু এবং ধূম্রকেতু,— তৃণবিন্দুর এই কয় পুত্র। তন্মধ্যে বিশাল, বংশমধ্যে রাজা হয়েন। তিনি বৈশালী নামে নগরী স্থাপন করেন। ৩৩। বিশালের পুত্র হেমচন্দ্র। হেমচন্দ্রের পুত্র ধূম্রাক্ষ; ধূম্রাক্ষের পুত্র সংযম। সংযম হইতে দেবজ ও কৃশাশ্ব,—এই দুই পুত্র উৎপন্ন হয়। ৩৪। কৃশাশ্ব হইতে সোমদত্ত জন্মগ্রহণ করেন। তিনি বহুতর অশ্বমেধ-যজ্ঞ দ্বারা যজ্ঞপতি পরম-পুরুষের অর্চ্চনা করিয়া যোগেশ্বরগণের আশ্রয়ণীয় প্রধান গতি প্রাপ্ত হয়েন। ৩৫। সোমদত্তের পুত্র সুমতি, তাঁহার পুত্র জনমেজয়। হে রাজন্! এই সকল নৃপতি পূর্ব্বকথিত বিশালবংশ-সম্ভূত; ইহাঁরা তৃণবিন্দু রাজার যশোবিস্তারকারী ছিলেন। ৩৬।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে দ্বিতীয়াধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। দ্বিতীয় অধ্যায়ের মধ্যে যে পৃষধ্র-চরিত্র বর্ণিত আছে; উহার তাৎপর্য্য এই যথা:—যে ব্যক্তি শ্রেষ্ঠ বংশে জন্ম গ্রহণ করে, তাহাকে সতত অগ্র পশ্চাৎ ভাবিয়া সতর্ক হইয়া কার্য্য করা উচিত। পৃষধ্র গুরুর অনুমতি পালনের জন্য গোরক্ষায় নিযুক্ত হইয়া-ছিলেন। ব্যাঘ্র আসিয়া গাভী সংহার করিতেছে, ইহা জানিয়া তিনি অগ্রপশ্চাৎ কিছুই ভাবিলেন না, অর্থাৎ একে ঘোর জলদমালায় আচ্ছন্না অন্ধকারাবৃতা রজনী; এমন সময়ে বিনা আলোকে বা সাবধান না হইয়া ভীষণ ব্যাঘ্রের সম্মুখীন হওয়া অতিশয় নির্ব্বুদ্ধির কার্য্য হইতেছে। একে গাভী ও ব্যাঘ্র বিশেষ দেখা যাইতেছে না, তাহাতে আবার সেই হিংস্র পশু যদি গোপনে আসিয়া পৃষধ্রকেও সংহার করে; ইহারও সম্ভাবনা আছে। এই সামান্য গোরক্ষা-কার্য্যে যাহার অগ্রপশ্চাৎ সতর্ক হইবার ক্ষমতা নাই; সংসারে কর্ম্মপথে কখনই তাহার মঙ্গল লাভ হইতে পারে না। এই জন্য পৃষধ্রের গোবধ পাতক ও গুরু

কর্ত্তৃক অভিসম্পাত লাভ বর্ণিত হইল। বিশেষতঃ এই চরিত্রে ইহা দেখান হইল যে, যে ব্যক্তি ইহ সংসারে সামান্য কর্ম্মে মনের একাগ্রতা ও সতর্কতা দেখাইতে না পারে, সে ব্যক্তি কেমন করিয়া ভগবানে আত্মসমর্পণ করিয়া কামাদি হইতে সতর্ক থাকিতে পারিবে? অতএব এরূপ অনুপযুক্ত ব্যক্তি ক্ষত্রিয় অর্থাৎ পাপ হইতে আপনাকে কখনই রক্ষা করিতে পারিবে না। অতএব যথেচ্ছচারী শূদ্র বলিয়া পরিচিত হইবে। জীব এই-রূপে নিজ কার্য্যের কুফল-লাভে যখন নির্ব্বেদ লাভ করে, তখনই সতর্ক হইয়া ভগ-বানে আত্মসমর্পণ করে। ইহা বুঝাইতেই পৃষধ্র-চরিত্রে শেষে মুনিব্রতাচরণ বলা হই-য়াছে, এবং ভগবানে আত্মনির্ভর করাতে ঐ পৃষধ্রের এতদূর দেহমমতা পর্য্যন্ত ক্ষয় হইয়া-ছিল যে দেহকে অগ্নিতে সমর্পণ করিতে তিনি কুণ্ঠিত হয়েন নাই। পরে সপ্তবিংশতি শ্লোকে দেখান হইল যেঃ—পবিত্রতায় পূর্ণ হইলে সংসারী জীবের ব্রাহ্মণত্ব পর্য্যন্ত লাভ হয়। তাহাই মনুতনয় ধৃষ্টের চরিত্রে দেখান হইল। একবিংশতি শ্লোকেও সেই ক্ষত্রিয়ের পবিত্রাচারে ব্রাহ্মণত্বলাভের দৃষ্টান্ত বলা হইল। মনুতনয় ধৃষ্টাদির পবিত্রতাহেতু ব্রাহ্মণত্ব হইল কিন্তু, সেই মনুর অন্য তনয় দিষ্টাদি নিজ কর্ম্মদোষে ক্ষত্রিয় থাকা দূরে থাকুক, বৈশ্যত্ব লাভ করিয়া-ছিলেন। এই কথা ত্রয়োবিংশতি শ্লোকে বলা হইল। এইরূপে বংশানুচরিত্র বর্ণনায় শ্রীশুকদেব রাজা পরীক্ষিৎকে সংসারে উন্নতি ও অবনতির প্রণালী সমস্ত বর্ণনা করিতেছেন, বুঝিতে হইবে। তৎসহযোগে ভগবদ্ভক্তিই সর্ব্বপাতকনাশিনী, ইহা বলিতেছেন।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে দ্বিতীয়াধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ তৃতীয় অধ্যায়।

পূর্ব্বকথা শেষ করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধনপূর্ব্বক শুকদেব কহিলেন,—হে রাজন্! মনুপুত্র মহামতি শর্য্যাতি অতিশয় বেদার্থ-তত্ত্বজ্ঞ ছিলেন। তিনি অঙ্গিরাবংশীয় ঋষিদিগের যজ্ঞে দ্বিতীয় দিনের কর্ত্তব্য কর্ম্ম উপদেশ করিয়াছিলেন। ১। সুকন্যা নামে তাঁহার এক কমল-লোচনা দুহিতা ছিলেন। একদা সেই কন্যার সহিত বনভ্রমণে গমন করিয়া তিনি চ্যবন-মুনির আশ্রমে উপস্থিত হইয়াছিলেন। ২। সেই আশ্রমকাননে তাঁহার তনয়া, সখী-গণে পরিবৃতা হইয়া, ইতস্ততঃ পর্য্যটনপূর্ব্বক নানাবিধ বৃক্ষ হইতে ফল-পত্রাদি চয়ন করিতে করিতে, একস্থানে বল্মীকছিদ্র-মধ্যে খদ্যোতের ন্যায় দুইটী জ্যোতিঃ দেখিতে পাইলেন। ৩। রাজ-কুমারী বালিকা-স্বভাবা ছিলেন। যেন দৈবপ্রেরিত হইয়াই মুগ্ধভাবে কণ্টকদ্বারা ঐ জ্যোতিঃ বিদ্ধ করিলেন। তৎক্ষণাৎ জ্যোতিঃ হইতে রুধির-ধারা নির্গত হইতে লাগিল। ৪। সেই সময়ে নৃপতি শর্য্যাতির সমভিব্যাহারী সৈন্য-সামন্তের মলমূত্র নিরুদ্ধ হইল। রাজর্ষি শর্য্যাতি তাহা লক্ষ্য করিয়া সবিস্ময়ে নিকটবর্ত্তী লোকজনকে বলিলেন। ৫। দেখ, তোমরা ত মহর্ষি চ্যবনের কোন অনিষ্টসাধন কর নাই? স্পষ্ট বোধ হইতেছে,—আমাদের মধ্যে

কোন ব্যক্তি, মহর্ষির আশ্রমে অপরাধ করিয়া থাকিবে। ৬। তখন সুকন্যা ভীতা হইয়া বলিলেন, হে পিতঃ! আমি না জানিয়া একটা কণ্টক দিয়া দুইটী জ্যোতিঃবিদ্ধ করিয়াছি।৭। তনয়ার এই কথায় রাজর্ষি শর্য্যাতি ভীত হইলেন, এবং বল্মীকান্তর্হিত সেই জ্যোতিঃকে স্বয়ং মুনি চ্যবন বলিয়া জানিতে পারিয়া, মুনিকে ক্রমে প্রসন্ন করিলেন। ৮। অনন্তর ঋষি চ্যবন প্রসন্ন হইয়া নৃপতির দুহিতা সুকন্যাকে বিবাহ করিবার অভিপ্রায় প্রকাশ করিলেন। তাহাতে নৃপতি মুনির অভিপ্রায় অবগত হইয়া আপনার দুহিতাটীকে তাঁহার হস্তে সম্প্রদান করিলেন। হে রাজন্! এই বিবাহজনিত সম্বন্ধে শর্য্যাতির সমস্ত বিপদ্ অন্তর্হিত হইল। তিনি চ্যবনের সহ প্রিয় সম্ভাষণ করিয়া সমাহিত-চিত্তে এই সকল ভাবিতে ভাবিতে,নিজ-পুরে প্রত্যাগমন করিলেন।৯। সুকন্যা পতির মন বুঝিতেন; তিনি ব্রহ্মতেজো গম্ভীর-স্বভাব চ্যবনকে পতিরূপে লাভ করিয়া সাবধানে ঋষির ইচ্ছানুসারী সেবা দ্বারা তাঁহাকে প্রীত করিতে লাগিলেন। ১০। কিছুকাল পরে এক দিন অশ্বিনী-কুমারদ্বয় তাঁহার আশ্রমে আসিয়া উপস্থিত হইলেন। মুনিবর চ্যবন যথাবিধি তাঁহাদের অর্চ্চনা করিয়া কহিলেন, তোমরা দুইজন ক্ষমতাশালী স্বর্বৈদ্য; তোমরা আমার ন্যায় বৃদ্ধের তারুণ্য সম্পাদন করিয়া দাও। ১১। হে কুমারগণ! প্রমদাগণের যাহা অভিলষিত, আমার তাদৃশ বয়স ও রূপ যদি তোমরা করিয়া দাও, তাহা হইলে তোমরা যজ্ঞে সোমপান-রহিত হইলেও আমি অদ্য হইতে সোমযাগে তোমাদিগকে সোমপূর্ণ পাত্র প্রদান করিব। ১২। এতচ্ছ্রবণে প্রধান স্বর্গ বৈদ্যদ্বয় ব্রাহ্মণের প্রতি আনন্দ-প্রকাশপূর্ব্বক বলিলেন, "হে মুনে! যৌবনলাভের জন্য আপনি এই সিদ্ধ-বিনির্ম্মিত হ্রদে অবগাহন করুন"। ১৩। হে রাজন্! সেই স্বর্বৈদ্য অশ্বিনী-কুমারদ্বয় এই কথা বলিয়া জরাজীর্ণ ও শিরাসন্তত কৃশদেহ এবং বলীপলিতগাত্র সেই মহর্ষিকে লইয়া হ্রদে প্রবেশ করিলেন। ১৪। কিয়ৎক্ষণ পরে সেই হ্রদ হইতে অনতি-স্থূল, কামিনী-কুলের মনোহরণীয় রূপধারী তিনটী পুরুষ উত্থিত হইলেন। তিন জনেই সমানরূপ। তিন জনেই পদ্ম মালা, কুণ্ডল এবং উত্তম বসন পরিধান করিয়াছিলেন। ১৫। তখন সেই শর্য্যাতি-দুহিতা সুকন্যা সুন্দরী, সূর্য্যকান্তি তুল্য রূপবান্ তিনটী পুরুষ দেখিয়া, কে নিজের পতি—ইহা জানিতে পারিলেন না। সাধ্বী তখন পতি-দর্শনাকাঙ্ক্ষিণী হইয়া অশ্বিনীকুমার-দ্বয়ের শরণাগত হইলেন। ১৬। সুকন্যার পাতিব্রত্যে সন্তুষ্ট হইয়া অশ্বিনী-কুমারদ্বয় তাঁহার পতিকে দেখাইয়া দিলেন, এবং ঋষির সহিত প্রিয় সম্ভাষণপূর্ব্বক বিমান-যোগে আপনারা স্বর্গপুরে গমন করিলেন। ১৭। হে রাজন্! কিছুদিন পরে রাজা শর্য্যাতি যজ্ঞ করিবার মানসে ঋষি চ্যবনকে নিমন্ত্রণ করিতে গিয়া আশ্রমে দেখিলেন,—কন্যার পার্শ্বে সূর্য্যতুল্য তেজস্বী এক পুরুষ বসিয়া রহিয়াছেন। ১৮। সুকন্যা, পিতাকে দেখিয়া, ব্যস্ত-সমস্ত হইয়া, গাত্রোত্থানপূর্ব্বক পাদ-বন্দনা করিলেন। কিন্তু বৃদ্ধ ঋষির পরিবর্ত্তে যুবকের পার্শ্বস্থিতা কন্যাকে দেখিয়া সন্দিগ্ধ ও অপ্রীতচিত্ত হইয়া নৃপতি শর্য্যাতি কন্যাকে আশীর্ব্বাদ করিলেন না। ১৯। রাজা সবিস্ময়ে কন্যাকে কহিলেন, "এ কি করিতে কামনা করিয়াছিস্? লোক-নমস্কৃত ঋষি-স্বামীকে বঞ্চনা করিয়াছিস্? রে অসতি! তিনি জরাগ্রস্ত, সুতরাং অপ্রিয় বলিয়া, বুঝি তাঁহাকে পরিত্যাগ করিয়া, এই পথিককে যুবক দেখিয়া

উপপতিভাবে ভজনা করিয়াছিস্? তুই সৎকুলোৎপন্না হইয়াও এরূপ নষ্টবুদ্ধি করিতে কিরূপে সাহস করিলি! ইহাতে যে কুল দূষিত হয়! নির্লজ্জ হইয়া উপপতি পোষণ করিতেছিস্? পিতার ও পতির কুলকে একেবারে অধঃপাতে দিতেছিস্"। ২১। পিতা এই সকল কথা বলিলে, সুকন্যা ঈষৎ সহাস্য-বদনে বিনীতভাবে নিবেদন করিলেন, "পিতঃ! ইনিই তোমার জামাতা ভৃগুনন্দন হইতেছেন।২২। পতির যেরূপে রূপ-যৌবন লাভ হয়, তৎসমুদায় তিনি পিতার নিকট বর্ণন করিলেন। তৎশ্রবণে শর্য্যাতি বিস্মিত ও প্রীত হইয়া তনয়াকে আলিঙ্গন করিলেন। ২৩। হে রাজন্! তদনন্তর মহর্ষি চ্যবন, রাজর্ষি শর্য্যাতিকে সোমযাগ করাইলেন। পূর্ব্বে অশ্বিনীকুমারেরা যজ্ঞে সোমপ ছিলেন না। তথাচ ঋষি আপনার ব্রহ্মতেজে তাঁহাদিগকে সোমপাত্র প্রদান করিলেন। ২৪। এই কার্য্যে মহাক্রোধী ইন্দ্র ক্রুদ্ধ হইয়া চ্যবনের বিনাশার্থ বজ্র গ্রহণ করিয়াছিলেন, কিন্তু ভৃগুনন্দন বেদমন্ত্রবলে দেবরাজের সবজ্র হস্ত স্তম্ভিত করিয়া দিলেন।২৫। যদিও পূর্ব্বে ভিষক্ বলিয়া অশ্বিনী-কুমারদ্বয় সোমযাগে বহিষ্কৃত ছিলেন, তথাচ তদবধি চ্যবনের প্রভাবে সকল দেবতা তাঁহাদিগকে যজ্ঞে সোমপূর্ণ পাত্র দিতে সম্মত হইয়াছিলেন।২৬। উত্তানবর্হী, আনর্ত্ত, এবং ভূরিষেণ নামে শর্য্যাতির তিন পুত্র হয়। তন্মধ্যে আনর্ত্তের রেবত নামে এক পুত্র হয়। ২৭। হে অরিন্দম! ঐ মহামতি রেবত সাগরাভ্যন্তরে কুশস্থলী নামে এক নগরী নির্ম্মাণ করিয়া তাহাতে অবস্থিতিপূর্ব্বক আনর্ত্তাদি দেশ পালন করিয়াছিলেন। তাঁহার অনুরূপ-গুণশালী এক শত পুত্র জন্মে; পুত্রগণের মধ্যে ককুদ্মীই জ্যেষ্ঠ ছিলেন। ২৮। হে মহারাজ! ককুদ্মী রেবতী-নাম্নী স্বীয় তনয়ার উপযুক্ত পাত্র, বহুকাল হইতে চিন্তা করিয়া যখন নিশ্চয় করিতে পারিলেন না, তখন আপনার চিরযুবতী তনয়াকে সমভিব্যাহারে লইয়া 'কে ইহার বর?'—এই কথা জিজ্ঞাসা করিবার জন্য পবিত্র ব্রহ্মলোকে ব্রহ্মার নিকট গমন করিয়াছিলেন। ২৯। তখন গন্ধর্ব্বগণ ব্রহ্মলোকে হরিগুণগান করিতেছিল,—এই হেতু তিনি প্রবেশমাত্রেই পূর্ব্বকথা ব্রহ্মাকে জিজ্ঞাসা করিতে অবসর পান নাই। পরে অবকাশ পাইয়া আদি-দেবকেপ্রণামপূর্ব্বক আপনার অভিপ্রায় নিবেদন করিলেন। ৩০। তৎশ্রবণে ব্রহ্মা হাস্য করিয়া কহিলেন, "হে রাজন্! তুমি যে যে ব্যক্তিকে মনঃস্থ করিয়াছ, তাঁহারা কালকর্ত্তৃক তিরোহিত হইয়াছেন। ৩১। এমন কি! এখন তাঁহাদের পুত্র, পৌত্র ও নপ্তাদিগের নাম বা বংশের কথাও শুনিতে পাই না। সপ্তবিংশতি বার চতুর্যুগ বা মহাযুগ অতীত হইয়া গিয়াছে। ৩২। দেখ রাজন্! দেবদেব নারায়ণের অংশ মহাবল বলদেব এখনও আছেন; সেই নররত্নকে আপনার কন্যারত্ন প্রদান কর। ৩৩। হে রাজন্! যাঁহার নাম শ্রবণ কীর্ত্তনে পুণ্য হয়, সেই ভূতভাবন ভগবান্, ভূমির ভারাবতরণার্থ নিজাংশ বলদেবের সহিত অবতীর্ণ হইয়াছেন। ৩৪। ঐরূপ আদিষ্ট হইয়া রাজা ককুদ্মী ব্রহ্মাকে বন্দনা করিয়া বহুকাল পূর্ব্বে তাঁহার ভ্রাতৃগণ যক্ষভয়ে যে পুরী পরিত্যাগ করিয়া নানাদিকে অবস্থিতি করিয়াছিলেন; সেই নিজপুরে প্রত্যাগমন করিলেন। ৩৫। রাজা তখন ব্রহ্মার আদেশমতে বলশালী বলদেবকে আপনার সুন্দরী কন্যা দান করিয়া তপস্যার্থ নারায়ণাশ্রম বদরিকাশ্রমে গমন করিলেন।৩৬।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে তৃতীয়াধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। এই অধ্যায়ে মহর্ষি চ্যবন-চরিত্রে দেখান হইল যে:—ঘোর কঠোর তপাচারী এবং শুষ্ক হৃদয় হইলেও রমণী-সম্ভোগ-লালসা জীবের হৃদয় হইতে দূর হওয়া বড় কঠিন হইয়া থাকে। তাহার প্রমাণস্বরূপ মহর্ষি চ্যবন এমন ঘোর তপস্যা করিতেছিলেন, যে তাঁহার সর্ব্বাঙ্গে বল্মীক উৎপন্ন হইয়াছিল; কিন্তু মহীপতি শর্যাতির দুহিতা সুকন্যা সুন্দরী তাঁহাকে স্পর্শ করিবামাত্র তাঁহার সম্ভোগ-স্পৃহা জন্মিয়াছিল। কিন্তু ভগবদ্ভক্তির সহিত যদি কেহ সংসারভোগ করেন, তাহাতে তাহার আসক্তিবশে ভ্রান্তি উপস্থিত হয় না। তাহার দৃষ্টান্ত দেখান হইল যে:—মহর্ষি চ্যবন সুকন্যার সহিত কামসম্ভোগ করিলেন বটে, কিন্তু নিজের পুরুষার্থ ভক্তিবলে ও নিষ্ঠাবলে এত দূর রক্ষা করিয়াছিলেন, যে যজ্ঞমন্ত্রে অনধিকারী অশ্বিনীকুমারযুগলকেও দেবতাগণের সহিত সোমপানে অধিকারী করিয়াছিলেন। এই কার্য্যে বাধা-প্রদানকারী সুরপতি ইন্দ্রের বজ্র পর্য্যন্ত স্তম্ভিত করিয়াছিলেন। ইহাতে বিশেষ বলা হইল যে:—সংসার-সম্ভোগকালে জীবের ভগবদ্ভক্তি থাকিলে পুরুষার্থ ক্ষয় হয় না।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে তৃতীয়াধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ চতুর্থ অধ্যায়।

পূর্ব্বকথা সমাপন করিয়া পুনরায় রাজা পরীক্ষিৎকে শ্রীশুকদেব কহিলেন, হে রাজন্! মনুনন্দন নভগের পুত্র নাভাগ হইতেছেন। নভগ মহামতি বহুকাল গুরুকুলে বাস করাতে তাঁহাকে নৈষ্ঠিক ব্রহ্মচারী অনুমান করিয়া অন্যান্য ভ্রাতারা সম্পত্তি বিভাগকালে তাঁহার নিমিত্ত পিতৃধনের কোন অংশ রাখেন নাই; কিন্তু কিছুকালমধ্যে ব্রহ্মচর্য্য শেষ করিয়া নভগ গুরুগৃহ হইতে প্রত্যাবৃত্ত হইলে, ভ্রাতৃগণ বৃদ্ধ পিতা মনুকেই তাঁহার প্রাপ্য অংশরূপে নির্দ্দিষ্ট করিয়া দিলেন। ১। নভগ ভ্রাতাগণকে জিজ্ঞাসা করিলেন, "হে ভ্রাতৃগণ! আপনারা আমার জন্য কি ভাগ রাখিয়াছেন?" ভ্রাতারা উত্তর করিলেন,—"আমরা তোমার নিমিত্ত পিতাকেই অংশস্বরূপ রাখিয়াছি, অতএব তুমি পিতাকে গ্রহণ কর।" তাহা শুনিয়া নভগ পিতাকে কহিলেন, "হে পিতঃ! জ্যেষ্ঠগণ আপনাকেই কি আমার ভোগের জন্য অংশ স্থির করিয়া দিলেন?" পিতা কহিলেন, "বৎস! তাহাদের কথায় বিশ্বাস করিও না। ২। দেখ বৎস! তোমার অন্যান্য ভ্রাতারা যখন আমাকে তোমার ভোগ্যবস্তু বলিয়া দান করিয়াছেন; তখন আমি তোমার জীবনোপায় বলিতেছি;—দেখ বিদ্বন্! আঙ্গিরস মুনিগণ এক্ষণে কোন সত্রকার্য্যে ব্যাপৃত আছেন; কিন্তু তাঁহারা সুমেধা হইলেও, প্রতি ষষ্ঠ দিনে যাবতীয় কর্ত্তব্য বিস্মৃত হইতেছেন। ৩। অদ্য একটি ষষ্ঠম দিন। তুমি গিয়া তাঁহাদিগকে বৈশ্বদেব মন্ত্রসম্বন্ধীয় দুইটী সূক্ত পাঠ করাও। কর্ম্ম সমাপ্ত হইলে, যখন তাঁহারা স্বর্গে গমন করিবেন, তখন তাঁহারা সত্রের অবশিষ্ট ধন তোমাকে দান করিবেন।" ৪। হে রাজন্! পিতা

কর্ত্তৃক এই প্রকার উক্ত হইয়া নভগ তদ্রূপ কার্য্য করিলেন এবং সেই সকল আঙ্গিরসও আপনাদের সত্রাবশিষ্ট ধন তাঁহাকে প্রদান করিয়া স্বর্গে গমন করিলেন। ৫। হে মহারাজ! মহাত্মা নভগ যখন সেই ধন লইতে উদ্যত হইলেন, সেই সময়ে উত্তর দিক্ হইতে কৃষ্ণকায় কোন পুরুষ আসিয়া তাঁহাকে কহিলেন, "যজ্ঞ-ভূমিস্থিত এ সমস্ত ধন আমার হইতেছে"।৬। ইহাতে নভগ কহিলেন, "এ ধন ঋষিরা আমাকে দিয়াছেন।" কৃষ্ণপুরুষ বলিলেন, "চল; তোমার পিতার নিকটেই আমাদিগের দুইজনের মধ্যে,—কে এ ধন পাইবে, এ বিষয়ের বিচার হইবে"। ৭। তখন নভগ পিতার নিকটে গমন করিয়া এই কথা জিজ্ঞাসা করিলেন। তাঁহার পিতা কহিলেন, "ভূমিস্থিত যজ্ঞাবশিষ্ট সকল বস্তুই ভগবান্ রুদ্রের প্রাপ্য বলিয়া ঋষিগণ শাস্ত্রমধ্যে নিয়ম করিয়া দিয়াছেন; বিশেষতঃ মহাদেবই এই সকল ধন পাইবার অধিকারী হইতেছেন"। ৮। এতৎশ্রবণে নভগ সেই কৃষ্ণপুরুষকে রুদ্ররূপে জানিতে পারিয়া, তাঁহার নিকটে আসিয়া প্রণতিপূর্ব্বক বলিলেন, "হে ঈশ! যজ্ঞভূমিস্থিত এ সমস্ত ধন আপনার,—এ কথা আমার পিতা বলিলেন। হে ব্রহ্মন্! আমি আপনাকে প্রণাম দ্বারা প্রসন্ন করিতেছি"। ৯। রুদ্র কহিলেন, "তোমার পিতা ধর্ম্মবাক্য বলিয়াছেন এবং তুমিও ধর্ম্ম-বাক্য বলিতেছ, এইজন্য তুমি মন্ত্রদর্শী;—তোমাকে জ্ঞানরূপ সনাতন ব্রহ্মতত্ত্ব প্রদান করিতেছি। ১০। আর এই সত্রাবশিষ্ট যে প্রচুর ধন, ইহাও তোমাকে দিলাম,—তুমি গ্রহণ কর।" ধর্ম্মবৎসল ভগবান্ রুদ্র এই বলিয়া, অন্তর্হিত হইলেন। ১১। যে ব্যক্তি সুসমাহিত হইয়া সায়ং ও প্রাতঃকালে এই উপাখ্যান স্মরণ করিবেন, তিনি মহাদেব-প্রভাবে বিদ্বান্ ও মন্ত্রজ্ঞ হইয়া আপনার অভিলষিত ভোগ বা মোক্ষগতি প্রাপ্ত হইবেন। ১২। হে রাজন্! মনুনন্দন নভগপুত্র নাভাগ হইতে অম্বরীষের উৎপত্তি হয়। সেই অম্বরীষ এতদূর মহাভাগবত ও পুণ্যবান্ ছিলেন যে, যে ব্রহ্মশাপ কিছুতেই প্রতিহত হয় না, তাহাও তাঁহাকে স্পর্শ করিতে পারে নাই। ১৩। ইহা শুনিয়া রাজা পরীক্ষিৎ কহিলেন, হে ভগবন্! দুরত্যয় ব্রহ্মদণ্ড যাঁহার প্রতি প্রক্ষিপ্ত হইয়াও আপন শক্তি প্রকাশ করিতে পারে নাই, সেই ধীমান্ রাজর্ষি অম্বরীষের চরিত্র শ্রবণ করিতে আমি ইচ্ছা করি। ১৪। রাজার প্রশ্নে সন্তুষ্ট হইয়া শ্রীশুকদেব কহিলেন, হে মহারাজ! সেই মহাভাগ অম্বরীষ,—সপ্তদ্বীপা-পৃথিবী, অক্ষয় সম্পদ্ এবং ভূতলের অতুল বিভব লাভ করিয়াছিলেন। ১৫। কিন্তু সংসারী পুরুষের পক্ষে অতি দুর্ল্লভ ঐ সকল বস্তুকেও তিনি স্বপ্নকল্পিত মোহমাত্র মনে করিতেন; কেননা, তিনি ভোগবৈভবের নশ্বরতা এবং মোহকতা ভক্তিসাধনবলে অবগত হইয়াছিলেন।১৬। যে তত্ত্বভাব দ্বারা এই বিশ্বকে লোষ্ট্রবৎ বোধ হয়, ঐ রাজা অম্বরীষ, ভগবান্ বাসুদেব এবং তদ্ভক্ত সাধু সকলের সেবাতে সেই পরমতত্ত্বভাব প্রাপ্ত হইয়াছিলেন।১৭। তাঁহার মন, শ্রীকৃষ্ণ-পদারবিন্দের স্মরণে; তাঁহার বাক্য, বৈকুণ্ঠগুণানুবর্ণনে; তাঁহার কর-দ্বয় হরিমন্দির-মার্জ্জনাদিতে; তাঁহার শ্রুতি, সৎকথা শ্রবণে সতত মগ্ন থাকিত। ১৮। তাঁহার চক্ষুর্দ্বয়, যে যে গৃহে নারায়ণ-চিহ্ন আছে, সেই সেই গৃহ দর্শনে; তাঁহার অঙ্গপ্রত্যঙ্গ সমূহ, ভগবৎ-ভৃত্যজনের গাত্রস্পর্শে; তাঁহার ঘ্রাণেন্দ্রিয়, ভগবৎ-পাদপদ্ম-সংসর্গ-সম্মত-তুলসী-সৌরভ গ্রহণে এবং তাঁহার রসনা, ভগবানের প্রতি নিবেদিত অন্নাদি-আস্বাদনে সতত

নিযুক্ত থাকিত। ১৯। হে মহারাজ! সেই নৃপতি অম্বরীষ, চরণদ্বয়কে ভগবৎক্ষেত্র-পদানুসর্পণে এবং মস্তককে হৃষীকেশ চরণবন্দনে প্রবৃত্ত রাখিয়াছিলেন। ভগবানের প্রসাদ স্বীকার করা উচিত বোধে, অথচ যাহাতে ভগবদ্ভক্তের প্রতি সেবন-জনিত রতি থাকে, এই উপায় অবলম্বন পূর্ব্বক, ভগবান্‌কে নিবেদন করিয়া মাল্যচন্দনালঙ্কারাদি ধারণ করিতেন, ভগবৎভাবাবলম্বী হইয়া রাজ্যশাসন ও বিষয়ভোগ করিতেন,—লোভ বশতঃ করিতেন না। ২০। সকল অনুষ্ঠানে আত্মা রূপে হরি আছেন ভাবিয়া রাজা সর্ব্বদা যজ্ঞাদি ক্রিয়াকলাপ করিতেন। তাহার ফল, ভগবান্ যজ্ঞেশ্বর অধোক্ষজে সমর্পণ করিতেন এবং ভগবন্নিষ্ঠ বিপ্রগণ কর্ত্তৃক উপদিষ্ট হইয়া রাজ্যশাসন করিতেন। ২১। রাজা অম্বরীষ, সরস্বতীস্রোতের পরপারে যে মরুপ্রদেশ, তাহাতে বশিষ্ঠ, অসিত ও গৌতমাদি ঋষিগণ-সাহায্যে অনুষ্ঠিত বহুতর অশ্বমেধ যজ্ঞ দ্বারা যজ্ঞেশ্বর ভগবানের পূজা করিয়াছিলেন। মহাবিভূতি দ্বারা ঐ সমস্ত যজ্ঞের অঙ্গ সুসমৃদ্ধ ও দক্ষিণা প্রদত্ত হইয়াছিল। ২২। তাঁহার যজ্ঞে সদস্য ও ঋত্বিক প্রভৃতি, তদ্দত্ত উৎকৃষ্ট বসন এবং ভূষণাদি পরিধান করায় এবং পরস্পরে পরস্পরের শোভা দর্শনে নিমেষশূন্য হওয়ায়, সকলেই দেবতা বলিয়া প্রতীয়মান হইয়াছিলেন। ২৩। হে মহারাজ! রাজর্ষি অম্বরীষের অধীনস্থ প্রজারাও সুরপ্রিয় স্বর্গ প্রার্থনা করিত না,—কেবল ভক্তিসহকারে ভগবচ্চরিত্র শ্রবণ ও কীর্ত্তনে রত থাকিত। ২৪। হে মহারাজ! যে ব্যক্তি স্বীয় হৃদয়মধ্যে ভগবান্ মুকুন্দকে দর্শন করেন, সামান্য ধনরত্নাদি বিষয়ভোগ তাঁহাকে কাতর করিতে পারে না। এমন কি, সিদ্ধগণের দুর্লভ যে সারূপ্যাদি মুক্তি, তাহাও তাঁহাকে আনন্দিত করিতে পারে না। হে মহারাজ! এজন্য বিষয়ভোগ রাজা অম্বরীষের হর্ষ জন্মাইতে পারে নাই। ২৫। সে যাহা হউক, অম্বরীষ রাজা ঐরূপ ভক্তি-যোগ ও তপস্যা-সম্বলিত স্বধর্ম্ম দ্বারা ভগবান্ হরির প্রীতি উৎপাদন করিয়া, ক্রমে সমস্ত ভোগ-কামনা পরিত্যাগ করিয়াছিলেন। ২৬। হে মহারাজ! সেই নৃপতির কলত্র, পুত্র, মিত্র, গৃহ, গজ, বাজী ও স্যন্দন এবং অক্ষয় ধন-রত্ন, বসন-ভূষণাদি এবং অনন্ত-কোষেও তাঁহার উপেক্ষা জন্মিয়াছিল। ২৭। ভগবান্ হরি তদীয় ভক্তিভাবে প্রীত হইয়া, পাপাদি শক্রসৈন্যের ভয়াবহ এবং ভক্তজন-রক্ষক নিজ চক্র তাঁহাকে প্রদান করিয়াছিলেন। ২৮। রাজা অম্বরীষ, ভগবান্ শ্রীকৃষ্ণের আরাধনা-বাসনায় স্বীয় পতিব্রতা মহিষীর সহিত মিলিত হইয়া, কোন সময়ে সংবৎসর সংকল্পে দ্বাদশীব্রত ধারণ করিয়াছিলেন। ২৯। হে মহারাজ! কার্ত্তিক মাসে ব্রতাবসান হইলে, ত্রিরাত্র উপবাসানন্তর যমুনায় স্নান করিয়া, তীরস্থ মধুবনে ভগবান্ হরির পূজা করিতে প্রবৃত্ত হইলেন। ৩০। মহাভিষেকের শাস্ত্রীয় বিধি অনুসারে সকল উপচার দিয়া দেবতার অভিষেক করিয়া, পরে পূজার্থে বসন-ভূষণ, গন্ধ মাল্যাদি আহরণ করিলেন। ৩১। পরে একাগ্রমনে কেশবের পূজা করিয়া, নিষ্কামী ভক্তগণকেও মহাভাগ ব্রাহ্মণদিগকে ভক্তিভাবে পূজা করিলেন। ৩২। তাহার পর রাজা, ষট্‌ষষ্টি কোটি গাভী সাধু-বিপ্রদিগকে দান করিলেন। দান-কালে ঐ সকল গাভীর শৃঙ্গ স্বর্ণমণ্ডিত ও খুর রৌপ্যময়; গাত্রে শোভন বসন ছিল। সকল গাভীই দুগ্ধবতী, রূপবতী, সুশীলা ও অল্পবয়স্কা;—সকলেরই বৎস ও আহারীয় উপকরণ ছিল। তিনি

দানের শেষে ব্রাহ্মণদিগকে অতীব গুণসম্পন্ন সুস্বাদু অন্ন ভোজন করাইলেন। ৩৩। ৩৪। সেই সকল পূর্ণকাম ব্রাহ্মণদিগের ভোজনান্তে তাঁহাদের নিকট অনুমতি গ্রহণপূর্ব্বক স্বয়ং পারণের উপক্রম করিতেছেন, এমন সময়ে স্বয়ং ভগবান্ দুর্ব্বাসা ঋষি তাঁহার অতিথি হইলেন। ৩৫। ঋষিকে দর্শন করিয়াই রাজা অম্বরীষ, তৎক্ষণাৎ প্রত্যুত্থান, অভিবাদন ও অর্চ্চনা দ্বারা তাঁহার যথোচিত সৎকার করিলেন এবং পাদমূলে পতিত হইয়া ভোজনের জন্য অনুরোধ করিতে লাগিলেন। ৩৬। রাজার প্রার্থনায় দুর্ব্বাসা আনন্দ-সহকারে সম্মত হইয়া মধ্যাহ্নের নিত্যকর্ম্ম সমাধা করিতে গমন করিলেন; তদনন্তর তিনি ব্রহ্ম-চিন্তা করিতে করিতে পবিত্রা কালিন্দীর নির্ম্মল জলে স্নান করিতে থাকিলেন। ৩৭। অনেকক্ষণ এইরূপে স্নানাদিকার্য্যে অতীত হইল, দুর্ব্বাসা প্রত্যাগত হইলেন না। এদিকে দ্বাদশী অর্দ্ধমুহূর্ত্তমাত্র অবশিষ্ট, তন্মধ্যে পারণ না করিলে ব্রত বিফল হয়। ধর্ম্মজ্ঞ অম্বরীষ এক দিকে অতিথি সেবা, অন্যদিকে ব্রতক্ষয়, এইরূপ ধর্ম্মসঙ্কটে পতিত হইয়া পারণ-বিষয়ে ব্রাহ্মণদিগের সহিত পরামর্শ করিতে লাগিলেন। ৩৮। অতিথি ব্রাহ্মণাতিক্রমে দোষ ও অধর্ম্ম; দ্বাদশীতে পারণ না করাও দোষ; হে দ্বিজগণ! কি করিলে আমার পক্ষে মঙ্গল হয় এবং অধর্ম্ম আমাকে স্পর্শ করিতে পারে না, তাহা বলুন। ৩৯। রাজার বিষম বিপদ-দর্শনে সেই ব্রাহ্মণেরা বিবেচনাপূর্ব্বক কহিলেন:—হে মহারাজ! আপনি জলমাত্র পান করিয়া ব্রত সমাপন করুন; যেহেতু জলমাত্র-ভক্ষণকে শাস্ত্রকারগণ ভোজন ও অভোজন দুইই বলিয়াছেন। ৪০। হে কুরুশ্রেষ্ঠ! রাজর্ষি এই বলিয়া মনে মনে অচ্যুতকে স্মরণ করতঃ জলপান করিয়া ব্রাহ্মণ দুর্ব্বাসার আগমন প্রতীক্ষা করিতে লাগিলেন। ৪১। এমন সময়ে দুর্ব্বাসা ঋষি মধ্যাহ্ন কর্ম্ম সমাপনপূর্ব্বক যমুনার কূল হইতে রাজসমীপে আসিয়া উপস্থিত হইলেন। রাজা তাঁহাকে দেখিয়া আনন্দ প্রকাশ করিলেন বটে, কিন্তু দুর্ব্বাসা যোগবলে তাঁহার আচরণ জানিতে পারিয়াছিলেন। ৪২। তিনি ক্ষুধার্ত্ত হইয়াছিলেন, এইজন্য ক্রোধে কম্পিত-কলেবর এবং ভ্রূকুটী-কুটিলানন হইয়া, কৃতাঞ্জলি-পুটে অবস্থিত কাতর রাজাকে লক্ষ্য করিয়া সভাস্থ সকলকে কহিতে লাগিলেন। ৪৩। অহো! এ ব্যক্তি কি নৃশংস! দেখ দেখ! ধন-সম্পত্তির মদে অতিশয় উন্মত্ত হইয়াছে; এ আর এখন বিষ্ণুভক্ত নহে, আপনাকে ঈশ্বর বলিয়া মানে—সকলে ইহার ধর্ম্মব্যতিক্রম দেখ। ৪৪। পরে রাজাকে দুর্ব্বাসা কহিলেন:—রে দুষ্ট! তুই অতিথিরূপে সমাগত আমাকে আতিথ্য-বিধি অনুসারে নিমন্ত্রণ করিয়া আহার করাইবার পূর্ব্বে স্বয়ং যেমন ভোজন করিয়াছিস্,—সদ্য তোকে ইহার প্রতিফল দেখাইব। ৪৫। এই প্রকার বলিতে বলিতে রোষ-প্রদীপিত হইয়া দুর্ব্বাসা নিজ মস্তক হইতে জটা উৎপাটনপূর্ব্বক তৎক্ষণাৎ রাজার নিমিত্ত কালানল-তুল্য অগ্নিময়ী এক ব্রহ্মশাপমূর্ত্তি নির্ম্মাণ করিলেন। ৪৬। সেই প্রজ্জ্বলিত মূর্ত্তি খড়্গহস্তা হইয়া পদভরে পৃথিবী কম্পিত করিয়া নিজ সমীপে আসিতেছে—দেখিয়াও ধর্ম্মিষ্ঠা অম্বরীষ স্বস্থান হইতে বিচলিত হইলেন না। ৪৭। রাজার এই দুর্দ্দশা দর্শন করিয়া পরম-পুরুষ ভগবান্ কর্ত্তৃক ভৃত্য-রক্ষার্থ আদিষ্ট সুদর্শন চক্র, দাবানল যেমন অরণ্যস্থ সরোষ সর্পকে দগ্ধ করে, সেইরূপ ঐ শাপময়ী মূর্ত্তিকে নষ্ট করিয়া ফেলিল। ৪৮। অবশেষে সুদর্শন দুর্ব্বাসাকে সংহার করিতে উদ্যত

হইলে; সেই চক্রকে আপনার প্রতি ধাবিত এবং নিজ-প্রয়াস নিষ্ফল হইতে দেখিয়া, দুর্ব্বাসা সভয়ে প্রাণরক্ষার্থ ত্রিভুবনের নানাদিকে ভ্রমণ করিতে লাগিলেন। ৪৯। হে রাজন্! প্রজ্বলিত দাবানল-শিখা যেরূপ বনস্থ সর্পের অনুসরণ করে, সেইরূপ ভগবানের সুদর্শন-চক্র ঋষির পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইল। মুনি আপনার পশ্চাতে আগত ঐ চক্রকে দেখিয়া সুমেরুর-মহাগুহায় প্রবেশ-বাসনায় মহাবেগে দৌড়াইতে লাগিলেন। ৫০। তখন দুর্ব্বাসা সুদর্শন হইতে আত্মরক্ষার জন্য দশদিক্, আকাশ, ভূমি, ভূ-বিবর, সাগর, সমস্ত লোক, লোকপাল এবং স্বর্গ, সর্ব্বত্র গমন করিলেন, কিন্তু যে যে স্থানে উপস্থিত হয়েন, সেই সেই স্থানেই সেই দুষ্প্রধর্ষ সুদর্শনকে পশ্চাতে দেখিতে পাইলেন। ৫১। ভীতচিত্ত ঋষি, যখন কোন স্থানেই আপনার রক্ষা পাইলেন না, তখন দেবদেব বিরিঞ্চির নিকট যাইয়া বলিলেন, "হে বিধাতঃ! হে আত্মযোনে! দুঃসহ হরিচক্র হইতে আমাকে রক্ষা করুন।" ৫২। ব্রহ্মা কহিলেন, হে দুর্ব্বাসা! দ্বিপরার্দ্ধ কালে এই বিশ্বলীলার অবসানে যে বিষ্ণু কালস্বরূপ হইয়া সমুদায় দগ্ধ করিতে বাসনা করিলে ভ্রূভঙ্গীমাত্রে বিশ্ব-সমেত আমার এই ব্রহ্মলোক ভস্মীভূত হইবে। ৫৩। আমি, ভব, দক্ষ এবং ভৃগু প্রভৃতি, প্রজেশ, ভূতেশ, সুরেশ ইত্যাদি অমর-নিকর, সৃষ্টিকালে যাঁহার আজ্ঞা মস্তকদ্বারা বহন করিতেছি এবং এই সৃষ্টির হিতের জন্য সকলে কার্য্য করিতেছি, তুমি সেই বিশ্বপতির অনুগত ভক্তের অপকার করিয়াছ, এ অপরাধ হইতে তোমাকে রক্ষা করা আমার ক্ষমতা নহে। ৫৪। তখন বিষ্ণু-চক্রোপতাপিত দুর্ব্বাসা এইরূপে বিরিঞ্চি কর্তৃক প্রত্যাখ্যাত হইয়া কৈলাসবাসী মহাদেবের শরণাগত হইলেন। ৫৫। দুর্ব্বাসার অবস্থা অবগত হইয়া শঙ্কর কহিলেন,—"হে বৎস! সেই মহিমাময় পরমেশ্বরের উপর আমাদের প্রভুত্ব চলিবে না। সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা হইতে অনন্ত জীবপূর্ণ সহস্র সহস্র ব্রহ্মাণ্ড কালবশে যাঁহা হইতে উৎপন্ন এবং যাঁহাতেই লীন হয়; বিশেষতঃ যাঁহার প্রভাব আমরা সম্যক্ অবগত না হইয়া সৃষ্টিকর্ত্তৃত্বে অভিমান করিয়া আমরা ভ্রান্ত হইয়া আছি। ৫৬। হে বৎস! আমি, সনৎকুমার, নারদ, ভগবান্ ব্রহ্মা, মোহশূন্য কপিল, দেবল, ধর্ম্ম, আসুরি এবং মরীচি প্রভৃতি অন্যান্য সিদ্ধেশ্বরগণ সর্ব্বজ্ঞ হইয়াও যাঁহার মায়া জানিতে পারা দূরে থাকুক, সকলেই তদীয় মায়ায় আবৃত হইয়া রহিয়াছি। ৫৭। ৫৮। সেই বিশ্বেশ্বরের এই শস্ত্র, আমাদিগেরও দুর্ব্বিষহ; অতএব তুমি আত্মকল্যাণের জন্য সেই ভগবানের নিকট গিয়া শরণাপন্ন হও; তিনিই তোমার মঙ্গল-বিধান করিবেন।" ৫৯। হে রাজন্! দুর্ব্বাসা এই প্রকারে শঙ্করের নিকটেও নিরাশ হইয়া ভগবান্ শ্রীনিবাস শ্রীর সহিত যথায় বিরাজ করিতেছেন, সেই বৈকুণ্ঠে গমন করিলেন। ৬০। বিষ্ণুচক্রানলে দগ্ধ হয়েন,—এমন সময়ে দুর্ব্বাসা ভগবৎপাদমূলে পতিত হইয়া কম্পিত-কলেবরে বলিলেন,—"হে অচ্যুত! হে অনন্ত! হে সাধুজনের অভিলষিত ফলদাতা প্রভো! আমি অপরাধ করিয়াছি। হে বিশ্বভাবন! আমাকে রক্ষা করুন। ৬১। হে প্রভো! আপনার যে নাম কীর্ত্তনে নারকীও মুক্তিলাভ করে," আপনার সেই পরম প্রভাব না জানিয়া আমি আপনার প্রিয়জনের দুঃখ উৎপাদন করিয়াছি। হে বিধাতঃ! এই অপরাধ হইতে আমাকে মুক্ত করুন"। ৬২। ভগবান্ দুর্ব্বাসার দুর্দ্দশা দর্শনে কহিলেন, "হে দ্বিজ! আমি ভক্তাধীন, সুতরাং আমি এক-

রূপ পরাধীন; ভক্ত-জন আমার প্রিয়; সাধুভক্তেরাই আমার হৃদয় অধিকার করিয়াছেন। ৬৩। হে ব্রহ্মন্! যাহাদিগের আমিই পরাগতি, সেই সমস্ত সাধু ভক্ত-জন অপেক্ষা আমি আপনার মূর্ত্তিকে বা এই লক্ষ্মীকেও ভালবাসি না।৬৪। যে সকল ব্যক্তি,—পুত্র, কলত্র, গৃহ,স্বজন, ধন, প্রাণ এবং ইহলোক ও পরলোক—সমুদায় পরিত্যাগ করিয়া আমার শরণাপন্ন হয়েন; আমি তাঁহাদিগকে কিরূপে পরিত্যাগ করিতে পারি? ৬৫। যেমন সাধ্বী স্ত্রী, সৎপতিকে বশীভূত করে, সেইরূপ সমদর্শী সাধুগণ আমাতে হৃদয় বন্ধন করিয়া আমাকে বশবর্ত্তী করেন। ৬৬। আমার সেবা দ্বারা যদি তাঁহাদের সালোক্যাদি মুক্তিচতুষ্টয় লাভের অবস্থা উপস্থিত হয়, তাঁহারা তাহা গ্রহণ করিতে ইচ্ছা করেন না, আমার সেবাতেই পরিতৃপ্ত থাকেন; সংসার হইতে স্বর্গের বা ব্রহ্মলোকাদির ঐশ্বর্য্য কালে প্রলয়ে নাশ পায়; কিন্তু মুক্তি নাশ পায় না। সেই মুক্তিকেও যখন তাঁহারা আমার সেবাপেক্ষা অধিক মনে করেন না, তখন অন্য কোন্ ঐশ্বর্য্যে তাঁহারা মুগ্ধ হইবেন? ৬৭। সাধুগণ আমার হৃদয়, আমিও সাধুদিগের হৃদয়। তাঁহারা আমা ব্যতীত অন্য কাহাকেও জানেন না, আমিও ক্ষণেকের জন্য তাঁহাদের ব্যতীত অন্য কিছু ভালবাসি না। ৬৮। অতএব হে বিপ্র! যাঁহার নিকট অপরাধ হইতে তোমার এই নাশশঙ্কা জন্মিয়াছে, তাঁহার নিকট যাও,—বিলম্ব করিও না। সাধুজনের প্রতি নিজের সিদ্ধতেজ প্রযুক্ত হইলে, তাহাতে ভক্ত-প্রহর্ত্তারই মনে অশান্তি ঘটিয়া থাকে। ৬৯। সত্য বটে, তপস্যা ও বিদ্যা—এই উভয়ই ব্রাহ্মণদিগের সর্ব্ববিঘ্ন-মুক্তিকর, কিন্তু দুর্ব্বিনীত অধিকারীর পক্ষে তাহাই বিপরীত-ফলজনক হয়। ৭০। হে ব্রহ্মন্! আমি আশীর্ব্বাদ করি, তোমার মঙ্গল হউক, সেই মহাভাগ নাভাগ-তনয় অম্বরীষকে শীঘ্র গিয়া শান্ত কর। তাহাতেই তোমার সকল বিপদ্শান্ত হইবে। ৭১।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে চতুর্থাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। গুরুভক্তি, পিতৃভক্তি ও দেবভক্তি থাকিলে জীবের কখন দারিদ্র্য থাকে না, সমস্ত দুর্ভাগ্য ক্ষয় হইয়া যায়। তাহার দৃষ্টান্তস্বরূপ রাজর্ষি নভগের চরিত্র এই অধ্যায়ে দেখান হইয়াছে। নভগ এমন সদাচারে ও এত একাগ্রতার সহিত গুরুসেবা করিয়াছিলেন যে, তাঁহার ভ্রাতাগণ তাঁহাকে নিরাশ বৈরাগী বিবেচনা করিয়া রাজ্যধন আপনারা গ্রহণ করিয়া কেবল বৃদ্ধ পিতার সেবার জন্য ঐ পিতাকেই তাঁহার জন্য রাখিয়াছিলেন। পিতৃভক্ত নভগ বিষয়রত্নে বঞ্চিত হইয়া কেবল পিতৃসেবাতেই নিরত থাকিতেন, পিতার আশীর্ব্বাদে এবং দেবভক্তি দর্শনে মহেশ্বরের আশীর্ব্বাদে ভ্রাতাগণ অপেক্ষা তাঁহার প্রচুর ধন সম্পত্তি দৈববশে লাভ হইয়াছিল। নভগের চরিত্রে;—গুরু প্রভৃতির প্রতি শ্রদ্ধাভক্তিমান্ হইলে ঐহিক সৌভাগ্যের উদয় হয়, ইহা প্রতিপন্ন করিয়া, শ্রীশুকদেব ভগবদ্ভক্তির শ্রেষ্ঠতা বর্ণনার জন্য অম্বরীষ-চরিত্র বর্ণনা করিলেন। ভগবদ্ভক্তিবলে, কি ইহকাল, কি পরকাল কোন অবস্থায়ই দুর্ভাগ্য, বিপদ বা কোন প্রকার অশুভ জীবকে কাতর করিতে পারে না। এই প্রমাণ দেখাইবার জন্য অম্বরীষ-সমীপে দুর্ব্বাসা ঋষির দুর্দ্দশা দেখান হইল, বুঝিতে হইবে।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে চতুর্থাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ পঞ্চম অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক শ্রীশুকদেব কহিলেন :—হে রাজন্! চক্রাগ্নি-তাপিত দুর্ব্বাসা ভগবানের ঐরূপ আদেশে তৎক্ষণাৎ মহীপতি অম্বরীষ-সন্নিধানে আগমন করিলেন এবং প্রাণরক্ষার জন্য দুঃখিত হইয়া তদীয় চরণ গ্রহণ করিলেন।১। ব্রাহ্মণে পাদস্পর্শ করাতে রাজর্ষি লজ্জিত হইলেন, এবং তাঁহাকে প্রাণভয়ে কাতর দর্শনে কৃপাপীড়িত হইয়া ভগবচ্চক্রের স্তব আরম্ভ করিলেন।২। হে সুদর্শন! তুমি অগ্নি; তুমিই ভগবান্ সূর্য্য; তুমিই নক্ষত্র সকলের পতি চন্দ্র; তুমিই জল; তুমিই ভূমি; তুমিই আকাশ; তুমিই বায়ু; তুমিই শব্দাদি; তন্মাত্র সকল; তুমিই ইন্দ্রিয়বর্গ হইতেছ।৩। হে সুদর্শন! তোমাকে নমস্কার করি। হে অচ্যুতপ্রিয়! হে সহস্রার! হে সর্ব্বাস্ত্রঘাতিন্! হে পৃথিবী-শ্বর! এই বিপ্রবরকে রক্ষা কর।৪। তুমি সাক্ষাৎ ধর্ম্ম; তুমি সুনৃত বাক্য; তুমি সম-দর্শিতা; তুমি যজ্ঞমূর্ত্তি; তুমি অখিল-যজ্ঞভোক্তা; তুমি লোকপাল, তুমি সর্ব্বাত্মা এবং তুমিই সেই পরম পুরুষের পরম তেজ হইতেছ।৫। হে সুনাভ! তুমি অখিল ধর্ম্ম-সেতু, তুমি অধর্ম্মশীল অসুরদিগের ধূমকেতু-স্বরূপ, তুমি ত্রৈলোক্য রক্ষক, তুমি বিশুদ্ধতেজা, তুমি মনোজব এবং অদ্ভুতকর্ম্মা হইতেছ, তোমায় আর কি বলিব!! তোমাকে নমস্কার করি।৬। হে সুদর্শন! তোমার ধর্ম্মময় তেজদ্বারা জীবের অজ্ঞান-অন্ধকার সংহৃত এবং মহাত্মাদিগের জ্ঞানদৃষ্টি প্রকাশিত হইয়াছে। তুমি সকল স্তবের প্রভু হইতেছ, তোমার মহিমা দুরত্যয় হইতেছে, সৎ, অসৎ, পর, অপর ইত্যাদি সমস্ত পদার্থ তোমারই স্বরূপ হইতেছে।৭। হে অজিত! অনঞ্জন ভগবান্কর্ত্তৃক যখন তুমি নিক্ষিপ্ত হও, তখন দৈত্য-দানবমধ্যে প্রবিষ্ট হইয়া বারংবার তাহাদিগের বাহু, উদর, ঊরু, চরণ এবং কন্ধর ছেদন করিয়া সর্ব্ববিজয়ী হইয়া সমরাঙ্গনে বিরাজ কর।৮। হে জগত্রাণ! তুমি সর্ব্বসহ; ভগবান্ গদাধর, খল ব্যক্তিদিগের নিগ্রহার্থই তোমাকে নিযুক্ত করিয়াছেন, অতএব আমাদিগের সৌভাগ্য নিমিত্ত এই বিপন্ন ব্রাহ্মণের মঙ্গল বিধান কর। তাহা হইলেই আমাদিগের প্রতি বিশেষ অনুগ্রহ করা হইবে।৯। হে সুদর্শন! যদি দান করিয়া থাকি, যদি যজ্ঞ করিয়া থাকি, যদি আমি স্বধর্ম্মের উত্তমরূপ অনুষ্ঠান করিয়া থাকি, এবং আমাদের কুলদেবতা যদি উপযুক্ত ব্রাহ্মণ হয়েন, তাহা হইলে এই দ্বিজের বিপদ্ দূর হউক।১০। এক এবং সর্ব্ব-ভূতের আত্মা বলিয়া সর্ব্বগুণাশ্রয় ভগবান্ আমাদের প্রতি যদি প্রসন্ন থাকেন, তাহা হইলে এই ব্রাহ্মণের বিপদ্ দূর হউক"।১১। শ্রীশুকদেব রাজাকে কহিলেন; তখন সুদর্শন চক্র, বিপ্রবর দুর্ব্বাসাকে প্রায় দগ্ধ করিতেছিল; রাজর্ষি ঐরূপ স্তব করিতে থাকিলে, ঐ রাজার প্রার্থনাতে তৎক্ষণাৎ প্রশান্ত হইল।১২। দুর্ব্বাসা অস্ত্রাগ্নি-তাপ হইতে পরিত্রাণ পাইয়া শান্তিপূর্ণ হইলেন, এবং ভূপতির প্রতি আশীর্ব্বাদ প্রয়োগ করিয়া প্রশংসা করিতে লাগি-লেন।১৩। দুর্ব্বাসা কহিলেন,—"অহো! আমি অদ্য অনন্তদাসদিগের অদ্ভুত মহত্ত্ব দেখি-লাম! হে রাজন্! আমি তোমার নিকটে গুরুতর অপরাধী হইলেও তুমি আমার কল্যাণ-

চেষ্টা করিলে!! ১৩। এই কার্য্যেই আমি এক্ষণে বুঝিলাম:--যে সকল ব্যক্তি, ভক্তের প্রভু ভগবান্ হরিকে বশীভূত করিয়াছেন, সেই সকল মহাত্মা সাধু-পুরুষের দুষ্কর অথবা দুস্ত্যজ কিছুই নাই। ১৫। যাঁহার নাম শ্রবণমাত্রে পুরুষ নির্ম্মল হয়, সেই তীর্থ-পাদ হরিতে যাঁহারা আত্মসমর্পণ করিয়াছেন, তাঁহাদের আর দ্বেষহিংসাদি আসক্তি কোথায়? ১৬। হে রাজন্! আমার অপরাধের প্রতি দৃষ্টিপাত না করিয়া আমার প্রতি যখন অনুগ্রহ প্রকাশ-পূর্ব্বক প্রাণরক্ষা করিলে, তখন তুমি অত্যন্ত দয়ালু হইতেছ। ১৭। শ্রীশুকদেব কহিলেন, হে রাজন্! রাজা অম্বরীষ দুর্ব্বাসার প্রত্যাগমন-প্রতীক্ষায় উপবাসী হইয়াছিলেন, এক্ষণে তাঁহার চরণ-যুগল ধারণকরতঃ তাঁহাকে প্রসন্ন করিয়া ভোজন করাইলেন। ১৮। সাদরে সমানীত ও সর্ব্বাভিলাষ-সম্পাদক আতিথ্য-সৎকারে মহর্ষি পরিতৃপ্ত হইয়া পরমানন্দে রাজাকে বলিলেন, "তুমিও আমার সহিত আহার কর। ১৯। হে অম্বরীষ! তুমি পরম ভাগবত; তোমার দর্শন, তোমার সহিত আলাপন এবং তোমার ঐকান্তিকী আতিথ্য গ্রহণে আমি সন্তুষ্ট ও অনুগৃহীত হইলাম। ২০। অদ্য হইতে স্বর্গবাসিনী সুরাঙ্গনা সকল তোমার এই বিশুদ্ধ কর্ম্ম সর্ব্বদাই গান করিবেন এবং পৃথিবীস্থ মানবকুল সতত তোমার পবিত্র-কীর্ত্তি কীর্ত্তন করিবে"। ২১। শ্রীশুকদেব কহিলেন,—হে মহারাজ! মহর্ষি দুর্ব্বাসা পরিতুষ্টচিত্তে এরূপ কহিয়া রাজর্ষি অম্বরীষের সহিত সম্ভাষণান্তর আকাশপথে নিষ্কাম [illegible] পূর্ণ ব্রহ্মলোকে গমন করিলেন। ২২। হে রাজন্! মুনি দুর্ব্বাসা, দ্বাদশীর পারণার সময় সুদর্শনভয়ে যে দিন হইতে প্রাণভয়ে প্রস্থান করিয়াছিলেন, সেই দিন হইতে এক বৎসর অতীত হইয়াছিল, রাজা তাঁহাকে ভোজন করাইয়া অতিথি-সৎকার করিবেন বলিয়া তত-দিন জলগণ্ডূষ মাত্র পান করিয়াছিলেন। ২৩। এক্ষণে দুর্ব্বাসা আসিয়া ভোজনাদিপূর্ব্বক পুনঃপ্রস্থান করিলে, রাজা অম্বরীষ অগ্রে ব্রাহ্মণ ভোজন করাইলেন, পরে তাঁহাদের পবিত্র প্রসাদ ভোজন করিলেন। দুর্ব্বাসা ঋষির ব্যসন ও পরিত্রাণ এবং আপনার ধৈর্য্যাদিরূপ বীর্য্য ও ভগবানের কৃপা-মূলক বলিয়া ভাবিতে লাগিলেন। ২৪। এতাদৃশ বিবিধ গুণশালী রাজা অম্বরীষ যজ্ঞ ও ব্রতাদি দ্বারা পরমাত্মা বাসুদেব-ব্রহ্মে ভক্তিবন্ধন করিয়াছিলেন। ২৫। শ্রীশুকদেব কহিলেন,—হে মহারাজ! তদনন্তর ঐ ধীর অম্বরীষ, ভগবান্ বাসুদেবে মনো-নিবেশপূর্ব্বক আত্মসম-শীল তনয়দিগের প্রতি রাজ্যভার সমর্পণকরতঃ গুণপ্রবাহ বিধ্বস্ত করিয়া বনপ্রবেশ করিয়াছিলেন। ২৬। হে রাজন্! অম্বরীষ ভূপতির এই পবিত্র উপাখ্যান যে ব্যক্তি কীর্ত্তন এবং সতত ধ্যান করিবেন, তিনি ভগবদ্ভক্তি লাভ করিবেন। ২৭। হে মহারাজ! যে সকল মানব ভক্তিপূর্ব্বক মহাত্মা অম্বরীষের চরিত্র শ্রবণ করিবেন, তাঁহারা সকলেই ভগবান্ বিষ্ণুর প্রসাদে অনায়াসে মুক্তিপদ লাভ করিতে পারিবেন। ২৮।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে পঞ্চমাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। ভগবদ্ভক্তি লাভ করিলে জীবের কোন বিষয়ে আসক্তি, দ্বেষ বা মোহ থাকে না। এইজন্য অম্বরীষ একাদশীর ব্রতান্তে অতিথি দুর্ব্বাসাকে ভোজন করাইবেন বলিয়া উপবাসী ছিলেন। দুর্ব্বাসা তাঁহাকে ব্রহ্মশাপাগ্নিতে দগ্ধ করিতে অভিসম্পাত প্রয়োগ

করিলেন, তথাপি রাজা অম্বরীষ দুর্ব্বাসার উপরে অসন্তুষ্ট বা দ্বেষযুক্ত হয়েন নাই। তাঁহার কল্যাণ-কামনায় ভগবান স্বয়ংই প্রপন্ন হইয়াছিলেন। এক বৎসর কাল দুর্ব্বাসা সুদর্শন-চক্রভয়ে সকল দেবতাগণের সমীপে ত্রিভুবনে ভ্রমণ করিয়াছিলেন, অতিথি ব্রাহ্মণকে আহারাদি না করাইয়া আহার করিবেন না বলিয়া সেই এক বৎসর কাল জীবনের আসক্তি না রাখিয়া উপবাসী ছিলেন। আপনার ভক্তিবীর্য্যবলে দুর্ব্বাসার দুর্দ্দশা দেখিয়াও তিনি মুগ্ধ হইয়া সামান্য অহংকারীও হয়েন নাই। এই সকল উপায়ে রাজর্ষি অম্বরীষের চরিত্রে ভগবদ্ভক্তির সর্ব্ববিপদহারীত্বই শ্রীশুকদেব এই অধ্যায়ে রাজা পরীক্ষিৎকে উপাখ্যানচ্ছলে দেখাইলেন।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে পঞ্চমাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ ষষ্ঠ অধ্যায়।

পূর্ব্বকথা সমাপনপূর্ব্বক রাজা পরীক্ষিৎকে সম্বোধন করিয়া শ্রীশুকদেব কহিলেন,—হে রাজন্! মহাত্মা অম্বরীষের তিন পুত্র;—বিরূপ, কেতুমান্ ও শম্ভু হইতেছেন। তন্মধ্যে বিরূপের তনয় পৃষদশ্ব; তাঁহার সন্তানের নাম রথীতর হইতেছে। ১। রথীতরের প্রথম বয়সে পুত্র বা কন্যা কিছুই হয় নাই; এজন্য তাঁহার প্রার্থনানুসারে মহর্ষি অঙ্গিরা তদীয় ভার্য্যাতে ব্রহ্মতেজসম্পন্ন কতিপয় সন্তান উৎপাদন করেন। ২। হে রাজন্! ঐ পুত্রগণ রথীতরের ক্ষেত্রে প্রসূত হওয়াতে রথীতর-গোত্র লাভ করিয়াছিলেন, এবং মহর্ষি অঙ্গিরার ঔরসে জন্মলাভ করাতে আঙ্গিরস-ব্রাহ্মণসম্ভূত বলিয়াও বিখ্যাত হয়েন। ক্ষেত্রজ ব্রাহ্মণ বলিয়া পরবর্ত্তী রথীতরের ঔরসজাত সন্তানদিগের মধ্যে তাঁহারা শ্রেষ্ঠ ছিলেন। ৩। হে মহারাজ! হাঁচিবার সময় শ্রাদ্ধদেব মনুর ঘ্রাণেন্দ্রিয় হইতে মহাত্মা ইক্ষ্বাকুর জন্ম হয়। মহীপতি ইক্ষ্বাকুর একশত সন্তান। তন্মধ্যে বিকুক্ষি, নিমি ও দণ্ডক প্রভৃতিই সকলের জ্যেষ্ঠ হইতেছেন। ৪। সেই শতপুত্রের মধ্যে পঞ্চবিংশতি জন আর্য্যাবর্ত্তের পূর্ব্বে; পঞ্চবিংশতি জন পশ্চিমভাগে এবং মধ্যস্থলে তিন জন, এতদ্ব্যতীত অন্যান্য ভাগে অবশিষ্ট পুত্রেরা রাজা হইয়াছিলেন। ৫। হে মহারাজ! এক দিবস রাজা ইক্ষ্বাকু, অষ্টকা শ্রাদ্ধ করিবার জন্য বিকুক্ষিকে আহ্বান করিয়া কহিলেন, হে বিকুক্ষে! তুমি শীঘ্র গমন করিয়া পবিত্র মাংস আনয়ন কর,—বিলম্ব করিও না। ৬। প্রিয়পুত্র বিকুক্ষি পিতার অনুমতি শিরোধার্য্য করিয়া বনগমনপূর্ব্বক শ্রাদ্ধের উপযুক্ত বহুতর মৃগ ও শশকাদি বধ করিলেন। তিনি মৃগয়ায় অতিশয় শ্রান্ত ও ক্ষুধার্ত্ত হইয়া বিস্মৃতিক্রমে শ্রাদ্ধে প্রয়োগ হইবার পূর্ব্বে একটী শশক ভক্ষণ করিলেন। ৭। তাহার পরে তিনি অবশিষ্ট মৃগমাংস পিতৃসমীপে আনিয়া দিলেন। নৃপতি ইক্ষ্বাকু সেই মাংসের শ্রাদ্ধোচিত ব্যবহারের জন্য গুরু বশিষ্ঠদেবকে প্রদান করিলেন, সেই মুনি মাংস-দর্শনে বলিলেন,—এ মাংস দূষিত হইয়াছে, ইহা শ্রাদ্ধ-কর্ম্মার্হ হইবে না। ৮। মহামতি ইক্ষ্বাকু, নিজ গুরু বশিষ্ঠের কথানুসারে নিজ পুত্রের সহিত কার্য্য

আনিয়া শ্রাদ্ধীয় মাংসের অগ্রভাগ গ্রহণ করাতে, তাঁহার সদাচার পরিত্যক্ত হইয়াছিল বলিয়া, রোষবশতঃ তাঁহাকে দেশ হইতে দূর করিয়া দিলেন। ৯। হে মহারাজ! পরে রাজা ইক্ষ্বাকু বশিষ্ঠের সহিত আত্মজ্ঞান-বিষয়ক আলোচনায় প্রবৃত্ত হইয়াছিলেন, এবং পরম যোগী হইয়া যোগবল দ্বারা কলেবর পরিত্যাগপূর্ব্বক পরমপদবী লাভ করিয়াছিলেন। ১০। পিতা ব্রহ্মনির্ব্বাণ প্রাপ্ত হইলে দেশবহিষ্কৃত বিকুক্ষি স্বদেশে প্রত্যাগমন করিলেন। হে মহারাজ! পূর্ব্ব দুষ্কার্য্যের জন্য তিনি 'শশাদ' অর্থাৎ শশকভোজী এই নামে প্রসিদ্ধ হইয়া পৈতৃকরাজ্য গ্রহণপূর্ব্বক পৃথিবী পালন ও বিবিধ যজ্ঞদ্বারা ভগবান্ হরির আরাধনায় প্রবৃত্ত হইয়াছিলেন। ১১। সেই নৃপতি শশাদের পুত্র পুরঞ্জয় হইতেছেন। তিনি কোন কোন কার্য্যে ইন্দ্রবাহ নামে কথিত এবং কোন কোন কার্য্যে ককুৎস্থ বলিয়াও উক্ত হইয়াছিলেন। হে রাজন্! যে সকল কর্ম্মবশতঃ তাঁহার ঐ উভয় নাম বিখ্যাত হয়, তাহা শ্রবণ কর। ১২। পূর্ব্বকালে একদা দানবদিগের সহিত দেবগণের বিশ্ব-সংহারক ভীষণ সমর হয়। দেবতারা দৈত্যগণকর্ত্তৃক সেই যুদ্ধে পরাজিত হইয়া মহাবীর পুরঞ্জয়কে আপনাদের সাহায্যার্থ বরণ করেন। ১৩। মহাবীর পুরঞ্জয় এই কথা শ্রবণে দেবগণকর্ত্তৃক সেনাপতিত্বে বৃত হইলে তাঁহাদের কহিলেন :—যদি সুরপতি ইন্দ্র বৃষভরূপে আমার বাহন হইতে পারেন, তবে আমি যুদ্ধে দৈত্যগণকে জয় করিতে পারি। বিশ্বাত্মা দেবদেব প্রভু বিষ্ণু ইন্দ্রকে তাহাই করিতে বলিলেন; ইন্দ্র মহাবৃষভ হইলেন। ইন্দ্র বাহন হইয়াছিলেন বলিয়া তাঁহার 'ইন্দ্রবাহ' নাম হইয়াছিল। ১৪। তদনন্তর যুদ্ধার্থী মহাবীর পুরঞ্জয় বর্ম্ম পরিধান করিয়া দিব্য ধনু ও শাণিত শরনিকর গ্রহণপূর্ব্বক সুরগণকর্ত্তৃক পূজিত হইয়া সেই বৃষভরূপী ইন্দ্রের ককুদে দৈত্যগণের সহিত যুদ্ধার্থ আরোহণ করিয়াছিলেন বলিয়া তাঁহার "ককুৎস্থ" নাম হইয়াছে। ১৫। হে মহারাজ! সেই মহাবীর পুরঞ্জয়, মহাত্মা পরম বিষ্ণুর তেজে বর্দ্ধিত হইয়া দেবতাদিগের সহিত পশ্চিমদিকে গমনপূর্ব্বক দৈত্য-পুরী নিরুদ্ধ করিয়াছিলেন। ১৬। দানবগণের সহিত তথায় তাঁহার তুমুল সংগ্রাম হইয়াছিল। যে সকল দৈত্য সমরে তাঁহার সম্মুখীন হইয়াছিল, তিনি তাহাদিগকে মল্লযুদ্ধে বিনষ্ট করিয়া শমন-সদনে প্রেরণ করিয়াছিলেন। ১৭। সেই যুদ্ধে আহত দৈত্যগণ, প্রলয়ানল-তুল্য অতি প্রখর তদীয় বাণপাতাভিমুখ পরিত্যাগপূর্ব্বক যুদ্ধে ক্ষান্ত হইয়া স্ব স্ব আলয়ে পলায়ন করিয়াছিল। ১৮। রাজর্ষি পুরঞ্জয় অসুর নগর জয় করিয়া দানবদিগের স্ত্রীগণ ও ধনরাশি বজ্রপাণিকে প্রদান করিয়াছিলেন। এই মহাবীর্য্যবলে অসুর-পুরী-জয়রূপী কর্ম্মদ্বারা তিনি পুরঞ্জয়াদি নামে আখ্যাত হইয়াছিলেন। ১৯। হে রাজন্! পুরঞ্জয়ের পুত্র অনেনা; তাঁহার সন্তান পৃথু; তাঁহার পুত্র বিশ্বগন্ধি; বিশ্বগন্ধির পুত্র চন্দ্র, চন্দ্রের পুত্র যুবনাশ্ব হইতেছেন। ২০। যুবনাশ্বের পুত্র শ্রাবস্ত; তিনিই শ্রাবস্তী নামে পুরী নির্ম্মাণ করেন। শ্রাবস্তের পুত্র বৃহদশ্ব; বৃহদশ্বের পুত্র কুবলয়াশ্ব হইতেছেন। ২১। এই মহাবল রাজা, মহর্ষি উতঙ্কের প্রীতি-সাধনার্থ নিজ একবিংশতি সহস্র পুত্রে পরিবৃত হইয়া ধুন্ধু-নামা অসুরকে সংহার করিয়াছিলেন। ২২। সেই কার্য্যজন্য তিনি 'ধুন্ধুমার' বলিয়া বিখ্যাত হইয়াছিলেন। কুবলয়াশ্ব নৃপতি যখন আপনার পুত্রগণের সহিত একযোগে সেই মহাদৈত্য ধুন্ধুকে নাশ করেন, তখন

তাঁহার মুখ হইতে এমন ভীষণ অগ্নিজ্বালা প্রকাশ হইয়াছিল যে, সেই অগ্নিতে তিন জন ব্যতীত তাঁহার সকল পুত্রই জ্বলিয়া ভস্মসাৎ হইয়া গিয়াছিলেন। ২৩। হে ভারত! কেবল দৃঢ়াশ্ব, কপিলাশ্ব ও ভদ্রাশ্ব নামে তিনজন মাত্র অবশিষ্ট ছিলেন। দৃঢ়াশ্বের পুত্র হর্য্যাশ্ব; হর্য্যশ্বের পুত্র নিকুম্ভ হইতেছেন। ২৪। সেই নিকুম্ভের পুত্র বহুলাশ্ব, বহুলাশ্বের পুত্র কৃশাশ্ব, কৃশাশ্বের পুত্র সেনজিৎ। সেনজিতের পুত্র যুবনাশ্ব; তিনি অনপত্য হইয়া বৈরাগ্য অবলম্বনপূর্ব্বক অরণ্যে গমন করেন। ২৫। নৃপতি যুবনাশ্ব নিজ শত ভার্য্যার সহিত অরণ্যচারী হইয়া অপুত্রকত্বহেতু বিষণ্ণভাবে থাকিতেন। বনবাসী ঋষিগণ তাঁহার প্রতি দয়ালু হইয়া সমাহিতচিত্তে তাঁহার পুত্রকামনায় ঐন্দ্রযাগ করেন। ২৬। একদিন যজ্ঞকালে উপবাসী যুবনাশ্ব নিশাকালে তৃষিত হইয়া যজ্ঞসদনে প্রবেশ করিলেন, এবং ঋত্বিক্ বিপ্রগণকে তথায় নিদ্রিত দেখিয়া, তাঁহাদিগকে জাগরিত করা অনুচিত বিবেচনায় অন্বেষণমাত্রে সম্মুখে জল দেখিতে পাইলেন, সেই যজ্ঞীয় মন্ত্রপূত জলের প্রকৃত ব্যবহার না জানিয়া আপনিই পান করিয়া ফেলিলেন। ২৭। হে প্রভো! পুরোহিতেরা নিদ্রোত্থিত হইয়া দেখিলেন, যজ্ঞীয় কলসে জল নাই। তখন তাঁহারা জিজ্ঞাসা করিলেন,—"এ কর্ম্ম কাহার? এই পুত্রোৎপাদক জল কে পান করিল?" ২৮। অনন্তর যখন তাঁহারা বিদিত হইলেন—দৈবপ্রেরিত হইয়া তৃষ্ণার্ত্ত রাজা ঐ জল স্বয়ং পান করিয়াছেন, তখন "অহো দৈববলই শ্রেষ্ঠ" বলিয়া ঋষিগণ সেই ফলদাতা ঈশ্বরকে নমস্কার করিলেন। ২৯। মন্ত্রজল পান করাতে নৃপতি যুবনাশ্বের গর্ভের সঞ্চার হইল; অনন্তর সময় পূর্ণ হইলে যুবনাশ্বের দক্ষিণ কুক্ষি বিদীর্ণ করিয়া চক্রবর্ত্তী-লক্ষণাক্রান্ত একটী তনয় উৎপন্ন হইল। ৩০। "এই কুমার জন্মের পরে স্তন্য-পানার্থ অতীব রোদন করিতে থাকিলে, বালক কি পান করিবে?" ঋষিগণ দুঃখিতভাবে এই কথা ভাবিতেছেন, এমন সময়ে দেবরাজ ইন্দ্র উপস্থিত হইয়া বালককে কহিলেন:—"বৎস! রোদন করিও না, 'মাং ধাতা' অর্থাৎ "আমাকে পান কর"—ইহা বলিয়া বালকের মুখে আপনার তর্জ্জনী অর্পণ করিলেন। 'মাং ধাতা' এই শব্দ উচ্চারণ করিয়া বালককে ইন্দ্র অঙ্গুলি পান করাইয়াছিলেন বলিয়া বালকের নাম মান্ধাতা হইয়াছিল। ৩১। হে দেব! ঋষিগণের প্রসাদে প্রসবান্তে মান্ধাতার পিতা যুবনাশ্বের প্রাণত্যাগ হয় নাই; ক্রমে তপস্যা দ্বারা সেই ঋষিগণের আশ্রমেই তিনি কালান্তরে সিদ্ধিলাভ করিয়াছিলেন। ৩২। হে রাজন্! সেই যুবনাশ্ব-তনয় মান্ধাতা অতিশয় মহিমান্বিত ছিলেন। তাঁহার মহিমার কথা শ্রবণ করুন। তাঁহার রাজত্ব সময়ে রাবণাদি রাক্ষসদস্যুগণ তাঁহার প্রতাপে অতিশয় ভীত ও উদ্বিগ্ন এবং সন্ত্রস্ত হইয়াছিল। তাঁহার এই কার্য্যে সুরপতি ইন্দ্র তাঁহার অন্য এক নাম 'ত্রসদ্দস্যু' রাখেন। ৩৩। তদনন্তর যুবনাশ্ব-তনয় প্রভু মান্ধাতা ভগবান্ অচ্যুতের প্রতি ভক্তিতেজে সম্রাট হইয়া একাকী সপ্তদ্বীপা পৃথিবী শাসন করিয়াছিলেন। ৩৪ পরে আত্মজ্ঞ হইয়াছিলেন এবং প্রচুর দক্ষিণা দিয়া, বহুতর যজ্ঞ অনুষ্ঠানে যজ্ঞরূপী সর্ব্বদেবময় সর্ব্বাত্মক অতীন্দ্রিয় সেই ভগবানের অর্চ্চনায় প্রবৃত্ত হইয়াছিলেন। ৩৫। দ্রব্য, মন্ত্র, বিধি, যজ্ঞ, যজমান, ঋত্বিক্, ধর্ম্মোপদেশ এবং কাল—এই সমস্তই সেই পরম পুরুষের স্বরূপ হইতেছেন। এবংবিধ যজ্ঞরূপী হরিকে তিনি ভক্তিযোগে আরাধনা করিয়াছিলেন। ৩৬। হে রাজন্!

সূর্য্যের উদয় হইতে অস্তাচল পর্য্যন্ত বিশ্বের সমুদয় স্থান যুবনাশ্ব-পুত্র মান্ধাতার ক্ষেত্র অর্থাৎ অধীন রাজত্ব বলিয়া কথিত হইয়া থাকে। ৩৭। রাজা মান্ধাতা শশবিন্দু নৃপতির দুহিতা ইন্দুমতীর গর্ভে পুরুকুৎস, অম্বরীষ এবং পরম যোগী মুচুকুন্দ—এই তিন পুত্র উৎপাদন করেন। তাহাদিগের পঞ্চাশটী ভগিনী ছিলেন। তাঁহারা সকলেই মহর্ষি সৌভরিকে পতিত্বে বরণ করেন। ৩৮। হে রাজন্! একদা মহর্ষি সৌভরি যমুনার জলমধ্যে নিমগ্ন হইয়া তপস্যা করিতে করিতে তদবস্থায় মৈথুন-ধর্ম্মী কোন মীনরাজের সম্ভোগসুখ দর্শন করেন। ৩৯। তদ্দর্শনে কামভোগ করিতে তাঁহারও স্পৃহা জন্মিল। তিনি মান্ধাতার নিকট গিয়া বিবাহার্থী হইয়া একটী কন্যা যাচ্ঞা করিলেন। নৃপতি মান্ধাতা তাঁহার প্রার্থনায় এই কথা বলিলেন, হে ব্রহ্মন্! ইহা সুখের কথা! আপনি স্বয়ম্বরে আমার কন্যা গ্রহণ করুন। ৪০। সৌভরি ঋষি তৎশ্রবণে মনে করিলেন, "আমি জরাজীর্ণ, আমার কেশ পলিত এবং আমার মস্তক সতত কম্পমান; আর আমি তাপস;—এইজন্য আমাকে স্ত্রীদিগের অপ্রিয়কর বিবেচনা করিয়া রাজা এইরূপে স্বয়ম্বর-ছলনা করিতেছেন। ৪১। যাহা হউক, যাহাতে মনুজেন্দ্র-রমণীগণের কথা কি, সুরস্ত্রীগণেরও অভীপ্সিত মূর্ত্তি ধারণ করিতে পারি, আমি যোগবলে আপনাকে সেইরূপই করিব। মনে মনে ইহা ভাবিয়া মুনি সৌভরি তৎক্ষণাৎ সুন্দর তনু ধারণ করিলেন। ৪২। হে রাজন্! প্রতিহারীগণ রাজানুমতিক্রমে তাঁহাকে রাজকন্যাদিগের নিকটবর্ত্তী করিতে সমৃদ্ধিশালী অন্তঃপুরে লইয়া গেল। তপঃপ্রভাবে তাঁহার মনোহররূপ দর্শনে একে একে পঞ্চাশৎ রাজকন্যাই সেই একমাত্র মুনিকে পতিত্বে বরণ করিলেন। ৪৩। সেই সুন্দর মুনিকে দর্শনমাত্রেই তাঁহারা সৌহার্দ্দ পরিত্যাগপূর্ব্বক "ইনি আমারই যোগ্য-পতি, তোমাদিগের নহেন" বলিয়া সকলেই পরস্পরে কলহ করিতে লাগিলেন। কেননা সকলের চিত্তই তাঁহার রূপে আকৃষ্ট হইয়াছিল। ৪৪। হে মহারাজ! মহামুনি সৌভরি ঐ সকল রাজকন্যাকে বিবাহ করিয়া আপন আশ্রমে আগমন করিলেন। তাঁহার অপার তপঃপ্রভাবে তৎক্ষণাৎ বৃক্ষলতামণ্ডিত আশ্রম সুন্দর অট্টালিকায় পরিণত হইল। অট্টালিকায় প্রত্যেক ভবন অমূল্য পরিচ্ছদে শোভিত হইল। নানাবিধ বন, উপবন এবং তত্রস্থ নির্ম্মলসলিল সরোবরসকল এবং সৌগন্ধি কহ্লার সমূহ সুশোভিত হইল। ৪৫। যাবতীয় গৃহে সুন্দররূপে অলঙ্কৃত দাস-দাসী সকল এবং কাননাদির সর্ব্বত্র পক্ষী, ভ্রমর ও বন্দিগণ মধুরস্বরে গান আরম্ভ করিল। হে মহারাজ! সেই বহ্বৃচ মুনি সৌভরি সেই ভবনের মধ্যে মহামূল্য শয্যা, আসন, বসন, ভূষণ, প্রভৃতিতে শোভিত থাকিতেন, এবং স্নান ও অনুলেপনাদি-সম্পন্ন হইয়া সেই সকল ভবন ও উপবনাদিতে সেই সমস্ত ভার্য্যার সহিত সর্ব্বদা সুখে বিহার করিতেন। ৪৬। হে রাজন্! সৌভরির গার্হস্থ্য-ধর্ম্ম ভোগ ও ঐশ্বর্য্য অবলোকন করিয়া সপ্তদ্বীপা পৃথিবীর অধিপতি মান্ধাতার সুমহৎ বিস্ময় জন্মিয়াছিল। তিনি সাম্রাজ্য-সম্পত্তিসম্পন্ন বলিয়া যে গর্ব্ব করিতেন, তাহা তাঁহাকে পরিত্যাগ করিতে হইয়াছিল। ৪৭। মুনি সৌভরি ঐরূপে গৃহাশ্রমে অভিরত হইয়া যদিও বিবিধ উপায়ে বিষয়ভোগ করিতে লাগিলেন, তথাচ ঘৃতবিন্দু-পাতে যেরূপ বহ্নির নির্ব্বাণ হয় না, তদ্রূপ ভোগদ্বারা কিছুতেই তাঁহার তৃপ্তিবোধ হইল না। ৪৮। একদা সেই বহ্বৃচাচার্য্য মুনি সৌভরি

সমাহিত হইয়া আপনার মৎস্য-সঙ্গম-দর্শনজনিত আসক্তিতে তপোভ্রংশ-তত্ত্ব বুঝিতে পারিলেন। ৪৯। পূর্ব্বের তপস্যার সুখ এবং বর্ত্তমান ভোগের দুর্দ্দশা ভাবিয়া আপনাপনি কহিলেন,—"হায়! আমি তপস্বী, সাধু ও ব্রতাচারী ছিলাম; আমার একি সর্ব্বনাশ হইল! জলমধ্যে জলচর-সঙ্গে থাকাতে বহুকালের উপার্জ্জিত তপস্যা-সিদ্ধি বিনষ্ট করিলাম। ৫০। হায় হায়! আমার দুর্দ্দশা দেখিয়া অবশ্যই মুমুক্ষু ব্যক্তিগণ মৈথুন-ধর্ম্মী জীবগণের সংসর্গ ত্যাগ করিবেন। ইন্দ্রিয়গণ যাহাতে বহির্ম্মুখী না হয়, তদ্বিষয়ে তাঁহারা সর্ব্বতোভাবে যত্ন করিবেন। নির্জ্জনে একাকী থাকিয়া অনন্ত ঈশ্বরে মনোনিবেশ করিবেন। যদি সংসর্গ করিতে হয়, ত ঈশ্বর-ব্রতপরায়ণ সাধুদিগের সহিতই সঙ্গ করিবেন। ৫১। আমি একাকী জলমধ্যে তপস্যা করিতেছিলাম। তথায় মৎস্য সংসর্গবিশতঃ দারপরিগ্রহ করিতে আমার বাসনা হইলে, তাহাতে পঞ্চাশৎ রমণীতে মন দিয়া একা আমিই পঞ্চাশৎ সংখ্যক হইয়াছিলাম। তাহাদিগের পুত্রাদি হওয়ায় এখন আমিই পঞ্চসহস্র হইয়াছি,—তথাচ ঐহিক-পারত্রিক কার্য্যবিষয়ক ভোগাভিলাষ সকলের অন্ত পাইতেছি না; কারণ, মায়াগুণে আমার বুদ্ধি-ভ্রংশ হইয়াছে, তজ্জন্যই আমি বিষয়াহংকারকে পুরুষার্থ জ্ঞান করিতেছি"। ৫২। হে রাজন্! সৌভরি এইরূপে গৃহাশ্রমে বাস করিতে করিতে তত্ত্ববিষয় ভাবিতে ভাবিতে বিরক্ত হইয়া, বানপ্রস্থ ধর্ম্ম অবলম্বনপূর্ব্বক বনে প্রস্থান করিলেন। তাঁহার সাধ্বী পত্নীগণও তাঁহার অনুগামিনী হইলেন। ৫৩। পূর্ব্ব তপোবলে আত্মজ্ঞ ঐ মুনি যাহাতে পুনরায় আত্ম-সাক্ষাৎকার হয়, তাদৃশ তীব্র তপস্যা করিয়া অগ্নিত্রয়সহিত আত্মাকে পরমাত্মায় সংযুক্ত করিলেন। ৫৪। আপনাদিগের পতির ঐ প্রকার পরব্রহ্মে বিলয় অবলোকন করিয়া, যেমন শিখা সকল নির্ব্বাণপ্রায় অগ্নির সঙ্গে সঙ্গে নির্ব্বাপিত হয়, তাঁহার পত্নীসকলও সেইরূপ তদীয় সেবা-প্রভাবে তাঁহার সহগামিনী হইলেন। ৫৫।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে ষষ্ঠাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। পুরুষে ভগবদ্ভক্তির সহিত দৈববলে বলীয়ান্ হইলেও মর্ত্ত্য হইলে দানবাদি জয়ে তাহার ক্ষমতা জন্মে। তাহার প্রমাণস্বরূপ এই অধ্যায়ের চতুর্দ্দশাদি শ্লোকে পুরঞ্জয়াদি চরিত্র বর্ণন করা হইল।

সুদক্ষ ও সিদ্ধ ব্রাহ্মণগণের প্রযুক্ত বেদাদির মন্ত্রচৈতন্য কখন ব্যর্থ হয় না। তাহার প্রমাণস্বরূপ এই অধ্যায়ে অষ্টবিংশতি শ্লোকাদিতে যুবনাশ্ব নৃপতির চরিত্র বর্ণনা করা হইল। যুবনাশ্ব পুরুষ হইলেও মন্ত্রচৈতন্যবলে পুত্র জন্মাইয়াছিলেন। মন্ত্রের বীর্য্যে তাঁহার গর্ভে অতি তেজস্বী মান্ধাতা নামে পুত্র জন্মিয়াছিল।

সংসারী জীবের রতিসম্ভোগের বা সন্তানাদি সহিত মমতা সম্ভোগের আসক্তি এত গুরুতর যে, অতিমাত্র বৈরাগী সাধুজনেরও হৃদয় আকর্ষণ করিয়া থাকে। তাহার দৃষ্টান্তস্বরূপ এই অধ্যায়ে ঊনচত্বারিংশৎ শ্লোক হইতে মহর্ষি সৌভরির উপাখ্যান বর্ণিত হইয়াছে। মহর্ষি সৌভরি এতদূর কঠোর তপস্বী ছিলেন যে; মনকে একাগ্র করিবার জন্য কালিন্দী-হ্রদের জলমধ্যে জলস্তম্ভ প্রস্তুত করিয়া তন্মধ্যে তপস্যা করিতেছিলেন। মৈথুনাদি কার্য্যের

এত আকর্ষণ শক্তি যে, জলমধ্যে সামান্য জীবরূপী কোন বৃহৎ মৎস্যের মৈথুন ও সন্তানাদি-সহ বিহার দর্শনে সেই মহর্ষির মন রতিসম্ভোগের জন্য ও পুত্রাদির সহিত সংসারভোগের জন্য ব্যাকুল হইয়াছিল। কিন্তু আসক্তি যতই গুরুতর হউক না কেন, ভগবৎপ্রপন্নতার ফল কখন ব্যর্থ হয় না। এইজন্য কিছুদিন সংসার করিয়া অন্তে আবার ঐ ঋষির বৈরাগ্য-সঞ্চার হইয়াছিল; পত্নীগণের সহিত ভগবচ্চরণারবিন্দ লাভ হইয়াছিল।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে ষষ্ঠাধ্যায়ে উপেন্দ্রকৃতান্যাস্বয়ব্যাখ্যা সমাপ্ত।

অথ সপ্তম অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধনপূর্ব্বক শ্রীশুকদেব কহিলেন:—হে মহারাজ! মহামতি মান্ধাতার অম্বরীষ, পুরুকুৎস ও মুচুকুন্দ নামীয় পুত্রত্রয়ের মধ্যে মহাত্মা অম্বরীষ সর্ব্বশ্রেষ্ঠ ও মহাযশস্বী ছিলেন। (পূর্ব্বের অম্বরীষ নহেন।) সেই অম্বরীষের যৌবনাশ্ব নামে এক পুত্র হয়েন। সেই পুত্র যৌবনাশ্ব পিতামহ মান্ধাতাকর্ত্তৃক পুত্ররূপে গৃহীত হইয়াছিলেন। এই যৌবনাশ্বের হারীত নামে এক পুত্র হয়। এইজন্য অম্বরীষ, যুবনাশ্ব এবং হারীত—ইহাঁরাই মান্ধাতৃ-গোত্রের আদিপুরুষ হইতেছেন।১।১।১। উরগগণ, পুরুকুৎসকে আপনাদের নর্ম্মদা নাম্নী ভগিনী দান করেন। ভুজগেন্দ্রের নিয়োগে সেই নর্ম্মদা নগনন্দিনী নর্ম্মদা স্বামী পুরুকুৎসকে রসাতলে লইয়া গিয়াছিলেন।২। বিষ্ণুশক্তিধর পুরুকুৎস সেই পাতালপুরীতে যুদ্ধে বধোপযুক্ত গন্ধর্ব্বগণকে বধ করেন। যুদ্ধে সন্তুষ্ট হইয়া তাঁহাকে নাগগণ এই বর দেন যে, এই চরিত্রঘটিত উপাখ্যান শ্রবণ করিলে শ্রোতার কখন সর্পভয় হইবে না।৩। হে মহারাজ! সেই পুরুকুৎসের পুত্র ত্রসদস্যু; তিনি অনরণ্যের পিতা হইতেছেন। অনরণ্যের পুত্র হর্য্যশ্ব; হর্য্যশ্বের পুত্র প্রারুণ; প্রারুণের পুত্র ত্রিবন্ধন হইতেছেন।৪। ত্রিবন্ধনের পুত্র সত্যব্রত; তিনি ত্রিবিধ পাপাচরণে ত্রিশঙ্কু নামে বিখ্যাত হইয়াছিলেন। তিনি পিতৃশাপে চণ্ডাল হন; কিন্তু পরে বিশ্বামিত্রমুনির প্রভাবে সশরীরে স্বর্গগমন করেন। ত্রিশঙ্কু অদ্যাবধি আকাশে দৃষ্টিগোচর হয়েন। দেবতারা তাঁহাকে নিম্নশিরা করিয়া স্বর্গ হইতে ফেলিয়া দিবার উপক্রম করিয়াছিলেন; মহর্ষি বিশ্বামিত্র স্বীয় তপোবলে স্তম্ভিত করিয়া রাখিয়াছেন।৫।৬। ত্রিশঙ্কুর পুত্র হরিশ্চন্দ্র। এই হরিশ্চন্দ্রেরই নিমিত্ত বিশ্বামিত্র ও বশিষ্ঠ পক্ষিযোনি প্রাপ্ত হইয়া অনেক বৎসর ধরিয়া ঘোরতর যুদ্ধ করিয়াছিলেন।৭। নিঃসন্তান বলিয়া হরিশ্চন্দ্র সর্ব্বদা বিষণ্ণ থাকিতেন। দেবর্ষি নারদের উপদেশে বরুণের শরণাপন্ন হইয়া রাজা তৎসমীপে এই প্রার্থনা করিলেন,—"হে দেব! আমার একটী পুত্র হউক,—বর দিউন। প্রভো! যদি আমার বীর-তনয় উৎপন্ন হয়, তাহা হইলে সেই পুত্ররূপ পুরুষ-পশু দ্বারা আমি আপনার জন্য নরমেধ যজ্ঞ করিব"। বরুণ "তথাস্তু" বলিলে, তাঁহার রোহিত নামে পুত্র জন্মিল।৮।৯। পুত্র জন্মাইলে, রাজন্!

তোমার ত পুত্র জন্মিয়াছে. ইহা দ্বারা আমার যাগ কর, বরুণ এই কথা রাজাকে বলিলেন। হরিশ্চন্দ্র কহিলেন, "হে দেব! দশ দিন অতীত হইলে পশু পবিত্র হইবে; দশ দিবস গত হউক, যজ্ঞ করিব"। ১০। দশ দিবস অতিক্রান্ত হইবামাত্র বরুণ পুনরায় আসিয়া বলিলেন, হে রাজন্! পুত্রদ্বারা যাগ কর। রাজা কহিলেন,"দন্ত জন্মিলেই পশু পবিত্র হয়।" দন্ত জন্মিলেই উহা দ্বারা আপনার যজ্ঞ সাধন করিব। ১১। অনন্তর দন্ত জন্মিলে, বরুণ আসিয়া কহিলেন, "রাজন্! তোমার পুত্রের দন্ত জন্মিয়াছে, এখন উহাদ্বারা যাগ কর।" হরিশ্চন্দ্র কহিলেন, "ইহার দন্ত সকল যখন পতিত হইবে, তখন এ পশুমেধ্য হইবে।" ১২। দন্ত নিপতিত হইলে, বরুণ আসিয়া কহিলেন, "রাজন্! তোমার পুত্ররূপী পশুর দন্তসকল পতিত হইয়াছে; এখন আমার যাগ করন" হরিশ্চন্দ্র কহিলেন, "যখন এই পশুর দন্ত পুনর্ব্বার উঠিবে, তখন ইহা পবিত্র হইবে।" ১৩। পুনরায় দন্ত উঠিলে. বরুণ বলিলেন, "তোমার তনয়ের দন্ত পুনর্ব্বার উদ্গত হইয়াছে, এখন যজ্ঞ কর।" ইহাতে হরিশ্চন্দ্র কহিলেন, "হে বরুণদেব! ক্ষত্রিয় পশু বর্ম্ম-বন্ধনাদি করিয়া যুদ্ধের উপযুক্ত হইলে শুচি হইয়া থাকে।" ১৪। পুত্রানুরাগ বশতঃ স্নেহবদ্ধ হইয়া রাজা এইরূপে ক্রমাগতঃ বঞ্চনা করতঃ যে যে কাল উল্লেখ করিতে লাগিলেন, বরুণ সেই সেই কালেরই প্রতীক্ষা করিয়া থাকিলেন। ১৫। ইতিমধ্যে রোহিত, পিতার অভিপ্রায় অবগত হইয়া নিজ প্রাণরক্ষণ-বাসনায় ধনুর্গ্রহণ-পুরঃসর অরণ্যে প্রস্থান করিলেন। ১৬। হরিশ্চন্দ্রের প্রতিজ্ঞা রক্ষা হইল না দেখিয়া বরুণদেব তাঁহাকে পীড়িত করিবার জন্য তাঁহার উদরে প্রবেশ করিলেন। নিজ পিতা প্রতিজ্ঞা-ভঙ্গে বরুণগ্রস্ত হওয়ায় উদরী-রোগাক্রান্ত হইয়াছেন শুনিয়া রোহিত রাজধানীতে প্রত্যাগমনের উদ্যোগ করিতেছেন; এমন সময়ে ইন্দ্র তাঁহার নিকটে আসিয়া নিষেধ করিলেন। ১৭। সুরপতি তাঁহাকে কহিলেন;—হে রোহিত! তীর্থক্ষেত্র নিষেবণপূর্ব্বক পৃথিবী-পর্য্যটন অতিশয় পুণ্যজনক কার্য্য; তুমি তাহাই কর। ইন্দ্রের আজ্ঞাক্রমে রোহিত সংবৎসর-কাল অরণ্যে বাস করিলেন। ১৮। এইরূপে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বৎসরে যে যে সময়ে রোহিত পিতার নিকটে প্রত্যাগমনের উদ্যোগ করেন, সেই সেই সময়েই ইন্দ্র বৃদ্ধব্রাহ্মণ-বেশে তাঁহার নিকট আসিয়া ঐরূপ নিষেধবাক্য বলিতে লাগিলেন। ১৯। রোহিত ষষ্ঠসংবৎসর পর্য্যন্ত অরণ্যে বিচরণ করিয়া, নগরে আসিতে আসিতে পথিমধ্যে অজীগর্ত্তের সহিত দেখা হওয়ায় বহু অর্থদ্বারা তদীয় মধ্যম-পুত্র শুনঃশেফকে ক্রয় করিয়া আনিলেন এবং বরুণের ঋণ হইতে পিতাকে নরমেধ যজ্ঞ দ্বারা উদ্ধার করিতে সেই ক্রীত পুরুষকে পিতৃসমীপে দিয়া প্রণাম করিলেন। ২০। তদনন্তর মহাযশা সুপ্রসিদ্ধ মহারাজ হরিশ্চন্দ্র নরমেধ দ্বারা বরুণাদি দেবতার যজ্ঞ আরম্ভ করিলেন; তাহাতে বরুণ সন্তুষ্ট হইলে উদরীরোগ হইতে মুক্ত হইলেন। ২১। সেই নরমেধ যজ্ঞে বিশ্বামিত্র—হোতা ছিলেন, আত্মবান্ যমদগ্নি—অধ্বর্য্যু ছিলেন; বশিষ্ঠ—ব্রহ্মা এবং অয়াস্য মুনি—উদ্গাতা হইয়াছিলেন। ২২। হে রাজন্! দেবরাজ ইন্দ্র সেই যজ্ঞে তুষ্ট হইয়া তাঁহাকে হিরণ্ময় রথ প্রদান করেন। হে মহারাজ! শুনঃশেফের মহিমা পরে বলিব। ২৩। হে মহারাজ পরীক্ষিৎ! সভার্য্য হরিশ্চন্দ্রের ধর্ম্মরক্ষার্থ সত্য, সামর্থ্য এবং ধৈর্য্য ও অন্যান্য কার্য্যে

অবলোকন করিয়া মহামুনি বিশ্বামিত্র সাতিশয় প্রীত হইয়াছিলেন সেই কারণে অন্তিমে তাঁহাকে তিনি পরম জ্ঞান-ভক্তি-শিক্ষা প্রদান করেন। ২৪। সেই পরম-জ্ঞান ও ভক্তিবলে রাজা মনকে পৃথিবীর সহিত, পৃথিবীকে জলের সহিত, জলকে তেজের সহিত, তেজকে বায়ুর সহিত, বায়ুকে আকাশের সহিত, আকাশকে অহঙ্কারের সহিত এবং অহঙ্কারকে মহত্তত্ত্বের সহিত মিলিত করিয়া সংসার ক্ষয় করিয়াছিলেন। ২৫। পরে বিষয়সম্পৃক্ত জ্ঞানাংশকে আত্মারূপে ধ্যান করতঃ তদ্দ্বারা আত্মার আবরণ অজ্ঞানকে দগ্ধ করিয়া ফেলিলেন। পরিশেষে নির্ব্বাণসুখানুভবকারী প্রেমদ্বারা জ্ঞানাংশকে পরিত্যাগপূর্ব্বক মুক্ত-বন্ধন হইয়া অনির্দ্দেশ্য ও অপ্রতর্ক্য স্বরূপ পরমাত্মাতে আত্মসমর্পণ করিলেন। ২৬।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে সপ্তমাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। ভগবানে একান্ত প্রপন্ন হইয়া অবিচলিত চিত্তে ধর্ম্ম প্রতিপালন করিলে, জীবের প্রতি স্বয়ং ভগবান্ হইতে সমস্ত দেবতা, ঋষি ও সাধুগণ কল্যাণ কামনা করিয়া থাকেন। ইহা বুঝাইতেই কেমন করিয়া অবিচলিতচিত্তে ধর্ম্মরক্ষা করিতে হয়, তাহার দৃষ্টান্তস্বরূপ মহীপতি হরিশ্চন্দ্রের চরিত্র এই অধ্যায়ে বর্ণিত হইয়াছে।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে সপ্তমাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যায়ব্যাখ্যা সমাপ্ত।

অথ অষ্টম অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক শ্রীশুকদেব কহিলেন :— হে মহারাজ! রোহিতের পুত্র হরিত। হরিত হইতে চম্প উৎপন্ন হয়েন। তিনি নিজ নামে চম্পাপুরী নির্ম্মাণ করিয়াছিলেন। চম্পের পুত্র সুদেব; সুদেবের পুত্র বিজয় হইতেছেন। ৯। ৮। ১। মহামতি বিজয়ের পুত্র ভরুক; ভরুকের পুত্র বৃক, বৃকের পুত্র বাহুক। বৈরিগণ নৃপতি বাহুকের পৃথিবী রাজত্ব অপহরণ করিয়া লওয়াতে, তিনি পরাজিত হইয়া ভার্য্যাসহ বনগমন করিয়াছিলেন।২। সেই ঘোরারণ্যে গোপনে বাস করিতে করিতে বৃদ্ধ হইলে পরে আয়ুঃশেষে তাঁহার পঞ্চত্বপ্রাপ্তি হইয়াছিল। তাঁহার মহিষী অনুমৃতা হইবার উদ্‌যোগ করিয়াছিলেন; কিন্তু মহর্ষি ঔর্ব্ব তাঁহাকে সগর্ভা জানিয়া সে উদ্যোগ হইতে নিবারণ করিয়াছিলেন। ৩। হে রাজন্! মহীপতি বাহুকের অন্যান্য পত্নী ছিলেন; সেই সপত্নীগণ তাঁহাকে গর্ভবতী জানিয়া অন্নের সহিত গরল (বিষ) প্রদান করিয়াছিলেন। বিষ-স্পর্শে গর্ভস্থ শিশু মৃত না হইয়া জন্মগ্রহণ করিয়াছিল। সেই নিমিত্ত সেই পুত্র মহাযশা সগর নামে বিখ্যাত হইয়াছিলেন। সগর পৃথিবীর সম্রাট্ হইয়াছিলেন। তাঁহার পুত্রদের কার্য্য হইতেই সাগর বিখ্যাত হইয়াছিল। ৪। হে রাজন্! সগর রাজা স্বীয় গুরু ঔর্ব্ব ঋষির বাক্যে দুষ্ট ও দুশ্চরিত্র প্রজাস্বরূপ তালজঙ্ঘ, যবন, শক, হৈহয় এবং বর্ব্বরদিগের প্রাণবধ না করিয়া আর্য্যাবেশ হইতে তাহাদের পৃথক্ করিবার জন্য সকলকে ভিন্ন বিকৃত-

বেশী করিয়াছিলেন। ৫। তিনি কাহাকে মুণ্ডিত অথচ শ্মশ্রুধারী; কাহাকে মুক্তকেশ অথচ অর্দ্ধ মুণ্ডিত, কাহাকে অন্তর্ব্বাস-বিহীন, কাহাকে বা বহির্ব্বাস-হীন করিয়াছিলেন। ৬। তিনি, মহর্ষি ঔর্ব্বের উপদিষ্ট উপায় দ্বারা অশ্বমেধ যজ্ঞ করিয়া সর্ব্ববেদ ও সর্ব্বদেবময় পরমাত্মা পরমেশ্বর ভগবান্ হরির অর্চ্চনা ও স্তুতি করিয়াছিলেন। পুরন্দর সেই যজ্ঞে, তাঁহার যজ্ঞীয়-পশু হরণ করিয়া নিজের ইন্দ্রত্ব রক্ষাহেতু যজ্ঞপূর্ণ হইতে দেন নাই। ৭। হে মহারাজ! সগরের দুই ভার্য্যা;—সুমতি ও কেশিনী হইতেছেন। সুমতির পুত্রগণ অতিশয় দর্পিত ছিলেন। ইন্দ্র যজ্ঞীয় অশ্ব হরণ করিলে যজ্ঞ পূর্ণ ও পিতৃ-আজ্ঞা পালন করিতে তাঁহারা সেই অশ্ব অন্বেষণচ্ছলে পৃথিবীর চতুর্দ্দিক্ খনন করিয়াছিলেন। ৮। অনন্তর অন্বেষণ করিতে করিতে উত্তর-পূর্ব্বদিকে ভগবান্ কপিলের আশ্রম-সন্নিধানে সেই ঘোটক তাঁহাদের নয়ন-গোচর হইয়াছিল। ইন্দ্রের মায়ায় তাঁহাদিগের বুদ্ধিলোপ হইয়াছিল, এই জন্য সেই গর্ব্বিত সগরনন্দনগণ মহামতি কপিলদেবকে চিনিতে না পারিয়া এই ব্যক্তি অশ্বচোর হইতেছে, এই জন্য ভয়ে নয়ন নিমীলন করিয়া রহিয়াছে, ইহা নিশ্চয় করিলেন। ৯। এ পাপাত্মাকে এখনি মারিয়া ফেল,—মারিয়া ফেল, বলিয়া ষষ্টিসহস্র সহোদর অস্ত্র শস্ত্র উদ্যত করিয়া সেই মহর্ষি কপিলের অভিমুখে ধাবমান হইলেন। তখন মহর্ষি কপিল নেত্রদ্বয় উন্মীলিত করিলেন। ১০। হে রাজন্! সেই মহৎ ব্যক্তির অপমান করায়, তাঁহাদিগের নিজ নিজ দোষে নিজ নিজ দেহস্থিত অনলই তাঁহাদিগকে ক্ষণমধ্যে ভস্মসাৎ করিয়া ফেলিল। ১১। হে মহারাজ! সগর-তনয়গণ কপিল-কোপে দগ্ধ হইয়াছিলেন; ইহাও কেহ কেহ বলেন; কিন্তু সে কথা উপযুক্ত নহে। কারণ, ভগবান্ কপিল শুদ্ধ-সত্ত্ব মূর্ত্তি, তাঁহার ত্রিলোক-পবিত্র-হৃদয় হইতেছে; বায়ুশূন্য নির্ম্মল আকাশে যেমন পার্থিব ধূলি থাকিতে পারে না, তাঁহাতে তদ্রূপ ক্রোধাদি তমোগুণ কখনই সম্ভবে না। ১২। যিনি এই সংসারসাগরে সাংখ্যময়ী দৃঢ়া তরণী প্রবর্ত্তিত করিয়াছেন,—যে তরণী দ্বারা মুমুক্ষু ব্যক্তিগণ দুরত্যয় মৃত্যুপথ-স্বরূপ ভবসাগর পার হইতেছেন; সেই সর্ব্বজ্ঞ পরমাত্মস্বরূপ মহামুনির শত্রু-মিত্রাদি ভেদ-দৃষ্টি কখন সম্ভব হইতে পারে না। ১৩। হে মহারাজ! সগর-রাজার ঔরসে কেশিনীর গর্ভে একটি পুত্র হয়, তাঁহার নাম অসমঞ্জস্ হইতেছে। তাঁহার পুত্র অংশুমান্। তিনি পিতামহের হিতে রত থাকিতেন।১৪। অসমঞ্জস্ আপনাকে অসদাচারীর ন্যায় দেখাইতেন। তিনি পূর্ব্বজন্মে যোগী ছিলেন; সঙ্গবশতঃ যোগভ্রষ্ট হয়েন। পূর্ব্বজন্ম বৃত্তান্তটি তাঁহার বর্ত্তমান জন্মেও স্মরণ ছিল। ১৫। সেই জন্য তিনি বিবিধ উপায়ে সংসার-সঙ্গ-পরিহারের চেষ্টা করিতেন। তিনি সমাজে গর্হিত আচরণ এবং জ্ঞাতিগণের অপ্রীতি-সাধন করিতেন। একদা তিনি নদীতীরে ক্রীড়াসক্ত কতকগুলি বালককে সরযূ-জলে নিক্ষেপ করিয়াছিলেন, তাহাতে অযোধ্যাবাসী সকল লোক তাঁহার উপরে বড় বিরক্ত হইয়াছিলেন। ১৬। এই প্রকার কর্ম্ম দেখিয়া তাঁহার পিতা সগর, অপত্যস্নেহ বিসর্জ্জনপূর্ব্বক তাঁহাকে পরিত্যাগ করেন; এই পরিত্যাগে সন্তুষ্ট হইয়া তিনি নিজ যোগৈশ্বর্য্য-প্রভাবে নদীতে মৃত বালক-দিগকে সজীব ভাবে তীরে উঠাইয়া সে স্থান হইতে প্রস্থান করেন। ১৭। হে রাজন্! অযোধ্যাবাসী লোকেরা সেই বালকবৃন্দকে পুনরাগত দেখিয়া বিস্ময়ান্বিত হইয়াছিল

এবং সগর-রাজাও পুত্রের অপূর্ব্বসিদ্ধি নিমিত্ত অনুতপ্ত হইয়াছিলেন। ১৮। হে মহারাজ! সেই মহামতি অসমঞ্জসের পুত্র মহাবীর অংশুমান্‌কে আপনার অন্যান্য পুত্রগণের অন্বেষণার্থ মহীপতি সগর নিযুক্ত করিলে যে পথ পিতৃব্যগণের খাতের মধ্যদিয়া গমন করিয়াছে, পিতামহ সগরের আদেশে অংশুমান্ অশ্বের অন্বেষণ করিতে সেই পথেই প্রস্থান করিলেন। ক্রমে কপিলাশ্রমে আসিয়া দেখিলেন,—কোন স্তূপাকার ভস্মের নিকট যজ্ঞীয় অশ্ব রহিয়াছে। ১৯। মহাত্মা অংশুমান্, কপিল-মুনিরূপী অধোক্ষজকে উপবিষ্ট দেখিয়া কৃতাঞ্জলিপুটে সমাহিত-চিত্তে প্রণতভাবে স্তব করিতে লাগিলেন। ২০। কপিলদেবকে অংশুমান্ কহিলেন:—হে দেব! "অজ্ঞ, অর্ব্বাচীন মাদৃশ ব্যক্তির কথা দূরে থাকুক,— আমরা যাঁহার শরীর, মন ও বুদ্ধি দ্বারা কৃত; বিবিধ সৃষ্টির অন্তর্গত সেই ব্রহ্মাও সমাধি বা যুক্তিদ্বারা আপনাকে দেখিতে বা বুঝিতে পারেন না; কেননা, আপনি তাঁহা অপেক্ষা প্রধান পরমেশ্বর হইতেছেন। ২১। হে দেব! যে সকল ব্যক্তি দেহধারী, আপনি তাহাদিগের আত্মাতে সম্যক্ অবস্থিত হইলেও, তাহারা আপনাকে জানিতে পারে না, যেমন প্রাকৃতিক গুণ সকলই দর্শন করে। কোন কোন দেহীর বুদ্ধি এত স্থূল যে গুণও দৃষ্টিগোচর হয় না,—তাহারা কেবল অজ্ঞানরূপী তমই দেখিতে পায়। আপনার মায়ায় তাহাদের চিত্ত বিমোহিত হইয়াছে। বহির্দ্দিকেই তাহাদের জ্ঞান বর্ত্তমান; এই জন্য আপনি তাহাদের অন্তরস্থ থাকিলেও আপনাকে জানিতে পারে না। ২২। প্রভো! আপনি শুদ্ধ-সত্ত্ব মূর্ত্তি; অতএব যে সকল ব্যক্তির মায়াগুণ-সম্ভূত ভেদজ্ঞান এবং মোহ বিনষ্ট হইয়াছে, সেই সকল সনন্দনাদি মুনিগণই আপনাকে চিন্তা করিতে পারেন। আমি মূঢ়, আপনাকে কিরূপে চিন্তা করিব;—কিরূপেই বা আপনাকে জানিতে পারিব? ২৩। হে প্রশান্ত! আমি আপনাকে কেবল নমস্কার করি। আপনি পুরাণ পুরুষ; মায়ার অন্তরস্থ গুণসকলে মণ্ডিত হইয়া— সৃজনাদি কার্য্য করিবার জন্য আপনি ব্রহ্মাদি রূপ ধারণ করেন। বাস্তবিক আপনি পুণ্য-পাপ রহিত এবং নাম-রূপ-শূন্য হইতেছেন। আপনি তত্ত্ব-জ্ঞান উপদেশ করিবার নিমিত্ত দেহ ধারণ করিয়াছেন। ২৪। হে বিভো! এই ত্রিসংসার আপনার মায়ায় বিরচিত হইয়াছে; ইহাতে বস্তুবুদ্ধি করিয়া কাম, লোভ, ঈর্ষা এবং মোহে ভ্রান্ত-চিত্ত মানবসকল গৃহাদিতে ভ্রান্ত হইয়া থাকে। ২৫। হে ভগবন্! হে সর্ব্বভূতাত্মন্! আপনার কৃপায় আপনার দর্শন লাভ হওয়াতে অদ্য আমার বাসনা, অদৃষ্ট ও ইন্দ্রিয়ের আশ্রয়রূপ দৃঢ়তর মোহ-পাশ ছিন্ন হইল। ২৬। শ্রীশুকদেব কহিলেন,—হে নৃপ! এইরূপে স্তব করিয়া তাঁহার প্রভাবসকল গান করিলে পরে ভগবান্ কপিল অনুগ্রহ-প্রকাশ পুরঃসর অংশুমান্‌কে কহিলেন:—হে বৎস! তোমার পিতামহের যজ্ঞীয় পশু—এই অশ্ব লইয়া যাও। এই যে সম্মুখে ভস্মরাশি দেখিতেছ, ইহাই তোমার গর্ব্বিত পিতৃগণের দেহাবশেষ হইতেছে। এই ভস্মে কোন উপায়ে বিষ্ণুলোকস্থিতা গঙ্গাজল স্পৃষ্ট হইলে ইঁহারা সদ্গতি পাইবেন। অন্য কোন উপায়ে উদ্ধার হইবেন না। ২৭। ২৮। অনন্তর অংশুমান্, মুনিকে মস্তক দ্বারা প্রণাম ও প্রদক্ষিণ করিয়া প্রসন্ন করতঃ যজ্ঞীয় অশ্বকে নিজ রাজধানীতে আনয়ন করিলেন। মহীপতি সগর তদ্দ্বারা যজ্ঞশেষ সমাপ্ত করিলেন। ২৯। হে মহারাজ! পরে নিঃস্পৃহ

হইয়া অংশুমানের হস্তে রাজ্যভার সমর্পণপূর্ব্বক গুরু ঔর্ব্বোপদিষ্ট মার্গানুসারে ভববন্ধনমুক্ত হইয়া, মহাত্মা সগর পরমাগতি প্রাপ্ত হইলেন। ৩০।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে অষ্টমাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। বংশের মধ্যে একজন মহাপাতক করিলে, তাহার পুত্রপৌত্রাদি যদি বারম্বার যত্ন করিয়া সদাচারী হয়, তাহা হইলে পূর্ব্বপুরুষকৃত পাপক্ষয় হইয়া থাকে। ইহা বুঝাইতেই এই অধ্যায়ে সগরবংশের কথা বর্ণিত হইল। সগর মহাযজ্ঞের অনুষ্ঠান করিয়া পুত্রগণকে অশ্বযোগে পৃথিবী জয় করিতে পাঠাইয়াছিলেন। দেবরাজ ইন্দ্র ঐ অশ্ব চুরি করিয়া সগরের কীর্ত্তিক্ষয় করিবার জন্য সাগরকূলে মহামুনি কপিলের আশ্রমে তাহাকে রক্ষা করেন। সগরের অহংকারী পুত্রগণ পূর্ব্বাপর না বুঝিয়া মহর্ষি কপিলকে অশ্বচোর বিবেচনা করিয়া, তাঁহাকে অবমানিত করিয়াছিলেন। এই ধনাহংকার ও অপরিণামদর্শিতার জন্য সগর-পুত্রগণ কপিলের অভিসম্পাতে ভস্মীভূত হইলেন। এই পুত্রকৃত অপরাধে সগরের যজ্ঞও অসমাপ্ত হইল। অসমাপ্ত থাকাতে সগরের স্বর্গপথপর্য্যন্ত রুদ্ধ হইয়া উঠিল। এই বংশে অংশুমান্ মহাত্মা জন্মগ্রহণ করিয়া ভক্তিবলে ও সাধনবলে কপিলকে সন্তুষ্ট করিয়া পিতৃগণের উদ্ধারের উপায়স্বরূপ গঙ্গা আনয়ন-কথা তাঁহার নিকট হইতে জানিয়াছিলেন এবং অশ্ব উদ্ধার করিয়া সগর যজ্ঞ-শেষ করিয়া সগরের বৈকুণ্ঠগতি স্থির করিয়া দিয়াছিলেন। এই অধ্যায়ে বিশেষ করিয়া প্রমাণ করান হইল যে, জন্ম জন্মান্তর হইতে মহাপাপ সঞ্চিত থাকিলেও ভক্তিদ্বারা তাহা পবিত্র হয়।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে অষ্টমাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যায়ব্যাখ্যা সমাপ্ত।

অথ নবম অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক শ্রীশুকদেব কহিলেন ঃ—হে মহারাজ! যেমন রাজা সগর পৌত্র-হস্তে রাজ্যভার সমর্পণ করিয়া তপস্যার্থ গমন করেন, সেইরূপ মহাত্মা অংশুমানও নিজ পুত্রকে রাজত্ব দিয়া আপনার পিতৃব্যগণের উদ্ধার নিমিত্ত গঙ্গানয়ন-কামনায় বহুকাল তপস্যা করিয়াছিলেন। কিন্তু তপস্যা করিয়াও বৈকুণ্ঠ হইতে গঙ্গা আনয়ন করিতে সমর্থ হয়েন নাই। কিয়ৎকাল তপস্যান্তে তিনি কালগ্রাসে পতিত হয়েন। ৯। ৯। ১। হে মহারাজ! তাঁহার পুত্র দিলীপও তাঁহার ন্যায় বহু তপস্যাবলে গঙ্গানয়নে অসমর্থ হইয়া কালগ্রাসে পতিত হইয়াছিলেন। মহাত্মা ভগীরথ নৃপতি দিলীপের সন্তান হইতেছেন। তিনি পূর্ব্বপুরুষগণের উদ্ধারার্থে পৃথিবীতে গঙ্গা-নয়ন-কামনায় সুমহৎ তপস্যা করিয়াছিলেন। ২। ভগীরথের তপস্যায় সন্তুষ্ট হইয়া গঙ্গাদেবী তাঁহাকে দর্শন দিয়া বলিলেন,—হে বৎস! আমি তোমার প্রতি প্রসন্ন হইয়া বর দিতে আসিলাম। নরপতি ভগীরথ তৎশ্রবণে ও দেবী দর্শনে অবনত হইয়া আপনি নিজ পিতৃব্য-গণের উদ্ধারার্থ অভিপ্রায় নিবেদন করিলেন। ৩। গঙ্গাদেবী মহাত্মা ভগীরথের অভিপ্রায়

বুঝিয়া, তাঁহাকে কহিলেন, হে রাজন্! আমি যখন আকাশ হইতে ভূতলে পতিত হইব, সে সময়ে কে আমার বেগ ধারণ করিবে? হে রাজন্! কেহ বেগ ধারণ না করিলে, আমি বেগবতী হইয়া ভূতল ভেদ করিয়া রসাতলে পতিত হইব। ৪। দেখ রাজন্! আমি পৃথিবীতে যাইতে ইচ্ছা করি না; কারণ, মনুষ্যেরা বহুপাপ করিয়া, নিজের উদ্ধারের জন্য আমাতে সেই পাপ প্রক্ষালন করিবে, আমি আবার সেই পাপ কোথায় অর্পণ করিব? আমার বেগ ও পাপরাশি ধারণের উপায় চিন্তা কর। ৫। হে মহারাজ! গঙ্গাদেবীর কথা শুনিয়া ভগীরথ কহিলেন,—হে মাতঃ! সন্ন্যাসী, ব্রহ্মনিষ্ঠ, শান্ত, সাধুগণ লোক-পাবন হইতেছেন। সংসারী জীব উদ্ধারের জন্য আপনাতে যত পাপ অর্পণ করিবে, ঐ সকল সাধু-ভক্তগণ যখন আপনার জলে অঙ্গ নিমজ্জন করিবেন, তখন তাঁহারা স্বীয় স্বীয় অঙ্গ-সঙ্গ দ্বারা আপনার সকল অপবিত্রতা দূর করিবেন। দেখুন জননি! তাঁহাদিগের শরীরে অঘহারী হরি বর্ত্তমান আছেন, অতএব পাপজন্য আপনার ভয় নাই। ৬। যিনি সকল শরীরের আত্মা হইতেছেন এবং বস্ত্রে যেমন সূত্র ওত-প্রোত ভাবে থাকে, তদ্রূপ এই বিশ্ব যাঁহাতে ওত-প্রোত হইয়া রহিয়াছে, সেই মহাকাল রুদ্র পতনকালে আপনার বেগ ধারণ করিবেন। ৭। হে কৌরব্য! রাজা ভগীরথ, গঙ্গাকে এই বলিয়া তাঁহাকে সম্মতা করিয়া তপস্যা দ্বারা ভগবান্ শিবকে সন্তুষ্ট করিতে প্রবৃত্ত হইলেন। অল্পকালের মধ্যেই তাঁহার তপস্যার প্রতি ভগবান্ হরের সন্তোষ হইল। ৮। সর্ব্বলোকহিতৈষী ভগবান্ শিব, ভগীরথের অভিপ্রায় জ্ঞাত হইয়া গঙ্গার বেগ ধারণ জন্য "তথাস্তু" বলিয়া অঙ্গীকারপূর্ব্বক হরিচরণ-পূত-সলিলা গঙ্গাকে পতনকালে সাবধানে ধারণ করিয়াছিলেন। ৯। যে কপিল-শাপে স্বীয় প্রপিতামহগণের দেহসকল ভস্মীভূত হইয়া পড়িয়াছিল, রাজর্ষি ভগীরথ তথায় ভুবন পাবনী গঙ্গাকে ক্রমে ক্রমে লইয়া গিয়াছিলেন। ১০। হে মহারাজ! তিনি বায়ুবৎ-বেগগামী রথে আরোহণ করিয়া অগ্রে অগ্রে গমন করিতে লাগিলেন। ত্রিলোক-পাবনী গঙ্গা তাঁহার পশ্চাৎ পশ্চাৎ ধাবমানা হইয়া সকল দেশ পবিত্র করতঃ অভিমানদগ্ধ সগর-নন্দনদিগকে স্বীয় সলিল সিঞ্চন করিতে আরম্ভ করিয়াছিলেন। ১১। হে রাজন্! সগরা-ত্মজেরা, ব্রাহ্মণের অবমাননা করায় হত ও ভস্ম হইয়াও কেবল দেহাবশেষভস্ম দ্বারা পবিত্র গঙ্গার জলস্পর্শমাত্রে স্বর্গে গমন করিয়াছিলেন। ১২। হে পরীক্ষিৎ! কিছুতেই গঙ্গার মহিমার সীমা হয় না! সগর-তনয়গণ, ভস্মীভূত অঙ্গ দ্বারা যাঁহাকে স্পর্শ করায় স্বর্গগামী হইলেন, যাঁহারা ধৃতব্রত হইয়া শ্রদ্ধাপূর্ব্বক সেই গঙ্গার সেবা করেন, তাঁহাদিগের উদ্ধারের কথা আর কি বলিব!! ১৩। গঙ্গা-দেবীর অনন্ত মহিমা থাকিলেও এস্থলে যে মাহাত্ম্য কীর্ত্তন করিলাম, ইহা সবিশেষ আশ্চর্য্যকর নহে। অমল মুনিগণ শ্রদ্ধা-সহকারে যে অনন্তপুরুষে মনোনিবেশ করিয়া দুস্ত্যজ দেহ-সম্বন্ধ পরিত্যাগপূর্ব্বক তৎক্ষণাৎ ভগবৎস্বরূপে মিলিত হয়েন,—ভব-নাশিনী এই গঙ্গা সেই অনন্তদেবের চরণারবিন্দপ্রসূতা হই-তেছেন। ১৪। ১৫। মহামতি ভগীরথের পুত্র শ্রুত; শ্রুতের পুত্র নাভ; তাঁহা হইতে সিন্ধু-দ্বীপ জন্মগ্রহণ করেন। সিন্ধুদ্বীপ হইতে অযুতায়ু উৎপন্ন হয়েন। ১৬। অযুতায়ুর পুত্র ঋতু-পর্ণ; তিনি নলীপতি নলের সখা হইতেছেন। রাজা ঋতুপর্ণ, নলকে অক্ষক্রীড়া শিক্ষা দিয়া

তাঁহা হইতে অশ্ববিদ্যা গ্রহণ করেন। ঋতুপর্ণের পুত্র মহাত্মা সর্ব্বকাম হইতেছেন।১৭। তাঁহার তনয় সুদাস। সুদাসের পুত্র সৌদাস; তিনি পতিব্রতা মদয়ন্তীর স্বামী ছিলেন। তাঁহার কোন কোন কার্য্যের জন্য তিনি মিত্রসহ বা কল্মাষপাদ নামেও আখ্যাত হইয়া থাকেন। তিনি গুরু বশিষ্ঠ-শাপে রাক্ষস এবং নিজ কর্ম্মফলে নিঃসন্তান হয়েন। ১৮। পরীক্ষিৎ কহিলেন,—হে ব্রহ্মন্! মহাত্মা সৌদাসের প্রতি কি নিমিত্ত কুলগুরু বশিষ্ঠ অভিশাপ দেন, ইহা শুনিতে অভিলাষ করি। যদি গোপনীয় না হয়, তবে বলিতে আজ্ঞা হউক। ১৯। শ্রীশুকদেব কহিলেন,—হে রাজন্! সৌদাস রাজার চরিত্র বলিতেছি, শ্রবণ কর। একদা সৌদাস রাজা মৃগয়া করিতে যাইয়া একটা রাক্ষস বধ করিয়াছিলেন; কিন্তু বধকালে দয়াপরবশ হইয়া ঐ রাক্ষসের ভ্রাতাকে ছাড়িয়া দিয়াছিলেন। ২০। সেই নিশাচর, ভ্রাতৃ-হত্যার প্রতিশোধ লইতে ইচ্ছুক হইয়া তখন দূরে চলিয়া গেল। শেষে রাজার অনিষ্ট চিন্তা করিয়া এক পাচকব্রাহ্মণরূপ ধারণ করিল এবং ঐ রাজার গৃহে প্রবেশপূর্ব্বক রন্ধনকার্য্যে নিযুক্ত হইয়া সেই কার্য্য করিতে লাগিল। একদা সৌদাস নৃপতি গুরু বশিষ্ঠের পবিত্র আহারীয় প্রস্তুত করিতে সেই পাচককে অনুমতি করেন। রাজাকে বিপদে ফেলিতে ভোজনার্থী বশিষ্ঠের জন্য সে নরমাংস পাক করিয়া আনিল। ২১। ভগবান্ বশিষ্ঠ দেখিলেন, এই খাদ্য কেবল অভক্ষ্য মাংস নহে, ইহা নরমাংস হইতেছে। এতদ্দর্শনে ক্রোধবশতঃ রাজাকে "নরমাংস ব্যবহার করায় রাক্ষস হইবি" বলিয়া অভিসম্পাত করিলেন। ২২। যখন রাজা সৌদাস বহু অনুনয়ে এই নরমাংস প্রস্তুতের কারণ কিছুই অবগত নহেন, এই কথা গুরুকে বলিলেন, তখন মহামুনি বশিষ্ঠ ধ্যানবলে ঐ রাক্ষসকে চিনিতে পারিয়া, রাজাকে অসতর্ক দেখিয়া অভিসম্পাত হ্রাস করিলেন। রাজার দ্বাদশ-বর্ষ-কাল শাপ ফল ভোগ হইবে, এই কথা বলিলেন। ২৩। বিনা অপরাধে অভিশপ্ত হওয়াতে রাজা ক্রুদ্ধ হইয়া, জলগণ্ডূষ গ্রহণ-পূর্ব্বক গুরুকে প্রতিশাপ দিতে তৎক্ষণাৎ উদ্যত হইলেন। পতিব্রতা মদয়ন্তী কর্ত্তৃক নিবারিত হওয়ায় সেই অভিসম্পাত-জল যে দিকে ফেলিবেন, তাহা ভস্মীভূত হইবে ভাবিয়া, দিঙ্মণ্ডল, গগনমণ্ডল এবং ভূমণ্ডল এ সকল স্থান জীবপূর্ণ দেখিয়া, নিজ পদদ্বয়েই উহা পরিত্যাগ করিলেন। ২৪। হে মহারাজ! কার্য্যজন্য সেই মহীপতি সৌদাস রাক্ষস-ভাবাপন্ন এবং কল্মাষপাদ আখ্যা প্রাপ্ত হইলেন। হে রাজন্! সেই সৌদাস রাজা কল্মাষপাদ নামে রাক্ষস হইয়া অরণ্যমধ্যে ভ্রমণ করিতে করিতে একদা রতিক্রীড়াসক্ত বনবাসী কোন দ্বিজ-দম্পতীকে দেখিতে পাইলেন। ২৫। রাজা রাক্ষসরূপে ভ্রমণ করিতে করিতে ক্ষুধার্ত্ত হইয়া ব্রাহ্মণকে ধারণ করিলেন। রতিকার্য্য সম্পন্ন হয় নাই, এমন সময়ে রাক্ষসরূপী রাজা স্বামীকে ধরিয়াছেন দেখিয়া তদীয় পত্নী বলিতে লাগিলেন,—"আপনি রাক্ষস নহেন,—ইক্ষ্বাকুবংশীয়-দিগের মধ্যে একজন মহারথ নৃপতি হইতেছেন। ২৬। হে বীর! আপনি পতিব্রতা মদয়ন্তীর স্বামী হইতেছেন,—অধর্ম্ম করা আপনার উচিত নহে। আমি সন্তানার্থিনী; আমার স্বামী ব্রাহ্মণ এবং আমার সম্ভোগ-অভিলাষ এখনো পূর্ণ হয় নাই; আমার পতিকে আমায় ভিক্ষা দিউন। ২৭। দেখুন রাজন্! এই মানব দেহে পুরুষদিগের অখিল পুরুষার্থ সাধন হয়, অতএব দেহ নাশই সর্ব্বার্থনাশ বলিয়া কথিত হইয়া থাকে। ২৮। আরও দেখুন, এই

ব্রাহ্মণ বিদ্যা; তপঃ, শীল ও গুণযুক্ত হইতেছেন। আর সর্ব্বভূতে আত্মভাবে অবস্থিত থাকিয়াও গুণসম্বন্ধবশতঃ এই মহাত্মা সততঅন্তর্নিহিত মহাপুরুষ নামক পরব্রহ্মের আরাধনা করেন। ২৯। অতএব হে ধর্ম্মজ্ঞ! আপনি রাজর্ষি-প্রবর। পিতা যেমন সন্তানকে বধ করিতে পারে না, আপনা হইতে তদ্রূপ এই ব্রহ্মর্ষির বধ হওয়া উচিত হয় না। ৩০। হে রাজন্! কর্ম্ম, মন ও বাক্যের দ্বারা সর্ব্বপ্রাণীর প্রতি যে সৌহৃদ্যাচরণ,—বিদ্যাবিবেক-সম্পন্ন বুধগণ তাহাকেই শীল বলিয়া থাকেন। ৩১। আপনি সাধুজনের সম্মত; নির্দ্দোষী অথচ হিতৈষী গোবধের ন্যায় এই অপাপ, শ্রোত্রিয় অথচ ব্রহ্মবাদী ব্রাহ্মণের বধ-সাধন-কার্য্যকে কিরূপে সাধুকার্য্য বলিয়া বিবেচনা করিতেছেন? ৩২। হায়! হায়! আমি যে পতি ব্যতীত ক্ষণকালও জীবন ধারণ করিতে পারিব না, আমার সেই পতিকে যদি আপনি নিতান্তই ভক্ষণ করেন, তবে আমিও মৃতপ্রায়া হইব, অতএব অগ্রে আমাকে ভক্ষণ করুন। ৩৩। হে মহারাজ! বিপ্রপত্নী অনাথার ন্যায় হইয়া ঐ প্রকার করুণস্বরে বিলাপ করিতে থাকিলেও তাঁহার কথায় ভ্রূক্ষেপ না করিয়া, ব্যাঘ্র যেমন পশু হত্যা করিয়া ভোজন করে, সেই শাপমোহিত রাক্ষসরূপী রাজা সেইরূপ ব্রাহ্মণকে খাইয়া ফেলিলেন। ৩৪। গর্ভাধান করিতে উদ্যত স্বামীকে রাক্ষসরূপী রাজা ভক্ষণ করিল দেখিয়া, ব্রাহ্মণী নিজের দুরদৃষ্টজন্য শোক করিতে করিতে কুপিতা হইয়া ঐ মহীপতির প্রতি এই শাপ দিলেন।৩৫। ব্রাহ্মণী অভিসম্পাতচ্ছলে কহিলেন :—"রে পাপ! যেমন তুই আমার পতিকে রতি হইতে নিবৃত্ত করিয়া ভক্ষণ করিলি, এইজন্য আমার অভিশাপে তোরও রতিমাত্রেই মৃত্যু ঘটিবে। ৩৬। হে রাজন্! এই কার্য্যের জন্য রাজা সৌদাসের মিত্রসহ নাম হইয়াছিল। পতিলোক-পরায়ণা সেই ব্রাহ্মণী, মিত্রসহ রাজার প্রতি এই অভিশাপ দিয়া, পতির অস্থি-সকল প্রজ্বলিত অনলে নিক্ষেপ করতঃ সেই অগ্নিতে প্রবেশ করিলেন ও তদ্দ্বারা স্বামীর গতি প্রাপ্ত হইলেন। ৩৭। অনন্তর রাক্ষসরূপে ভ্রমণ করিতে করিতে দ্বাদশ বৎসর অতীত হইলে নরপতি সৌদাসের শাপ-মোচন হইল। নৃপতি হইয়া তিনি একদিন মৈথুনার্থ উদ্যত হইলে, তাঁহার মহিষী, ব্রাহ্মণীর শাপ বিজ্ঞাপনপূর্ব্বক ঐ উদ্যম হইতে নিবারণ করি-লেন। ৩৮। হে রাজন্! সৌদাস রাজা তদবধি স্ত্রী-সম্ভোগ-সুখ পরিত্যাগ করেন, এবং নিজকর্ম্মদোষে নিঃসন্তান হয়েন। তাঁহার অনুমতিক্রমে মহর্ষি বশিষ্ঠ যোগবলে তদীয় পত্নী মদয়ন্তীর গর্ভোৎপাদন করিয়া দিলেন। ৩৯। ঐ রাজমহিষী সাত বৎসর সেই গর্ভ ধারণ করিয়া থাকিলেন,—প্রসব করিতে পারিলেন না। তদনন্তর বশিষ্ঠ অশ্ম (লৌহ শলাকা) দ্বারা তদীয় গর্ভে আঘাত করিলেন, তাহাতেই সেই গর্ভ হইতে উৎপন্ন পুত্র অশ্মক বলিয়া বিখ্যাত হইল। ৪০। হে মহারাজ! উক্ত অশ্মক হইতে বালিক রাজা জন্মগ্রহণ করেন। স্ত্রীলোকেরা বেষ্টন করিয়া, পরশুরাম হইতে তাঁহাকে রক্ষা করিয়াছিলেন, এইজন্য তিনি 'নারী-কবচ' নাম লাভ করেন। পৃথ্বী নিঃক্ষত্রা হইলে তিনিই ক্ষত্রবংশের মূল হইয়াছিলেন। তিনি এইজন্য 'মূলক' নামেও উক্ত হয়েন।৪১। বালিক হইতে দশরথ; দশরথ হইতে ঐড়-বিড়ি; ঐড়বিড়ি হইতে রাজা বিশ্বসহ উৎপন্ন হয়েন। তাঁহার পুত্র খট্বাঙ্গ চক্রবর্ত্তী সম্রাট হইয়াছিলেন। ৪২। খট্বাঙ্গ রাজা অতিশয় দুর্জ্জয় ছিলেন। তিনি দেবগণকর্তৃক অভ্যর্থিত

হইয়া যুদ্ধে দৈত্যদিগকে বধ করেন; তাহাতে দেবতারা প্রসন্ন হইয়া বর দিতে চাহিলে, রাজা বলিয়াছিলেন, প্রথমে“ আমার পরমায়ু কত,এই কথা আপনারা বলুন”। তিনি দেবগণ-প্রমুখাৎ যখন শুনিলেন যে, তাঁহার মুহূর্ত্তমাত্র পরমায়ু অবশিষ্ট আছে; তখন তাহা অবগত হইয়া তাঁহাদিগের প্রদত্ত বিমান-যোগে শীঘ্র স্বীয় রাজধানীতে আগমনপূর্ব্বক পরমেশ্বরে মনোনিবেশ করিলেন। ৪৩। আয়ু অতিসামান্য আছে, ইহা জানিতে পারিয়া রাজা ভাবিলেন যে, সেই ব্রহ্মদেবতা হইতে আমার প্রাণ, আত্মজ, ধনসম্পত্তি, পৃথিবী, রাজ্য এবং বনিতাও প্রিয়তর নহে। ৪৪। এ পর্য্যন্ত আমার মতি কদাচিৎ অত্যল্প অধর্ম্মেও রত হয় নাই। আমি এক্ষণে পবিত্রকীর্ত্তি ভগবান্ ভিন্ন অন্য কোন বস্তুকেই সত্য বলিয়া দেখিতে পাই না। ৪৫। এই যে ত্রিভুবনের দেবগণ প্রসন্ন হইয়া আমাকে অভিলষিত-গ্রহণের বর দিতেছিলেন; এই বর লইয়া আমি কি করিব! আমার মন সেই ভূতভাবনেই নিরত; সুতরাং আমি কোন কাম্যবর প্রার্থনা করি না। ৪৬। সামান্য মনুষ্যের কথা দূরে থাকুক, বিষয়ভোগের জন্য যদি কাহারও ইন্দ্রিয় বিক্ষিপ্ত হয়, সে ব্যক্তি দেবতা হইলেও স্বীয় হৃদয়ে অবস্থিত প্রিয় আত্মাকে নিত্য দেখিতে পায় না। ৪৭। পরমেশ্বর-মায়াকৃত গন্ধর্ব্ব-নগরোপম গুণসমূহে স্বভাবসিদ্ধ আত্ম-আসক্তি, ভগবচ্চিন্তা দ্বারা বিনষ্ট করিয়া, এক্ষণে আমি সেই ভগবানের শরণাগত হই। ৪৮। হে মহারাজ পরীক্ষিৎ! খট্বাঙ্গ রাজা, নারায়ণ-পরায়ণ বুদ্ধিযোগে এইরূপ নিশ্চয় করিয়া অজ্ঞান পরিত্যাগপূর্ব্বক সেই আত্মস্বরূপ হরিতে নিজ মন স্থির করিলেন। ৪৯। যিনি সূক্ষ্ম, অশূন্য অথচ শূন্যরূপে কল্পিত পরব্রহ্ম,—ভক্তজন যাঁহাকে বাসুদেব বলিয়া থাকেন, তিনিই আত্মস্বরূপ। রাজা অন্তিম পর্য্যন্ত ইহা স্থির করিয়া তাঁহাতে আত্মসমর্পণ করিলেন। ৫০।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে নবমাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। নিজ কর্ম্মফলে জীব যদি পুণ্যাহরণ করে, তাহাহইলে সাধুসেবায় দেবতার অসাধ্য ক্ষমতা প্রাপ্ত হইতে পারে, এবং তাহার কার্য্যে সংসার পবিত্র হইয়া থাকে। এই প্রমাণ দেখাইতেই ভগীরথের জন্ম, কপিলের সেবা এবং তাঁহার উপদেশে গঙ্গা-আনয়ন-জন্য ঘোর তপস্যার কথা এই অধ্যায়ে বলা হইল। সাধুসেবাতে ও তপস্যাবলে ভগীরথের এতদূর সামর্থ্য হইয়াছিল যে, যে গঙ্গা দেবগণও স্পর্শ করিতে পাইতেন না, সেই গঙ্গাকে তিনি ত্রিভুবনব্যাপিনী করিয়া আপনার পিতৃলোক উদ্ধার করিয়াছিলেন।

এই অধ্যায়ে রাজা কল্মাষপাদ-চরিত্রে দেখান হইল যে:—নিজ দুষ্কর্ম্মের ফলে জীবে অতি দুরাচার রাক্ষস পর্য্যন্তও হইতে পারে।

নিজ নিজ কর্ম্মের দ্বারা জীবে বহু উন্নতি করিতে পারে বটে, কিন্তু একান্ত ভগবদ্ভক্তি ও হরিতে আত্মসমর্পণ ব্যতীত, জন্মমৃত্যুর হস্ত হইতে উদ্ধার লাভ হয় না। ইহা বুঝাইতে খট্বাঙ্গ রাজার চরিত্রে ক্ষণেকের মধ্যে ভগবৎপ্রাপ্তির কথা বলা হইল।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে নবমাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ দশম অধ্যায়।

পূর্ব্বকথা সমাপন করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধনপূর্ব্বক শ্রীশুকদেব কহিলেন—হে রাজন্! খট্বাঙ্গ রাজার পুত্র দীর্ঘবাহু হইতেছেন। তাঁহা হইতে মহাযশস্বী রঘু জন্মগ্রহণ করেন। ৯। ১০। ১। মহাত্মা রঘুর তনয় অজ হইতেছেন। হে মহারাজ! ঐ অজ হইতে দশরথ জন্মগ্রহণ করেন। হে রাজন্! দশরথ মহীপতির ভক্তি ও মহিমার কথা কি বলিব!! সাক্ষাৎ ভগবান্ ব্রহ্মস্বরূপ হরি, দেবগণের প্রার্থনায় রাম, লক্ষ্মণ, ভরত ও শত্রুঘ্ন—এই চারি নামে চারি অংশে বিভক্ত হইয়া, ঐ মহাত্মা দশরথের পুত্রত্ব স্বীকার করিয়াছিলেন। ২। হে রাজন্! পূর্ব্বকালে তত্ত্বদর্শী ঋষিগণকর্ত্তৃক সীতাপতি রামচন্দ্রের চরিত্র বর্ণিত হইয়াছে। তুমিও বহু ঋষির নিকট বারংবার সেই চরিত্র শ্রবণ করিয়াছ; তথাপি আমি সংক্ষেপে বলিতেছি—শ্রবণ কর। ৩। লক্ষ্মীরূপা সীতার কোমল করস্পর্শেও যে পদযুগলে ব্যথা জন্মিত, যিনি পিতৃসত্য-পালনার্থ রাজ্য পরিত্যাগ করিয়া, সেই কোমল কমলনিভ পদদ্বয়ে বনে বনে ভ্রমণ করিয়াছিলেন.—মহাবীর বানরেন্দ্র হনুমান্ এবং অনুজ লক্ষ্মণ যাঁহার পথশ্রান্তি অপনয়ন করিয়া দিতেন;—কামবিহ্বলা শূর্পনখার নাসাদিচ্ছেদনকার্য্য সম্পাদন করাতে লঙ্কাধিপতি রাবণ যাঁহার প্রিয়া-বিরহ উৎপাদন করেন, সেই সীতা বিরহ-রোষে যাঁহার বীর্য্যপূর্ণ ভ্রূকুটি দেখিয়া অসীম সমুদ্রও ভীত হইয়াছিলেন;—যিনি নিজবীর্য্যে সমুদ্রে সেতুবন্ধন করিয়া রাবণাদি খলরূপী গহনের দাবানল-স্বরূপ হইয়াছিলেন, সেই কোশলেন্দ্র শ্রীরামচন্দ্র আমাদিগকে রক্ষা করুন। ৪। হে রাজন্! শিশুকালে সেই রামচন্দ্র লক্ষ্মণের সমক্ষে তাঁহার অপেক্ষা না করিয়াই, বিশ্বামিত্রের যজ্ঞে তাড়কা মারীচাদি প্রধান প্রধান রাক্ষসদিগকে একাকী নিহত করিয়াছিলেন। ৫। হে মহারাজ! শ্রীরামচন্দ্রের বীর্য্যের কথা কি বলিব! তিনি সীতার স্বয়ম্বর-গৃহে মহা মহা বীরগণের সভাস্থলে বালগজের ন্যায় বীর্য্যলীলা প্রকাশ করতঃ ত্রিশত বাহকানীত শিবধনু গ্রহণ, জ্যারোপণ এবং আকর্ষণ করিয়া, ইক্ষুদণ্ডের ন্যায় সেই ধনুর মধ্যভাগে ভগ্ন করিয়াছিলেন। ৬। যাঁহার গুণ, শীল, বয়স ও অঙ্গসৌষ্ঠব, নিজের অনুরূপ জানিয়া, যিনি সেই লক্ষ্মীরূপিণী সীতাদেবীকে ধনুর্ভঙ্গপণে লাভ করিয়া নিজ বক্ষে স্থাপনপূর্ব্বক বহু সম্মানিতা করিয়াছিলেন। সেই সীতাদেবীকে লইয়া পথে আসিবার কালে; পৃথিবীকে যে ব্যক্তি একবিংশতি বার নিঃক্ষত্রিয় করেন, শ্রীরামচন্দ্র সেই পরশুরামের চির-সঞ্চিত গর্ব্ব খর্ব্ব করিয়াছিলেন। ৭। হে রাজন্! সেই সনাতনপুরুষ রামচন্দ্রের বিষয়ভোগ-বৈরাগ্যের কথা কি বলিব!! সীতাসম্মিলনের কিছুদিন পরে শ্রীরামচন্দ্রের যৌবরাজ্যে অভিষিক্ত হইবার আয়োজন হইতেছিল। কোন সময়ে নিজ মহিষী কৈকেয়ীর প্রতি তুষ্ট হইয়া রাজা দশরথ তাঁহাকে যথেচ্ছ বরদানে প্রতিশ্রুত হইয়াছিলেন,—মহাবীর রামচন্দ্রের রাজ্যাভিষেক-সময়ে ঐ মহিষী কৈকেয়ী রাজা দশরথের পূর্ব্বপ্রতিশ্রুত বরগ্রহণের ইচ্ছায়, তাঁহার নিকট বরস্বরূপ নিজপুত্র ভরতের যৌবরাজ্য ও রামচন্দ্রের বনবাস প্রার্থনা করিলেন,—তখন পিতাকে স্ত্রৈণ জানিয়াও তাঁহাকে সত্যপাশে বদ্ধ

বিবেচনা করিয়া পিতৃভক্তি দেখাইতে রামচন্দ্র তদীয় নিদেশ মস্তকে গ্রহণ করিলেন, এবং যোগীপুরুষ যেমন দুস্ত্যজ প্রাণ বিসর্জ্জন করেন, তিনি সেইরূপ রাজ্য, শ্রী, আত্মীয়, সুহৃদ্ ও গৃহ পরিত্যাগপূর্ব্বক সভার্য্য হইয়া বনগমন করিয়াছিলেন। ৮। সীতাকে গ্রাস করিয়া রামচন্দ্রের সহিত সম্ভোগলালসাপূর্ণা রাবণ-ভগ্নি শূর্পনখার অশুদ্ধ বুদ্ধি অরণ্যমধ্যে জানিয়া, যিনি খর দূষণ, ত্রিশিরাদি প্রধান প্রধান অনুচরের সহিত চতুর্দ্দশ সহস্র রাক্ষস বিনষ্ট করিয়াছিলেন, এবং অসহ্য-ধনু-হস্তে সতত ভ্রমণ করিয়া মহাকষ্টে যিনি বনে বাস করিয়াছিলেন। ৯। হে রাজন্! সেই সময়ে শূর্পনখার প্রমুখাৎ জনক-তনয়ার কথা শ্রবণে কামানল প্রজ্বলিত হওয়াতে রাবণ মারীচকে রামাশ্রম-সন্নিধানে প্রেরণ করেন। মারীচ, অদ্ভুত মায়ামৃগরূপ ধারণপূর্ব্বক রামচন্দ্রকে আশ্রম হইতে দূরে লইয়া গেলে, রুদ্র যেমন দক্ষকে সংহার করিয়াছিলেন, সেইরূপ রামচন্দ্র মারীচকে বাণাঘাতে সত্বর বিনষ্ট করিয়াছিলেন। ১০। সেই সুযোগে রাক্ষসাধম রাবণ, রাম-লক্ষ্মণের অসাক্ষাতে বৃকের ন্যায় বিদেহ রাজ-দুহিতাকে অপহরণ করিলে, রামচন্দ্র প্রিয়া-বিরহিত হইয়া "স্ত্রীসঙ্গীদিগের এইরূপ দুঃখ" জীবকে ইহা শিখাইতে বিরহ কাতর ভ্রাতার সহিত দীনবৎ বনে বনে বিচরণ করিয়াছিলেন। ১১। একদা সীতার অন্বেষণে ইতস্ততঃ ভ্রমণ করিতে করিতে তিনি দেখিতে পাইলেন, তাঁহার নিমিত্ত রাবণের সহিত সংগ্রাম করিয়া নিহত জটায়ুর শাস্ত্রোক্ত সৎকার হয় নাই; অতএব তিনি নিজ কৃপাগুণে তাহার সৎকার করিলেন। পরে আপনাকে গ্রাস করিতে সমাগত দেখিয়া তিনি কবন্ধ-বধ করিলেন। তদনন্তর বানর-বৃন্দের সহিত সৌখ্য করিয়া, বালিবধানন্তর ঐ সকল বানর-মুখে তিনি প্রিয়ার অবস্থা অবগত হইলেন। পরে বানরসৈন্যসহ সীতা উদ্ধারের জন্য সমুদ্রতীরে গমন করিয়াছিলেন। হে মহারাজ! তিনি মানবাবতার হইয়াছিলেন সত্য, কিন্তু শিব ও ব্রহ্মাও তাহার চরণপদ্ম অর্চ্চনা করিতেন। ১২। রামচন্দ্রের ক্রোধপূর্ণ কুটিলকটাক্ষপাতে সাগরমধ্যস্থ নক্র-মকরাদি জলজন্তুগণ প্রাণভয়ে কাতর হইয়াছিল,—যাঁহার ভয়ে তরঙ্গের গর্জ্জন নিস্তব্ধ হইয়াছিল;—স্বয়ং সমুদ্র মূর্ত্তিমান্ হইয়া মস্তকে পূজাদ্রব্য লইয়া যাঁহার পাদপদ্মসমীপে আগমনপূর্ব্বক অনুনয়কথা বলিয়াছিলেন। ১৩। সমুদ্র বলিলেন,—হে ভূমন্! আমরা জড়মতি বলিয়া এতদিন আপনাকে জানিতে পারি নাই। আপনি নির্ব্বিকার; আদি পুরুষ ও জগদীশ্বর হইতেছেন;—যাঁহার বশবর্ত্তী সত্বগুণ হইতে সুরগণ, রজোগুণ হইতে প্রজাপতিসকল এবং তমোগুণ হইতে ভূতপতিসকল উৎপন্ন হয়েন, আপনি সেই গুণেশ্বর হইতেছেন। ১৪। প্রভো! নিজ ইচ্ছামতে আপনি আমার বক্ষের উপর দিয়া গমন করুন। বিশ্বশ্রবার বিষ্ঠা-তুল্য ত্রিভুবনের ক্লেশদায়ক দুরাত্মা রাবণকে বধ করুন, এবং লক্ষ্মীরূপিণী আপনার পত্নীকে প্রাপ্ত হউন। হে বীর! ত্রিভুবনে যশোবিস্তারের জন্য আমার বক্ষে সেতুবন্ধন করুন। দিগ্বিজয়ী রাজগণ এই সেতুসমীপে আসিয়া আপনার যশ গান করিবেন। ১৫। হে রাজন্! সাগরের ঐরূপ বচন শ্রবণ করিয়া রামচন্দ্র বিবিধ পর্ব্বতশৃঙ্গ দ্বারা তাহার উপর সেতুবন্ধন করিলেন। সেই সকল গিরি-শিখরে ভূরি ভূরি তরু ছিল; তৎসমুদায়ের শাখা কপীন্দ্রদিগের করদ্বারা সাতিশয় কম্পিত হইয়াছিল। সেতুবন্ধন হইলে পর বিভীষণের পরামর্শক্রমে সুগ্রীব,নীল,হনুমান্ প্রভৃতি সেনাগণ সহিত রঘুপতি

লঙ্কায় প্রবেশ করিয়াছিলেন। সীতার অন্বেষণসময়ে হনুমান্ সেই লঙ্কা অগ্রেই দগ্ধ করিয়া-ছিলেন। ১৬। হে মহারাজ! কপীন্দ্রদিগের সেনাগণ সেই লঙ্কাপুরে প্রবেশ করিয়া ক্রীড়াস্থান, ধান্যাগার, কোষ, দ্বার, পুরদ্বার, সভা, বলভী ও বিটঙ্ক রুদ্ধ করিল এবং বেদী, পতাকা, স্বর্ণকুম্ভ ও চতুষ্পথ সমুদায় ভগ্ন করিয়া দিল; সুতরাং ঐ লঙ্কাপুরী গজকুলাক্রান্তা তটিনীর ন্যায় ছিন্নভিন্না হইল। ১৭। রক্ষঃপতি রাবণ ইহা দেখিয়া নিকুম্ভ, কুম্ভ, ধূম্রাক্ষ, দুর্ম্মুখ, সুরান্তক, নরান্তক, প্রহস্ত, অতিকায় ও বিকম্পনাদি সমস্ত অনুচরবর্গকে এবং ইন্দ্রজিৎ ও কুম্ভকর্ণকে যুদ্ধার্থ প্রেরণ করিলেন। ১৮। অসি, শূল, ধনু, প্রাস, ঋষ্টি, শক্তি, শর, তোমর, খড়্গাদি বিবিধ শস্ত্রে সুসজ্জিত, অতিশয় দুর্দ্ধর্ষ রাক্ষস-পৃতনার বিরুদ্ধে শ্রীরাম-চন্দ্র,—লক্ষ্মণ, সুগ্রীব, হনুমান্, গন্ধমাদন, নীল, অঙ্গদ, জাম্ববান্ এবং পনসাদি সেনাপতি-সমন্বিত হইয়া যুদ্ধযাত্রা করিয়াছিলেন। ১৯। হে রাজন্! সীতাহরণ করায় যাঁহার বীর্য্য ও মঙ্গল-রাশি বিনষ্ট হইয়াছিল, সেই রাক্ষসপতি রাবণের হস্তী, পদাতি, রথ ও অশ্বারোহী-দিগকে রঘুপতির সেনাপতিগণ দ্বন্দ্বযুদ্ধে আক্রমণ করিয়া বৃক্ষ, পাষাণ, গদা ও বাণ-ক্ষেপণ-পূর্ব্বক নিহত করিতে আরম্ভ করিলেন। ২০। সৈন্যদিগের বিনাশ দর্শন করিয়া রাক্ষস-রাজ রাবণ পুষ্পক-বিমানে আরোহণপূর্ব্বক রামচন্দ্রের প্রতি ধাবমান হইলেন এবং মাতলি-আনীত প্রভাশালী স্বর্গ-রথে বিরাজমান রামচন্দ্রকে নিশিত ক্ষুরপ্র দ্বারা আঘাত করিতে থাকিলেন। ২১। রামচন্দ্র তাঁহাকে বলিলেন:—"অরে রাক্ষসপুরীষ! তুই অসৎ; কুক্কুর যেমন অসমক্ষে গৃহে প্রবেশ করিয়া, কোন সামগ্রী চুরি করিয়া লইয়া যায়, তুই সেইরূপ অসাক্ষাতে আমার কান্তা অপহরণ করিয়াছিস্। তুই অতি নির্লজ্জ; কালের ন্যায় অলঙ্ঘ্য-বীর্য্য আমি এখনি তোর জুগুপ্সিত কর্ম্মের প্রতিফল দিতেছি। ২২। এইরূপ ভৎর্সনা করিয়া তিনি ধনুকে যে শরযোজনা করিয়াছিলেন, তাহা নিক্ষেপ করিলেন;—বজ্রতুল্য সেই বাণ রাবণের হৃদয় ভেদ করিল। দশমুণ্ড রাবণ, দশমুখে শোণিত বমন করিতে করিতে ক্ষীণপুণ্য সুকৃতীর ন্যায় বিমান হইতে পড়িয়া গেলেন। রাক্ষসগণ এতদ্দর্শনে হাহাকার করিতে লাগিল। ২৩। তদনন্তর সহস্র সহস্র রাক্ষসী, লঙ্কা হইতে নির্গত হইয়া মন্দোদরী নাম্নী রাবণ-বনিতার সহিত রোদন করিতে করিতে রণস্থলে ভ্রমণ করিতে লাগিল। ২৪। লক্ষ্মণের বাণে নির্ভিন্ন নিজ নিজ স্বামীগণকে আলিঙ্গন করিয়া তাহারা আপনা-আপনি বক্ষে করাঘাত করতঃ করুণস্বরে রোদন করিতে থাকিল। ২৫। আক্ষেপ করিয়া রাবণ-মহিষীগণ কহিলেন:—"হা নাথ! আমরা জন্মের মত নষ্ট হইলাম। হে রাবণ! তুমি লোক-রাবণ ছিলে; তুমি না থাকায় এই লঙ্কাপুরী শত্রু-নিপীড়িত হইতেছে,—এক্ষণে আমরা কাহার শরণ লইব? ২৬। হে মহাভাগ! তুমি কামবশ হইয়া জনক-নন্দিনীর তেজ ও অনুভাব জানিতে পার নাই; তাহাতেই এই দশা প্রাপ্ত হইলে। ২৭। হে কুলনন্দন! তুমি লঙ্কাকে ও আমাদিগকে বিধবা করিলে, নিজ দেহকে গৃধ্রভক্ষ্য এবং আত্মাকে নরকভাগী করিলে!" ২৮। শ্রীশুকদেব রাজাকে কহিলেন,—হে মহারাজ! অনন্তর বিভীষণ, কোশলাধিপতি রামচন্দ্র কর্ত্তৃক অনুমোদিত হইয়া শ্রাদ্ধাদি বিধানক্রমে জ্ঞাতিদিগের ঔর্দ্ধদেহিক ক্রিয়া-কলাপ নির্ব্বাহ করিলেন। ২৯। অনন্তর ভগবান্ রামচন্দ্র,

অশোক-বনিকাশ্রমে শিংশপা-তরুমূলে নিজ বিরহপীড়িতা, ক্ষীণা ও দীনা প্রিয়তমা ভার্য্যাকে দেখিলেন। ৩০। সীতার অবস্থা দেখিয়া রামচন্দ্রের হৃদয় করুণায় আর্দ্র হইল এবং স্বামি-দর্শনে সীতার অসীম আনন্দ হইল এবং সেই আনন্দে তাঁহার বদনারবিন্দ বিকসিত হইয়া উঠিল। ৩১। অনন্তর ভগবান্ রামচন্দ্র, বিভীষণকে রাক্ষসগণের আধিপত্য, লঙ্কাপুরী এবং কল্পান্ত পর্য্যন্ত পরমায়ু প্রদান করিয়া, লক্ষ্মণ ও সুগ্রীব দ্বারা জনক-তনয়াকে পুষ্পক রথে আরোহণ করাইয়া, পরে হনূমানের সহিত আপনি অন্তরথারূঢ় হইয়াছিলেন। এই রূপে চতুর্দ্দশবর্ষ বনবাস-ব্রত সমাপনপূর্ব্বক রাক্ষসরাজ বিভীষণকে সমভিব্যাহারে লইয়া অযোধ্যা-যাত্রা করিয়াছিলেন। ৩২। পথে আসিবার সময়ে লোকপাল-প্রদত্ত কুসুম-নিকরে রামচন্দ্রের শরীর আবৃত হইতে থাকিল। বজ্রধারী ইন্দ্র প্রভৃতি দেবগণ পরম আনন্দে তদীয় চরিত্র গান করিতে আরম্ভ করিলেন। ৩৩। শ্রীরামচন্দ্র অযোধ্যায় আসিতে আসিতে শুনিলেন,—ভ্রাতা ভরত অযোধ্যার বহির্ভাগে শিবির করিয়া জটিল, বল্কলাম্বর-ধারী ও স্থণ্ডিলশায়ী হইয়া আছেন,—প্রাণ-ধারণার্থ গোমূত্র পক্ক যবান্নমাত্র ভোজন করিতে-ছেন। এতচ্ছ্রবণে মহাকারুণিক রামচন্দ্র তাঁহার জন্য সন্তাপ করিতে লাগিলেন। ৩৪। ভরত রামচন্দ্রের পাদুকা মস্তকে লইয়া পৌর, অমাত্য এবং পুরোহিতগণের সহিত জ্যেষ্ঠকে আনিবার জন্য অগ্রে গমন করিতে উদ্যোগ করিলেন। ৩৫। স্বীয় শিবির নন্দিগ্রাম হইতে যাত্রা করিবার কালে সঙ্গীত ও বাদ্যধ্বনি হইতে লাগিল। ব্রহ্মবাদী মুনিগণ উচ্চৈঃস্বরে বেদমন্ত্র গান করিতে করিতে সঙ্গে চলিলেন। ৩৬। স্বর্ণরস-সিক্তাগ্র বিচিত্র পতাকা ও স্বর্ণময় বিচিত্রধ্বজ-ভূষিত, উত্তম অশ্বযুক্ত এবং স্বর্ণপরিচ্ছদ সম্পন্ন রথ; সুবর্ণ-বর্ম্মাবৃত যোদ্ধৃগণশ্রেণী, নৃত্যকারিণী বারাঙ্গনা এবং পাদচারী বহুতর ভৃত্য তাঁহাদের সঙ্গে সঙ্গে চলিল। মহাত্মা ভরত,—রাজযোগ্য ছত্র চামরাদি ও নানাবিধ বহুমূল্য রত্নাদি লইয়া চলিলেন, এবং শ্রীরামের সহিত সাক্ষাৎ হইবামাত্র সেই সমস্ত রাজচিহ্ন সমর্পণপূর্ব্বক অগ্র-জের পদতলে পতিত হইলেন। ৩৭।৩৮। হে মহারাজ! প্রেমাশ্রু-ধারায় ভরতের হৃদয় ও নয়ন আকুল হইয়াছিল। তিনি প্রথমে কৃতাঞ্জলিপুটে পাদুকাদ্বয় সম্মুখে স্থাপন করিলেন, পরে অশ্রুপূর্ণ-লোচন হইয়া নয়নজলে স্নান করাইতে করাইতে অনেকক্ষণ পর্য্যন্ত বাহু দ্বারা রাম-চন্দ্রের পদযুগল আলিঙ্গন করিয়া রহিলেন। ৩৯। অনন্তর রামচন্দ্র, লক্ষ্মণ ও সীতার সহিত ব্রাহ্মণ এবং কুলবৃদ্ধ ব্যক্তিদিগকে নমস্কার করিলেন। প্রজাগণকর্ত্তৃক তাঁহারাও নমস্কৃত হইতে থাকিলেন। ৪০। উত্তর-কোশলস্থ সমস্ত মানব বহুকালের পর আপনাদিগের অধি-পতিকে আগত দেখিয়া আনন্দ-সাগরে মগ্ন হইল, এবং স্ব স্ব উত্তরীয়-বসন কম্পিত করিয়া আনন্দে পুষ্পমালা বর্ষণ ও নৃত্য করিতে লাগিল। ৪১। হে মহারাজ! অযোধ্যা-প্রবেশ-কালে ভরত—পাদুকাযুগল, বিভীষণ ও সুগ্রীব—বীজনীশ্রেষ্ঠ ও চামর, পবন-তনয়—শ্বেত-ছত্র ধারণ করিলেন। ৪২। দেবী সীতা—তীর্থজল-পূর্ণ কমণ্ডলু ধারণ করিলেন। হে নৃপ! শত্রুঘ্ন—ধনুক ও তূণ, অঙ্গদ—খড়্গ এবং ঋক্ষরাজ—স্বর্ণময় চর্ম্ম ধারণ করিয়া সঙ্গে সঙ্গে আসিলেন। ৪৩। যখন গবাক্ষ হইতে দর্শনকারিণী নারীগণ পুষ্পকারূঢ় রঘুপতির প্রশংসা এবং পথস্থ বন্দীগণ স্তব করিতে লাগিল; তখন গ্রহগণের সহিত সমুদিত নিশাকরের

ন্যায় রামচন্দ্রের শোভা হইয়াছিল। ৪৪। অতঃপর ভ্রাতাকর্ত্তৃক অভিনন্দিত হইয়া রামচন্দ্র উৎসবান্বিত রাজপুরীমধ্যে প্রবেশ করিলেন। রামচন্দ্র রাজভবনে প্রবেশ করিলে জননী কৌশল্যা, বিমাতৃগণ, সীতা এবং লক্ষ্মণও যথানিয়মে তাঁহার সন্নিধানে গমন করিলেন। অন্যান্য গুরুজন এবং বয়স্য ও কনিষ্ঠগণ তাঁহাকে যথাযোগ্য আশীর্ব্বাদ ও পূজাদি করিলেন। তিনিও সকলকে যথারীতি পূজা, সম্ভাষণ ও আশীর্ব্বাদ করিলেন। ৪৫। ৪৬। হে মহারাজ! প্রাণ পাইলে দেহ যেমন সচেতন হয়, সেইরূপ স্ব স্ব তনয় পাইবামাত্র মাতৃগণ সহসা উত্থিত হইলেন, এবং তাহাদিগকে ক্রোড়ে করিয়া বাষ্পজল দ্বারা অভিষেক করতঃ শোকসন্তাপ পরিত্যাগ করিলেন। ৪৭। অনন্তর বশিষ্ঠ-মুনি রামচন্দ্রের জটা মোচন করাইয়া, কুলবৃদ্ধ ব্যক্তিদিগের সহিত মিলিত হইয়া চতুঃসাগর-জলাদি দ্বারা ইন্দ্রের ন্যায় তাঁহার অভিষেক করিলেন। ৪৮। রামচন্দ্র ঐরূপে শিরঃস্নাত হইয়া প্রথমে সুশোভন বসন পরিধান করিলেন, পরে মাল্য ও অলঙ্কারে অলঙ্কৃত হইয়া, বসন-ভূষণে ভূষিত ভ্রাতৃবর্গ ও ভার্য্যার সহিত বিরাজমান হইলেন। ৪৯। তদনন্তর ভরত প্রণামপূর্ব্বক প্রসন্নভাবে সিংহাসন প্রদান করিলে তিনি রাজ-সিংহাসন গ্রহণ করিলেন, এবং স্বধর্ম্ম-নিরত ও বর্ণাশ্রম-গুণান্বিত প্রজাপুঞ্জকে পুত্রবৎ পালন করিতে লাগিলেন। প্রজারাও তাঁহাকে পিতা বলিয়া মান্য করিতে লাগিল। ৫০। হে মহারাজ! সর্ব্বভূত-সুখাবহ ধর্ম্মজ্ঞ রামচন্দ্র রাজা হইলে পর, ত্রেতাযুগও সত্যকালের সমান হইল। ৫১। হে ভরতর্ষভ! সমুদ্র, নদ, নদী, গিরি, বন, দ্বীপ, বর্ষ—সকলই প্রজাদিগের অভিলষিত ফলপ্রদ হইয়াছিল। ৫২। অধোক্ষজ রামচন্দ্রের রাজত্বে রাজ্যমধ্যে আধি, ব্যাধি, জরা, শোক, দুঃখ, ভয়, গ্লানি, অথবা ক্লান্তি—কিছুই রহিল না। ৫৩। ইচ্ছা না করিলে মৃত্যু কাহাকেও আক্রমণ করিতে সমর্থ হইত না। রামচন্দ্র শুচি ও একপত্নী-ব্রতধর হইয়া লোকদিগকে, রাজর্ষিদিগের অনুষ্ঠিত গার্হস্থ্য-ধর্ম্ম-উপদেশ প্রদান করতঃ স্বয়ং তাহা আচরণ করিতে লাগিলেন। ৫৪। হে মহারাজ! রামপরিচর্য্যা-তত্ত্বজ্ঞা সীতাদেবী বিনয়াবনতা হইয়া প্রণয়, আনুগত্য, শীলতা, ভয় এবং লজ্জা দ্বারা তদীয় চিত্ত হরণ করিতে থাকিলেন। ৫৫।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে দশমাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। এই অধ্যায়ে রামচন্দ্রের লৌকিক লীলাসমূহের সংক্ষিপ্ত কথা বর্ণিত হইয়াছে। ভগবান্ অবতীর্ণ হইয়া জীবকে প্রবৃত্তি ও নিবৃত্তিগত ধর্ম্ম শিক্ষা দিবার জন্য স্বয়ং যে সকল আচরণ করিয়া থাকেন, তাহাকে লৌকিক লীলা কহে। স্বয়ং আত্মরূপে ব্রহ্মাণ্ডে যে নিত্যলীলা করিয়া থাকেন, ভগবানের সেই লীলাকে অধ্যাত্ম লীলা কহে। রামচন্দ্রের অধ্যাত্মলীলার তাৎপর্য্য আমি এই ভাগবতের প্রথমস্কন্ধে সংক্ষেপে বলিয়াছি, এবং রামায়ণে বিস্তৃত বর্ণিত আছে। পিতৃমাতৃ গুরুসম্মান, ভ্রাতৃসম্মিলন, পত্নীপ্রণয়, প্রজা ও বন্ধুহিতৈষী হওন, বীর্য্য ও উৎসাহ প্রদর্শন, বিপদে ধৈর্য্য, অভ্যুদয়ে ক্ষমা, ভোগের সময় আসক্ত এবং ইচ্ছা করিলে তাহা পরিত্যাগ, শরণাগত রক্ষা প্রভৃতি কার্য্য প্রবৃত্তিমার্গের ধর্ম্ম হইতেছে। শ্রীরামচন্দ্র আপনি জীবনে অনুষ্ঠান করিয়া এই সকল দেখাইয়াছেন।

নিমেষে সীতা-পরিত্যাগ, লক্ষ্মণ-বর্জ্জন, ভোগে নিস্পৃহ, সকলকে মুক্তিমার্গে প্রেরণ ইত্যাদি কার্য্যের দ্বারা শ্রীরামচন্দ্র নিবৃত্তি-ধর্ম্মের উপদেশ স্বয়ং আচরণ করিয়া শিক্ষা দিয়াছেন। এই উভয় ধর্ম্মের একান্ত অনুষ্ঠান দেখাইয়া—আপনি যে ধর্ম্মাতীত পরমাত্মা, ইহাও পরিণামে দেখাইয়াছেন। এই—অবতার-চরিত্র-পাঠে জীবের সংসারাসক্তি ক্ষয় এবং ভগবদাচরণে নিষ্ঠা জন্মে বলিয়া শ্রীশুকদেব রাজা পরীক্ষিৎকে এই কথা শ্রবণ করাইলেন।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে দশমাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ একাদশ অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধনপূর্ব্বক শ্রীশুকদেব কহিলেন;—হে রাজন্! তদনন্তর ভগবান্ রামচন্দ্র লোকশিক্ষার জন্য আচার্য্য-সমন্বিত হইয়া উত্তমোত্তম যজ্ঞাদি করিয়া সর্ব্বদেবময় পরমদেবস্বরূপ আপনারই অর্চ্চনায় নিযুক্ত হইয়াছিলেন। ১। যজ্ঞান্তে হোতাকে পূর্ব্বদিক্, ব্রহ্মাকে দক্ষিণদিক্, অধ্বর্য্যুকে পশ্চিমদিক্ এবং উদ্গাতাকে উত্তরদিক্ দক্ষিণারূপে দান করিয়াছিলেন। ২। ঐ সকল দিকের মধ্যস্থিত যত ভূমি ছিল, তৎসমস্ত ব্রাহ্মণেরই পাওয়া উচিত বিবেচনায় তিনি নিস্পৃহ হইয়া অবশিষ্ট সমস্ত, আচার্য্য বশিষ্ঠকে দান করিয়াছিলেন। ৩। এইরূপ দানাদিতে রামচন্দ্রের ও রাজমহিষী জানকীর বসন ও ভূষণমাত্র অবশিষ্ট রহিল। ৪। ব্রহ্মণ্যদেব শ্রীরামচন্দ্রের ঐরূপ দয়াদাক্ষিণ্য অবলোকন করিয়া সেই সকল ব্রাহ্মণেরা অতীব প্রীত হইলেন, এবং স্তব করিতে করিতে সেই সমস্ত ভূমি ও বস্ত্র তাঁহাকে প্রত্যর্পণপূর্ব্বক কহিয়াছিলেন। ৫। হে ভগবন্! হে ভুবনেশ্বর! আপনি যখন আমাদিগের হৃদয়ে প্রবেশ করিয়া স্বীয় প্রভা দ্বারা আমাদের অজ্ঞান-তিমির বিনাশ করিয়াছেন, তখন আপনি আমাদিগকে কি না দিয়াছেন? আমরা সকলই পাইয়াছি। ৬। হে পবিত্রকীর্ত্তে! হে রামচন্দ্র! আপনি ব্রহ্মণ্যদেব, অকুণ্ঠমেধাবী;—আপনাকে আমরা নমস্কার করি। আপনি উত্তমশ্লোক মহাপুরুষগণের অগ্রগণ্য; যাঁহারা মুনিব্রত অবলম্বন করিয়া সকল কামনা ত্যাগ করিয়াছেন! তাঁহারাও স্ব স্ব চিত্তে আপনার চরণ-যুগল চিন্তা করেন। ৭। হে মহারাজ! সেই রামচন্দ্রের অনাসক্তির মহিমা শ্রবণ কর। কোন সময় রামচন্দ্র, রাজ্যবাসী লোক তাঁহার প্রতি কিরূপ অভিপ্রায় ব্যক্ত করে—জানিবার ইচ্ছায় রাত্রিতে ছদ্মবেশে লুক্কায়িতভাবে ভ্রমণ করিতে করিতে শুনিতে পাইলেন, একব্যক্তি নিজ ভার্য্যাকে উদ্দেশ করিয়া কিছু কহিতেছে। ৮। সেই ব্যক্তি ভার্য্যাকে কহিতেছে—"আমি তোকে ভরণ-পোষণ করিব না; তুই দুষ্টা ও অসতী,—পরের গৃহে থাকিস্। শ্রীরামচন্দ্র স্ত্রৈণ; সেই জন্য পরগৃহবাসিনী সীতাকে পালন করিতেছেন। আমি রাম নহি। আমি আর তোকে গ্রহণ করিব না"। ৯। এই কথা শুনিবামাত্র, অবাধ্য, অজ্ঞান, বহুমুখ, সাধারণ লোকসমূহ হইতে সীতার কলঙ্কে ভীত হইয়া রামচন্দ্র সীতাকে পরিত্যাগ করিলেন। স্বামী-পরিত্যক্তা হইয়া জনকনন্দিনী গর্ভাবস্থায় মহর্ষি বাল্মীকির আশ্রমে গমন

করিয়াছিলেন। ১০। সেই স্থানে গর্ভসময় পূর্ণ হইলে তাঁহার দুইটী যমজ পুত্র প্রসূত হইল। মহর্ষি বাল্মীকি সেই সন্তানদ্বয়কে কুশ ও লব—এই দুই নাম দিয়া, তাহাদিগের জাত-কর্ম্মাদি সমুদায় সম্পাদন করিয়াছিলেন। ১১। হে মহারাজ! এ দিকে অযোধ্যায় লক্ষ্মণের দুইটী পুত্র জন্মিয়াছিল; তাহাদের নাম,—অঙ্গদ ও চিত্রকেতু হইতেছে। হে মহীপতি! ভরতেরও দুই পুত্র; একের নাম,—তক্ষ, দ্বিতীয়ের নাম পুষ্কল হইতেছে। ১২। সুবাহু ও শ্রুতসেন নামে শত্রুঘ্নেরও দুই পুত্র হয়। হে মহারাজ! শ্রীরামচন্দ্রের সময়ে ভরত দিগ্বিজয়ার্থ যাত্রা করিয়া কোটি কোটি গন্ধর্ব্ব জয় ও নিহত করিয়াছিলেন। ১৩। তাহাদের ধন আনিয়া সমুদায়ই রাজাকে দান করিয়াছিলেন। শত্রুঘ্ন, মধুপুত্র লবন রাক্ষসের প্রাণ-সংহার করিয়া মধুবনে মথুরাপুরী নির্ম্মাণ করিয়াছিলেন। ১৪। হে রাজন্! জনক-তনয়া সীতা, ভর্ত্তাকর্ত্তৃক বনমধ্যে বিবাসিতা হইয়া যে দুইটী তনয় প্রসব করেন, কিয়দ্দিন পরে তিনি তাহাদিগকে বাল্মীকি-মুনির হস্তে সমর্পণ করিয়া, স্বীয় পতি শ্রীরামচন্দ্রের চরণ ধ্যান করিতে করিতে ভূ বিবরে প্রবেশ করিলেন। ১৫। রামচন্দ্র তাহা শুনিয়া এবং স্বীয় বুদ্ধিবলে শোক-সংবরণ করিতে যত্ন পাইলেন বটে, কিন্তু প্রেয়সীর সেই সকল গুণরাশি স্মরণ করিয়া, তিনি স্বয়ং ঈশ্বর হইলেও সম্পূর্ণরূপে তাহা ভুলিতে পারিলেন না। ১৬। স্ত্রী-পুরুষের আসক্তি, সর্ব্বত্রই এইরূপ ভয়প্রদ। হে মহারাজ! ঈশ্বরদিগের পক্ষেও যখন উহা ভয়াবহ হইল, তখন গৃহাসক্ত-চিত্ত গ্রাম্য পুরুষদের কথা কি? ইহাই ভগবান্ রামচন্দ্র সীতাবিরহলক্ষণে লোকশিক্ষা প্রদান করিলেন। ১৭। সে যাহা হউক, ঐ প্রভু রামচন্দ্র অখণ্ডিত ব্রহ্মচর্য্য ধারণ করিয়া ত্রয়োদশ সহস্র বৎসর যাবৎ অগ্নিহোত্র করিয়াছিলেন। ১৮। অনন্তর দণ্ডকারণ্যের কণ্টকে আপনার যে চরণকমল বিদ্ধ হইয়াছিল,—স্মরণকারী ভক্ত-জনের হৃদয়মধ্যে তাহা স্থাপন করিয়া নিজধাম প্রাপ্ত হইলেন। ১৯। হে রাজন্! রামচন্দ্রের সমুদ্র-বন্ধন ও অস্ত্রসমূহ দ্বারা রাক্ষস-বধ ইত্যাদি কার্য্য যদিও কবিগণ অদ্ভুত বলিয়া বর্ণন করিয়া থাকেন, তথাচ তাহা তাঁহার কীর্ত্তি বা স্তুতি নহে। কেননা যাঁহার প্রভাবের তুলনা করা যায় না! যাঁহার প্রভাবের সমানও ত্রিভুবনে কেহ নাই! রাবণাদি বধে কপিগণ কি তাঁহার সহায় হইবার যোগ্য? কেবল দেবগণের প্রার্থনায় সামান্য লীলার্থই ভগবান্ ঐ অবতার-তনু স্বীকার করিয়াছিলেন। ২০। ঋষিগণ, যাঁহার পাপনাশিনী ও দিগগজগণের আবরণবস্ত্রস্বরূপ দিগন্ত-ব্যাপিনী নির্ম্মলকীর্ত্তি অদ্যাপিও রাজসভাতে গান করেন, এবং দেবগণ ও রাজগণ কিরীট দ্বারা যাঁহার চরণারবিন্দ সেবা করেন, হে মহারাজ! আমরা সেই রঘুপতির শরণাপন্ন হই। ২১। হে মহারাজ! যাঁহারা রামচন্দ্রকে স্পর্শ অথবা দর্শন করিয়াছিলেন, তাঁহাকে উপবেশন করাইয়াছিলেন; যাঁহারা তাঁহার অনুগত হইয়াছিলেন,—সেই সমস্ত সেবক কোশলবাসিগণ অন্তে যোগিগণের যোগগম্য স্থান প্রাপ্ত হইয়াছিলেন। ২২। হে রাজন্! যে পুরুষ শ্রীরামচন্দ্রের এই উপাখ্যান শ্রবণ করিবেন, তিনি উপশম-নিষ্ঠ হইয়া কর্ম্মবন্ধ হইতে নিশ্চয় বিমুক্ত হইবেন। ২৩। এতচ্ছ্রবণে রাজা পরীক্ষিৎ কহিলেন; হে গুরো! ভগবান্ রামচন্দ্র, স্বয়ং কিরূপ আচরণ করিতেন? আপনার অংশস্বরূপ তিন ভ্রাতার প্রতিই বা তিনি কিরূপ ব্যবহার করিতেন?

সাক্ষাৎ পরমেশ্বরস্বরূপ রামচন্দ্রের প্রতি সেই ভ্রাতৃগণ, প্রজাপুঞ্জ এবং পুরবাসী সকলেই বা কি প্রকার আচরণ করিতেন? এই সকল কথা শুনিতে আমার অতিশয় ইচ্ছা হইয়াছে। দয়া করিয়া প্রকাশ করুন। ২৪। শ্রীশুকদেব কহিলেন,—ত্রিভুবনের ঈশ্বর রামচন্দ্র, সিংহাসন গ্রহণ করিবার পর ভ্রাতাদিগকে দিগ্বিজয়ার্থ আদেশ করেন, এবং জ্ঞাতিগণের প্রতি আত্মীয়তা প্রকাশ করিয়া সহচরগণ-সহিত স্বয়ং নগরী নিরীক্ষণ করিতে প্রবৃত্ত হয়েন। ২৫। তাঁহার রাজ্যাভিষেককাল হইতে অযোধ্যাপুরীর পথ অনবরত সুবাসিত জলে ও হস্তিগণের মদজলে সিক্ত থাকিত। ঐ পুরী, নিজ স্বামী প্রাপ্ত হইয়া সর্ব্বতোভাবে সমৃদ্ধিসম্পন্ন হইয়াছিল। ২৬। তত্রস্থ প্রাসাদ, গোপুর, সভা, চৈত্য, দেবায়তন প্রভৃতিতে জলপূর্ণ সুবর্ণকুম্ভ সতত বিন্যস্ত থাকিত। সতত পতাকাসমূহ শোভা পাইত।২৭। বৃন্ত-সহিত গুবাক, রম্ভা, সুশোভন পট্টিকা বসন, দর্পণ, বস্ত্র ও মাল্যদ্বারা স্থানে স্থানে নিয়ত মঙ্গল-তোরণ রচিত হইত। ২৮। যেখানে যেখানে রামচন্দ্র গমন করিতেন,—পুরবাসি গুরুজন-গণ উপায়নহস্তে সেই সেই স্থানেই উপস্থিত হইতেন, এবং "হে দেব! আপনার বরাহরূপে পূর্ব্বোদ্ধৃত এই পৃথিবীকে সুখে পালন করুন" বলিয়া আশীর্ব্বাদ করিতেন,। ২৯। হে মহারাজ! রাজ্যস্থ প্রজাপুঞ্জ, বহুকালের পর আপনাদের অধিপতির আগমন-সমাচার অবগত হইয়া ও সতত তাঁহাকে দেখিবার জন্য স্ত্রী-পুরুষে মিলিত হইয়া সকলেই নিজ নিজ কক্ষ পরিত্যাগপূর্ব্বক হর্ম্ম্যছাদে আরূঢ় হইয়া অতৃপ্তলোচনে পথে গমনশীল কমল-লোচন রামচন্দ্রকে দর্শন করিত, এবং তাঁহার উপর পুষ্পবর্ষণ করিত। ৩০। রামচন্দ্রের পূর্ব্ববর্ত্তী জ্ঞাতি নৃপতিগণ, পূর্ব্বে যে রাজভবন ভোগ করিয়াছিলেন, রামচন্দ্র যখন তন্মধ্যে আসীন হইয়াছিলেন, তখন অনন্ত অখিল রত্নাদির কোষে তাহা পরিপূর্ণ এবং বহু মহামূল্য পরিচ্ছদে সুসজ্জিত ছিল।৩১। বিদ্রুমময় দেহলী সংযুক্ত দ্বারযোগে, বৈদূর্য্যময় স্তম্ভশ্রেণীতে, অতি স্বচ্ছ ও মরকতময় গৃহতলে, স্ফটিকময় ভিত্তিসমূহে, বিচিত্র পুষ্পমাল্যে, উৎকৃষ্ট পট্টিকাবসনে, উজ্জ্বল রত্নসমূহে, চৈতন্যতুল্য উজ্জ্বল মুক্তাফলে, কমনীয় ভোগসাধন দ্রব্যসমূহে এবং সুগন্ধ ধূপ-দীপ দ্বারা সেই ভবন, অলঙ্কৃত ছিল। দেবসদৃশ পবিত্র নর-নারীগণ পুষ্পখচিত অলঙ্কারে অলঙ্কৃত হইয়া তথায় অবস্থিতি করিতেন। ৩২। ৩৩। ৩৪। আত্মারামদিগের অগ্রগণ্য ভগবান্ রামচন্দ্র সেই ভবনে স্বীয়প্রণয়িনী প্রিয়ার সহিত আনন্দে বাস করিতেন। তিনি ধর্ম্মকে সন্তুষ্ট করিয়া বহু বৎসর যাবৎ সমস্ত মানবগণের হৃদয়ে নিজ চরণকমল দানে অনুধ্যাত হইয়া, লোকশিক্ষার জন্য সেই অতুল বিষয় ভোগ করিয়াছিলেন। ৩৫। ৩৬।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে একাদশাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

অথ দ্বাদশ অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধনপূর্ব্বক শ্রীশুকদেব কহিলেন,—হে রাজন্! শ্রীরামচন্দ্রের বংশানুচরিত কথা শ্রবণ কর:—শ্রীরাম-তনয় কুশের পুত্র অতিথি

এবং অতিথির পুত্র নিষধ হইতেছেন। তাঁহার পুত্র নভ; নভের পুত্র পুণ্ডরীক; পুণ্ডরীকের পুত্র ক্ষেমধন্বা হইতেছেন। ১। ক্ষেমধন্বার পুত্র দেবানীক; দেবানীকের পুত্র হীন; হীনের পুত্র পারিযাত্র, পারিযাত্রের পুত্র বলস্থল হইতেছেন। বলস্থলের পুত্র বজ্রনাভ হইতেছেন, ইনি সূর্য্যের অংশে উৎপন্ন হয়েন। ২। বজ্রনাভের পুত্র সগণ; তাঁহার সুত বিধৃতি হইতেছেন। ঐ বিধৃতি হইতে হিরণ্যনাভের উৎপত্তি হয়। হিরণ্যনাভ মহামুনি জৈমিনির শিষ্য এবং যোগাচার্য্য ছিলেন। ৩। যদ্দ্বারা মহতী সিদ্ধি ও হৃদয়-গ্রন্থির ভেদ হয়, যাজ্ঞবল্ক ঋষি এই সাধু মহীপতির নিকট সেই অধ্যাত্মযোগ অভ্যাস করিয়াছিলেন। ৪। সে যাহা হউক, এই হিরণ্যনাভের পুত্র পুষ্প; পুষ্পের পুত্র ধ্রুবসন্ধি; ধ্রুবসন্ধির পুত্র সুদর্শন; সুদর্শনের পুত্র অগ্নিবর্ণ; তাঁহার পুত্র শীঘ্র; শীঘ্রের পুত্র মরু হইতেছেন। ৫। এই মরু মহীপতি যোগসিদ্ধ হইয়া অশরীরীভাবে কলাপগ্রামে অবস্থিতি করিতেছেন। তিনি কলিযুগের অবসানে সূর্য্যবংশ বিনষ্ট হইয়াছে—দেখিয়া পুত্রোৎপাদন দ্বারা ঐ বংশ পুনঃপ্রবর্ত্তিত করিবেন। ৬। মরুর পুত্র প্রসুশ্রুত; প্রসুশ্রুতের পুত্র সন্ধি; সন্ধির পুত্র অমর্ষণ, অমর্ষণের পুত্র মহস্বান্; মহস্বানের পুত্র মহামতি বিশ্ববাহু হইতেছেন। ৭। বিশ্ববাহুর পুত্র প্রসেনজিৎ, তাঁহা হইতে তক্ষক জন্মগ্রহণ করেন। তক্ষকের পুত্র বৃহদ্বল হইতেছেন, এই মহাত্মাই তোমার পিতা অভিমন্যুর হস্তে কুরুক্ষেত্র সমরে নিহত হয়েন। ৮। ইহাঁরাই ইক্ষ্বাকুবংশীয় অতীত নরপতি হইতেছেন—মধ্যে যাঁহারা হইবেন, তাঁহাদিগের নাম বলিতেছি, শ্রবণ কর। ৯। বৃহদ্রণ নামে বৃহদ্বলের পুত্র রাজা হইবেন। ক্রিয়াবান্ বৎসবৃদ্ধ, তাঁহার পুত্র হইবেন। বৎসবৃদ্ধের পুত্র প্রতিব্যোম; প্রতিব্যোমের পুত্র ভানু; ভানু হইতে সেনাপতি দিবাকের জন্ম হইবে। ১০। তাঁহার তনয় সহদেব; সহদেবের পুত্র বৃহদশ্ব; বৃহদশ্বের পুত্র ভানুমান্। সেই ভানুমানের পুত্র প্রতীকাশ্ব; তাঁহা হইতে সুপ্রতীক প্রকাশ হইবেন। ১১। সুপ্রতীকের পুত্র মরুদেব; তাঁহা হইতে সুনক্ষত্র; সুনক্ষত্র হইতে পুষ্কর জন্মগ্রহণ করিবেন। পুষ্করের পুত্র অন্তরীক্ষ; অন্তরীক্ষের পুত্র সুতপা; তাঁহার পুত্র অমিত্রজিৎ নাম ধারণ করিবেন। ১২। সেই অমিত্রজিতের পুত্র বৃহদ্রাজ; বৃহদ্রাজের পুত্র বর্হি; বর্হির পুত্র কৃতঞ্জয়; কৃতঞ্জয়ের পুত্র রণঞ্জয়; রণঞ্জয় হইতে সঞ্জয় জন্মগ্রহণ করিবেন। ১৩। সেই মহামতি সঞ্জয়ের সুত শাক্য; তাঁহার পুত্র শুদ্ধোদ; শুদ্ধোদের পুত্র লাঙ্গল হইবেন। লাঙ্গল হইতে প্রসেনজিৎ; তাঁহা হইতে ক্ষুদ্রক জন্মগ্রহণ করিবেন। ১৪। সেই ক্ষুদ্রক হইতে রণক জন্মগ্রহণ করিবেন। সেই মহামতি রণকের পুত্র সুরথ হইবেন। সুরথের পুত্র সুমিত্র। সুমিত্র মহীপতি হইতেই রামচন্দ্রের বংশ লুপ্ত হইবে। ইহাঁরা সকলেই মহাত্মা বৃহদ্বলের বংশ হইতেছেন। ১৫। হে মহারাজ! এই অবধি ভবিষ্যতে ইক্ষ্বাকুবংশের পরিণাম হইবে। কারণ, সুমিত্র রাজা হইলে পর কলিযুগে ঐ বংশ ধ্বংস হইয়া যাইবে। ১৬।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে দ্বাদশাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

অথ ত্রয়োদশ অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক শ্রীশুকদেব কহিলেন ঃ—হে মহারাজ! পূর্ব্বে ইক্ষ্বাকু হইতে শ্রীরামচন্দ্রের বংশ-কথা বর্ণনা করিলাম। এক্ষণে ইক্ষ্বাকু হইতে—জনক রাজর্ষির বংশকথা শ্রবণ কর। ইক্ষ্বাকু-তনয় নিমি একদা যজ্ঞ আরম্ভ করিয়া মহর্ষি বশিষ্ঠকে ঋত্বিক্-কর্ম্মে বরণ করিতে চাহেন, তখন ঐ মুনি রাজাকে বলিলেন, অগ্রে ইন্দ্র আমাকে বরণ করিয়াছেন ; অতএব ইন্দ্রযজ্ঞ যে পর্য্যন্ত সমাপন না হয়, তদবধি আপনার যজ্ঞে বৃত হইতে পারি না। যে পর্য্যন্ত ইন্দ্রযজ্ঞ সমাপন না হয়, সে কাল পর্য্যন্ত আপনি প্রতীক্ষা করুন। কুলগুরুর এ কথা শ্রবণে নিমি, মৌনী হইয়া রহিলেন। মহর্ষি বশিষ্ঠও ইন্দ্রযজ্ঞ করিতে স্বর্গে গমন করিলেন। ১ । ২ । জিতেন্দ্রিয় নমি, জীবনের অস্থিরতা জানিয়া গুরু না আসিলেও অন্য ঋত্বিক্ দ্বারা তদবধি যজ্ঞ আরম্ভ করিয়া দিলেন। ৩। অনন্তর মহর্ষি বশিষ্ঠ, ইন্দ্রসত্র সমাপন পূর্ব্বক আসিয়া, শিষ্যের অন্যায় কার্য্যদর্শনে এই অভিশাপ দিলেন,—পণ্ডিতাভিমানী এই নিমির শীঘ্র দেহপাত হউক। ৪। কুলগুরু ঐ প্রকারে অধর্ম্মবর্ত্তী হওয়াতে মহাত্মা নিমিও তাঁহাকে এই অভিশাপ দিলেন,—হে গুরো! "তুমি লোভ-পরতন্ত্র হইয়া ধর্ম্মের প্রতি যখন দৃষ্টি করিলে না ; অতএব তোমারও দেহ পতিত হউক।" ৫ । এই বলিয়া অধ্যাত্মজ্ঞানী নিমি নিজ দেহ বিসর্জ্জন করিলেন। সেই সময় বশিষ্ঠ-ঋষিরও শরীরপাত হইল। মিত্রাবরুণের ঔরসে উর্ব্বশীর গর্ভে প্রপিতামহ বসিষ্ঠ পুনরুৎপন্ন হয়েন। ৬। সেই যজ্ঞকারী ঋত্বিক্ মুনিশ্রেষ্ঠগণ, গন্ধবস্তু-মধ্যে নিমির দেহ স্থাপন করিয়া সত্রযাগ সমাপ্ত করিলেন এবং যজ্ঞভাগ গ্রহণে উপস্থিত দেবগণকে তাঁহারা বলিলেন। ৭। আপনারা এই যজ্ঞে যদি প্রসন্ন হইয়া থাকেন এবং আপনাদের যদি ক্ষমতা থাকে, তাহা হইলে নিমিরাজের এই দেহকে সজীব করুন। এতচ্ছ্রবণে দেবতারা "তথাস্তু" বলিলে,—নিমি গন্ধবস্তু মধ্য হইতে সজীব হইয়া বলিলেন,—আমি দেহ চাহিনা। আর কখনই যেন আমার দেহ-বন্ধ না ঘটে। ৮ । দেখুন ব্রাহ্মণগণ হরি-সেবক মুনিরা ভবিষ্যতে বিয়োগ-ভয়ে কাতর হইয়া কদাপি দেহসম্বন্ধ বাঞ্ছা করেন না,—বন্ধন-দুঃখ ভুলিবার নিমিত্ত কেবল ভগবানেরই পাদপদ্ম ভজনা করিয়া থাকেন। ৯ । এই দেহ,—দুঃখ ও ভয়ের আবাস-স্বরূপ হইতেছে। তাহা আর আমি ধারণ করিতে ইচ্ছা করি না ; কারণ, জলস্থিত মৎস্যের ন্যায় সর্ব্বদাই দেহে মৃত্যু-সম্ভাবনা রহিয়াছে। ১০ । নিমিরাজের এই কথা শুনিয়া দেবতারা কহিলেন,—হে নরপতি! "তবে দেহশূন্য হইয়া অদ্য হইতে দেহী সকলের লোচনে আপনি যথেচ্ছাক্রমে বাস করুন।" হে মহারাজ! সেই বরজন্য অদ্যাপি অধ্যাত্ম-সংস্থিত নিমি, অঙ্গের[চক্ষুর উন্মেষ-নিমেষ দ্বারা দর্শন করিয়া থাকেন। ১১। নিমিরাজ অশরীরী হইলে মহর্ষিরা বিবেচনা করিলেন,—অরাজক-রাজ্যে প্রজাজনের সর্ব্বদা ভয়-সম্ভাবনা। তখন সকলে রাজপুত্র-কামনা করিয়া ঐ নিমির দেহ মন্থন করিলেন, তাহাতে তাঁহার মৃতদেহ হইতে একটী নবকুমার উৎপন্ন হইল। ১২ ।

সেই নিমি-তনয়ের অসাধারণ ভাবে জন্মহেতু তাঁহার 'জনক' নাম হইল। পিতার বিদেহ-অবস্থায় জন্ম গ্রহণ করাতে কেহবা 'বৈদেহ' কহে। মথন কার্য্য দ্বারা জাত, এই জন্য কেহ কেহ 'মিথিল' বলিয়াও থাকেন। তিনি নিজনামে মিথিলাপুরী নির্ম্মাণ করেন। ১৩। সেই জনকের পুত্র উদাবসু; উদাবসুর পুত্র নন্দিবর্দ্ধন; নন্দিবর্দ্ধনের তনয় সুকেতু; হে মহারাজ! সুকেতুর পুত্র দেবরাত হইতেছেন। ১৪। সেই দেবরাতের পুত্র বৃহদ্রথ; বৃহদ্রথের পুত্র মহাবীর্য্য; মহাবীর্য্যের পুত্র সুধৃতি; সুধৃতির পুত্র ধৃষ্টকেতু; ধৃষ্টকেতুর পুত্র হর্য্যশ্ব; হর্য্যশ্বের পুত্র মরু হইতেছেন। ১৫। মহাত্মা মরুর পুত্র প্রতীপ; প্রতীপের পুত্র কৃতরথ; তাঁহার পুত্র দেবমীঢ়; দেবমীঢ়ের পুত্র বিশ্রুত; বিশ্রুতের পুত্র মহাধৃতি হইতেছেন। ১৬। সেই মহাধৃতির পুত্র কৃতিরাত; কৃতিরাতের পুত্র মহারোমা; মহারোমার পুত্র স্বর্ণরোমা; স্বর্ণরোমার পুত্র মহাত্মা হ্রস্বরোমা হইতেছেন। ১৭। হ্রস্বরোমার পুত্র শীরধ্বজ। শীরধ্বজের কন্যা সীতা; একদা শীরধ্বজ রাজা যজ্ঞার্থ ভূমিকর্ষণ করিতেছিলেন, সেই সময় তাঁহার তাঁহার শীর অর্থাৎ লাঙ্গল পদ্ধতির অগ্রভাগ হইতে সীতার জন্ম হয়। এইরূপে শীর অর্থাৎ লাঙ্গলফলা তাঁহার কীর্ত্তিসূচক হওয়ায়, তাঁহার নাম শীরধ্বজ হইয়াছিল। ১৮। শীরধ্বজের পুত্র কুশধ্বজ; তাঁহার পুত্র ধর্ম্মধ্বজ। ধর্ম্মধ্বজের দুই পুত্র;—কৃতধ্বজ এবং মিতধ্বজ হইতেছেন। ১৯। তন্মধ্যে কৃতধ্বজ হইতে কেশিধ্বজ এবং মিতধ্বজ হইতে খাণ্ডিক্য উৎপন্ন হয়েন। হে রাজন্! সেই কৃতধ্বজের পুত্র কেশিধ্বজ আত্মবিদ্যায় বিশারদ ছিলেন। ২০। ধর্ম্মকর্ম্মতত্ত্বজ্ঞ খাণ্ডিক্য কেশিধ্বজ-ভয়ে রাজ্যত্যাগ করিয়া পলায়ন করেন। কেশিধ্বজের পুত্র ভানুমান্; তাঁহার পুত্র শতদ্যুম্ন নাম ধারণ করেন। ২১। শতদ্যুম্নের পুত্র শুচি। ঐ শুচি হইতে সনদ্বাজ জন্মগ্রহণ করেন। সনদ্বাজের পুত্র ঊর্জ্জকেতু; ঊর্জ্জকেতুর পুত্র অজ হইতেছেন, অজের পুত্র পুরুজিৎ নামে বিখ্যাত হয়েন। ২২। পুরুজিতের পুত্র অরিষ্টনেমি; অরিষ্টনেমির পুত্র শ্রুতায়ু; শ্রুতায়ুর পুত্র সুপার্শ্ব হইতেছেন। সুপার্শ্ব হইতে চিত্ররথ জন্মগ্রহণ করেন। তাঁহার পুত্র ক্ষেমাধি মিথিলাধিপতি হয়েন। ২৩। সেই ক্ষেমাধির পুত্র সমরথ; সমরথের পুত্র সত্যরথ; সত্যরথের পুত্র উপগুরু। তাঁহার ঔরসে অগ্নির অংশে উপগুপ্ত জন্মগ্রহণ করেন। ২৪। উপগুপ্তের পুত্র বস্বনন্ত; বস্বনন্তের পুত্র যুযুধ হইতেছেন। যুযুধের পুত্র সুভাষণ; সুভাষণের পুত্র শ্রুত; শ্রুতের পুত্র জয়; জয়ের পুত্র বিজয়, বিজয় হইতে ঋত উৎপন্ন হয়েন। ২৫। ঋতের পুত্র শুনক; শুনকের পুত্র বীতহব্য; বীতহব্যের পুত্র ধৃতি; ধৃতির পুত্র বহুলাশ্ব; তাঁহার পুত্র কৃতি। তিনি মহিমান্বিত এবং জিতেন্দ্রিয় ছিলেন। ২৬। হে রাজন্! এই সকল মহীপাল মিথিলাদেশীয়, ইঁহারা আত্মবিদ্যায় সুপণ্ডিত এবং যোগীশ্বরদিগের প্রসাদে গৃহে বাস করিয়াও সুখ দুঃখাদি দ্বন্দ্ব হইতে নির্ম্মুক্ত ছিলেন। ২৭।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে ত্রয়োদশাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। একাদশ ও দ্বাদশাধ্যায়ে কেবল সূর্য্যবংশীয় নরপতিগণের বংশ কথা বর্ণিত আছে; ঐ সকল বংশীয় মহীপতি সকলেই ধর্ম্মপরায়ণ ছিলেন। সেই ধার্ম্মিক বংশে এতদূর

ধর্ম্মনিষ্ঠা ছিল যে, ঐ বংশীয় নিমি নামে মহীপতি নিজবীর্য্যে গুরু বশিষ্ঠকে পর্য্যন্তও অভিসম্পাতিত করিতে পারিয়াছিলেন। ত্রয়োদশাধ্যায়ে নিমিচরিত্রে বিশেষ এই বলা হইল যে:—স্বধর্ম্মনিষ্ঠ ও ভক্তিপরায়ণ শিষ্য হইলে গুরুর অপরাধ দর্শনে, তাঁহাকেও শাসন করিতে পারা যায়। এই জন্য নিমির অভিসম্পাতে বশিষ্ঠের দেহপাত ও পুনর্জ্জন্ম এবং সংসার-ভোগ হইয়াছিল। রাজা বশিষ্ঠের অভিশাপে একবার দেহত্যাগ করিলেন বটে, কিন্তু গুরুভক্তির পরাকাষ্ঠা দেখাইতে, অন্য সাধু ব্রাহ্মণগণের আশীর্ব্বাদে শরীর গ্রহণের ক্ষমতা পাইলেও তিনি গুরুবাক্য চিরদিনের জন্য সত্য রাখিতে আর দেহ গ্রহণ করেন নাই। এই স্বধর্ম্মনিষ্ঠার জন্য তিনি দেবগণের আশীর্ব্বাদে অশরীরী হইয়াও অমর হইলেন। অতএব ধর্ম্ম ও ভগবদ্ভক্তির ফল কখন নষ্ট হয় না, ইহাই এই চরিত্রে দেখান হইল।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে ত্রয়োদশাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ চতুর্দ্দশ অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক শ্রীশুকদেব কহিলেন:—হে রাজন্! এক্ষণে পবিত্রতা-জনক সোমবংশের বিবরণ বলিতেছি—শ্রবণ কর। ঐ বংশেই পুণ্যকীর্ত্তিমান্ ঐল প্রভৃতি ভূপতিগণ আবির্ভূত হইয়াছিলেন। ১। হে মহারাজ! সহস্রশীর্ষ পরম-পুরুষ ভগবানের নাভিপদ্ম হইতে ব্রহ্মা উৎপন্ন হয়েন। তাঁহার পুত্র অত্রি। তিনি পিতৃতুল্য পুণ্যবান্ ছিলেন। ২। সেই মহর্ষি অত্রির নেত্র-যুগল হইতে অমৃতময় সোম নামক পুত্র উৎপন্ন হয়েন। ভগবান্ ব্রহ্মা,—ঐ সোমকে বিপ্র, ওষধি ও নক্ষত্র সকলের আধিপত্য প্রদান করিয়াছিলেন। ৩। তিনি সেই আধিপত্য লাভ করিয়া ত্রিভুবন জয় পূর্ব্বক রাজসূয় যজ্ঞ সমাধা করেন। এই সকল কার্য্যের দর্পহেতু একদা তিনি বল-প্রকাশপূর্ব্বক গুরু বৃহস্পতির পত্নী তারাকে হরণ করিয়াছিলেন। ৪। দেবগুরু বৃহস্পতি অনেকবার সোমের নিকট ভার্য্যা-প্রত্যর্পণের জন্য প্রার্থনা করিলেন, কিন্তু মদমত্ততা প্রযুক্ত সোম, গুরুপত্নী পরিত্যাগ করিতে সম্মত হইলেন না। হে মহারাজ! এই কার্য্য হইতেই সুর ও অসুরগণ-মধ্যে মহা বিচ্ছেদ উপস্থিত হইয়াছিল। ৫। দেবগুরু বৃহস্পতির সহিত দৈত্যগুরু শুক্রাচার্য্যের দ্বেষভাব ছিল, একারণ তিনি আপনার শিষ্য অসুরগণের সহিত সোমের পক্ষ অবলম্বন করিলেন। এ দিকে ভগবান্ হর ভূতগণে পরিবৃত হইয়া নিজ গুরুপুত্র বৃহস্পতির পক্ষ হইলেন। (বৃহস্পতির পিতা অঙ্গিরা ঋষির নিকট লোকশিক্ষার্থ ভগবান্ মহেশ্বর শিষ্যত্ব স্বীকার করিয়াছিলেন, ইহা পৌরাণিক কথা মাত্র)। ৬। ইন্দ্রও সমুদায় দেবতার সহিত মিলিত হইয়া আপনাদের গুরু বৃহস্পতির অনুবর্ত্তী হইলেন। তাহার পরেই সুন্দরী তারার নিমিত্ত সুর ও অসুর-বিনাশক ভীষণ সমর হইল। ৭। হে

রাজন্! কিয়দ্দিন যুদ্ধ হইলে পর অঙ্গিরা ব্রহ্মার নিকট ঐ বিষয় নিবেদন করিলেন। তাহাতে ব্রহ্মা সোমকে ভৎর্সনা করিলেন। তদনুসারে সোম, তারাকে তদীয় স্বামিহস্তে প্রত্যর্পণ করিলেন। তখন বৃহস্পতি, স্বীয় ভার্য্যাকে গর্ভবতী বলিয়া জানিলেন। ৮। ইহা জানিয়া তিনি তারাকে কহিলেন ঃ—রে কলঙ্কিনি! আমার ক্ষেত্রে অন্যের আহিত বীর্য্য ধারণ করিয়াছিস্! শীঘ্র ত্যাগ কর্,—ত্যাগ কর্। অরে অসতি! তুই নির্ব্বোধ স্ত্রীজাতি এবং আমিও সন্তানার্থী; অতএব তোকে নষ্ট করিলে আমার পুত্রজন্য ক্ষেত্র নষ্ট হইবে বলিয়া ভস্মসাৎ করিব না। ৯। পতির এই সকল কথায় তারা লজ্জিতা হইয়া তৎক্ষণাৎ গর্ভ হইতে কনকপ্রভ কুমার পরিত্যাগ করিলেন। হে রাজন্! পরম সুন্দর কুমার-দর্শনে তৎপ্রতি বৃহস্পতি ও সোম—উভয়েরই স্নেহ জন্মিল। ১০। সেই বালক দেখিয়া "আমার এই বালক, তোমার নহে"—এইরূপ দুইজনে বিবাদ করিতে থাকিলে ঋষিগণ ও দেবগণ তারাকে জিজ্ঞাসা করিলেন,—"এটি কাহার ঔরস-পুত্র?" তারা লজ্জিতা হইয়া সম্মুখে কিছুই বলিতে পারিলেন না। ১১। সেই নবজাত বালক কুপিত হইয়া নিজ জননীর প্রতি বলিতে লাগিল,—"অরে অসদ্বৃত্তে! অলীক লজ্জায় কাজ কি? কেন বলিতেছ না; শীঘ্র আমার সম্মুখে সকলের সমক্ষে আপনার দোষ বল।" ১২। ব্রহ্মা এই ঘটনা দেখিয়া ঐ তারাকে নির্জ্জনে আহ্বান করিয়া সান্ত্বনা করতঃ জিজ্ঞাসা করিলেন। তারা ধীরে ধীরে বলিলেন, এই পুত্র চন্দ্রের ঔরস-জাত হইতেছেন। সোম (চন্দ্র) এই কথা শুনিয়া তৎক্ষণাৎ সেই পুত্র লইয়া গেলেন। ১৩। লোককর্ত্তা বিধাতা, ঐ বালকের গম্ভীর বুদ্ধি দেখিয়া 'বুধ' নাম রাখিয়াছিলেন। হে রাজন্! নক্ষত্রপতি সোম, সেই পুত্র হইতে পরম আনন্দ প্রাপ্ত হয়েন। ১৪। হে রাজন্! পূর্ব্বেই কথিত হইয়াছে—ঐ বুধের ঔরসে ইলার গর্ভে পুরূরবার জন্ম হয়। (এই স্কন্ধের প্রথমাধ্যায়ে সুদ্যুম্ন চরিত্র দেখিলে বুঝিতে পারা যাইবে।) তাঁহার রূপ, গুণ, ঔদার্য্য, শীলতা, ধন ও বিক্রম অতিশয় বিখ্যাত ছিল। ১৫। একদা দেবর্ষি নারদ ইন্দ্রালয়ে তাঁহার যশোরাশি কীর্ত্তন করেন। দেবী উর্ব্বশী তাহা শুনিয়া কামশরে নিপীড়িত হইয়া, ঐ রাজার নিকট আগমন করিয়াছিলেন। ১৬। হে রাজন্! ঋষি মিত্রাবরুণের শাপে উর্ব্বশী একে মানবীভাব প্রাপ্ত হইয়াছিলেন। সেই সময়ে পুরুষশ্রেষ্ঠ পুরূরবার কন্দর্পতুল্য রূপ কথা শ্রবণ করিলেন। ১৭। ইহাতে কামাতুরা হইয়া অধীর-ভাবে তিনি রাজার নিকট স্বয়ং উপস্থিত হইলেন। হে রাজন্! উর্ব্বশীকে অবলোকন করিয়া পুরূরবারও নয়ন আনন্দে উৎফুল্ল হইল। রাজা আনন্দে রোমাঞ্চিত হইয়া সুমধুর বচনে উর্ব্বশীকে কিছু কহিলেন। ১৮। রাজা পুরূরবা কহিলেন ঃ—"হে বরারোহে! আসিতে ত ক্লেশ হয় নাই? উপবেশন কর; বল,—আমি তোমার কি প্রিয়সাধন করিব? আমার সহিত বিহার কর; জীবিতকাল পর্য্যন্ত আমাদের উভয়ের সুখে বিহার হউক।" ১৯। উর্ব্বশী কহিলেন ঃ—"হে সুন্দর! তোমার রূপ দর্শনে কাহার মন ও নয়ন আসক্ত না হয়? তোমার বক্ষঃস্থল প্রাপ্ত হইলে, রতিবিহারে ইচ্ছা এতাদৃশ বলবতী হয় যে, কেহই তথা হইতে অপগত হইতে চাহে না। ২০। (মিত্রাবরুণ ঋষির শাপান্তে পুনরায় স্বর্গে গমন করিবার সুযোগ রাখিবার জন্য উর্ব্বশী রাজার সহিত বিহারের পূর্ব্বে

কয়েকটি নিয়ম করিয়াছিলেন।) সেই নিয়মরূপে উর্ব্বশী কহিলেন :- হে মানদ! আমার প্রণয়-চিহ্নের স্বরূপ এই দুইটী মেষ রক্ষা কর। আমি তোমার সহিত বিহার করিব। কারণ, যে পুরুষ নারীর প্রীতি উৎপাদন করেন, সেই ব্যক্তিই রমণীদিগের রমণীয় হইতেছেন।২১। হে বীর! যতদিন আমি তোমার কাছে থাকিব; ঘৃতমাত্র আমার ভক্ষ্য হইবে। আর মৈথুনকাল ব্যতীত অপর সময়ে তোমাকে উলঙ্গ দেখিব না। ২২। পুরূরবা তদীয় সৌন্দর্য্য-মাধুর্য্যে বিমুগ্ধ হইয়াছিলেন, সুতরাং উর্ব্বশী যাহা যাহা বলিলেন, তৎসমুদায়ই অঙ্গীকার করিয়া কহিলেন;—"সুন্দরি! তোমার আশ্চর্য্য রূপ ও আশ্চর্য্য ভাব দেখিলেই নরলোকের মোহ হয়। তুমি স্বর্গবাসিনী দেবী, স্বয়ং আগমন করিয়াছ;—কোন্ মনুষ্য তোমার ইচ্ছামত সেবা না করিবে?" ২৩। এই কথা বলিয়া পুরুষ-প্রধান পুরূরবা উর্ব্বশীর সহিত দেবগণের ক্রীড়াস্থল চৈত্ররথ প্রভৃতি রমণীয় স্থানে বিহার করিতে আরম্ভ করিলেন। উর্ব্বশী ও যথাযোগ্যরূপে পুরূরবার আনন্দ সম্পাদনে ব্যাপৃতা রহিলেন। ২৪। হে রাজন্! উর্ব্বশীর গাত্রে পদ্মকিঞ্জল্কের গন্ধ-তুল্য সুগন্ধ প্রকাশ হইত। রাজা তাঁহার সহিত ক্রীড়া করিতে করিতে তদীয় বদন-সৌরভে প্রলোভিত হইয়া অনেক দিন পরম আনন্দে অতিবাহিত করিলেন। ২৫। হে মহারাজ! এ দিকে দেবরাজ ইন্দ্র, উর্ব্বশীকে দেখিতে না পাইয়া, "আমার সভা উর্ব্বশী ব্যতীত শোভা পায় না" এই বলিয়া উর্ব্বশীকে আনয়ন করিতে গন্ধর্ব্বদিগকে পাঠাইলেন। ২৬। একদা মধ্যরাত্রে গাঢ় অন্ধকারে জগৎ সমাচ্ছন্ন হইলে, ঐ সকল গন্ধর্ব্ব মর্ত্ত্যলোকে গমন করিল এবং পুরূরবার নিকট উর্ব্বশী যে দুইটী মেষ প্রণয়-চিহ্ন রূপে রাখিয়াছিলেন, তাহা হরণ করিয়া আনিল। ২৭। উর্ব্বশী ছলনায় সেই দুইটী মেষকে পুত্রতুল্য জ্ঞান করিতেন; গন্ধর্ব্বগণ যখন তাহাদিগকে লইয়া যায়, তখন তাহারা আর্ত্তস্বরে চীৎকার করিতে লাগিল। উর্ব্বশী তাহা শুনিতে পাইয়া কহিল,—"হায়! হায়! আমি এই কুৎসিত-স্বামি হস্তে পড়িয়া বিনষ্ট হইলাম! ইনি নপুংসকের ন্যায় আপনিই আপনাকে বীর বলিয়া অভিমান করেন। ২৮। ইঁহার প্রতি বিশ্বাস করিয়া আমি নষ্ট হইলাম; আমার মেষরূপী অপত্যগুলি দস্যু কর্ত্তৃক অপহৃত হইল! অহো! ইনি দিবসে পুরুষ; কিন্তু রাত্রিতে নারীর ন্যায় ভীত হইয়া শুইয়া আছেন।" ২৯। হস্তী যেরূপ অঙ্কুশে বিদ্ধ হইলে ক্রুদ্ধ হয়, সেইরূপ উর্ব্বশীর এতাদৃশ বাক্যশরে বিদ্ধ হইয়া মহাবীর পুরূরবা সেই রাত্রিতেই নিস্ত্রিংশ গ্রহণপূর্ব্বক রোষে বিবস্ত্র হইয়া মেষাপহারকদিগের প্রতি ধাবমান হইলেন। ৩০। তদ্দর্শনে গন্ধর্ব্বগণ তৎক্ষণাৎ সেই দুই মেষ পরিত্যাগ করিল এবং বিদ্যুৎস্ফুরণ করিতে লাগিল। রাজা, মেষশাবক লইয়া যেমন স্ব-গৃহে আগমন করিলেন; অমনি উর্ব্বশী তাঁহাকে উলঙ্গ দেখিলেন এবং পূর্ব্ব প্রতিজ্ঞা ভঙ্গ হওয়ায়, সুযোগ দেখিয়া প্রস্থান করিলেন। ৩১। হে মহারাজ! ইলানন্দন পুরূরবা, শয্যাতে প্রণয়িনী উর্ব্বশীকে দেখিতে না পাইয়া বিমনা হইলেন। তাঁহার চিত্ত উর্ব্বশীতে মুগ্ধ ছিল। উর্ব্বশী-বিরহে কাতর হইয়া শোকাবেগে উন্মত্তের ন্যায় ভূমণ্ডলে ভ্রমণ করিতে লাগিলেন। ৩২। কিয়দ্দিন পরে কুরুক্ষেত্রস্থ সরস্বতী-তীরে সেই অপ্সরা এবং তদীয় পাঁচটী সখীকে দেখিতে পাইয়া পুরূরবা হৃষ্ট-বদনে এই সুন্দর কথাগুলি

উর্ব্বশীকে বলিতে লাগিলেন। ৩৩। হে মহারাজ! সেই কামাশক্ত নৃপতি কহিলেন : "অয়ি প্রিয়ে! দাঁড়াও,—দাঁড়াও ; অয়ি ঘোরে! আমাকে সুখী না করিয়া তোমার ত্যাগ করিয়া যাওয়া উচিত হয় নাই,—এস, একত্র বসিয়া পূর্ব্বের প্রণয়-কথা কহি। ৩৪। হে দেবি! আমার এই অতি কমনীয় কলেবর তুমি নিজরূপে এতদূরে আকর্ষণ করিয়া আনিয়াছ ; দেখ, তোমার বিরহে ইহা এইখানে পতিত ও হতচেতন হয়। যে দেহ তোমার উপভোগ-যোগ্য, তোমার বিরহে এই দেখ, গৃধ্র ও বৃকগণ ইহাকে গ্রাস করে।" ৩৫। উর্ব্বশী কহিলেন, "হে রাজন্! আমার বিরহ জ্বালা অসহ্য ভাবিয়া মরিও না। তুমি পুরুষ, ধৈর্য্য অবলম্বন কর ; এই সকল বৃক যেন তোমার দেহকে ভক্ষণ না করে। হে রাজন্! স্ত্রীদিগের প্রণয় চিরদিন কুত্রাপি সমান থাকে না, তাহাদের হৃদয় হিংস্র বৃকদিগের হৃদয়-তুল্য হইতেছে। ৩৬। রমণীগণ, স্বভাবতঃ অকরুণ, ক্রুদ্ধ ও ক্ষান্তিরহিত ; কামভোগের নিমিত্ত অধর্ম্মাদিতেও সাহস করিয়া থাকে এবং সামান্য কারণে বিশ্বস্ত পতি অথবা তাহার ভ্রাতারও প্রাণবধ করে। ৩৭। যাহারা পুংশ্চলী—স্বেচ্ছাচার করিয়া বেড়ায়, তাহারা ত সৌহার্দ্দকে একেবারেই বিসর্জ্জন দিয়াছে ; তাহারা কেবল নূতন নূতন পুরুষের প্রতি অভিলাষ করিয়া থাকে। ৩৮। হে স্বামিন্! তুমি ব্যাকুল হইও না, সংবৎসরান্তে একরাত্রি মাত্র এই স্থানে আমার সহিত রতি-ক্রীড়া করিতে পাইবে, তাহাতেই তোমার অপরাপর সন্তান উৎপন্ন হইবে। ৩৯। হে রাজন্! এই কথায় মহীপতি পুরূরবা তাঁহাকে গর্ভবতী বুঝিয়া, আশ্বস্ত হইয়া নগরে গমন করিলেন। এক বৎসর-শেষে পুনরায় সেই স্থানে উপস্থিত হইলেন। উর্ব্বশীকে তথায় বীর-প্রসবিনী দেখিয়া পুরূরবা পরম আনন্দিত হইলেন। ৪০। তাঁহার সহিত পূর্ব্বকথামতে একরাত্রি বাস করিলেন। উর্ব্বশী সেই অবস্থায় নরপতিকে বিরহাতুর দেখিয়া কহিলেন, হে স্বামিন্! তুমি গন্ধর্ব্বদিগকে অনুনয় কর ; অবশ্যই ইহাঁরা তোমার হস্তে আমাকে সম্প্রদান করিবেন।" হে রাজন্! উর্ব্বশীর ঐ কথায় মহাত্মা পুরূরবা গন্ধর্ব্বদিগের স্তব করিতে লাগিলেন। তাঁহারা সন্তুষ্ট হইয়া অন্তে যাহাতে উর্ব্বশী-লোক লাভ হয়, তজ্জন্য রাজাকে একটি অগ্নিস্থালী প্রদান করিলেন। বিরহোন্মত্ত ও কামান্ধ রাজা সেই অগ্নিস্থালীকেই উর্ব্বশী মনে করিয়া তাহা লইয়া বনে বনে ভ্রমণ করিতে লাগিলেন। ৪১। ৪২। পরে যখন তিনি জানিতে পারিলেন যে, ইহা উর্ব্বশী নহে, উর্ব্বশী-লাভের যজ্ঞীয় আধার হইতেছে, তখন সেই অগ্নিস্থালীকে বন-মধ্যে স্থাপন করিয়া, গৃহে গমনপূর্ব্বক নিত্য নিশা-ভাগে উর্ব্বশীকে চিন্তা করিতে লাগিলেন। এইরূপে উর্ব্বশীকে ধ্যান করিতে করিতে সত্যযুগ শেষ হইয়া ত্রেতাযুগ আরম্ভ হইল। তখন রাজা বুঝিলেন, ঐ গন্ধর্ব্বদত্ত অগ্নি-স্থালীতে যজ্ঞ না করিলে ত্রেতাযুগে কোন সৎফল বা উর্ব্বশীলোক লাভ হইবে না। তখন তিনি অগ্নির চিন্তা করিতে থাকিলেন। এই কার্য্যে ত্রেতাযুগ আরম্ভ সময়ে তদীয় হৃদয়ে যজ্ঞাদি কর্ম্মবোধক বেদত্রয় প্রাদুর্ভূত হইল। ৪৩। হে মহারাজ! পুরূরবা যজ্ঞের জন্য বেদত্রয় দেখিয়া তিনি পুনরায় অগ্নিস্থালীর নিকট গমন করিয়া দেখিতে পাইলেন,—সেই স্থানে শমীবৃক্ষের গর্ভে একটী অশ্বত্থ বৃক্ষ জন্মিয়াছে। সেই বৃক্ষমধ্যে যজ্ঞার অগ্নি আছে--

ইহা বুঝিতে পারিয়া, উর্ব্বশী-লোকপ্রাপ্তি-কামনায় রাজা সেই অশ্বথ দ্বারা দুইটী অরণি নির্ম্মাণ করিলেন। ৪৪। মন্ত্রানুসারে নিম্ন অরণিটীকে উর্ব্বশী এবং উত্তর অরণিকে আপনার স্বরূপ বোধ করিয়া, এই দুয়ের মধ্যে যে কাষ্ঠখণ্ড ছিল, তাহাকে পুত্ররূপে ধ্যান করিতে লাগিলেন। ৪৫। হে রাজন্! পুরূরবার অরণি মন্থন দ্বারা জাতবেদা যজ্ঞীয় বিভাবসু অগ্নি উৎপন্ন হইলেন। সেই অগ্নি, ত্রয়ী-বিদ্যাবিহিত আধান-সংস্কার দ্বারা আহবনীয়াদি মন্ত্রে ত্রিরূপ হইলে, রাজা নিজ পুণ্যলোক কামনার জন্য সেই ত্রিবৃৎ অগ্নিকে স্বীয় পুত্ররূপে ভাবনা করিলেন। ৪৬। হে রাজন্! শেষ উর্ব্বশী-লোক-কামনা করিয়া তদ্দ্বারা সর্ব্বদেবময় যজ্ঞেশ্বর ভগবান্ হরির যজ্ঞ করিলেন। ৪৭। হে রাজন্! পূর্ব্বে সত্যযুগে সর্ব্বপ্রকার মন্ত্রের বীজস্বরূপ প্রণবই একমাত্র বেদ ছিল, নারায়ণই একমাত্র দেবতা ছিলেন। লৌকিক নামে একাই অগ্নি ছিলেন। হংস নামে একই বর্ণ ছিল। ৪৮। হে রাজন্! ত্রেতাযুগের প্রথমে পুরূরবা হইতেই বেদ ভাগত্রয়ে বিভাজিত হয়। ঐ রাজাই প্রথমে যজ্ঞ দ্বারা অগ্নিরূপ পুত্রের কৃপায় গন্ধর্ব্ব-লোক প্রাপ্ত হয়েন। ৪৯।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে চতুর্দ্দশাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। ত্রয়োদশ অধ্যায় পর্য্যন্ত সূর্য্যবংশীয়গণের মহিমা কীর্ত্তন করিয়া এই চতুর্দ্দশ অধ্যায় হইতে চন্দ্রবংশীয়গণের মহিমা শ্রীশুকদেব কীর্ত্তন করিতে আরম্ভ করিলেন। চন্দ্রের গুরুপত্নীহরণ, দৈত্যের আশ্রয়গ্রহণ এবং পুরাণান্তরে এই কার্য্য জন্য ক্ষয়াদি রোগগ্রস্ত হওন ইত্যাদি কথার তাৎপর্য্য এই—চন্দ্রাদি বা ব্রহ্মাদিকে দেবশ্রেষ্ঠ বলা হইয়াছে, অথচ তাঁহাদের গুরুপত্নীহরণ ও কন্যাশক্তি প্রভৃতির কথাও পুরাণে ঋষিগণ বর্ণনা করিয়াছেন। দেবতা হইলেও যখন কুকার্য্য ও সুকার্য্যে ফল ভোগ করিতে হয়, তখন কর্ম্মজন্য ফল জীবমাত্রকেই ভোগ করিতে হইবেই হইবে। শ্রেষ্ঠগণের চরিত্র দর্শনে ও শ্রবণে জীবের শিক্ষা হইয়া থাকে। এইজন্য ঋষিগণ অকপটহৃদয়ে, শ্রেষ্ঠগণের মহিমা এবং কুকর্ম্ম সকলই শাস্ত্রের মধ্যে বর্ণিত করিয়াছেন। চন্দ্রের ন্যায় বিশুদ্ধ ও মহিমাসম্পন্ন দেবতাও কুকর্ম্মস্বরূপ গুরুপত্নীহরণ করাতে তাঁহাকে নীচ কার্য্যের জন্য নীচরূপী দৈত্যগণের আশ্রয় গ্রহণ করিতে হইয়াছিল; এবং চিরদিনের নিন্দাচিহ্নস্বরূপ ক্ষয়রোগগ্রস্ত হইতে হইয়াছিল। অতএব জীব উচ্চকুলে জন্ম লইলেও নীচ কার্য্যের জন্য নীচের আশ্রয়ী হইয়া থাকে। তাহার কুকর্ম্মের কলঙ্ক চন্দ্রের ন্যায় চিরদিনের জন্য উজ্জ্বল হইয়া থাকে। এই বৃহস্পতি-পত্নী তারা পরপুরুষ-সহগমন করিলেন, একথাও শাস্ত্র প্রকাশ করিলেন, এবং পঞ্চকন্যার মধ্যে তিনি একজন প্রধানা কামিনী, একথাও শাস্ত্র লিখিলেন। ইহার তাৎপর্য্য এই:—দেবকন্যা ও দেবপত্নীগণ দেবপুরে স্বাধীনা হইয়া ভ্রমণ করিয়া থাকেন। স্ত্রী ও পুরুষ এমন ভয়ঙ্কর আসক্তির বস্তু যে, দেবগণের ন্যায় পবিত্র-হৃদয় হইলেও কখন না কখন আসক্ত হইতে হয়। অতএব অন্য জীবের কথা কি!! স্বামী-সহচারিণী না হইয়া তারা একা নিভৃতে ভ্রমণ করিয়াছিলেন বলিয়া চন্দ্রের দ্বারা আকৃষ্টা হয়েন। সেই ব্যভিচার-চিহ্ন, সেই কামিনী গোপন না করিয়া দেবসমাজে ও স্বামী সমক্ষে প্রকাশ করেন, তাহাতে পতি ব্যতীত পত্নীর

অন্যত্র অবস্থানে ভীষণ দুর্দ্দশা ও ব্যভিচারাদির সম্ভাবনা ঘটিয়া সংসারে ঘোর অনর্থ প্রকটিত হইয়া থাকে, এই নীতি একা তারা হইতেই প্রথমে সংসারে প্রকটিত হয়। তারা সেই দিন হইতে নারীগণের পতিভিন্ন অন্যাশ্রয় নাই, এই নীতি প্রচার করাতে, এবং নিজ পাপ ক্ষালনের জন্য ভগবদারাধনায় পবিত্র হওয়াতে জগতে সতীত্বধর্ম্ম প্রকাশ করিলেন বলিয়া প্রধানা রমণী স্থানীয়া হইলেন। এই অধ্যায়ে পুরুরবার চরিত্রে দেখান হইল যে :- পত্নী যতই উচ্চবংশীয় হউক না কেন, এবং পুরুষও যতই উচ্চবংশীয় বা সম্রাট হউক না কেন; পুরুষ যদি স্ত্রীর প্রেমে স্ত্রৈণ হয়, তাহাহইলে সেই পুরুষ সংসারে কোন কল্যাণ সাধন করিতে পারে না; এমন কি অন্তে তাহার নারীগতিই লাভ হয়, পরমগতি লাভ হয় না। এই প্রমাণস্বরূপ পুরূরবার উপাখ্যান বলা হইল। উর্ব্বশীর ন্যায় দেবকন্যা পুরূরবার ন্যায় চন্দ্রবংশীয় পৃথিবীপতির রমণী হইয়াছিলেন। এমন অবস্থাতে পুরুরবা স্ত্রৈণ হওয়াতে—অন্তিমে শুভগতি লাভ না করিয়া উর্ব্বশী-লোক প্রাপ্ত হইয়াছিলেন। উর্ব্বশীলোক বলিতে উর্ব্বশী ভাবনা করিতে করিতে অন্তে পুরূরবার উর্ব্বশীময় মন ও দেহত্যাগ হইয়াছিল। ইহাতে বিশেষ বলা হইল যে :—বৈরাগ্য এবং ভগবদ্ভক্তি বিনা জীবে উচ্চ কুল বা আধিপত্য লইয়াও শ্রেষ্ঠগতি লাভ করিতে পারে না।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে চতুর্দ্দশাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ পঞ্চদশ অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধনপূর্ব্বক শ্রীশুকদেব কহিলেন,—হে রাজন্! উর্ব্বশীর গর্ভে মহীপতি পুরূরবার ছয়টী পুত্র হয়; তাহাদের নাম আয়ু, শ্রুতায়ু, সত্যায়ু, রয়, বিজয় ও জয় হইতেছে। ১। ইহাদের মধ্যে শ্রুতায়ুর পুত্র বসুমান্; সত্যায়ুর পুত্র শ্রুতঞ্জয়; রয়ের পুত্র এক, জয়ের পুত্র অমিত হইতেছেন। ২। বিজয়ের পুত্র ভীম। ভীমের পুত্র কাঞ্চন, কাঞ্চনের পুত্র হোত্রক। যে জহ্নু এক গণ্ডূষে গঙ্গা পান করিয়াছিলেন, তিনিই ঐ হোত্রক হইতে উদ্ভূত হন। ঐ জহ্নুর পুত্র পুরু; তাঁহার পুত্র বলাক; বলাকের পুত্র অজক হইতেছেন। ৩। অজকের পুত্র কুশ; মহামতি কুশের কুশাম্বু, তনয়, বসু এবং কুশনাভ—এই চারি পুত্র; তন্মধ্যে কুশাম্বু হইতে মহাত্মা গাধি জন্মগ্রহণ করেন। ৪। ঐ মহীপতি গাধির সত্যবতী নামে এক কন্যা হয়। দ্বিজবর ঋচীক গাধির নিকট সেই কন্যা যাচ্ঞা করিয়াছিলেন, তাহাতে গাধি তাঁহাকে অনুপযুক্ত পাত্র বিবেচনা করিয়া এই কথা কহিয়াছিলেন। ৫। হে ব্রহ্মন্! যাহাদের জ্যোতি চন্দ্রের তুল্য এবং একদিকের কর্ণ শ্যামবর্ণ, তাদৃশ সহস্রসংখ্যক অশ্ব আমার কন্যার পণস্বরূপ প্রদান করুন। আমরা কুশিক-বংশোদ্ভব হইতেছি, আপনি ভৃগুবংশোদ্ভব হইতেছেন। ৬। এই কথা শ্রবণে ঋচীক ঋষি, রাজার অভিপ্রায় বুঝিয়া বরুণ-সমীপে গমন করেন, এবং তথা হইতে আনীত তাদৃশ

অশ্ববৃন্দ, রাজাকে অর্পণ করিয়া সেই বরাননাকে বিবাহ করেন। ৭। কিয়ৎকাল পরে ঋচীকের পত্নী ও শ্বশ্রূ উভয়েই পুত্র-কামনা করিয়া যথাবিধি যজ্ঞীয় চরু উদ্ধার করিতে ঋচিকের নিকট প্রার্থনা করিলেন। তাহাতে তিনি পত্নীর নিমিত্ত ব্রহ্মমন্ত্রে এবং শ্বশ্রূর নিমিত্ত ক্ষাত্রমন্ত্রে পুত্রার্থ চরুপাক করিয়া স্নান করিতে গমন করিয়াছিলেন। ৮। আপন চরু হইতে কন্যার চরু শ্রেষ্ঠ ভাবিয়া গাধি-মহিষী নিজ কন্যা সত্যবতীর নিকট হইতে তদীয় চরু প্রার্থনা করিলেন। সত্যবতীও মাতাকে তাহা প্রদান করিলেন, এবং মাতার পুত্রার্থ চরু আপনি ভোজন করিলেন। ৯। হে মহারাজ! অনন্তর স্নানান্তে মুনি প্রত্যাগত হইয়া ঐ ঘটনা অবগত হইলেন,এবং পত্নীকে সম্বোধন করিয়া কহিলেন,—হে প্রিয়ে! তুমি অতি গর্হিত কর্ম্ম করিয়াছ, চরু-বিপর্য্যয় করাতে তোমার পুত্র ভয়াবহ ক্ষত্রিয়-প্রকৃতিসম্পন্ন হইবে, এবং তোমার ভ্রাতা মহিমাসম্পন্ন ব্রহ্মজ্ঞ হইবেন। ১০। এতৎশ্রবণে সত্যবতী ভীতা হইলেন, এবং বিবিধ বিনয়-সহকারে মুনিকে প্রসন্ন করিয়া কহিলেন,—"ভগবন্! যেন এরূপ না হয়"। ভার্গব প্রসন্ন হইয়া বলিলেন, "তবে তোমার পৌত্র ভয়ানক হইবে"। হে মহারাজ! এই ঘটনাতেই সত্যবতীর গর্ভে জমদগ্নি নামে মহিমান্বিত তনয় উৎপন্ন হইলেন। ১১। হে রাজন্! পতিব্রতা সত্যবতী অন্তিমে লোকপাবনী মহাপুণ্যা কৌশিকী নাম্নী নদী হইলেন। তদীয় পুত্র জমদগ্নি রেণু-কন্যা রেণুকার পাণিগ্রহণ করেন। ১২। রেণুকার গর্ভে ঐ ঋষি জমদগ্নির ঔরসে বসুমান্ প্রভৃতি বহু সন্তান উদ্ভূত হয়। ইহাঁদের কনিষ্ঠ ভ্রাতাই "রাম" নামে প্রসিদ্ধ হইতেছেন। ১৩। তিনি নিজবীর্য্যে অধর্ম্মাক্রান্ত হৈহয়-বংশ নাশ করেন, এবং তাঁহাকে পণ্ডিতগণ বাসুদেবের অংশ বলিয়া থাকেন। তিনি এই পৃথিবীকে একবিংশতিবার নিঃক্ষত্রিয়া করিয়াছিলেন। ১৪। পূর্ব্বে ক্ষত্রিয়-জাতিরা রজঃ ও তমোগুণে পরিপূর্ণ হইয়া সাহঙ্কার ও বেদ-বিরুদ্ধাচারী হওয়াতে ভূমণ্ডলের ভার-স্বরূপ হইয়াছিল, অতএব তাহারা অল্প অপরাধ করিলেও পরশুরাম তাহাদিগের প্রাণসংহার করিয়াছিলেন।১৫ ইহা শ্রবণে রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন,—হে ব্রহ্মন্! অজিতেন্দ্রিয় ক্ষত্রিয়গণ, ভগবান্ পরশুরামের কি অপরাধ করিয়াছিল যে, তাহাতে বারংবার ক্ষত্রিয়কুল বিনষ্ট হইল?১৬ শ্রীশুকদেব কহিলেন,—হে মহারাজ! হৈহয়দিগের অধিপতি ক্ষত্রিয়শ্রেষ্ঠ কার্ত্তবীর্য্যার্জ্জুন ছিলেন। বহু পরিচর্য্যা দ্বারা নারায়ণের অংশের অংশ ভগবান্ দত্তাত্রেয়ের আরাধনা করিয়া তাঁহাকে সন্তুষ্ট করিয়াছিলেন। ১৭। মহাত্মা দত্তাত্রেয়ের বরে তিনি সহস্র বাহু এবং অরাতিগণমধ্যে দুর্দ্ধর্ষত্ব লাভ করিয়াছিলেন। তিনি তাঁহার বরে অব্যাহত ইন্দ্রিয়, সামর্থ্য, সম্পদ্, প্রভাব, বীর্য্য, যশ ও বল লাভ করিয়াছিলেন। ১৮। এমন কি! যোগেশ্বরত্বও লাভ করিয়াছিলেন, এবং যাহাতে অণিমাদি গুণ বিরাজমান করে, তিনি তাদৃশ ঐশ্বর্য্যও লাভ করিয়াছিলেন। অতএব তিনি সিদ্ধি ও সৌভাগ্যবলে পবনের ন্যায় অপ্রতিহত-গতি হইয়া নিখিল লোকে বিচরণ করিতেন। ১৯। একদা সৌভাগ্যমদমত্ত মহাত্মা অর্জ্জুন, বৈজয়ন্তী মালা ধারণ করিয়া বহুতর রমণীরত্নের সহিত নর্ম্মদাজলে ক্রীড়া করিতে করিতে বাহুদ্বারা সেই নদীর স্রোত রোধ করিয়াছিলেন। ২০। সেই সময় রাক্ষসপতি রাবণ দিগ্বিজয়ার্থ বহির্গত হইয়া নর্ম্মদা-নদীতীরে শিবির স্থাপন করেন। কার্ত্তবীর্য্যার্জ্জুন জলপ্রবাহ

রুদ্ধ করায় নদীর স্রোত প্রতিকূল হইয়া তটভূমি প্লাবিত করিতে আরম্ভ করিল; প্রতিকূল বাহিনী নদীর জলে রাবণের শিবির প্লাবিত হইয়া গেল। বীর্য্যাভিমানী দশানন, অর্জ্জুনের সেই কার্য্য সহ্য করিতে পারিলেন না। ২১। দশানন কার্ত্তবীর্য্যার্জ্জুনের ক্ষমতা না বুঝিয়া তাঁহাকে আক্রমণ করিলেন। কার্ত্তবীর্য্য স্ত্রীগণের সমক্ষেই তাহাকে বানরের ন্যায় অবলীলাক্রমে ধারণ করিয়া নিজ রাজধানী মাহিষ্মতী-নগরীতে কারারুদ্ধ করিয়া রাখিলেন। শেষে কিছুদিন পরে অবজ্ঞাক্রমে মুক্ত করিয়াছিলেন। ২২। তিনি একদা মৃগয়ার্থ বহির্গত হইয়া বিজন বনে ভ্রমণ করিতে করিতে জমদগ্নি-মুনির আশ্রমে প্রবিষ্ট হইলেন। ২৩। মহামুনি জমদগ্নি নৃপতিকে অতিথী দেখিয়া কামধেনু দ্বারা তাঁহার অমাত্য, সৈন্য ও অশ্বাদি বাহন সহিত নরদেবের আতিথ্য সম্পাদন করিলেন। ২৪। মুনির কামধেনু-রত্নকে আপনার ঐশ্বর্য্য অপেক্ষা শ্রেষ্ঠ দেখাতে হৈহয়সেনাগণ-সহ অর্জ্জুন ঐ হোম ধেনু লইতে অভিলাষী হইলেন; সুতরাং আতিথ্যে সন্তুষ্ট হইলেন না। ২৫। অহঙ্কারবশতঃ স্বীয় সেনাদিগকে ঋষির হোম-ধেনু হরণ করিতে আদেশ করিলেন। তাহাতে তাহারা রোরুদ্যমানা সবৎসা সেই ধেনুকে বলপূর্ব্বক হরণ করিয়া মাহিষ্মতী-নগরে লইয়া গেল। ২৬। হে মহারাজ! ধেনু হরণ করিয়া রাজা আশ্রম হইতে নির্গত হইলে পরে জমদগ্নিমুনিতনয় পরশুরাম আশ্রমে আসিলেন। নৃপতি অর্জ্জুনের দৌরাত্ম্য-বার্ত্তা শ্রবণমাত্র তিনি আহত সর্পের ন্যায় ক্রুদ্ধ হইলেন। ২৭। তৎক্ষণাৎ পরশুরাম ঘোর পরশু, তূণ, ধনু এবং বর্ম্ম গ্রহণ করিয়া, সিংহ যেমন মৃগপতি হস্তীর প্রতি ধাবমান হয়, তদ্রূপ রাজার পশ্চাতে ধাবমান হইলেন। ২৮। মহাবীর কার্ত্তবীর্য্য পুরী প্রবেশ করিবার কালে দেখিতে পাইলেন,—ভৃগুশ্রেষ্ঠ পরশুরাম কৃষ্ণাজিন পরিধানপূর্ব্বক পরশু, বাণ প্রভৃতি আয়ুধ সহিত ধনুর্দ্ধারণ করিয়া মহাবেগে আগমন করিতেছেন; এবং সূর্য্যতুল্য দ্যুতিশালী তদীয় জটাসমূহ ইতস্ততঃ বিক্ষিপ্ত হইতেছে। ২৯। তিনি এতদ্দর্শনে পরস্পরের সহিত যুদ্ধার্থ গদা, অসি, বাণ, ঋষ্টি, শতঘ্নী ও শক্তি প্রভৃতি অস্ত্র-ধারী, হস্তী-অশ্ব-রথ-পদাতিসঙ্কুল অতি ভীষণ সপ্তদশ অক্ষৌহিণী সেনা পাঠাইয়া দিলেন; কিন্তু ভগবান্ পরশুরাম একাকীই তৎসমস্ত বিনষ্ট করিলেন। ৩০। মন ও বায়ুর ন্যায় বেগবান্ পরসৈন্য নাশক এই রাম যেখানে যেখানে পরশু প্রহার করিতে লাগিলেন, সেই সেই স্থানেই বিপক্ষ-পক্ষ ছিন্ন-বাহু, ছিন্ন-উরু ও ছিন্ন-কন্ধর হইয়া ধরণীতলে পড়িতে লাগিল এবং তাহাদের অশ্ব, সারথি—সমস্তই নিহত হইল। ৩১। হৈহয়পতি অর্জ্জুন দেখিলেন,—রণাঙ্গণ রুধির-ধারায় কর্দ্দমময় হইয়া উঠিয়াছে এবং পরশুরামের কুঠার ও বাণ-প্রহারে নিজ সৈন্যগণের বর্ম্ম, ধ্বজ, ধনু, বাণ এবং কলেবর সকল ছিন্ন-ভিন্ন হইয়াছে ও প্রায় সকল সৈন্যই যুদ্ধে পতিত হইয়াছে, ইহা দেখিয়া পরশুরামকে যুদ্ধের উপযুক্ত ভাবিয়া রোষপ্রকাশপূর্ব্বক স্বয়ং সমরে আগমন করিলেন। ৩২। অনন্তর অর্জ্জুন, পরশুরামকে লক্ষ্য করিয়া স্বীয় বাহুসকলদ্বারা একেবার পঞ্চশত ধনু গ্রহণপূর্ব্বক পঞ্চশত সুতীক্ষ্ণ শর সন্ধান করিলেন। অস্ত্রধরাগ্রগণ্য মহাবীর পরশুরাম একমাত্র ধনুর্যোজিত শরনিকর দ্বারা অর্জ্জুনের সেই সমস্ত ধনু যুগপৎ কাটিয়া ফেলিলেন। ৩৩। অনন্তর অর্জ্জুন স্বীয় ভুজসমূহে সমর-সাধন ভূরি ভূরি পর্ব্বত ও বৃক্ষ লইয়া মহাবেগে রণমধ্যে পরশুরামের

প্রতি ধাবমান হইলেন। জামদগ্ন্য কঠোরধার কুঠার দ্বারা, অগ্রে সর্পফণার ন্যায়, তদীয় বাহু-সকল ছেদন করিয়া ফেলিলেন পরে ছিন্ন-বাহু অর্জ্জুনের গিরিশৃঙ্গ-সদৃশ মুণ্ড ছেদন করিলেন। ৩৪। হে রাজন্! শিরশ্ছেদ হইবামাত্র তাঁহার দশ সহস্র পুত্র প্রাণভয়ে পলায়ন করিল। ৩৫। পরবীর-ঘাতী পরশুরাম এই কার্য্যের অবসানে বৎসসহিত হোমধেনু ফিরাইয়া লইয়া, নিজ আশ্রমে আগমনপূর্ব্বক অতি শ্রান্তির সহিত, সেই গাভীকে পিতৃহস্তে সমর্পণ করিলেন। ৩৬। আপনার কৃত কর্ম্ম—পিতা ও ভ্রাতাদিগের নিকট বর্ণন করিলেন; তৎশ্রবণে মুনিবর জমদগ্নি কহিলেন। ৩৭। ওহে রাম! ওহে বৎস রাম! হে মহাবাহো! তুমি এই কার্য্যে পাপ করিয়াছ; যেহেতু সর্ব্বদেবস্বরূপ ঐ রাজাকে বৃথা নিহত করিয়াছ। ৩৮। হে তাত! আমরা ব্রাহ্মণ, ক্ষমাগুণে বিশ্বপূজ্য হইয়াছি। ঐ ক্ষমাগুণ দ্বারাই ব্রহ্মা লোকগুরু হইয়া পারমেষ্ঠ্য-পদ প্রাপ্ত হইয়াছেন। ৩৯। হে বৎস! ক্ষমা দ্বারাই সূর্য্যপ্রভার ন্যায় ব্রহ্মশ্রী লক্ষ্মীদেবী শোভা পাইয়া থাকেন, এবং ক্ষমাশীল পুরুষদিগের প্রতিই ভগবান্ ঈশ্বর হরি আশু সন্তুষ্ট হয়েন। ৪০। হে পুত্র! অভিষিক্ত ক্ষত্রিয়রাজবধ, ব্রহ্মবধ অপেক্ষাও গুরুতর পাপকার্য্য হইতেছে। অতএব তুমি ভগবানের প্রতি চিত্ত সমর্পণ করিয়া নানা তীর্থ-সেবা দ্বারা পাপমোচন কর। ৪১।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে পঞ্চদশাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। এই অধ্যায়ে ভগবান্ হরি যুগধর্ম্ম রক্ষার জন্য পরশুরামরূপে আবির্ভূত হইয়া বীর্য্যলীলা দেখাইয়া জীবকে শিক্ষা দিয়াছিলেন। জীবে নিজের পুরুষকারবলে যতই উন্নতি করুক না কেন, তাহার যদি পূর্ব্বাপর হিতবোধ না থাকে, এবং নিজকৃত কর্ম্মে অহঙ্কার জন্মায়, তাহা হইলে ভগবানের কাছে তাহা তৃণের ন্যায় তুচ্ছভাবে নষ্ট হইয়া থাকে। এইটি বুঝাইতে কার্ত্তবীর্য্যার্জ্জুনের চরিত্র এই অধ্যায়ে দেখান হইল। কার্ত্তবীর্য্যার্জ্জুন সসাগরা ধরণীর অধীশ্বর ছিলেন। দত্তাত্রেয় মহর্ষির সেবা করিয়া তাঁহার বরে নিজের পুরুষার্থ উদয় করাইয়া, অমিত বীর্য্য এবং সহস্রবাহুত্ব লাভ করিয়াছিলেন। এত বীর্য্য হইয়াছিল যে, ত্রিভুবনজেতা রাবণকে তিনি সামান্য পশুর ন্যায় পরাজিত ও আবদ্ধ করিয়াছিলেন। মহানদী নর্ম্মদার বেগকে হস্তে অবরোধ করিয়াছিলেন। যেমন তিনি অহঙ্কারে উন্মত্ত হইয়া অন্যায়ে জমদগ্নি ঋষিকে অবমানিত ও তাঁহার কপিলাধেনু অন্যায়াচরণে হরণ করিলেন; অমনি অনন্ত সেনার সাহায্যেও একমাত্র ভগবদ্‌বীর্য্যরূপী পরশুরামের হস্তে সসৈন্যে নিপতিত ও বিনষ্ট হইলেন।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে পঞ্চদশাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ ষোড়শ অধ্যায়।

পূর্ব্বকথা শেষ করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধনপূর্ব্বক শ্রীশুকদেব কহিলেন:—হে কুরুনন্দন! মহাবীর পরশুরাম পিতার উপদেশ শিরোধার্য্য করিয়া পাপক্ষয়ের জন্য সংবৎসর

পর্য্যন্ত তীর্থ পর্য্যটনপূর্ব্বক আশ্রমে প্রত্যাবৃত্ত হইলেন। ১। সেই সময় একদা জমদগ্নি মুনিপত্নী রেণুকা, গঙ্গায় গমন করিয়াছিলেন, তথায় পদ্মমাল্য ধারণপূর্ব্বক গন্ধর্ব্বরাজ চিত্ররথ অপ্সরাগণের সহিত ক্রীড়া করিতেছেন—তিনি দেখিলেন। ২। রেণুকা জল আনয়ন করিতে ঐ নদীতে গিয়াছিলেন, কিন্তু কামক্রীড়াসক্ত গন্ধর্ব্বরাজ চিত্ররথকে দর্শনকরতঃ তাঁহার প্রতি ঈষৎ কামস্পৃহাবতী হইয়া দাঁড়াইয়া রহিলেন। এদিকে আশ্রমে হোমের সময় অতিক্রান্ত হইতে লাগিল, তাহা তাঁহার স্মরণ রহিল না। ৩। হে মহারাজ! কিছু পরে রেণুকা দেখিলেন,—কাল অতীত হইয়াছে। তখন মুনি-শাপ-ভীতা মুনিপত্নী আশ্রমে আসিয়া জলপূর্ণ কলসটী মুনি জমদগ্নির অগ্রে রাখিয়া কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মানা হইলেন। ৪। আপন পত্নীর মনে মনেও ব্যভিচার-স্পৃহা জন্মিয়াছিল, ইহা সেই অন্তর্যামী ঋষি জানিতে পারিয়া ক্রোধে কাঁপিতে কাঁপিতে কহিলেন,—"ওহে পুত্রগণ! এই পাপীয়সীকে এই দণ্ডে বধ কর"। কিন্তু ঋষির জ্যেষ্ঠ পুত্রগণ কেহই সে কার্য্য স্বীকার করিল না। ৫। অবশেষে কনিষ্ঠ পুত্র পরশুরাম পিতৃ-আদেশে ভ্রাতৃগণকে ও জননীকে বিনষ্ট করিলেন। কারণ তিনি পিতার সমাধি ও তপস্যার প্রভাব অবগত ছিলেন। ৬। সত্যবতী-তনয় জমদগ্নি মুনি কনিষ্ঠ পুত্রের অচলা পিতৃভক্তি দেখিয়া প্রীত হইয়া, পরশুরামকে বর গ্রহণ করিতে বলিলেন। তাহাতে জামদগ্ন্য রাম এই বর চাহিলেন যে, "হত ব্যক্তিগণ পুনর্জীবিত হউন, এবং ইহাঁদের ঐ বধক্লেশ যেন কদাপি স্মরণপথে উদিত না হয়। ৭। হে রাজন্! পিতাও তাঁহাকে সেই বর দিলেন। সেই সকল হত ব্যক্তি কুশলযুক্ত হইয়া নিদ্রোত্থিতের ন্যায় তৎক্ষণাৎ উত্থিত হইল। হে রাজন্! পরশুরাম এতদূর পিতৃপরায়ণ ছিলেন ও পিতার তপোবীর্য্য বিশেষরূপে পরিজ্ঞাত ছিলেন যে, তাঁহার অনুমতিতে জননী ও ভ্রাতারূপী সুহৃদ্বধও করিয়াছিলেন। ৮। হে রাজন্! কার্ত্তবীর্য্য অর্জ্জুনের যে সকল পুত্র ছিল, তাহারা পরশুরামের বীর্য্যে পরাভূত হইয়া আপনাদের পিতার বধবৃত্তান্ত স্মরণ করিয়া পৃথিবীর মধ্যে কুত্রাপি থাকিয়া সুখলাভ করিতে পারেন নাই। ৯। একদা পরশুরাম-আশ্রমমধ্য হইতে ফল মূলাহরণের জন্য ভ্রাতৃগণের সহিত বনগমন করিলে, ঐ সকল অর্জ্জুন-তনয়েরা শূন্য আশ্রম পাইয়া বৈরসাধন-মানসে তন্মধ্যে প্রবেশ করিল। ১০। অগ্নিগৃহের মধ্যে রামজনক জমদগ্নি মুনিকে ভগবানে চিত্তনিবেশ পূর্ব্বক সমাহিতভাবে বসিয়া থাকিতে দেখিয়া, সেই পাপাত্মারা তৎক্ষণাৎ তাঁহাকে নিহত করিল। ১১। পরশুরামের মাতা কাতরভাবে তাহাদের নিকট পতিপ্রাণ ভিক্ষা করিতে লাগিলেন, তথাপি সেই নিষ্ঠুর ক্ষত্রিয়াধমগণ বলপূর্ব্বক তাঁহার শিরশ্ছেদন করিয়া লইয়া পলায়ন করিল। ১২। সতী রেণুকা স্বামীশোকে পীড়িতা হইয়া আপনিই আপনার বক্ষে আঘাত করত, "রাম! রাম! তাত! তাত!" বলিয়া উচ্চৈঃস্বরে চীৎকার করিতে থাকিলেন। ১৩। দূর হইতে "হা রাম!" এই আর্ত্তধ্বনি শুনিবামাত্র সকল ভ্রাতৃগণ সহিত পরশুরাম ত্বরায় আশ্রমে প্রত্যাগমন করিয়া দেখিলেন, পিতা নিহত হইয়াছেন। ১৪। দুঃখে, ক্রোধে, অধৈর্য্যে, পিতৃবধজনিত ক্লেশে ও শোকাবেগে সকলে বিমোহিত হইয়া পড়িলেন। "হা তাত! হা সাধো! হা ধর্ম্মিষ্ঠ! আমাদিগকে পরিত্যাগ করিয়া আপনি স্বর্গে গমন করিলেন।" ইহা বলিয়া সকলে ক্রন্দন করিতে

থাকিলেন। ১৫। এইরূপ বিবিধ বিলাপ করিয়া পরশুরাম পিতার মৃতদেহকে ভ্রাতাদিগের নিকট রাখিলেন, এবং তীক্ষ্ণধার পরশু গ্রহণ করিয়া ক্ষত্রিয়বংশ ধ্বংস করিতে মনঃস্থ করিলেন। ১৬। হে রাজন্! পরশুরাম, ব্রহ্মঘাতীদিগের আধিপত্যে হতশ্রী মাহিষ্মতী পুরীতে গমন করিয়া, তাহার মধ্যস্থলে অর্জ্জুন-পুত্রদিগের দেহছিন্ন মস্তক দ্বারা মহাগিরি নির্ম্মাণ করিলেন। ১৭। মহাবীর পরশুরাম তাঁহাদের শোণিতে একটী ভয়ানক নদী নির্ম্মাণ করিলেন; সেই সরিৎ ব্রহ্মদ্বেষীদিগের পক্ষে অত্যন্ত ভয়াবহ হইতেছে। সেই অবধি যে কোন ক্ষত্রিয়জাতি ক্ষাত্রধর্ম্মের অন্যথাচরণ করে, তৎক্ষণাৎ পরশুরাম নিজ পিতৃবধ কার্য্যকে হেতু করিয়া তাহাদের বধসাধন করেন। ১৮। এই নিয়মে তিনি একবিংশতি বার এই পৃথিবীকে নিঃক্ষত্রিয়া করিয়াছিলেন। হে রাজন্! এইরূপে সমন্তপঞ্চক তীর্থে তৎকর্ত্তৃক নয়টী শোণিতময় হ্রদ নির্ম্মিত হইয়াছিল। ১৯। পিতৃভক্ত পরশুরাম অবশেষে নিহত পিতার মস্তক তদীয় দেহে যোজিত করিয়া কুশোপরি স্থাপনপূর্ব্বক বিবিধ যজ্ঞ দ্বারা সর্ব্বদেবময় পরমাত্মার অর্চ্চনা করিয়াছিলেন। ২০। সেই যজ্ঞে হোতাকে পূর্ব্বদিক্, ব্রহ্মাকে দক্ষিণদিক্, অধ্বর্য্যুকে পশ্চিমদিক্, উদ্গাতাকে উত্তরদিক্, অন্যান্য ঋত্বিক্‌গণকে অবান্তরদিক্ সকল, কশ্যপকে মধ্যস্থল এবং উপদ্রষ্টাকে আর্য্যাবর্ত্ত দেশ দক্ষিণা দিয়া তাহার পর সদস্যদিগকেও যথাযোগ্য ভূমি দক্ষিণা দিয়াছিলেন। ২১। ২২। হে মহারাজ! যজ্ঞশেষে মহানদী সরস্বতীতে তিনি অবভৃথ স্নান করিয়া ক্ষত্রবধজনিত অশেষ কলুষ প্রক্ষালনপূর্ব্বক মেঘমুক্ত দিবাকরের সমান বিরাজ করিতে লাগিলেন। ২৩। এদিকে মৃত জমদগ্নি ঋষি, পরশুরাম কর্ত্তৃক যজ্ঞে পূজিত হওয়াতে জ্ঞান ও মনোময় শরীর লাভ করিয়া সপ্তর্ষিমণ্ডলে সপ্তম ঋষি হইলেন। ২৪। হে রাজন্! এই কমল-লোচন ভগবান্ জামদগ্ন্য রাম আগামী মন্বন্তরে বেদ-প্রবর্ত্তক হইবেন। ২৫। তিনি ঘোর সন্ন্যাসগ্রহণ এবং প্রশান্তচিত্ত হইয়া অদ্যাপি মহেন্দ্র-পর্ব্বতে তপস্বীভাবে বর্ত্তমান রহিয়াছেন। সিদ্ধ, চারণ ও গন্ধর্ব্বগণ সতত তাঁহার বিচিত্র চরিত্র গান করিতেছে। ২৬। এই প্রকারে ভগবান্ বিশ্বাত্মা ঈশ্বর হরি, ভৃগুকুলে অবতীর্ণ হইয়া ধর্ম্মস্থাপন করিতে বহুবার ক্ষত্রিয়বধ করিয়া ভূমির পাপভার হরণ করিয়াছিলেন। ২৭। হে রাজন্! সেই নিজ কন্যার ব্রহ্মমন্ত্রীয় চরু ভোজন করিয়াছিলেন বলিয়া নিজ পত্নীর গর্ভে নৃপতি গাধির প্রদীপ্ত-অনলের ন্যায় মহাতেজস্বী বিশ্বামিত্র নামে পুত্র উৎপন্ন হয়েন। তিনি তপঃপ্রভাবে ক্ষত্রিয়ত্ব পরিত্যাগ করিয়া ব্রাহ্মণত্ব লাভ করিয়াছিলেন। ২৮। এই বিশ্বামিত্রের একশত পুত্র উদ্ভূত হয়, তন্মধ্যে যদিও কেবল মধ্যমের নাম মধুচ্ছন্দঃ, তথাচ সকল পুত্রই মধুচ্ছন্দঃ বলিয়া উক্ত হইতেন। ২৯। (হে মহারাজ! বিশ্বামিত্র মহাত্মা কেবল ব্রাহ্মণ হইয়াছিলেন, তাহা নহে!! তাঁহার বংশীয় সকলকেও ব্রহ্মগোত্রীয় করিয়াছিলেন। সেই কথা বলিতেছি শ্রবণ কর।) একদা মহাতপা বিশ্বামিত্র, ভৃগুবংশীয় মহাত্মা অজীগর্ত্ত-তনয় শুনঃশেফকে গ্রহণ করিয়া ক্রীত পুত্ররূপে স্বীকার করেন। সেই সময়ে আপনার অন্যান্য সন্তানদিগকে বলিয়াছিলেন,—ইহার নাম দেবরাত হইতেছে, তোমরা ইহাকে জ্যেষ্ঠ বলিয়া জ্ঞান করিও। ৩০। মহাত্মা শুনঃশেফ, মহাবীর হরিশ্চন্দ্রের যজ্ঞে পশুর ন্যায় উৎসর্গ ও নিহত হইবেন বলিয়া তাঁহার পিতা কর্ত্তৃক বিক্রীত হয়েন,

কিন্তু যজ্ঞকালে প্রাণভয়ে তিনি প্রজাপতি প্রভৃতি দেবগণের স্তব করিয়া পাশবন্ধন হইতে মুক্ত হয়েন। ৩১। এই কার্য্যে তিনি ভৃগুবংশীয় শুনঃশেফ নামীয় হইলেও দেবযজনে নিজ প্রাণ রাত অর্থাৎ প্রদত্ত হওয়াতে গাধিবংশে দেবরাত বলিয়া খ্যাত হইলেন। ৩২। বিশ্বামিত্রের মধুচ্ছন্দঃ নামা যে সকল জ্যেষ্ঠ সন্তান ছিলেন, তাঁহারা শুনঃশেফকে জ্যেষ্ঠ বলিয়া কল্পনা করিতে আপনাদের অবমাননা জ্ঞান করিলেন। এতদ্দর্শনে বিশ্বামিত্র মুনি ক্রুদ্ধ হইয়া তাঁহাদিগকে অভিশাপ দিলেন,—তোমরা অতি দুর্জ্জন; তোমরা ম্লেচ্ছ হইবে। ৩৩। পিতার অভিসম্পাতে ভীত হইয়া মধ্যম পুত্র মধুচ্ছন্দঃ পঞ্চাশৎ কনিষ্ঠের সহিত জনক-সন্নিধানে গমন করিয়া বলিলেন, "আপনি আমাদের পিতা, আমাদের জ্যেষ্ঠত্ব অথবা কনিষ্ঠত্ব যাহা অনুমতি করেন, আমরা তাহাই স্বীকার করিব।" ৩৪। ইহা বলিয়া তাঁহারা ব্রাহ্মণ অথচ মন্ত্রদর্শী শুনঃশেফকে আপনাদের জ্যেষ্ঠ করিলেন এবং সকলে বলিলেন, "আমরা সকলেই তোমার কনিষ্ঠ হইলাম।" বিশ্বামিত্র প্রসন্ন হইয়া ঐ পুত্রদিগকে কহিলেন, "হে বৎসগণ! তোমরা আমার সম্মান রাখিয়া আমাকে পুত্রবান্ করিলে;—তোমরাও পুত্রবান্ হইবে। ৩৫। হে কুশিকগণ! এই দেবরাত ব্রাহ্মণ হইলেও তোমাদের কৌশিক গোত্রই পাইবে, যেহেতু ইনি আমার পুত্ররূপী হইয়াছেন; অতএব তোমরা ইঁহার অনুগত হও।" বিশ্বামিত্রের তদ্ভিন্ন অষ্টক, হারীত, জয়, ক্রতুমান্ প্রভৃতি অন্য অনেক সন্তান ছিল। ৩৬। হে মহারাজ! এইরূপে বিশ্বামিত্রপুত্রগণ দ্বারা কৌশিক-গোত্র বহু শাখায় বিভাজিত হয়। ঐ ভৃগুবংশীয় দেবরাতকে জ্যেষ্ঠ করাতেই তাঁহার গোত্রীয় সন্তানগণের অন্য প্রবর অর্থাৎ দেবরাত প্রবর হইয়াছিল। ৩৭।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে ষোড়শাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। পিতা পরম পাপকার্য্যে পুত্রকে আদেশ করিলেও পুত্রের তাহা করা উচিত; সেই পাপকার্য্যের জন্য স্বয়ং পিতাই পুত্রের কল্যাণ চিন্তা করিয়া থাকেন। এই শিক্ষা দিবার জন্য পরশুরাম নিজ মাতা ভ্রাতাগণের মস্তকচ্ছেদন করিয়াছিলেন। পিতা তাঁহাদের জীবিত করিয়া পুত্রকে পাপস্পর্শ করিতে দিলেন না।

জীব যতই বীর্য্যবান্ হউক না, অধর্ম্মাচারী হইলে স্বয়ং ভগবান্ তাহাদের দর্পাহঙ্কার অবহেলায় বারম্বার চূর্ণ করেন। ইহা বুঝাইতেই এই ষোড়শাধ্যায়ে পরশুরাম কর্ত্তৃক এক-বিংশতিবার নিঃক্ষত্রিয়ের কথা বর্ণিত হইল।

গর্ভপত্নী যেরূপ মন্ত্রে গর্ভাধানার্থ হবিগ্রহণ ও যে বীর্য্য চিন্তা করিবেন; পুত্রও তদনুরূপ হইয়া থাকে। তাহার দৃষ্টান্তস্বরূপ গাধিপত্নী কর্ত্তৃক ঋচিকঋষিপ্রদত্ত ব্রহ্মহবিগ্রহণ ও ব্রহ্মবীর্য্য চিন্তায় বিশ্বামিত্রের ন্যায় ব্রহ্মভাবসম্পন্ন সন্তানলাভের কথা বর্ণিত হইল। তপোবলে জীবে, নিজ দেহকে ও বংশকে পবিত্র করিতে পারে, ইহা বুঝাইতেই বিশ্বামিত্র কর্ত্তৃক সাধনবলে নিজের ব্রাহ্মণত্ব এবং ত্বদীয় বংশকে দেবরাত ব্রাহ্মণ প্রবরীয় বলা হইল।

তপস্যা ও ভগবৎপরায়ণতা ব্যতীত জীব অন্য কোন উপায়ে নিজের পবিত্রতা সাধন করিতে পারে না। ইহাই এই অধ্যায়ের তাৎপর্য্য।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে ষোড়শাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ সপ্তদশ অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধনপূর্ব্বক শ্রীশুকদেব কহিলেন :—হে রাজেন্দ্র! পুরূরবার আয়ুনামে যে পুত্র ছিলেন, তাঁহার পাঁচ পুত্র হইয়াছিল। তাঁহাদের নাম নহুষ, ক্ষত্রবৃদ্ধ, রজি, রাভ এবং অনেনা হইতেছে। ১। হে মহারাজ! ইঁহাদের মধ্যে ক্ষত্রবৃদ্ধের বংশ শ্রবণ কর। ক্ষত্রবৃদ্ধের পুত্র সুহোত্র হইতেছেন। ২। তাঁহার তিন পুত্র ;—কাশ্য, কুশ ও গৃৎসমদ। তন্মধ্যে গৃৎসমদ হইতে শুনক জন্মগ্রহণ করেন। তাঁহার পুত্র শৌনক, তিনি ঋগ্বেদীগণের শ্রেষ্ঠ ছিলেন। ৩। কাশ্যের পুত্র কাশি ; কাশির পুত্র রাষ্ট্র ; রাষ্ট্রের পুত্র দীর্ঘতমা। দীর্ঘতমার পুত্র ধন্বন্তরি ; তিনিই আয়ুর্ব্বেদ-প্রবর্ত্তক হইতেছেন, তিনি যজ্ঞভাগভোগী বাসুদেবের অংশ এবং যাঁহাকে স্মরণ করিবামাত্র সকল রোগ বিনষ্ট হইয়া থাকে। ৪। সেই ধন্বন্তরির পুত্র কেতুমান্ ; কেতুমানের পুত্র ভীমরথ ; ভীমরথের পুত্র দিবোদাস ; দিবোদাসের পুত্র দ্যুমান্ হইতেছেন। কেহ কেহ তাঁহাকে প্রতর্দ্দনও কহেন। ৫। হে মহারাজ! কেহ কেহ আবার তাঁহাকে শত্রুজিৎ, বৎস, ঋতধ্বজ ও কুবলয়াশ্বও বলিয়া থাকেন। ঐ দ্যুমানের অলর্ক প্রভৃতি অনেক সন্তান জন্মিয়াছিল। ৬। তন্মধ্যে মহামতি অলর্ক ষষ্টি সহস্র ষষ্টি শত (৬৬০০০) বৎসর যাবৎ রাজ্যভোগ করিয়াছিলেন। হে রাজন্! অলর্ক ব্যতীত কোন যুবা ততকাল রাজ্যভোগ করেন নাই। ৭। ঐ অলর্কের পুত্র সন্ততি ; সন্ততির পুত্র সুনীথ ; সুনীথের পুত্র নিকেতন ; নিকেতনের পুত্র ধর্ম্মকেতু ; ধর্ম্মকেতুর পুত্র সত্যকেতু হইতেছেন। ৮। সত্যকেতুর পুত্র ধৃষ্টকেতু ; তাঁহা হইতে ক্ষিতীশ্বর সুকুমার জন্মগ্রহণ করেন। তাঁহার পুত্র বীতিহোত্র ; তাঁহার পুত্র ভর্গ ; ভর্গের পুত্র ভার্গভূমি হইতেছেন। ৯। হে পরীক্ষিৎ! এই সকল ভূপাল, কাশিবংশীয় ; ইঁহারা ক্ষত্রবৃদ্ধের বংশোৎপন্ন হইতেছেন। পুরূরবা মহীপতির পৌত্র রাভের পুত্র রভস ; রভসের পুত্র গম্ভীর ; গম্ভীর হইতে মহামতি অক্রিয় উৎপন্ন হয়েন। ১০। অক্রিয়ের পুত্র ব্রহ্মবিৎ হইতেছেন। হে মহারাজ! অতঃপর পুরূরবার কনিষ্ঠ পৌত্র অনেনার বংশ-বিবরণ শ্রবণ কর। অনেনার পুত্র শুদ্ধ ; শুদ্ধের পুত্র শুচি। তাঁহা হইতে ধর্ম্মরাজের সারথি চিত্রকৃ অর্থাৎ চিত্রগুপ্ত উৎপন্ন হয়েন। ১১। চিত্রকৃর পুত্র শান্তরজা। তিনি সর্ব্ব বিষয়ে পারদর্শী ও জ্ঞানী ছিলেন। হে রাজন্! পুরূরবার অন্য পৌত্র রজির অপরিমিত বলশালী শত সন্তান উৎপন্ন হইয়াছিল। ১২। সেই মহাত্মা রজী এতদূর মহিমান্বিত ছিলেন যে :—একদা তিনি দেবতা-

দিগের প্রার্থনায় দানব বধ করিয়া দেবরাজকে স্বর্গপুরী প্রদান করিয়াছিলেন। তাহাতে মহেন্দ্র তদীয় চরণ গ্রহণপূর্ব্বক ঐ স্বর্গপুরী তাঁহার হস্তে দিয়া প্রহ্লাদাদি রিপুভয়ে তাঁহাকে আত্মসমর্পণ করিয়াছিলেন। ১৩। হে মহারাজ! রজির মৃত্যু হইলে পর দেবরাজ, তদীয় তনয়দিগের নিকট যখন স্বর্গ যাচ্ঞা করিলেন, তখন তাহারা প্রত্যর্পণ করিল না; আপনারা স্বর্গাধিপ হইয়া যজ্ঞভাগ পর্য্যন্ত গ্রহণ করিতে লাগিল। ১৪। অতএব দেবগুরু বৃহস্পতি, রজিপুত্রদিগের বুদ্ধিভ্রংশার্থ অভিচার বিধান দ্বারা হোম আরম্ভ করিলেন; তাহাতে অচিরেই তাহারা নীতিপথ হইতে স্খলিত হইল এবং দেবরাজ অনায়াসে সে সকলকে বধ করিলেন; একজনও অবশিষ্ট রহিল না। ১৫। হে রাজন্! ক্ষত্রবৃদ্ধের পৌত্র কুশ; কুশের পুত্র প্রতি; প্রতির সন্তান সঞ্জয়; তাঁহার তনয় জয়। জয়ের পুত্র কৃত এবং মহামতি কৃতের পুত্র হর্য্যবল নরপতি হইতেছেন। ১৬। হর্য্যবলের পুত্র সহদেব; তাঁহার পুত্র হীন; হীনের পুত্র জয়সেন; জয়সেনের পুত্র সঙ্কৃতি; তাঁহার পুত্র ক্ষত্রধর্ম্মনিষ্ঠ মহারথ জয় হইতেছেন। হে মহারাজ! এই সকল নরপতি ক্ষত্রবৃদ্ধ-বংশীয়। অনন্তর পুরূরবার প্রথম পৌত্র নহুষ-বংশের বৃত্তান্ত বলিতেছি, শ্রবণ কর। ১৭।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে সপ্তদশাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। বিশ্বাস করিয়া কেহ কোন বস্তু কাহারও নিকটে রক্ষা করিলে, ভবিষ্যতে সেই বস্তুর রক্ষয়িতা বা তাহার বংশধরগণ যদি প্রবঞ্চনা করিয়া অধিকারীকে ঐ বস্তু প্রত্যর্পণ না করে, তবে সেই প্রবঞ্চকগণ যতই বলবীর্য্যসম্পন্ন হউন না কেন; দৈবকর্ত্তৃক তাঁহারা বিনষ্ট হইয়া থাকেন, এবং প্রকৃত অধিকারী ভবিষ্যতে ঐ বস্তু প্রাপ্ত হইয়া থাকেন। তাহার দৃষ্টান্তস্বরূপ এই অধ্যায়ে দ্বাদশশ্লোক হইতে পুরূরবার পৌত্র রজির পুত্রগণের আখ্যান বর্ণিত হইয়াছে। প্রহ্লাদাদি অসুরভয়ে ইন্দ্র স্বর্গাধিপত্য রক্ষা করিতে না পারিয়া মহাবীর রজির হস্তে উহা রক্ষা করিয়াছিলেন। কিন্তু মহাত্মা রজির পুত্রগণ উহা প্রত্যর্পণে অস্বীকার ও প্রবঞ্চনা করাতে দেবগুরু বৃহস্পতি কর্ত্তৃক দৈবক্রিয়া অর্থাৎ অভিচারাদি ক্রিয়া-বলে এমন প্রতাপান্বিত রজির শত সন্তান ধনবীর্য্য এবং আয়ুর সহিত বিনষ্ট হইয়াছিল। ইহাতে বিশেষ বলা হইল যে:—ধর্ম্মবল ও ভগবদ্ভক্তি ব্যতীত কোন জীব পৃথিবীপতি বা ইন্দ্রাপেক্ষা শৌর্য্যবান্ হইলেও দৈবকর্ত্তৃক বিনষ্ট হইয়া থাকেন।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে সপ্তদশাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ অষ্টাদশ অধ্যায়

রাজা পরীক্ষিৎকে সম্বোধন করিয়া শ্রীশুকদেব কহিলেন,—হে মহারাজ! শরীরীগণের ইন্দ্রিয়-তুল্য নহুষ রাজার যতি, যযাতি, শর্য্যাতি, আয়তি, বিয়তি ও কৃতি নামে ছয়টী পুত্র উৎপন্ন হইয়াছিল। ১। হে রাজন্! ইঁহাদের মধ্যে যতি রাজ্যভোগের পরিণাম বুঝিতে

পারিয়াছিলেন, সুতরাং যদিও পিতা রাজ্য প্রদান করিলেন, তথাচ গ্রহণ করিতে তাঁহার ইচ্ছা হইল না। কারণ, তাঁহার এই ধারণা হইয়াছিল যে, ভোগে প্রবিষ্ট হইলে পুরুষে আত্মবোধ-বিহীন হইয়া থাকে। ২। হে রাজন্! মহাবীর নহুষ স্বর্গে বাসকালে ইন্দ্রাণীর প্রতি ধৃষ্টতা প্রকাশ করায় অগস্ত্যাদি ঋষিগণ তাঁহাকে স্বর্গচ্যুত এবং অভিশাপবলে অজগররূপে পরিণত করিলে, যযাতিই রাজা হইয়াছিলেন। ৩। তিনি কনিষ্ঠ ভ্রাতৃ-চতুষ্টয়কে চারিদিক্ শাসন করিতে আজ্ঞা দেন, এবং আপনি—শুক্রাচার্য্য ও বৃষপর্ব্বা উভয় ব্যক্তির উভয় কন্যার পাণিগ্রহণপূর্ব্বক কৃতদার হইয়া পৃথিবী পরিরক্ষণে প্রবৃত্ত হয়েন। ৪। রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন,—ব্রহ্মন্! ভগবান্ শুক্রাচার্য্য ব্রহ্মর্ষি, নহুষ-পুত্র যযাতি ক্ষত্রিয়; ব্রাহ্মণ-ক্ষত্রিয়ের প্রতিলোম বিবাহ কিরূপে শাস্ত্রসঙ্গত হইয়াছিল? অনুগ্রহ করিয়া এই কথা আমাকে বলুন। ৫। রাজার প্রশ্নে আনন্দিত হইয়া শ্রীশুকদেব কহিলেন,—হে মহারাজ! শ্রবণ কর;—একদা দানবেন্দ্র বৃষপর্ব্বার কন্যা শর্ম্মিষ্ঠা নিজ সহস্র সখী এবং গুরুকন্যা দেবযানীর সমভিব্যাহারে রাজকাননে বিচরণ করিতেছিলেন। ৬। সেই মনোহর উদ্যানে অসংখ্য পাদপ পুষ্পিত হইয়াছিল। তথায় প্রফুল্লকমলপূর্ণ সরোবর-পুলিনে অলিকুল কলস্বরে গান করিতেছিল। ৭। হে রাজন্! বিহারকারিণী সেই সমস্ত কমল-নয়না রমণীগণ কূলে বস্ত্র রাখিয়া জলাশয়ে অবরোহণপূর্ব্বক পরস্পর পরস্পরের প্রতি জলক্ষেপ করতঃ ক্রীড়া করিতে লাগিলেন। ৮। এই সময় দৈবাৎ দেবদেব গিরিশ উমাদেবীর সহিত বৃষোপরি আরোহণ করিয়া ঐদিক্ দিয়া আকাশপথে গমন করিতেছিলেন, ইহা দেখিয়া ঐ সকল কন্যার অতিশয় লজ্জা হইল। তাঁহারা সহসা তীরে উত্থিত হইয়া স্ব স্ব বসন পরিধানার্থ ব্যগ্র হইয়াছিলেন। ৯। ব্যগ্রতাপ্রযুক্ত জানিতে না পারিয়া গুরুকন্যা দেবযানীর বস্ত্র আপনার মনে করিয়া দানবরাজদুহিতা শর্ম্মিষ্ঠা পরিধান করিলেন। তদ্দর্শনে দেবযানী কুপিতা হইয়া তাঁহাকে কহিলেন। ১০। "অহো! সকলে এই দাসীর অন্যায় কর্ম্ম দেখ। কুকুরীর পক্ষে যেমন যজ্ঞীয়-ঘৃত-ভোজন অসম্ভব, তদ্রূপ এই দাসী আমার পরিধেয় বস্ত্র পরিধান করিয়াছে!! ১১। যাঁহারা তপস্যা দ্বারা জগৎ সৃজন করিয়াছেন, যাঁহারা পরম পুরুষের মুখ হইতে উৎপন্ন বলিয়া সর্ব্বশ্রেষ্ঠ, যাঁহারা ব্রহ্মজ্যোতি ধারণ করিতেছেন, যাঁহারা মঙ্গলময় বেদমার্গ প্রদর্শন করিয়াছেন। ১২। সকল লোকনাথ, সুরেশ্বরগণ ও ভগবান্ বিশ্বাত্মা বিশ্ব-পাবন শ্রীনিবাসও যাঁহাদিগকে বন্দনা ও যাঁহাদিগের উপাসনা করিয়া থাকেন। ১৩। সেই ব্রাহ্মণজাতি মাত্রেই পূজ্য; তন্মধ্যে আবার আমরা ভৃগুবংশে উৎপন্ন; ইহার পিতা অসুরজাতি এবং আমাদের শিষ্য হইতেছে; এই অসতীর স্পর্দ্ধা দেখ—শূদ্রজাতির বেদধারণের ন্যায় আমার পরিধেয়-বসন দুষ্টা দানবনন্দিনী পরিধান করিল। ১৪। হে রাজন্! গুরুপুত্রী দেবযানী ঐ প্রকারে তিরস্কার করিতে থাকিলে, শর্ম্মিষ্ঠা রুষ্টা হইয়া ধর্ষিতা সর্পিণীর ন্যায় ঘন ঘন নিশ্বাস পরিত্যাগ করিতে লাগিলেন, এবং রোষভরে অধর দংশন করিয়া এই সকল কহিলেন। ১৫। "অরে ভিক্ষুকি! আপনাদিগের অবস্থা না জানিয়া বড়ই যে স্পর্দ্ধা করিতে লাগিলি? উচ্ছিষ্টভোজী কাকের ন্যায় তোরা কি আমাদের গৃহে অর্থের প্রতীক্ষা করিয়া থাকিস্ না?" ১৬। শর্ম্মিষ্ঠা এইরূপ বিবিধ পরুষ-বচন

প্রয়োগ দ্বারা শুক্রকন্যাকে ভৎর্সনা করিয়া রোষে তাঁহার বসন হরণপূর্ব্বক তাঁহাকে কূপে ফেলিয়া দিলেন। ১৭। হে রাজন্! শর্ম্মিষ্ঠা এই কার্য্যের পরে স্বগৃহে গমন করিলে যযাতি রাজা মৃগয়া করিতে করিতে যদৃচ্ছাক্রমে সেই কূপস্থলে উপস্থিত হইলেন, এবং জলার্থী হইয়া ঐ কূপ-সমীপে গমন করিবামাত্র দেবযানীকে দেখিতে পাইলেন। ১৮। রাজা দয়ালু হইয়া সেই নগ্না দেবযানীকে আপনার উত্তরীয় বসন পরিতে দিলেন, পরে স্বীয় হস্ত দ্বারা তদীয় কর-ধারণ করিয়া কূপ হইতে উদ্ধার করিলেন। ১৯। শুক্র-দুহিতা কূপ হইতে উদ্ধৃত হইয়া প্রেম নির্ভর বচনে যযাতিকে কহিতে লাগিলেন, "হে রাজন্! হে পর-পুরঞ্জয়! আপনি আমার পাণিগ্রহণ করিলেন, আমি আপনার গৃহীতা হইলাম। ২০। হে মহামতে! প্রার্থনা করি,—যে কর আপনি একবার গ্রহণ করিলেন, অন্য ব্যক্তি যেন সেই কর পুনরায় গ্রহণ না করে। হে বীর! আমাদিগের দুই জনের এই সম্বন্ধ নিশ্চয়ই পরমেশ্বর-নির্ব্বন্ধ হইতেছে,—ইহা মনুষ্যকৃত বলিয়া বিবেচনা হয় না। ২১। হে মহাবাহো! আমাদের মিলন দৈব-প্রণোদিত না হইলে, আমি কূপে নিমজ্জিত হইয়া, না মরিয়া, কেন আপনার দর্শন-লাভ পাইলাম!! আরো দেখুন :—আমি পূর্ব্বে বৃহস্পতির পুত্র কচকে শাপ দিয়াছিলাম। তাহাতে আমার স্বামী ব্রাহ্মণ হইবেন না, এই বলিয়া তিনিও আমাকে প্রতিশাপ দিয়াছিলেন। ২২। অশাস্ত্রীয় ও অনভিপ্রেত হইলেও রাজা যযাতি ইহা দৈব-ঘটনায় উপস্থিত হইয়াছে বুঝিয়া এবং দেবযানীর প্রতি আপনার চিত্ত আসক্ত হইয়াছে জানিয়া, তাঁহার কথায় সম্মত হইলেন। ২৩। অনন্তর রাজা রাজধানীতে গমন করিলে দেবযানী সেই স্থান হইতে রোদন করিতে করিতে পিতার নিকট গমন করিয়া, শর্ম্মিষ্ঠার সমুদয় কার্য্য নিবেদন করিলেন। ২৪। ভগবান্ শুক্রাচার্য্য শর্ম্মিষ্ঠার ব্যবহারে দুঃখিত হইয়া পৌরহিত্য-বৃত্তির কুৎসা ও উঞ্ছবৃত্তির প্রশংসা করিতে করিতে কন্যার সহিত রাজপুরী হইতে বহির্গত হইলেন। ২৫। হে মহারাজ! ক্রমে এই বৃত্তান্ত দৈত্যপতি বৃষপর্ব্বার শ্রুতিগোচর হইবামাত্র তিনি ভাবিলেন,—"শুক্রাচার্য্য দেবগণের সহায় হইলে, দেবতারা অসুর জয় করিবে, ইহা স্থির করিয়া তিনি পথিমধ্যে শুক্রর পদতলে পতিত হইয়া মস্তক লুণ্ঠিত করতঃ তাঁহার কোপশান্তি করিতে লাগিলেন। ২৬। ভগবান্ শুক্রের ক্রোধ এতদ্দর্শনে ক্ষণার্দ্ধমাত্রও রহিল না। তিনি শিষ্যকে বলিলেন,—হে রাজন্! আমার কন্যা যাহা বলেন, ইহাঁর অভিলাষ সম্পাদন কর; আমি কন্যাকে ত্যাগ করিতে পারিব না। ২৭। এতৎশ্রবণে গুরুকন্যার প্রসন্নতা প্রতীক্ষা করিয়া বৃষপর্ব্বা দণ্ডায়মান রহিলেন। তখন দেবযানী উপযুক্ত সময় বুঝিয়া আপনার মনোগত ভাব প্রকাশ করিয়া বলিলেন,—"আমি পিতা কর্ত্তৃক প্রদত্ত হইয়া যেখানে যাইব, তোমার কন্যা শর্ম্মিষ্ঠাকে সখী-সহিত সেই স্থানে আমার দাসী হইয়া অনুগামিনী হইতে হইবে।" ২৮। আচার্য্যকে সন্তুষ্ট না করিলে আপনাদিগের সঙ্কট বিবেচনা করিয়া দৈত্যপতি বৃষপর্ব্বা সহস্রসখী-সহিত শর্ম্মিষ্ঠাকে দাসীর ন্যায় দেবযানীর পরিচর্য্যায় নিযুক্ত করিলেন। ২৯। অনন্তর শুক্রাচার্য্য, শর্ম্মিষ্ঠাসহিত দেবযানীকে যযাতি-হস্তে সম্প্রদানকালে কহিয়া দিলেন,—হে ভূপতে! কদাপি তুমি শর্ম্মিষ্ঠাকে শয়নসঙ্গিনী করিও না। ৩০। হে রাজন্! রাজনন্দিনী শর্ম্মিষ্ঠা দেখিলেন,—দেবযানী স্বামি-সহবাসে

পরম সুন্দর পুত্র প্রসব করিয়াছেন। এতদ্দর্শনে একদা তিনি ঋতুকালে নির্জ্জনে আপনার সখী-পতি যযাতি রাজার নিকট নিজ পুত্রোৎপাদনার্থ প্রার্থনা করিলেন। ৩১। রাজপুত্রী, পুত্র-উৎপাদনার্থ প্রার্থনা করিতেছেন এবং ঋতুরক্ষা ধর্ম্মসঙ্গতও বটে—ধর্ম্মজ্ঞ রাজা ইহা ভাবিয়া, যদিও শুক্রাচার্য্যের বাক্য স্মরণ হইল, তথাচ দৈবঘটনা-জ্ঞানে শর্ম্মিষ্ঠার সহিত রতি-সঙ্গম স্বীকার করিলেন। ৩২। হে রাজন্! দেবযানী,—যদু ও তুর্ব্বসুকে এবং বৃষপর্ব্ব-দুহিতা শর্ম্মিষ্ঠা,—দ্রুহ্যু, অনু, এবং পূরুকে প্রসব করিয়াছিলেন। ৩৩। হে রাজন্! স্বকীয় ভর্ত্তা হইতে অসুর-তনয়ার গর্ভোৎপত্তি হইয়াছে, অবগত হইবামাত্র দেবযানী মানিনী ও ক্রোধে মূর্চ্ছিতা হইয়া নিজ পিতৃগৃহে গমন করিলেন। ৩৪। মহীপতি যযাতি অতিশয় কামুক ছিলেন, প্রেয়সীর রোষ দেখিয়া বিনয়বাক্যে প্রসন্ন করিতে করিতে পশ্চাদ্গামী হইলেন; কিন্তু পাদ-সংবহনাদি দ্বারাও প্রসন্ন করিতে পারিলেন না। ৩৫। দেবযানী-মুখে এই সকল কথা শ্রবণ করিয়া শুক্র কুপিত হইয়া কহিতে লাগিলেন,—"হে স্ত্রীকামীন্! তুমি মিথ্যাবাদী পুরুষ হইতেছ। রে মন্দ! মনুষ্যগণের ভোগনাশিনী জরা তোমাকে আক্রমণ করুক্।" ৩৬। ইহা শুনিয়া যযাতি কহিলেন; হে ব্রহ্মন্! আপনার দুহিতাকে সম্ভোগ করিয়া অদ্যাপি পরিতৃপ্ত হইতে পারি নাই। (অতএব কেন এমন সময়ে অকালে আমাকে জরাগ্রস্ত করিলেন। দয়া করিয়া আমার কুশল বিধান করুন।) শুক্র বলিলেন,—তুমি আমার কৃপায় যতদিন ইচ্ছা অপরের যৌবন লইয়া ইচ্ছামত আপনার জরা বিনিময় করিতে পারিবে। ৩৭। হে রাজন্! মহাভোগী যযাতি এইরূপে জরা-সংক্রমণের ব্যবস্থা পাইয়া আপনার জ্যেষ্ঠপুত্র যদুকে বলিলেন,—"হে তাত! যদো! তুমি আমার এই জরা গ্রহণ এবং আমাকে তোমার যৌবন প্রদান কর। ৩৮। হে বৎস! তোমার মাতামহ আমাকে এই জরাগ্রস্ত করিয়া দিলেন, কিন্তু আমি এখনও বিষয়ভোগে পরিতৃপ্ত হই নাই,—তোমার যৌবনে আমি কতিপয় বৎসর বিষয়ভোগ করিতে ইচ্ছা করি।" ৩৯। যদু কহিলেন,—"পিতঃ! আপনি মধ্যবয়সে জরাপ্রাপ্ত হইয়াছেন। আপনি বহুকাল বিষয়ভোগ করিয়াও যখন জরা চাহিতেছেন না, তখন যৌবনে গ্রাম্যসুখভোগ না করিয়া কোন পুরুষই জরাগ্রস্ত হইতে চাহিবে না।" ৪০। হে ভারত! পিতা আদেশ করিলে তুর্ব্বসু, দ্রুহ্যু এবং অনুও ঐরূপে অস্বীকার করিলেন; তাঁহাদের ধর্ম্মজ্ঞান ছিল না,—অনিত্য পদার্থকে নিত্য জ্ঞান করিতেন। ৪১। অনন্তর যযাতি, বয়সে কনিষ্ঠ কিন্তু গুণে জ্যেষ্ঠ পূরুকে কহিলেন,—"বৎস! অগ্রজদিগের ন্যায় আমার প্রার্থনা তোমার অস্বীকার করা উচিত নহে।" ৪২। পূরু কহিলেন,—"হে নরনাথ! যাঁহার প্রসাদে পরম-পদ লাভ করা যায় এবং যাঁহা হইতে নিজ দেহ উৎপন্ন হইয়াছে। ৪৩। ইহলোকে কোন্ ব্যক্তি সেই পিতার প্রত্যুপকার করিতে পারে? হে পিতঃ! আমি শুনিয়াছি, যে পুত্র পিতার চিন্তামাত্রে আদেশ সম্পাদন করে, তাহাকে উত্তম বলা যায়। পিতা প্রকাশ্য-ভাবে আদেশ করিলে যে পুত্র তাহা পালন করে, সে মধ্যম হইতেছে। অশ্রদ্ধায় পিতৃ-নিয়োগ-পালনকারী পুত্রই অধম হইতেছে। কিন্তু যে পুত্র আদিষ্ট হইয়াও আদেশ সম্পা-দন না করে, সে পুত্র হইলেও পুত্র নহে,—পিতার বিষ্ঠামাত্র হইতেছে।" ৪৪। পূরু হৃষ্ট-

চিত্তে এই সকল বলিয়া পিতার জরা গ্রহণ করিলেন। রাজা যযাতিও পুত্র যৌবন দ্বারা যথোচিত বিষয়ভোগে প্রবৃত্ত হইলেন। ৪৫। হে রাজন্! যযাতি-রাজা সপ্তদ্বীপের অধিপতি ছিলেন; সম্যক্‌প্রকারে পুত্রবৎ প্রজাপালন করিয়া ইচ্ছানুসারে বিষয় ভোগ করিতে লাগিলেন। পুত্রের যৌবন গ্রহণ করাতে বহুকাল পর্য্যন্ত তাঁহার সকল ইন্দ্রিয়ই প্রবল ও অব্যাহত ছিল। ৪৬। এ দিকে দেবযানীও মন, বাক্য, দেহ এবং অন্যান্য বস্তু দ্বারা নির্জ্জনে অনুদিন প্রাণতুল্য স্বামীর পরম প্রীতি জন্মাইতে থাকিলেন। ৪৭। হে নৃপ! যযাতিরাজা ভূরি ভূরি দক্ষিণা দিয়া বহু বহু যজ্ঞ করিয়া সর্ব্বদেবময় ও সর্ব্বদেবস্বরূপ যজ্ঞপুরুষ ভগবান্ হরির অর্চ্চনা করিয়াছিলেন। ৪৮। আকাশে জলদাবলির ন্যায় যাঁহাতে এই জগৎ বিরচিত হইয়া, স্বপ্ন, মায়া ও কল্পনার ন্যায় কখন প্রকাশিত ও কখন লীন হইতেছে;—রাজা নিষ্কামভাবে সেই অন্তর্যামী, পরম সূক্ষ্ম ভগবান্ নারায়ণকে হৃদয়ে স্থাপন করতঃ, তদুদ্দেশে বহু যজ্ঞ করিয়াছিলেন। ৪৯। ৫০। হে মহারাজ! (বিষয়ভোগ কত গুরুতর দেখুন!) পৃথিবীপতি রাজা যযাতি এত যজ্ঞ করিয়াও, মনাদি ছয় জ্ঞানেন্দ্রিয়যোগে সহস্রবর্ষরূপী বিষয়ভোগ করিয়াও অন্তিমে তৃপ্ত হইতে পারেন নাই!! (অতএব বৈকুণ্ঠলাভ হয় নাই)। ৫১।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে অষ্টাদশাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। নিজ পুরুষার্থবলে স্বর্গাদিলাভ করিলেও বৈরাগ্য ও ভগবৎপ্রপন্নতাবিহনে জীবের চিত্তের কলুষক্ষয় হয় না। তাহার স্বর্গাদি ভোগ অতি সামান্য উপায়ে নষ্ট হয় এবং কৃতকুকর্ম্মের জন্য ঘোর যন্ত্রণাভোগ করিতে হয়। তাহার দৃষ্টান্তস্বরূপ এই অধ্যায়ে পুরূরবার প্রথম পৌত্র নহুষ রাজার চরিত্র বর্ণিত হইয়াছে। ঐ নৃপতি বহু পুণ্যকর্ম্ম করিয়া পুরুষার্থবলে স্বর্গলাভ করিয়াছিলেন বটে, কিন্তু বৈরাগ্যাদিবলে জিতেন্দ্রিয় হয়েন নাই, এই জন্য স্বর্গে গমন করিয়াও পূর্ব্বভোগ মনে উদয় হওয়াতে ইন্দ্রাণী শচীদেবীর উপরে কামকটাক্ষ প্রয়োগ করাতে এই কার্য্যে ঐরূপে তাঁহার পুরুষার্থ ক্ষয় হইল। ঐ পুরুষার্থক্ষয়ে অগস্ত্যাদি ঋষিগণ কর্ত্তৃক তিনি অভিশপ্ত এবং স্বর্গচ্যুত হইয়াছিলেন। পবিত্র ভূমিতে পাপাচারে গুরুতর নরক-যন্ত্রণা ভোগের জন্য তাঁহার সর্পযোনী লাভ হইয়াছিল।

যেমন অগ্নিতে বারম্বার ঘৃত প্রদান করিলে কখনই অগ্নি নির্ব্বাপিত হয় না, তদ্রূপ ভোগের উপর বারম্বার ভোগ প্রদান করিলে ভোগ-জনিত আশক্তি ক্ষয় হইতে পারে না। এই দৃষ্টান্ত দেখাইতেই রাজা যযাতির উপাখ্যান এই অধ্যায়ে বর্ণিত হইয়াছে। নিজের যৌবন অভাবে পুত্রের যৌবন পর্য্যন্ত লইয়া বিষয়ভোগ করাতেও তাঁহার ভোগাশক্তি তৃপ্ত বা পরিণত হইল না। যেমন সুসজ্জিত বহু সুখাদ্য সম্মুখে থাকিলে ভোক্তার এক বিষয় খাইতে ইচ্ছা হয় না, সকল বস্তুই আস্বাদনে প্রবৃত্তি জন্মে; তদ্রূপ উপভোগ্যা বহু রমণী নিকটে থাকিলে পুরুষ কখনই এক পত্নীতে নিরত থাকিতে পারে না। যযাতি শুক্রাচার্য্যের নিকটে প্রতিজ্ঞা করিয়া দেবযানীকে পত্নীত্বে গ্রহণ করিলেও শর্ম্মিষ্ঠার সহগমন করিতে বিস্মৃত হয়েন নাই। এক পুরুষ বহু নারীর সহিত প্রণয়াশক্ত হইলে, তাহার সুখভোগ হওয়া দূরে থাকুক, নিজের জীবনেও অমঙ্গল ঘটিয়া থাকে, তাহার দৃষ্টান্তস্বরূপ যযাতির

ব্রহ্মশাপে যৌবনকালেই জরা গ্রহণ করিতে হইয়াছিল। কঠোর বৈরাগ্যসহকারে ভগবৎ প্রপন্নতা ব্যতিরেকে কখনই জীবের ভোগে বিরতি জন্মায় না, এবং জীব মুক্তও হয় না। ইহা বুঝাইতেই যযাতির ন্যায় ভোগাশক্ত পুরুষের ভোগাশক্তি থাকিতে থাকিতে বহু যজ্ঞাদির অনুষ্ঠানেও মুক্তিলাভ বা চিত্তশুদ্ধি ঘটিতে পারে নাই। অনুলোম ও বিলোমজাত বিবাহ করিলে সে পত্নী স্বামীর হিতাকাঙ্ক্ষিনী হয়েনা, এবং তদ্গর্ভজ পুত্রগণও পিতার অনুগত হয় না। তাহার দৃষ্টান্তস্বরূপ দেবযানী প্রভৃতি দ্বারা যযাতির জরালাভ এবং যদু প্রভৃতি পুত্রের দ্বারা পিতার আদেশ প্রত্যাখ্যান দেখান হইল। ধর্ম্মজ্ঞান ব্যতীত কেহই কর্ত্তব্য বুঝিতে পারে না। তাহাই পুরুর চরিত্রে দেখান হইল।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে অষ্টাদশাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ একোনবিংশ অধ্যায়।

পূর্ব্বকথা সমাধা করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক শ্রীশুকদেব কহিলেন:— হে মহারাজ! জীবে অনন্তকাল বিষয়ভোগের সহিত যজ্ঞাদিতে হরিপরায়ণ হইলে, কিরূপে সৎফল লাভ হয়, শ্রবণ কর:—যযাতি রাজা এইরূপ স্ত্রৈণ হইয়া বিষয় ভোগ করিতে করিতে বহুকালের পর আপনার সর্ব্বনাশ বুঝিতে পারিয়াছিলেন। তখন নির্ব্বেদযুক্ত হইয়া প্রেয়সী দেবযানীর নিকট এই ইতিহাস বর্ণন করিয়াছিলেন। ১। নিজের ইতিহাস বর্ণনাচ্ছলে কহিলেন:—"হে ভৃগু-নন্দিনি! মাদৃশ জনের ন্যায় কাম্য আচরণ দেখিয়া বনবাসী ধীরগণ ও শোক করেন। এক কামুক ব্যক্তির চরিত্র আমি বলিতেছি, শ্রবণ কর।২। কোন সময়ে একটী ছাগ, বনমধ্যে আপনার অভীষ্ট বিষয় অন্বেষণ করিতে করিতে, নিজ দোষে কূপে পতিত এক ছাগীকে দেখিতে পাইয়াছিল। ৩। সেই ছাগ অতিশয় কামী ছিল। ঐ ছাগীর উদ্ধারোপায় চিন্তা করিয়া, সে কূপতটে আপনার শৃঙ্গাগ্রদ্বারা মৃত্তিকাদি খননপূর্ব্বক নির্গমন-পথ প্রস্তুত করিয়া দিয়াছিল। ৪। সেই সুশ্রোণী ছাগী, কূপ হইতে উত্তীর্ণ হইয়া, সেই ছাগের প্রতিই অভিলাষবতী হইয়াছিল। পরে সেই ছাগী ঐ ছাগকে বরণ করিয়াছিল। ৫। স্থূলকায়, বহুল-শ্মশ্রু, রেতঃসেচকারী এবং মৈথুনাভিজ্ঞ দেখিয়া অন্যান্য বহুতর ছাগীও ঐ ছাগের প্রতি অভিলাষিণী হইয়াছিল। সেই একমাত্র ছাগ-পুরুষও অনেক ছাগীর আসক্তি-বৃদ্ধি করতঃ কামগ্রহ-গ্রস্ত হইয়া বিহার করিতে প্রবৃত্ত হইয়াছিল। কিন্তু আপনি যে কে, একথা তাহার মনে একবারও উদয় হইল না। ৬। যে ছাগী কূপে পড়িয়াছিল, সে অন্য ছাগীকে আপনা হইতে প্রিয়তমা ও তাহার সহিত ঐ ছাগকে বিহারাসক্ত নিরীক্ষণ করিয়া, নিজভোগরূপী ছাগের ঐ কর্ম্ম সহ্য করিতে পারিল না। ৭। হে প্রিয়ে! সেই ছাগী তখন পূর্ব্বপতিরূপী ছাগকে বন্ধুমূর্ত্তিধারী দুষ্ট শত্রু এবং ক্ষণেক প্রণয়দর্শী কামী ও কেবল নিজের ইন্দ্রিয়চরিতার্থকারী বিবেচনা করিয়া তাহাকে পরিত্যাগ পূর্ব্বক দুঃখিতচিত্তে নিজ অধি-

স্বামির নিকট গমন করিয়াছিল। ৮। সেই স্ত্রৈণ ছাগও ছাগীর গমনে দুঃখিত হইয়া ইড়বিড় শব্দে অনুনয় করিতে করিতে তাহার অনুগমন করিয়াছিল। কিন্তু পথিমধ্যে তাহাকে ধরিতে বা সন্তুষ্ট করিতে পারিল না। ৯। ঐ ছাগীর অধিস্বামী কোন ব্রাহ্মণ ছিলেন, তিনি ছাগীর মুখে ছাগের ব্যবহার জ্ঞাত হইয়া ক্রোধে তাহার লম্বমান অণ্ডদ্বয় ছিন্ন করিয়া দিলেন; কিন্তু ছাগের অনুনয়ে ছাগীর স্বার্থের জন্য সর্ব্বজ্ঞ ব্রাহ্মণ প্রয়োজন-সিদ্ধির হেতু পুনরায় ঐ অণ্ড যোজনার উপায় করিয়াছিলেন। ১০। হে ভদ্রে! ঐ ছাগ ঐ প্রকারে রতিশক্তি-যুক্ত হইয়া কূপ-লব্ধা সেই ছাগীর সহিত বিষয়-ভোগে বহুকাল যাপন করিতে থাকিল বটে, কিন্তু কামসেবা দ্বারা অদ্যাপিও তাহার ভোগের পরিতোষ জন্মে নাই। ১১। হে সুভ্রু! ঐ ছাগের ন্যায় আমিও তোমার প্রণয়ে বদ্ধ হইয়া অতিশয় দীন হইয়াছি। তোমার মায়ায় মোহিত হওয়াতে আমিও অদ্যাপি নিজ তত্ত্ব জানিতে পারিতেছি না। ১২। হে প্রিয়ে! এতদিন বিষয়ভোগে আমি জানিয়াছি যে;—পৃথিবীতে যত ধান্য, যব, সুবর্ণ, পশু এবং স্ত্রী আছে, তৎসমুদায় সম্পূর্ণরূপ ভোগেও কামাহত পুরুষের চিত্তকে তৃপ্ত করিতে পারে না। ১৩। বিষয় সকলের উপভোগ দ্বারা কাম কদাপি উপশমিত হয় না; বরঞ্চ ঘৃত দ্বারা অগ্নির ন্যায় বিষয়ভোগে তাহা উত্তরোত্তর বৃদ্ধিই পাইতে থাকে। ১৪। যখন পুরুষ, সকল প্রাণীতে রাগ-দ্বেষাদি বৈষম্য পরিত্যাগ করিয়া সর্ব্বত্র সমদৃষ্টিমান্ হয়, তখন তাহার সকল দিকই সুখময় হইয়া উঠে। ১৫। হে প্রিয়ে! আমি মহাভোগে ইহা বুঝিয়াছি যে:—যাহা পরিত্যাগ করা দুর্ব্বুদ্ধি ব্যক্তিগণের দুঃসাধ্য এবং দেহ জীর্ণ হইতে থাকিলেও যাহা জীর্ণ হয় না,—সেই দুঃখরাশি-বহনকারিণী ভোগ-তৃষ্ণাকে সুখার্থী পুরুষ আশু পরিত্যাগ করিবেন। ১৬। অন্য স্ত্রীর কথা দূরে থাকুক, এমন কি! যুবতী ভগিনী কিংবা কন্যার সঙ্গেও নির্জ্জনে একাসনে থাকা বিধেয় নহে; কারণ, ইন্দ্রিয়চয় অতিশয় বলবান্,—বিদ্বান্ পুরুষকেও কামভোগে আকর্ষণ করিয়া থাকে। ১৭। মুহুর্মুহুঃ বিষয়-সেবায় আমার পরিপূর্ণ সহস্র বৎসর গত হইল, তথাপি অনুদিন সেই সকল বস্তুর প্রতি আমার ভোগাশা বর্দ্ধিত হইতেছে। ১৮। অতএব হে সুন্দরি! এক্ষণে আমি সেই ভোগ-তৃষ্ণাকে বিসর্জ্জন দিয়া পরব্রহ্মে মন সমাহিত করিব এবং সুখ-দুঃখাদি-দ্বন্দ্বরহিত ও নিরহঙ্কারী হইয়া বনে বনে মৃগগণের সহিত ভ্রমণ করিয়া বেড়াইব। ১৯। হে প্রিয়ে! যিনি, 'বিষয়-সমূহ হইতেই আত্মবোধনাশকে অসৎ জানিয়া সেই ভোগের চিন্তা বা সেই বিষয় উপভোগ না করেন, তিনিই সংসার বন্ধন ও আত্মনাশ বুঝিতে পারেন এবং তিনিই আত্মদর্শী হইতেছেন। ২০। হে রাজন্! নৃপতি যযাতি নিজ পত্নীকে ইহা বলিয়া কনিষ্ঠ পুত্র পূরুকে তদীয় যৌবন প্রত্যর্পণপূর্ব্বক স্পৃহাশূন্য হইয়া পুত্রের নিকট হইতে আপনার জরা গ্রহণ করিয়াছিলেন। ২১। তিনি দক্ষিণ-পূর্ব্বদিক দ্রুহ্যুকে, দক্ষিণদিকে যদুকে, পশ্চিমদিকে তুর্ব্বসুকে ও উত্তরদিকে অনুকে অধীশ্বর করিয়াছিলেন। ২২। পরে অখিল ভূমণ্ডলের আধিপত্যে ক্ষত্রিয়োত্তম প্রিয়তম কনিষ্ঠ পুত্র পূরুকে অভিষিক্ত করিয়া অগ্রজাত-তনয়দিগকে পূরুর অধীনে স্থাপনপূর্ব্বক আপনি বনে প্রস্থান করিলেন। ২৩। হে রাজন্! রাজা যযাতি, বহুতর বৎসর পর্য্যন্ত শব্দাদি-বিষয়-সমূহের ভোগে মনাদি ছয় ইন্দ্রিয়কে আশক্ত করিয়া

সুখ-সম্ভোগ করিয়াছিলেন সত্য, কিন্তু বিষয়ভোগে উপরতস্পৃহ হইবামাত্র,—পক্ষদ্বয় উৎপন্ন হইলে যেমন পক্ষিশাবক নীড় পরিত্যাগ করে,—সেইরূপ ক্ষণমধ্যে তিনি ইন্দ্রিয়ভোগসুখ বিসর্জ্জন করিয়াছিলেন। ২৪। তিনি অরণ্যে সমস্ত সঙ্গ পরিত্যাগ করিয়াছিলেন; আত্মানুভব দ্বারা তাঁহার ত্রিগুণাত্মক মায়িক উপাধি দূর হইয়াছিল। এইরূপে কঠোর বৈরাগ্যে সেই প্রসিদ্ধ রাজা, অন্তিমে নির্ম্মল পরব্রহ্ম বাসুদেবে ভাগবতী গতি লাভ করিয়াছিলেন।২৫। হে রাজন্! স্ত্রীপুরুষের স্নেহ ও প্রণয় বৈক্লব্য বশতঃ পরিহাসচ্ছলে রাজা যযাতি কর্ত্তৃক যে ইতিহাস উক্ত হইয়াছিল,—দেবযানী তাহাতে বুঝিতে পারিয়াছিলেন যে, তদ্দ্বারা তাঁহাকে মুক্তিমার্গে উৎসাহ দেওয়া হইল। ২৬। সেই ভৃগুতনয়া দেবযানী, তৎক্ষণাৎ এই সংসার-ভোগসঙ্গমকে ভগবানের মায়া-বিরচিত বোধ করিলেন। যেমন জলপ্রপাত আপনি সাগরে মিলিত হইতে গমন করে; তদ্রূপ তিনি কালরূপী ঈশ্বরপরতন্ত্র জীবরূপে আত্মীয় ও সুহৃদগণকে বিবেচনা করিলেন। (সকলের সঙ্গবর্জ্জিত হইতে ইচ্ছা করিলেন?।২৭। হে রাজন্! সেই ভার্গবী দেবযানী সংসার-সঙ্গকে স্বপ্নতুল্য বোধ করিয়া, সর্ব্বত্র সঙ্গ পরিত্যাগ করতঃ ভগবান্ কৃষ্ণে মনোনিবেশপূর্ব্বক স্বীয় দৈহিক উপাধি পরিত্যাগ করিলেন। ২৮। শ্রীসূতগোস্বামী শৌনকাদিকে সম্বোধন করিয়া কহিলেন; হে মুনিগণ! রাজা পরীক্ষিৎকে এই সকল কথা বলিতে বলিতে শ্রীশুকদেব ভগবৎপ্রেমে আকুল হইয়া, তাঁহার স্তবচ্ছলে বলিলেন:—হে ভগবন্! আপনি বিধাতা, বাসুদেব, সর্ব্বভূতের নিবাস-ভূমি, পরম শান্ত, এবং অতি বৃহৎ হইতেছেন;—আপনাকে নমস্কার করি। ২৯।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে একোনবিংশাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। ভোগকে তুচ্ছ বোধ না করিলে কখনই জীবের বৈরাগ্য উপস্থিত হইতে পারে না। বিনা বৈরাগ্য ভগবৎপ্রপন্নতা উপস্থিত হইতে পারে না। এই দৃষ্টান্ত দেখাইবার জন্যই এই অধ্যায়ে অতিভোগী যযাতি-চরিত্রে ভোগকে ও রমণীসম্ভোগকে অতি তুচ্ছ বলিয়া বর্ণনা করা হইল। এমন কি, তিনি নিজমুখে তুচ্ছ বলিয়া ছাগ ও ছাগীর রূপকচ্ছলে উপাখ্যান বর্ণনা করিলেন। এই বিষয়ভোগের তুচ্ছ দর্শনে বৈরাগ্য উপস্থিত হইলে, তিনি ভগবানে একান্ত প্রপন্ন হইয়া অন্তিমে ভগবচ্চরণারবিন্দ লাভ করিলেন। ইহার বিশেষ তাৎপর্য্য এই যে:—ভক্তি ব্যতীত উদ্ধারের উপায় নাই। বৈরাগ্য ব্যতীত ভক্তি বা শ্রদ্ধা উপস্থিত হইতে পারে না। বিষয়কে তুচ্ছ বোধ ব্যতীত আবার বৈরাগ্যের উদয়ও সম্ভব নহে। ইহাই যযাতির চরিত্রের জীবন্ত দৃষ্টান্ত হইয়াছে।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে একোনবিংশাধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ বিংশতি অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া রাজা পরীক্ষিৎকে শ্রীশুকদেব কহিলেন:—হে ভারত! সম্প্রতি মহাত্মা পুরুর বংশ বিবরণ বর্ণনা করিতেছি, শ্রবণ কর। ঐ বংশে তুমি জন্ম গ্রহণ করিয়াছ।

অনেক রাজর্ষি ও ব্রহ্মর্ষি এই পবিত্র পূরুবংশে উৎপন্ন হইয়াছিলেন। ১। মহাত্মা পূরু হইতে জনমেজয়ের জন্ম হইয়াছিল। তাঁহার পুত্র প্রচিন্বান্। তাঁহা হইতে প্রবীর জন্ম-গ্রহণ করেন। প্রবীরের পুত্র মনস্যু; তাঁহা হইতে চারুপদের উৎপত্তি হইয়াছিল। ২। চারুপদের পুত্র সুদ্যু; সুদ্যুর পুত্র বহুগব; বহুগবের পুত্র সংযাতি; সংযাতির পুত্র অহংযাতি; অহংযাতির পুত্র রৌদ্রাশ্ব হইতেছেন। ৩। মহামতি রৌদ্রাশ্ব, ঘৃতাচী-অপ্সরার গর্ভে দশটী পুত্র উৎপাদন করেন;—তাঁহাদের নাম ঋতেয়ু, কক্ষেয়ু, স্থণ্ডিলেয়ু, কৃতেয়ু, জলেয়ু, সন্নতেয়ু, ধর্ম্মেয়ু, সত্যেয়ু, ব্রতেয়ু ও বনেয়ু হইতেছে। তন্মধ্যে বনেয়ু, সর্ব্বকনিষ্ঠ। হে রাজন্! ইন্দ্রিয়গণ যেমন জগদাত্মা প্রাণের বশবর্ত্তী থাকে, সেইরূপ ঐ দশ পুত্রও রৌদ্রাশ্বের বশীভূত ছিলেন। ৪। ৫। ঋতেয়ুর পুত্র রন্তিনাব; রন্তিনাবের সুমতি, ধ্রুব ও অপ্রতিরথ—এই তিন পুত্র হইয়াছিল। অপ্রতিরথের পুত্র মহামতি কণ্ব হইতেছেন। ৬। কণ্বের পুত্র মেধাতিথি। এই মেধাতিথি হইতে প্রস্কন্ন প্রভৃতি ক্ষত্রিয় দ্বিজগণ উৎপন্ন হইয়াছিলেন। হে রাজন্! রন্তিনাবের জ্যেষ্ঠ পুত্র সুমতি; সুমতির পুত্র রেভি; রেভির পুত্র দুষ্মন্ত হইতেছেন। ৭। রাজা দুষ্মন্ত একদা মৃগয়ার্থ অরণ্যে প্রবেশ করিয়া মহর্ষি কণ্বের আশ্রমে উপস্থিত হইয়াছিলেন। তথায় সাক্ষাৎ লক্ষ্মীর ন্যায় স্বীয় শরীরের প্রভায় আশ্রমপদ অলোকিত করিয়া সমাসীনা, কোন একটি যুবতীকে রাজা দেখিয়াছিলেন। ৮। দেবমায়ার সদৃশী সেই তরুণীকে দেখিবামাত্র রাজা মুগ্ধ এবং অতীব আনন্দিত ও মৃগয়াজনিত শ্রমশূন্য হইয়াছিলেন। পরে কতিপয় অনুচরে পরিবৃত হইয়া তাঁহার নিকটে গমনপূর্ব্বক সেই বরারোহার সহিত সম্ভাষণ আরম্ভ করিলেন। তিনি কামপীড়িত হইয়া হাসিতে হাসিতে মধুর-বচনে সেই সুন্দরীকে এই সকল কথা জিজ্ঞাসা করিয়াছিলেন। ৯। ১০। রাজা কহিলেন:—হে কমলপত্র-নয়নে! তুমি কে? হে হৃদয়-বিহারিণি! তুমি কাহার কন্যা? তুমি নির্জ্জন বনে কি জন্য বাস করিতেছ? ১১। হে সুমধ্যমে! পূরুবংশীয়দিগের চিত্ত কদাপি অধর্ম্মে রত হয় না; আমার অন্তঃকরণ তোমাতে যখন অনুরক্ত হইতেছে, তখন আমার স্পষ্ট বোধ হইতেছে,—তুমি কোন ক্ষত্রিয়-তনয়া হইতেছ। ১২। রাজার কথা শ্রবণে আনন্দে শকুন্তলা কহিলেন,—হে রাজন্! আমি বিশ্বামিত্রের কন্যা, স্বর্গনারী মেনকা আমার জননী। জননী মেনকা বনমধ্যে আমাকে পরিত্যাগ করিয়া গিয়াছেন। ভগবান্ কণ্ব এ বিষয় অবগত আছেন। হে বীর! আপনার কি প্রিয়সাধন করিব,—আজ্ঞা করুন। ১৩। হে কমল-লোচন! আসন পরিগ্রহ করুন; আমাদের পূজা গ্রহণ করুন;—এখানে নীবারতণ্ডুল আছে, ভোজন করুন;—যদি অভিরুচি হয়, কিয়ৎকাল অবস্থিতি করুন। ১৪। মহারাজ দুষ্মন্ত কহিলেন,—"হে সুভ্রু! তুমি কুশিক বংশে জন্ম গ্রহণ করিয়াছ,—অতএব তোমার এরূপ আচরণ উপযুক্তই বটে। যেহেতু, রাজকন্যারা সদৃশ বরকে স্বয়ংই বরণ করিয়া থাকেন। ১৫। রাজার এই কথায় সুন্দরী শকুন্তলা "তাহাই করিলাম" বলিয়া প্রণব উচ্চারণ করিলেন। দেশ-কাল-বিধানজ্ঞ রাজা, গান্ধর্ব্ব বিধি-অনুসারে তাঁহার পাণিগ্রহণ করিলেন। ১৬। রাজর্ষি দুষ্মন্ত অমোঘবীর্য্য। সেই মিলন-নিশাতে মহিষীতে বীর্য্যাধান করিয়া, তিনি পরদিবস স্বীয় রাজপুরে প্রস্থান করিয়াছিলেন। যথাকালে শকুন্তলাও

এক বীর পুত্র প্রসব করিয়াছিলেন। ১৭। মহর্ষি কণ্ব, বনমধ্যেই রাজকুমারের উচিতমত জাতকর্ম্মাদি ক্রিয়াসকল সম্পন্ন করিয়াছিলেন। হে রাজন্! সেই বালক এতদূর বীর্য্যবান্ হইয়াছিল, যে বলপূর্ব্বক সিংহ ধরিয়া তাহার সহিত ক্রীড়া করিত। ১৮। হে রাজন্! সেই প্রমদোত্তমা শকুন্তলা, ভগবান্ হরির অংশের অংশে উৎপন্ন নিরতিশয় বিক্রমশালী নিজ পুত্রকে লইয়া একদা ভর্ত্তৃ-সন্নিধানে গমন করিলেন। ১৯। রাজা দুষ্মন্ত প্রথমে ভ্রমে পতিত হইয়া নির্দ্দোষ পুত্র-কলত্রকে পরিগ্রহণ করিতে সম্মত হয়েন নাই। হে মহারাজ! সেই সময়ে এমন ভাবে এক দৈববাণী হইয়াছিল;—যে সকল প্রাণীই সেই বাণী শুনিতে পাইয়াছিল। ২০। সেই দৈববাণী কহিল :—"অহে দুষ্মন্ত! জীবের পক্ষে মাতা ভস্ত্রা নামক চর্ম্মপাত্রবৎ আধার মাত্র,—পিতারই পুত্র; কারণ, আত্মাই পুত্ররূপে উৎপন্ন হয়েন। অতএব হে দুষ্মন্ত! আপন পুত্রকে গ্রহণ করিয়া ভরণপোষণ কর,—শকুন্তলার অবমাননা করিও না। ২১। হে নরদেব! যে ব্যক্তি রেতঃসেক করে, পুত্র তাহাকেই যমভবন হইতে নিস্তার করিয়া থাকে। তুমিই এই গর্ভাধান করিয়াছিলে, শকুন্তলা সত্য কহিতেছেন। ২২। এতচ্ছ্রবণে রাজা দুষ্মন্ত সেই দৈববাণীকে বিশ্বাস করিয়া, পুত্র-কলত্র গ্রহণ করেন। দুষ্মন্ত দেহত্যাগ করিলে মহাযশস্বী পুত্র ভরত সম্রাট হইয়াছিলেন। হে পরীক্ষিৎ! মহাবীর ভরত ভগবান্ হরির অংশে উৎপন্ন হইয়াছিলেন বলিয়া তাঁহার মহিমা অদ্যাপি মহীমণ্ডলের সর্ব্বত্র পরিগীত হয়। ২৩। তাঁহার দক্ষিণ হস্তে চক্র এবং পদদ্বয়ে পদ্মকোষের চিহ্ন অঙ্কিত ছিল। সেই অধিরাজ বিভু ভরত, মহা মহা অভিষেক দ্বারা অভিষিক্ত হইয়া বহু যজ্ঞ করিয়াছিলেন। ২৪। গঙ্গাকূলে একে একে পঞ্চপঞ্চাশৎ অশ্বমেধ যজ্ঞ করেন। সেই রাজা যজ্ঞের জন্য মমতা-তনয় ভরদ্বাজকে পুরোহিত করিয়াছিলেন। ২৫। তিনি ব্রাহ্মণদিগকে যথেষ্ট ধন দানপূর্ব্বক যমুনাতীরে অষ্টসপ্ততি অশ্বমেধীয় অশ্ব যথাক্রমে বন্ধন করিয়াছিলেন। হে রাজন্! সেই দুষ্মন্ততনয় মহাবীর ভরত প্রতি পবিত্র তীর্থে অগ্নিচয়ন করিয়া যজ্ঞ করিয়াছিলেন। সেই সকল যজ্ঞে তিনি সহস্র সহস্র ব্রাহ্মণের প্রত্যেককে এক এক বদ্ধ অর্থাৎ ত্রয়োদশ সহস্র সপ্তশত চতুরশীতি সুসজ্জিতা ও সবৎসা গাভী প্রদান করিয়াছিলেন। ২৬। হে মহারাজ! দুষ্মন্ত-তনয় ভরত কোন সময়ে একেবারে ত্রয়স্ত্রিংশৎ শত যজ্ঞীয় অশ্ব বন্ধনপূর্ব্বক পৃথিবীর নৃপগণকে বিস্ময়াম্বিত করিয়া দেবতাদিগেরও বৈভব অতিক্রমণ করিয়াছিলেন। অবশেষে তিনি পরমগুরু ভগবান্ হরিকে প্রাপ্ত হইয়াছিলেন। ২৭। হে রাজন্! তিনি মষ্ণার নামক কোন যজ্ঞে শ্বেতদন্তবিশিষ্ট চতুর্দ্দশ নিযুত শ্রেষ্ঠ হস্তীকে হিরণ্যে পরিবৃত করিয়া ব্রাহ্মণগণকে দান করিয়াছিলেন। ২৮। মহাত্মা ভরত যে সকল কর্ম্ম করিয়াছিলেন,—যেমন বাহু দ্বারা স্বর্গ প্রাপ্ত হওয়া যায় না, সেইরূপ পূর্ব্বতন ও পরবর্ত্তী নৃপগণের মধ্যে কেহই সেই কর্ম্মে সক্ষম হইতে পারেন নাই। ২৯। তিনি দিগ্বিজয় করিতে গিয়া :—কিরাত, হূণ, যবন, পৌণ্ড্র, কঙ্ক, খশ, শক এবং অন্যান্য অব্রাহ্মণ্য নৃপতি ও সমস্ত ম্লেচ্ছজাতিকে বিনষ্ট করিয়াছিলেন। ৩০। পূর্ব্বে যে সকল দানব, দেবগণকে জয় করিয়া এবং বিজিত দেবগণের মহিলাদিগকে লইয়া রসাতলে বাস করিতেছিল। মহাত্মা ভরত তাহাদিগকে বধ করিয়া, সেই সকল দেবাঙ্গনাকে পুনরায় স্বর্গে আনয়ন

করিয়াছিলেন। ৩১। হে রাজন্! মহাত্মা ভরতের রাজত্ব-সময়ে স্বর্গ ও পৃথিবী সর্ব্বদা প্রজাকুলের সকল অভিলাষ সম্পাদন করিত। ঐ রাজা সপ্তবিংশতি সহস্র সংবৎসর রাজ্যশাসন করিয়া সকলদিকেই নিজের শাসন প্রবর্ত্তিত করিয়াছিলেন। ৩২। কিয়ৎকাল এইভাবে রাজ্যভোগের পর সম্রাট্ ভরত লোকপালাধিক ঐশ্বর্য্য, অধিরাজ-সম্পত্তি, দুর্দ্ধর্ষ সৈন্য ও আত্মদেহ সকলকেই অলীক বিবেচনা করিয়া বিষয় হইতে বিতৃষ্ণ হইলেন। ৩৩। হে রাজন্! তাঁহার বিদর্ভ-দেশীয়া পতিব্রতা তিনটী পত্নী ছিল। পত্নীগণের মধ্যে এক-জনের গর্ভে একটী পুত্র হইলে, রাজা তাহাকে দেখিয়া বলিয়াছিলেন,—"এ পুত্র আমার অনুরূপ নহে।" সেই দিন হইতে পত্নীগণের যত পুত্র হইত, সে সকলকে রাজা পাছে 'অননুরূপ' বলেন, এবং তাঁহাদিগকে 'ব্যভিচারিণী' ভাবিয়া ত্যাগ করেন,—এই আশঙ্কায় সেই মহিষীগণ পতিব্রতা হইয়া স্ব স্ব সন্তানকে বিনষ্ট করিয়া ফেলিতেন। ৩৪। এইরূপে বংশ নষ্ট হওয়াতে মহারাজ ভরত, অনুরূপ-পুত্র-লাভার্থ মরুৎসোম নামক মহা যাগ করিয়াছিলেন; তাহাতে মরুদ্গণ প্রসন্ন হইয়া তাঁহার হস্তে ভরদ্বাজ নামক পুত্র সমর্পণ করিয়াছিলেন। ৩৫। হে মহারাজ! এই ভরদ্বাজের নাম ও জন্ম বৃত্তান্ত শ্রবণ কর। একদা সুরগুরু বৃহস্পতি কামোন্মত্ত হইয়া নিজ ভ্রাতা উতথ্যের পত্নী মমতাদেবীতে মৈথুনার্থ গমন করিয়াছিলেন। সেই সময়ে মমতা দেবী পূর্ণগর্ভা ছিলেন। বলপূর্ব্বক বৃহস্পতি রেতসেক করিলে, গর্ভস্থ বালক গর্ভের দ্বার রোধ করেন। বৃহস্পতি তাহাতে গর্ভস্থ বালকের উপরে ক্রুদ্ধ হইয়া অভিসম্পাত দিয়া রেতঃসেক করেন। (তাহাতে ঐ রেত বাহিরে পতিত হইলেও এক পুত্র হয়।) ৩৬। হে রাজন্! সতী মমতা স্বামীর নিকটে ব্যভিচারিণী হইবেন, এই ভয়ে ভীতা হইয়া যখন সেই কুমারটীকে ত্যাগ করিতে ইচ্ছা করেন, তখন দেবগণ সেই কুমারের নাম-নির্ব্বাচনার্থ এই শ্লোক গান করেন। ৩৭। হে রাজন্! দেব-লোকে দেবগণ বলেন; যখন মমতা স্বামীভয়ে সেই বালককে ত্যাগ করিতেছিলেন, তখন বৃহস্পতি বলিয়াছিলেন, রে মূঢ়ে! তুমি এই দ্বাজকে অর্থাৎ পরবীর্য্যজ পুত্রকে ভরণ কর। তচ্ছ্রবণে মমতাদেবী কহিয়াছিলেন, হে বৃহস্পতে! তুমি এই পরক্ষেত্রজ পুত্রকে ভরণ কর। দ্বাজ বলিয়া ঐ পুত্রের ভরণার্থ উভয়ের বিবাদ হইল বলিয়া এবং উহাকে পরিত্যাগ করিয়া পিতামাতা প্রস্থান করিল বলিয়া, পুত্রের নাম ভরদ্বাজ হইয়াছিল। ৩৮। হে রাজন্! দেবতারা পুত্রের জন্মবিষয়ে এই প্রকার কহিতে থাকিলেও উতথ্য ব্যভিচারোৎপন্ন সেই বালককে ব্যর্থ বোধ করিলেন, জননী মমতাও তাহাকে ত্যাগ করিলেন। মরুদ্গণ সেই কুমারকে লইয়া প্রতিপালন করিয়াছিলেন। যখন ভরতবংশ বিনষ্ট হইবার উপক্রম হইল, সেই সময় তাঁহারা ঐ রাজাকে সেই ভরদ্বাজ নামক পুত্রটি সমর্পণ করিয়াছিলেন। ৩৯।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে বিংশতি অধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। পুত্রার্থে যথানিয়মে রমণী গ্রহণ না করিয়া কেবল উভয়ের কাম চরিতার্থ হইবার জন্য যদি গোপনে কোন পুরুষের সহিত কোন কামিনী সম্ভোগ করে; সেই পুরুষ অতি মহিমান্বিত ও যশস্বী হইলেও গুপ্তপ্রণয়িনীর নিকটে প্রবঞ্চনা করিয়া থাকে। সেই

দৃষ্টান্ত দেখাইতে এই অধ্যায়ে দুষ্মন্ত ও শকুন্তলা চরিত্র বর্ণিত হইয়াছে। এই জন্য দুষ্মন্তের ন্যায় ক্ষত্রিয় সম্রাট শকুন্তলার প্রণয় বিস্মৃত হইয়াছিলেন। ঐরূপ বা কোনরূপ প্রণয়বিমুগ্ধা রমণী যদি একান্ত স্বামীপরায়ণা থাকেন, তাহাহইলে পুরুষ প্রবঞ্চনা করিলেও দৈব তাঁহার সহায় হইয়া কামিনীর সুখসৌভাগ্য সেই স্বামী হইতেই উদ্ভূত করিয়া থাকেন। ইহা বুঝাইতে দৈববাণী দ্বারা শকুন্তলা পুনরায় গৃহীতা হইয়াছিলেন। স্বামীরতা ছিলেন বলিয়া ভরত নামে যশস্বী পুত্রের মুখ দর্শন করিয়াছিলেন। ইহার বিশেষ তাৎপর্য্য এই যে:— প্রবৃত্তিমার্গেও জীব যদি স্বধর্ম্মনিষ্ঠ থাকে, তাহার যশ, ঐশ্বর্য্য এবং বীর্য্য ভরতাদির ন্যায় অক্ষুণ্ণ হইয়া থাকে। বিনা ধর্ম্ম, কি প্রবৃত্তি কি নিবৃত্তি কোন পথেই জীবের উন্নতি হয় না।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে বিংশতি অধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ একবিংশ অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধনপূর্ব্বক শ্রীশুকদেব কহিলেন,— হে পাণ্ডুনন্দন! যে ভরদ্বাজ রাজর্ষি ভরতের পুরোহিত ছিলেন, তিনিই ভরতের বংশ বিতথ অর্থাৎ নষ্ট হইল বলিয়া মরুদ্গণকর্ত্তৃক দত্তকপুত্ররূপে প্রদত্ত হইয়াছিলেন। এইজন্য তাঁহার নাম বিতথ হইয়াছিল। সেই মহাত্মা বিতথের পুত্র মন্যু। মন্যু হইতে বৃহৎক্ষত্র, জয়, মহাবীর্য্য, নর এবং গর্গ—এই পাঁচ পুত্র উৎপন্ন হইয়াছিল। ১। মহাবীর নরের পুত্র সঙ্কৃতি; সঙ্কৃতির পুত্র গুরু এবং রন্তিদেব। হে রাজন্! রন্তিদেবের মহিমা ইহলোকে ও পরলোকে সর্ব্বদা গীত হইয়া থাকে। ২। তাঁহার অসীম বিত্ত নিরন্তর সাধুব্যয়ে প্রযুক্ত হইয়াছিল। ৩। হে মহারাজ! এমন কি অতুল সম্পত্তি দানে তিনি সময়ে সময়ে এত নিষ্কিঞ্চন হইতেন যে:—স্বয়ং বুভুক্ষিত থাকিয়াও, লব্ধ বস্তু তৎক্ষণাৎ ভিক্ষুককে দান করিতেন। এইরূপ অপরিমিত দানে ঐ নরপতি সমুদায় বিত্তহীন ও নির্দ্ধন হইয়া এক সময়ে সপরিবারে ক্ষুধায় অবসন্ন হইয়াছিলেন;—জলগণ্ডূষমাত্রও পান না করিয়া তাঁহার অষ্টচত্বারিংশতি দিবস অতীত হইয়াছিল। হে রাজন্! এমন কি! পরিবারসকল আহার অভাবে কষ্ট পাইতে লাগিল, আপনিও ক্ষুধায় ও তৃষ্ণায় কম্পান্বিতকলেবর হইলেন। উনপঞ্চাশৎ দিবসের প্রাতঃকালে হঠাৎ কোথা হইতে ঘৃত, পায়স, যবান্ন এবং কিঞ্চিৎ জল উপস্থিত হইল। ৪। হে মহারাজ! যেমন সপরিবারে রাজা ভোজন করিতে যাইবেন, এমন সময় একজন ব্রাহ্মণ-অতিথি আসিয়া উপস্থিত হইলেন। ৫। সেই রাজা সর্ব্বত্র হরিকে নিরীক্ষণপূর্ব্বক অর্থাৎ হরির ইচ্ছা বিবেচনা করিয়া সাদরে ও শ্রদ্ধাসহকারে সেই সকল দ্রব্য হইতে একাংশ ব্রাহ্মণকে উপযুক্তমতে বিভাগ করিয়া দিলেন। সেই ব্রাহ্মণ পূর্ণ ভোজনান্তে গমন করিলেন। ৬। হে রাজন্! তদনন্তর সেই ব্রাহ্মণের ভোগাবশিষ্ট অন্নাদি স্বীয় পরিবারদিগকে ভাগ করিয়া দিয়া স্বয়ং ভক্ষণ করিতে যাইবেন, এমন সময়ে একজন ক্ষুধিত শূদ্র আসিয়া তাঁহার অতিথি হইল। মহামতি রন্তিদেব ভগবান্ হরিকে স্মরণ করিয়া সেই

নিজার্থ অবশিষ্ট দ্রব্য তাহাকেও ভাগ করিয়া দিলেন। ৭। ভোজনান্তে শূদ্র-অতিথি বিদায় হইয়া গেলে, বহুতর কুক্কুরে পরিবৃত আর এক চণ্ডাল ব্যক্তি অতিথিভাবে আসিয়া কহিল; হে রাজন্! আমার এই কুক্কুরগণ ও আমি অত্যন্ত ক্ষুধার্ত্ত হইয়াছি, আহার প্রদান করুন।৮। রাজা ঐ ব্যক্তিরও বহুসম্মান করিলেন, এবং সমাদরপূর্ব্বক সেই অবশিষ্ট অন্ন সেই সকল কুক্কুর ও কুক্কুর-পতিকে প্রদান করিলেন, কুক্কুর ও কুক্কুরপতিকে নমস্কার করিলেন। ৯। হে রাজন্! অন্ন সমস্ত ফুরাইয়া গেল, কেবল একজনের তৃষ্ণা দূর হইতে পারে; এইরূপ জলমাত্র অবশিষ্ট রহিল, রাজা তাহাই পান করিবার উদ্যোগ করিতেছেন,—ইত্যবসরে এক জন পুক্কশ আসিল, এবং সকরুণ-বচনে কহিল,—হে মহারাজ! আমি অতি শ্রান্ত হইয়াছি, এই অপবিত্র ব্যক্তিকে কিঞ্চিৎ জল দান করুন। সেই অশুচি ব্যক্তির ঐ করুণ-বচন এবং বিপুল-শ্রমের বিবরণ শ্রবণ করিয়া রাজর্ষি রন্তিদেবের অতিশয় দয়া হইল। তিনি দুঃখিত হইয়া অমৃতময় বাক্যে কহিলেন, "আমি পরমেশ্বরের সন্নিধানে অণিমাদি অষ্টসিদ্ধি-যুক্ত গতি অথবা মুক্তির কামনা করি না, হরির নিকট আমার প্রার্থনা এই—আমি যেন সমস্ত দেহীর মধ্যস্থ হইয়া তাহাদের দুঃখ গ্রহণ করি; এবং আমা হইতে যেন সকল দেহীর দুঃখ দূরীভূত হয়। ১০।১১।১২। এই দীন পুক্কশ নিজ জীবন-ধারণার্থ জল ভিক্ষা করিতেছে; ইহার জীবনার্থ জলার্পণ করিলেই এবং ইহাকে সুখী দেখিলেই আমার ক্ষুধা, তৃষ্ণা, শ্রান্তি, গাত্রঘূর্ণি, কাতর্য্য, ক্লান্তি, শোক, বিষাদ ও মোহ সমুদায় নিবৃত্ত হইবে। ১৩। হে মহারাজ! এই প্রকার কহিয়া সেই অতিশয় দয়ালু মহারাজা রন্তিদেব স্বয়ং পিপাসায় ম্রিয়মাণ হইয়াও, সেই পুক্কশকে আপনার পানীয় জল প্রদান করিলেন। ১৪। হে রাজন্! ফলাকাঙ্ক্ষীদিগের ফলদাতা বিষ্ণুর আদেশে নিযুক্ত ত্রৈলোক্যেশ্বর ব্রহ্মাদি দেবগণ, মহারাজ রন্তিদেবের দান ও ধৈর্য্য-পরীক্ষার্থ প্রথমতঃ মায়া ব্রাহ্মণাদিরূপে আসিয়াছিলেন,পরে তাঁহার ধৈর্য্য দেখিয়া সন্তুষ্ট হইয়া স্বীয় স্বীয় প্রকৃতরূপ নৃপতি-সমক্ষে ধারণ করিলেন। ১৫। মহারাজ রন্তিদেব সেই সকল দেবতাগণকে দর্শন ও প্রণামপূর্ব্বক নিঃসঙ্গ ও নিঃস্পৃহ হইয়া কেবল ভগবান্ বাসুদেবে চিত্ত-নিবেশ করিয়াছিলেন, তাঁহাদের নিকট কিছুই চাহিলেন না। ১৬। হে রাজন্! নরপতি রন্তিদেব ভগবান্ হরি ব্যতীত অন্যের নিকট ফলের প্রতীক্ষা না করিয়া আপনার চিত্তকে সেই ভগবানে সমর্পণ করাতে তাঁহার নিকট গুণময়ী মায়া স্বপ্নবৎ হইয়া মনেতেই বিলীন হইয়াছিল। ১৭। হে রাজন্! তাঁহার অনুগামী জনগণ তদীয় প্রসঙ্গ প্রভাবে সকলেই নারায়ণ-পরায়ণ যোগী হইয়াছিলেন। ১৮। হে রাজন্! বিতথের কনিষ্ঠ পৌত্র গর্গ হইতে শিনি উৎপন্ন হয়েন। শিনির পুত্র গার্গ্য। ক্ষত্রিয় হইতে উৎপন্ন হইলেও নিজ তপোতেজে ব্রাহ্মণ হইয়াছিলেন। তাঁহার ঔরসে মহামতি মহাবীর্য্য জন্মগ্রহণ করেন। মহাবীর্য্য হইতে দুরিতক্ষয় উৎপন্ন হইয়াছিলেন। দুরিতক্ষয়ের ত্রয্যারুণি, কবি ও পুষ্করারুণি নামে তিন পুত্র হয়। ১৯। তাঁহারা তিন জনেই সাধনবলে ব্রাহ্মণত্ব প্রাপ্ত হইয়াছিলেন। বিতথের প্রথম পৌত্র বৃহৎক্ষত্রের পুত্র হস্তী, তিনিই হস্তিনাপুর নির্ম্মাণ করেন। ২০। হে মহারাজ! সেই হস্তীর তিন পুত্র,—অজমীঢ়, দ্বিমীঢ় ও পুরুমীঢ় হইয়াছিলেন। অজমীঢ়ের বংশে প্রিয়মেধাদি দ্বিজগণ উৎপন্ন

হয়েন। ২১। অজমীঢ় হইতে বৃহদিষু নামে অন্য এক ক্ষত্রিয় পুত্র জন্মিয়াছিলেন। তাঁহার পুত্র বৃহদ্ধনু। বৃহদ্ধনুর পুত্র বৃহৎকায়; বৃহৎকায়ের পুত্র জয়দ্রথ হইতেছেন। ২২। জয়দ্রথের পুত্র বিষদ; বিষদের পুত্র স্যেনজিৎ। স্যেনজিতের—রুচিরাশ্ব, দৃঢ়হনু, কাশ্য এবং বৎস এই চারি পুত্র হইয়াছিল। ২৩। রুচিরাশ্বের পুত্র পার;—পারের পুত্র পৃথুসেন হইতেছেন। ঐ মহামতি পারের নীপ নামে অন্য এক পুত্র ছিলেন, তাঁহার একশত পুত্র হইয়াছিল। ২৪। সেই মহামতি নীপই শুককন্যা কৃত্বীর গর্ভে ব্রহ্মদত্তকে উৎপাদন করেন। সেই ব্রহ্মদত্ত মহাযোগী ছিলেন। তিনি স্বীয় ভার্য্যা সরস্বতী দেবীর গর্ভে বিষ্বক্সেন নামে এক সন্তান উৎপাদন করেন। ২৫। সেই বিষ্বক্সেন মহর্ষি জৈগীষব্যের উপদেশে যোগতন্ত্র প্রণয়ন করিয়াছিলেন। ঐ বিষ্বক্সেন হইতে উদক্সেন এবং তাঁহা হইতে ভল্লাট উৎপন্ন হইয়াছিলেন। ইহাঁরা সকলে বৃহদিষুর বংশে উদ্ভূত হয়েন। ২৬। হে রাজন্! বৃহৎক্ষত্রের দ্বিতীয় পৌত্র দ্বিমীঢ়ের পুত্র যবীনর; যবীনরের পুত্র কৃতিমান্। কৃতিমানের পুত্র সত্যধৃতি; সত্যধৃতির পুত্র দৃঢ়নেমি; দৃঢ়নেমির পুত্র সুপার্শ্ব হইতেছেন। ২৭। সুপার্শ্বের পুত্র সুমতি; সুমতির পুত্র সন্নতিমান; সন্নতিমানের পুত্র কৃতী; তিনি হিরণ্যনাভের নিকট যোগতন্ত্র প্রাপ্ত হইয়া ছয়খানি যোগ-সংহিতা বিভাগপূর্ব্বক শিষ্যগণকে অধ্যাপন করিয়াছিলেন। ২৮। সেই মহামতি কৃতী হইতে উগ্রায়ুধের উৎপত্তি হয়। তাঁহার পুত্র ক্ষেম্য; ক্ষেম্যের পুত্র সুবীর। সুবীরের পুত্র রিপুঞ্জয় হইতেছেন। ২৯। রিপুঞ্জয়ের পুত্র বহুরথ হইতেছেন। হে রাজন্! বৃহৎক্ষত্রের তৃতীয় পৌত্র পুরুমীঢ় নিঃসন্তান ছিলেন। অজমীঢ়ের নলিনী নামে যে ভার্য্যা ছিল, তাঁহার গর্ভে নীল নামে এক সন্তান উৎপন্ন হইয়াছিলেন। তাঁহার পুত্র শান্তি হইতেছেন। ৩০। সেই শান্তির পুত্র সুশান্তি; সুশান্তির পুত্র পুরুজ; পুরুজের পুত্র অর্ক; অর্কের পুত্র ভর্ম্ম্যাশ্ব। তাঁহার মুদ্গলাদি পঞ্চপুত্র হইয়াছিল। ৩১। মুদ্গল, যবীনর, বৃহদিশ্ব, কাম্পিল্ল এবং সঞ্জয় ভর্ম্ম্যাশ্বের এই পাঁচ পুত্র হইতেছে। মহাত্মা ভর্ম্ম্যাশ্ব একদা কহিয়াছিলেন,—"আমার পাঁচটী পুত্রই পঞ্চ বিষয় রক্ষা করিতে পারিবেন।" ৩২। হে মহারাজ! পিতা ভর্ম্ম্যাশ্ব নিজ পঞ্চ পুত্রকে (পঞ্চানাং বিষয়ানাং অলং) অর্থাৎ পঞ্চ বিষয় রক্ষক এই কথা বলিয়াছিলেন বলিয়া তাঁহাদের নাম পঞ্চাল হইয়াছিল। মহাত্মা মুদ্গল হইতে মৌদ্গল্য-গোত্রীয় ব্রাহ্মণ-জাতি সম্ভূত হইয়াছিল। ৩৩। ভর্ম্ম্যাশ্ব পুত্র মুদ্গলের যমজ অপত্য হয়। যমজের মধ্যে পুত্রের নাম—দিবোদাস এবং কন্যার নাম অহল্যা হইয়াছিল। মহর্ষি গৌতম হইতে সেই অহল্যার শতানন্দ নামে এক পুত্র জন্মগ্রহণ করেন। ৩৪। শতানন্দের পুত্র সত্যধৃতি;—তিনি ধনুর্ব্বেদে সুপণ্ডিত ছিলেন। তাঁহার পুত্র শরদ্বান্। হে মহারাজ! উর্ব্বশী-দর্শনে কামস্পৃহায় শরদ্বানের শুক্র শরস্তম্বে পতিত হওয়াতে তাহাতে শুভ যমজ অপত্য হইয়াছিল। একদা মহাত্মা শান্তনু রাজা মৃগয়া করিতে গিয়া দৈবাৎ শরবণে যুগল সন্তান দেখিতে পাইয়া কৃপা-পরবশ হইয়া, সেই অপত্য-যুগলকে নিজগৃহে লইয়া আইসেন। হে মহারাজ! সেই বালকের নাম,—কৃপ; বালিকার নাম,—কৃপী। এই কৃপী সতীই দ্রোণাচার্য্যের পত্নী হইয়াছিলেন। ৩৫।৩৬

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে একবিংশাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। ঈশ্বরে চিত্তার্পণ করিয়া দানাদি পুণ্যকর্ম্মে জীব যদি নিরত হয়; এবং আচণ্ডালে ভগবৎবুদ্ধি করিয়া তাহাকে যদি তুষ্ট করে, এই পুণ্যকর্ম্মেই ভগবান তাহার উপরে প্রসন্ন হইয়া পরম পদবী দান করিয়া থাকেন। এই দানাদি কার্য্য কিরূপে নিস্পৃহ ও ধৈর্য্যসহকারে করিলে জীবে সৎফল লাভ করে, তাহাই এই অধ্যায়ে রন্তিদেব চরিত্রে বর্ণিত হইয়াছে।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে একবিংশতি অধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ দ্বাবিংশ অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া রাজা পরীক্ষিৎকে শ্রীশুকদেব কহিলেন,--হে মহারাজ! মুদ্গল রাজর্ষির পুত্র দিবোদাসের সন্তান মিত্রায়ু; মিত্রায়ুর পুত্র চ্যবন; চ্যবনের পুত্র সুদাস; সুদাসের পুত্র সহদেব; সহদেবের পুত্র সোমক হইতেছেন। ১। হে রাজন্! সোমকের একশত সন্তান জন্মে; তন্মধ্যে মহাত্মা জন্তু জ্যেষ্ঠ এবং পৃষৎ কনিষ্ঠ হইতেছেন। ঐ পৃষৎ হইতে সর্ব্বসম্পদ্‌যুক্ত মহাবীর দ্রুপদ জন্মগ্রহণ করেন। ২। সেই দ্রুপদ হইতে দ্রৌপদী এবং ধৃষ্টদ্যুম্ন প্রভৃতির জন্ম হয়। ধৃষ্টদ্যুম্নের পুত্র ধৃষ্টকেতু। ইঁহারাই ভর্ম্ম্যাশ্ব-বংশীয় পাঞ্চাল হইতেছেন। ৩। হে মহারাজ! মহাত্মা বিতথের জ্যেষ্ঠ পুত্র বৃহৎক্ষত্রের প্রথম পৌত্র অজমীঢ়ের ঋক্ষ নামে অন্য এক পুত্র ছিল, তাঁহার পুত্র সম্বরণ হইতেছে। ঐ মহাত্মা সম্বরণ সূর্য্যতনয়া তপতীর পাণিগ্রহণ করেন। সেই সতী তপতীর গর্ভে কুরুক্ষেত্রপতি কুরুরাজ জন্মগ্রহণ করেন। ৪। সেই কুরুর পরীক্ষি, সুধন্বু, জহ্নু ও নিষধ নামে চারি পুত্র হইতেছেন। তন্মধ্যে সুধন্বুর পুত্র সুহোত্র; সুহোত্রের পুত্র চ্যবন; চ্যবনের পুত্র কৃতী ছিলেন। ৫। সেই কৃতীর পুত্র উপরিচর নামে বসু। ঐ বসুর বৃহদ্রথ, কুশাম্ব, মৎস্য, প্রত্যগ্র এবং চেদিপ ইত্যাদি পুত্র জন্মে। তাঁহারা সকলেই চেদিদেশের রাজা ছিলেন। ৬। বৃহদ্রথ হইতে কুশাগ্রের জন্ম হয়। কুশাগ্রের পুত্র ঋষভ; ঋষভের পুত্র পুষ্পবান, পুষ্পবানের পুত্র সত্যহিত; তাঁহার পুত্র জহু হইতেছেন। ৭। হে রাজন্! বৃহদ্রথের অন্য ভার্য্যার প্রসবকালে দুই খণ্ড হইয়া একটী সন্তান প্রসূত হইয়াছিল। ঐ খণ্ডিত সন্তানের জননী পুত্রকে তদ্রূপ দেখিয়া বাহিরে ফেলিয়া দেন। পরে জরা নামে কোন রাক্ষসী ঐ পুত্রকে দেখিতে পাইয়া "জীবিত হও, জীবিত হও" এই বাক্য উচ্চারণপূর্ব্বক ক্রীড়া করিতে করিতে সেই দুই খণ্ড মিলাইয়া এক করিয়া দিয়াছিল। তাহাতেই সেই বালক সর্ব্বাবয়ব সম্পন্ন হইয়া জরাসন্ধ নাম প্রাপ্ত হইয়াছিল। ৮। মহাত্মা জরাসন্ধের পুত্র সহদেব; সহদেবের পুত্র সোমাপি; তাঁহা হইতে শ্রুতশ্রবার উৎপত্তি হয়। হে রাজন্! কুরুপুত্র পরীক্ষি নিঃসন্তান। জহ্নুর তনয় সুরথ হইতেছেন। ৯। সেই সুরথ হইতে বিদূরথের জন্ম হয়। বিদূরথের পুত্র সার্ব্বভৌম; সার্ব্বভৌমের পুত্র জয়সেন; জয়সেনের পুত্র রাধিক;

তাঁহা হইতে অযুতায়ুর উৎপত্তি হয়। ১০। অযুতায়ুর পুত্র অক্রোধন; তাঁহার পুত্র দেবাতিথি। দেবাতিথির পুত্র ঋক্ষ; ঋক্ষ হইতে দিলীপ উৎপন্ন হন। দিলীপের পুত্র প্রতীপ হইতেছেন। ১১। প্রতীপের তিন পুত্র;—দেবাপি, শান্তনু ও বাহ্লীক। তন্মধ্যে জ্যেষ্ঠ দেবাপি পিতৃরাজ্য পরিত্যাগ করিয়া অরণ্যে গমন করেন। ১২। শান্তনু রাজা হন। পূর্ব্বজন্মে ইঁহার নাম মহাভিষ ছিল। হে মহারাজ! এই শান্তনু রাজার মহিমার কথা কি বলিব!! ইনি কর দ্বারা যে কোন জরাগ্রস্ত পুরুষকে স্পর্শ করিতেই সেই ব্যক্তি যৌবন প্রাপ্ত হইত, এবং উৎকৃষ্ট শান্তিলাভ করিত; এই মহিমাযুক্ত কর্ম্মের জন্য ইঁহার নাম শান্তনু হইয়াছিল। ১৩। ১৪। কোন সময়ে শান্তনু রাজার রাজ্যে দ্বাদশ বৎসর বৃষ্টি হয় নাই। তখন রাজা উদ্বিগ্নচিত্তে ব্রাহ্মণদিগকে ইহার কারণ জিজ্ঞাসা করিলেন। ব্রাহ্মণেরা ঐ প্রশ্ন শ্রবণে কহিয়াছিলেন,—হে মহারাজ! অগ্রজ-সত্ত্বে রাজ্যভোগ করায় আপনি পরিবেত্তা দোষে দোষী হইয়াছেন। অতএব পুররাষ্ট্রের মঙ্গল জন্য শীঘ্র অগ্রজকে আনাইয়া রাজ্য দান করুন। ১৫। ব্রাহ্মণেরা ইহা বলিলে, শান্তনু অগ্রজকে বন হইতে আনাইয়া রাজা হইতে অনুরোধ করিয়াছিলেন। কিন্তু শান্তনুর মন্ত্রী কৌশল করিয়া দেবাপিকে পতিত ও রাজসিংহাসনের অনুপযুক্ত করিতে, কতকগুলি ছদ্মবেশী ব্রাহ্মণ তাঁহার নিকট পাঠাইয়াছিলেন। তাঁহাদিগের পাষণ্ডমত-পোষক উপদেশে দেবাপি মুগ্ধ হইয়া বেদমার্গ-ভ্রষ্ট হন, এবং বেদনিন্দা করেন। ১৬। অতএব বেদনিন্দা দ্বারা পাতিত্য ঘটাতে দেবাপি রাজ্যের অনুপযুক্ত হইলেন; সুতরাং শান্তনুর রাজ্যভোগে আর কোন দোষ রহিল না। তখন যথাকালে বর্ষণ হইতে থাকিল। তদবধি দেবাপি যোগ অবলম্বনপূর্ব্বক অদ্যাপি সূক্ষ্মদেহে কলাপ-গ্রামে অবস্থিতি করিতেছেন। ১৭। হে মহারাজ! কলিযুগে চন্দ্রবংশ বিনষ্ট হইলে সত্যের প্রথমে তিনি ঐ বংশ স্থাপন করিবেন। হে রাজন্! শান্তনুর কনিষ্ঠ ভ্রাতা বাহ্লীক হইতে সোমদত্তের উৎপত্তি হয়। সোমদত্তের তিন পুত্র;—ভূরি, ভূরিশ্রবা ও শল্য নাম ধারণ করেন। ১৮। হে রাজন্! শান্তনুর ঔরসে গঙ্গার গর্ভে আত্মজ ভীষ্ম জন্মিয়াছিলেন। মহাত্মা ভীষ্ম সর্ব্বধর্ম্মজ্ঞদিগের শ্রেষ্ঠ, মহাভাগবত এবং বিদ্বান্ ছিলেন। ১৯। তিনি বীর-সমূহের অগ্রগণ্য ছিলেন। তিনি সংগ্রামে পরশুরামেরও সন্তোষ উৎপাদন করিয়াছিলেন। হে মহারাজ! শান্তনুর ঔরসে দাস-কন্যার গর্ভে চিত্রাঙ্গদ ও বিচিত্রবীর্য্য নামে দুই পুত্র জন্মে। ২০। সেই বিচিত্রবীর্য্য কনিষ্ঠ। চিত্রাঙ্গদনামক জনৈক গন্ধর্ব্ব কর্তৃক যুদ্ধে মহাবীর চিত্রাঙ্গদ নিহত হয়েন। মহীপতি শান্তনুকর্তৃক পরিণীতা হইবার পূর্ব্বে সেই দাসকন্যার গর্ভে মহর্ষি পরাশরের ঔরসে ভগবান্ হরির কলাস্বরূপ কৃষ্ণদ্বৈপায়ন মুনি অবতীর্ণ হয়েন। ২১। হে রাজন্! তিনি এই মন্বন্তরে বেদরক্ষক হইতেছেন। আমি তাঁহার পুত্র এবং তাঁহার নিকট এই ভাগবতশাস্ত্র অধ্যয়ন করিয়াছি। ২২। আমি তাঁহার সমগুণাবলম্বী পুত্র, এই জন্য সেই ভগবান্ বাদরায়ণ নিজ শিষ্য পৈল প্রভৃতিকে পরিত্যাগ করিয়া আমারই নিকট পরম গুহ্য ভাগবতশাস্ত্র কীর্ত্তন করিয়াছিলেন। হে রাজন্! শান্তনু-তনয় বিচিত্রবীর্য্য কাশিরাজের দুই কন্যা—অম্বিকা ও অম্বালিকাকে স্বয়ম্বরসভা হইতে বলপূর্ব্বক আনয়ন করিয়া পাণিগ্রহণ

করেন। ২৩। দুই ভার্য্যাতে অত্যন্ত আসক্ত হওয়াতে বিচিত্রবীর্য্য অল্পকাল মধ্যে যক্ষ্মা-রোগগ্রস্ত হইয়া কালগ্রাসে পতিত হয়েন। ২৪। তাঁহার কোন সন্তান-সন্ততি হয় নাই। তাঁহার সহোদর ভগবান্ বেদব্যাস মাতৃনিয়োগে তদীয় ক্ষেত্রে, ধৃতরাষ্ট্র, পাণ্ডু এবং বিদুর এই তিনটী পুত্র উৎপন্ন করিয়াছিলেন। ২৫। হে রাজন্! ধৃতরাষ্ট্রের ঔরসে গান্ধারীর গর্ভে শত পুত্র ও দুঃশলা-নামে এক কন্যা জন্মে, তন্মধ্যে দুর্য্যোধন জ্যেষ্ঠ হইতেছেন। ২৬। মহাত্মা পাণ্ডু কোন কর্ম্মজন্য শাপবশতঃ মৈথুন-ব্যাপারে নিষিদ্ধ হয়েন। তদীয় পত্নী কুন্তীর গর্ভে ধর্ম্ম, ইন্দ্র ও বায়ু হইতে যুধিষ্ঠিরাদি তিন মহারথ পুত্র জন্মগ্রহণ করেন। ২৭। তাঁহার মাদ্রী নামে যে অন্য ভার্য্যা ছিল, তাহাতে অশ্বিনীকুমারদ্বয় হইতে নকুল ও সহদেব নামে দুই পুত্র জন্মে। হে রাজন্! ঐ পঞ্চপাণ্ডবের একটী পত্নী দ্রৌপদী ছিলেন। যুধিষ্ঠিরাদি পঞ্চপাণ্ডব হইতে তাঁহার গর্ভে পাঁচটী সন্তান উৎপন্ন হইয়াছিল। ২৮। এই পাণ্ডবেরাই তোমার পিতৃগণ হইতেছেন। যুধিষ্ঠির হইতে প্রতিবিন্ধ্য, ভীম হইতে শ্রুতসেন, অর্জ্জুন হইতে শ্রুতকীর্ত্তি, নকুল হইতে শতানীক এবং সহদেব হইতে শ্রুতকর্ম্মা উৎপন্ন হয়েন। ২৯। হে রাজন্! (ঐ পঞ্চপাণ্ডবের অন্যান্য ভার্য্যাও ছিলেন, তাঁহাদের গর্ভে অন্যান্য পুত্রও জন্মিয়াছিল।) তন্মধ্যে যুধিষ্ঠিরের ঔরসে পৌরবীর গর্ভে দেবক; ভীমসেনের ঔরসে হিড়িম্বার গর্ভে ঘটোৎকচ ও সুন্দরী কালীর গর্ভে সর্ব্বগত; সহদেবের ঔরসে পর্ব্বত-নন্দিনী বিজয়ার গর্ভে সুহোত্র জন্মিয়াছিল। ৩০।৩১। নকুলের ঔরসে করেণুমতীর গর্ভে নরমিত্র; অর্জ্জুনের ঔরসে উলূপীর গর্ভে ইরাবান্, মণিপুর-রাজ-নন্দিনী চিত্রাঙ্গদার গর্ভে বভ্রুবাহন এবং যাদবনন্দিনী সুভদ্রাগর্ভে তোমার পিতা অভিমন্যু জন্মগ্রহণ করেন। বভ্রুবাহন মণিপুর রাজার পুত্রিকা-পুত্র বলিয়া তাঁহারই পুত্ররূপে ছিলেন। ৩২। তোমার পিতা অভিমন্যু সুভদ্রার গর্ভে জন্মিয়াছিলেন, তিনি সমস্ত অতিরথ বীরের বিজেতা এবং মহাবীর ছিলেন। তাঁহারই ঔরসে দেবী উত্তরার গর্ভে তোমার জন্ম হইয়াছে। ৩৩। হে রাজন্! অশ্বত্থামার ব্রহ্মাস্ত্রতেজে কুরুবংশ একেবারে ধ্বংস হইতেছিল, তুমিও তাহাতে বিনষ্ট হইতে; কেবল ভগবান্ শ্রীকৃষ্ণের প্রভাবে কৃতান্তের কর হইতে জীবন-সহিত একমাত্র তুমিই মুক্ত হই-য়াছ। ৩৪। হে তাত! তোমার এক্ষণে জনমেজয়, শ্রুতসেন, ভীমসেন এবং উগ্রসেন— এই চারি পুত্র। মহাসর্প তক্ষক হইতে তোমার মৃত্যু-বিবরণ অবগত হইয়া পুত্র জনমেজয় রোষবশতঃ সর্পসত্রের অনুষ্ঠানপূর্ব্বক যজ্ঞাগ্নিতে সর্পসকলকে সংহার করিবেন। ৩৫।৩৬। তোমার ঐ পুত্র মহর্ষি কলম-তনয়তুর-নামক ঋষিকে পুরোহিত করিয়া পৃথিবী জয় পূর্ব্বক অশ্বমেধ যজ্ঞ করিতে প্রবৃত্ত হইবেন এবং অন্যান্য বহুতর যজ্ঞ করিবেন। ৩৭। হে রাজন্! এই জনমেজয়ের শতানীক নামে এক পুত্র জন্মিবেন। তিনি যাজ্ঞবল্ক্য মুনির নিকট বেদ-পাঠ করিবেন, জ্ঞানবান্ মহামুনি শৌনক হইতে আত্মজ্ঞান এবং কৃপাচার্য্য হইতে অস্ত্রজ্ঞান লাভ করিবেন। ৩৮। শতানীকের পুত্র সহস্রানীক; সহস্রানীকের পুত্র অশ্বমেধজ; অশ্বমেধজের পুত্র অসীমকৃষ্ণ; তাঁহার পুত্র নেমিচক্র হইবেন। ৩৯। এই সময়ে হস্তিনা-পুরী যমুনা নদী দ্বারা বিনষ্ট হইলে, তিনি কৌশাম্বী নগরে রাজধানী স্থাপন করিয়া সুখে বাস করিবেন। নেমিচক্রের পুত্র উপ্ত; উপ্তের পুত্র চিত্ররথ; তাঁহা হইতে শুচিরথ জন্মি-

বেন। ৪০। শুচিরথের পুত্র বৃষ্টিমান্; তাঁহার পুত্র সুষেণ; সুষেণের পুত্র মহীপতি। মহীপতির পুত্র সুনীথ; তাঁহার পুত্র নৃচক্ষু; তাঁহা হইতে সুখীনল জন্মগ্রহণ করিবেন। ৪১। মহাত্মা সুখীনলের পুত্র পরিপ্লব; পরিপ্লবের পুত্র সুনয়; তাঁহার পুত্র মেধাবী; মেধাবীর পুত্র নৃপঞ্জয়; তাঁহা হইতে দূর্ব্ব, দূর্ব্ব হইতে তিমি জন্ম গ্রহণ করিবেন। ৪২। সেই তিমির বৃহদ্রথ; বৃহদ্রথের পুত্র সুদাস; সুদাসের পুত্র শতানীক; শতানীকের পুত্র দুর্দ্দমন; দুর্দ্দমনের পুত্র মহীনর হইবেন। ৪৩। মহীনরের পুত্র দণ্ডপাণি; দণ্ডপাণির পুত্র নিমি; নিমির ঔরসে ক্ষেমক উৎপন্ন হইবেন। হে মহারাজ! ব্রাহ্মণ ও ক্ষত্রিয়ের উৎপাদক এবং দেবর্ষিগণের আদৃত এই চন্দ্র বংশ, কলিযুগে রাজা ক্ষেমক পর্য্যন্ত থাকিবে। ৪৪। হে রাজন্! মগধ-বংশে যে সকল নরপতি হইবেন, অনন্তর তাঁহাদের বিবরণ বলি, শ্রবণ কর। ৪৫। জরাসন্ধ-তনয় সহদেবের পুত্র মার্জ্জারি। সেই মার্জ্জারি হইতে শ্রুতশ্রবা জন্মগ্রহণ করিবেন। তাঁহার পুত্র যুতায়ু; তাঁহার পুত্র নিরমিত্র হইবেন। ৪৬। নিরমিত্রের পুত্র সুনক্ষত্র; সুনক্ষত্রের পুত্র বৃহৎসেন; বৃহৎসেনের পুত্র কর্ম্মজিৎ; কর্ম্মজিতের পুত্র সুতঞ্জয়; সুতঞ্জয়ের পুত্র বিপ্র; তাঁহার পুত্র শুচি হইবেন। ৪৭। মহাত্মা শুচির পুত্র ক্ষেম; ক্ষেমের পুত্র সুব্রত; সুব্রতের পুত্র ধর্ম্মসূত্র; ধর্ম্মসূত্রের পুত্র সম; সমের পুত্র দ্যুমৎসেন; দ্যুমৎসেনের পুত্র সুমতি; তাঁহা হইতে সুবল জন্মিবেন। ৪৮। মহাত্মা সুবলের পুত্র সুনীথ; সুনীথের পুত্র সত্যজিৎ; সত্যজিতের পুত্র বিশ্বজিৎ; তাঁহা হইতে রিপুঞ্জয় জন্মিবেন। হে রাজন্! বৃহদ্রথ-বংশীয় এই ভূপালগণ আমাদের অবর্ত্তমানে আর সহস্র বৎসর ভবিষ্যতে পৃথিবীতে থাকিবেন। ৪৯।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে দ্বাবিংশাধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। যেমন একই ভূমিতে নিম্ব ও ইক্ষু রোপণ করিলে উভয়ে একত্রে অঙ্কুরিত ও বর্দ্ধিত হইলেও উভয়ে উভয়ের ভিন্ন গুণ প্রকাশ করে। তদ্রূপ একই চন্দ্রবংশীয় ক্ষত্রিয় ভর্ম্ম্যাশ্বের বংশে মুদ্গল নামে ব্রাহ্মণ বংশ এবং যুধিষ্ঠিরাদি ও জরাসন্ধ দুর্য্যোধনাদি পবিত্র ও অপবিত্র ক্ষত্রিয়-বংশের প্রকাশ হইয়াছিল। সকলেই আপনাপন পবিত্র ও অপবিত্র অদৃষ্টক্রমে সংসারে ভগবৎশত্রু ও ভগবদ্বন্ধু হইয়া ও কুযশ এবং কীর্ত্তি ঘোষণা করিয়া গিয়াছেন। ইহাতে বিশেষরূপে ইহা বলা হইল যে, এক বংশে উৎপন্ন হইলে কি হইবে, জীবের পক্ষে ভগবদ্ভক্তিলাভ শুভাদৃষ্টকে অপেক্ষা করিয়া থাকে।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে দ্বাবিংশতি অধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্মব্যাখ্যা সমাপ্ত।

অথ ত্রয়োবিংশ অধ্যায়।

পূর্ব্বকথা শেষ করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক শ্রীশুকদেব কহিলেন :—হে রাজন্! যযাতি-নন্দন অনুর তিন পুত্র;—সভানর, চক্ষু ও পরেক্ষু হইয়াছিল। সভানরের

পুত্র কালনর; কালনয়ের পুত্র সৃঞ্জয় হইয়াছিলেন। ১। সৃঞ্জয় হইতে জনমেজয় জন্মগ্রহণ করেন। জনমেজয়ের পুত্র মহাশাল; মহাশালের পুত্র মহামনা। মহামনার উশীনর এবং তিতিক্ষু নামে দুই পুত্র হইয়াছিল। ২। উশীনরের চারি পুত্র;—শিবি, বর, কৃমি এবং দক্ষ। শিবি হইতে বৃষাদর্ভ, সুবীর, মদ্র এবং আত্মজ্ঞানী কেকয়,—এই চারি সন্তান উৎপন্ন হইয়াছিল। ৩। হে রাজন্! অন্যান্যা তিতিক্ষুর পুত্র রুষদ্রথ; তাঁহার পুত্র হোম; তাঁহার পুত্র সুতপা; সুতপা হইতে মহামতি বলি উৎপন্ন হয়েন। ৪। ঐ বলির পত্নীতে দীর্ঘতমা ঋষির ঔরসে অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, সুহ্ম, পুণ্ড্র এবং ওড্র নামে নরপতিগণ উৎপন্ন হয়েন। ৫। তাঁহারা পূর্ব্বদেশে স্ব স্ব নামে ছয় রাজ্য স্থাপন করেন। অঙ্গ হইতে মহাবীর খলপান জন্মিয়াছিলেন। তাঁহার তনয় দিবিরথ হইয়াছিলেন। ৬। দিবিরথের পুত্র ধর্ম্মরথ; তাঁহা হইতে চিত্ররথ; চিত্ররথের সন্তান হয় নাই। তিনি রোমপাদ নামে খ্যাত ছিলেন। তাঁহার সখা অযোধ্যাধিপতি দশরথ হইতেছেন।৭। অযোধ্যাধিপতি তাঁহাকে শান্তা নাম্নী নিজ পুত্রী কন্যারূপে দান করিয়াছিলেন। হরিণী-তনয় ঋষ্যশৃঙ্গ মুনি সেই কন্যার পাণিগ্রহণ করেন। রোমপাদ রাজার রাজ্যে কিয়ৎকাল দেবতা বারিবর্ষণ না করাতে রাজার অনুমতিক্রমে বরাঙ্গনাগণ, তপোবনে যাইয়া গীত, বাদ্য, নাট্য দ্বারা বিভ্রম, বিলাস, আলিঙ্গন ও পূজন দ্বারা ঐ ঋষিকে অঙ্গরাজ্যে আনয়ন করে। ঋষ্যশৃঙ্গের আগমনমাত্রে বারিবর্ষণ হইয়াছিল। অনন্তর ঐ মুনি, নিঃসন্তান অঙ্গ রাজার জন্য মরুত্বযজ্ঞ করিয়া পুত্র প্রদান করিয়াছিলেন। ৮। ৯। নিঃসন্তান দশরথও তাঁহার সাহায্যে পুত্র লাভ করেন। ঐ রোমপাদ হইতে মহাবীর চতুরঙ্গ উৎপন্ন হয়েন। তাঁহার সন্তান পৃথুলাক্ষ হইতেছেন। ১০। পৃথুলাক্ষ হইতে বৃহদ্রথ, বৃহৎকর্ম্মা এবং বৃহদ্ভানু—এই তিন পুত্র উৎপন্ন হইয়াছিল। বৃহদ্রথ হইতে বৃহন্মনা জন্ম-গ্রহণ করেন। তাঁহার তনয় জয়দ্রথ হইয়াছিলেন। ১১। জয়দ্রথের পুত্র বিজয়; বিজয়ের সম্ভূতী নাম্নী ভার্য্যায় মহাবীর ধৃতি জন্মগ্রহণ করেন। ধৃতির পুত্র ধৃতব্রত; তাঁহার পুত্র সৎকর্ম্মা; তাঁহা হইতে অধিরথের উদ্ভব হইয়াছিল। ১২। এই ব্যক্তিই গঙ্গাতটে ক্রীড়া করিতে করিতে কুন্তীকর্ত্তৃক পরিত্যক্ত মঞ্জুষার মধ্যস্থ কানীন শিশু প্রাপ্ত হইয়া, আপনি নিঃসন্তান বলিয়া তাহাকেই নিজ তনয়-রূপে গ্রহণ করিয়াছিলেন। ১৩। হে রাজন্! ঐ বালকের নাম কর্ণ হইয়াছিল; তাঁহার সন্তান বৃষসেন নামে জন্মগ্রহণ করিয়াছিলেন। হে জগৎপতে! যযাতির অন্য পুত্র দ্রুহ্যুর পুত্র বভ্রু; তাহার তনয় সেতু হইতেছেন। ১৪। সেতুর সন্তান আরব্ধ; তাঁহার সুত গান্ধার; তৎপুত্র ধর্ম্ম; তাঁহা হইতে ধৃত উৎপন্ন হন। ধৃতের সুত দুর্ম্মদ; তাঁহা হইতে প্রচেতার উদ্ভব হইয়াছিল। ১৫। ঐ প্রচেতার শত সন্তান হইয়াছিল। হে পরীক্ষিৎ! তাঁহারাই উত্তরদিকে অবস্থিত হইয়া বংশক্রমে ম্লেচ্ছাধিপতি হইয়াছেন। হে রাজন্! যযাতির অন্য সন্তান তুর্ব্বসুর সন্তান বহ্নি; তাঁহার পুত্র ভর্গ; তাঁহা হইতে ভানুমানের জন্ম হয়। ১৬। ভানুমানের পুত্র ত্রিভানু; তাঁহার তনয় উদার-মতি করন্ধম হইয়াছিলেন। করন্ধমের পুত্র মরুত। তিনি অপুত্রতাপ্রযুক্ত পুরুবংশীয় দুষ্মন্তকে পুত্ররূপে গ্রহণ করিয়াছিলেন। ১৭। সেই দুষ্মন্ত নিজ রাজ্যাভিলাষী হইয়া পুনরায় আপন বংশে প্রবিষ্ট হইয়াছিলেন।১৮। হে নরবর! অতঃপর যযাতির জ্যেষ্ঠতনয় যদুর

বংশ বর্ণনা করিতেছি, শ্রবণ কর। ঐ বংশ অতিশয় পবিত্র; উহা মনুজ-মণ্ডলীর সকল কলুষ-নাশক হইতেছে। সেই যদুবংশ বিবরণ শ্রবণ করিলে, মানবমাত্রে সর্ব্বপাপ হইতে মুক্ত হয়। সেই যদুবংশে ভগবান্ পরমাত্মা নরাকারে অবতীর্ণ হইয়াছিলেন। হে নৃপ! সহস্রজিৎ, ক্রোষ্টু, নল এবং রিপু নামে যদুর এই চারি পুত্র হইয়াছিল। ১৯। ২০। মহাত্মা সহস্রজিতের পুত্র শতজিৎ। তাঁহার মহাহয়, রেণুহয় এবং হৈহয় নামে তিন পুত্র হইয়াছিল। হৈহয়ের পুত্র ধর্ম্ম; তাঁহার পুত্র নেত্র; নেত্রের পুত্র কুন্তি; কুন্তি হইতে সোহঞ্জি উৎপন্ন হয়েন। তাঁহার পুত্র মহিষ্মান্; মহিষ্মানের পুত্র ভদ্রসেন হইয়াছিলেন। হে রাজন্! সেই ভদ্রসেনের দুই সন্তান;—দুর্ম্মদ ও ধনক। ধনকের কৃতবীর্য্য, কৃতাগ্নি, কৃতবর্ম্মা এবং কৃতৌজা নামে চারি পুত্র হইয়াছিল; কৃতবীর্য্যের পুত্র অর্জ্জুন। তিনিই সপ্তদ্বীপের অধীশ্বর হইয়াছিলেন, এবং ভগবানের অংশ দত্তাত্রেয়-সকাশাৎ যোগশিক্ষা প্রাপ্ত হয়েন। ২৪। যজ্ঞ, দান, তপস্যা, যোগ, বেদাধ্যয়ন, শৌর্য্য, বীর্য্য ও দয়াদিতে ঐ কার্ত্তবীর্য্যার্জ্জুন মহাত্মার সমান অন্য কোন ক্ষত্রিয় নরপতি হইতে পারিবেন না। ২৫। ঐ রাজা অব্যাহত-পরাক্রমী হইয়া পঞ্চাশীতি সহস্র বৎসর পর্য্যন্ত জরাগ্রস্ত না হইয়া ছয় ইন্দ্রিয়ের দ্বারা ষড়্বর্গ বিষয় ভোগ করিয়াছিলেন। তাঁহার স্মৃতি বা বিত্ত কোন কালেও নষ্ট হয় নাই। ২৬। হে রাজন্! সেই অর্জ্জুনের সহস্র তনয় ছিল। তন্মধ্যে পাঁচ জন মাত্র সংগ্রামে অবশিষ্ট ছিল। জয়ধ্বজ, শূরসেন, বৃষভ, মধু এবং ঊর্জ্জিতই তাহাদের নাম হইতেছে। ২৭। তন্মধ্যে জয়ধ্বজের পুত্র তালজঙ্ঘ; তাঁহার শত সন্তান হয়। তালজঙ্ঘ নামক ঐ সকল ক্ষত্রিয়কে ঊর্ব্ব ঋষির তেজে রাজা সগর সংহার করিয়াছিলেন। ২৮। হে রাজন্! তালজঙ্ঘের শত-সন্তান-মধ্যে বীতিহোত্রই জ্যেষ্ঠ ছিলেন। হে মহারাজ! সেই মহাবীর কার্ত্তবীর্য্যার্জ্জুনের চতুর্থ পুত্র মধুর ঔরসে বৃষ্ণি জন্মগ্রহণ করেন। মহাত্মা মধুর শত পুত্র হয়, তন্মধ্যে বৃষ্ণিই সর্ব্বজ্যেষ্ঠ এবং মহিমান্বিত ছিলেন। তাঁহা হইতে বৃষ্ণি বংশের প্রকাশ হইয়াছে। ২৯। হে রাজন্! এই বংশে মহিমান্বিত যদু, মধু এবং বৃষ্ণির জন্য ঐ বংশ—যাদব, মাধব এবং বৃষ্ণি নামে অভিহিত হইয়াছিল। যযাতির সন্তান যদুর অন্য পুত্র ক্রোষ্টুর পুত্র বৃজিনবান্ হইয়াছিলেন। ৩০। সেই বৃজিনবানের পুত্র স্বাহিত, তাঁহার তনয় বিশদ্গু; বিশদ্গুর পুত্র চিত্ররথ; তাঁহা হইতে মহাযোগী ও মহামহিমান্বিত শশবিন্দু নৃপতির উদ্ভব হইয়াছিল। সেই মহীপতি শশবিন্দু সকলের অজেয় রাজচক্রবর্ত্তী হইয়াছিলেন, এবং সর্ব্বোৎকৃষ্ট গজ, অশ্ব, রথ, রমণী, রত্ন, মাল্য, বসন, বৃক্ষ, শক্তি, পাশ, মণি, ছত্র ও বিমান এই চতুর্দ্দশ মহারত্নের অধীশ্বর ছিলেন। ৩১। তাঁহার দশ সহস্র পত্নী ছিল। প্রত্যেক পত্নীতে এক এক লক্ষ সন্তান হওয়াতে তাঁহা হইতে দশ সহস্র লক্ষ সন্তান উৎপন্ন হইয়াছিল। ৩২। সেই সমস্ত পুত্রমধ্যে পৃথুশ্রবা প্রভৃতি ছয় জনই প্রধান ছিলেন। তাঁহাদের মধ্যে পৃথুশ্রবার সন্তান ধর্ম্ম; তাঁহার পুত্র উশনা। তিনি শত অশ্বমেধ যজ্ঞ করিয়াছিলেন। ৩৩। উশনার আত্মজ রুচক। তাঁহার পাঁচ পুত্র—পুরুজিৎ, রুক্ম, রুক্মেষু, পৃথু এবং জ্যামঘ নামে ছিলেন। ৩৪। ইহাদের মধ্যে জ্যামঘের ভার্য্যা শৈব্যা। জ্যামঘ নিঃসন্তান ছিলেন, তথাপি ভার্য্যার ভয়ে অন্য দার-পরিগ্রহ করেন নাই। তিনি একদা শত্রুভবন হইতে ভোজ্যা নাম্নী একটী কন্যা

হরণ করিয়া আনিতেছিলেন; সেই কন্যাকে রথস্থা দেখিয়া শৈব্যা ক্রুদ্ধা হইয়া পতিকে জিজ্ঞাসা করিয়াছিলেন। ৩৫। হে স্বামিন্! এই কন্যা কে? কাহাকে রথে করিয়া আনিতেছেন? নরপতি জ্যামঘ কহিলেনঃ—ইনি তোমার পুত্রবধূ। শৈব্যা বন্ধ্যা ছিলেন বলিয়া বিস্ময়ান্বিতা হইয়া পতিকে কহিলেন,—"আমি বন্ধ্যা, আমার সপত্নীও নাই; আমার স্নুষা—এ কথা কিরূপে উপযুক্ত হইল?" নরপতি জ্যামঘ কহিলেন,—"হে রাজ্ঞি! তুমি যে তনয় প্রসব করিবে, ইনি তাঁহারই পত্নী হইবেন। ৩৬। ৩৭। হে রাজন্! বিশ্বদেব এবং পিতৃগণ জ্যামঘের ঐ বাক্যে অনুমোদন করিলেন, এবং তাঁহাদের কৃপায় শৈব্যা গর্ভধারণ করেন, এবং যথাযোগ্য-কালে একটী কুমার প্রসব করেন। সেই কুমার বিদর্ভ নামে বিখ্যাত হইয়া উপযুক্ত বয়সে সেই হৃতকন্যা স্নুষার পাণিগ্রহণ করিয়াছিলেন। ৩৮।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে ত্রয়োবিংশতি অধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। এই অধ্যায়ে কেমন করিয়া রাজা যযাতির বংশ হইতে পবিত্র যদুবংশ প্রচার হইয়াছিল, এবং যে বংশে স্বয়ং ভগবান্ আবির্ভাব হইয়া অপূর্ব্ব লীলা করিয়াছিলেন। সেই বংশ মহিমা শুনিলে মনে উৎসাহ জন্মাইবার জন্য, রাজা পরীক্ষিৎকে এই যদুবংশীয় আদ্যোপান্ত নৃপতিগণের কথা সংক্ষেপে শ্রীশুকদেব কহিলেন।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে ত্রয়োবিংশতি অধ্যায়ে উপেন্দ্রকৃতাধ্যাত্ম ব্যাখ্যা সমাপ্ত।

অথ চতুর্ব্বিংশতি অধ্যায়।

পূর্ব্বকথা সমাপ্ত করিয়া শ্রীশুকদেব রাজা পরীক্ষিৎকে কহিলেন,—হে রাজন্! সেই বিদর্ভ সেই পত্নীর গর্ভে কুশ ও ক্রথ নামে দুই পুত্র উৎপাদন করেন। রোমপাদ তাঁহার তৃতীয় তনয় হইতেছেন, তাহা হইতেই বিদর্ভ বংশ মহিমান্বিত হইয়াছিল। ১। সেই রোমপাদের পুত্র বভ্রু; বভ্রু হইতে কৃতি উৎপন্ন হয়েন। কৃতির পুত্র উশিক্; তাঁহা হইতে চেদি ও চৈদ্যাদি নরপতির উৎপত্তি হয়। ২। হে রাজন্! বিদর্ভ-তনয় ক্রথের পুত্র কুন্তি। তাঁহার পুত্র বৃষ্ণি; বৃষ্ণির পুত্র নির্ব্বৃতি; নির্ব্বৃতির পুত্র দশার্হ; দশার্হের পুত্র ব্যোম হইয়াছিলেন। ৩। ব্যোমের পুত্র জীমূত; জীমূতের পুত্র বিকৃতি; বিকৃতির পুত্র ভীমরথ; ভীমরথ হইতে নবরথ জন্মগ্রহণ করেন। তাঁহার পুত্র দশরথ হইয়াছিলেন। ৪। দশরথের পুত্র শকুনি; শকুনির পুত্র করম্ভি; করম্ভির পুত্র দেবরাত; দেবরাতের তনয় দেবক্ষত্র; তাঁহার পুত্র মধু; মধু হইতে কুরুবশ উৎপন্ন হয়েন। কুরুবশের পুত্র অনু হইয়াছিলেন। ৫। তাঁহার পুত্র পুরুহোত্র; পুরুহোত্রের পুত্র আয়ু; তাঁহা হইতে সাত্বতের উৎপত্তি হয়। হে আর্য্য! সাত্বতের সাত পুত্র হয়;—ভজমান, ভজি, দিব্য, বৃষ্ণি, দেবাবৃধ, অন্ধক এবং মহাভোজই তাঁহাদের নাম ছিল। ৬। হে আর্য্য! ভজমানের দুই পত্নী। হে প্রভো! এক পত্নীতে নিম্লোচি, কিঙ্কণ এবং ধৃষ্টি—এই তিন পুত্র হয়। ৭। তাঁহার অন্য পত্নীতে শত-

জিৎ, সহস্রাজিৎ এবং অযুতাজিৎ—এই তিন পুত্র হইয়াছিল। ৮। দেবাবৃধের সন্তান বভ্রু। তাঁহাদের পিতাপুত্রের প্রসঙ্গে কবিগণ দুই শ্লোক গান করিয়া থাকেন, সেই গীত এই কথা:—"আমরা দূর হইতে যেরূপ শুনিতে পাই, নিকটেই সেইরূপ দর্শন করিয়া থাকি। ৯। মহাত্মা বভ্রু মানুষদিগের শ্রেষ্ঠ, আর দেবাবৃধ দেবতার সমান হইতেছেন। ষট্ সহস্র ত্রিসপ্ততি সংখ্যক মানবে এই বভ্রু ও দেবাবৃধের উপদেশে মোক্ষ প্রাপ্ত হইয়াছিলেন। সাত্বতের সন্তান মহাভোজ অতিশয় ধর্ম্মাত্মা ছিলেন। তাঁহার বংশে ভোজগণের উৎপত্তি হয়। ১০। ১১। হে পরন্তপ! সাত্বত-পুত্র বৃষ্ণির দুই তনয়;—সুমিত্র ও যুধাজিৎ হইয়াছিলেন। যুধাজিতের পুত্র শিনি এবং অনিমিত্র। অনিমিত্রের পুত্র নিম্ন হয়েন। ১২। নিম্নের দুই পুত্র;—সত্রাজিৎ এবং প্রসেন। হে রাজন্! অনিমিত্রের শিনি নামে অন্য এক পুত্র ছিল; তাঁহার তনয় সত্যক হইতেছেন। সেই সত্যকের পুত্র যুযুধান সাত্যকি হইতেছেন। তাঁহার পুত্র জয়; জয়ের পুত্র কুণি; কুণি হইতে যুগন্ধরের জন্ম হয়। হে নৃপ! অনিমিত্রের বৃষ্ণি নামে আরও এক তনয় ছিলেন। ১৪। সেই বৃষ্ণির পুত্র শ্বফল্ক ও চিত্ররথ হইয়াছিলেন। গান্দিনীর গর্ভে ও শ্বফল্কের ঔরসে অক্রূর এবং আর দ্বাদশটী বিখ্যাত সন্তান জন্মিয়াছিলেন। ১৫। আসঙ্গ, সারমেয়, মৃদুর, মৃদুবিৎ, গিরি, ধর্ম্মবৃদ্ধ, সুকর্ম্মা, ক্ষত্রোপেক্ষ, অরিমর্দ্দন, শত্রুঘ্ন, গন্ধমাদ এবং প্রতিবাহু ঐ দ্বাদশ সন্তানের নাম হইতেছে। ইহাদের সুচারা নাম্নী এক ভগিনীও হইয়াছিল। ১৬। ১৭। মহাত্মা অক্রূরের দেববান্ ও উপদেব নামে দুই পুত্র জন্মিয়াছিল। শ্বফল্কের ভ্রাতা চিত্ররথের পৃথু, বিদূরথ প্রভৃতি বহুতর সন্তান হইয়াছিল; তাঁহারা সকলেই বৃষ্ণি-কুলের মহিমান্বিত সন্তান হইয়াছিলেন। ১৮। কুকুর, ভজমান, শুচি, কম্বলবর্হিষ—এই চারিজন সাত্বতনন্দন অন্ধক-তনয় হয়েন। তন্মধ্যে কুকুরের পুত্র বহ্নি; বহ্নির পুত্র বিলোমা হইয়াছিলেন। ১৯। সেই বিলোমার পুত্র কপোতরোমা; তাঁহার পুত্র অনু। ঋষি তুম্বুরু ঐ অনুর সখা ছিলেন। অনুর পুত্র অন্ধক; তাঁহা হইতে দুন্দুভি উৎপন্ন হয়েন। তাঁহার তনয় অবিদ্যোত; অবিদ্যোতের পুত্র পুনর্ব্বসু হইতেছেন। ২০। পুনর্ব্বসুর এক পুত্র আহুক এবং এককন্যা আহুকী ছিলেন। আহুকের দুই তনয়;—দেবক ও উগ্রসেন হইতেছেন। ২১। ঐ দেবকের চারি পুত্র;—দেববান্, উপদেব, সুদেব এবং দেববর্দ্ধন হইয়াছিলেন। হে রাজন্! তাঁহাদিগের ধৃতদেবা, শান্তিদেবা, উপদেবা, শ্রীদেবা, দেবরক্ষিতা, সহদেবা এবং দেবকী প্রভৃতি সাত ভগিনী ছিলেন। ঐ সাত কন্যাকেই বসুদেব বিবাহ করেন। ২২। ২৩। হে রাজন্! উগ্রসেনের পুত্র,—কংস, সুনাম, ন্যগ্রোধ, কঙ্ক, শঙ্কু, সুহূ, রাষ্ট্রপাল, ধৃষ্টি এবং তুষ্টিমান্ হইতেছেন। ২৪। এতদ্ব্যতীত—কংসা, কংসবতী, কঙ্কা, শূরভূ ও রাষ্ট্রপালিকা নামে উগ্রসেনের পাঁচ কন্যা ছিল। ইহাঁরা বসুদেবানুজ দেবভাগাদির ভার্য্যা হইয়াছিলেন। ২৫। হে মহারাজ! চিত্ররথাত্মজ বিদূরথ হইতে শূর জন্মগ্রহণ করেন। তাঁহার সন্তান ভজমান; তাঁহা হইতে শিনির জন্ম হয়। শিনির তনয় ভোজ; তাঁহার তনয় হৃদিক্ হইতেছেন। ২৬। তাঁহা হইতে দেবমীঢ়, শতধনু ও কৃতবর্ম্মা—এই তিন পুত্র উৎপন্ন হয়। দেবমীঢ়ের তনয় শূর। তাঁহার মারিষা নামে এক পত্নী ছিলেন। ২৭। সেই মহীপতি শূর, মারিষার গর্ভে

বসুদেব, দেবভাগ, দেবশ্রবা, আনক, সৃঞ্জয়, শ্যামক, কঙ্ক, শমীক, বৎসক ও বৃক নামে দশটী নিষ্পাপ তনয় উৎপাদন করেন। বসুদেবের জন্মকালীন স্বর্গে দেবতাদিগের আনক এবং দুন্দুভি বাদ্য হইয়াছিল, এইজন্য সেই হরির প্রাদুর্ভাব আশ্রয়স্বরূপ বসুদেব, আনক-দুন্দুভি নামেও অভিহিত হইয়াছিলেন। ৩০। ইহাঁদিগের পাঁচ ভগিনী;—পৃথা, শ্রুতদেবা, শ্রুতকীর্ত্তি, শ্রুতশ্রবা ও রাজাধিদেবী। মহাবীর শূর, আপনার সখা কুন্তিরাজকে অপুত্রক দেখিয়া আপনার তনয়া পৃথাকে কন্যারূপে দান করিয়াছিলেন। ৩১। ঐ পৃথা, দুর্ব্বাসাকে তুষ্ট করিয়া তাঁহার নিকটে 'দেবহূতি' নামক বিদ্যা প্রাপ্ত হয়েন। অনন্তর তিনি সেই বিদ্যার বল পরীক্ষার্থ (একদা কন্যাকালে) শুচি হইয়া সূর্য্যদেবকে আহ্বান করিয়াছিলেন। ঐ বিদ্যাবলে সূর্য্যদেব তৎক্ষণাৎ নিকটে উপস্থিত হইলেন। ইহা দেখিয়া তাঁহার অতিশয় বিস্ময় জন্মিল। তখন তিনি সবিনয়-বচনে তপনকে নিবেদন করিলেন,—"হে দেব! আমি কেবল পরীক্ষার্থই বিদ্যা প্রয়োগ করিয়াছিলাম, এক্ষণে আপনি যথাস্থানে গমন করুন;—আমাকে ক্ষমা করুন।৩৩। ইহাতে ভাস্কর কহিলেন,—হে সুমধ্যমে! দেবদর্শন ব্যর্থ হয় না,—আমি তোমার গর্ভাধান করিব। তোমার অক্ষতযোনি যাহাতে দূষিত না হয়, আমি তাহার উপায় করিয়া দিব। ৩৪। এইরূপ কহিয়া কন্যাকালে কুন্তীতে গর্ভাধানপূর্ব্বক সূর্য্যদেব গমন করিলে, কিছুদিনের মধ্যে দ্বিতীয় দিবাকরের তুল্য পৃথার একটী কুমার উৎপন্ন হইয়াছিল। ৩৫। পৃথা লোকভয়ে ভীতা হইয়া সেই তনয়কে নদীজলে পরিত্যাগ করিয়াছিলেন। হে রাজন্! পরে তোমার প্রপিতামহ সত্যবিক্রম পাণ্ডু ঐ পৃথার পাণিগ্রহণ করেন। ৩৬। হে রাজন্! শ্রুতদেবতাকে করূষ-বংশীয় বৃদ্ধশর্ম্মা বিবাহ করেন। তাঁহার গর্ভে দিতিসুত হিরণ্যাক্ষ সনকাদি ঋষি-শাপগ্রস্ত হইয়া দন্তবক্র হইয়া জন্মগ্রহণ করিয়াছিলেন। ৩৭। কেকয়-বংশীয় ধৃষ্টকেতু শ্রুতকীর্ত্তির পাণিগ্রহণ করিয়াছিলেন; তাঁহার সন্তর্দ্দন প্রভৃতি পাঁচটী পুত্র জন্মিয়াছিল। ৩৮। মহীপতি জয়সেন, রাজাধিদেবীর পাণিগ্রহণ করিয়া, গর্ভে বিন্দ ও অনুবিন্দ নামে মহাবীর্য্যবান দুই পুত্র উৎপাদন করেন। চেদিরাজ দমঘোষ শ্রুতশ্রবার পাণিগ্রহণ করেন। ৩৯। তাঁহার তনয় শিশুপাল হইতেছেন। তাঁহার উৎপত্তি বিবরণ পূর্ব্বে তোমাকে বলিয়াছি। হে মহারাজ! বসুদেবের ভগিনীগণের বংশকথা শ্রবণ করিলে, এক্ষণে তাঁহার অপর নয়টি ভ্রাতার বংশ কথা শ্রবণ কর:—দেবভাগের ঔরসে কংসার গর্ভে চিত্রকেতু ও বৃহদ্বল নামে দুই পুত্র হয়। ৪০। দেবশ্রবার ঔরসে কংসবতীর গর্ভে সুবীর ও ইষুমান্; এবং কঙ্কের ঔরসে কঙ্কার গর্ভে বক, সত্যজিৎ ও পুরুজিৎ এই তিন পুত্র হয়। ৪১। হে রাজন্! সৃঞ্জয়ের ঔরসে রাষ্ট্রপালীর গর্ভে বৃষ এবং দুর্ম্মর্ষণ প্রভৃতি; শ্যামকের ঔরসে শূরভূমির গর্ভে হরিকেশ ও হিরণ্যাক্ষ নামে দুই পুত্র জন্মগ্রহণ করেন। ৪২। মহামতি বৎসকের ঔরসে মিশ্রকেশী অপ্সরার গর্ভে বৃকাদি; বৃকের ঔরসে দূর্ব্বাক্ষীর গর্ভে তক্ষ ও পুষ্করমাল্য প্রভৃতির জন্ম হয়। ৪৩। মহাত্মা সমীকের ঔরসে সুদামনীর গর্ভে সুমিত্র, অর্জ্জুনপাল প্রভৃতি এবং আনকের ঔরসে কর্ণিকার গর্ভে ঋতধামা ও জয় নামক পুত্রদ্বয় উৎপন্ন হয়েন। ৪৪। হে রাজন্! পৌরবী, রোহিণী, ভদ্রা, মদিরা, রোচনা, ইলা এবং দেবকী প্রভৃতি মহাত্মা বসুদেবের অনেক পত্নী ছিলেন। ৪৫। তন্মধ্যে রোহিণীর গর্ভে বলদেব, গদ, সারণ,

দুর্ম্মদ, বিপুল, ধ্রুব এবং কৃতাদি পুত্র উৎপন্ন হইয়াছিল। ৪৬। পৌরবীতে সুভদ্র, ভদ্রবাহু, দুর্ম্মদ, ভদ্র ও ভূত প্রভৃতি দ্বাদশটী সন্তান জন্মিয়াছিল। ৪৭। দেবী মদিরার গর্ব্ভে নন্দ, উপানন্দ, কৃতক এবং শূর প্রভৃতি উৎপন্ন হয়েন। এই নন্দাদি বসুদেবের পুত্র হইতেছেন। ব্রজরাজ নন্দ ও উপানন্দাদি ইহাঁরা নহেন। ভদ্রাদেবী কেশি নামে একমাত্র কুল-নন্দন পুত্র প্রসব করিয়াছিলেন। ৪৮। দেবী রোচনার গর্ব্ভে হস্ত, হেমাঙ্গদ প্রভৃতি পুত্র হয়। ইলার গর্ব্ভে উরুবল্ক প্রভৃতি যদু-শ্রেষ্ঠগণ জন্মগ্রহণ করিয়াছিলেন। ৪৯। দেবী ধৃতদেবার গর্ব্ভে বসুদেব হইতে বিপৃষ্ঠ নামে এক পুত্র জন্মগ্রহণ করেন। শান্তিদেবার গর্ব্ভে প্রশম, প্রথিত প্রভৃতি বসুদেব পুত্র উৎপন্ন হইয়াছিল। ৫০। উপদেবার গর্ব্ভে রাজন্য, কল্প, বর্ষ প্রভৃতি সন্তান ; শ্রীদেবাগর্ব্ভে বসু, হংস, সুবংশ প্রভৃতি ছয়টী পুত্র হইয়াছিল।৫১। বসুদেবপত্নী দেবরক্ষিতার গর্ব্ভে গদ প্রভৃতি নয়টী সুত উৎপন্ন হইয়াছিল।৫২। সাক্ষাৎ ধর্ম্ম যেমন অষ্টবসু সকলকে উৎপাদন করিয়াছিলেন, সেইরূপ বসুদেব, সহদেবার গর্ব্ভে প্রবর, শ্রুতমুখ্য প্রভৃতি অষ্ট তনয় উৎপাদন করিয়াছিলেন। ৫৩। মহিমান্বিতা দেবকীতেও বসুদেবের অষ্ট তনয় হইয়াছিল, তাঁহাদের নাম,—কীর্ত্তিমান্, সুষেণ, ভদ্রসেন, ঋজু, সংমর্দ্দন এবং ভদ্র এই ছয়টি প্রথমে জন্মায়, পরে নাগরাজের অবতার সঙ্কর্ষণ তাঁহার সপ্তম পুত্র হইয়াছিলেন। ৫৪। হে রাজন্! স্বয়ং হরি,—বসুদেব ও দেবকীর অষ্টম-পুত্রত্ব গ্রহণ করিয়াছিলেন। তোমার পিতামহী মহাভাগা সুভদ্রা সতী দেবকীর একমাত্র কন্যা ছিলেন। ৫৫। হে মহারাজ! যে যে সময়ে ধর্ম্মের ক্ষয় এবং অধর্ম্মের বৃদ্ধি হয়, সেই সেই সময়েই ভগবান্ হরি এইরূপে আপনাকে সৃজন করিয়া থাকেন। ৫৬। হে রাজন্! যিনি মায়ার নিয়ন্তা, সঙ্গবিহীন, সর্ব্বসাক্ষী এবং সর্ব্বগত হইতেছেন ; তাঁহার পক্ষে দেহগ্রহণাদি মায়া বিনোদ ব্যতিরেকে, জন্ম অথবা কর্ম্মের হেতু আর কি হইতে পারে? ৫৭। তাঁহার লীলার্থ মায়াচেষ্টা জীবের পক্ষে অনুগ্রহ-স্বরূপ; তাঁহার, অনুগ্রহই সৃষ্টি-স্থিতি-প্রলয়ের নিদান হইতেছে, জীবকে বারম্বার সৃষ্টিপ্রলয়ের অধীন না রাখিয়া মুক্ত করাও তাঁহার অনুগ্রহ হইতেছে। ৫৮। হে রাজন্! বহু বহু অক্ষৌহিণী-পতি নৃপতিচিহ্নধারী অসুরগণ, পৃথিবী আক্রমণ-কর্ত্তৃক ধরা যখন মহাভারাক্রান্তা হয়েন, তাঁহার পাপভার-হরণার্থই ভগবান সময়ে সময়ে অবতার হইয়া থাকেন। ৫৯। হে মহারাজ! যে সকল কর্ম্ম, দেবেশ্বরগণ মনেও সম্ভব বলিয়া ভাবিয়া উঠিতে পারেন নাই,—ভগবান্ মধুসূদন এই দেবকী পুত্র মূর্ত্তিতে সঙ্কর্ষণের সহিত তৎসমস্ত অবলীলাক্রমে সম্পন্ন করিয়াছিলেন। ৬০। হে রাজন্! ভগবান্ সর্ব্বশক্তিমান্ হইতেছেন। যদিও সঙ্কল্পমাত্রেই তিনি ভূভার হরণে সমর্থ আছেন, তথাপি কলিযুগে যে সকল ভক্ত জন্মিবে, তাহাদের প্রতি অনুগ্রহার্থ নিজমূর্ত্তি দ্বারা দুঃখ, শোক ও তমোগুণের নাশক নিজ পবিত্র যশ বিস্তার করিয়াছিলেন। ৬১। হে রাজন্! এই লীলাজনিত যশ সাধু-পুরুষদিগের কর্ণভূষণ এবং শ্রেষ্ঠ-তীর্থ স্বরূপ হইতেছে। একবার মাত্র যদি কেহ শ্রোত্ররূপ অঞ্জলিদ্বারা এই কথামৃত পান করে; সেই পুরুষ তৎক্ষণাৎ কর্ম্ম-বাসনাকে পরিত্যাগ করিতে সম্যক্রূপে সমর্থ হইয়া থাকে। ৬২। হে রাজন্! এই জন্যই ভোজ, বৃষ্ণি, অন্ধক, মধু, শূরসেন, দশার্হ, কুরু, সৃঞ্জয় ও পাণ্ডুবংশীয় সকল রাজন্য-

সগুলিই নিরন্তর বসুদেব-নন্দন ভগবানের চরিত্রের প্রশংসা করিয়া থাকেন। ৬৩। হে রাজন্! এই লীলায় সেই ভগবান্ স্নিগ্ধ ও সস্মিত-দর্শন, মধুর বচন, অসীম বিক্রম ও সর্ব্ব-সুন্দর মূর্ত্তি দ্বারা সমস্ত মনুষ্য-লোক আনন্দিত করিয়াছিলেন। ৬৪। হে মহারাজ! সেই ভগবান্ বাসুদেবের দোদুল্যমান্ মকরকুণ্ডলযুক্ত ও সর্ব্বদাই মধুর হাস্যযুক্ত, প্রসন্ন কপোল-যুক্ত বদনমণ্ডল, কি নর কি নারী যে কেহ একবার দেখিত; সে ব্যক্তি তাঁহাকে ভুলি-পারিত না!! এমন কি নিজ নিজ চক্ষে নিমেষ আছে বলিয়া নিমেষের অধিষ্ঠাতা নি[illegible] রাজার প্রতি সতত কুপিত হইত। ৬৫। হে রাজন্! সেই ভগবান্ শ্রীকৃষ্ণ প্রথমে নিজ চতুর্ভুজরূপে প্রকাশ হয়েন; তাহার পর মনুষ্যাকার ধারণ করিয়া পিতৃগৃহ হইতে ব্র[illegible] গমন করিয়াছিলেন। তথায় বহু রিপুবিনাশ করিয়া ব্রজবাসীদিগের কামনাপূর্ণ করেন। তৎপরে দ্বারকাপুরে বহুতর দারপরিগ্রহ করিয়া, সেই সকল পত্নীতে শত শত সন্তান উৎপাদন করিয়াছিলেন এবং সংসারে স্বকীয় বেদমার্গ বিস্তার করিতে ও শিক্ষা দিতে ভূরি ভূরি যজ্ঞ দ্বারা নিজেরই অর্চ্চনা করিয়াছিলেন। ৬৬। হে রাজন্! কুরুদিগের মধ্যে সমুত্থিত কলহকে হেতুমাত্র করিয়া, চক্ষের কটাক্ষে যুদ্ধে অধর্ম্মাচারী রাজগণের সহিত সৈ[illegible] সংহার করতঃ পৃথিবীর গুরুভার হরণ এবং অর্জ্জুনের জয়ঘোষণা করিয়া, পরমভক্ত উদ্ধবকে তত্ত্বজ্ঞান উপদেশ দিয়া, সেই ভগবান্ শ্রীহরি নিজধামে গমন করিয়াছিলেন। ৬৭।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে চতুর্ব্বিংশতি অধ্যায়ে উপেন্দ্রকৃতানুবাদ সমাপ্ত।

ব্যাখ্যা। কেমন করিয়া অদৃষ্টফলে একই যদুবংশে কংস, চেদি, দন্তবক্রাদি হরিদ্বেষী নৃপতিগণ জন্মগ্রহণপূর্ব্বক অশুভ অদৃষ্টবলে হরিপদারবিন্দে ভক্তি না করিয়া নিহত হইয়াছিলেন এবং সেই বংশেই উগ্রসেন ও বসুদেবাদি জন্মগ্রহণ করিয়া কিরূপ ভগবৎপ্রপন্নত্ব লাভ করিয়াছিলেন, তাহাই এই অধ্যায়ে বর্ণিত হইয়াছে। এতদূর বিড়ম্বিত হইয়াও [illegible] হরিকথা শ্রবণে রাজা পরীক্ষিতের উত্তরোত্তর আসক্তি বর্দ্ধিত হইতেছে, সেই হরির আবির্ভাব পর্য্যন্ত সংক্ষেপে ভগবান শুকদেব এই অধ্যায়ে বর্ণনা করিলেন।

রাজা পরীক্ষিৎকে শ্রীশুকদেব এই স্কন্ধে এই উপদেশ দিলেন যে চন্দ্র ও সূর্য্য বংশে সত্য যুগ হইতে কলির প্রারম্ভ পর্য্যন্ত এবং ভবিষ্যতে এই বংশের সন্তানগণ মধ্যে যত নৃপতি জন্ম-গ্রহণ করিয়াছেন ও করিবেন; ইহাদের মধ্যে যাঁহারা ভগবৎপ্রপন্ন বা পুণ্যকর্ম্মশীল হইয়াছেন, ও হইবেন; তাঁহারাই শুভগতি লাভ করিয়াছেন ও করিবেন। বিশেষ করিয়া রাজর্ষি-গণচরিত্রে দেখান হইল যে, ভগবানে ভক্তি স্থাপন ব্যতীত জীবের আর উদ্ধারের অন্য উপায় নাই; এই স্কন্ধটিতে বিশেষ ব্যাখ্যার কোন বিষয় না থাকাতে সংক্ষেপে ব্যাখ্যা করা হইল।

ইতি শ্রীভাগবতে নবমস্কন্ধে চতুর্ব্বিংশতি অধ্যায়ে ক্ষত্রিয়বর্ণান্তর্গত ব্রহ্মকায়স্থবংশে বিশ্বামিত্রগোত্রীয় কান্যকুব্জবাসী কালিদাসমিত্র কুলজ কুমার কালিদাসি-সুত উমেশচন্দ্রাত্মজোপেন্দ্রকৃত মূলব্যাখ্যা সমাপ্ত।

ইতি নবমস্কন্ধ সমাপ্ত।